Barcode - 4990010123304
Title - Bengal Legislative Assembly Proceedings (1990) vol.96
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 658
Publication Year - 1990
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123304

Vol. 96

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Ninety Sixth Session

(August Session, 1990)

(From 14th August to 31st August 1990)

ne 14th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th, 29th, 30th and 31st August, 1990)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

**Price Rs. 125/-**

Vol. 96

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Ninety Sixth Session

(August Session, 1990)

(From 14th August to 31st August 1990)

(The 14th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th, 29th, 30th and 31st August, 1990)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 6837
Dated 1.7.6.99
C. 328 B.L./V.96.(90)
Price / Rs. 1.125/-

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### PROF. SAIYID NURUL HASAN

### Members of the Council of Ministers.

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch, Parliamentary Affairs Branch and matters relating to Minorities Affairs and Haz), Hill Affairs Branch and matters relating to Science and Technology of Department of Development and Planning, Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited), Department of Commerce and Industries, Department of Housing, Department of Industrial Reconstruction and Department of Eduction (excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education), Library Service and Book Fairs not relating to Higher Education.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development.

3. **Shri Buddhabed Bhattacharjee,** Minister-in-charge of Deparment of Information and Cultural Affairs, Department of Local Government and Urban Development and Metropolitan Development Department.

4. **Dr. Ashim Kumar Dasgupta,** Minister-in-charge of Department of Finance, Department of Excise and Department of Development and Planning (excluding Hill Affairs Branch, Sundarbans Affairs Branch, Jhargram Affairs Branch and matters relating to Science and Technology).

5. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-charge of Department of Health and Family welfare (excluding Urban Water Supply and Sanitation and Rural Water Supply and Sanitation) and Department of Refugee Relief and Rehabilitation.

6. **Shri Prabir Sen Gupta,** Minister-in-charge of Department of Power, Urban Water Supply and Sanitation and Rural Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

7. **Shri Kamakhya Nandan Das Mahapatra**, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connceted with West Bengal Agro-Industries Corporation Limited in the Department of Public Undertakings.

8. **Shri Kiranmoy Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

9. **Shri Jatin Chakraborty,** Minister-in-charge of Public Works Department.

10. **Shri Debabrata Bandyopadhyay,** Minister-in-charge of Department of Irrigation and Waterways.

11. **Shri Nirmal Kumar Bose,** Minister-in-charge of Department of Food and Supplies.

12. **Shri Kamal Kanti Guha,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development).

13. **Shri Bhakti Bhusan Mandal,** Minister-in-charge of Department of Co-operation.

14. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio Visual Education and Education of the Handicapped) in the Department of Education.

15. **Shri Subhas Chakrabory,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.

16. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Department of Transport.

17. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Legislative Department and Judicial Department, (excluding matters relating to Wakf) and Parliamentary Affairs Branch of Home Department.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

19. **Dr. Ambarish Mukhopadhyay,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

20. **Shri Mahammad Abdul Bari,** Minister-in-charge of Non-formal Education, Adult Education, Madrasah Education including Calcutta Madrasah, Audio Visual Education, Education of Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education matters relating to Wakf in the Judicial Department and the matters relating to Minority affairs and Haz in the Home Department.

21. **Shri Achintya Krishna Ray,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.

22. **Shri Santi Ranjan Ghatak,** Minister-in-charge of Department of Labour.

23. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.

24. **Shri Syed Wahed Reza,** Minister-in-charge of Civil Defence Branch of Home Department under the Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch).

25. **Shri Dawa Lama,** Minister of State for Hill Affairs Branch of Department of Development and Planning under the Chief Minister and Minister-in-charge of the Hill Affairs Branch of the Department of Development and Planning.

26. **Shri Prabhas Phodikar,** Minister of State-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

27. **Shri Maheswar Murmu,** Minister of State for Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch Department of Development and Planning under Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

28. **Shrimati Chhaya Bera,** Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

29. **Shri Banamali Roy,** Minister-of-State of Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

30. **Shri Abdur Razzak Molla,** Minister of State-in-charge of Sunderbans Affairs Branch of Department of Development and Planning.

31. **Shri Ramanikanta Deb Sharma,** Minister of State for Department of Land and Land Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development under the Minister-in-charge of the Department of Land and land Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development.

32. **Shri Saral Deb,** Minister of State-in-charge of Library Service, in the Department of Mass Education Extention and Book Fairs, other than those relating to Higher Education in the Department of Education.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

**Secretary : Shri S. R. Chattopadhyay.**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—

1. A.K.M. Hassan Uzzaman, Shri (92 - Deganga - North 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdul Razzak Molla, Dr. (107-Bhangar—South 24-Parganas)
6. Abdus Sattar, Shri (55 - Lalgola - Murshidabad)
7. Abdus Sobahan Gazi, Shri (120-Magrahat West—South 24 Parganas)
8. Abul Basar, Shri (115-Maheshtola—South 24-Parganas)
9. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
10. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
11. Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
12. Adak, Shri Kashinath (111-Bishnupur West—South 24 Parganas)
13. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
14. Adhikari, Dr. Tarun (129-Naihati—North 24- Parganas)
15. Anisur Biswas, Shri (93-Swarupnagar—North 24 Parganas)
16. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
17. Bagchi, Shri Surajit Swaran(202-Tamluk—Midnapore)
18. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (S.C.)—Birbhum]
19. Bagdi, Shri Lakhan [263--Ukhra (S.C.)—Burdwan]
20. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C)—Purulia]
21. Bal, Shri Saktiprasad (206-Nandigram—Midnapore)
22. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
23. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
24. Banerjee, Shri Amar (171-Uluberia South—Howrah)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Balai (184-Haripal—Hooghly)
27. Banerjee, Shri Mrityunjoy (164-Howrah South—Howrah)
28. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - North 24-Parganas)
29. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - South 24-Parganas)
30. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
31. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Sibaram (201-Panskura East—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

35. Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
36. Basu, Shri Supriya (161-Bally—Howrah)
37. Basumallik, Shri Suhrid (259-Hirapur—Burdwan)
38. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
39. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (S.C.)—Bankura]
40. Bauri, Shri Madan [247-Indpur (S.C.) - Bankura]
41. Bauri, Shri Nabani [249-Gangajalghati (S.C.) - Bankura]
42. Bera, Shri Bishnupada (192-Purshurah—Hooghly)
43. Bera, Shri Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
44. Bera, Shri Pulin (203- Moyna—Midnapore)
45. Bhattacharjee, Shri Buddhadeb (108- Jadavpur—South 24-Parganas)
46. Bhattacharjee, Shri Gopal Krishna (135-Panihati - North 24-Parganas)
47. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
48. Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapore)
49. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)— Nadia]
50. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
51. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
52. Biswas, Shri Kanti (86-Gaighata—North 24 Parganas)
53. Biswas, Shri Kumud Ranjan (98-Sandeshkhali (S.C.)—South 24 Parganas)
54. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
55. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24- Parganas)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Chaki Shri, Swadesh (34-Itahar—West Dinajpore)
58. Chakraborti, Shri Gour (25-Siliguri—Darjeeling)
59. Chakraborti, Shri Surya (204-Mahishadal—Midnapore)
60. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
61. Chakraborti, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
62. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
63. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
64. Chakraborty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
65. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
66. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)

67. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
68. Chatterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
69. Chatterjee, Shrimati Shanti (185-Tarakeshwar—Hooghly)
70. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
71. Chattopadhyay, Shri Sadan (75-Krishnagar East—Nadia)
72. Chattopadhyay, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
73. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
74. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
75. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
76. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
77. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
78. Chowdhury, Shri Humayun (48-Sujapur—Malda)
79. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
80. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
81. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
82. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Benode(194-Arambagh—Hooghly)
85. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
86. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
87. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
88. Das, Shri Paresh Nath [53-Sagardighi (S.C.)—Murshidabad]
89. Das Gupta, Shrimati Arati (128-Falta—South 24-Parganas)
90. Dasgupta, Dr. Ashim Kumar (134-Khardah—North 24 Parganas)
91. Das Mahapatra, Shri Kamakhyanandan (215-Patashpur—Midnapore)
92. De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
93. De, Shri Partha (251-Bankura—Bankura)
94. De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
95. Deb, Shri Goutam (96-Hasnabad—North 24-Parganas)
96. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
97. Deb Sharma, Shri Ramani Kanta [32-Kaliaganj (S.C.)—West Dinajpur]
98. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
99. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

100. Doloi, Shri Siba Prasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
101. Duley, Shri Krishnaprasad [221-Garbeta West (S.C.)—Midnapore]
102. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
103. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
104. Ganguly, Shri Santi Ranjan (141-Shampukur - Calcutta)
105. Ghatak, Shri Santi Ranjan (138-Dum Dum—North 24-Parganas)
106. Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
107. Chosh, Shri Deb Saran (72- Kaliganj - Nadia)
108. Ghosh, Shri Kamakhya Charan (223-Midnapore—Midnapore)
109. Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
110. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
111. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur—Howrah)
112. Ghosh, Shri Susanta (220-Garbeta East—Midnapore)
113. Ghosh, Shri Tarapada (284-Bolpur—Birbhum)
114. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
115. Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
116. Goswami, Shri Subhas (248- Chhatna—Bankura)
117. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
118. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
119. Habib Mustafa, Shri (44-Ariadanga—Malda)
120. Habibur Rahman, Shri (54-Jangipur—Murshidabad)
121. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.)—Hooghly]
122. Haldar, Shri Krishna Chandra [266-Kanksa (S.C.)—Burdwan]
123. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—South 24-Parganas]
124. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
125. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
126. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
127. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]
128. Jahangir Karim, Shri Sk. (218-Debra—Midnapore)
129. Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
130. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
131. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
132. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

133. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
134. Kar, Shri Ram Sankar (210-Contai North—Midnapore)
135. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
136. Kisku, Shri Lakshi Ram [233-Banduan (S.T.)—Purulia]
137. Kisku, Shri Upen [245-Raipur (S.T.)—Bankura]
138. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
139. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
140. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
141. Kumar, Shri Pandab (236-Arsa—Purulia)
142. Kumar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapore]
143. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)
144. Laha, Shri Prabuddha (260-Asansol—Burdwan)
145. Lama, Shri Dawa (23-Darjeeling—Darjeeling)
146. Let, Shri Dhirendra Nath [290-Mayureswar (S.C.)—Birbhum]
147. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
158. Mahamuddin, Shri (27-Chopra—West Dinajpur)
149. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
150. Mahato, Shri Bindeswar (238-Jaipur—Purulia)
151. Mahato, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
152. Maity, Shri Gunadhar (215-Patharpratima—Sourth 24-Parganas)
153. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
154. Maity, Shri Sukhendu (211-Contai South—Midnapore)
155. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
156. Majhi, Shri Surendra Nath [242-Kashipur (S.T.)—Purulia]
157. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
158. Majumdar, Shri Apurbalal [84-Bagdaha (S.C.)—North 24-Parganas]
159. Majumdar, Shri Sunil Kumar (285-Labhpur—Birbhum)
160. Mal, Shri Asit Kumar [292-Hansan (S.C.)—Birbhum]
161. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
162. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly]
163. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
164. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
165. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

166. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—South 24- Parganas)
167. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C)—North 24-Parganas]
168. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
169. Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
170. Mannan Hossain, Shri (58-Murshidabad—Murshidabad)
171. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I—Burdwan)
172. Md. Faruque Azam, Shri (28-Islampur—West Dinajpur)
173. Md. Shelim, Shri (94-Baduria—North 24- Parganas)
174. Minz, Shri Prakash [26-Phansidewa (S.T.)—Darjeeling]
175. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
176. Mitra, Shrimati Jayasree (250-Barjora—Bankura)
177. Mitra, Shri Ranajit (85-Bangaon—North 24-Parganas)
178. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
179. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
180. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
181. Mojumdar, Shri Hemen (104-Baruipur—South 24- Parganas)
182. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (S.C.)—South 24- Parganas]
183. Mondal, Shri Biswanath [66-Khargram (S.C)—Murshidabad]
184. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C)—South 24- Parganas]
185. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C)—North 24- Parganas]
186. Mondal, Shri Mirquasem (73-Chapra—Nadia)
187. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C)—Howrah]
188. Mondal, Shri Sailendranath (168-Panchla—Howrah)
189. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
190. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.)—North 24-Parganas]
191. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
192. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
193. Mukherjee, Shri Amritendu (76-Krishnanagar West—Nadia)
194. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
195. Mukherjee, Shri Bimalananda (78-Sanitpur—Nadia)
196. Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
197. Mukherjee, Shrimati Mamta (239-Purulia—Purulia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

198. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
199. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
200. Mukherjee, Shri Niranjan (112-Behala East—South 24-Parganas)
201. Mukherjee, Shri Rabin (113-Behala West —South 24-Parganas)
202. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
203. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
204. Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
205. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
206. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
207. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
208. Naskar, Shri Gabinda Chandra [105-Canning West (S.C.)—South 24-Parganas]
209. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—South 24-Parganas]
210. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—South 24-Parganas]
211. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
212. Nazmul Haque, Shri (41-Kharba—Malda)
213. Nazmul Haque, Shri (225-Kharagpur-Rural—Midnapore)
214. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
215. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
216. Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
217. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]
218. Oraon, Shri Sukra [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
219. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
220. Pahan, Shri Khudiram [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
221. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
222. Pakhira, Shri Ratan Chandra [197-Ghatal (S.C.)—Midnapore]
223. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
224. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
225. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
226. Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
227. Pradhan, Shri Prasanta (208-Bhagabanpur—Midnapore)
228. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
229. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C)—Cooch Behar]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

230. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—South 24-Parganas]
231. Rai, Shri Harka Bahadur (24-Kurseong—Darjeeling)
232. Rai, Shri Mohan Sing (22-Kalimpong—Darjeeling)
233. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
234. Ram, Shri Ram Pyare (147-Kabitirth—Calcutta)
235. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
236. Ray, Shri Birendra Naryan (57-Nabagram—Murshidabad)
237. Ray, Shri Direndra Nath [21-Rajganj (S.C.)—Jalpaiguri]
238. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
239. Ray, Shri Matish (137-Baranagar—North 24-Parganas)
240. Ray, Shri Subhas [122-Mandirbazar (S.C.)—South 24- Parganas]
241. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
242. Roy, Shri Amalendra (67-Barwan—Murshidabad)
243. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
244. Roy, Shri Hemanta (278-Manteshwar—Burdwan)
245. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar - Midnapore)
246. Roy, Shri Narmada [33-Kushmadi (S.C.)—West Dinajpur]
247. Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.)—Cooch Behar]
248. Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)
249. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
250. Roy, Dr. Sudipto (160-Belgachia West —Calcutta)
251. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.)—Jalpaiguri]
252. Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge—South 24-Parganas)
253. Saha, Shri Jamini Bhusan (132- Noapara - North 24 Parganas)
254. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
255. Samanta, Shri Tuhin (257-Kulti—Burdwan)
256. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
257. Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)
258. Saren, Shri Ananta [229-Nayagram (S.T.)—Midnapore]
259. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
260. Sarkar, Shri Nayan Chandra [74-Krishnaganj (S.C.)—Nadia]
261. Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
262. Sarkar, Shri Sunil (181-Champdani—Hooghly)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd***

263. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram—Midnapore)
264. Sayed Md. Masih, Shri (268-Bhatar - Burdwan)
265. Syed Nawab Jane Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
266. Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
267. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
268. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
269. Sen, Shri Sachin (152-Ballygange—Calcutta)
270. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
271. Sengupta (Bose), Shrimati Kamal (87-Habra—North-24 Parganas)
272. Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
273. Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapore]
274. Sha, Shri Ganga Prosad (133-Titagarh—North-24-Parganas)
275. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
276. Singh, Shri Satyanarayan (130-Bhatpara—North 24-Parganas)
277. Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)
278. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
279. Sinha, Shri Khagendra Nath [31-Raiganj (S.C.)—West Dinajpore]
280. Sinha, Shri Nirmal [121- Magrahat East (S.C.) - South 24-Parganas]
281. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
282. Sinha, Shri Santosh Kumar (71-Nakashipara—Nadia)
283. Soren, Shri Khara [36-Tapan (S.T.)—West Dinajpur]
284. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
285. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
186. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
287. Toppo, Shri Salib [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
288. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]
289. Tudu, Shri Durga [232-Binpur (S.T.)—Midnapore]
290. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
291. Wahed Reza, Shri Syed (65-Kandi—Murshidabad)
292. Vacant (70-Palashipara - Nadia)
293. Vacanat (207-Narghat - Mindapore)
294. Vacant (146-Chowringhee - Calcutta)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 14th August, 1990, at 3 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 5 Ministers of State and 205 Members.

[3-00 — 3-08 P.M.]

**OBITUARY REFERENCES**

**Mr. Speaker :** Honourable Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of the sitting as well as ex-members of this Legislature and other personalities renowned in their spheres who passed away after the last session of the Assembly.

**Shri Madhabendu Mohanta,** a member of the West Bengal Legislative Assembly breathed his last on Saturday, the 9th June, 1990 at the S.S.K.M. Hospital, Calcutta. He was 80.

Born at Gobhipore of the undivided district of Nadia (now in Bangladesh) on July 2, 1910, he took his education at Meherpur High School. He joined the freedom movement in his youth. He came in contact with Haripada Chattopadhyay and joined Congress. During his student life he was associated with the "Jugantar Revolutionery Party". He was a devoted political organiser and led various political and peasant movements. He was imprisoned by the British Police during the thirties.

After independence he resolved to carry on his political activities at his native place in East Pakistan. But the Pakistan Government barred his entry into the village. He then came down to Tehatta and stayed there underground for some time. Since 1953 he concentrated his political activites at Tehatta, in the truncated district of Nadia in West Bengal. He actively participated in the Food Movement of 1959. He suffered 11 years of imprisonment in total before and after independence.

In 1938 he acquired the membership of the undivided Communist Party and was the leader of the district peasant organisation for about 40

years. After division he joined the Communist Party of India (Marxist).

He was elected a member of the West Bengal Legislative Assembly in 1971, 1977, 1982 and 1987 from the Palashipara Constituency of the Nadia district as a C.P.I.(M) candidate.

He was a Bachelor and led an humble and simple life althrough.

At his death the country has lost a veteran political leader and a true friend of the povertystriken peasantry.

**Shri Satkari Mitra,** an ex-member of the West Bengal Legislative Assembly, breathed his last on 26th May, 1990 in his residence at Panihati, North 24 - Parganas. He was 90.

Shri Mitra saw the light of the world in September, 1900 at Panihati of the present North 24-Parganas district. He took his education from Keshab Academy, Scotish Church Collegiate School, City College and Ripon College, Calcutta. By profession he was teacher.

He was the nephew of Swami Vivekananda and was closely associated with many other important personalities of that age. He was associated with Subhas Chandra Bose and was imprisoned for taking part in the Quit India Movement in 1942. He was the founder of Panihati Ramkrishna Ashram.

Shri Mitra was elected a member of the West Bengal Legislative Assembly in 1957 from Khardah Constituency of the erstwhile 24-Parganas district as a P.S.P. candidate.

Shri Mitra was a bachelor.

At his death the State has lost an educationist and a veteran political leader.

**Shri Syed Shamsul Bari,** an ex-member of the West Bengal Legislative Assembly breathed his last on 6th August, 1990 at Khankah Sharif after a brief illness. He was 74.

Born at Midnapore on 1st March, 1916, Shri Bari had his education from Midnapore Town School, Midnapore College and Calcutta University. A research Scholar of the Calcutta University Shri Bari began his professional career as a teacher of Midnapore College. In course of time he became the Head of the Department of Mathematics

and Principal of the Midnapore College. He was also a member of the Indian Science Congress Association.

He was the acting President of the Midnapore District Congress Committee and was also the Chairman of the Midnapore Municipality for a long. He was also associated with various educational and other institutions in Midnapore.

He was elected a member of the West Bengal Legislative Assembly from the Midnapore Constituency as a Congress candidate in 1962.

At his death the State has lost an able educationist and a political leader.

**Shri Kanti Ranjan Chattopadhyay,** an ex-member of the West Bengal Legislative Assembly breathed his last on Sunday, the 1st July, 1990 at his residence at Kalyangarh, Ashokenagar. He was 80.

A veteran freedom fighter, Shri Chattopadhyay spent several years in British Jails. A dedicated Congress worker, he was the President of the North 24-Parganas District Congress Committee for some time.

He was elected a member of the West Bengal Legislative Assembly from the Barasat constituency of 24-Parganas district as a Congress candidate in 1972.

At his death the State has lost a devoted political worker and a veteran freedom fighter.

**Shri Rabi Shankar Pandey,** former member of the West Bengal Legislative Assembly died at a nursing home in Calcutta on 6th June, 1990 at the age of 58.

Born at Hatra, Varanasi, in the year 1931, Shri Pandey had his education at Hansipur High School. He was induced to politics by Shri Rammanohar Lohia and closely associated with the trade union movements. He was connected with the Socialist Party and Bharatiya Lok Dal as member and was also the Vice-President of Democratic Socialist Party, West Bengal. He was sent to jail for opposing the emergency.

He was elected to the West Bengal Legislative Assembly in 1977 as a candidate of Janata Party from Barabazar (Calcutta) Constituency.

At his death the State has lost a veteran political as well as trade union leader.

**Mr. Laldenga,** Chief of Mizo National Front and former Chief Minister of Mizoram died in London on the 7th July, 1990 while being flown to India on sick-bed from New York. He was 63.

Born on June 11, 1927, Mr Laldenga who was initially a secessionist resorted to insurgency for an independent Mizoram. During 1959-60 famine he converted a cultural society of Mizo Youths into a social service organisation, to voice the grievances of the famine-striken people. He resigned from government service to lead the secessionist Mizo National Front. In 1963, Mizo National Front managed to win two of the three Assam Assembly seats from the Lushai Hills district and he gave a call for a "sovereign, Independent Mizoram" which was then a part of United Assam. He was arrested on changes of anti-national activities and for going to the then East Pakistan to muster support for Mizoram's independence. He was released after a year. After 10 years of exille in Dhaka and Karachi he returned to India and initiated peace talks with the Union Government. In 1986 an agreement was signed resulting in the elevation of Mizoram to full-fledged statehood. This marked the end of 20 years old insurgency in Mizoram. He later played an important role in bringing the Mizo National Front into the national mainstream.

Laldenga was elected to the Mizoram Assembly for the first time in 1987. In the same year he was sworn in as the Chief Minister of Mizoram and held the post for two years.

At his death, the people of Mizoram, have lost a dedicated leader whose life-long concern was the welfare of the people of Mizoram.

**Shri Harindra Nath Chattopadhyaya,** an eminent Poet, Writer, Actor and Parliamentarian died at Hinduja Hospital, Bombay on the 23rd June, 1990. He was 92.

Born in the native state of Hyderabad (Deccan) on April 2, 1898, Shri Chattopadhyaya was educated at Cambridge. He wrote about twenty-five books. His literary works included poems, plays and treatises. He acted in a good number of films, notably in Satyajit Roy's

'Gupi Gayen Bagha Bayen' and 'Sonar Kella.' He was also associated with I P T A during its formative years. He was awarded 'Padmabhusan' by the Government of India. A brother of Sm. Sarojini Naidu, Shri Chattopadhyaya took active part in the freedom struggle and was imprisoned on a number of occasions.

He was elected a member of Lok Sabha in 1952 from Vijayavada Constituency of erstwhile State of Madras as an Independent Candidate.

At the death of Shri Chattopadhyaya the country has lost a veteran freedom fighter and an eminent litterateur.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

...(Several Congress (I) Hon'ble Members rose to speak)...

(At this stage all the Hon'ble Members rose in their seats for two minutes in silence)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

## Adjournment

The House was then adjourned at 3-08 p.m. till 1.00 p.m. on Monday, the 20th August, 1990 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 20th August, 1990, at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 2 Ministers of State and 182 Members.

[1-00 — 1-10 P.M.]

...(Several Congress (I) Hon'ble Members stood... noise and interruptions)...

## PRESENTATION OF REPORT

### 61st Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 61st report of the Business Advisory Committee, as follows :

Monday, 20-08-90 : The West Bengal State Health Service (Amendment) Bill, 1990 (introduction, consideration & passing) - 2 hours.

Tuesday, 21-08-90 : The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990 (introduction, consideration and passing) - 2 hours.

The St. Thomas School (Amendment) Bill, 1990. (introduction, consideration and passing - 1 hour.

I now request the Hon'ble Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the 61st report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

## Starred Questions

### (to which oral answers were given)

### বন উন্নয়নে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সাহায্য

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে বন উন্নয়ন প্রকল্পে বিশ্ব ব্যাঙ্ক কর্তৃক আর্থিক সাহায্য দেবার কোনও

প্রস্তাব আছে কি না;

(খ) থাকলে, তার পরিমাণ কত; এবং

(গ) ঐ প্রকল্পের রূপরেখা কিরূপ?

**শ্রী অম্বরীশ মুখোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ

(খ) ৮৬.৬০ কোটি টাকার প্রস্তাব আছে।

(গ) রাজ্যের বনের সামগ্রিক ও নিবিড় উন্নয়ন প্রকল্প যার ভেতর আছে।

—যৌথ পরিকল্পনা ব্যবস্থার মাধ্যমে সহজাত অরণ্যের সংরক্ষণ ও বিকাশ

—জ্বালানি সমস্যার মোকাবিলা করার ব্যবস্থা

—বনজ শিল্পের বিকাশ

—দারিদ্র দূরীকরণ প্রচেষ্টা ও বন সন্নিহিত অনগ্রসর মানুষের অর্থনৈতিক পুনরুজ্জীবনের প্রয়াস

—পরিবেশ সংরক্ষণ

—ভূমিক্ষয় রোধ

—বনবিজ্ঞান প্রসার ও গবেষণায় উন্নতি

—বন পরিচালন ব্যবস্থার সামগ্রিক উন্নতি

(গোলমাল)

**শ্রী তরুণ চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে অর্থ পাওয়া যাবে তাতে ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার জন্য কত পরিমাণ অর্থ আপনারা ধরেছেন?...

....গোলমাল এবং বাধাদান .....

...(at this stage several Congress(I) Hon'ble Members advanced towards the Well, sat there and shouted slogans)...

..(noise and interruptions)...

**শ্রী তরুণ চ্যাটার্জি ঃ** দামোদর এবং ময়ূরাক্ষী এইসব নদীর ধারে ধারে গাছ লাগাবার কোনও পরিকল্পনা আছে কি না?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** সামগ্রিকভাবে সারা বিশ্বে পরিবেশ জনিত কারণের যে আশঙ্কা, উদ্বেগ লক্ষ্য করা গেছে, মানুষের প্রয়োজনে, অগণিত মানুষের ক্ষুধা ও দরিদ্রতা এবং কিছু মানুষের সীমাহীন লোভের জন্য আজকে যে অবস্থার মধ্যে দেশ এসেছে তাতে এই প্রশ্ন উঠেছে যে এই পরিবেশ সংরক্ষিত না হলে আমাদের অর্থনৈতিক অগ্রগতি

অব্যাহত হবে কিনা, শুধু আমরা নই, আমাদের সন্তান-সন্ততিদের কল্যাণের জন্য, মঙ্গলের জন্য? তাই আমরা ভাবছি আজকে বন-সংরক্ষণ, বন-সৃজন ও সংরক্ষণের জন্য আমাদের পরিকল্পনা নিতে হবে যারমধ্যে দারিদ্র দূরীকরণের প্রশ্ন বিশেষভাবে থাকবে। সেই উদ্দেশ্য নিয়ে আমরা বিশ্বব্যাঙ্কের সহযোগিতায় একটা প্রকল্প রচনায় সচেষ্ট হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অবনতির জন্য জানাচ্ছি যে এই প্রসঙ্গে আমাদের অভিজ্ঞতা সারা বিশ্বে অভিনন্দিত হয়েছে। (.....প্রচন্ড গোলামাল.....) মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কংগ্রেস রাজত্বে যখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন তখন গভর্নমেন্ট অব ইন্ডিয়ার একজন জয়েন্ট সেক্রেটারি সমস্ত কেন্দ্র শাসিত এবং কংগ্রেস শাসিত প্রদেশে তাদের বলেছিলেন যে পশ্চিমবঙ্গের উদাহরণ আপনারা অনুসরণ করুন। এছাড়াও "দি ট্রিবিউট" পত্রিকা সহ বিভিন্ন পত্রিকায় এই প্রসঙ্গে আমরা প্রশংসা পেয়েছি। তার উপরে দাঁড়িয়ে বিশ্বব্যাঙ্কের সহযোগিতায় আমরা এই পবিকল্পনা গ্রহণ করার চেষ্টা করেছি।

## বনসৃজন কর্মসূচি

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এখনও পর্যন্ত এ রাজ্যে বনসৃজন কর্মসূচী কী পরিমাণ সাফল্যলাভ করেছে?

বনসৃজনের সাফল্যের চিত্র নিম্নে প্রদত্ত হল ঃ—

| | | বনসৃজণের পরিমাণ | |
|---|---|---|---|
| ১ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৫১-৫২—১৯৫৫-৫৬) | — | ৯৫৭০ | হেক্টর |
| ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৫৬-৫৭—১৯৬০-৬১) | — | ১৪৬২৫ | ,, |
| ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৬১-৬২—১৯৬৫-৬৬) | — | ১৭৭৬০ | ,, |
| বার্ষিক পরিকল্পনায় (১৯৬৬/৭৭ - ৬৮/৬৯) | — | ১৩৩৪১ | ,, |
| ৪র্থ পরিকল্পনায় (৬৯/৭০ - ৭৩/৭৪) | — | ৩২৯২০ | ,, |
| ৫ম পরিকল্পনায় (৭৪/৭৫ - ৭৮/৭৯) | — | ৫০০১৫ | ,, |
| বার্ষিক পরিকল্পনায় (৭৯/৮০) | — | ১৪,০০০ | ,, |
| ৬ষ্ঠ পরিকল্পনায় (৮০/৮১ - ৮৪/৮৫) | — | ৮৫,৫৭৬ | ,, |
| ৭ম পরিকল্পনায় (৮৫/৮৬ - ৮৯/৯০) | — | ৮৩২৭৩ | ,, |
| | | ৩,২১,০৮০ | হেক্টর |

জনসাধারণকে চারা বিতরণ কর্মসূচীর মাধ্যমে বনসৃজন

| | | | |
|---|---|---|---|
| ৬ষ্ঠ পরিকল্পনায় | — | ৭৯,৪৫০ | হেক্টর |
| ৭ম পরিকল্পনায় | — | ২০৭,৮১০ | " |
| | মোট - | ২৮৭,২৬০ | " |

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই অগ্রগতির হার বিভিন্ন বছর কেমন?

[1-10 — 1-45 P.M. (including adjournment)]

(গোলমাল)

**শ্রী অম্বরীশ মুখোপাধ্যায় :** এই ব্যাপারে আমাদের সাফল্য আছে। ১৯৮৩-৮৪ সালে ৫৫.৭৬ শতাংশ, ১৯৮৪-৮৫ সালে ৬১.৭৮ শতাংশ, ১৯৮৫-৮৬ সালে ৬৮.০৫ শতাংশ, ১৯৮৬-৮৭ সালে ৬৬.৪১ শতাংশ, ১৯৮৭-৮৮ সালে ৮২.৬০ শতাংশ।

**পঞ্চায়েতের কাজ দেখাশোনায় কমিটি গঠন**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩।)) **শ্রী নটবর বাগদী :** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েতের কাজে অনিয়ম দেখাশোনার জন্য সরকার কোনও কমিটি গঠনের চিন্তা ভাবনা করছেন কি না; এবং

(খ) ন্যায় পঞ্চায়েত গঠন ফলপ্রসূ হবার সম্ভাবনা আছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :**

(ক) এইরকম কোনও কমিটির প্রয়োজনীয়তা বা তা গঠনের চিন্তাভাবনা বর্তমানে নেই।

(খ) বর্তমানে ন্যায় পঞ্চায়েত গঠনের কোনও চিন্তা সরকারের নেই। সুতরাং ন্যায় পঞ্চায়েত গঠন ফলপ্রসূ হবার প্রশ্নও এখন ওঠে না।

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received five notices of Adjournment Motions. The first is from Shri Sudip Bandyopadhyay and the second is from Shri Apurbalal Majumdar both on the subject of assault of Congress (I) leaders, workers and photographers of Newspapers on the 16th August 1990. The third is from Dr. Manas Bhunia on the subject of use of police and party cadres to restrain the agitation of various political parties in the State. The fourth is from Shri Prabuddha Laha, on the subject of total break-down of law and order in West

Bengal and the fifth is from Shri Deba Prasad Sarkar also on the subject of use of police and party cadres to restrain agitation of various political parties.

I intend to admit the adjournment motion of Shri Apurbalal Majumdar. But since the adjournment motion is not cyclostyled, I adjourn the House for half an hour. I will take up the adjournment motion after recess.

(At this stage the House was adjourned till 1-45 p.m.)

(After adjournment)

[1-45 — 1-55 P.M.]

**Mr. Speaker :** Now Mr. Apurbalal Mujumdar. I admit your adjournment motion and would request you to take leave of the House.

**Shri Apurbalal Majumdar :** Mr. Speaker, Sir, the House do now adjourn to discuss a definite matter of urgent public importance, viz. "that the former Congress(I) M.P. Miss. Mamata Banerjee, assaulted by anti-bandh cadres causing severe head injury is now being treated at Woodland Nursing Home at Alipore Calcutta; the sitting member of West Bengal Legislative Assembly, Chairman of the Committee on Public Account, Shri Subrata Mukherjee sustained severe injury along with sharp cutting injury, at the hands of the armed anti-bandh supporters being treated at the Bellvue Clinic Calcutta; the former member of the West Bengal Legislative Assembly, Shri Pankaj Kumar Banerjee, having severe multiple injuries on his person being treated at the SSKM Hospital Calcutta along with a number of other leaders apart from others who have been treated elsewhere. The desparate and inhuman attack by the anti-bandh cadres in presence of the armed police officers on the leaders and on a number of workers who were leading peaceful unarmed procession have created a serious commotion, resentment and severe condemnation with painful reaction in the people at large, and more so due to assault on press photographers."

**Mr. Speaker :** I will request the Opposition in support of the motion to rise.

... (at this stage the Opposition members stood in their seats)...

Mr. Gyan Singh Sohanpal, please confirm the number.

**Shri Gyan Singh Sohanpal :** 29

**Mr. Speaker :** Please take your seat. Under the Rule 63(2) of the Rules of Procedure and Conduct of Business, "If objection to leave being granted is taken, the Speaker shall request those members who

are in favour of leave being granted to rise in their places, and if not less than thirty members rise accordingly, the Speaker shall intimate that leave is granted. If less than thirty members rise, the Speaker shall inform the member that he has not the leave of the House.''

I feel that this debate should take place. I would request the House to suspend the rule to allow the Opposition to go on with this debate subject to the approval of the House.

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** Mr. Speaker Sir, এই যে মর্মান্তিক ঘটনার বিষয়টি আজকে এখানে আলোচনার জন্য এসেছে। আমি এখন আমার বক্তব্য রাখছি না। আপনার পারমিশন নিয়ে আমি উত্তর দেব, সেইজন্য আমি এখন আর বক্তব্য রাখতে চাই না, আমাদের পার্টির অন্যান্য বক্তারা আগে বক্তব্য রাখবেন এবং শেষে আমি উত্তর দেব। এই কথা বলে আমি আমার বক্তব্য আপাতত এখানেই বন্ধ রাখলাম। আমার মোশান আমি হাউসের কাছে রাখলাম। যিনি হাউসের লিডার আছেন, তিনিও স্বীকার করেছেন যে, তারা এ্যাসলটেড। এই কথা বলে আমি আশা করছি মোশানটি এ্যাকসেপ্টেড হবে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের হাউসে যে আইন-কানুন আছে সে হিসাবে অপোজিশন পক্ষ থেকে মোশান আনতে হলে কম পক্ষে ৩০ জনের উপস্থিতি দরকার। আমি চ্যালেঞ্জ করছি ওদের ৩০ জন আছেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** সেটা পরের কথা, আপনার আপত্তি আছে কিনা বলুন।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** হ্যাঁ, আপত্তি আছে।

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে অ্যাডজর্নমেন্ট মোশন এসেছে তা অ্যাডমিট করতে হলে ৩০ জন সদস্যের উপস্থিতি দরকার, এটাই নিয়ম এবং বিধানসভা পরিচালনার ক্ষেত্রে এটাই স্বাভাবিক। অতীতে যা হয় ভবিষ্যতকালে সেটাই উদাহরণ হিসাবে ধরে নেওয়া হয় এবং ভবিষ্যতে হাউস সেইভাবেই চলে। আজকে এটা বিশেষ কারণ দেখিয়ে ভেঙে দেওয়া ঠিক হবে না, আমি এটা কনসিডার করতে বলব যেহেতু রেফার্ড হয়েছে। অ্যাকচুয়ালি ওনারা কতজন দাঁড়িয়েছেন তা আমি জানি না, তবে ওনাদের একজন সদস্য আহত হয়ে হাসপাতালে আছেন। টেকিং ইনটু কনসিডারেশন সেই সংখ্যাটা যুক্ত হলে ৩০ জন হতে পারে। এটাকে যুক্ত করে অ্যাডমিট করবেন, তা নাহলে করবেন না।

**Shri Gyan Singh Sohanpal :** Mr, Speaker Sir, we are well aware of the rules. We also know that attendance of 30 members is necessary to put the adjournment motion through. But you are aware Sir, that most of our members have been injured in the clashes organised on the Bandh Day by the anti-bandh organisers. Some of them are in the hospital and others with injuries are undergoing treatment. If you wish to take advantage of the situation and avoid discussion, it is a different matter. But you must appreciate the circumstances under which we have come with this adjournment motion and our inability to produce

30 members here.

**শ্রী জ্যোতি বসু ঃ** এইরকম কোনও রিপোর্ট নেই যে, অন্যান্য এম.এল.এরা আহত হয়ে বাড়িতে আছেন।

...(At this stage Congress(I) members rose in their seats)...

**Mr. Speaker :** Please take your seats.

.....(Noise and interruptions).....

...(At this stage several Congress(I) members rose to speak).....

**Mr. Speaker :** Please take your seat. I am on my legs. I have not allowed you to speak. Please take your seat.

Mr. Sohanpal, the question here is that your party moved an adjournment motion. I presume they are aware of the rules. Now, It is definitely understood that when you move an adjournment motion you know it fully well—it is within your knowledge that, you accepted to muster 30 members to get that admitted and adopted. I am sure, you are aware of the rules. You are telling me that large number of M.L.A are lying in the hospital. I am not aware of the situation. The question is according to the rule 63(2) 30 members have to rise in support of an adjournment motion. I find here 29 and not 30. Hence, technically the motion fails. But I said if the Leader of the House would agree, the matter should be debated. The Leader of the House has agreed. He has signified his assent that the debate should take place. Now Mr. Sohanpal the debate can take place if I suspend sub-rule (2) of Rule 63. I now take it that the House has consent to the suspension of Sub-rule (2) of Rule 63. I think I have the consent of the House. The House has agreed.

The debate will continue. Time will be two hours and on the conclusion of two hours the debate will be closed.

[1-55 — 2-05 P.M.]

(Noise)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আমি . আমার সাবমিশন রাখছি। আমি যেটা বলতে চাইছি যে, আপনি দু'ঘন্টা আলোচনার কথা বলেছেন, রুলে আছে। কিন্তু আপনি ইচ্ছা করলে সারাদিন একটা ইমপরট্যান্ট, আরজেন্ট ইনসিডেন্ট নিয়ে আলোচনা করতে দিতে পারেন। সেজন্য আপনাকে বলছি যে, দু'ঘন্টা নয়, চার ঘন্টা যাতে আলোচনা করা যায়, ওরা আলোচনা করবেন, আমরা করব, জবাব দেবেন, সারা পশ্চিমবাংলার লোক জানুক। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনার ক্ষমতা আছে, আপনি আলোচনা করতে দিতে পারেন।

**Mr. Speaker :** The Opposition wants that the rule, be suspended. The Opposition wants that the time allotted under the rules be suspended. I think, ultimately, the Opposition will want that everything be suspended. I am sorry. I cannot do it. Two hour's time is the allotted time. Two hours will be debated.

(Noise)

Mr. Gyan Singh Sohan Pal, please give me the list of the speakers. The debate will start from 14.00 O'clock and the debate will close at 16.00 O'clock.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অ্যাডজর্নমেন্ট মোশনটা আপনি অ্যাডমিট করেছেন সেজন্য আপনাকে ধন্যবাদ। কিন্তু একটা প্রশ্ন, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় দাঁড়িয়ে অসত্য কথা বলেছেন। অনেক সদস্য আহত হয়ে হাসপাতালে আছেন সেটা নাকি তার জানা নেই। মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখোপাধ্যায় নার্সিং হোমে রয়েছেন সেটা তার জানা নেই। মাননীয় সদস্য শ্রী অরুণ গোস্বামী মহাশয়ও ইনজিওর্ড হয়েছেন। যাইহোক, আমি যেটা বলতে চাইছি সেটা হল গত ১৬ তারিখে যখন বিধানসভা চলছিল ঠিক সেই সময়ে কংগ্রেস বন্ধ ডেকেছিল। সেই বন্ধ শান্তিপূর্ণ এবং গণতান্ত্রিক আন্দোলনের একটা অংশ হিসাবে কংগ্রেস ডেকেছিল এবং সেই বন্ধকে সারা পশ্চিমবঙ্গের মানুষ স্বতঃস্ফূর্তভাবে সমর্থন করেছেন। তাই আমি বিধানসভায় দাঁড়িয়ে সারা পশ্চিমবঙ্গের গণতন্ত্রকামী মানুষ যারা এই বন্ধকে সমর্থন জানিয়েছেন তাদেরকে আপনার মাধ্যমে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। যে সমস্ত নিকৃষ্ট মানুষ, যে সমস্ত গুন্ডা ঐ গণতান্ত্রিক আন্দোলনকে ভাঙবার জন্য বোমা, পাইপগান নিয়ে তাদের দলীয় নেতাদের নেতৃত্বে, নির্দেশে চেষ্টা করেছিল সেই সমস্ত ক্যাডারদের ধিক্কার জানাচ্ছি। ধিক্কার জানাচ্ছি গণতন্ত্র ভাঙবার জন্য যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে। আপনারা বন্ধ ডাকলে রাইটার্স বিল্ডিংয়ে চাবি দিয়ে খাতা বাইরে ফেলে রাখেন; ট্রাম-বাস যেখান থেকে ছাড়ে তার গেটে চাবি দেওয়া থাকে। কিন্তু আমাদের সঙ্গে ছিলেন পশ্চিমবঙ্গের মানুষ। তাই পশ্চিমবঙ্গের মানুষ দেখিয়ে দিয়েছেন যে, রাইটার্স বিল্ডিং খোলা থাকলেই মানুষ সেখানে যান না, শত শত ট্রাম-বাস চললেও লোকে তাতে ওঠে না। আজকে তারা প্রমাণ করে দিয়েছেন যে, পশ্চিমবঙ্গের মানুষ এই আন্দোলনে সামিল হয়েছেন। কিন্তু বন্ধ ভাঙ্গবার চেষ্টা হল কিভাবে? পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বিদেশ থেকে ফিরে তার প্রথম বক্তব্যে বলেছিলেন যে, প্রশাসনই এর মোকাবিলা করবে, ক্যাডার দিয়ে নয়। কিন্তু তার পরদিনই তিনি বললেন যে, ক্যাডাররাই এর মোকবিলা করবে। এখানে মুখ্যমন্ত্রী বসে আছেন; তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, না সি.পি.এম-এর মুখ্যমন্ত্রী সেটা তার বক্তৃতার সময় বলতে হবে। কিন্তু কোনও মুখ্যমন্ত্রী একথা বলতে পারেন না যে, গণতান্ত্রিক আন্দোলন ভাঙবার জন্য ক্যাডার নিয়োগ করা হবে; সুশৃঙ্খল ক্যাডার যাদের এক হাতে পাইপগান, আর এক হাতে বোমা এবং তারা বন্ধকে ব্যর্থ করবার জন্য চেষ্টা করবে! এ-ব্যাপারে শরিক দলগুলির কারও কারও শুভ বুদ্ধির উদয় হয়েছিল, কিন্তু মুখ্যমন্ত্রীর ধমক খেয়ে তারা চুপ হয়ে গেছেন। এইভাবে ধমকে রেখে গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করবার তিনি চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গের এই কলঙ্কজনক

ঘটনা, যা ইতিহাসের পাতায় নজির হয়ে থাকবে, সেটা হল আজকে বন্ধ ভাঙতে নিজেদের পার্টি ক্যাডার ব্যবহার করা হয়েছে এবং পুলিশকে তাদের সাহায্য করতে দেওয়া হয়েছে। পুলিশের লাঠি, বোমা এবং পাইপগান তাদের দেওয়া হয়েছে বন্ধ ভাঙবার জন্য এটা দুর্ভাগ্যজনক। এই কলঙ্কজনক ঘটনা ইতিহাসের পাতায় নজির হয়ে থাকবে। নজির হয়ে থাকবে যে, পশ্চিমবঙ্গের মানুষ বামপন্থীদের সমস্ত চেষ্টা ব্যর্থ করে প্রমাণ করেছেন যে, গণতন্ত্র এখানে নেই। আমরা কি চেয়েছি? আমরা চেয়েছি নিত্য প্রয়োজনীয় জিনিস যার দাম বেড়েছে তার দাম কমাতে হবে; বিদ্যুৎ নেই, বিদ্যুৎ দিতে হবে; কেরোসিন পাওয়া যাচ্ছে না, কেরোসিন দিতে হবে; ট্রাম-বাসে ভাড়া বাড়ানো হয়েছে, সেটা চলবে না; আমরা চেয়েছি ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দিয়ে রেশনের দোকানের মাধ্যমে তা বিলি করতে হবে। আমাদের যে দাবি সেই একই দাবির ভিত্তিতে মুখ্যমন্ত্রীও প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন। আবার শুনছি, এই দাবির ভিত্তিতে সমস্ত ক্যাডারদের নিয়ে নাকি দিল্লিতে ধর্না দেওয়া হবে জিনিস পত্রের দাম কমাতে। আজকে পশ্চিমবঙ্গের মানুষকে এইভাবে ধাপ্পা দিতে চাইছেন। কিন্তু আমরা মাঠে নেমে পড়ে জনগণকে নিয়ে এর বিরুদ্ধে চেষ্টা করছি এবং তারফলে শান্তিপূর্ণ প্রসেশনে মমতা ব্যানার্জির উপর আক্রমণ করা হল। গুন্ডাদের হাতে বোমা, পাইপগান দিয়ে পশ্চিমবঙ্গে এইভাবে রাজত্ব চালান এর থেকে দুর্ভাগ্যজনক কথা আর কিছু হতে পারে না। এই ঘটনা ইতিহাসে একটা কলঙ্ক। মুখ্যমন্ত্রী বললেন, 'একজন মহিলা।' নামও তিনি উচ্চারণ করতে পারলেন না। ঐদিন সুব্রত মুখার্জি, পঙ্কজ ব্যানার্জি'র উপরও আক্রমণ করা হয়েছে।

কিসের জন্য? আমরা আন্দোলন করেছি, আমাদের হাতে পাইপগান ছিল না, বোমা ছিল না, পুলিশ ছিল না। আমরা চেয়েছিলাম মানুষের কথা বলতে, সেই মানুষের কথা উপলব্ধি করানোর জন্য আমরা চেষ্টা করেছিলাম ১৬ তারিখে। তারজন্য আজকে বিধানসভায় আলোচনার প্রয়োজন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব দুর্ভাগ্যের বিষয় সেই দিন ট্রাম চললো, ৮ লক্ষ টাকা সেদিন খরচ হল কিন্তু কোনও লোক গেল না। ধিক্কার দিল পশ্চিমবাংলার মানুষ পশ্চিমবাংলায় তোমরা জোর করে বন্ধ ভাঙার চেষ্টা করছ। কিন্তু বন্ধ ভাঙতে পারেন নি। শুধু কলিকাতা বন্ধ হয়নি, পশ্চিমবাংলা বন্ধ হয়ে গেছে। সমাজ বিরোধী, গুন্ডার সর্দ্দার এবং পশ্চিমবাংলায় যে সমস্ত গুন্ডারা আছে তাদের আজকে প্রশ্রয় দেওয়া হয়েছে বামফ্রন্ট সরকারের আমলে, তারা এখানে আসার পর থেকে। এখানে একটার পর একটা ঘটনা ঘটেছে, বানতলার মতো ঘটনা ঘটেছে। প্রতিটি জায়গায় দেখা গেছে তারা সমাজ বিরোধীদের হাতিয়ার করে রেখেছেন আপনারা পশ্চিমবাংলায় সমাজ বিরোধীদের সামনে এনেছেন এবং চেষ্টা করেছেন মানুষের গণতান্ত্রিক আন্দোলনকে ভেঙে দেবার, ধংস করে দেবার। স্টালিন পদ্ধতি নিয়ে পশ্চিমবাংলায় রাজত্ব চালাতে। আপনারা ভেবেছিলেন স্টালিনেসটিক কায়দায় নানাভাবে গুলি মেরে, মারধোর করে আন্দোলন ভাঙতে হবে। কিন্তু এটা চীন নয়, রাশিয়া নয়, হাঙ্গেরি নয়, বুলগেরিয়া নয়, যুগোস্লাভিয়া নয়। স্মরণ রাখতে হবে পশ্চিমবাংলার মানুষের ভোট নিয়ে আপনারা এসেছেন, যারা আপনাদের ভোট দিয়েছে তাদের দুঃখের কথা আমরা বলেছি, তাদের মনের ব্যাথার কথা আমরা আন্দোলনের মাধ্যমে বলেছি সেই আন্দোলন করতে গিয়ে যে বন্ধ সেই বন্ধ ভাঙতে

আপনারা চেষ্টা করেছেন। এই সরকারের এইভাবে বসে থাকা কলঙ্ক জনক, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় এবং এর চেয়ে পরিতাপের বিষয় আর কিছু হতে পারে না। মানুষ চেয়েছে, সব মানুষ বলেছে জিনিস পত্রের দাম বেড়ে যাওয়ার জন্য আমাদের আন্দোলন করতে। আমরা তাই আন্দোলন করেছি। পুলিশ প্রসাশনকে সামনে রেখে, যে পুলিশের জন্য আপনারা ১৬২ কোটি টাকা এখানে খরচ করেছেন সেই পুলিশ প্রশাসন ব্যর্থ। পাইপগান, বোমা নিয়ে আপনার সি.পি.এম ক্যাডার বাহিনীর পাশে পুলিশ দাঁড়িয়ে আছে, তাদের গ্রেপ্তার করার সাহস নেই। কিসের পুলিশ, কিসের প্রশাসন? পশ্চিমবাংলায় একটা জঙ্গলের রাজত্ব কায়েম করছেন? একদিকে পুলিশ বাহিনীকে নিষ্ক্রীয় করে আপনাদের মস্তান বাহিনীদের দিয়ে, সশস্ত্র ক্যাডারদের দিয়ে রাজত্ব করতে হবে? পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা রক্ষা করা হবে সি.পি.এম-এর ক্যাডার বাহিনীদের দিয়ে? যদি এইরকম মারধোর করা হয় তাহলে কি পশ্চিমবাংলা ঠান্ডা হয়ে যাবে? স্মরণ করিয়ে দিচ্ছি এইরকম মারধোর করার পর সারা পশ্চিমবাংলার লোক আপনাদের ধিক্কার দিচ্ছে। পশ্চিমবাংলার লোক বলছে একজন মহিলার উপর এইভাবে নির্যাতন করা, মহিলা যখন রাস্তা দিয়ে যাচ্ছে তার পেছন থেকে এইভাবে মারা এর চেয়ে কাপুরুষতা আর কিছু থাকতে পারে না। সেইজন্য এই সরকারের আর একদিনও থাকার অধিকার নেই, এখুনই জ্যোতিবাবুর পদত্যাগ করা উচিত। আপনাদের যখন পুলিশ বাহিনীর উপর কনফিডেন্স নেই, পুলিশ বাহিনীকে পাশে সরিয়ে রেখে ক্যাডারদের দিয়ে শাসন চালাতে হচ্ছে তখন এখানে রাষ্ট্রপতি শাসন জারি করা উচিত। কলিকাতার বিস্তীর্ণ এলাকায় সেইদিন যা হয়েছে সেটা আজকে আমাদের করতে হচ্ছে। সেইজন্য আমি বলতে চাই পশ্চিমবাংলায় রাষ্ট্রপতি শাসন জারি হওয়া একান্ত দরকার হয়েছে। এই সরকার আর চলছে না, এই সরকার ফ্যাসিস্ট কায়দায়, স্টালিনেসটিক কায়দায় চলছে। এই সরকারের অবসান হওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রক্ত গিয়েছে, রক্ত ঝরছে এবং আরও রক্ত যাবে। আমি স্মরণ করিয়ে দিতে চাই রক্ত নিয়ে জ্যোতিবাবুর মতো লোক এবং তার পার্টি যদি মনে করে থাকেন যে পশ্চিমবাংলায় শেষদিন পর্যন্ত থেকে যাবেন তাহলে ভুল করছেন। মৃত্যুর ঘন্টা শুনতে পান নি, এবার শুনতে পাবেন। আজকে যে অ্যাডজর্নমেন্ট মোশন আনা হয়েছে সেটা মানুষের মনের কথা বলার চেষ্টা করা হয়েছে। এখানে সকলে সমবেত হয়ে জনসাধারণের দুঃখ দুর্দশার কথা যদি ভাবেন তাহলে দলমত নির্বিশেষে এক হয়ে এই প্রস্তাবকে পাস করবেন। আশাকরি পশ্চিমবাংলার লোকের সম্মান, পশ্চিমবাংলার লোকের ইজ্জত এবং মহিলাদের ইজ্জত বজায় রাখবেন। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে নিয়ম বহির্ভুত ভাবেই এই সভা মূলতুবি রেখে এই যে আলোচনার সুযোগ আপনি দিয়েছেন এইজন্য প্রথমে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এর দ্বারা বামফ্রন্টের ভাবমূর্তি আমরা মানুষের কাছে সম্পূর্ণভাবে তুলে ধরতে পারব। কারণ গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা এখানে এসেছি এখানকার কিছু নিয়মকানুন আছে ঠিকই, কিন্তু তার কিছু ব্যতিক্রম হলে দেশ রসাতলে যাবে না। আজকে পশ্চিমবাংলায় যা হয়েছে সত্য বাপুলি মহাশয় এখানে বললেন যে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে তারা আন্দোলন করেছেন। আন্দোলন করার এক্তিয়ার আর কারও থাকতে পারে, কিন্তু সেই এক্তিয়ার

কংগ্রেসিদের নেই। তারা বললেন যে বাস ভাড়া নিয়ে আন্দোলন করেছেন। দ্রব্যমূল্য বৃদ্ধি, বাসভাড়া বৃদ্ধি নিয়ে এস.ইউ.সি. আন্দোলন করছেন। তাহলে দাঁড়ালো কি? এস.ইউ.সি.র ওরা আন্দোলন করলে বোঝা যেত। আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে, কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, এগুলোর মধ্যে একটা কার্য-কারণ সম্পর্ক রয়েছে। এগুলো নিয়ে মানুষের মধ্যে নিশ্চয়ই প্রশ্ন রয়েছে। তারজন্য আমরা ইতিপূর্বে বিভিন্ন সময়ে আন্দোলন করেছি এবং সেই সমস্ত আন্দোলনকে কেন্দ্র করে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছি। মানুষের ক্ষোভ আছে, বোঝা গেল বাড়তি পয়সা মানুষকে দিতে হচ্ছে, এটা তারা সহজভাবে দিচ্ছে না এটা আমরা বুঝতে পারছি। কিন্তু মানুষ এটাও জানে যে এই বাড়তি পয়সা দেওয়া ছাড়া কোনও উপায় নেই। কিন্তু আজকে কংগ্রেসিদের যে আন্দোলন এটা ১৯৫৩ সালের আন্দোলনের মতো জনসমর্থন নেই। সেদিনের আন্দোলনে যেমন জনসমর্থন ছিল, আজকে কংগ্রেসিরা সেইরকম কিছু আদায় করবার চেষ্টা করছেন। কিন্তু ওরা বাস্তব অবস্থাটা ভুলেই গিয়েছেন। ওদের পূর্বসূরী যারা সেদিন ক্ষমতায় ছিলেন, তারা সেদিন এক পয়সা ট্রাম ভাড়া বাড়িয়ে কার্যত বিদেশি পুঁজিকে বাড়িয়ে দেবার চেষ্টা করেছিলেন। তার চাইতেও মানুষের কাছে বড় প্রশ্ন ছিল এটা যে, স্বাধীনতার মাত্র সাত বছর পরে বৃটিশ কোম্পানীর পুঁজিকে বাড়িয়ে দেবার প্রশ্ন। তাই সেদিন মানুষ স্বতঃস্ফূর্তভাবে ট্রাম ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। সেদিন ট্রাম-বাস মানুষ পুড়িয়েছিলেন। মানুষের উপরে তখন অত্যাচার নেমে এসেছিল, মানুষ তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। কংগ্রেসি শাসনকালে প্রেস ফটোগ্রাফারদের উপরে অত্যাচার হয়েছিল, হামলা হয়েছিল। মানুষ তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। সেই সময় আনন্দবাজার পত্রিকাতে সম্পাদকীয় প্রবন্ধে যেভাবে লেখা হত তাতে আন্দোলনে প্রচুর সাহায্য হয়েছিল। আজকে আপনারা ভাবছেন, বহুদিন পরে আপনাদের সামনে একটা সুযোগ এসেছে। বাস্তব অবস্থাটা কিন্তু তা নয়। আন্দোলনকারীদের কাছে মানুষের একটা প্রত্যাশা থাকে। আপনারা গণতান্ত্রিক আন্দোলন, গণতান্ত্রিক ব্যবস্থাপনার হোতা বলে নিজেদের দাবি করেন, মহাত্মা গান্ধীর ছবি সঙ্গে রেখে আপনারা চলেন, আপনারা যে ট্রাম-বাস পোড়ান তাতে আমাদের প্রস্তুতি থাকে না। হ্যাঁ, আন্দোলন হবে। যে যে দ্রব্যের মূল্য বৃদ্ধি হয়েছে তা মানুষ সহজভাবে গ্রহণ করেছেন। মানুষের কষ্ট হচ্ছে তা আমরা জানি। কি করে সেই কষ্ট লাঘব করা যায় তা নিয়ে আমরা নিশ্চয়ই ভাবছি। আমি আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছি, তাতে উল্লেখ করেছি যে যারা ক্ষেত-মজুর তাদের জন্য সরকার গতবারে ঘোষণা করেছিলেন যে দু'মাসের জন্য কম দামে চাল দেওয়া হবে, কিন্তু এবারে একটু অন্যরকম। এ সম্বন্ধে আমরা চিন্তিত। কিন্তু ট্রাম-বাস ভাড়া নিয়ে আপনারা যা করতে গেলেন তাতে জনসাধারণ আপনাদের সঙ্গে থাকলেন না। একটা কথা মনে রাখা দরকার যে, সমাজ বিরোধীরা দেশের রাজনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাদের রং বদলায়। আমি দায়িত্ব নিয়ে বলছি, '৭৭ সালে আমাদের ওখানকার একজন পার্টিকর্মী ইন্দিরা গান্ধীর ছবিতে জুতার মালা পরিয়ে দীনহাটা শহরে রাজপথে প্রকাশ্যে মিছিল করেছিল। আমরা তাকে পার্টি থেকে বার করে দিয়েছিলাম। আজকে যাদের কথা উঠছে, লাল্লু, বিল্লু পার্টির সঙ্গে যুক্ত, এদের সম্বন্ধে সচেতন হতে হবে।

[2-15 — 2-25 P.M.]

আমি তার চাইতে আগে দোষ দেব পুলিশ প্রশাসনকে যে দোষ মাননীয় মুখ্যমন্ত্রী নিজে দিয়েছেন। অ্যাসিসটেন্ট পুলিশ কমিশনারের সামনে এই সমস্ত ঘটনা ঘটেছে এবং সেক্ষেত্রে পুলিশের ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাদের তো পাঠানো হয়েছে এই কারণে এবং সেক্ষেত্রে পুলিশের তো একটা বিরাট ভূমিকা আছে। একটা মিছিল আসছে দেখে তারজন্য নানারকম প্রস্তুতি নেওয়া দরকার। নানারকম মানুষ সেখানে আছে রাজনৈতিক দল সেখানে আছে, একটা গন্ডগোল হতেই পারে এবং সেখানে পুলিশ প্রশাসনের দায়িত্ব একটা রয়েছে। এই ব্যাপারে নিশ্চিতভাবে বিশ্বাস করি এবং মনেকরি যে, পুলিশ প্রশাসনের মধ্যে একটা অংশ রয়েছে যারা মুখ্যমন্ত্রীর হয়ে কাজ করছেন না, আপনাদের হয়ে কাজ করছেন। তার প্রমাণ বিভিন্ন ক্ষেত্রে আমরা দেখছি এবং তারই প্রমাণ হিসাবে হাওড়ার বিমলা দে কে পুলিশ পায়ে গুলি না মেরে মাথায় গুলি করত না। মমতা ব্যানার্জিকে যেভাবে আক্রমণ করা হয়েছে পুলিশ অফিসারের সামনে এটা উচিত হয়নি, আমি তার আরোগ্য কামনা করছি এবং সেইসঙ্গে সুব্রত মুখার্জির আরোগ্য কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা এখানে অ্যাডজর্নমেন্ট মোশন যা এনেছি সেই সম্পর্কে বক্তব্য রাখছি। গত ১৬ই আগস্ট তারিখে দ্রব্যমূল্য বৃদ্ধি, ট্রাম-বাসের ভাড়া বৃদ্ধি নারী নির্যাতন এবং বিদ্যুৎ সঙ্কটের দাবি এই ৫টি দাবির ভিত্তিতে আমরা কলকাতা বন্ধ ডেকেছিলাম। এই দাবি মানুষের ছিল এবং সেইজন্য স্বতঃস্ফূর্তভাবে এই দাবিকে মেনে নিয়ে বন্ধে সাড়া দিয়েছিল। জনসমর্থনের সম্পূর্ণভাবে এই বন্ধ সফল হয়েছে। এর আগে বামফ্রন্টের রাজত্বে গত ১২ বছরে আপনারা ১৩ বার বন্ধ ডেকেছিলেন। দ্রব্যমূল্য বৃদ্ধির ক্ষেত্রে রাজ্যে আমাদের নানারকম সঙ্কট, কিন্তু একবারও তাই নিয়ে আপনারা বন্ধ ডাকেন নি। সকলেই জানেন আপনাকে বীর মুখ্যমন্ত্রী হিসাবে। যে মুখ্যমন্ত্রী একদা বীর মুখ্যমন্ত্রী হিসাবে চিহ্নিত ছিলেন সেই মুখ্যমন্ত্রী আজকে মেরুদন্ডহীন হিসাবে চিহ্নিত হয়েছেন এবং বিশেষ করে এই বন্ধু সরকার আসার পরে একটা মেরুদন্ডহীন, তাবেদার দালাল মুখ্যমন্ত্রী হিসাবে ভারতবর্ষের কাছে চিহ্নিত হয়েছেন। সেই মেরুদন্ডহীন মুখ্যমন্ত্রী জনসাধারণের দাবিকে অগ্রাহ্য করে একটা ঘৃণ্য আক্রমণের ভূমিকা পালন করলেন। এক নক্কারজনকভাবে এই আক্রমণাত্মক ক্যাডারবাহিনী পিছন থেকে এক নিরীহ মহিলার উপরে আক্রমণ করে একটা নজরি সৃষ্টি করলেন। এতবড় ঘটনার পরেও আমাদের মুখ্যমন্ত্রী এই ক্যাডার বাহিনী একটা গণতান্ত্রিক আন্দোলনের উপরে আক্রমণ করে লজ্জাস্কর কাজ করেছে। অথচ আমাদের মুখ্যমন্ত্রী এর পরেও গর্বের সঙ্গে বললেন যে বন্ধ সফল হয়নি। মানুষ কংগ্রেসিদের সন্ত্রাসে বেরুতে পারেনি, উপস্থিত হতে পারেনি। মাননীয় মুখ্যমন্ত্রীর জানা দরকার যে সমস্ত মানুষ বন্ধে সাড়া দিয়েছিলেন তারা আজকে মুখ্যমন্ত্রীর এই ১৩ বছরে মুখ্যমন্ত্রীত্বে থাকার পরেও কি তাকে চাইছেন? মাননীয় মুখ্যমন্ত্রী কি দেওয়াল লিখন পড়তে পারছেন না? সেই মানুষ আজকে কি চাইছে তিনি বুঝতে পারছেন না? আসলে ঠান্ডা ঘরে বসে তিনি মুখ্যমন্ত্রী হিসাবে চিহ্নিত হয়ে জনগণের দাবি তিনি শুনতে পারছেন না। জনগণের কাছ থেকে তার যে মৃত্যুর ঘন্টা বাজছে সেটা তিনি ঠান্ডা ঘরে বসে বুঝতে পারছেন না। তারই উদাহরণ গত ১৬ই আগস্ট আমাদের ডাকা বন্ধে তিনি দেখতে

পেলেন। এই বন্ধে সাড়া জনগণ স্বতঃস্ফূর্তভাবে দিয়েছেন। আমরা ঝরে বারে এদের অন্যায়ের প্রতিবাদ করেছিলাম। কলকাতার পৌরসভার নির্বাচনে একটা ঘটনা ঘটেছিল তার থেকেই আমাদের মনে হয়েছে যে, আজ থেকে ৩০০ বছর আগে কলকাতার বুকে জলদস্যুরা কলকাতাকে আক্রমণ করেছিল ঠিক অনুরূপভাবে সি.পি.এমের ক্যাডার বাহিনী স্থলদস্যু হিসাবে কলকাতাকে দখল করে রেখেছে। সেই স্থলদস্যু সি.পি.এমের ক্যাডারবাহিনী বলে চিহ্নিত লালু রাজ প্রভৃতি যারা তাদের সদস্য হিসাবে পুরোধা হয়ে বসে আছে, তারা মানুষের স্বীকৃত দাবিকে নস্যাৎ করে এই জঘন্য রাজনৈতিক আক্রমণ করছে। ৩০০ বছর আগে জলদস্যু কলকাতাকে দখল করেছিল আজকে স্থলদস্যুরা সি.পি.এমের ক্যাডারবাহিনী কলকাতাকে দখল করে আছে। জেনে রাখবেন কলকাতার মানুষ এ কখনও ক্ষমা করবে না। মুখ্যমন্ত্রীর মদতপুষ্ট এই বাহিনী একটা নজির গড়ে তুলেছে। আমরা একটা শান্তিপূর্ণ মিছিল নিয়ে চলেছিলাম, বেদম প্রহার করা হল পেছন থেকে এবং একজন নিরীহ মহিলার উপরে অমানবিক অত্যাচার করা হল। শেষ পর্যন্ত তাকে পি.জি. হাসপাতালে ভর্তি করতে হল। মাননীয় মুখ্যমন্ত্রী তো একবারও পি.জি. হাসপাতালে কিংবা নার্সিংহোমে গিয়ে খোঁজ নিলেন না কেমন আছেন। একবারও তো বেডের পাশে গিয়ে দাঁড়িয়ে থাকতে পারলেন না? তিনি যদি ওই মহিলার বেডের পাশে দাঁড়াতে পারতেন তাহলে তার মদতপুষ্ট সি.পি.এমের ক্যাডারবাহিনী হয়তো তাকে ঘৃণা করত কিন্তু বাংলার মানুষ তাকে মাথায় তুলে রাখত এবং একটা নজির হয়ে থাকত। আপনি গতকাল একটি সভাতে বক্তৃতা করতে গিয়ে সেখানে তার নামও করলেন না। সুব্রত মুখার্জি এই সভার সদস্য, পাবলিক অ্যাকাউন্ট কমিটির চেয়ারম্যান। আপনি তার খোঁজ খবর নিতে একবারও বেলভিউ নার্সিং হোমে যেতে পারলেন না। আজকে ক্যাডার রাজের নামে আপনারা মানুষের আন্দোলনকে স্তব্ধ করে দিতে চেয়েছেন, সি.পি.এম.-র ক্যাডার নামে কিছু গুন্ডাকে নামানো হল রাস্তায় আন্দোলনকে স্তব্ধ করে দিতে। মানুষ আপনাদেরকে ধিক্কার জানাচ্ছে। বুদ্ধদেববাবুর মতো নেতা শ্যামলবাবুর মতো তরুণ নেতা যাদের ভূমিকা ছিল হিটলারের মতো তাদের প্রতি মানুষ আজকে ধিক্কার জানাচ্ছে, আমরাও তাই আপনাদের ধিক্কার জানাচ্ছি এবং আপনাদের পদত্যাগ দাবি করছি এই বিধানসভায় দাঁড়িয়ে। বাংলার মানুষ কলকাতার মানুষ যেভাবে আপনাদের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে, তার পরে আপনাদের থাকার আর কোনও অধিকার নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আজকে কংগ্রেসের আনীত অ্যাডজর্নমেন্ট মোশন এখানে উত্থাপন করার জন্য আপনি অনুমতি দিয়েছেন, সেইজন্য অন্যান্যদের সঙ্গে আমরাও এই ব্যাপারে আপনাকে অভিনন্দন জানাচ্ছি-এর গুরুত্ব অনুধাবন করায়। এই বিধানসভা হচ্ছে জনগণের প্রতিনিধিদের দ্বারা গঠিত সরকার, সেখানে এই বিষয়ে আলোচনা হওয়া দরকার। আজকে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যাচ্ছে কয়েক বছরের মধ্যে কয়েক গুণ বেড়ে গিয়েছে—তাতে বিরোধীদলও যেমনভাবে উদ্বিগ্ন, সরকারও তেমনিভাবে উদ্বিগ্ন। তাই মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। এই ব্যাপারে আমরাও সর্বতোভাবে উদ্বিগ্ন। বর্তমানে কেন্দ্রের যে নীতি এবং তার যে বাজেট নীতি তা সত্ত্বেও পরবর্তীকালে আমরা দেখছি সমস্ত জিনিসের

দাম বেড়েছে এই ব্যাপারে আমরা উদ্বিগ্ন তাই জনগণকে সাথে নিয়ে এর বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার জন্য প্রস্তুতি নিয়েছি। এখন প্রশ্ন হচ্ছে যে বন্ধ উপলক্ষে যে ঘটনা ঘটেছে বন্ধ হচ্ছে গণতান্ত্রিক আন্দোলনের অঙ্গ—বন্ধ করতে পারেন, আন্দোলন করতে পারেন তাতে কোনও বাধা নেই তা পশ্চিমবাংলার বামফ্রন্টের ১৩ বছরের রাজত্বের ইতিহাসে কোনও গণতান্ত্রিক আন্দোলনের ঘটনায় ঘটেনি। যারা গণতান্ত্রিক আন্দোলন করেছেন তাদের ধরে থানায় ঢোকানো হয়নি, যারা ভাঙচুর করেছেন অতীতেও বামফ্রন্টের আমলে তাদেরকে খুব বড় জোর থানার হাজতে দেওয়া হয়েছে। কিংবা আন্দোলনের সীমা যখন অতিক্রম করে গিয়েছে তখন তাদেরকে থানা আদালতে নিয়ে যাওয়ার পর বহাল তবিয়তে রেখে ছেড়ে দেওয়া হয়েছে। তা সত্ত্বেও বন্ধের দিনে কিছু দুঃখজনক ঘটনা ঘটেছে সে ব্যাপারে আমাদের পার্টির সর্বোচ্চ নেতা নিখিল দাস তিনি নির্দ্ধিধায় এ ব্যাপারে নিন্দা করেছেন। মমতা ব্যানার্জির উপর যে আক্রমণ হয়েছে, পঙ্কজ ব্যানার্জির উপর যে আক্রমণ হয়েছে, সুব্রত মুখার্জির উপর যে আক্রমণ হয়েছে তারজন্যও নিন্দা করা হয়েছে। আজকে এই আক্রমণের ভেতর দিয়ে যে দলেরই হোক না কেন যদি সমাজবিরোধী ঢুকে পড়ে তাহলে আমরা মনে করি তাতে দেশের পক্ষে সমূহ সর্বনাশের কারণ হবে। আন্দোলনের নামে সমাজবিরোধী ঢুকে পড়ে যথেচ্ছাচার কাজ করবে, মানুষের জনজীবন বিপর্যস্ত হবে এই জিনিস কখনই বরদাস্ত করা যায় না। তাই রাজ্য সরকারের তরফ থেকে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং যাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট অভিযোগ আছে তাদেরও গ্রেপ্তার করা হবে। আপনারা খুব সঙ্গতভাবেই বুঝতে পারছেন যে আমাদের কোনও নেতা কিন্তু মমতা ব্যানার্জির উপর এই আক্রমণকে সমর্থন করেননি। পরিষ্কারভাবে ঐসব কিছু ছিল না। কিন্তু আপনারা আপনাদের সময়ে মিসা করেছেন, হত্যা করেছেন, কোনও নেতারই সেদিন আপনাদের বিবেক বলে কিছু ছিল না। আর একটি জিনিস আপনারা বুঝতে পারছেন পশ্চিমবঙ্গের মানুষ বোঝে জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে সেইজন্য আপনাদের আন্দোলনের যে কর্মসূচী এবং বিভিন্ন জায়গায় যে পদ্ধতিতে আন্দোলন করেছেন তাতে আপনারা প্রত্যাহৃত হয়েছেন এবং বন্ধকে স্বতঃস্ফূর্তভাবে প্রত্যাহৃত করেছেন।

[2-25 — 2-35 P.M.]

**श्री सुल्लतान आहमेद :** मिस्टर स्पीकर सर, श्री अपूर्बलाल मजूमदारने जो एडजर्नमेन्ट मोशन पेश किया है, उसके समर्थन में मैं कुछ बोलना चाहता हूँ। १६ अगस्त को कलकत्ता जो बन्द हुआ वह पश्चिमबंगाल में नया नही हैं। इसके पहलें भी १३ वर्षो में कलकत्ता बन्द देखा गया हैं। पश्चिमबंगाल में गणतांत्रिक आन्दोलन शुरु किया गया, शान्तिपूर्वक मिछिल निकाला गया, फिर भी उसके उपर जिस तरह का हमला किया गया, वह पश्चिम बंगाल के लिए कलंक हैं। यह समझा जा रहा हैं कि यहाँ पर कै-डरों नें जूलस पर हमला किया हैं। ममता बनर्जी ने जो शान्तिपूर्वक आन्दोलन किया वह पश्चिमबंगाल के तरीख में एक आहमियत रखता है फिर भी उनके उपर हमला किया गया। बड़े दुख के साथ कहना पड़ता है कि जहाँ के मुख्यमंत्री ज्योति बाबू बामपन्थी

सरकार को सलाह–मशैरा दे रहे हैं, यूनियन सरकार के प्रधान मंत्री श्री भी० पी० सिंह को सलाह–मशैरा देते हैं नहीं उनके राज्य में गणतांत्रिक आन्दोलन करने वालों पर ज्ञान्तिपूर्वकमिछिल निकालाने वालों पर लाठी चलाया जाता हैं, गोली चलाई जाती हैं। ममता वनर्जी जो शान्ति पूर्वक मिछिल लेकर जा रही थी उनके उपर पीछे से कल्लाना हमला किया गया पुलिस की मौजूदगी में यह वाकिया हुआ मगर किसी को गिरप्तार नहीं किया गया। बाद में लालू को गिरफ्तार किया गया सुनने में आ रहा हैं कि सी० पी० एम० की पार्टी ऑफिस में उसको बड़ी शाबासी दि जा रही हैं।

१६ अगस्त के पहले पुलिस को हिदायत दी गई थी कि आन्दोलनकारियों पर पुलिस गोली नहीं चलायेंगी। मगर गुण्डा पार्टी के कैडरों ने मिछिल के उपर हामला किया-मारा-पीटा। सी० आई०टी० रोड में मैं शान्तिपूर्वक आन्दोलन कर रहा था, हम लोग शान्तिपूर्वक बन्द मना रहे थे फिर भी मेरे उपर हमला किया गया। १६ अगस्त को कांग्रेस ने जिस शान्तिपूर्वक रूप से बन्द कराया, उसके लिए मैं मुवारकवाद देता हूँ। जिस पश्चिम बंगाल में गणतांत्रिक आन्दोलन पर हमला हो रहा हैं, उसी सूवे के मुख्यमंत्री ज्योति बाबू का नाम भारतवर्ष के अपोजीशन लिडारो में सवसे आगे आता हैं।

एक आगस्त को ट्राम-बस भाढ़ा वृद्धि को लेकर विमला डे हबड़ा व्रीज पर शान्तिपूर्वक आन्दोलन कर रही थी, उसके माथे पर गोली चलाकर उसका खून किया गया। रघुनन्दन तिवारी पर तारातल्ला में हमला किया गया और वह मारा गया। ज्योतिबाबू की हिदायत थी पुलिस को कि गणतांत्रिक आन्दोलनकारियों पर गोली नहीं चलायी जायगी। फिर भी पुलिस ने गोली चलाई और कांग्रेस के लोग मारे गये। बर्धमान में मानस बनर्जी बिद्युत को लेकर आन्दोलन कर रहे थे, उनका भी खून हुआ। आज किरांशन तेल नही मिल रहा है। अच्छे घरो की औरतों की ५-५, ७-७ घण्टा लाइन में खड़ा होना पड़ता हैं।

सुब्रत मुखर्जी और ममता बनर्जी पर जो हमला हुआ, मैं उसकी निन्दा करता हूँ। साथ ही मैं मुख्यमंत्री से अपील करता हूँ कि वे हिदायत करे कि अब पश्चिम बंगाल में लाठी-गोली नही चलेगी।

**শ্রী ক্যামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় যে অ্যাডজর্নমেন্ট মোশন এসেছে তা স্থগিত না করে, বন্ধ না রেখে আপনি যে আলোচনা করবার সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ১৬ই আগস্ট যেসব ঘটনা ঘটেছে সেই ঘটনা অনেক দিক থেকেই নিন্দনীয়। কারণ আমরা সকলেই একমত, বিশেষ

করে বামপন্থীরা যে গণতান্ত্রিক আন্দোলন করবার অধিকার সকলের আছে। একদিকে সেই আন্দোলন কংগ্রেসের ডাকে যে হয়েছে তাতে জনজীবন বিপর্যস্ত হয়েছে, জনগণ তাতে বিরক্ত এবং উত্যক্ত হয়ে পড়েছে। আপনাদের এই আচরণ, ট্রাম-বাস পোড়ানো, লোকের জীবন সংশয় আন্দোলনে অনেকে আহত হয়েছে অনেক বাসের কন্ডাক্টার আহত হয়েছে, এটা মোটেই গণতান্ত্রিক আন্দোলন নয়। গণতান্ত্রিক আন্দোলনের সুযোগ নিয়ে জনজীবনে আপনারা আক্রমণের রূপ দিয়ে দিচ্ছেন। আজকে এটা ঠিকই যে জিনিসপত্রের দাম বেড়েছে, দ্রব্যমূল্যবৃদ্ধি হয়েছে এবং সেই বাজেট নীতির বিরুদ্ধে আমরা বামপন্থীরা সি.পি.আই, সি.পি.এম, ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি. সমস্ত পার্টি আমরা আন্দোলন করছি এবং করব। কিন্তু এই বাস ভাড়া বৃদ্ধিকে উপলক্ষ্য করে, আপনারা জনগণের কাছে যাবার একটা সুযোগ নিয়ে যেভাবে অগ্রসর হলেন, সেটা খুবই নিন্দনীয়, বাস পুড়িয়ে দিচ্ছেন, ট্রাম পুড়িয়ে দিচ্ছেন, সেইসঙ্গে আবার ১৬ আগস্ট বন্ধ করলেন, এটা খুবই নিন্দনীয়। ১৬ আগস্ট মমতা ব্যানার্জি যখন মিছিল করছিল পুলিশ কমিশনারের সামনে তার উপর আক্রমণের ঘটনাও খুব নিন্দনীয় এবং সেই নিন্দা আমরা করেছি। এটা খেয়াল রাখতে হবে সুব্রত মুখার্জি, মমতা ব্যানার্জি; এবং পঙ্কজ ব্যানার্জির উপর যে আক্রমণ হয়েছে, সেই আক্রমণে কেউ আক্রমণকারীদের পক্ষে নেই। সবাই আমরা তাদের বিরুদ্ধে, সমস্ত পার্টি তাদের ওপর আক্রমণের নিন্দা করেছে এবং এখনও আমরা করছি। কিন্তু মনে রাখতে হবে, আজকে বামফ্রন্ট আমলে, আমরা কোনও লোককে মিসায় আটকে রাখিনি, গণতান্ত্রিক আন্দোলনের অধিকার আপনাদের দিয়েছি এবং আপনারা সেই আন্দোলন করুন। কিন্তু ভবিষ্যতে আপনাদের গণতান্ত্রিক আন্দোলনকে আপনারা এইভাবে পরিচালিত করবেন না, আপনাদের এই আন্দোলনে দেশের ক্ষতি হচ্ছে, মানুষের ক্ষতি হচ্ছে। আমি আশা করি ভবিষ্যতে মানুষের অভিজ্ঞতা থেকে আপনারা শিক্ষা নেবেন, এটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অপূর্বলাল মজুমদার যে মোশন এনেছেন, ১৬ আগস্ট কলকাতা বন্ধকে কেন্দ্র করে সি.পি.এম ক্যাডাররা যে গুন্ডারাজ কায়েম করেছে, সেই সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই এই মোশনকে কেন্দ্র করে। স্যার কলকাতা বন্ধের সমর্থনে ও তার সঙ্গে সঙ্গে আশেপাশের বিভিন্ন জেলায় যে ধরনের স্বতঃস্ফূর্ত বন্ধ হয়েছে সে সম্বন্ধে আপনারা বিরোধীরা মুখ দিয়ে না বলে, যারা ক্যাবিনেটে আছেন সেই ভক্তিভূষণ মন্ডল, কমল গুহ ও সরল দেব এবং এক সময় যিনি মন্ত্রী ছিলেন সেই যতীন চক্রবর্তী বলেছেন, জনগণের অকুণ্ঠ সমর্থনে স্বতঃস্ফূর্ত বন্ধ হয়েছে। আমরা বিরোধীরা যখন বলি স্বতঃস্ফূর্ত বন্ধ হয়েছে, তখন আমাদের উপর ক্যাডার লেলিয়ে দেওয়া হয়, কিন্তু যে মন্ত্রী ক্যাবিনেটে বসে আছেন, মন্ত্রিসভার ভিতরে থেকে তিনি কি করে এইকথা বলছেন। তাই আমি আপনাকে প্রশ্ন করছি, তার আর মন্ত্রিসভায় থাকা উচিত কি না? আমরা দেখেছি, যখন বন্ধ ডাকা হল, তখন সি.পি.এমের একজন ক্যাডার হুমকি দিলেন, বন্ধের দিন ৩১ লক্ষ সমাজবিরোধীকে নামানো হবে বলে। সুব্রত মুখার্জি, মমতা ব্যানার্জি ও পঙ্কজ ব্যানার্জি যখন মিছিল করে যাচ্ছিল এবং যে মিছিল শান্তিপূর্ণ মিছিল ছিল, তখন এই ৩১ লক্ষ সমাজবিরোধীর কিছু সমাজবিরোধী তাদের ওপর আক্রমণ

চালালো। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে আমি প্রশ্ন করতে চাই, আপনারা বিরোধী দলে থাকাকালীন ও সরকারপক্ষে থাকাকালীন অনেকবার ডেকেছেন, কিন্তু জ্যোতিবাবু আপনি বলুনতো, আপনাদের নেতা বা আপনাদের নেত্রী কনক মুখার্জি, গীতা মুখার্জি বা অনিলা দেবি রাইটার্সের সামনে দিয়ে মিছিল করে যাচ্ছেন, কংগ্রেসিরা তাদের কখনও পিটিয়েছে বা কোনও বাধা দিয়েছে। আপনি কোনও উত্তর দিতে পারবেন না। রাইটার্সের ঠান্ডা ঘরে বসে এই ধরনের ঘটনাকে সমর্থন করছেন, নিরস্ত্র হয়ে যাওয়া একটা মিছিলের ওপর পুলিশের সামনে ক্যাডার বাহিনী যে ধরনের নির্লজ্জ আক্রমণ করেছে ও তাদের ওপর ঝাঁপিয়ে পড়েছে, এরপর আর আপনাদের মন্ত্রিত্ব চালানো চলে না। স্যার ভাবতে অবাক লাগে, যে আজকে পশ্চিমবাংলায় আপনারা ক্ষমতায় বসে আছেন, আর ক্যাডাররা সব সামলাচ্ছে। সাহস থাকে তো আপনারা পুলিশকে বলুন, লালবাজারে ব্যারাকের মধ্যে থাকতে, আমরা বন্ধ ডাকছি আর আপনারা ক্যাডার নামান, দেখা যাক কলকাতা কি অবস্থায় গিয়ে দাঁড়ায়। পুলিশকে সামনে রেখে অনেক বীরত্ব করা যায়। স্যার, আমরা আজকে পশ্চিমবাংলায় গৃহযুদ্ধের আশঙ্কা করছি, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু যেভাবে পশ্চিমবাংলাকে নিয়ে চলেছেন তাতে পশ্চিমবাংলাকে তিনি আস্তে আস্তে গৃহযুদ্ধের দিকে ঠেলে দিচ্ছেন। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

[2-35 — 2-45 P.M.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে কংগ্রেসের মুখে শুনলাম গণতান্ত্রিক আন্দোলনকে আমরা সমর্থন করি, গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার সকলের আছে। কিন্তু আমি একটা কথা বলতে চাই কংগ্রেস আবার গণতন্ত্রে বিশ্বাস করে যে ওরা গণতান্ত্রিক আন্দোলন করবে? ওদের কোনও গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার নেই। ওরা যে আন্দোলন করে সেটা কখনও গণতান্ত্রিক আন্দোলন হতে পারে না। গোটা ভারতবর্ষে ওরা গণতান্ত্রিক আন্দোলনকে ধংস করেছে। গোটা ভারতবর্ষে যেখানে যেখানে গণতান্ত্রিক আন্দোলন হচ্ছে সেখানে সেই গণতান্ত্রিক আন্দোলনের উপর ওরা আঘাত করেছে। পশ্চিমবঙ্গে ১৯৮৩ সালের এপ্রিল মাসে ওরা যে কলকাতা বন্ধ ডেকেছিলেন সেই কলকাতা বন্ধকে কেন্দ্র করে সেদিন যে জঘন্য ঘটনা কলকাতা শহরে ঘটিয়েছিলেন, সেই ককটেল বোম, পেট্রোল বোম বাসে ছুঁড়ে দেওয়ায় কয়েকজন বাস যাত্রী আহত হল, নিহত হল, সেইসব কথা কলকাতার মানুষ তথা পশ্চিমবঙ্গের মানুষ ভুলে যায়নি। কংগ্রেসিরা যা ইচ্ছা তাই করে যাবে, জন-জীবনকে বিপর্যস্ত করবে, সরকারের সম্পত্তি ধংস করবে, বোমা, ইঁট-পাটকেল ছুঁড়বে এই অধিকার পশ্চিমবঙ্গের মানুষ তাদের দেয়নি। ওরা ৩৯ জন পশ্চিমবঙ্গে জিতে এসেছে, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পশ্চিমবঙ্গের মানুষ প্রত্যেকটি নির্বাচনে আমাদের উপর ন্যস্ত করেছে, পশ্চিমবঙ্গের মানুষের নিরাপত্তার দায়িত্ব আমাদের আছে। যদি কংগ্রেসিরা ভাবেন যে তারা আইন-শৃঙ্খলা বিঘ্নিত করবেন, তাহলে বামপন্থীরা চুপ করে বসে থাকবে না, তারা তার বিরুদ্ধে সমাবেশ করবেন, প্রতিরোধ করবেন, সেখানে বামপন্থীরা বাধা সৃষ্টি করবেন। যদি কোথাও কোন বিক্ষিপ্ত ঘটনা ঘটে তাহলে সেই ঘটনার জন্য দায়ী কংগ্রেসিরা। একথা মনে রাখতে হবে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় কংগ্রেস প্রোভোকেশন সৃষ্টি করছে, আইন-শৃঙ্খলা ধংস করার চেষ্টা করছে, অরাজকতা সৃষ্টি করার

চেষ্টা করছে, বিভিন্নভাবে জনগণের মধ্যে যাতে হিংসা সংঘাত ছড়িয়ে পড়ে তারজন্য তারা সক্রিয় প্ররোচনা সৃষ্টি করছে। কংগ্রেসিরা যা ইচ্ছা করে যাবে আমরা তা সমর্থন করব তা হতে পারে না, সেই জায়গায় বামপন্থীরা তা প্রতিরোধ করবে জনগণকে সংগঠিত করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সুস্পষ্টভাবে এই কথা বলতে চাই দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য বাসের ভাড়া বৃদ্ধি ঘটাতে আমরা বাধ্য হয়েছি। এই দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য ওরাই দায়ী। কারণ, গোটা ভারতবর্ষের শাসন ব্যবস্থা ওদের হাতে ছিল, ওদের নীতির জন্যই গোটা ভারতবর্ষে দ্রব্যমূল্যের বৃদ্ধি ঘটেছে।

**শ্রী তুহিন সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন সরকার যখন জনগণের সমর্থন হারিয়ে ফেলে তখন তারা গুন্ডামীর আশ্রয় নেয়, সন্ত্রাসের আশ্রয় নেয়। আমরা জানি জ্যোতিবাবু চেসেস্কুর একজন বিশিষ্ট ঘনিষ্ঠ বন্ধু, জ্যোতিবাবু যখন ইউরোপে যান তখনই তিনি চেসেস্কুর সঙ্গে দেখা করেন। আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করতে চাই ১৯৭০ সালে পশ্চিমবঙ্গের একজন মুখ্যমন্ত্রী কি বলেছিলেন আমি অসভ্য সরকারের একজন অসভ্য মন্ত্রী? ১৯৭৭ সালে নির্বাচনের প্রাক্কালে সেই জ্যোতিবাবু জনগণের কাছে বলেছিলেন আমরা আর খুন দাঙ্গা করব না, দেশের মানুষ আমাদের একবার বিশ্বাস করুন, সেই জ্যোতিবাবু ১৩ বছরে একটা সুশৃঙ্খল পার্টিকে কোথায় দাঁড় করিয়েছেন তারজন্য জ্যোতিবাবুকে জনগণের কাছে জবাবদিহি করতে হবে। চেসেস্কুর যে অবস্থা হয়েছে সেই অবস্থায় তার দলকে নিয়ে গেছেন। ১৩ বছরে জিনিসপত্রের দর একের পর এক বেড়েছে; খুন, সন্ত্রাস, ডাকাতি, রাহাজানি ধর্ষণ-এ পশ্চিমবঙ্গ আজকে সমস্ত রাজ্যকে ছাপিয়ে গেছে। লোড শেডিং-এ পশ্চিমবঙ্গ আজকে অন্ধকারে ডুবে গেছে। অপদার্থ জ্যোতিবাবু আজকে সরকার পরিচালনায় ব্যর্থ। জ্যোতিবাবু আজকে দেশের কথা ভাবেননা, তিনি শুধু ভাবেন তার ছেলের অর্থ কি করে আরও বেশি বাড়ানো যায়, সাধারণ মানুষের আশা আকাঙ্খার প্রতি তার কোন দৃষ্টি নেই। আজকে সেই জ্যোতিবাবু ভুলে গেছেন বর্ণালি দত্তের কান্না। ভুলে গেছেন মা জানকির কান্না? ঘরে ঘরে হাজার হাজার মা বোনেদের কান্নার কথা ভুলে গেছেন? ভুলে গেছেন অনিতা দেওয়ানের কথা? তাকে মৃত্যু মুখে ফেলে দেওয়া হল এতে'ও আপনাদের বিবেক কাঁপে না? কংগ্রেস যখন আন্দোলন করতে নামে তখন তাদের উপর এইরকম হামলা চালাবেন? বাস ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আপনারা উড়িষ্যায় আন্দোলন করার কথা বলছেন, দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আপনারা দিল্লিতে আন্দোলন করার কথা বলছেন। আর এখানে সরকারে আছেন বলে আপনারা শুধুমাত্র লোক দেখানো আন্দোলনের নাম করে বন্ধ ডাকেন। আমরা কংগ্রেসিরা হিংসায় বিশ্বাস করি না। আমরা মনেকরি একটা সুশৃঙ্খলার মধ্য দিয়ে দেশের জনগণকে একাত্ম করে নিয়ে চলার প্রয়োজন আছে। জ্যোতিবাবুর' আপনি আচরি ধর্ম অপরে শিখাও' এটা মনে রাখা উচিত। আমি তাই বলতে চাই যে, আপনারা কেবল কংগ্রেসের ঘাড়ে দোষ চাপিয়ে ১৬ তারিখে বাংলা বন্ধের দিন ক্যাডার নামিয়ে যে নক্কারজনক ঘটনা ঘটালেন এটা কোন গণতান্ত্রিক দেশের সভ্য মুখ্যমন্ত্রীর সাজে না। ক্যাডার মানে একটা সঙ্ঘবদ্ধ পার্টি এবং সুশৃঙ্খল পার্টি। কিন্তু আমরা দেখলাম এটা একটা গুন্ডার পার্টি। মাও সেতুং বলেছিলেন, বন্দুকের নল'ই হচ্ছে ক্ষমতার উৎস। কিন্তু এই গুন্ডারাই একদিন আপনাদের পিছু ধাওয়া করবে, এটাই হচ্ছে ইতিহাসের অমোঘ নীতি। কংগ্রেস সুশৃঙ্খল

পার্টি। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি হচ্ছে এইসব লাল্লু, বিল্লুদের পার্টি। লাল্লু, বিল্লুদের হাতে পার্টি বেচে দিয়েছেন। তাই গণতান্ত্রিক আন্দোলনকে হিংসার আন্দোলনে নিয়ে গেছেন। এটা আপনাদেরকে লজ্জা পাইয়ে দেবে। আপনাদের পশ্চিমবাংলার মানুষ জেনে ফেলেছে। আপনারা কি শ্রেণীর মানুষ এবং আপনাদের সরকার কি শ্রেণীর সরকার সেটা মানুষ জেনে ফেলেছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা পশ্চিমবাংলায় গণ আন্দোলনের উপর যেভাবে আক্রমণ নেমে এসেছে তাতে আজকে সভার কাজ মুলতুবি রেখে সেই মুলতুবি প্রস্তাব নিয়ে আলোচনার দাবি আপনি শেষ পর্যন্ত অ্যালাউ করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই রাজ্যে একের পর এক নারী নিগ্রহের ঘটনা, গণ ধর্ষণের ঘটনা অব্যাহত আছে। ক্রমাগত মূল্য বৃদ্ধিতে জনজীবন বিপর্যস্ত। রেশন ব্যবস্থা বিপর্যস্ত। কেরোসিন তেল এবং বিদ্যুৎ সঙ্কটের অবস্থা ভয়াবহ। তাছাড়া সম্প্রতিকালে বাস, ট্রাম অন্যান্য যাত্রী পরিবহনের ভাড়া নজিরবিহীন ভাবে বৃদ্ধি করা হয়েছে এবং তাকে কেন্দ্র করে সারা রাজ্য জুড়ে প্রবল জনরোষ জনবিক্ষোভ দেখা দিয়েছে এবং তাকে ভিত্তি করে সারা দেশে ন্যায়সঙ্গত যে গণআন্দোলন দেখা দিয়েছে তার প্রতি যথাযোগ্য মর্যাদা ও মূল্য না দিয়ে সমস্তরকম প্রতিবাদের বিরোধিতা করে গায়ের জোরে চূর্ণ করে দেওয়ার মানসিকতা নিয়ে যেভাবে শাসক দল একদিকে পুলিশ এবং অন্য দিকে ঠ্যাঙাড়ে বাহিনী নামিয়েছেন এটা কোন সভ্য দেশে, সভ্য রাজত্বে কল্পনা'ও করা যায় না। আজকে লাঠি, গুলি, টিয়ার গ্যাস চালিয়ে রক্ত ঝরানো হচ্ছে এবং গণ-আন্দোলনকে বন্ধ করার চেষ্টা করা হচ্ছে। মহিলা, মহিলা কর্মীদের উপর বর্বরোচিত পৈশাচিক আক্রমণ চলছে। পুলিশের সামনে ঠ্যাঙাড়ে বাহিনী নামিয়ে আলোকচিত্র সাংবাদিকদের উপর উপর্যুপরি আক্রমণ চালানো হচ্ছে। এমন কি বিরোধী দলের মহিলা নেত্রীর উপর কাপুরুষোচিত ঠ্যাঙাড়ে বাহিনীর আক্রমণ চলেছে, যে জিনিস কোন সভ্য দেশে, কোন সভ্য রাজত্বে কল্পনা করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গণ-আন্দোলনের উপর এই আক্রমণ, আলোকচিত্র সাংবাদিকদের উপর আক্রমণ, মহিলা, মহিলা কর্মীদের উপর এই পৈশাচিক বর্বরোচিত আক্রমণ-এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ধিক্কার জানাই এবং সাথে সাথে আমাদের দলের পক্ষ থেকে দাবি করছি সারা রাজ্য জুড়ে এই সমস্ত যে ন্যায়সঙ্গত গণ আন্দোলন গড়ে উঠেছে তার উপর ভিত্তি করে সরকার অবিলম্বে বাড়তি ভাড়া বৃদ্ধির প্রস্তাবটি প্রত্যাহার করে নেবেন।

[2-45 — 2-55 P.M.]

এই অযৌক্তিক, অন্যায় বাসভাড়া, ট্রামভাড়া বৃদ্ধির প্রতিবাদে যেভাবে মানুষ আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছে তাকে যথাযোগ্য মর্যাদা দিয়ে অবিলম্বে এই বাস, ট্রাম ও অন্যান্য যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধির যে আদেশ সেই আদেশ প্রত্যাহার করুন। আমি দাবি করছি, আলোকচিত্রি সাংবাদিকদের উপর যে আক্রমণ, ঠ্যাঙ্গাড়ে বাহিনীর যে আক্রমণ সেই সমস্তরকমের আক্রমণ বন্ধ করুন্ এবং স্বাধীনভাবে সাংবাদিকরা যাতে তাদের কাজ করতে পারেন সে ব্যবস্থা করুন। আমি দাবি করছি, গণ আন্দোলন-এর উপর পুলিশি হস্তক্ষেপ বন্ধ করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি আর একটি কথা বলব। আজকে এর থেকে অন্তত তারা শিক্ষা নিন। আজকের এই যে কলকাতা বন্ধ এটা কংগ্রেসের কোন

সাফল্য নয়। আমরা জানি কংগ্রেস সম্পর্কে মানুষের কোন আস্থা নেই। আমরা দেখেছি, অতীতে কংগ্রেসও এইভাবে ভাড়াবৃদ্ধি করেছিল। এই কংগ্রেস কর্ণাটকে বাসের ভাড়া বৃদ্ধি করেছে। শাসকদলের হুমকি সত্ত্বেও মানুষ যে বন্ধকে সমর্থন করেছে স্বতঃস্ফূর্তভাবে তার কারণ শাসকদলের জনবিরোধী নীতি, এর বিরুদ্ধেই মানুষের স্বতঃস্ফূর্ত এই প্রতিবাদ। আমি মনে করি তারা এই প্রতিবাদ থেকে শিক্ষা গ্রহণ করবেন এবং তাদের সিদ্ধান্ত পরিবর্তন করবেন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মিঃ স্পিকার স্যার, ৪০ বছর ধরে কংগ্রেস সরকার আমাদের ভারতবর্ষের শাসন পরিচালনা করেছে এবং ৪০ বছর ধরে তাদের সৃষ্ট অর্থনীতির ফলেই প্রতিদিন, প্রতি মাসে, প্রতি মুহূর্তে জিনিসপত্রের দাম উর্দ্ধমুখি হয়েছে। আজকে স্বভাবতই জিনিসপত্রের যে দাম বেড়েছে তারজন্য কংগ্রেস সরকার ৪০ বছর ধরে যেভাবে দেশকে পরিচালনা করেছেন তাতে তারাই এরজন্য সম্পূর্ণরূপে দায়ী। গোটা ভারতবর্ষের মানুষ এই যে দ্রব্যমূল্য বৃদ্ধির চাপে পিষ্ট হচ্ছেন তারজন্য যারা দায়ী তারা হচ্ছে ওরা। এদের কোন নৈতিক অধিকার আছে আজকে আমাদের রাজ্যে আন্দোলন করার?, স্যার, যে মোশন ওরা দিয়েছেন তাতে বলছেন, পিসফুল আনআর্মড প্রসেশন। কোনটা পিসফুল, কোনটা আনআর্মড ছিল গত এক মাস ধরে আন্দোলনের নামে যা ওরা পরিচালনা করেছেন? ১২৫ খানি বাস আজ পর্যন্ত ভাঙ্গা হয়েছে। এটা পিসফুল?

(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ—প্রমাণ দিন।)

কিসের প্রমাণ? ১২৫ খানি বাস ভাঙ্গা হয়েছে। ১৫ জন বাসের ড্রাইভার এবং কনডাক্টর তারা এদের বোমায় আহত হয়েছেন। দীঘাতে বাসে উঠে মানুষ ভাড়া দিচ্ছে কিন্তু কনডাক্টরের হাত ব্লেড দিয়ে কেটে দেওয়া হয়েছে এই বলে যে সে কেন টিকিট নিচ্ছে। এটা কি পিসফুল? এটা কি আনআর্মড? প্রতিদিন মিছিল হচ্ছে আর প্রতি মিছিলে বোমা পড়ছে। এটা কি আর্মসের মধ্যে পড়ে না? বাসে আগুন দেওয়া হয়েছে। এটা কি পিসফুল? পুলিশকে জুতো মারা হচ্ছে। এটা কি পিসফুল? বিধানসভা ভবনের সামনে ঐ ভদ্রমহিলার নেতৃত্বে বোমা মারা হয়েছে। এটা পিসফুল?

(গোলমাল)

**শ্রী সৌগত রায় ঃ** তাকে খুন করবেন?

সে কথা আমি বলি নি।

(গোলমাল)

এখানে বসে ওরা স্লোগান দিচ্ছেন যে আগুন জ্বলবে। আমি বলি, আগুন যদি জ্বলে তাহলে ফায়ার ব্রিগেড আমাদের ডাকতেই হবে, বিকল্প কোনও পথ নেই। ওরা কনক মুখার্জির সঙ্গে তুলনা করছেন। কনক মুখার্জিকে আন্দোলন করার অধিকার দেওয়া হয়েছিল কি? যাতে তিনি আন্দোলন করতে না পারেন রাস্তায় নেমে সেইজন্য বছরের পর বছর শিশুপুত্র সহ তাকে বিনা বিচারে আটক করে রাখা হয়েছিল। আজকে সেই কনক মুখার্জির নাম নিয়ে তারসঙ্গে ওরা তুলনা করছেন। স্যার, এদের মুখেই এটা মানায়, এদের মুখেই এটা

সম্ভবপর হয়। স্যার, আমরা দেখেছি, গত কয়েকদিন ধরে যেভাবে সন্ত্রাস তৈরি করা হয়েছে পশ্চিমবঙ্গের বুকে তাতে ১৬ তারিখে মানুষ খানিকটা সন্ত্রস্ত ছিল।

(গোলমাল)

কারণ তা যদি না হ'ত, মানুষ যদি ওদের আন্দোলনের সঙ্গে থাকতেন কংগ্রেসের কোন মিছিলে সাধারণ মানুষ থাকে? আজ পর্যন্ত কংগ্রেস যত আন্দোলন করেছে, এই বাসের ভাড়া, জিনিসপত্রের দাম বাড়া ইত্যাদি নিয়ে কোন মিছিলে কংগ্রেসের লোকজন ছাড়া অতিরিক্ত লোকজন থাকে? কারা আগে রাস্তায় নেমেছিল। কারা আগে ভাংচুর শুরু করেছিল? ভাড়া বৃদ্ধির জন্য ৬ তারিখে সিদ্ধান্ত হয়। আর তার ১৫ দিন আগে থেকে কংগ্রেসের (আই) মস্তান বাহিনী রাস্তায় নেমেছিল এবং অত্যাচার শুরু করেছিল সরকারি কর্মচারিদের উপরে। প্রেসের কর্মচারিদের উপরে হামলার আমরা নিন্দা করি। সংবাদিকদের উপরে হামলার একটা কালচার তৈরি হয়েছিল ওদের আমল থেকে। আমরা এর কঠোরভাবে নিন্দা করি। কিন্তু সরকারি কর্মচারী, ড্রাইভার যারা বাস চালাচ্ছেন, সরকারি কর্তব্য করছেন তাদের উপরে আপনারা যে হামলা করেছেন সে কথাতো প্রস্তাবে একবারও লেখা হয়নি। শ্রমিক শ্রেণীর উপরে এই ধরনের যে অত্যাচার সেটা আপনাদের পক্ষেই সম্ভব। আপনারা আবার গণতন্ত্রের কথা বলছেন। ১৯৭১ থেকে ৭৭ সালের ঘটনা কি পশ্চিমবঙ্গের মানুষ ভুলে গেছে? আজকে ৩০ জন সদস্য উপস্থিত নেই তবুও মাননীয় স্পিকার অনুমতি দিলেন। কিন্তু বিধানসভায় রেকর্ড আছে যে দিনের পর দিন বামপন্থীদের রুদ্ধ কারার অন্তরালে বিনা-বিচারে আটক করে রেখেছেন, তাদের অনুপস্থিতিতে অনেক জনবিরোধী নীতি গ্রহণ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় জানাতে চাই যে আমাদের কোন উপায় ছিলনা। কারণ বাসের জিনিসপত্রের দাম বহু পরিমাণে বেড়ে গেছে। ৪ বছর ধরে আমরা চেষ্টা করেছি। অন্য রাজ্যে ভাড়া বাড়িয়ে দিয়েছে কিন্তু আমরা বাড়াই নি ৪ বছর ধরে। কিন্তু যখন বাস বন্ধ হয়ে যাচ্ছে, পশ্চিমবঙ্গে প্রায় ১/৩ ভাগ বাস বন্ধ হয়ে গেছে, সরকারি বাস আর চালানো যাচ্ছে না, ট্রামের অবস্থা খারাপ হয়ে গেছে, আমরা মানুষের কষ্ট হবে জেনেও যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে তাতে বাসের ভাড়া বৃদ্ধি করতে বাধ্য হয়েছি। আমরা মানুষের কাছে আবেদন করেছি। আমাদের কোন উপায় নেই, ৪ বছর ধরে আমরা ঠেকিয়ে রেখেছি কিন্তু শেষ মুহূর্তে যতটুকু পারি নমনিয়ভাবে আমরা বাড়িয়েছি। ওদের আমলে কোনওদিন হয়েছে? আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, আমাদের সঙ্গে কংগ্রেস আমলে এই বিষয়ে কোন দিন আলোচনা করেনি। এখানে জ্ঞানসিং সোহন পাল বসে আছে, তিনি বলুন যে কংগ্রেস আমলে ৩০ বছর ধরে যে ভাড়া বাড়ানো হয়েছে সে সম্পর্কে কোনওদিন বিরোধী পক্ষের কোন নেতার সঙ্গে আলোচনা করেছেন? সিদ্ধার্থশঙ্কর রায়ের সময়ে শতকরা ১০০ ভাগ ভাড়া বাড়িয়েছেন। সুতরাং ওদের মুখে অন্ততঃ ভাড়া বৃদ্ধির ফলে জনগণের কষ্ট হবে একথা আর পশ্চিমবঙ্গের মানুষ শুনতে চায় না। ওদের পিছনে তারা নেই। মৃত্যুর ঘন্টার কথা বলছেন, দেওয়ালের লিখনের কথা বলছেন, বামপন্থীরা জন্ম লগ্ন থেকে কিছু সংবাদপত্র এবং আপনারা যারা জনগণের শত্রু তারা আমাদের মৃত্যু ঘন্টার ধ্বনি বাজিয়েছেন। আপনাদের ঘন্টার ধ্বনিকে অগ্রাহ্য করেই বামপন্থীরা শক্তিশালী হয়েছে। জনগণের সামনে বহুবার আপনারা চেষ্টা করেছেন কিন্তু পারেন নি। কারণ আপনারা বুঝতে

পেরেছেন যে এত খুন করেছি, এত জেলে ঢুকিয়েছি, এত কুৎসা করেছি, অপপ্রচারের বন্যা বহিয়েছি কিন্তু মরিয়াও মরেনি রাম এ কেমন ব্যাপার! ৪০ বছর ধরে কংগ্রেস যে নীতি অনুসরণ করেছে এবং বর্তমানে যে নীতি অনুসরণ করেছেন তার বিরুদ্ধে দাঁড়িয়ে পশ্চিমবাংলার মানুষ সংগ্রাম করেছে। আমরা আপনাদের বিরুদ্ধে ধর্মঘট করেছি, সংগ্রাম করেছি, বাংলা বন্ধ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান যে সরকার আছে সেই সরকার জনবিরোধি নীতি সমর্থন করেছে। কিন্তু আমরা জানি যে ওঁদের বদলে যদি আপনারা আসেন তাহলে গোটা পশ্চিমবঙ্গের আরও বেশি সর্বনাশ হয়ে যাবে। সেজন্য আমরা আপনাদের খুশি করতে পারব না। আমরা চেষ্টা করছি আমাদের মতো আন্দোলন করতে, আমাদের মতো সংগ্রাম করতে। ওদের যে নীতি সেই নীতি পরিবর্তন করার জন্য আমরা চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধানসভার সদস্যদের কাছে একথা জানাতে চাই যে এত সংগ্রাম এবং লড়াই করেও মানুষ আমাদের কাছে আছে বলেই ১৩ বছর ধরে আপ্রান চেষ্টা করে সংবাদিকদের সহযোগিতা পেয়েও পশ্চিমবঙ্গের জনগণ থেকে আমাদের ওরা বিচ্ছিন্ন করতে পারেনি। এই কথাটা মনে রাখবেন এবং মাথা উঁচু করে ভারতবর্ষের মধ্যে একটা মাত্র রাজ্যে যারা দাঁড়িয়ে আছে, এত বিরোধিতার মধ্যে, এত কুৎসার মধ্যেও মাথা উঁচু করে দাঁড়িয়ে আছি, আর আপনাদের সংখ্যা কমতে কমতে যা দাঁড়িয়েছে, তাতে অ্যাডজোর্নমেন্ট মোশনেও স্পিকারের দয়া ছাড়া আপনারা চলতে পারেন না, ইতিহাসের এই শিক্ষা আপনারা গ্রহণ করুন। ধন্যবাদ।

[2-55 — 3-45 P.M. including adjournment]

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ তারিখে কলকাতা বন্ধের যে ঘটনা, সেই ঘটনা থেকে নির্লজ্জতা প্রকাশ পেয়েছে, ঐ মুখ্যমন্ত্রী যে অবস্থার সৃষ্টি করেছেন, তাতে আমার মনে হয় পশ্চিমবাংলার ইতিহাসে মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নাম একটা অত্যন্ত কলঙ্কজনক অধ্যায়ের মধ্যে লিপিবদ্ধ থাকবে। আজকে শুনতেও লজ্জা লাগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাস, ট্রামে ভাড়া বৃদ্ধি এবং সেই সঙ্গে [illegible]পত্রের দাম বৃদ্ধি, আইন শৃঙ্খলার অবনতি, বিদ্যুতের ঘাটতি প্রভৃতি আট দফা দাবি নিয়ে আমরা কলকাতা বন্ধ ডেকেছিলাম। আমি নিজে একটা ঘটনার প্রত্যক্ষ সাক্ষী। গত ১৬ তারিখে সুব্রত মুখার্জি এবং আমি যখন দক্ষিণ কলকাতায় একটা মিছিল পরিচালনা করছিলাম, আমরা যখন ট্রায়েঙ্গুলার পার্কের দিকে এগিয়ে আসি, তখন সি.পি.এম. এর প্রায় ২৫/৩০ জন ছেলে লাঠি, বল্লম, চপার এবং বোমা নিয়ে আমাদের দিকে তেড়ে আসে, আমাদের মিছিলকে ছত্রভঙ্গ করে দেয়। আমার এবং সুব্রত মুখার্জির উপর ইঁট বর্ষণ করতে থাকে এবং লাঠি চালায়। আমার ডান হাতটা এখনও ফুলে আছে, আমার এখানে লাঠি মেরেছে, তারপর আমার পিঠে একটা ঢিল পড়ে। সুব্রত মুখার্জির বুকে ঢিল পড়ে। সুব্রত এবং আমি দুজনে তখন জ্যোতিবাবুর পুত্র বধুর যে শাড়ির দোকান তার সামনে থেকে আমরা লেকের দিকে এগিয়ে যাই। প্রায় হাফ কিলোমিটার রাস্তা সুব্রত মুখার্জি এবং আমি কখনও দাঁড়াচ্ছি, কখনও এগোচ্ছি। এই অবস্থায় জ্যোতিবাবুর ক্যাডাররা লাঠি বল্লম বোমা এবং চপার নিয়ে আমাদের প্রায় হাফ কিলোমিটার রাস্তা ধাওয়া করে। তারপর আমি একটা গলির মধ্যে

চলে গেছি, সেখানে আমাকে লাঠি পেটা করা হল এবং সুব্রত মুখার্জি এবং অন্যান্যরাও একটা গলির মধ্যে চলে গেছে, সুব্রতকে চপার দিয়ে কোপ দিতে যায় কিন্তু পাশে একজন মহিলা কর্মী দেবী বৈদ্য ছিল, সেই চপারের আঘাত ঐ দেবী বৈদ্যের মাথায় লাগে এবং দেবী বৈদ্যের গা রক্তে ভেসে যায়, আমাদের মহিলা কর্মী এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছে এবং সুব্রত মুখার্জির ডান হাতটা পুরো ভেঙে গেছে, তার বাঁদিকের পাঁজর ভেঙে গেছে। জ্যোতিবাবু, মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমাদের ছেলেরা রাস্তায় নামবে। আমাদের ছেলে বলতে কারা? ঐ লাল্লু, বিল্লুর'র দল? যারা বানতলা ঘটিয়েছে, যারা বিরাটী ঘটিয়েছে, যারা বারাসত ঘটিয়েছে, যারা সিঙুর ঘটিয়েছে? আজকে পরিবহনমন্ত্রী একটু আগে বলে গেলেন উনি বললেন, আমাদের পার্টির ছেলেরা, ক্যাডাররা রাস্তায় নামবে। আজকে ওনারই উস্কানিতে পশ্চিমবাংলায় এতগুলো প্রাণ গেল এবং সেদিন মমতা ব্যানার্জির এই অবস্থা হয়েছে। এই পরিবহনমন্ত্রী, এই জল্লাদ, এই নির্লজ্জ, বেহায়া মুখ্যমন্ত্রীর পদত্যাগ আজকে দাবি করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন মমতা ব্যানার্জি হাজরা পার্কের মধ্যে এল, তারসঙ্গে অনিল মুখার্জি, দিলীপ মুখার্জি ছিলেন, সেইসময় মিছিল শান্তিপূর্ণ ছিল, কোনও ট্রামে আগুন লাগানো হয়নি, কোনও বাসে আগুন লাগায় নি, রাস্তার কাউকে মারেনি। মাত্র ১৫০/২০০ লোকের মিছিল ছিল, মিছিল শেষ হয়ে গেছে, তখন এই জ্যোতিবাবু—আমাদের ছেলে, এই লাল্লুর দল, পিছন থেকে মাথায় হেলমেট পরে লাঠি দিয়ে একজন অসহায় মেয়েকে নির্লজ্জ ভাবে লাঠি পেটা করল, বাঁশ পেটা করল, তার রক্ত ঝরল, তাকে লাথি মারল, আর জ্যোতিবাবুর পুলিশ অ্যাসিসট্যান্ট কমিশনার দুজন সেখানে দাঁড়িয়ে থাকা সত্ত্বেও একটা প্রতিবাদ করলেন না, তাদের অ্যারেস্ট করলেন না। এর চেয়ে নির্লজ্জ ঘটনা আর কি আছে? আমরা মুখ্যমন্ত্রীর কাছে দাবি করব, আপনি তাদের এখনই সাসপেন্ড করুন। মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি ত্রিপুরা দিবস পালন করছেন, লজ্জা করে না, কিসের ত্রিপুরা দিবস? পশ্চিমবাংলায় এই পর্যন্ত গত এক মাসে ১০টা মেয়ে রেপ হয়েছে, আর মুখ্যমন্ত্রী ত্রিপুরা দিবস পালন করছেন। যে রাজত্বে আইন শৃঙ্খলা নেই, জ্যোতিবাবুকে বলি, আপনার দিন ফুরিয়ে এসেছে, আপনার চেসেস্কুর মতো অবস্থা হবে, আপনার মৃত্যুর ঘন্টা ঘনিয়ে এসেছে, বিদায় আপনাকে হতেই হবে। সারা পশ্চিমবাংলার মানুষ আপনাকে ছাড়বে না। এই বন্ধে কংগ্রেসের সঙ্গে জনগণ ছিল স্বতঃস্ফূর্তভাবে, তারা স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এসেছে। আপনার এই ঔদ্ধত্য, দাম্ভিকতা, এই বেহায়াপনা সব বন্ধ হয়ে যাবে। সপ্তাহে এক দুবার কুটুম বাড়ির মতো কলকাতায় আসা, এই দালালি, ভন্ডতা, প্রবঞ্চকতা, আজকে পশ্চিমবাংলার মানুষ বুঝে নিয়েছে এবং আজকে কখনও ইউরোপ, কখনও জাপান, কখনও চিন গিয়ে দালালি করছেন, আপনার সমস্ত চরিত্র আজকে উদঘাটিত হয়েছে। আজকে এই হাউসে যে মোশনটা এসেছে — নারী নির্যাতন, মমতার ওপর অত্যাচার, সুব্রতর ওপর অত্যাচার, আমার ওপর আক্রমণ, সুলতান আমেদের ওপর আক্রমণ এই সমস্ত ঘটনার পর জ্যোতি বসুর এক মুহূর্তেও আর মুখ্যমন্ত্রীর পদে থাকার অধিকার নেই। তার পদত্যাগ দাবি করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার মিলিত হব ৩টে ৪৫ মিনিটে।

(At this stage the House was adjourned till 3-45 p.m.)

(After adjournment)

[3-45 — 3-55 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অপূর্বলাল মজুমদারের আনীত মূলতুবি প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আজকে এই আলোচনা চলছে। স্যার, আমরা কেউই কৃষ্ণের বিশ্বরূপ দর্শন করিনি, কিন্তু কলিযুগে বাংলার নবাব জ্যোতিবাবুর বহুরূপ দর্শন করছি। এই কারণে যে গণতান্ত্রিক আন্দোলনের পরিপ্রেক্ষিতে তার পদক্ষেপ এবং তার বক্তব্য কত ভিন্নমুখি হতে পারে বাংলার মানুষ তা প্রত্যক্ষ করেছেন। যে দল নির্বাচনে অংশগ্রহণ করার প্রাথমিক পর্যায়ে প্রথম প্রতিশ্রুতি দিয়েছিল যে গণতান্ত্রিক আন্দোলনে পুলিশি হস্তক্ষেপ হবে না, কিন্তু তা হল। যে দল বলেছিল দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য আন্দোলন করতে হবে সেই দলের রাজা জ্যোতিবাবু এবং তার দলের ৫২ জন এম.পি. লোকসভায় সমর্থন করে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য জনবিরোধী অর্থনৈতিক বাজেট পাস করে সারা দেশে দ্রব্যমূল্য বৃদ্ধির সহায়তা করলেন। আর এই বাংলার বুকে এই জ্যোতিবাবু চূড়ান্ত ভাঁড়ের ভূমিকায় অবতীর্ণ হয়ে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য দিল্লিতে এম.এল.এ পাঠাবেন বললেন। গতকাল কলকাতায় ত্রিপুরা দিবস পালন করলেন। সেই মিটিং-এ ত্রিপুরার সবথেকে বড় খুনীকে পাশে বসিয়ে গণতান্ত্রিক আন্দোলনের উপর অত্যাচার হচ্ছে বলে চিৎকার করলেন আর বাংলার বুকে কলকাতা বন্ধকে কেন্দ্র করে সারা বাংলায় যখন অঘোষিত বন্ধ হল তখন এই অন্ধ ধৃতরাষ্ট্র দুর্যোধন বুদ্ধদেব ভট্টাচার্য এবং দুঃশাসন শ্যামল চক্রবর্তীকে পাশে নিয়ে সারা বাংলায় তান্ডব করলেন, খুন করলেন, ধর্ষণ করালেন তার ক্যাডার বাহিনী নিয়ে। বাংলার মুখ্যমন্ত্রী যদি বলেন সো লং আই অ্যাম দি চিফ মিনিস্টার দি ক্যাডারস উইল বি ইউসড, তাহলে তাকে আমি স্মরণ করতে অনুরোধ করব, রাজভবনে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী হবার সময়ে ভারতবর্ষের সংবিধান স্পর্শ করে কি শপথ নিয়েছিলেন? আজকে সেই শপথ ভঙ্গ করছেন, অসাংবিধানিক পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সুতরাং এই সরকারের বিরুদ্ধে ৩৫৬ ধারা প্রয়োগ করে এই সরকারকে অবিলম্বে বরখাস্ত করতে হবে। দ্বিতীয়ত সংবাদপত্রে দেখলাম মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্যেরর সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর বিতর্ক। আজকে ঐ লাল্লুর কেয়ারটেকার বুদ্ধদেববাবু বসে আছেন, বিল্লুর কেয়ারটেকার ঐ শ্যামল চক্রবর্তী বসে আছেন। আজকে ঐ লাল্লু, বিল্লুর বিরুদ্ধে ৩০৭ ধারায় পুলিশ কেস করেছে মমতা ব্যানার্জিকে মারার জন্য, সুব্রত মুখার্জিকে মারার জন্য। এখন খুন করতে যারা যায়, এই খুন করার পরিকল্পনা যারা করে তারা এই ট্রেজারি বেঞ্চে বসে আছেন। তাদের বিরুদ্ধে ৩০৭ ধারা কেন প্রয়োগ হবে না মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে বাংলার মানুষ তা জানতে চায়? আজকে গণতান্ত্রিক আন্দোলনের উপর অন্ধ ধৃতরাষ্ট্রকে বন্ধ করে রেখে দুর্যোধন এবং দুঃশাসন যারা লাল্লু, বিল্লুর কেয়ারকেটার তারা ১৬ আগস্ট কলকাতা বন্ধের দিন-তান্ডব করেছে। ক্রম বর্ধমান নির্যাতনের ঘটনা ঘটেছে, বানতলায় মর্মান্তিক ঘটনা হয়েছে। শহরে মাননীয়া মমতা ব্যানার্জির মাথায় লাঠি মারা হল, জ্যোতিবাবু এবং তার ক্যাডারদের প্রত্যক্ষ সমর্থনে। ঐসব ক্লীব, নপুংশকদের প্রত্যক্ষ মদতে বাংলার বুকে এইসব ঘটনা সংগঠিত হয়েছে। এরজন্য কোন পুলিশ বাহিনী বা কোন সরকারি কর্মচারী দায়ী নয়। এরজন্য যদি একজন আইনজীবি হিসাবে আপনাকে বিচারকের আসনে বসিয়ে বিচার করতে হয় তাহলে আপনি কি বলবেন?

তাহলে প্রথমেই ঐ খুনি বাংলার নবাব মাননীয় জ্যোতিবাবু, দ্বিতীয় হচ্ছেন বুদ্ধদেববাবু এবং তৃতীয় ঐ শ্যামল চক্রবর্তী যারা দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদ করার জন্য আজকে দিল্লিতে আন্দোলন করবেন বলছেন। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি যে, এদের বিরুদ্ধে ৩৫৬ ধারা প্রয়োগ করে এইসব ঘটনার প্রতিবিধান করা উচিত। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার ঃ** মিঃ স্পিকার স্যার, গত ১৬ তারিখে কলকাতার বুকে যে ঘটনা ঘটল তা সংসদীয় গণতন্ত্রে কখনও হওয়া উচিত নয়। যে মার্কসবাদী মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু গণতন্ত্রের মাধ্যমে নির্বাচিত হয়েছেন এবং শপথ নিয়েছেন তিনিই গণতন্ত্রকে ধংস করার জন্য এগিয়ে এসেছেন। পশ্চিমবঙ্গের ইতিহাসের কালো পৃষ্ঠাতে মার্কসবাদের সাথে সাথে মাননীয় জ্যোতিবাবুর কথাও লেখা থাকবে যে, মুখ্যমন্ত্রী মহাশয় তার পুলিশ প্রশাসনকে বিশ্বাস করেন না। তিনি গুন্ডা দিয়ে রাজ্য শাসন করতে চান। তার রাজ্যে থাকার কোন অধিকারই নেই। আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের জনগণকে জানাতে চাই যে তারা একে পদচ্যুত করে পশ্চিমবঙ্গে আবার গণতন্ত্রের স্থাপনা করুন। ইনি গণ আন্দোলন ধংস করার জন্য মহিলাদের উপর অত্যাচার করেছেন, জনগণের প্রতিনিধি মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জির উপর অত্যাচার করেছেন। তিনি পুলিশ প্রশাসনকে বিশ্বাস করেন না, মার্ডার করার জন্য গুন্ডা নামিয়েছেন। কাগজে দিয়েছেন ঐ লালু রায় মার্কসবাদের দালাল থানায় ডিফেকটো অফিসার ইন চার্জ ছিল, মুখ্যমন্ত্রী জবাব দিতে পারবেন? আমি তাকে জিজ্ঞাসা করছি। আমার কথা নয়, এটা টেলিগ্রাফ পত্রিকার প্রথম পৃষ্ঠায় ছাপা হয়েছে। লজ্জার বিষয় আজকে জ্যোতিবাবুর মতো লোক কিছু দালালের পাল্লায় পড়ে নিজেকে নষ্ট করে ফেলছেন, পশ্চিমবঙ্গকে ধংস করে ফেলছেন। এটা সাংঘাতিক বিষয়, পশ্চিমবঙ্গের পুলিশকে নিষ্ক্রিয় করে দিয়ে ভাইয়ের দ্বারা ভাইয়ের গলা কাটার ব্যবস্থা করছেন। এরকম হলে সিভিল ওয়ার হতে দেরি হবে না। সেজন্য আজকে পশ্চিমবাংলার মানুষ স্বতঃস্ফূর্তভাবে এতে সাড়া দিয়েছেন। আজকেও বড়বাজারে হ্যারিসন রোডের কাছে সি.পি.এমের গুন্ডারা প্রশাসন এবং পুলিশের জোরে বলছে আজ যারা দোকান খোলেনি তাদের দোকান কোনদিন খুলবে না। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি যে, এইরকম মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত।

[3-55 — 4-05 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে বলছি যে, গত ১৬ই আগস্ট বাংলা বন্ধের দিনে কংগ্রেস নেত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায়, কংগ্রেস নেতা শ্রী সুব্রত মুখোপাধ্যায় কাউন্সিলর পঙ্কজ ব্যানার্জি এবং প্রেস ফটোগ্রাফার শ্রী তারাপদ ব্যানার্জি এবং অন্যান্য কংগ্রেস কর্মীদের উপর সি.পি.এম ক্যাডারদের নির্লজ্জ বর্বর, পাশবচিত আক্রমণের বিরুদ্ধে যে মুলতুবি প্রস্তাব এসেছে তা নিয়ে এখানে বলতে উঠেছি। স্যার, ভারাক্রান্ত হৃদয় এই কারণে যে, পয়লা আগস্ট থেকে কংগ্রেস যে আন্দোলনের ডাক দিয়েছিল দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে, ট্রাম, বাসের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে, বিদ্যুৎ এবং কেরোসিন সঙ্কটের, ও বানতলা ও বিরাটীর নারী নির্যাতন এবং পৌর নির্বাচনে রিগিংয়ের বিরুদ্ধে এই আন্দোলন। এর আগে আমাদের ৩ জন কর্মীকে শহীদ হতে দেখেছি। কলকাতার তারাতলায় ছাত্র

রঘুনন্দন তেওয়ারি, হাওড়ার শিক্ষিকা বিমলা দে, বর্ধমানের যুবক মানস ব্যানার্জি পুলিশের হাতে নিহত হয়েছেন, যেখানে সরকার বলেছিলেন যে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশি নির্যাতন করবেন না। আমি আজকে মাননীয় সদস্যদের বিনীতভাবে কয়েকটি প্রশ্ন করতে চাই। বাসভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যে আন্দোলন হচ্ছে আপনারা তাতে আপত্তি করছেন। তাহলে উড়িষ্যা এবং অন্ধ্রে সি.পি.এম. বাসভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনে যাচ্ছে কেন? প্রশ্ন করতে চাই, শ্যামলবাবু যে বক্তৃতা দিলেন তাতে কি বুঝব এই সরকার সাধারণ মানুষের সরকার, নাকি বাস মালিকদের সরকার? তার এই বক্তব্য নির্লজ্জ দালালিসূচক। আজকে গণতান্ত্রিক আন্দোলনকে দমন করছেন, কিন্তু আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করতে চাই, গত ইমার্জেন্সির সময় তিনি মিসায় গ্রেপ্তার হয়েছিলেন কিনা বা কংগ্রেসের লোকেরা কারও উপর হামলা করেছিল কিনা? একটা দৃষ্টান্ত দিতে পারবেন? পারবেন না। আজকে আমরা আন্দোলন করছি, তাই সি.পি.এম. আমাদের উপর ক্ষুব্ধ। ভাবছেন, আমরা আন্দোলন করছি কেন? বলতে হবে বাসভাড়া বাড়ায় আমাদের কোনও কষ্ট হচ্ছে না, শ্যামলবাবুকে ধন্যবাদ। পশ্চিমবঙ্গকে অন্ধকারে রেখে মুখ্যমন্ত্রী তাঁর পুত্র চন্দন বসুকে নিয়ে বিলেত চলে যাচ্ছেন; আমাদের বলতে হবে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পরিস্থিতিতে আমরা খুব খুশি, জ্যোতিবাবুকে ধন্যবাদ। বানতলা, বিরাটীতে নারী নির্যাতন হল। সেক্ষেত্রে বল্‌তে হবে পশ্চিমবঙ্গে মহিলারা অত্যন্ত নিরাপদ, জ্যোতিবাবুকে ধন্যবাদ। পৌর নির্বাচনে রিগিং হল; কিন্তু সেক্ষেত্রেও বলতে হবে, না পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক ব্যবস্থা খুব ভাল আছে, জ্যোতিবাবুকে ধন্যবাদ। আমরা যদি ভুল করে এর প্রতিবাদ করে ফেলি, বিরোধী দলের মানুষ হিসাবে যদি এর প্রতিবাদ করি তাহলে পরিবহন মন্ত্রী শ্যামলবাবু ক্যাডার নামাবার কথা বলবেন। জানি না, তিনি কাদের প্রতিনিধিত্ব করেন। লাল্লু-বিল্লুর কিনা সেটা তিনিই বলতে পারবেন। বৃদ্ধ মুখ্যমন্ত্রীর [* *] হয়েছে কিনা জানি না, তবে তার মাথা ঠিক আছে তো? দারা সহ বৃদ্ধ শাহজাহানকে আজ ঔরঙ্গজেব বন্দি করে রেখেছে। ২ তারিখে বলা হল কংগ্রেস বন্ধ রুখতে ক্যাডার নামবে। ৪ তারিখে ফিরে মুখ্যমন্ত্রী বললেন ক্যাডার নয়, পুলিশই বন্ধ রুখবে। ৬ তারিখে ওরা তাকে চাপ দেওয়ায় তিনি বললেন আমি যতদিন মুখ্যমন্ত্রী থাকব ততদিন ক্যাডার নামবে।' কিন্তু ক্যাডার? ১৭ তারিখে তাদের ছবি বেরোয়, যারা হাতে বোমা, রিভলবার নিয়ে ভোটারদের তাড়িয়ে দেয় সেই ক্যাডার, যারা বানতলায় অনিতা দেওয়ানকে ধর্ষণ করেছে সেই ক্যাডার, যারা বিরাটীতে ৭জন মহিলাকে ধর্ষণ করেছে সি.পি.এম.-এর সেইসব ক্যাডার। আমি ছবিটি আনতে পারিনি, এনে আপনাকে দেখিয়ে দেব। শ্যামলবাবু ক্যাডার নামাবার কথা বলার পর ৪ তারিখে সন্মার্গ কাগজে হাওড়ার ফাঁসিতলার সি.পি.এম. ক্যাডারদের এক বিশেষ পৌজের ফটো বেরিয়েছে। তাতে দেখা যাচ্ছে, একজন মহিলা ক্যাডার লাঠি হাতে ঘুরছে, আর তারই সামনে আর একজন সি.পি.এম. ক্যাডার উলঙ্গ হয়ে নৃত্য করছে। ঐসব ক্যাডার নামক ভৈরববাহিনীই গত ১৬ তারিখে কলকাতা বন্ধ-এর দিনে রাস্তায় নামে। গত ১৬ তারিখে যে সফল বন্ধ হয়েছে তারজন্য আমরা কৃতিত্ব দাবি করি না। আমরা মাথা নিচু করি কলকাতার সংগ্রামী মানুষদের কাছে যারা ঐদিন মুখ্যমন্ত্রীর ঔদ্ধত্যের জবাব দিয়েছেন, যে ঔদ্ধত্যের বলে মুখ্যমন্ত্রী এবং পরিবহন মন্ত্রী বলেছেন যে,

Note : [* Expunged as ordered by the chair]

মানুষ বাস-ট্রামের বাড়তি ভাড়া মেনে নিয়েছেন। সফল বন্ধ করতে কো-অর্ডিনেশন কমিটির লোকেরা পর্যন্ত বাড়িতে থেকে তারা প্রমাণ করেছে উদ্ধত পরিবহনমন্ত্রীর বাস মালিকদের দালালির বিরোধিতা করেছে। কিন্তু এই বন্ধের আগে একটা ষড়যন্ত্র হয়েছিল। দুজন মন্ত্রী একজন প্রথম বেঞ্চে আর এক জন লাস্ট বেঞ্চে বসে আছেন কলিকাতার একজন জয়েন্ট পুলিশ কমিশনার এবং অন্য কয়েকজন অফিসারের সঙ্গে ষড়যন্ত্র করেছিল কংগ্রেস নেতাদের হত্যা করার। কপালের জোরে মমতা সেইদিন বেঁচে গেছে। নইলে ওরা প্লান করেছিল যে মমতাকে যাতে হত্যা করা হয় এবং মমতার মাথায় যে লাঠি পড়েছে, আপনারা দেখেছেন সি.পি.এম.এর প্রাক্তন অ্যাডভোকেট জেনারেলের জামাতার ভাই হেলমেট পরে লাঠি দিয়ে মারছে। তাকে গ্রেপ্তার করা হয়েছে বাধ্য হয়ে। তার পাশে একটা ছেলে আছে সেও সি.পি.এম-এর ক্যাডার টিঙ্কু, তার নাম তরুণ মজুমদার, আমার কেন্দ্রে থাকে তাকে এখনও গ্রেপ্তার করা হয়নি। পঙ্কজকে যারা রানিকুঠিতে আক্রমণ করেছিল, বাপি, তাদের একজনকেও এখনও গ্রেপ্তার করা হয়নি। সুব্রতকে মেরেছে বলে গ্রেপ্তার করা হয়েছে সি.পি.এম-এর মতিলাল নেহেরু রোডের ক্যাডার বাপিকে, কিন্তু বাকি যারা ছিল তাদের কাউকে গ্রেপ্তার করা হয়নি। শুধু উইন্ড ড্রেসিং-এরজন্য জনগণের ধিক্কারে লজ্জিত হয়ে লাল্লুকে গ্রেপ্তার করে দেখিয়েছে লাল্লুকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু লাল্লুর গডফাদাররা এখনও বাইরে ঘুরে বেড়াচ্ছে, আরও কত লাল্লু-বিল্লু পশ্চিমবাংলায় উৎপাদন করবে আমরা জানিনা। যে আক্রমণ নির্লজ্জভাবে একজন মহিলার উপর করেছেন বাংলার সম্মান সারা ভারতবর্ষে নয়, সারা পৃথিবীতে আপনারা লুটিয়ে দিয়েছেন মাটিতে। যেভাবে ক্যাডার নামানোর কথা বলেছেন বাংলার সম্মান লুটিয়ে দিয়েছেন। আপনাদের নির্লজ্জ ক্যাডার, আক্রমণাত্মক ক্যাডার কংগ্রেসের গণতান্ত্রিক আন্দোলন মেরে ভেঙে দেবার পরিকল্পনা করেছিল। কিন্তু না, আপনারা সফল হতে পারেন নি। কলিকাতার মানুষকে আপনারা ক্যাডার নামানোর ভয় দেখিয়ে বাড়ি থেকে বার করতে পারেন নি, বাংলার মানুষকে আপনারা ভয় দেখিয়ে বাড়ি থেকে বার করতে পারেন নি। সেখানে আপনারা এমন কি আপনাদের কো-অর্ডিনেশন কমিটি আর মারকেনটাইল কমিটির সেইদিন লোকজনকে বার করতে পারেন নি। মমতা লড়াই করছে মৃত্যুর সঙ্গে, তার স্কাল অ্যাট্রিশান হয়েছে, তার ব্রেন ড্যামেজ হতে পারে, আপনাদের মুখ্যমন্ত্রীর, আপনাদের একজন মন্ত্রীর যাবার সৌজন্য হয়নি। যে প্রশান্ত শূর মাদার টেরিজা অসুস্থ হলে ছবি তোলার জন্য রোজ যায় সে একবারও পর্যন্ত পি.জি. হাসপাতালে গিয়ে একটা অসুস্থ লোককে দেখতে যায়নি। তার কারণ ও ছবি তোলার জন্য যায়। কংগ্রেসিদের মৃত্যুর হুকুম ওদের হাত থেকে হয়েছিল। আজকে আমি তাই বলছি যে এবারে বন্ধের দিন সকালে বোমা মেরে ঐ ক্যাডার পাপ্পু মল্লিক, গরীব লোকের ছেলেকে কেওড়াতলার শ্মশানে হত্যা করেছে। সে হচ্ছে চতুর্থ শহীদ এই আন্দোলনের। আমাদের আন্দোলন থামবে না। আমাদের আন্দোলন ততদিন পর্যন্ত চলবে যতদিন উদ্ধত পরিবহনমন্ত্রী বাসের ভাড়া না কমান, যতদিন পশ্চিমবাংলায় দ্রব্যমূল্য না কমে। আমাদের আন্দোলন চলবে যতদিন পশ্চিমবাংলায় বিদ্যুতের পরিস্থিতির উন্নতি না হয়। আমাদের আন্দোলন চলবে যতদিন পশ্চিমবাংলায় নারী মর্যাদা প্রতিষ্ঠিত না হয়। আমাদের আন্দোলন চলবে যতদিন পশ্চিমবাংলায় এই অপদার্থ সরকার আছে যে সরকারের উপরে হওয়া ওই বৃদ্ধ বসে আছেন, পুত্র স্নেহে অন্ধ শাহজাহান বসে

আছেন, লাল্লু-কাল্লুদের প্রাসাদে বন্দি হয়ে শাহজাহান বসে আছেন ততদিন আমাদের আন্দোলন চলবে। তার কারণ আমাদের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করার আন্দোলন। আমরা এই আন্দোলনে প্রতিবাদ করতে চাই যে বিরোধীদের ওরা পৌরসভা নির্বাচনে গলা টিপে বলতে দেয় না। আজকে যেমন পুলিশ অত্যাচার হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদ করতে চাই। এস.ইউ.সি-র মহিলাদের উপর পুলিশ ধর্মতলায় প্রায় উলঙ্গ করে পিটিয়েছে তার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ করতে চাই। সি.পি.এম.-এর ক্যাডাররা পশ্চিমবাংলায় এই যে তান্ডব করছে আমি মনেকরি পশ্চিমবাংলার মানুষ তার যোগ্য জবাব দেবে।

[4-05 — 4-15 P.M.]

এরা গণতন্ত্রের শত্রু এরা সমস্ত মানবজাতির শত্রু। এদের বিরুদ্ধে আজকে আমাদের সকলের সোচ্চার হতে হবে। আমরা দেখছি অত্যাচার থামেনি। বন্ধের পরদিন আমাদের নেতা প্রিয়রঞ্জন দাশমুন্সিকে সি.পি.এম.এর ক্যাডাররা মারধোর করেছে। টি.বোর্ড হাউসের কাছে প্রিয়রঞ্জন দাশমুন্সিকে এবং আমাদের বহু কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। জয়েন্ট পুলিশ কমিশনার সুলতান সিং আমাদের ক্যাডারদের হত্যা করার চেষ্টা করেছে ঐ দু'জন, প্রথম বেঞ্চ এবং শেষ বেঞ্চের মন্ত্রীর সহায়তায়। [**] গ্রস্থ মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলছেন যে মানুষ বাসভাড়া মেনে নিয়েছেন। এখানে শ্যামলবাবু এবং মুখ্যমন্ত্রী সকলেই আছেন, আমি বলি, মমতার ব্যাপারে সি.বি.আই.কে দিয়ে তদন্ত করা হোক। মমতাকে কারা মারল সি.বি.আই.কে দিয়ে তদন্ত করা হলে চক্রান্ত বার হয়ে যাবে। এই সাথে সাথে বাস ও ট্রামের ভাড়া কমিয়ে দিন। আপনারা মানুষের কাছে চূড়ান্তভাবে জবাব পেয়েছেন। আমাদের মাননীয় সদস্য অপূর্ববাবু ১৬ তারিখে কংগ্রেস কর্মীদের উপরে আক্রমণের উপরে যে প্রস্তাব নিয়ে এসেছেন তার উপরে আমি আমার বক্তব্য রাখলাম।

**মিঃ স্পিকার ঃ** 'ভীমরতী' শব্দ যেখানে যেখানে এসেছে সেটা বাদ যাবে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মুখ্যমন্ত্রীকে বলছেন [**] হয়েছে! উনি রকবাজি ভাষা এখানে ব্যবহার করেছেন।

(গোলমাল)

মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার যে মূলতুবি প্রস্তাব এনেছেন তা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। সেই আলোচনার প্রশ্নে আমাদের কথা, সরকার পক্ষের কথা মূলতঃ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীই বলবেন। আমি দু-একটি বিষয়ে আমার বক্তব্য বলার জন্য উঠেছি। এই প্রস্তাবে একটা আবহাওয়া তৈরি করা হয়েছে এবং মূল আবহাওয়াটি এইরকম যা এই রাজ্যে একটা সন্ত্রাসের অবস্থা তৈরি করেছে। আমার প্রথমেই প্রশ্ন, এই সন্ত্রাস কারা করছে? এটা কংগ্রেসের নেতারা তৈরি করছে। গত এক মাস ধরে, আপনারা রাস্তায় বসে চরকা কেটেছেন, ছাগলের দুধ খেয়েছেন। কংগ্রেসের নেতা প্রিয়রঞ্জন দাশমুন্সি সেদিন টি-বোর্ডের সামনে যে কাজ করেছেন তা সমাজবিরোধী ছাড়া কেউ করে না। আমি এটুকু বলতে চাই যে, শুধু এই রাজ্যে নয়, সারা দেশের মধ্যে একটা অস্থিরতার

Note : [* Expunged as ordered by the chair]

পরিস্থিতি চলছে। অর্থনৈতিক দিক থেকে, কেন্দ্রীয় সরকার দুর্ভাগ্যজনক ভাবে কয়েকটি জিনিসের দাম বাড়িয়েছেন। তারা বাজেট তৈরির সঙ্গে সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী আমরা বার বার করে ছুটে গিয়েছি এবং বাজেটের প্রশ্নে কেন্দ্রীয় সরকারকে আমরা বার বার বোঝাবার চেষ্টা করেছি যে, আপনারা এই অবস্থা সৃষ্টি করলে প্রত্যেক রাজ্যে এই অবস্থা সৃষ্টি হবে। তাদের সামনে এবং আমাদের রাজ্যের মানুষের মনের মধ্যে যে সমস্যা আছে, এই রাজ্যের মানুষের অর্থনৈতিক জীবনের উপরে যে সমস্যা আছে সে সম্বন্ধে আপনাদের চাইতে আমরা অনেক বেশি সচেতন। চাল, ডাল, কেরোসিন তেল সহ অন্যান্য জিনিসপত্রের দাম বৃদ্ধির সমস্যা সম্বন্ধে আপনাদের চাইতে আমরা বেশি বুঝি আমরা সংখ্যাগরিষ্ঠ হয়ে এখানে সরকারে আছি, সেজন্য আপনাদের চাইতে বেশি বুঝি। কিন্তু গত এক মাস ধরে আপনারা কি করছেন? দু'মাস আগে গত বিধানসভার সামনে কি পরিবেশ ছিল? বিধানসভায় বোমা পড়েছিল। কারা মেরেছিল? একদল সমাজবিরোধীর দল। কি বলা হয়েছিল? কাগজের একটা ভাষা আপনারা শিখেছেন, সবাই বোঝেন কিনা জানি না? আমাদের পার্টির রাজনৈতিক কর্মীদের জন্য আমরা গর্বিত। আপনারা তাদের পায়ের নখের যোগ্য নন।

(এমন সময়ে কিছু সদস্য বলতে ওঠেন)... ;

আমি শুনলাম বিরোধীদল থেকে একটা কথা বলা হচ্ছে যে, ক্যাডার নামানো হয়েছে, ক্যাডার মানে কি ওরা জানেন? সুদীপ ব্যানার্জি আবার বললেন শুনলাম গেস্টাপো। আমার তো মনে হয় ওই কথার মানেই তিনি জানেন কিনা সন্দেহ। আমরা রাজনৈতিক কর্মী যারা রাজনীতি করছি আমরা জানি এবং সেইসঙ্গে কংগ্রেসিদের পরামর্শ দেব আপনারা নিজেদের বুদ্ধিতে চলুন, আপনাদের ক্ষমতায় চলুন। কলকাতার একটা সংবাদপত্র আপনাদের মগজ আরও পচিয়ে দিচ্ছে। আনন্দবাজার পত্রিকার বুদ্ধিতে চললে আপনারা শেষ হয়ে যাবেন। সুতরাং এইক্ষেত্রের এই হচ্ছে আপনাদের অবস্থা।

(গোলমাল)

তবে এইটুকু জেনে রাখুন এই রাজনৈতিক অবস্থার আবহাওয়া আমরা কাটিয়ে উঠব। আমরা জনগণদের নিয়ে মিছিল করব, মিটিং করব, আমরা জমায়েত করব। আমরা দেখব তখন কোথায় থাকেন আপনারা। তবে এই প্রসঙ্গে একটি কথা বলছি যে, এই রাজ্যে যে পরিস্থিতিই হোক আমরা সকলে বদ্ধপরিকর যে এই সন্ত্রাসের আবহাওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গের কয়েকটি জায়গায় এবং কলকাতা শহরের কিছু সাংবাদিক কিছু ফটোগ্রাফারনিগ্রহের কয়েকটি ঘটনা ঘটেছে। আমরা সরকারের তরফ থেকে বলেছি এই ঘটনা অত্যন্ত নিন্দনীয়। শুধু নিন্দনীয় বললেই হবে না, ফটোগ্রাফারদের যারা আক্রমণ করেছেন পুলিশ তাদের গ্রেপ্তার করুন, শাস্তি দিন। আমি এই ব্যাপারে প্রেস ক্লাবের মেম্বারের সঙ্গে সাক্ষাৎ করেছি, বক্তব্য রেখেছি এবং আগামীকাল আবার সমস্ত প্রেস ক্লাবের মেম্বার এবং ফটোগ্রাফারস অ্যাশোসিয়েশনের সঙ্গে বসে আলাপ-আলোচনা করব। আপনাদের এইকথা বলতে চাই যে, শুধু প্রেসের প্রতি দরদ দেখিয়ে নিজেদের হিংসার মূর্তি গোপন করতে পারবেন না। আপনারা যারা নেতা এখানে বসে আছেন তাদের আমার চেনা আছে। প্রিয়রঞ্জন দাশমুন্সির

কথা বলছেন, তার কত সম্পত্তি আছে বলুন তো? আপনাদের কত সম্পত্তি আছে আমার জানা আছে।

(এমন সময়ে কংগ্রেস আই সদস্যরা বলতে উঠলেন)...

(গোলমাল)

প্রিয়রঞ্জন দাশমুন্সির কত সম্পত্তি আছে আমি জানি, সব দুর্নীতিপরায়ণ নেতা। সৌগত রায়ের যে সম্পত্তি আছে তা তিনি এখানে বলতে পারবেন? আপনারা জেনে রাখুন ১৬ তারিখে যে ঘটনা ঘটেছে বাংলার ইতিহাসে এর জবাব আমরা দেব। আমরাও দেখিয়ে দেব মাঠে, ময়দানে মিটিং করে। তখন আপনারা কোথায় আছেন আর আমরা কোথায় আছি দেখব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার.....

**Mr. Speaker :** No point of order. Please take your seat. Now I call upon Shri Jyoti Basu.

[4-15 — 4-25 P.M.]

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষ যতটা সময় নেবেন ঠিক ততটা সময় আমায় দিতে হবে। আমি প্রথমেই যে মুলতুবি প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমার বন্ধুরা এদিকে যারা বসে আছেন সদস্যরা তারা ইতিমধ্যেই বলেছেন এবং কংগ্রেসের যে চেহারা এখানে দেখলাম তাতেই বোঝা যাচ্ছে যে কংগ্রেসের কি অবস্থা। যেখানে ১০ জন একসঙ্গে চিৎকার করেন তাকে বর্বরচিত আচরণ ছাড়া আর কি বলব? আমি এখানে বসে শুনছি বুদ্ধদেববাবু যখন বলছিলেন তখন কি চিৎকার কংগ্রেস বেঞ্চ থেকে — আমারতো মনে হয় ভালোই উনি বলছিলেন। ১৫ জন একসঙ্গে দাঁড়িয়ে চিৎকার করছেন। অথচ তারা ৩০ জন লোক জোগাড় করতে পারেন নি, ৩০ জন সদস্যও জোগাড় করতে পারেন না।

(গোলমাল)

এ মূলতুবি প্রস্তাব যারা এনেছেন সেই কংগ্রেসি সমাজবিরোধী কার্যকলাপের যারা নেতা তাদের বিরোধিতা করেই আমি বলছি যে, প্রথমত এই আন্দোলন গত এক মাস ধরে হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং পরিবহন ভাড়া, বাস ভাড়া বাড়ানোর ব্যাপার নিয়ে। আমাদের নিজেদের এবং প্রাইভেট সেক্টর তার বিরুদ্ধে আন্দোলন চলছে। এটা কি গণতান্ত্রিক আন্দোলন? আমি মনে করি না এটা গণতান্ত্রিক আন্দোলন। থানা আক্রমণ করাকে আমি মনে করিনা গণতান্ত্রিক আন্দোলন। তারপরে তারা যে ১২৫টা বাস ডেসট্রয় করলেন, পুড়িয়ে শেষ করে দিলেন এটা কি গণতান্ত্রিক আন্দোলন? আমি অন্তত মনে করিনা এটাকে গণতান্ত্রিক আন্দোলন। রাইটার্সের সামনে লাঠি নিয়ে গিয়ে পুলিশের অফিসারদের মারে, তাদের উপর বোমা মারে, অ্যাসেম্বলিতে বোমা মারে, এইগুলিকে আমরা গণতান্ত্রিক আন্দোলন মনেকরি না। আমরা

এইগুলি সব সাপ্রেস করব আপনারা এই ব্যাপারে স্থির নিশ্চিত থাকতে পারেন। কলকাতায় আইনশৃঙ্খলাকে এইভাবে বিঘ্নিত হতে দেব না, পশ্চিমবাংলায় হতে দেব না। আমি শুনেছি কংগ্রেসিদের মধ্যে এখন ভাগাভাগি হচ্ছে ওরা ঠিক পথে যাচ্ছেন কিনা! এটা ভাল নিজেদের মধ্যে আলোচনা করে নিন। মানুষ আপনাদেরকে চিনেছেন। এবারের আন্দোলন দেখলাম এই যে একমাস ধরে আন্দোলন হচ্ছে যে আবহাওয়া সৃষ্টি করা হয়েছে এত সন্ত্রাসের আবহাওয়া বাস থেকে টেনে লোককে নামানো হচ্ছে। দাশমুন্সি গিয়ে বাসের লোকেদেরকে বলছে, ট্রামের লোককে বলছে বাস ভাড়া দেবেন না, অথচ ওরা বর্দ্ধিত হারে বাস ভাড়া দিয়ে নেমে পড়ছে। সেইজন্য আমি বলেছি এই আন্দোলনের যে লক্ষ্য ছিল তা ব্যর্থ হয়েছে। আজকে বাস ভাড়া, ট্রাম ভাড়া দুঃখের সঙ্গে বাড়াতে হচ্ছে, মানুষ বর্দ্ধিত হারে ভাড়া দিচ্ছেন, সেইজন্য ১৬ তারিখ বলুন আর এক মাস ধরেই বলুন—এটা ব্যর্থ হয়েছে। এবং ওরা ব্যর্থ হয়েছেন বলেই ১২৫টা বাস ট্রামে আগুন লাগিয়েছেন। এই যে পুলিশের উপর হামলা হচ্ছে, এই যে বেহালা থানা দখল হয়ে গেল সেইজন্য কি পুলিশকে আমি লালন পালন করব, সেই পুলিশের পানিশমেন্ট হবে যদি কেউ ঐরকম থানা দখল করে এবং তারা যদি বাধা দিতে না পারেন। এরসঙ্গে বাস ট্রামের কি সম্পর্ক আছে! আজকে যে অরাজকতা সৃষ্টি হচ্ছে, মানুষ আতঙ্কিত হচ্ছে কংগ্রেসের মিটিংয়ে, রাইটার্স বিল্ডিংয়ের সামনে যখন কংগ্রেসের লোকেরা আবার অন্য জায়গায় ঐ টি বোর্ডের সামনে ওরা হঠাৎ লাঠি নিয়ে এসে পুলিশদের মারতে আরম্ভ করলেন—এই জিনিস ঐ একবারই হয়, বেশি বাড়ার চেষ্টা করবেন না। এই জিনিস অতর্কিতে একবারই হয় বারে বারে হয়না এটা আমি বলে দিচ্ছি। এবং আমি যেটা বললাম বোমা মেরে ইঁটপাটকেল ছুঁড়ে, পুলিশকে মেরে থানা দখল করা এইসব একবারই হয়। তারপরে ১৬ তারিখে ভোর সাড়ে চারটের সময় পিক আপ ভ্যান যখন বাসের কর্মীদের আনতে যায় স্টেট বাসের কর্মীদের তখন ঐ কর্মীদের উপর বোমা ছোঁড়া হয়। কিন্তু এইসব ঘটনা অল ইন্ডিয়ার লোকেরা সঙ্গে সঙ্গে কি করে পায় আমি জানিনা ওদের সঙ্গে যোগাযোগ আছে কিনা- এবং সকালের প্রথম বাংলা নিউজে বলে আজকে সকালে বোমা পড়েছে কাদের উপর? সরকারি পরিবহন বিভাগের কর্মীদের উপর। যখন বাসে করে, লরি করে লোকেরা আসছিলেন তখন তাদের উপর বোমা পড়েছে—এটা তারা বলেছিলেন যাতে মানুষ আতঙ্কিত হয়। তারা মানুষকে একমাস ধরে আতঙ্কিত করেছেন কিন্তু দুর্ভাগ্যের বিষয় মানুষ বেশিদিন আতঙ্কের মধ্যে থাকবে না। কারণ, টেনে টেনে যখন মানুষকে বাস থেকে নামানো হয়েছে সেজন্য ঐ অবস্থা সৃষ্টি হয়েছিল তখন মানুষ প্রতিবাদ করেছিল আমরা অফিসে যাচ্ছি, কেন আপনারা বাস আটকাচ্ছেন, কেন আপনারা হাওড়ায় রাস্তা দখল করে রেখেছেন। এইজন্য বলছি মানুষ ওদের সঙ্গে নেই, ওদের সমস্ত কিছু ব্যর্থ হয়েছে, মানুষ আমাদের সঙ্গে এখনও আছেন। এবং মানুষ বুঝতে পারছেন আমরা যখন ভাড়া বাড়িয়েছি—এখনও সব থেকে কম নিশ্চয় বাধ্য হয়েই বাড়িয়েছি; নাহলে বাস রাস্তায় থাকত না। এটা ওরা বুঝেছেন তাই মানুষ আমাদের সঙ্গে আছেন এবং বর্দ্ধিত ভাড়া তারা দিচ্ছেন। তার পরে ওরা সব বড় বড় কথা বলছিলেন—কে মেরেছে, কিন্তু একবারও বললেন না ঐ কর্মীদের উপর বোমা পড়ল কেন! কে মেরেছে সেই বোমা? ওরা বলছে সি.পি.আই মেরেছে বলতে পারেন, কিন্তু আমি তো বলতে পারিনি ওদের মতো মমতা ব্যানার্জির মিছিল যখন চলে গিয়েছে তখন আমাদের

একটা মিটিং হচ্ছিল, যারা বন্ধ বিরোধী তাদের থেকে আক্রমণ হল, এখানে আমিও বলতে পারতাম ঐ কংগ্রেসী গুন্ডারা আক্রমণ করেছে। কিন্তু এ পথে আমি যেতে পারিনি, এই অসৎ পথে আমি যেতে পারিনি। সেইজন্য চারটের সময় যখন আমি শুনেছি তখন পুলিশ কমিশনারকে জিজ্ঞাসা করেছি ওরা কি কিছু আক্রমণ করেছে ঐ মিছিল থেকে? যদিও মমতা ব্যানার্জি আগে অনেক কিছু অপরাধ করেছেন, এক্ষেত্রে আমি বলছি, সেটা আমার প্রয়োজন নেই, কিন্তু সেদিন ঐ মিছিল থেকে কোন ইঁট পাটকেল পড়েছে কি—কারণ আমাদেরও মিটিং হচ্ছিল—আমার কাছে খবর হল পড়েনি। আমি এ ব্যাপারে নানা জায়গা থেকে খবর নিয়েছি এবং আমি বলেছি এ ব্যাপারে অ্যারেস্ট করা হয়নি কেন অন দি স্পট, আপনারা পরে কোথায় খুঁজবেন? এ ব্যাপারে আমরা দেখছি তারা কারা, নিশ্চয় আমরা দেখব—এখন ২৪ জনকে ধরা হয়েছে, এই অর্ডার কে দিয়েছে আমি দিয়েছি, এটা কংগ্রেসের কথায় হয়নি। এবং তার সম্পর্কে বলি যিনি অ্যাসেম্বলিতে বোমা মেরেছেন, বেহালা থানা যিনি দখল করেছেন এবং যিনি ঐ ১৪টি বাসকে নষ্ট করার পিছনে ছিলেন ঐ তারাতলার রোডে, আমি সেই মহিলার ব্যাপারে বলেছি যখন ঐরকম একটা ঘটনা হয়েছে তখন তাদের ধরতে হবে। কোনওদিন কংগ্রেস রাজত্বে এইসব জিনিস হয়েছে, কোনওদিন কংগ্রেস রাজত্বে এইসব জিনিস হয়নি। কাজেই মানুষ আজকে এইসব কথা বুঝতে পারছেন। দু-চারটে পত্র পত্রিকা ওদের নেতৃত্ব দিচ্ছে আর ওরা সেই পত্র-পত্রিকার নেতৃত্ব গ্রহণ করছেন। কংগ্রেসের কোনও নেতৃত্ব নেই। পত্রিকা আমাদের চিরকালই বিরোধী। আপনাদের এমনই অবস্থা যে, আপনারা ৩০টা লোক যোগাড় করতে পারেন নি। আর আমাদের বেঞ্চ ভর্তি সবাই বসে আছেন। এটা তো আপনারা দেখতে পাচ্ছেন। তারপর আমার একটা মাত্র কথা আছে, সেসব জানি আমরা পশ্চিমবাংলা সরকার প্রথম থেকেই বুঝেছে যে, কংগ্রেসের নীতি অনুসরণ করলে যা হবার তাই হয়েছে। যখন বাজেট পেশ হয়েছিল, আমরা বলেছি কংগ্রেস তো এই বাজেট করত তাহলে আপনাদের কি পরিবর্তন হল? আমি নিজে কথা বলেছি ওদের বোঝাতে পারিনি। ওরা বললেন দেউলিয়া করে রেখে গেছে। শুধু কংগ্রেসের নামে বললে তো হবে না, যাতে মানুষের ওপর বোঝা না চাপে সেটা দেখতে হবে। আমরা বামফ্রন্টের পক্ষ থেকে ২৮ তারিখে প্রধানমন্ত্রীর সঙ্গে মিটিং আছে, সেখানে আমরা যাচ্ছি। এখন আমাদের আরও একটা বিপদ হয়েছে, মধ্যপ্রদেশে যে ঘটনা ঘটেছে যেখান থেকে আমাদের তেল আসত সেই তেল আসা বন্ধ হয়ে গেছে। অন্য জায়গায় প্রতিনিধি গেছেন তেল যোগাড় করতে পারা যায় কিনা। তা না হলে গাড়ি চলাচলে মুশকিল হবে, ডিজেল না পেলে মুশকিল হবে। সেসব আমরা বুঝতে পারছি। সেজন্য আমরা বলেছি যে মানুষ এইসব বোঝেন যে কি অবস্থার মধ্যে কি হচ্ছে। কংগ্রেস যে পশ্চিমবাংলার সচেতন মানুষকে বিপদে পরিচালিত করে নিয়ে যেতে পারবে একথা আমি বিশ্বাস করিনা। ১৬ তারিখে ৪৫০ টা প্রাইভেট বাস বেরোল, আরগুলো কেন বেরোলোনা আমরা তাদেরও তো ভাড়া বাড়িয়েছি। তারা হয়তো আপনাদের সঙ্গে আছেন বলে, আপনাদের সঙ্গে কিছু লোক থাকতে পারে কিন্তু ভাড়া তাদেরও তো বাড়িয়েছি। আজকে তারা বেরোয়নি, কেউ যদি কোথাও বোমা ছোঁড়ে। সকাল সাড়ে সাতটার খবরে রেডিওতে বলা হল যে পরিবহন কর্মীদের ওপর বোমা ছোঁড়া হয়েছে। দশজন (১০) আহত হয়েছেন, এরমধ্যে দুজন(২) গুরুতররূপে আহত আর আটজন অন্যভাবে আহত হয়েছিলেন। তারা আমাদের দেশের

লোক না? তাদের কি অপরাধ ছিল? পরিবহন যারা চালু রেখেছিলেন আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি, তাদের অভিনন্দন জানাচ্ছি। আগের বার যখন কংগ্রেস বন্ধ ডেকেছিল পাঁচজন (৫) মহিলাকে প্রাইভেট বাসের মধ্যে খুন করে ফেলা হয়। এই কথা তাদের মনে ছিল, তবুও তারা বলেছেন জীবন বিপন্ন করে আমরা বের করব, আমরা বন্ধ বিরোধী, এতে জনগণের অসুবিধা হবে। তো এই সহজ কথা না বুঝলে আমি কি করতে পারি। দৃষ্টান্ত দিয়েছি। তবে এইগুলিকে গণতান্ত্রিক আন্দোলন বলে মনে করিনা। আমরা যখন আন্দোলন করতাম তখন বিনা বিচারে আটক করা হত। তেরো (১৩) বছরে কংগ্রেসের একটা গুন্ডাকেও আটক করিনি। মানুষকে সঙ্গে রেখে এদের আমরা কোনঠাসা করেছি, আরও কোনঠাসা করব। মানুষ এদের স্বরূপ আরও ভালো করে বুঝতে পেরেছেন। ১৮ তারিখ হিংসাত্মক কার্যকলাপ হল। সেজন্য আপনাদের উপদেষ্টা ওদের সংবাদপত্র বলেছেন এইসব একটু ভাববেন, দেখবেন বিচ্ছিন্ন হয়ে পড়বেন মানুষ থেকে। এই পথে যাবেন না। এবং ওরা লিখেছেন যে, বামপন্থীরা যে আন্দোলন করেছেন মানুষ ওদের সঙ্গে থাকত, আর আপনাদের শুধু কংগ্রেসের আন্দোলন, মানুষ ওদের সঙ্গে নেই। এই কথা বলে যে প্রস্তাব এখানে রাখা হয়েছে আর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-25 — 4-35 P.M.]

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমার যে প্রস্তাব এখানে রেখেছি সেই সম্পর্কে মাননীয় সদস্যরা যেসব বক্তব্য রেখেছেন তার আমি একটা একটা করে জবাব দিয়ে যাচ্ছি। আশাকরি যারা নতুন এসেছেন তারা এইগুলি উপলব্ধি করতে পারবেন না, দীর্ঘদিন ধরে যারা আছেন বিধানসভায়, জ্যোতিবাবু নিশ্চয় উপলব্ধি করতে পারবেন। আমার এই বক্তব্যের মধ্যে সত্যতা কতখানি আছে, আর যারা নতুন এসেছেন তাদের সেই অভিজ্ঞতা নেই। মাননীয় পরিবহনমন্ত্রী তিনি এখানে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য শুনে আমার মনে হল অতীত দিনের ইতিহাস একটুও দেখেন নি। মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বললেন যে আমরা অল পার্টি মিটিং ডেকে সিদ্ধান্ত নিয়েছি। সেদিনের কথা আমার মনে আছে কংগ্রেসের তরফ থেকে আমি সেখানে উপস্থিত ছিলাম। আমি দেখিয়ে দিয়েছিলাম তাদের আপনারা সাধারণ বাসের ক্ষেত্রে ২৫০ পারসেন্ট ভাড়া ইনক্রিজ করেছেন, আপনাদের রাজত্বে বাসের ভাড়া এটা বেড়েছে, সেটা আমি দেখিয়ে দিয়েছিলাম। ট্রামের ক্ষেত্রে ৩০০ পারসেন্ট ভাড়া ইনক্রিজ করেছেন, এটা আমি দেখিয়ে দিয়েছিলাম। তখন জ্যোতিবাবু আমাদের বললেন, আপনারা স্ট্যাটিসটিক্স দিচ্ছেন কেন; পারসেন্টেজ করে দেখাচ্ছেন কেন, আমরা তো ভাড়া ঠিক করেই ফেলেছি। তখন আমি জিজ্ঞাসা করলাম, তাহলে আমাদের ডাকলেন কেন? আমি শুধু এটুকুই জানতে চেয়েছিলাম, যুক্তিগ্রাহ্য বক্তব্য রাখতে চেয়েছিলাম, ন্যায়-সঙ্গত বক্তব্য রাখতে চেয়েছিলাম। আপনারা ভাড়া কেন কমাবেন না? উনি বললেন আমরা তো ভাড়া ঠিক করেই রেখেছি, আমরা ভাড়া বাড়াব। উই হ্যাড টেকেন ফাইনাল ডিসিসন। তাহলে সেখানে গিয়ে আমরা কি করব We will not be a party to your decision

এইকথা বলে আমি এবং ডেপুটি লিডার, এই দুজন ওখান থেকে চলে আসছিলাম। তখন জ্যোতিবাবু আমাদের বললেন এটা তো বিধানসভা নয়, আপনারা চলে যাচ্ছেন কেন।

তখন আমি বললাম যুক্তিগ্রাহ্য বক্তব্য রাখা সত্ত্বেও, তা না শুনে আপনারা যখন সিদ্ধান্ত নিয়েছেন, তাহলে এখানে আমাদের থাকা ঠিক নয়, এইকথা বলে আমরা বেরিয়ে এসেছিলাম। তিনি এইমাত্র বক্তৃতায় বললেন, আমাদের পরিবহন মন্ত্রী সমস্ত পার্টিকে গণতান্ত্রিক পদ্ধতিতে ডেকে আলোচনা করে এটা ঠিক করা হয়েছিল এবং এই জিনিসটা পূর্বে কখনও করা হয়নি। ১৯৫৩ সালের জুলাই মাসের কথা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, তখন আপনাদের অনেকে হয়ত ছেলে-মানুষ ছিলেন, সেই সময় এক পয়সা ট্রামের ভাড়া বাঁড়ানো হয়েছিল। তখন ডাক্তার রায় তার ডান চোখ অপারেশন করার জন্য সুইজারল্যান্ড গিয়েছিলেন এবং তখন অস্থায়ী মুখ্যমন্ত্রী হিসাবে কাজ চালাচ্ছিলেন প্রফুল্লচন্দ্র সেন এবং তখন ট্রাম-বাস পুড়িয়ে আপনারা যে আন্দোলন চালাচ্ছিলেন তারজন্য ডাক্তার রায়কে তখন টেলিফোনে জানানো হয়, আপনি তাড়াতাড়ি চলে আসুন। ১৯৫৩ সালের ২৩শে জুলাই তার চোখ অপারেশন করার কথা ছিল, কিন্তু তিনি চোখ অপারেশন না করিয়ে তাড়াতাড়ি চলে আসলেন এবং একটা ওয়ান মেন কমিটি গঠন করলেন। পি.বি. মুখার্জি এই কমিটির সদস্য নির্বাচিত হয়েছিল এবং তিনি সেই ভাড়া বাড়ানো বন্ধ করে দিয়েছিলেন। ১৯৬৬ সালের কথা আমি বলতে চাই, সেদিন চন্দননগর রেলওয়ে স্টেশন আপনারা পুড়িয়ে দিয়েছিলেন, সেদিন আপনারা হরতাল কল করেছিলেন, সেদিন আপনারা বাস পুড়িয়ে দিয়েছিলেন, অফিস-কাছারি আপনারা পুড়িয়ে দিয়েছিলেন, আপনারা সেইসব ঘটনা ভুলে যাচ্ছেন কেন। আজকে কি ঘটনা হচ্ছে, তার সাথে সেদিনকার ঘটনার কথা আপনারা স্মরণ করুন। তারপর ১৯৬৮ সালে আপনারা হরতাল পালন করেছিলেন কিভাবে? ট্রাম, বাস পুড়িয়ে আপনারা হরতাল পালন করেছিলেন, মানুষের ওপর হিংস্রভাবে আক্রমণ করে আপনারা হরতাল পালন করেছিলেন, এইগুলো ভুলে গেলে চলবে না। বাস, ট্রাম পোড়ানো আমরা সমর্থন করি না এবং ঐ আদর্শে আমরা বিশ্বাস করিনা। কিন্তু আজকে অত্যন্ত বেদনার সঙ্গে একথা বলতে হয়, যখন মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে বলেন যে আমরা ক্যাডার নামাব। পরিবহনমন্ত্রী কত লক্ষ ক্যাডার নামাবেন তার হিসাবও দিয়েছেন এবং সেইসব এই কয়েক লক্ষ ক্যাডার দিয়ে যেভাবে কলকাতাকে সেইদিন মসিলিপ্ত করেছেন, কলকাতার ৩০০ বছরের ইতিহাসে এমনভাবে কোনও পার্টি মসিলিপ্ত করতে পারেনি। এইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, আজকে যে প্রস্তাব আনা হয়েছে এবং মমতা ব্যানার্জির ওপর পৈশাচিক ভাবে যে আক্রমণ করা হয়েছে দেশের একজন নেত্রীর ওপর বর্বরোচিতভাবে যেভাবে আক্রমণ করা হয়েছে এবং পুলিশ যে কাজ করেছে, তার বিরুদ্ধে নিন্দা করবার সাহস আপনাদের নেই। এখন পর্যন্ত আপনারা এর নিন্দা করলেন না। যে কাজ হয়েছে এটা আমার এবং আমার রাজ্যের কলঙ্ক। এই কলঙ্ককে স্বীকার করে নিয়ে জনতার কাছে, মমতার কাছে মুখ্যমন্ত্রীর ক্ষমা চাওয়া উচিত। সেই ক্ষমা যদি চান তাহলে বুঝব তিনি অনুতপ্ত হয়েছেন, সেই অনুতপ্ত হৃদয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা দেখতে চাই। তিনি যদি ক্ষমা না চান তাহলে এটাই দাঁড়ায় এই সমস্ত ভয়ঙ্কর লোকগুলি যে গোষ্ঠীর লোক, যে গোষ্ঠী বানতলায়, বিরাটীতে এইরকম অঘটন ঘটনা ঘটিয়েছে সেই গোষ্ঠীতে তারা সমর্থন করছেন। যে নারকীয় কাজ ঘটনা হয়ে গেছে তারজন্য মুখ্যমন্ত্রীর অনুতপ্ত হৃদয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে ক্ষমাপ্রার্থী হওয়া উচিত। শুধু তাই নয় আমাদের আরও যে দু'জন কর্মী, বিধানসভার অন্যতম সদস্য, আমাদের পার্টির অন্যতম সদস্য, কংগ্রেসের ট্রেড ইউনিয়ন আই এন টি ইউ সি'র একজন

নেতা, যিনি বিধানসভার পি এ কমিটির চেয়ারম্যান, তাকে আক্রমণ করে শেষ করার চেষ্টা করা হয়েছে। সেজন্য বলব এই তিনজন—একজন বিধানসভার সদস্য, একজন এক্স এম পি, একজন এক্স বিধানসভার সদস্য, তাদের প্রতি যে ব্যবহার করেছেন তারজন্য সরকারের তরফ থেকে মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে ক্ষমা চান। যদি ক্ষমা চাইতে না পারেন তাহলে আপনার কৃতকার্যের জন্য আপনি দায়ী থাকবেন। আপনি এখানে উঠে দাঁড়িয়ে এই ঘটনার জন্য জনগণের কাছে ক্ষমা চান। যেহেতু আপনি ক্ষমা চাইলেন না সেজন্য পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে অত্যন্ত বেদনা নিয়ে দুঃখ নিয়ে আমরা হাউস থেকে চলে যেতে বাধ্য হচ্ছি।

The Adjournment motion of Shri Apurbalal Majumdar was then put and lost.

At the time of voting the Congress (I) Members Staged a walk-out and did not participate in the voting.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। আজকে পশ্চিমবঙ্গ গণ-আন্দোলনের উপর যে আক্রমণ নেমে এসেছে, যে মারাত্মক ব্যবস্থার পরিস্থিতির সৃষ্টি হয়েছে যারজন্য হাউসের সমস্ত কাজ মুলতুবি রেখে এই প্রস্তাবের উপর আলোচনার জন্য মুলতুবি প্রস্তাব দিয়েছিলাম, এরপরে হাউসে অন্য কোনও বিষয়ে আলোচনা হতে পারে না। এর প্রতিবাদে হাউস থেকে আমরা ওয়াক আউট করছি।

(At this stage the SUC(I) Members walked out of the Chamber)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 4 notices of Calling Attention namely :–

| | | |
|---|---|---|
| 1. Inaction on the part of Calcutta police in apprehending the culprits who attacked the demonstrators on 16th August, 1990 | : | Shri Dipak Sen Gupta |
| 2. Attack on Smt. Mamata Banerjee, ex-M.P., Shri Subrata Mukherjee, M.L.A. and others on 16th August, 1990 | : | Dr. Manas Bhunia<br>Shri Mannan Hussain<br>Shri Gobinda Ch. Naskar and<br>Shri Prabuddha Laha |
| 3. Contradictory stand taken by the Food & Supplies Department regarding the supply of rice to the Agricultural Labourers | : | Shri Dipak Sengupta |
| 4. Reported death of two persons in Birpara Lane area of Chitpore on 19.8.90 | : | Dr. Sudipto Roy |

I have selected the notice of Shri Dipak Sengupta on the subject of Contradictory stand taken by the Food and Supplies Department regarding the supply of rice to the Agricultural Labourers.

The Minister-in-charge may please give a statement today, if possible or give a date.

**Shri Abdul Quyiom Molla :** 24th August, 1990

**Mr. Speaker :** There will be no mention today.

## LAYING OF REPORTS

### Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1986-87

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to lay the Annual Account of the Calcutta State Transport Corporation for the year 1986-87.

### Account of the Calcutta Tramways Company (1978) Ltd. for the year 1987-88

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to lay the Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. for the year 1987-88.

[4-35 — 4-45 P.M.]

### Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1986-87

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to lay the Annual Account of the Calcutta State Transport Corporation for the year 1986-87.

### Account of the Calcutta Tramways Company (1978) Ltd. for the year 1987-88.

**Shri Syamal Chakraborty :** Sir, I also beg to lay the Account of the Calcutta Tramways Company (1978) Ltd. for the year 1987-88.

## LEGISLATION

### The West Bengal State Health Service (Amendment) Bill, 1990.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to introduce the West Bengal State Health Service (Amendment) Bill, 1990.

...(Secretary then read the Title of the Bill)...

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg move that the West Bengal State Health Service (Amendment) Bill, 1990, be taken into consideration মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনী বিলে সাধারণ কতকগুলি সংশোধনী

এনেছি, যেটা ১৯৯০ সালের ১৬ই মে বিল এনে অ্যাক্টে পরিণত করেছিলাম এবং ২৫শে মে ১৯৯০ তারিখে এটাকে আমরা চালু করেছিলাম এবং তার সাথে সামঞ্জস্য রেখে কয়েকটি সংশোধনী এনেছি, যদি'ও সেই আইনের ২২ ধারা বলে নিজেরাই গভর্নমেন্টের পক্ষ থেকে প্রস্তাব গ্রহণ করতে পারতাম, কাজ করতে পারতাম কিন্তু তা সত্ত্বেও মনে করেছি এই হাউসের মতামত নিয়ে সেইগুলি করা ভাল সেইজন্যই আমি এই সংশোধনী নিয়ে এসেছি। আশাকরি আপনারা এটা গ্রহণ করবেন।

**মিঃ স্পিকার ঃ** এখন আমি তরুন অধিকারিকে বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি।

কংগ্রেস (আই) অয়াক-আউট করায় অনুপস্থিত

**ডাঃ গৌরিপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে অ্যামেন্ডমেন্ট বিল আজকে এখানে উপস্থাপিত হয়েছে মাননীয় সদস্যদের অনুধাবনের জন্য, অনুমোদনের জন্য মূল যে আইন মাননীয় বিধায়করা এই হাউস থেকে সমর্থন করে অনুমোদন করে দিয়েছিলেন, এটা তারই পরিপূরক। মাননীয় বিধায়করা অবগত আছেন যে, দীর্ঘদিন ধরে পশ্চিমবঙ্গ এবং সারা ভারতবর্ষে চিকিৎসকদের শিক্ষা নিয়ে নানাবিধ আলাপ আলোচনা এবং তাকে পুনর্নবিকরণ করার প্রচেষ্টা চলেছে। আমাদের এখানকার হাউস থেকে নিয়োজিত কমিটি সাবজেক্ট কমিটি ফর হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার গঠিত হয়েছে এবং তাতে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরা আছেন। সেখানে আমরা এই বিষয়ে পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করেছি। আমরা কমিটির পক্ষ থেকে সারা পশ্চিমবঙ্গের সাব-সেন্টার এবং ডিস্ট্রিক্ট হসপিটালগুলি ঘুরে এসেছি। সেগুলি দেখে আমাদের মনে হয়েছে, বর্তমান যে শিক্ষা ব্যবস্থা রয়েছে বিশেষ করে মডার্ন মেডিসিন-এর কিছু পরিবর্তন প্রয়োজন। পরবর্তীকালে সাবজেক্ট কমিটির পক্ষ থেকে আমরা সমস্ত মেডিক্যাল কলেজ, যেখানে আন্ডার গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট পড়ানো হয় সেইসব জায়গায় গেছি। সেখানকার শিক্ষক, ছাত্র, অ্যাডমিনিস্ট্রেটরদের সঙ্গে আলোচনা করেছি এবং পরবর্তীকালে আমরা ডিপার্টমেন্টের সঙ্গে'ও আলোচনা করেছি আমরা একটি প্রশ্ন করে সমস্ত মেডিক্যাল কলেজে যারা শিক্ষার সঙ্গে যুক্ত আছেন তাদের কাছে এবং ডাইরেক্টর অব মেডিক্যাল এডুকেশনের কাছে পাঠিয়েছিলাম। বিভিন্ন কলেজের শিক্ষক সম্প্রদায় ছাত্রদের সঙ্গে আলোচনা করে একটা লিখিত উত্তর আমাদের সাবজেক্ট কমিটির কাছে পাঠিয়ে দেন। তারপর আমরা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর, ডিন অব মেডিক্যাল ফ্যাকালটি এবং ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখার সভাপতিকে নিয়ে একটা আলোচনা করি।

[4-45 — 4-55 P.M.]

তা ছাড়া এখানে আমরা বিভিন্ন কলেজের ছাত্রদের যে সমস্ত সংগঠন আছে স্টুডেন্টস ইউনিয়ন—তাদের রিপ্রেজেন্টেটিভদের সঙ্গেও আলোচনা করেছি। এই সর্বাঙ্গীন আলোচনার পর আমরা কয়েকটি সিদ্ধান্তে উপনীত হই। আপনারা দেখেছেন জন মেডিক্যাল এডুকেশন—আমাদের বক্তব্য আমরা রিপোর্টে দিয়েছি এবং হাউস সেটা অনুমোদন করেছে। আমরা তাতে বলেছি যে, বর্তমানে যে শিক্ষাব্যবস্থা চলছে এর পরিবর্তন করা প্রয়োজন। সেখানে এর পরিবর্তনের কতকগুলি পদ্ধতির কথাও আমরা বলে দিয়েছি। এর পরিবর্তন করতে

গেলে যেটা প্রয়োজন সেটা হচ্ছে, মেডিক্যাল এডুকেশন সার্ভিসে একটা বিশেষ ক্যাডার করা প্রয়োজন। আপনারা অবগত আছেন যে আমাদের পশ্চিমবঙ্গে যে হেলথ সার্ভিস ক্যাডার ছিল সেটা হচ্ছে ইউনিফায়েড ক্যাড়ার। অর্থাৎ যিনি চিকিৎসা করেন এবং যিনি শিক্ষকতা করেন তারা একই ক্যাডারের ছিলেন। আপনারা জানেন এই ক্যাডার প্রধানত ছিলেন নন প্র্যাকটিসিং ক্যাডার। সমস্ত ডাক্তার হেলথ সার্ভিসের তারা প্রাইভেট করতে পারবেন না এটাই ছিল আইন। তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়, তিনি অভিজ্ঞ ব্যক্তি ছিলেন এবং চিকিৎসা শিক্ষার শিক্ষকদের শিক্ষক ছিলেন। কিন্তু পরবর্তীকালে কতিপয় প্রভাবশালী চিকিৎসক তারা তাদের নিজেদের সুবিধার জন্য এটার পরিবর্তন করান। আমরা আমাদের রিপোর্টের মধ্যে বলেছি যে যারা মেডিক্যাল কলেজগুলিতে কাজ করেন বিশেষ করে যারা চিকিৎসার শিক্ষক হিসাবে কাজ করেন তারা সাধারণ মানুষের কাছে অনেক বেশি পরিচিতি পান। তাদের ছাত্রদের মাধ্যমে, তাদের সহকর্মীদের মাধ্যমে এবং সেইসঙ্গে মেডিক্যাল কলেজগুলিতে যে সমস্ত স্টাফরা আছেন তাদের মাধ্যমে তারা অনেক বেশি পরিচিতি পান সাধারণ মানুষের কাছে। তা ছাড়া যেহেতু মেডিক্যাল কলেজগুলিতে চিকিৎসা ব্যবস্থার সার্ভিস পার্টটা অনেক বেশি ভাল সেইজন্য সেখানে যারা চিকিৎসার জন্য আসেন তারা বেশি সুযোগসুবিধা পান। সুতরাং সেখানে চিকিৎসার শিক্ষকরা সাধারণভাবে অন্য চিকিৎসকদের চেয়ে অনেক বেশি আর্থিক সুযোগ সুবিধা পান তাই নয়, তারা রাজনৈতিক এবং সামাজিক সুযোগ সুবিধাও পান। সেইজন্য তৎকালীন নামকরা চিকিৎসক যারা ছিলেন ডাঃ রায়ের পর, যারা বিশেষ বিশেষ ক্ষেত্রের ভাল চিকিৎসক তারা প্র্যাকটিস করার অধিকার আদায় করেন। পরবর্তীকালে দেখা গেল এখানে চিকিৎসা পদ্ধতি যেভাবে চলছে তাতে সেটা খারাপের দিকে এমনভাবে বা এমন পর্যায়ে চলে যাচ্ছে যে কি শিক্ষক, কি ছাত্র সবাই একবাক্যে বললেন এবং এমন কি তারা লিখিতভাবে আমাদের কাছেও বক্তব্য রেখেছেন যে মেডিক্যাল কলেজগুলিতে শিক্ষার কোনও বাতাবরণ নেই। এবং শিক্ষক বা অধ্যাপকদের বিভিন্ন পদে যারা আছেন নানান কারণের জন্য, শিক্ষার জন্য তাদের যে সময় দেওয়া প্রয়োজন সেই সময় তারা দিতে পারেন না। শুধু শিক্ষার জন্য নয়, এমন কি গবেষণার জন্য এবং রোগীদের জন্য যে সময় দেওয়া প্রয়োজন তার কোনওটাতেই তারা ঠিকমতন সময় দিতে পারেন না। আপনাদের স্মরণে আছে যে ১৯৮৩ সালে এবং ১৯৮৭ সালে জুনিয়ার ডাক্তাররা যে আন্দোলন করেছিলেন সেই আন্দোলনের কথা। তাদের আন্দোলনের অন্যতম বক্তব্য ছিল বিশেষ করে মেডিক্যাল কলেজগুলিতে রোগীদের চিকিৎসার দায়িত্ব বেশিরভাগ তাদেরই নিতে হয়। যারা নামকরা চিকিৎসক, বড় বড় অধ্যাপক তারা সামান্য সময় আসেন আর বাকি সময়ের দায়িত্বটা তাদের উপরই পড়ে যায়। সেইজন্য তারা আন্দোলন করেন এবং তা করে মাহিনা এবং অন্যান্য সুযোগ সুবিধা বাড়ান। লক্ষ্য করলে দেখবেন বিশিষ্ট সব চিকিৎসক বড় বড় গায়নোকোলজিস্ট, সার্জেন, মেডিসিনের ডাক্তার তাদের যে সময় কলেজে থাকার কথা — শুধু রোগীর চিকিৎসার জন্যই নয়, শিক্ষার ব্যাপারে পরিকল্পনা, গবেষণা ইত্যাদির জন্য কারণ, মেডিক্যাল কলেজগুলি থেকে শিক্ষা নিয়েই ছাত্ররা ডাক্তার হয়ে গ্রামগঞ্জে যাবেন। তাদের যে সামাজিক দায়বদ্ধতা, তাদের সীমিত অবস্থার মধ্যে কাজ করতে হবে, মানুষের সেবা করতে হবে, সেই ধরনের বৈজ্ঞানিক গবেষণা করার সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়নি। সেদিক থেকে আমি মনে করি যদি

চিকিৎসার উন্নতি করতে হয় তাহলে প্রকৃতভাবে তার বাতাবরণ তৈরি করতে হবে, সেখানে শিক্ষকরা বেশির ভাগ সময় থাকবেন, ছাত্রদের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত হবেন। ছাত্রদের ক্লাশে শুধু মাত্র একটা লেকচার বা ক্লিনিকে একটা বক্তৃতা দিলেই হবেনা। ছাত্রদের সঙ্গে অন্তরের যোগাযোগ যাতে করা যায়, তারা যাতে ভালভাবে শিক্ষিত হতে পারে সেই চেষ্টা করতে হবে। শুধু ক্লিনিক্যাল ডায়গোনেসিস নয়, আরও উন্নত মানের চিকিৎসা করতে যাতে পারে সেটাই আমরা চেয়েছিলাম এবং সেইভাবেই তাদের সময়টা নিয়োজিত করতে হবে। আমরা দেখেছি যে একজন সিনিয়র ডাক্তার সকাল ৯/১০ টার সময়ে এলেন এবং ২/১ ঘন্টা থাকার পরে চলে গেলেন। এভাবে করলে হবেনা।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা বক্তব্য আছে। আপনি টি.ভি ক্যামেরা অ্যালাউ করেছেন, ভাল কথা। কিন্তু এখন হাউসের চেহারাটা বদলে গেছে। কিছুক্ষণ আগে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা শেষ হয়েছে। হাউসে উই আর নট সিরিয়াস ওভার দিস।

**মিঃ স্পিকার ঃ** এটা অন্য জিনিস। ইট ইজ নট ফর নিউস। আপনি বসুন।

**ডাঃ গৌরীপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য আর দীর্ঘ করব না। মেডিক্যাল এডুকেশনের ব্যাপারে সাবজেক্ট কমিটির যে রিপোর্ট দিয়েছে সেই রিপোর্ট দেখলে আপনারা বুঝতে পারবেন। আমি মনেকরি শিক্ষা ব্যবস্থার যদি উন্নতি করতে হয় তাহলে প্রকৃত পক্ষে আমাদের যে সমস্ত ডাক্তার বের হবেন মেডিক্যাল কলেজ থেকে তারা যাতে মানুষের সেবার কাজে লাগতে পারেন সেটা দেখতে হবে। সেজন্য এই শিক্ষা ব্যবস্থার উন্নতি করা প্রয়োজন। আর নন-প্র্যাকটিসিং টিচিং ক্যাডার, সেটা আমরা হাউসে সমর্থন করেছি, পাশ করেছি। আজকে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এটাকে রূপায়িত করতে গেলে যে যে বিষয়গুলি নিতে হবে, শিক্ষকদের মধ্যে হয়ত কেউ কেউ অ্যাডমিনিস্ট্রেশনে আছেন, তাদের কি হবে সেটা দেখতে হবে। আগে একটা ইউনিফর্ম ক্যাডার ছিল। সেখানে দুটো ক্যাডারে-যে ভাগ করে দেওয়া হয়েছে। সেই সমস্ত জিনিসগুলি এখানে উপস্থিত করা হয়েছে। আমি মনেকরি আজকে যে ব্যবস্থা নেওয়া হচ্ছে তাকে যদি ঠিকভাবে রূপায়িত করে এবং তারসঙ্গে সঙ্গে প্রত্যেকটি ডিপার্টমেন্টাল কমিটি করে, কলেজে কলেজ কাউন্সিল করে এবং জেনারেল কাউন্সিল করে সমস্ত শিক্ষা ব্যবস্থাকে যদি ফিরিয়ে আনতে পারি তাহলে সাধারণ মানুষ, ছাত্র, সকলের উপকারে লাগবে। এই আশা করে এই অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করে এবং সকলকে সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-55 — 5-05 P.M.]

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি প্রথমে আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। তার কারণ এই বিলের মধ্যে দিয়ে একটা নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় দেওয়া হয়েছে। স্বাধীনতার পরে আমরা আশা করেছিলাম যে মেডিক্যাল এডুকেশনে, মেডিক্যাল

সার্ভিসে একটা নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় পাব। কিন্তু স্বাধীনতার ৪৩ বছরের মধ্যে এইরকম কোনও নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় আমরা পাইনি। আজকে যাতে মেডিক্যাল এডুকেশন উন্নত ধরনের হয় তার ব্যবস্থার জন্য এই বিল আনা হয়েছে। ষাটের দশকে আমরা দেখেছি যে মেডিক্যাল টিচাররা, ডাক্তাররা যেরকম চেতনা নিয়ে ছাত্রদের পড়াতেন, বর্তমানে তার অত্যন্ত অভাব দেখা যাচ্ছে। বর্তমানে তার অত্যন্ত অভাব দেখা গেছে। আমরা দেখেছি ১৯৬০ সালে যখন আমি মাঝে মাঝে মেডিক্যাল কলেজে যেতাম, তখন মেডিক্যাল কলেজের ডাক্তার ছিলেন শেতল ঘোষ এবং ডাঃ জগবন্ধু ব্যানার্জি মেডিক্যাল কলেজের প্রিন্সিপ্যাল ছিলেন, তখন দেখেছি কিভাবে প্রফেসররা ক্লাশ নিতেন। প্রফেসরদের যে ক্লাশ থাকত, তারা ছাত্রদের নিয়ে ডিপার্টমেন্টে যেতেন এবং সেখানে রোগীদের সঙ্গে পরিচয় করিয়ে দিতেন এবং সেই রোগীর ডায়গনিসিস করে ছাত্রদের কাছে সুন্দরভাবে পরিষ্কার করে ব্যাখ্যা করে দিতেন। বর্তমানে তার আমূল পরিবর্তন হয়েছে। বর্তমানে শিক্ষক মহাশয়রা যত্ন নিয়ে ঠিকভাবে ছাত্রদের শেখান না। এইজন্যই লন্ডনে একবার নিয়ম করা হয়েছিল যে ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে আগত কোনও ছাত্রের অ্যাডমিশন সরাসরি হবে না। এখানকার সার্টিফিকেট তারা মানবেন না এবং ক্যালকাটা ইউনিভার্সিটি, ইন্ডিয়ান ইউনিভার্সিটি থেকে আগত ছাত্রদের নতুন করে অ্যাডমিশন টেস্ট দিতে হবে লন্ডন ইউনিভার্সিটি বা অন্যান্য ইউরোপিয়ান ইউনিভার্সিটি ঐ ভিয়েনা প্রভৃতিতে ভর্তি হতে গেলে। আমি মনেকরি ক্যালকাটা ইউনিভার্সিটির মর্যাদা এতে খুন্ন হয়েছে। সেইজন্য আজকে এই বিল এর মাধ্যমে একটা পরিবর্তন আনার চেষ্টা হচ্ছে যাতে টিচিংটাকে আলাদা করে আরও বেটার করা যায়। এতে ছাত্র এবং শিক্ষকদের মধ্যে পারস্পরিক হৃদ্যতা থাকবে এবং মাস্টার মহাশয়রা যাতে ভাল করে পড়াতে পারেন, সেই উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে। কিন্তু শুধু মাত্র ছাত্র এবং শিক্ষকদের কো-অপারেশন, সাহচর্যের মধ্যে দিয়ে এডুকেশন পারফেক্ট হবে না এটা মনে রাখতে হবে। এরজন্য চাই ভাল অ্যারেঞ্জমেন্ট, লাইব্রেরি এবং ল্যাবোরেটারির। আমরা দেখেছি আজকাল প্রফেসারদের দেওয়া নোট মেডিক্যাল স্টুডেন্টদের দেওয়া হয়, তারা ব্যবহার করে। পরীক্ষার আগে এই ছাত্ররা কিছু টাকা দিয়ে একজন পার্টিকুলার প্রফেসর রাখেন কোনও একটা বিশেষ সাবজেক্টের জন্য এবং তার দেওয়া নোট লিখে তারা পাশ করে যান। যদি তারা প্রফেসরের কাছে না পড়েন তাহলে তাদের একবছর ডিটেন্ড পর্যন্ত করে রাখা হয়। এই বিলে এই ব্যবস্থার পরিবর্তনের আশা করা হয়েছে এইজন্য এই বিলকে আমি সমর্থন করছি। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যাতে লাইব্রেরি এবং ল্যাবোরেটারির ব্যবস্থা ভাল হয় সেটা দেখবেন। জে.বি. মুখার্জি যখন মেডিক্যাল কলেজের প্রিন্সিপ্যাল ছিলেন তখনকার একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই। তিনি আমাকে বলে ছিলেন যে ক্লাশ এখন হচ্ছে না কারণ ইলেকট্রিসিয়ানরা তাদের দাবি দাওয়া নিয়ে আন্দোলন করছে। এইজন্য আমার অনুরোধ মন্ত্রী মহাশয়ের কাছে, তিনি যেন চিন্তা করে দেখেন মেডিক্যাল কলেজগুলোতে অ্যাডমিনিস্ট্রেশন ব্লক এবং এডুকেশন ব্লককে আলাদা করা যায় কিনা। যদি অ্যাডমিনিস্ট্রেশন ব্লক এবং এডুকেশন ব্লককে আলাদা করা যায়। যদি অ্যাডমিনিস্ট্রেশন ব্লক এবং এডুকেশন ব্লককে পার্থক্য করে দেওয়া যায় তাহলে এই ইলেকট্রিশিয়ানদের আন্দোলনের জন্য এডুকেশন হ্যাম্পার করবে না। এই বিল অত্যন্ত সাহসী এবং জরুরি বিল। এর প্রয়োজন ছিল এবং সেইজন্য আমরা এই বিলকে সমর্থন

করছি। হয়তো এই বিলটা ইমপ্লিমেন্ট করতে গিয়ে কিছু বাধা আসবে। আগামি ২২শে আগস্টের মধ্যে তাদের অপশন দিতে বলা হয়েছে। এখন পর্যন্ত ১৪০০ ডাক্তারের মধ্যে মাত্র ৪০০'র কিছু বেশি ডাক্তার অপশন দিয়েছেন। তাহলে প্রায় হাজার ডাক্তার এখনও অপশন দিচ্ছেন না যে, তারা টিচিং-এ যাচ্ছেন, না নন-টিচিং-এ যাবেন। তারা ইতস্তত করছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে, আজকে আমাদের দেশে টাকাই মূল বিষয় হয়ে দাঁড়িয়েছে। আজকে কেউ আর হিউম্যানেটেরিয়ান সাইডের দিকে লক্ষ্য দিচ্ছেন না। মেডিক্যাল, লিগ্যাল বা টিচিং প্রোফেশন, যেগুলিকে আমরা নোবেল প্রোফেশন বলে মনে করতাম, যারমধ্যে একটা মিশনারি স্পিরিট থাকার কথা সেটা আজকে আর পাওয়া যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় মেডিক্যাল অফিসারদের ক্ষেত্রে ৪৫০০ টাকার পে স্কেল এবং হাজার টাকা নন-প্র্যাকটিসিং অ্যালউন্স ঘোষণা করেছেন। অর্থাৎ ৫৫০০ টাকা বেতন ঘোষণা করেছেন। তা সত্ত্বেও অনেকে রাজি হচ্ছেন না। কারণ সকলের কাছে প্রোফেশনটা মিশন নয়। সবাই টাকার খনির মালিক হতে চাইছেন। কাজেই সাড়ে পাঁচ হাজার টাকায় ডাক্তারবাবুদের মন ভরবে না। সেইজন্যই আজকে এই দৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হচ্ছে। ছাত্রদের কথা এবং দরিদ্র মানুষদের চিকিৎসার কথা মনে রেখেই এই ব্যবস্থা গ্রহণ করতে হচ্ছে। আজকে হাসপাতালগুলির যা অবস্থা তা চোখে দেখা যায় না। সাধারণ মানুষদের খুবই কষ্টের মধ্যেও সেখানে চিকিৎসার জন্য যেতে হয়। অনেক ডাক্তারবাবুই ১০,০০০ টাকা, ২০,০০০ টাকা যেখানে পার মান্থ ইনকাম করছেন সেখানে তারা সাড়ে পাঁচ হাজার টাকা বেতন নিতে চাইবেন না। এবং এটা খুবই দুর্ভাগ্যের বিষয় যে, টাকাটাই তাদের কাছে আজকে সবকিছু হয়ে গেছে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে, আপনি দৃঢ় পদক্ষেপে এগিয়ে যান। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারাপদ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয় যে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল সভায় উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, আমরা গত অধিবেশনে এই বিলটিকে এখান থেকে সমর্থন করে পাস করেছিলাম এবং আমরা যা পাস করেছিলাম তারই ওপর আজকে মন্ত্রী মহাশয় একটা সংশোধনী এনেছেন। এটা কেন আনতে হল তা মাননীয় মন্ত্রী মহাশয় এই সংশোধনীর উদ্দেশ্য এবং হেতু আমাদের অবগত করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে একটা কথা আমার মনে পড়ছে, আমাদের সকলেরই নিশ্চয়ই স্মরণ আছে যে, ডাক্তারবাবুদের টিচিং এবং ননটিচিং, প্র্যাকটিসিং এবং নন-প্রাকটিসিং-এর প্রশ্নে প্রথম বামফ্রন্ট সরকারের তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী শ্রীননী ভট্টাচার্য মহাশয় এই ধরনের একটা বিল আনার চেষ্টা করেছিলেন। কিন্তু সে সময়ে একদল প্রভাবশালী চিকিৎসকের বিরোধিতায় সে প্রচেষ্টা কার্যকর হয়নি। আজকে বিলম্বে হলেও এই প্রচেষ্টা অভিনন্দনযোগ্য। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে সাহসিকতার সঙ্গে, বলিষ্ঠতার সঙ্গে যে বিল এনেছেন এই বিলকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আজকে চিকিৎসা ক্ষেত্রে আমরা কি দেখছি, একজন চিকিৎসক, তিনি যদি প্র্যাকটিসিং চিকিৎসক হন তাহলে তিনি তার দায়িত্ব আনডিভাইডেড অ্যাটেনশন দিয়ে পালন করতে পারেন না। ফলে তার কাছ থেকে কাজের সুফল লাভ করা যায়না। অপর দিকে টিচিং-এর সঙ্গে যারা যুক্ত আছেন তারা যদি শুধু সেদিকেই গভীরভাবে দৃষ্টি দেন, আনডিভাইডেড অ্যাটেনশন দেন তাহলে দেখা যাবে যে, তাদের সেই গভীর জ্ঞানের কনা

মাত্র পেয়েই ছাত্ররা দেশের উজ্জ্বল ভবিষ্যত তৈরি করতে পারবে। সেইদিক থেকে আমার মনে হয় এই বিলের যথেষ্ট প্রয়োজনীয়তা আছে এবং এটি অত্যন্ত অভিনন্দনযোগ্য বিল। আমরা দেখছি বিভিন্ন সময় বিভিন্ন হাসপাতালে ভাংচুর হচ্ছে, কিন্তু এই সমস্ত ঘটনার মূলে যদি আমরা যাই তাহলে আমরা দেখব যে, কেবলমাত্র ওষুধের অভাবকেই কেন্দ্র করে এই সমস্ত ঘটনা ঘটে না বা কেবল মাত্র বেডের অভাবে এই সমস্ত বিশৃঙ্খল ঘটনা ঘটে না বা কেবল মাত্র সুখ সুবিধার অভাবের জন্যই ঘটে না, এই সমস্ত ঘটনা ঘটার মূল কারণই হচ্ছে ডাক্তারবাবুদের মধ্যে সামান্যতম সমবেদনা, সহানুভূতি না থাকা। আজকে. ডাক্তাররা যে ব্রতে আসীন আছেন সেইদিকে যদি নজর দেন, রোগীদের সঙ্গে যদি একটু মিষ্টি কথা বলেন তাহলে হাসপাতালের চেহারা অনেকটা পাল্টে যাবে। আজকে গরীব মানুষ, দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য হাসপাতাল প্রতিষ্ঠিত হয়েছে। বামফ্রন্ট সরকার এইসব হাসপাতালের সর্বাঙ্গীন উন্নতি করার চেষ্টা করছেন। কিন্তু দুঃখের সঙ্গে, অত্যন্ত বেদনার সঙ্গে বলছি, এই সমস্ত দুর্বলতর শ্রেণীর মানুষ যখন হাসপাতালে যায় তখন অনেক সময় দেখেছি, তারা মানুষের মতন ব্যবহার পায় না, যারফলে হাসপাতালে ভাঙচুরের অভিযোগ ওঠে। আমি গ্রামে-গঞ্জের বিভিন্ন হাসপাতালে গিয়ে দেখেছি অবর্ণনীয় অবস্থা। একই চিকিৎসা যখন তিনি হাসপাতালে চিকিৎসা করেন তখন তার চেহারা একরকম আর সেই ডাক্তার যখন চেম্বারে বসে প্র্যাকটিস করেন তখন তার চেহারা অন্যরকম। এই যে বৈষম্যমূলক ব্যাপার, এর মূল কারণ হচ্ছে কমার্শিয়াল ইনটারেস্ট। ডাক্তাররা কমার্শিয়াল ইন্টারেস্ট নিশ্চয়ই দেখবে, কিন্তু ডাক্তারদের মনে রাখা উচিত জনসেবামূলক যে উদ্দেশ্য যেন ব্যর্থ না হয়। আজকে সেইসব কথা মনে রেখে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তার উদ্দেশ্য বস্তু নিষ্ঠ এবং সময়পোযোগী, সেইজন্য এই বিলটিকে আমি সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে বলা যেতে পারে যদি কেউ মনে করেন যে এই বিলটি অ্যাবরাপ্টলি আনা হয়েছে সেটা ঠিক নয়। এখানে লেখা আছে অপশন দেবার জন্য ডাক্তারদের যথেষ্ট সময় দেওয়া হয়েছে। তারা ভাবনা-চিন্তা করবেন কোনটি তারা নেবেন। তারা তাদের মতামত জানিয়ে দেবেন, তারপর তারা যেটা গ্রহণ করবেন সেইদিকে যাবেন। মূল কথা হচ্ছে, একজন ডাক্তার যে পদে থাকবেন সেই পদেই থাকতে হবে, এটা অর্ধেক, ওটা অর্ধেক এটা জিনিস হবে না। Things done by halves are never done by right. এইকথা বলে এই বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-05 — 5-16 P.M.]

**ডাঃ ওমর আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে আলোচনার জন্য যে বিল এসেছে তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মজা হচ্ছে, আমাদের এই শিক্ষা ব্যবস্থায় সে সাধারণ শিক্ষা ব্যবস্থাই হোক আর মেডিক্যাল শিক্ষা ব্যবস্থাই হোক সর্বক্ষেত্রে ভিন্নরূপ দেখছি, এটা আমাদের অভিজ্ঞতা। সাধারণ শিক্ষাক্ষেত্রে দেখছি, আগেকার মতন শিক্ষকদের এবং অধ্যাপকেরা ছাত্রদের পড়ান না। তারা বেশিরভাগ সময় প্রাইভেট টিউশনের দিকে ঝোঁকেন, তা নাহলে টিউটোরিয়াল হোম করে সেখানে আরও বেশি পয়সা অর্জন করার চেষ্টা করেন। তারা সেইদিকে বেশি আগ্রহ দেখান। ফলে সামগ্রিকভাবে শিক্ষার যে মান তার অবনতি হচ্ছে। মেডিক্যাল এডুকেশনের ব্যাপারে আমরা

দেখছি, যারা শিক্ষা দেবেন অর্থাৎ ডাক্তারবাবুরা তারা প্রাইভেট প্র্যাকটিস করছেন, নার্সিং এ্যাটাচ থাকছেন এবং শিক্ষা দিচ্ছেন। তাদের আগ্রহ প্রাইভেট প্র্যাকটিসের দিকে বেশি হয়ে যাচ্ছে। নার্সিং হোমের দিকে বেশি·হয়ে যাচ্ছে। ফলে শিক্ষার ব্যাপারের অবহেলা হচ্ছে। সুতরাং এইরকম একটা অবস্থায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চেষ্টা করছেন, যারা মেডিক্যাল এডুকেশনের সঙ্গে যুক্ত হবেন তাদের নন-প্র্যাকটিসিং করে পুরো সময় যাতে শিক্ষার কাজে তারা মন দিতে পারেন তারজন্য চেষ্টা করা।

এটা তাদের প্রাথমিক পদক্ষেপ। এটা কার্যকর করা খুব সহজ ব্যাপার নয়। অনেকরকম বাধা আসবে, ভেতর থেকে, বাইরে থেকে। কিন্তু এটা করতে হবে। করতে হলে এখানেই থামলে চলবে না। আমার মনেহয় যে যিনি মেডিক্যাল সার্ভিসে থাকবেন, ডাক্তার শিক্ষক নন যিনি, যিনি চিকিৎসক হিসাবে হাসপাতালে থাকবেন, হেলথ সেন্টারে থাকবেন তাদের ধীরে ধীরে নন-প্র্যাকটিসিং করবার ব্যবস্থা করতে হবে। তা না হলে আমরা যে জনসাধারণকে সুচিকিৎসা দেবার পরিকল্পনা নিচ্ছি বা মনোবাসনা করছি তা পুরোপুরি সফল হবে না। এটা আরও কঠিন কাজ এবং এই কঠিন কাজের দিকে আমাদের যেতে হবে। তৃতীয়তঃ মেডিক্যাল এডুকেশন সম্বন্ধে নূতন করে ভাবতে হবে। মেডিক্যাল এডুকেশন সম্পর্কে নূতন করে কি করা যায় সেই সম্পর্কে ডাঃ গৌরীপদ দত্ত মহাশয় বলেছেন। এখানে মডার্ন মেডিসিন-এর ব্যাপার নিয়ে আলোচনা হয়েছে, হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদি নিয়ে আলোচনা হচ্ছে আমি সেই সম্পর্কে যাচ্ছি না। এডুকেশন সিস্টেমের মধ্যে পরিবর্তন আনতে হবে। এমনও হতে পারে যে ক্যারিকুলামও সংশোধন করতে হতে পারে, মেথড অফ টিচিং সংশোধন করতে হতে পারে। কারণ এখন যেভাবে চলছে তাতে দেখতে পাচ্ছি যে আমরা অনেক ডাক্তার তৈরি করছি প্রতি বছর এবং সেই ডাক্তার স্পেশ্যালিস্ট হবার চেষ্টা করছে এবং তাদের সুযোগও দেওয়া হচ্ছে। তারা স্পেশ্যালিস্ট হচ্ছে কিন্তু বেসিক বলতে আমরা যা বুঝি সেই বেসিক ডাক্তারের দারুণ অভাব ঘটছে। ফলে জনসাধারণ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। স্পেশ্যালিস্ট ডাক্তারদের রুর‍্যাল ওরিয়েন্টেশন থাকছে না। তাদের যখন হেলথ সেন্টারে পোস্টিং দেওয়া হচ্ছে তারা সেখানে যেতে চাচ্ছে না, সুযোগ খোঁজে কি করে শহরের কাছাকাছি আসবে। কারণ এখান থেকে তারা স্পেশ্যালিস্ট হওয়ার, এম.ডি. হওয়ার সুযোগ পান। এই সমস্ত ডাক্তারবাবুরা ধীরে ধীরে সফিসটিকেটেড ইন্সট্রুমেন্ট ওরিয়েনটেড হয়ে যাচ্ছে, সফিসটিকেটেড মেডিসিন ওরিএনটেড হয়ে যাচ্ছে এবং তারা সাধারণ রেরাগের ক্ষেত্রে সাধারণ ঔষধ প্রয়োগ না করে হাই প্রাইস সফিসটিকেটেড ড্রাগস প্রেসক্রাইভড করছে, সফিসটিকেটেড প্যাথোলজিক্যাল ইনভেসটিগেশন-এর দিকে লোকেদের চালিত করছে। সেই পয়সা সাধারণ মানুষ পাবে কোথায়? তাই অসুবিধা হচ্ছে। উল্টোদিকে তাদের কার্যকলাপ আমাদের দেশের যারা মোনোপলিস্ট ড্রাগস ম্যানুফ্যাকচারার তাদের মুনাফা বৃদ্ধিতে সাহায্য করছে, মাল্টি-ন্যাশনাল ড্রাগস ম্যানুফ্যাকচারার তাদের মুনাফা বৃদ্ধিতে সাহায্য করছে। সাধারণ ঔষধে যেখানে রোগ সারে সেখানে আমাদের এইরকম সফিসটিকেটেড ড্রাগসের দিকে আমাদের নিয়ে যাচ্ছে। এইভাবে তো চললে হবে না। এছাড়া আমরা দেখতে পাচ্ছি যে আমাদের আরও একটা উইং প্রিভেনটিভ সাইড সেই দিকটা অবহেলিত হয়ে যাচ্ছে। হাসপাতালের বা হেলথ সেন্টারের ডাক্তার যারা প্রাইভেট প্র্যাকটিস করছে তাদের চেম্বারে

রোগীর সংখ্যা দিনের পর দিন বাড়ছে। এতে আত্মসন্তুষ্টি লাভ করতে পারেন যে লোকেদের হেলথ কনসাস বেড়ে গেছে বলে এটা হচ্ছে। তা কিন্তু না। তার মানে আর একটা যে সাইড যেখানে রোগ না হতে পারে এই যে ব্যবস্থাটা আছে সেই সিস্টেমটা গোলমাল হয়ে যাচ্ছে। সুতরাং সবকিছুই আমাদের দেখার দরকার আছে। হাসপাতালের অবস্থা আমরা ফেরাতে পারিনি, হেলথ সেন্টারের অবস্থা আরও খারাপ, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা যায় নি, কুকুর ঢোকা বন্ধ করা যায় নি। এই অবস্থায় নন-টিচিং ক্যাডার ইনট্রোডিউস করা এবং তাকে ইমপ্লিমেন্ট করা খুব ডিফিকাল্ট টাস্ক। তবুও এই ডিফিকাল্ট টাস্কের দিকে না এগিয়ে কোনও উপায় নেই। যদি আমরা পশ্চিমবঙ্গবাসীর স্বাস্থ্য রক্ষা করতে চাই, যদি ডাক্তারদের রুর‍্যাল ওরিয়েন্টেড করতে চাই, যদি তাদের প্রফেশনকে নোবেল দিকে বিকাশ ঘটাতে চাই, যদি বেসিক ডাক্তার তৈরি করতে চাই, তাহলে এই পদক্ষেপ নিতে হবে এবং ভবিষ্যতে মেডিক্যাল সার্ভিসে যারা আসবেন তাদের নন-প্র্যাকটিসিং করবার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। আমি আশা করব, সমস্ত বিষয়টা স্বাস্থ্যমুখি করবার জন্য বিবেচনা করবেন এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্যরা খুব গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছেন। পশ্চিমবঙ্গে চিকিৎসা ক্ষেত্রে কিরকম পরিস্থিতি সেটা তারা পরিষ্কারভাবে তুলে ধরেছেন। আজকে সেই উদ্দেশ্যেই এই আইনটা করা হচ্ছে, সংশোধনী আনা হয়েছে। তবে কাজটা খুবই কঠিন। মাননীয় সদস্য ডাঃ ওমর আলির এ-বিষয়ে নিজস্ব অভিজ্ঞতা আছে এবং তারজন্য তিনি এটা যদিও খুব কঠিন কাজ সেটা আমি বুঝি, তবে এটা কার্যকর করতে হবে" একথা বলেছেন। ঠিকই, এটা কার্যকর না করলে আমাদের এক্ষেত্রে কোনও সম্ভাবনা নেই। এটা ঠিকই, সমস্ত চিকিৎসা ব্যবস্থাকে যদি আমরা এই ধরনের নন-প্র্যাকটিসিং করতে পারতাম তাহলে খুবই ভাল হত, কিন্তু একধাপে সব কাজ করা যায় না। সেজন্য আমরা প্রথম পর্যায়ে যারা মেডিক্যাল এডুকেশন নিতে আসবেন তাদের জন্য শিক্ষা-ব্যবস্থাটা যাতে উন্নত ধরনের হয় তার চেষ্টা করছি। আর একটি কথা হল, আমরা অগ্রাধিকার দিয়েছি প্রতিষেধকমূলক চিকিৎসা-ব্যবস্থা এই শিক্ষার মধ্যে নিয়ে আসার, কিন্তু সেটা নির্ভর করে অল ইন্ডিয়া মেডিক্যাল কাউন্সিলের উপর। আজকে তারা যদি এই ক্যারিক্যুলাম না পাল্টান তাহলে আমাদের পক্ষে সেটা সম্ভব নয়, কারণ এক্ষেত্রে এম.সি.আই-ই সমস্ত কিছু করে থাকেন। চিকিৎসা-ব্যবস্থার উন্নতিকল্পে এই মেডিক্যাল এডুকেশনের মাধ্যমে গরীব মানুষকে যাতে সুচিকিৎসা দিতে পারি তারজন্য যেসব ছাত্রছাত্রী মেডিক্যাল এডুকেশন নিতে আসেন তারা যাতে সেইমতো শিক্ষাটা পান এবং আমাদের অর্থনৈতিক ও সামাজিক কাঠামোর প্রয়োজনীয়তা উপলব্ধি করে যাতে তারা গ্রামে-গঞ্জে, শহরে সেইমতো চিকিৎসার ব্যবস্থা করতে পারেন সেই উদ্দেশ্য নিয়েই আমরা এই আইনটা করছি, সংশোধনী এনেছি যাতে এই কঠিন কাজটা আমরা কার্যকর করতে পারি। আমি খুবই আনন্দিত যে, যে সমস্ত মাননীয় সদস্যগণ এখানে আলোচনা করলেন তারা একে সমর্থন জানিয়েছেন। আগামী দিনে আমরা যদি এক্ষেত্রে সাফল্য লাভ করতে পারি তাহলে আমাদের চিন্তাধারা আছে যে, গোটা চিকিৎসা ব্যবস্থাকে আরও ঢেলে সাজাতে পারি কিনা সেই চেষ্টা আমরা করব। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal State Health Service (Amendment) Bill, 1990, be taken into consideration was then put agreed to.

### Clauses 1 to 9 and Preamble

The question that the clauses 1 to 9 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the West Bengal State Health Service (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was adjourned at 5.16 p.m. till 1 p.m. on Tuesday, the 21st August, 1990 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 21st August, 1990 at 1 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 3 Ministers of State and 167 Members.

[1-00 — 1-10 P.M.]

### Obituary Reference

**Mr. Speaker :** Before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Panchanan Let, former member of the West Bengal Legislative Assembly who breathed his last on the 16th August, 1990 at his own residence.

Born at Nahisakura in Birbhum district, Shri Let had his education at Mollarpur School. He was a member of the undivided Communist Party and after split of the party he joined the Communist Party of India (Marxist). He was a cultivator by profession.

He was elected to the West Bengal Legislative Assembly in 1969 and 1977 from Mayureswar-Birbhum Constituency as a candidate of Communist Party of India (Marxist.)

At this death the state has lost a sincere political leader.

Now, I would request the Hon'ble members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you, Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ স্পিকার স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফর্মেশন আছে। আমি আপনার কাছে একটি কথা নিবেদন করতে চাই। আজকে আমাদের হাউস চলছে। কালকে আমাদের মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় প্রিয়রঞ্জন দাশমুন্সি সম্বন্ধে কোনও রকম কাগজ না দিয়ে অশালীন উক্তি করেছেন। তিনি আরও উক্তি করেছেন যে কংগ্রেসীরা তার পার্টির ক্যাডারদের কাছে পায়ের নখের যোগ্য নন। আমি আপনাকে অনুরোধ

করব, আমি তার ঐ উক্তি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করার নির্দেশ দিন এবং তিনি ঐ উক্তির জন্য হাউসে ক্ষমা চান।

মিঃ স্পিকার ঃ না, এটা পয়েন্ট অব ইনফর্মেশন হয় না।

## Strarred Questions

## (to which oral answers were given)

### 'দৈনিক বসুমতী' পত্রিকা প্রকাশিত না হওয়ার কারণ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পরিচালিত 'দৈনিক বসুমতী' পত্রিকা ৩০শে জুন, ১৯৯০ ও ২১শে জুলাই, ১৯৯০ তারিখে প্রকাশিত হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ৩০.৬.৯০ তারিখে 'দৈনিক বসুমতী' পত্রিকা প্রকাশিত হইয়াছে।

২১.৭.৯০ তারিখে 'দৈনিক বসুমতী' পত্রিকা প্রকাশিত হয় নাই।

(খ) বসুমতী পত্রিকা এলাকায় সি.ই.এস.সি. কর্তৃক শোচনীয়ভাবে বিদ্যুৎ ছাঁটাইয়ে জন্য ২১.৭.৯০ তারিখে 'দৈনিক বসুমতী' পত্রিকা প্রকাশ করা সম্ভব হয় নাই।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এর আগে ঐ পত্রিকার প্রকাশনা কোনওদিন বন্ধ ছিল কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমার কাছে ঐ একই কথা আছে—২১/৭/৯০ তারিখে পত্রিকা প্রকাশ করা যায়নি। তবে ৩০/৬/৯০ তারিখে পত্রিকা প্রকাশিত হয়েছে, তার কপিও আমার কাছে আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, সরকার কর্তৃক অধিগ্রহণের পর বসুমতীর প্রচার সংখ্যা এখন কোন জায়গায় গিয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনাকে নোটিশ দিতে হবে, এর সঙ্গে এই প্রশ্ন আসে না।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমার যতদূর জানা আছে যে সংবাদপত্রের ক্ষেত্রে স্পেশ্যাল লাইন থাকে। সাধারণ জায়গায় যখন লোডশেডিং হয় সংবাদপত্রগুলিকে সেই অসুবিধায় পড়তে হয় না। সেক্ষেত্রে সরকারি পত্রিকার ক্ষেত্রে কোনও স্পেশ্যাল লাইন কি এই লোডশেডিং অবস্থা এড়ানোর জন্য?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দৈনিক পত্রিকার ক্ষেত্রে আমরা আপ্রাণ চেষ্টা করি তারা যাতে বিদ্যুৎ ছাঁটাইয়ের বাইরে থাকে। কিন্তু এক এক সময়ে এমন অবস্থা হয় যে এই ঘটনা ঘটে

যেতে পারে। যেমন দেখুন এইক্ষেত্রে একদিন মাত্র হয়েছে। আমরা চেষ্টা করি যাতে না হয় কিন্তু খুব সমস্যা হলে পরে একদিন দুদিন হয়ে যায়।

## 'পাইলট প্রশিক্ষণ' কেন্দ্র

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮।)**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকারের পরিচালনায় এ রাজ্যে একটি 'পাইলট প্রশিক্ষণ' (বৈমানিক) কেন্দ্র চালু আছে ;

(খ) সত্য হলে, উক্ত কেন্দ্রের শিক্ষাবর্ষ বছরে কোন মাস থেকে শুরু হয় ; এবং

(গ) কতজন শিক্ষার্থী প্রতি বছর উক্ত কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পান?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিমান প্রশিক্ষণ কোনও নির্দিষ্ট শিক্ষাবর্ষ অনুযায়ী হয় না। একজন শিক্ষার্থীকে প্রাইভেট পাইলট লাইসেন্স পেতে গেলে ৬০ ঘণ্টা এবং কমার্শিয়াল পাইলট লাইসেন্স পেতে গেলে ২৫০ ঘণ্টার প্রশিক্ষণ নিতে হয়। পরিস্থিতি অনুকূল থাকলে এই প্রশিক্ষণ মোটামুটি ভাবে তিন বছরে সম্পন্ন করা যায়। কাজেই, যেহেতু প্রশিক্ষণ কেন্দ্রে কোনও নির্দিষ্ট শিক্ষাবর্ষ নেই, সেহেতু শিক্ষাবর্ষ শুরু হওয়ার কোনও নির্দিষ্ট মাসও নেই।

(গ) গত বছর মোট ১১ জন শিক্ষার্থীকে কমার্শিয়াল পাইলট লাইসেন্সের প্রশিক্ষণ দেওয়ার জন্য নেওয়া হয়েছিল এছাড়াও, প্রতি বছর এন.সি.সি. থেকে পাঁচজন শির্ক্ষাথী প্রাইভেট পাইলট লাইসেন্স এর জন্য প্রশিক্ষণ নিতে আসেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে হিসাব দিয়েছেন তাতে ১১ জনের প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছে এবং এন.সি.সি. থেকে ৫ জন এই নিয়ে মোট ১৬ জনকে প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন। আজকালকার ছেলেরা তো বিভিন্ন দুঃসাহসিক সমস্যার মধ্যে চাকুরি করতে যাচ্ছে। সুতরাং পাইলট প্রশিক্ষণ কেন্দ্র সম্প্রসারণের কথা ভেবেছেন কিনা এবং আরও অধিক সংখ্যক যাতে প্রশিক্ষণ নিতে পারে তার কোনও চিন্তাভাবনা করেছেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কিছু দিন আগেও বিমান প্রশিক্ষণ বন্ধ ছিল। নানারকম দুর্ঘটনা আর সবচেয়ে বড় সমস্যা হল এতদিন পর্যন্ত কোনও মুখ্য প্রশিক্ষক হিসাবে কাউকে উপযুক্ত পাই নি। তাছাড়া অতিরিক্ত বেতন সংক্রান্ত ব্যাপারেও বৃদ্ধি করেছি কিন্তু তাতে লোক পাচ্ছি না। যদিও একজনকে পেয়েছি তিনি ডিরেকটর জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন থেকে পাইলটের জন্য অনুমোদন দেয় নি। কাজে কাজেই অসুবিধা হচ্ছে। সুতরাং এইসব অসুবিধা দুর করতে না পারলে সম্প্রসারণ করা সম্ভব নয়। কারণ ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের একটা প্রোজেক্ট আমরা নেবার চেষ্টা করছি। পূর্ব ভারতের একটা কেন্দ্র হিসাবে এই কলকাতাতে

যাতে গড়ে তুলতে পারি তার একটা প্রস্তাব আমরা করেছি **এবং** এই ব্যাপারে কথাও বলেছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনারা যে ৩ বছরের সামগ্রিক পরিকল্পনার কথা বলেছেন এই ৩ বছরটা যদি কমিয়ে আনা যায় তাহলে সুবিধা হয় কারণ এই ৩টে বছর অত্যন্ত বেশি সময় হয়ে যাচ্ছে এবং আরও কম শিক্ষাবর্ষ ধরলে রাজ্যের ছেলেরা তাড়াতাড়ি বৈমানিক হতে পারে, এই ব্যাপারে কোনও শিক্ষা দেবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** এই সময়ের ব্যাপারটা আমাদের উপর নির্ভর করে না। এটা এমন একটা গুরুত্বপূর্ণ বিষয় যে এক্ষেত্রে নিরাপত্তার প্রশ্ন জড়িত আছে। তাছাড়া বিমানও আমাদের কম আছে এবং যে বিমান আছে তার ইঞ্জিনের পরিবর্তন করতে না পারলে সবটা করা যাবে বলে মনে হয় না।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এইটা যখন শিক্ষাবর্ষ হিসাবে শুরু হয় তখন কতজন সর্বাধিককে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** আমি আগেও বলেছি যে অনেকদিন বন্ধ থাকার পরে এই প্রশিক্ষণ শুরু করেছি। এখনও পর্যন্ত আমরা যে প্রস্তাব নিয়েছি তাতে ১৬ জনকে শিক্ষা দিতে পারব এবং এর বেশি দেওয়া সম্ভব নয়।

**শ্রী আবুল হাসনাৎ খান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ১৬ জন শিক্ষার্থীর মধ্যে সবাই কি ছেলে না কি মেয়ে আছেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** একজন মহিলা আছেন।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, অবশ্য যেভাবে বাস ট্রামের ভাড়া বাড়িয়েছেন তাতে ট্রাম বাস ছেড়ে প্লেনেই যেতে হবে। এই রাজ্যে শিক্ষার্থী পাইলটের চূড়ান্ত আকারে সমস্যা আছে এবং কিছুদিন আগে কাগজে দেখেছিলাম শিক্ষার্থী পাইলট তিনি এয়ারপোর্টে পোর্টারের বা কুলির কাজ করছিলেন। এই পাইলট প্রশিক্ষকের ব্যাপারে ইন্ডিয়ান এয়ারলাইন্স এবং অন্যান্য বিমান কোম্পানিতে যাতে চাকুরি পায় সেইজন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনও আলোচনা করেছেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** আমার কাছে এই ধরনের কোনও সংবাদ নেই। বরং আমার কাছে উল্টো সংবাদ আছে যে বিমান চালকের এখনও প্রয়োজন আছে। আগামী ২ বছরে ১৬ জনের মধ্যে ১১ জন কমার্শিয়াল পাইলট হবে। এই ১১ জন যদি পাশ করে। এরা পরীক্ষায় উত্তীর্ণ হলে চাকরি পেতে খুব একটা অসুবিধা হবে বলে আমার মনে হয় না।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে শিক্ষার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী :** এর জন্য দিল্লিতে একটা পরীক্ষা দিয়ে আসতে হয় সেখান থেকে

যদি পাশ করে আসেন তাহলে এখানে ভর্তি হবার যোগ্যতা আছে বলে ধরা হয়। তবে হায়ার সেকেন্ডারি হচ্ছে মিনিমাম কোয়ালিফিকেশন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** গত ১১ বছরে পশ্চিমবাংলা থেকে একজনও বাঙালি পাইলট রিক্রুট হননি। ইন্ডিয়ান এয়ারলাইন্সে একজনও বাঙালি পাইলট রিক্রুট হননি। বেহালাতে যে প্রশিক্ষণ কেন্দ্র আছে সেখানে দিল্লি থেকে একজন শিক্ষককে আনা হয়েছিল এবং তিনি কয়েকদিন প্রশিক্ষণ দেবার পরে এখানকার চাকরি ছেড়ে চলে গিয়েছেন। এই ছেড়ে যাওয়ার কারণ কি এবং রাজ্য সরকার এই ব্যাপারে কিছু জানেন কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তীঃ** সাবজেক্ট কমিটিতে যে সমস্ত সদস্যরা আছেন, তারা সাবজেক্ট কমিটিতে যখন রিপোর্ট দিয়েছি সেটা যদি না পড়ে কেউ প্রশ্ন করেন .......

**Mr. Speaker :** The question to be asked should not be a roving question. How could the Minister reply without going through the reports as to why somebody had given up his Job? No, no, not allowed.

**শ্রী শ্যামল চক্রবর্তীঃ** তবুও আমি উত্তর দিচ্ছি। স্যার, একজন ডি.জি.সি.এ.কে দিল্লি থেকে এখানে মুখ্য পরীক্ষক হিসাবে পাঠানো হয়েছিল কিন্তু তার সঙ্গে অন্য অফিসারদের, অন্য শিক্ষার্থীদের অন্য কর্মচারীদের কারুর সঙ্গে বনিবনা হয়নি। এবং যে রিপোর্ট এসেছিল তিনি আড়াইঘণ্টা সময় দিচ্ছিলেন না, তার জন্য একটা কোয়ার্টার বরাদ্দ করা হয়েছিল কিন্তু তিনি সেখানে যাননি। তার পরে দিল্লির কোয়ার্টার রাখবার জন্য বিশেষভাবে তিনি চিঠি লিখতে অনুরোধ করেছিলেন—মুখ্য প্রশিক্ষকের অভাব বলে সমস্ত কিছুর সঙ্গে আমি কমপ্রোমাইজ করেছিলাম কিন্তু শেষ পর্যন্ত তিনি থাকেননি।

**শ্রী দিলীপকুমার মজুমদারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই প্রশিক্ষণ কাজের জন্য বাইরের রাজ্য থেকে কোনও পাইলট আনা হচ্ছে কিনা, বিশেষ করে যারা প্রাক্তন পাইলট যারা ছোট উড়োজাহাজ চালাতে পারেন—যেমন রাজীব গান্ধী এখন বেকার বসে আছেন, এদেরকে কোনও প্রশিক্ষণে নেওয়া যায় কি না?

(গোলমাল)

**শ্রী শ্যামল চক্রবর্তীঃ** যদি কেউ এখানে আবেদন করতে পারেন তাহলে সেক্ষেত্রে আবদেনটি নিশ্চয় আমি বিবেচনা করে দেখব।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** প্রাক্তন প্রধানমন্ত্রী নাম করে যেটা উনি বললেন সেটা এক্সপাঞ্জ করবার জন্য বলুন।

**মিঃ স্পিকারঃ** মেম্বারদের কাছে অনুরোধ করব যে কোনও ইরেলিভম্যান্ট প্রশ্ন করবেন না, যেটা কোয়েশ্চেন আওতার মধ্যে পড়ে সেই রকম প্রশ্ন জিজ্ঞেস করবেন।

**বন্যায় মেদিনীপুর জেলার সবং ব্লকে ক্ষতিগ্রস্ত মানুষ ও সরকারি সাহায্য**

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪।) **ডাঃ মানস ভুঁইয়াঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় মেদিনীপুর জেলার সবং ব্লকে (১) কতগুলি গ্রাম ও (২) কত সংখ্যক মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(খ) উক্ত এলাকায় বন্যাদুর্গত মানুষদের কি কি ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে ; এবং

(গ) সবং ব্লকে ত্রাণ কমিটি কি কি জিনিস কত পরিমাণে দেওয়ার জন্য সরকারের কাছে অনুরোধ করেছিল ;

**শ্রীমতী ছায়া বেরা ঃ**

(ক) (১) ৪২টি গ্রাম।

(২) ৪৫,০০০ মানুষ।

(খ) শুকনো খাবার, বিশেষ ক্ষয়রাতি সাহায্য, ত্রিপল, ধুতি, শাড়ি পোষাক ও আনুষঙ্গিক খরচের জন্য টাকা দেওয়া হয়েছে। এছাড়া নলকূপ বসানোর কাজ ও চিকিৎসা কেন্দ্রও খোলা হয়েছিল।

(গ) ব্লকের ত্রাণ কমিটি সরকারের সঙ্গে নিম্নলিখিত সামগ্রীর জন্য আবেদন করেছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ১। | ত্রিপল— | ১০,০০০ টি |
| ২। | হোগলা— | ১০,০০০ টি |
| ৩। | গুঁড়ো দুধ— | ৩,০০০ কিলোগ্রাম |
| ৪। | খালি ড্রাম— | ২০টি |
| ৫। | বিশেষ ক্ষয়রাতি সাহায্য— | ৬০ মেট্রিক টন (গম) |

৬। শিবিরে আশ্রিত মানুষের জন্য চাল, ডাল।

৭। চিকিৎসার জন্য চিকিৎসা কেন্দ্র স্থাপন।

৮। ১০,০০০ গরুর জন্য খাদ্য।

৯। নগদ ৭০,০০০ টাকাও

১০। ৩০,০০০টি খালি চটের থলে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** খ প্রশ্নের উত্তর আমি ঠিকমতন পেলাম না। গ প্রশ্ন যেটা ছিল যে ব্লক ত্রাণ কমিটি পক্ষ থেকে যা যা রিকোয়ারমেন্ট ছিল সেই রিকোয়ারমেন্টের ভিত্তিতে কি কি ত্রাণ সমাগ্রী কি কি পরিমাণে ওই ৪২টি গ্রামে ৪৫ হাজার মানুষ বন্যা কবলিত হল সেখানে কি পরিমাণ দেওয়া হয়েছে সেই সম্বন্ধে আপনি বলুন।

[1-20 — 1-30 P.M.]

**শ্রীমতী ছায়া বেরা ঃ** কনটিনজেন্সীতে ৪২ হাজার টাকা, ড্রাই ফুড বাবদ সাড়ে ১৬ হাজার টাকা ব্যয় হয়েছে। স্পেশ্যাল জি.আর. দেওয়া হয়েছে যার মধ্যে চাল, গম, সবই আছে

সেটা হচ্ছে ৩০.১৬৯ মেট্রিক টন, অ্যালোটমেন্ট হয়েছে আরও ১০ মেট্রিক টন। সেটাও দেওয়া হবে। ত্রিপল দেওয়া হয়েছে দেড় হাজার, ধুতি ৩০০, শাড়ি ৩০০, জামা-প্যান্ট ৩০০। বিভিন্ন সময় টিউবওয়েল মাটি থেকে একটু তুলে এনে যাতে সেটাতে পানীয় জল হিসাবে ব্যবহার করা যায় আর অন্য ৫০০ ফুট পাইপ দেওয়া হয়েছে। ৫০টি রিডিউসিন সকেট দেওয়া হয়েছে। ১২টি বিগ ব্যারেল দেওয়া হয়েছে। খালি ড্রাম দেওয়া হয়েছে জল বহন করে নিয়ে যাবার জন্য। একটা মিনি ট্রাকের বন্দোবস্ত করা হয়েছে। মেডিক্যাল ক্যাম্প করা হয়েছে ১০টি, তবে এর মধ্যে অবশ্য এখন ৬টি চালু আছে। জল নেমে যাবার পর ৩৫০টি টিউবওয়েল পরিশোধিত করা হয়েছে। আর গ্রামের লোকেরা যারা পুকুর ঘাট ব্যবহার করেন এই রকম পুকুর ৩৮৭টি সংস্কার করা হয়েছে। তারপর ধরুন বিভিন্ন বাড়ি তারা যেভাবে চেয়েছেন, সে রকম ১,২০২টি বাড়ি আমরা সেখানে তৈরি করেছি। তাছাড়া ২৪০টি টিউবওয়েল রিপেয়ার করে সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া জানাবেন কি, সবং বন্যা ত্রাণ কমিটির পক্ষ থেকে যে দাবি করা হয়েছিল ১০,০০০ ত্রিপল, ১০,০০০ হাজার হোগলা। সেখানে আপনি ১,৫০০ ত্রিপল দিয়েছেন, ৪২ হাজার লোকের জন্য। এটা কি ঠিক এবং এ ব্যাপারে কি করা যায় সেটা আপনি ভেবে দেখবেন কি? এই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন পানীয় জলের সমস্যা মেটানোর জন্য ৫০০ফিট পাইপের আপনি যে হিসাব দিলেন এবং আমার কাছে তথ্যও আছে, টিল ডেট সরকারি হাসপাতালের ডাক্তারের চিঠির কপি এবং আমি নিজে মহাকরণে গিয়ে আপনাকে চিঠি দিয়ে এসেছিলাম এই তীব্র পানীয় জলের হাহাকারের ব্যাপারে এবং মেদিনীপুর জেলা পরিষদের পক্ষ থেকে আপনাকে চিঠি দেওয়া হয়েছিল। কিন্তু আপনি সেখানে মাত্র ২৫টি দেড় ইঞ্চি পাইপের যে তথ্য দেখিয়েছেন, সেটা কিসের ওপর ভিত্তি করে আপনি ঠিক করেছেন সেটা আমি জানতে চাইছি।

**মিঃ স্পিকার ঃ** কিসের উপর তথ্য নিয়ে প্রশ্ন করা হয়েছে, এই প্রশ্ন করবার অধিকার আপনার নেই। প্রশ্নটা আপনি ঠিকভাবে করুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমি ঐ এলাকার বিধায়ক, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে জানতে চাইছি যে, এখনও পর্যন্ত সেখানে তীব্র পানীয় জলের সঙ্কট, এই ব্যাপারে আপনার সরকারের পক্ষ থেকে কি পদক্ষেপ নেওয়া হয়েছে। আমি জানি সরকারের পক্ষ থেকে কোনও পদক্ষেপ নেওয়া হয়নি।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** আমি তো আগেই পড়ে দিয়েছি পানীয় জলের জন্য সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আপনি পরের প্রশ্নটা জিজ্ঞাসা করুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** ৪২ হাজার বন্যা প্লাবিত মানুষের জন্য আপনার সরকারের পক্ষ থেকে সেখানে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**মিঃ স্পিকার ঃ** উনি প্রশ্নটা করছেন দুটো। আগে, একটা হচ্ছে পানীয় জলের সঙ্কট এটা ঠিক কিনা আপনি বলুন। আর সেকেন্ড পার্টের উত্তরটা পরে দেবেন।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** আমার কাছে পানীয় জলের সঙ্কটের কোনও খবর এখনও পর্যন্ত নেই। তবে আপনি যখন বলছেন, তখন আমি খোঁজ নিয়ে দেখব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমি মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে অনুগ্রহ করে জানতে চাইছি, সবং-র মেডিক্যাল অফিসার সরকারি ভাবে যে চিঠি দিয়েছিলেন এবং আমি মহাকরণে গিয়ে আপনাকে যে চিঠি দিয়েছিলাম পানীয় জলের সঙ্কটের ব্যাপারে এবং টিউবওয়েলের ব্যাপারে সেখানে আজ পর্যন্ত কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** আমি তো আগেই পড়েছি, ওখানে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** না ওখানে আপনি ঠিকমতো সব ব্যবস্থা নেননি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এইমাত্র বললেন সবং-এ পানীয় জলের সঙ্কট সম্পর্কে ওর কাছে কোনও সংবাদ নেই, অথচ মাননীয় বিধায়ক মানস ভুঁইয়া বলছেন পানীয় জলের সঙ্কটের ব্যাপারে মেডিক্যাল অফিসারের চিঠি সমেত উনি নিজের হাতে মন্ত্রী মহাশয়াকে দিয়েছেন। তার মানে মন্ত্রীরা বিধায়করা যে চিঠি দেন সেটা কি পড়েন না, সেটা কি গ্রাহ্য হয় না?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** মাননীয় বিধায়ক যখন চিঠি দিয়েছিলেন, যে সময়টার কথা উনি বলছেন সেই সময়ে ওকে বলে দিয়েছিলাম ঠিক বন্যার জলে মানুষ যেভাবে বিধস্ত হচ্ছিল আমরা তখন বাইরে থেকে ব্যারেল পাঠিয়ে জলের ব্যবস্থা করেছি। উনি আন্ত্রিকের প্রশ্ন তুলেছিলেন, এখন পর্যন্ত কোনও আন্ত্রিক দেখা দেয়নি। উনি ত্রিপলের কথা বলছেন—আমরা জানি ওনারা প্রতিদিন ত্রাণ কমিটির মিটিং-এ বসে নিজেরাই বলেছেন ৪ হাজার মানুষকে ক্ষয়রাতি সাহায্য দেওয়া হোক, সেখানে সরকার ১০ হাজার মানুষকে সাহায্য দিচ্ছে। ১০ হাজার মানুষ মানে ৪০০ ফ্যামিলি, আমরা সেখানে ১০০০ ত্রিপল দিয়েছি। বন্যা যা হয়েছে তার থেকে আমরা উত্তীর্ণ হয়েছি। সবং সম্বন্ধে আমরা খেয়াল রেখেছি, মানসবাবু মনে রাখবেন দুর্গত মানুষদের নিয়ে আমরা ছিনিমিনি খেলিনি। এমন নয় যে ৪৫ হাজার মানুষের সব ঘরবাড়ি পড়ে গেছে, প্রত্যেককে ত্রিপল দিতে হবে। যখন হিসাব করেছেন তখন আরও ৫০০ ত্রিপল, তার মানে মোট ১৫০০ ত্রিপল দিয়েছি। এখনও ত্রিপল সম্পূর্ণ বিলি হয়নি এই খবর আমার কাছে আছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া জানাবেন কি কংগ্রেস আমলে কংগ্রেসের একজন কেন্দ্রীয় মন্ত্রী সবং পঞ্চায়েতকে এড়িয়ে ক্লাবকে টাকা দিয়েছিলেন মেরামতির জন্য?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ নট অ্যালাউড।

**শ্রী তুহিন সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া বলবেন কি সবং ব্লকে অ্যাফেকটেড পিপল হচ্ছে ৪২ হাজার, আপনি দিচ্ছেন ৪ হাজার, ব্লক কমিটি চেয়েছিল ১০ হাজার মিটার ত্রিপল সেই জায়গায় দিয়েছেন—১ হাজার, এটা কি অ্যাডিকোয়েট?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ নট অ্যালাউড।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** ৪৫ হাজার মানে ১০ হাজার পরিবার, কি করে ওরা এটা চাইছেন?

## রাজ্য সরকার কর্তৃক নেলসন ম্যান্ডেলাকে আমন্ত্রণের কর্মসূচী

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭২।) **শ্রী অমিয় পাত্র ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের পক্ষ থেকে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নেতা নেলসন ম্যান্ডেলাকে কলকাতায় আসার জন্য কোনও আমন্ত্রণ জানানো হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, ঐ উপলক্ষে কি ধরনের কর্মসূচী পালনের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে একটি চিঠি পাঠিয়েছেন।

(খ) সময় নির্দিষ্ট হলে কর্মসূচী সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়া যাবে।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই ধরনের একটা সংবাদ আমরা সংবাদপত্রে দেখেছিলাম যে অক্টোবর মাসের মধ্যে নাকি নেলসন ম্যান্ডেলা আমাদের দেশে আসবেন, এই ধরনের সরকারিভাবে কোনও সংবাদ আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সরকারিভাবে নেই, তবে এ. এন. সি. বেসরকারিভাবে জানিয়েছে নেলসন ম্যান্ডেলা তার এশিয়া ভ্রমণে প্রথমবার ভারতে আসবেন অক্টোবরে, এটা বেসরকারি খবর। এই খবর পাবার পর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছ থেকে চিঠি দিয়েছি প্রধানমন্ত্রীকে যে তিনি এই দেশে এলে কলকাতায় অবশ্যই যেন আসেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন নেলসন ম্যান্ডেলাকে রিসেপশন দেবার জন্য একটা কমিটি তৈরি হয়েছিল আমরা সংবাদপত্রে দেখেছি, সেই কমিটি হয়ে থাকলে কি কি নর্মসের ভিত্তিতে হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** চূড়ান্তভাবে এখনও কমিটি হয়নি। আপনি কি বলতে চাইছেন বুঝতে পেরেছি, কমিটি হলে সব পার্টিকে নিয়ে নেলসন ম্যান্ডেলাকে অভিনন্দন জানাবার ব্যবস্থা হবে।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** ডঃ নেলসন ম্যান্ডেলাকে বোধ হয় প্রথম যে বিশ্ববিদ্যালয় ডিলিট দেয় তার নাম হচ্ছে ক্যালকাটা ইউনিভার্সিটি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আলাদা করে এই ব্যাপারে কোনও আমন্ত্রণ জানানো হয়েছে কিনা বলতে পারবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কলকাতা বিশ্ববিদ্যালয় আমন্ত্রণ জানিয়েছে কিনা আমার কাছে কোনও খবর নেই। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মারফৎ প্রধানমন্ত্রীকে চিঠি লেখা হয়েছে।

আমরা সরাসরি ডঃ নেলসন ম্যান্ডেলাকে আমন্ত্রণ জানাতে পারি না।

*৯, *১০—স্থগিত

**মুর্শিদাবাদের আখেরীগঞ্জে পদ্মার ভাঙ্গনে উদ্বাস্তু পরিবার**

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯।) **শ্রী মোজাম্মেল হক ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত আখেরীগঞ্জে পদ্মার ভাঙ্গনে সম্প্রতি (১৯৯০ সালে) কতগুলি পরিবার গৃহহারা হয়েছেন ; এবং

(খ) উক্ত উদ্বাস্তু পরিবারবর্গের পুনর্বাসনের জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রীমতী ছায়া বেরা ঃ**

(ক) ১৮২০টি পরিবার (৮.৮.৯০ পর্যন্ত)

(খ) এ ব্যাপারে সরকার চিন্তাভাবনা করছেন।

**শ্রী মোজাম্মেল হক ঃ** গঙ্গার ভাঙ্গনে যে সমস্ত পরিবার বাস্তুহারা হয়েছে তাদের পুনর্বাসনের জন্য কোনও জমি পাওয়া গেছে কিনা, জানাবেন?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** ১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ সাল থেকে ক্ষয় আরম্ভ হয়েছে। জমি অধিগ্রহণের চেষ্টা চালানো হয়েছে এবং কিছু খাস জমি পাওয়া গেছে এবং কিছু অধিগ্রহণও করা হয়েছে। তাতে করে এ পর্যন্ত ২ হাজার ১৯৯টি পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। মোট ১০ হাজার ৬৮১টি পরিবার এ পর্যন্ত গৃহহীন হয়েছে। আর বাদ বাকিদের পুনর্বাসনের জন্য আমরা জেলা প্রশাসনকে বলেছি, কোথাও জমি পাওয়া যায় কিনা সেটা আপনারা দেখুন এবং সেটা আমাদের দেখালে পরেই আমাদের যা করণীয় সেটা আমরা করব। ২ হাজার ১৯৯টি পরিবারকে যেভাবে পুনর্বাসন দেওয়া হয়েছে বাদ বাকিদেরও সেইভাবে পুনর্বাসন দেওয়া যাবে। জেলা প্রশাসনকে সেইভাবেই বলেছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** এই বাস্তুহারা পরিবাররা যদি নিজেদের উদ্যোগে পুনর্বাসনের ব্যবস্থা করতে পারে তাহলে তাদেরকে কি আর্থিক সাহায্য দেবেন?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** সেই ব্যাপারেও আমরা জেলা প্রশাসনের সঙ্গে কথা বলেছি। পুনর্বাসনের গ্যারান্টি জেলা প্রশাসনকে যদি নিজেরা দিতে পারেন তাহলে আর্থিক সাহায্যের কথাটা বিবেচনা করতে কোনও অসুবিধা নেই। কারণ, অনেক সময় দেখা যায় গরিব মানুষ আর্থিক সাহায্য নিয়ে অভাবের তাড়নায় খরচ করে ফেললেন, পুনর্বাসন আর হল না। আবার তারা নদীর ধারে চলে গেলেন। পরে দেখা গেল আবার তারা ভাঙ্গনের কবলে চলে গেছেন। তাদের আসলে পুনর্বাসন হল না, অথচ সরকারি অর্থের অপচয় হল—এটাই ঘটে যায়। কাজেই সেটা যাতে না হয় সেই দিক চিন্তা করে জেলা প্রশাসনকে গ্যারান্টি দিতে পারলে আমরা এটা ভাবনা চিন্তা করে দেখব।

**শ্রী শীশ মহম্মদঃ** আপনি বললেন আখেরিগঞ্জ এলাকায় যেসমস্ত লোক ভাঙ্গনের কবলে পড়েছে তাদের পুনর্বাসনের জন্য কিছু জমি অধিগ্রহণ করার চেষ্টা করা হয়েছে। আখেরিগঞ্জ ছাড়াও ইতিপূর্বে আরও বিভিন্ন জায়গায় ভাঙ্গন হয়েছে। সেখানকার লোকদের পুনর্বাসনের জন্যও কি জমি অধিগ্রহণ করা হয়েছিল?

**শ্রীমতী ছায়া বেরাঃ** মাননীয় সদস্য বোধ হয় এর আগের উত্তরটা ঠিকমতো শোনেন নি। আমি শুধু আখেরিগঞ্জের কথা বলিনি, অন্যান্য জায়গার কথাও বলেছি। আমি এই বছর ১৯৯০ সালে আখরিগঞ্জে ১৮২০টি পরিবার গৃহহারা হয়েছে। এ পর্যন্ত বিভিন্ন এলাকায় ১০ হাজারের বেশি পরিবার গঙ্গার ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের কিছুকে পুনর্বাসন দিতে পেরেছি। এই রকম পরিবারের সংখ্যা হল ২ হাজার ১৯৯টি। যখনই ভেঙ্গে যাচ্ছে তাদের আমরা ত্রিপল, ক্ষয়রাতি সাহায্য দিয়েছি। কিন্তু পুনর্বাসন বলতে যা বোঝায় সেটা আমরা এখনও করতে পারিনি। জেলা প্রশাসনের সঙ্গে দীর্ঘক্ষণ ধরে মিটিং করে কিভাবে পুনর্বাসন দেওয়া যায় সেই বিষয়ে চিন্তা ভাবনা করা হচ্ছে। জেলা প্রশাসন আলোচনা করে আমাদের জানালে আমরা সেইভাবে স্টেপ নেব।

**শ্রী মান্নান হোসেনঃ** আপনি বললেন গঙ্গার ভাঙ্গনের যারা গৃহহারা হয়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। ২ হাজারের কিছু বেশি পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। কিন্তু অখরিগঞ্জে পদ্মার ভাঙ্গনে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে কিনা? কেন না, গঙ্গা আলাদা, আর পদ্মা আলাদা—এই বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে জানাবেন?

**শ্রীমতী ছায়া বেরাঃ** আমি একটা কথা বলেছি যে সরকারের চিন্তাভাবনা আছে। আমরা ধীরে ধীরে করছি। এখন গঙ্গা, পদ্মা, রূপনারায়ণকে তো আলাদা দৃষ্টিভঙ্গিতে দেখতে পারি না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাসঃ** আখেরিগঞ্জে পদ্মার ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার ভাঙ্গন ক্রমবর্ধমান যার ফলে অনেক মানুষ উদ্বাস্তু হচ্ছেন। এ বছর বর্ষা সেপ্টেম্বর, অক্টোবর মাসে আরও তীব্র হবে এবং আরও ভাঙ্গন হবে। আখেরিগঞ্জ বলে ঐ নামে জায়গাটাই থাকবে না। এই সম্ভাব্য জরুরি অবস্থার কথা চিন্তা করে—একসঙ্গে ব্যাপক মানুষ বিপর্যস্ত হবে—সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে কোনও ত্রাণ ব্যবস্থা আগে করছেন কি?

**শ্রী ছায়া বেরাঃ** এখানে যাদের বাড়ি তারা অন্য জায়গায় উঠে যাবেন না। ঐ এলাকাতেই কত কাছাকাছি জায়গাতে তাদের পুনর্বাসন দেওয়া যায় সেটা জেলা প্রশাসনকে ভাবতে বলেছি। তারা সুনির্দিষ্ট প্রস্তাব আকারে পাঠালে আমরা সেটা দেখব, সেখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করব। আর তাৎক্ষণিক ব্যবস্থা হিসাবে জেলা প্রশাসনের কাছে অর্থ দিয়েছি, যেটুকু খয়রাতি সাহায্যের ব্যবস্থা আছে সেগুলির কথা বলেছি। তারা যেভাবে সংবাদ দেবেন সেগুলি অগ্রিম দিয়ে যাচ্ছি। তাছাড়া ট্রাকে করে যে কোনও অবস্থায় তাদের তুলে আনতে সাহায্য করার ব্যাপারেও প্রস্তুত আছি। সেইভাবে প্রস্তুতি চালিয়ে তাদের সরিয়েও নিয়ে এসেছি। ১৮২০টি পরিবারকে এ পর্যন্ত সরিয়েছি। আমরা সরকারি উদ্যোগে এইভাবে সরিয়েছি।

**শ্রী আতাহার রহমান ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি পদ্মার ভাঙ্গনে যারা বাড়িঘর হারিয়ে উদ্বাস্তু হয়েছেন তাদের জন্য মোট কত পরিমাণ জমি সংগ্রহ করা হয়েছে এবং এক একটি পরিবারকে কতটুকু করে জমি পুনর্বাসনের জন্য দেওয়া হচ্ছে?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** ১৯৯০ সালে আখেরিগঞ্জে পদ্মার ভাঙ্গন যেটা হল তাদের পুনর্বাসন এখনও হয়নি। তাদের পুনর্বাসনের ব্যাপারে আমরা জেলা প্রশাসনকে আদেশ দিয়েছি। জেলা প্রশাসন তাদের পুনর্বাসনের জায়গা ইত্যাদি যদি ঠিক করতে পারেন এবং মাননীয় সদস্য যিনি প্রশ্ন করেছিলেন তিনি যেটা বললেন যে তাদের অর্থ দিয়ে যেভাবে পুনর্বাসন করার কথা—যেখানে টাকাটার অপচয় হবে না, পুনর্বাসন সত্যিকরের হবে এরকম প্রস্তাব দিলে আমরা পুনর্বাসন দেব এটা জেলা প্রশাসনকে জানিয়ে দিয়েছি।

**চালের উৎপাদনশীলতায় ভারতে পশ্চিমবঙ্গের স্থান**

***১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভারতে বর্তমানে চালের উৎপাদনশীলতায় পশ্চিমবঙ্গের স্থান কোথায় ; এবং

(খ) হেক্টর প্রতি চালের উৎপাদন কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮৮-৮৯ সালে চালের উৎপাদনশীলতায় পশ্চিমবঙ্গ ষষ্ঠ স্থানে আছে।

(খ) ১৯৮৮-৮৯ সলে এ রাজ্যে চালের হেক্টর প্রতি উৎপাদন ছিল ১৮৭৮ কেজি। ১৯৮৯-৯০ সালে উক্ত উৎপাদন হেক্টর প্রতি ১৯৪৬ কেজি।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চালের উৎপাদনশীলতায় প্রথম ৫টি স্থান অধিকারী রাজ্য কি কি এবং হেক্টর প্রতি তাদের চালের উৎপাদন কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** (১) তামিলনাড়ু, ২৯৬২ কেজি, (২) পাঞ্জাব ২৭৭২ কেজি, (৩) অন্ধ্রপ্রদেশ ২৫৭১ কেজি, (৪) হরিয়ানা ২৩৪৯ কেজি, এবং (৫) কর্ণাটক ২ হাজার ৩৪ কেজি।

[1-40 — 1-50 P.M.]

**ডাঃ মোতাহার হোসেন ঃ** পশ্চিমবঙ্গে ১৯৪৬, আর তামিলনাড়ুতে ২৯৬২—এই যে এতটা তফাৎ হচ্ছে, এর কারণ হিসাবে আপনি কি মনে করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** তামিলনাড়ুতে সেচ সেবিত ধান চাষের এলাকা হচ্ছে ৯২.৯, পাঞ্জাব ৯৮.৭, অন্ধ্রপ্রদেশে ৯৪.৫, হরিয়ানায় ৯৮.৪, কর্ণাটকে ৬২.০০ আর পশ্চিমবঙ্গের ২৪.৯। এর জন্য উৎপাদনশীলতাও কিছু কম রয়েছে। সেইজন্যই আমি বলেছি ষষ্ঠ স্থানে রয়েছি। এটা হচ্ছে ১৯৮৮-৮৯' সালের হিসাব। তবে ১৯৮৯-৯০ সালের সরকারি খবর না পেলেও আমরা জানতে পেয়েছি যে, পঞ্চম স্থানে এসে গেছি। খারিপেও সেচ ব্যবস্থা বাড়াবার চেষ্টা আমরা করছি এটা করা গেলে কিছু সুবিধা হবে এবং তখন হেক্টর প্রতি উৎপাদনশীলতাও বেড়ে যাবে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** ইরিগেশনের জন্য উৎপাদন ব্যহত হচ্ছে, বললেন। ইরিগেশনের জন্য এগ্রিকালচার ব্যহত হতে পারে, আবার আইন শৃঙ্খলার জন্যও উৎপাদন ব্যহত হতে পারে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আইন শৃঙ্খলার জন্য তো একদম চাষই হবে না এবং তাতে চাষের উৎপাদনশীলতার হেরফের হয় না। এর সাথে প্রোডাকটিভিটি নির্ভর করে না, প্রযুক্তির সাথে নির্ভর করে। আইন শৃঙ্খলার সাথে এ প্রশ্ন আসে না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** কোনও কোনও জায়গায় আইন শৃঙ্খলার ব্যাপারে ব্যহত হতে পারে, হচ্ছে, তাতে টোটাল উৎপাদন কমে যাবে। তাই আইন শৃঙ্খলার জন্য কিছু ব্যহত হচ্ছে কিনা, জানাবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** স্বাধীনতার পর থেকে আমাদের পশ্চিমবঙ্গের সেচ ব্যবস্থার এতদিন ধরে শুধু রবি আর বোরোর দিকেই লক্ষ্য রাখা হয়েছে। কিছুদিন ধরে আমরা লক্ষ্য করে দেখছি যে খারিপেও প্রাকৃতিক পরিবর্তন ঘটে যাচ্ছে। সেই জন্য আমরা পরিকল্পনা নিচ্ছি যাতে করে খারিপ অর্থাৎ আমন, আউসেও এই সেচ ব্যবস্থার সুযোগ সৃষ্টি করা যায়।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** ৫টি রাজ্যের সঙ্গে হেক্টর প্রতি তুলনামূলক একটা ফিগার দিলেন এবং মোট সেচ সেবিত জমির পরিমাণের একটা হিসাব দিলেন। বর্তমানে এই রাজ্যে চাষযোগ্য কত জমি আছে, সেটা বলতে পারবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটা আমি এখনই বলতে পারছি না।

*১৩, *১৪—স্থগিত

**রাজ্যে নতুন 'বায়দূত' বিমান চলানোর প্রস্তাব**

***১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ রাজ্যের নূতন কোন 'বায়ূদূত' বিমান চালানোর প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, প্রস্তাবগুলি কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) সুনির্দিষ্ট প্রস্তাব করা হয়েছে।

(খ) ১৯৮৪ সালে মুখ্যমন্ত্রী ভারত সরকারের ট্যুরিজিম এবং অ্যাভিয়েশন বিভাগের মন্ত্রী মহোদয়কে জলপাইগুড়ি জেলায় আমবাড়ি এবং পশ্চিমদিনাজপুরে বায়ুদূতের বিমান চলাচলের উপর প্রস্তাব দেন। এ ব্যাপারে মৌখিকভাবে অনেকবার ভারত সরকারকে বলা হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বেসরকারি উদ্যোগে কুচবিহার, বালুরঘাট, জলপাইগুড়িতে প্লেন চলত এবং বেসরকারি উদ্যোগে উত্তরবাংলার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেছিল। কেন্দ্রীয়

সরকারের কাছে আপনি আবেদন জানাচ্ছেন। কিন্তু সেই পরিমাণে সাড়া পাওয়া যাচ্ছে না, এই পরিপ্রেক্ষিতে আপনার কাছে প্রশ্ন, বায়ুদূত চালানোর ক্ষেত্রে উত্তরবঙ্গ এবং কলকাতার সঙ্গে, রাজ্য সরকারের উদ্যোগে বিমান চলাচলের কোনও পরিকল্পনার কথা ভাবছেন কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমাদের আর্থিক ক্ষমতায় এটা সম্ভব নয়।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় পরিবহন মন্ত্রী জানাবেন কি, কিছু দিন আগে আপনি এবং মাননীয় অর্থমন্ত্রী মেদিনীপুর জেলার দীঘায় গিয়েছিলেন পর্যটন ব্যবস্থাকে উন্নত করতে কি কি ব্যবস্থা নেওয়া যায়, সেই ব্যাপারে সরেজমিনে দেখতে গিয়েছিলেন এবং সেই সময় কলকাতা দিঘা বায়ুদূত সার্ভিস চালু করার কথা চিন্তা করেছিলেন, এখনও পর্যন্ত সেই সম্পর্কে কোনও পদক্ষেপ নিয়েছেন কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমরা বায়ুদূত সম্পর্কে কোনও চিন্তা ভাবনা করিনি, আমরা হ্যালিকপ্টারের কথা ভেবেছিলাম, কিন্তু গত সরকারের আমলে হ্যালিকপ্টার নিয়ে যে কেচ্ছা কাহিনী হয়েছে, এই ঘটনা নিয়ে যে সব সমালোচনা হয়েছে এতে আমরা পিছিয়ে যাচ্ছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে রাজ্য সরকারের পক্ষ থেকে বায়ুদূত সার্ভিস বিশেষ করে কুচবিহার পর্যন্ত যেমন চলছে সপ্তাহে চারদিন, তেমনি ভাবে ভাড়া বেড়েছে এবং ৮৩২টাকা এখন ভাড়া হয়েছে। এর ফলে যাত্রী কমে গেছে, অনেকে আসতে পারছে না। কিন্তু নর্থ ইস্টার্ন রিজিয়নে বায়ুদূতকে যেভাবে সাবিসিডি দেয় কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে, সেই রকম রাজ্য সরকারের পক্ষ থেকে উত্তরবাংলার রিমোট কর্নার থেকে আসার জন্য কোনও সাবসিডি দেবার এমন কোনও প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে দিয়েছেন কি না, যদি না দেওয়া হয়ে থাকে, তাহলে দেওয়া যাবে কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমরা বায়ুদূতের জন্য কোর্সও সাবসিডি দিই না এবং কেন্দ্রীয় সরকার এর সঙ্গে এই বিষয়ে কোনওদিন আলোচনা করিনি। আপনি চাইছেন স্পেশ্যাল সাবসিডি ফর কুচবিহার।

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** মাননীয় পরিবহন মন্ত্রী কি জানাবেন, আমাদের এই রাজ্যে উত্তরবাংলার কুচবিহার এয়ারপোর্ট থেকে বায়ুদূত সার্ভিস চালু আছে। কেন্দ্রীয় সরকার এর সঙ্গে তখন কথা হয়েছিল যে কিছু কিছু রাজ্য বায়ুদূত সার্ভিসের জন্য যে পেট্রোল কমজাম্পশন হয়, তার উপর থেকে সেলস ট্যাক্স নেওয়া হবে না। আগে বায়ুদূতের ভাড়া ছিল কুচবিহার থেকে কলকাতা ৪০০ টাকা, এখন হয়ে গেছে ৮৩২ টাকা। কাজেই পেট্রোলের উপর থেকে সেলস ট্যাক্সটা তুলে নিলে হয়তো বায়ুদূতের ফ্রেটটা কমতে পারে, এই বিষয়ে চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি আমার দপ্তরের ফাইলে এই সম্পর্কে কিছু দেখিনি। তবে আমি এই ব্যাপারে আলোচনা করতে পারি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** বিভিন্ন রাজ্য সরকার বায়ুদূত চালাবার জন্য যে পেট্রোল কনজাম্পশন হয়, তার উপর সেলস ট্যাক্স নেয় না। এই ব্যবস্থাটা আপনি নেবেন কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এটা আমি খতিয়ে দেখব।

*১৬—স্থগিত

**বাঁকুড়া জেলার ওন্দা থানায় দূষিত পদার্থে ক্ষতিগ্রস্ত**

***১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৮১।) **শ্রী অমিয় পাত্র ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার ওন্দা থানা এলাকায় "সারদা ফার্টিলাইজার" কারখানা হইতে নির্গত দূষিত পদার্থে পরিবেশ দূষণের ফলে উক্ত এলাকায় ধান চাষ ক্ষতিগ্রস্ত হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, (১) কি ধরনের দূষণ হইতেছে ; ও (২) ক্ষয়ক্ষতির পরিমাণ কিরূপ!

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) এখনও পর্যন্ত এই বিষয়ে কোনও প্রমাণ কৃষিবিভাগে নাই। সমগ্র বিষয়টি বর্তমানে পরীক্ষাধীন আছে।

(খ) ১) প্রশ্ন ওঠে না।

২) প্রশ্ন ওঠে না।

[1-50 — 2-00]

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, 'সারদা ফার্টিলাইজার' কারখানা থেকে দূষণ হচ্ছে এই ধরনের একটা সংবাদ সংবাদপত্রে দেখেছিলাম, সে ব্যাপারে আপনার দপ্তর কোনও খোঁজ খবর নিয়েছে কিনা, নিয়ে থাকলে সেখানে কোনও ক্ষয়-ক্ষতি হয়েছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি যখন এবিষয়ে কৃষকদের কাছ থেকে অভিযোগ পাই তখন দুটো বিশেষজ্ঞ দলকে সেখানে পাঠাই। তারা সেখানকার মাটি, চারা, এবং জল নিয়ে পরীক্ষা করছে—আমদের কৃষি দপ্তর থেকেই সেই পরীক্ষা চলছে, পরীক্ষার ফলাফল এখনও আমি পাই নি। একটু সময় লাগবে। ফলাফল পেলেই আমি বুঝতে পারব যে, ঐ কারখানার জন্য ওখানে বায়ুদূষণ হয়েছে কিনা এবং তার ফলে ক্ষতি হয়েছে কিনা। বিষয়টি আমরা পরিবেশ দপ্তরকেও জানিয়েছি। তবে এ ব্যাপারে তারা কি ব্যবস্থা নিচ্ছেন তা আমরা এখন পর্যন্ত জানি না।

**Mr. Speaker :** The question hour is over.

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received four Adjournment Motions. The first one is from Shri Sudip Bandyopadhyay, the second is from Dr. Manas Bhunia and others and the third is from Shri Saugata Roy,

all on the subject of death of three Congress (I) workers in police firing during the recent movement of Congress (I) party and the fourth is from Shri Prabuddha Laha on the subject of attack on newspaper reporters and Press photographers all over the State by the major ruling party cadre.

Consent was given by me and debate was held for two hours on 20.8.90 on a motion moved by Shri Apurbalal Majumdar which covered both the subject matters of these motions.

I do not, therefore, accept the motions.

## Calling Attention

**Mr. Speaker :** I have received four notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. Death of three persons in police firing during the movement launched by the Congress | : | Shri Saugata Roy, Shri Gobinda Chandra Naskar Dr. Manas Bhunia |
| 2. Death of one person in police firing at Burdwan during Congrees agitation | : | Shri Prabuddha Laha |
| 3. Death of one Congress worker at Keorhatala, Calcutta on 16th August, 1990 | : | Shri Mannan Hossain |
| 4. Construction work of Haldia Petrochemicals | : | Shri Lakshman Chandra Seth |

I have selected the notice of Shri Mannan Hossain on the subject of death of one Congress worker at Keoratala, Calcutta on 16th August, 1990.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Abdul Quiyom Molla :** Sir, on the 23rd August, 1990.

## 62nd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 62nd Report of the Business Advisory Committee. The Committe met in my Chamber and recommended the following programme of business for the 22nd, 23rd and 24th August, 1990 :-

Wednesday, 22-8-1990 : (i) The West Bengal Board of Secondary

| | | | |
|---|---|---|---|
| | | | Educatioon (Amendment) Bill, 1990 (Introduction, Consideration and Passing)— 1 hour. |
| | | (ii) | The Code of Criminal Procedure (Amendment) Bill, 1990 (Introduction, Consideration and Passing)— 1 hour. |
| Thursday, 23-8-1990 | : | (i) | The West Bengal Land Reforms Tribunal Bill, 1990 (Introduction, Consideration and Passing)— 4 hours. |
| | | (ii) | The West Bengal Land Reforms (Amendment) Bill, 1990 (Introduction, Consideration and Passing) — 1 hour. |
| Friday, 24-8-1990 | : | | Non-Official Business |
| | | | (There will be no Question for Oral Answer and Mention Case on Friday, the 24th August, 1990). |

Now I request the Minister-in-charge of Home, (Parliamentary Affairs) to please move the motion for acceptance of the House.

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৬২-র প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার ঃ** আশা করছি এই প্রস্তাবে সকলের সম্মতি আছে। সুতরাং প্রস্তাবটি গৃহীত হল।

The motion was then put and agreed to.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। আপনি জানেন স্যার, যে খোলা-বাজারে প্রতিটি জিনিস—নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আগুন, সাধারণ মানুষের নাগালের বাইরে। এমতাবস্থায় সরকারি বিলি-বণ্টন ব্যবস্থা, রেশন ব্যবস্থা, এটাই সাধারণ মানুষের এক মাত্র ভরসা। কিন্তু আজকে এই রাজ্যে রেশন ব্যবস্থা যেভাবে ভেঙে পড়েছে এবং প্রতিটি দ্রব্য, চাল, গম, চিনি, রেপসিড প্রায় সব কিছুই আজকে রেশনে অমিল। খোলাবাজারে ভোজ্যতেলের দাম আকাশছোঁয়া। খোলাবাজারে সাধারণ চাল ৭টাকা কেজি। সাধারণ মানুষের নাগালের বাইরে। এর সঙ্গে যুক্ত হয়েছে কেরোসিন তেলের মারাত্মক সঙ্কট। একদিকে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ নেই, টানা লোডশেডিং, তার উপর কেরোসিন তেল নেই। আজকে কেরোসিন তেলের সমস্যা আইন-শৃঙ্খলার সমস্যায় পর্যবসিত হয়েছে। গড়িয়াহাটের রাসবিহারী অ্যাভিনিউর কাছে একটি দোকানে তেলের লাইন দিতে গিয়ে সংঘর্ষ ঘটে এবং

এরফলে একটি যুবক খুন হয়ে গেল। ঘণ্টার পর ঘণ্টা লাইন দিয়ে মানুষ তেল সংগ্রহ করতে নাজেহাল। পুলিশের নাকের ডগায় মস্তান-বাহিনী তেলের বণ্টন ব্যবস্থা পুরোপুরি তাদের নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছে। তারা প্রকাশ্যে ৭/৮ টাকা লিটার দরে কেরোসিন তেল বিক্রি করছে। আপনি জানেন, কোরোসিন তেলের ডিলারস অ্যাশোসিয়েশন অভিযোগ করেছেন " "আজকে কেরোসিন তেলের যে সঙ্কট রয়েছে, এর কারণ হচ্ছে মস্তানবাহিনীকে কন্ট্রোল করার ক্ষেত্রে পুলিশের ব্যর্থতা"। কেরোসিন তেলের লাইনে মস্তানদের দৌরাত্ম যদি বন্ধ করা যায় তাহলে কেরোসিন তেলের সঙ্কট অনেকটা নিবারণ করা যায়। আমার বক্তব্য হচ্ছে, গোটা রাজ্য জুড়ে যেখানে কেরোসিন তেলের ভয়াবহ সঙ্কট চলছে, যেখানে রেশন ব্যবস্থা বিপর্যস্ত অবস্থায়, লক্ষ লক্ষ গ্রাম বাংলার মানুষ যেখানে খাদ্যের অভাবে অনাহারে, অর্ধাহারে দিন যাপন করছে, সেখানে সরকারের যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে সুষ্ঠু বণ্টন ব্যবস্থাকে অব্যাহত রাখার জন্য যে উদ্যোগ গ্রহণ করা উচিত ছিল সেই উদ্যোগ গ্রহণ না করে সরকার দেখছি নিষ্ক্রিয় অবস্থায় বসে রয়েছে।.........

(এই সময় পরবর্তী বক্তাকে স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে বিষয়টি নিয়ে আলোচনা করতে চাই সেই সম্পর্কে আমি বলছি। আপনি জানেন, বিমলা দেকে খুন করা হয়েছে, এটা অত্যন্ত পরিতাপের বিষয়। আমাদের কংগ্রেস নেত্রী, ইনি একজন শিক্ষিকা। তিনি কয়েকজনমাত্র মহিলা নিয়ে আন্দোলন করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, পুলিশ তাদের কোনও রকম লাঠিচার্জ, টিয়ারগ্যাস কোনও কিছু না করেই অত্যন্ত বর্বরোচিতভাবে একজন মহিলাকে মাথায় গুলি করে মেরে দিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনজ্ঞ আপনি জানেন, কোনও অবস্থায় মাথায় গুলি করার অধিকার পুলিশকে দেওয়া হয়নি। সাধারণত যদি কোনও আন-ল-ফুল মব্ থাকে তাহলে তাদের ডিসবার্স করার জন্য প্রথমে লাঠি চার্জ করা হয়, তারপর টিয়ারগ্যাস ছোঁড়া হয়, ওয়ারনিং দেওয়া হয় ম্যাজিস্ট্রেট থাকে, তারপর গুলি ছোঁড়া হয়। কিন্তু হাওড়াতে সেই জিনিস হয়নি। সেখানে কোনও মহিলা পুলিশও ছিল না। পুরুষ পুলিশ মাথায় গুলি করে মেরেছে। সেই ভদ্রমহিলা যখন রক্তাপ্লুত অবস্থায় পড়ে আছে তখন তার পা ধরে একজন পুরুষ পুলিশ যেমন গরু মরে গেলে পা ধরে টানতে টানতে নিয়ে যায় সেইভাবে ঐ মহিলাকে টানতে টানতে নিয়ে গেছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। শ্রীমতী বিমলা দে আন্দোলন করছিলেন খাদ্যের দাবিতে। তিনি জানতে চেয়েছিলেন, নিত্য-প্রয়োজনীয় জিনিস বাজারে পাওয়া যাচ্ছে না, দাম আকাশচুম্বী হয়ে গেছে, মানুষের ক্রয়-ক্ষমতা নাগালের বাইরে চলে গেছে। কিন্তু যে পুলিশ নির্লজ্জভাবে গুলি করেছিল, আমি জানতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী আজ পর্যন্ত তার বাড়িতে যান নি এবং বলেন নি যে, এই যে পুলিশ গুলি করেছিল সেটা অন্যায় হয়েছে। এর জন্য পুলিশ প্রশাসন দায়ী ........

(এই সময় মাইক বন্ধ হয়ে যাওয়ায় বক্তা তার আসন গ্রহণ করেন।)

[2-00 — 2-10 P.M.]

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার বারে বারে পেট্রোল এবং ডিজেলের দাম বাড়ানোর ফলে রাজ্য সরকার বাসের ভাড়া বৃদ্ধি করেছেন কিন্তু বৃদ্ধিটা সামঞ্জস্যপূর্ণ হয় নি। আমি কয়েকটি বাসরুটের কথা উল্লেখ করছি। যেমন, হাওড়া থেকে বন্দর ৮ টাকা ছিল, ১২.৪০ হয়েছে, বাঁকুড়া থেকে তারকেশ্বর ১২ টাকা থেকে ১৮.৮০ পয়সা হয়েছে, আরামবাগ থেকে জয়রামবাটি ১.৮৫ জায়গায় ৩ টাকা হয়েছে। আরামবাগ কোতুলপুর ২.২৫-এর জায়গায় ৩.২৫, আরামবাগ চুঁচুড়া ৬.০০ টাকার জায়গায় ১৩.০০, বাঁকুড়া চুঁচুড়া ১৭ টাকা থেকে ২৬ টাকা করা হয়েছে। ভাড়াটা যাতে একটু সামঞ্জস্যপূর্ণ হয় সেজন্য আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত পয়লা আগস্ট থেকে সারা পশ্চিমবাংলা কংগ্রেসের তাকে নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি, বাস ট্রামের ভাড়া বৃদ্ধি, ব্যাপক লোডশেডিং, নারী নির্যাতন এবং রেশন সঙ্কটের প্রতিবাদে যে আন্দোলন সেই আন্দোলন গণআন্দোলনের রূপ নিয়েছিল। তাতে কলকাতার তারাতলায় রঘুনন্দন তেওয়ারি, হাওড়ার শিক্ষিকা শ্রীমতী বিমলা দে এবং বর্ধমানে মানস ব্যানার্জিকে পুলিশ গুলি করে হত্যা করে। পুলিশ গুলি করে হত্যা করে এবং সেই জেলার জেলা শাসক ঘোষণা করেন যে ফায়ার ফর কিলিং, গুলি করা জাস্টিফায়েড হয়েছে। আমরা পাশাপাশি আরও দেখেছি যে, সেই আন্দোলন চরম আকার ধারণ করে গত ১৬ই আগস্ট বাংলা বন্ধের দিন। সেদিন কলকাতার কেওড়াতলায় পাপু মল্লিক নামে একজন কংগ্রেসের সমর্থককে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ক্যাডার বাহিনীর বোমার আঘাতে মারা গেছেন। মুর্শিদাবাদে বহরমপুরে ৪৪৭ জন কংগ্রেস সমর্থককে পুলিশ গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে এবং অ্যাডিশন্যাল এস.পি. থানাতেই তাদের উপর লাঠি চার্জ করেন। আমরা দেখেছি ব্যারাক থেকে পুলিশ বেরিয়ে এসে কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার করেন। সেদিন ওখানে ১০ হাজারের বেশি কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার করার পরে জেলের পুলিশ সুপার বলেন আমরা এত মানুষকে গ্রেপ্তার করতে পারি না, কিছু লোক বার করে দিতে হবে। আমরা দেখেছি যে, আমাদের বিরুদ্ধে কোনও অভিযোগ না থাকলেও আমাদের বহরমপুর সেন্ট্রাল জেলে নিয়ে যাওয়া হয় এবং রাত্রি সাড়ে ৯টা পর্যন্ত আটকে রাখা হয়। আমি এই অত্যাচারের বিরুদ্ধে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Mohan Sing Rai :** Mr. Speaker, Sir, I would like to draw the kind attention of the Hon'ble Chief Minister and the Hon'ble Finance Minister through you to an important matter which is connected with the development of the hill people. Sir for effective development of certain hill areas, proper suggestion from proper person is necessary. Sir, you know that Darjeeling is geographically different and different ethnic groups are inhabiting there. So, inclusion of proper representatives from the hill areas is badly needed into the Planning Board of West Bengal and Public Service Commision, West Bengal considering the present political situation as well as for integration of the motherland.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বেদনার সঙ্গে এই হাউসের কাছে, এই সরকারের কাছে এবং সরকারের অত্যন্ত প্রবীণ মন্ত্রী শ্রদ্ধেয় বিনয় চৌধুরি মহাশয় বসে আছেন, তার কাছে কয়েকটি কথা নিবেদন করতে চাই। দুর্যোধন দুঃশাসনের ভূমিকায় অবতীর্ণ হয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে কব্জা করে, পুলিশ বাহিনীর একটি অংশ এবং প্রশাসনকে কব্জা করে বুদ্ধদেববাবু তার হীরের টুকরো ছেলেদের নিয়ে গণতান্ত্রিক আন্দোলনের উপর কিভাবে অত্যাচার, নির্যাতন, নারী নির্যাতন করেছেন সেটা পশ্চিমবঙ্গের মানুষকে জানাচ্ছি। কিন্তু যেটা আতঙ্কিত করেছে সেটা হল, পরিকল্পনামাফিক এক শ্রেণীর খুনি পুলিশ বাহিনীকে হাত করে, এক শ্রেণীর প্রশাসন-কর্তাকে হাত করে সাধারণ মানুষ নয়, হাওড়া ব্রিজের উপর ৫০ জন শিক্ষিকার উপর পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি করে তাদের মধ্যে একজনকে মেরে ফেলা। এক মাইলের মধ্যে লালবাজার, সেখানে তাকে এইভাবে গুলি করে মেরে ফেলা হল! তারাতলায় ছাত্র রঘুনন্দন তেওয়ারিকে মেরে ফেলা হল, ৩রা আগস্ট বর্ধমানে মানস ব্যানার্জিকে গুলি করে মেরে ফেলা হল। ডি.এম., বর্ধমানে বলেছেন ফায়ার মিনস্ কিলিং। এ ব্যাপারে বুদ্ধদেববাবুর হীরের টুকরো ছেলেদের ছবি কাগজে ছাপা হয়েছে। ৪ঠা আগস্ট তারিখের সন্মার্গ কাগজে ছবিটা বেরিয়েছে যেটা সভার অনেকেই দেখেছেন, আপনিও দেখেছেন। তাতে বুদ্ধদেববাবুর হীরের টুকরো ছেলেদের একজন লুঙ্গি তুলে তার পুরুষাঙ্গ দেখাচ্ছে এবং পাশেই দাঁড়িয়ে আছে এক মহিলা ক্যাডার। এটা সারা পশ্চিমবাংলার কলঙ্ক। এই হল বুদ্ধদেববাবুর ক্যাডার যারা নারীর সম্মানকে ভূলুণ্ঠিত করেছে, বাংলার সংস্কৃতিকে ধংস করেছে। সংবাদপত্রের প্রতিনিধিরা যখন সেখানে ছবি তুলতে গেছেন, তাদের পুরুষাঙ্গ দেখানো হয়েছে। আজকে পশ্চিমবাংলার সংস্কৃতিকে কোথায় দাঁড় করিয়েছেন? তাই আজকে বুদ্ধদেববাবুকে অবিলম্বে গ্রেপ্তার করা দরকার, কারণ এখনও ঐরকম একজন ব্যক্তি ক্যাবিনেটে বসে আছেন। আজকে মন্ত্রিসভায় বসে যিনি এইভাবে অপসংস্কৃতিকে প্রশ্রয় দিচ্ছেন তাকে গ্রেপ্তার করবার জন্য আবেদন জানাচ্ছি।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী অবনীভূষণ সৎপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, বিদ্যুৎ পরিস্থিতি বর্তমানে পশ্চিমবঙ্গে খুব খারাপ অবস্থার মধ্যে রয়েছে। এর উপর শহরগুলিতে ডি.ভি.সি. যে রকম বিদ্যুৎ সরবরাহ করেছে অবস্থা আরও খারাপ হয়েছে। এই প্রসঙ্গে বলতে চাই, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম হিজলি থেকে সংযোগকারী যে দুটি লাইন আছে সেই লাইন দুটি প্রায়ই খারাপ হয়ে থাকে। সে কারণে ঝাড়গ্রাম বিদ্যুতের অবস্থা অত্যন্ত খারাপ। সেখানে হাসপাতাল, ক্ষুদ্র শিল্প এবং বিদ্যুৎ গ্রহীতারা একটা ভীষণ অবস্থার মধ্যে পড়েছেন। এই অবস্থার মধ্যে কিছু কর্মচারী, কিছু ইঞ্জিনিয়ার একটা সুযোগ নেবার চেষ্টা করছে। আজকে বিদ্যুৎ দিচ্ছে, কিন্তু বিদ্যুৎ দেবার ১৫ মিনিট, ২০ মিনিট এবং আধ ঘণ্টার মধ্যে বিদ্যুৎ চলে যাচ্ছে। তার ফলে জনসাধারণের মধ্যে একটা ক্ষোভ, বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। সারা পশ্চিমবাংলায় কংগ্রেস তান্ডব করছে, সমস্যার সৃষ্টি করছে তার উপর তার পাশাপাশি বিদ্যুৎ পরিস্থিতি জনগণের মনে আরও বিভ্রান্তির সৃষ্টি করছে। আমি দাবি করছি অবিলম্বে বিদ্যুৎ দপ্তরের নেতৃত্বে ঝাড়গ্রাম এবং হিজলিতে বিদ্যুৎ নিয়ে যে গোলমাল চলছে তার নিরপেক্ষ তদন্ত করে

দোষী ব্যক্তিদের শাস্তি বিধানের জন্য আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের একটা অপদার্থতার ঘটনা উল্লেখ করে মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বছর শিক্ষা বর্ষে প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের পড়ার বই শিক্ষা দপ্তর দিতে পারেনি। যার ফলে লক্ষ লক্ষ প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীরা সরকার আনুমোদিত বই-এর অভাবে পড়াশোনা করতে পারছে না। সরকার সেই বই আজ পর্যন্ত বিভিন্ন স্কুলে পৌছে দিতে পারেনি। এই রকম একটা পরিস্থিতির মধ্যে প্রাথমিক শিক্ষা দপ্তরের অধীনে একটা সাংঘাতিক ঘটনার কথা উল্লেখ করছি। দক্ষিণ ২৪-পরগনায় আলিপুর মহকুমায় সেন্ট্রাল গোডাউনে প্রাইমারি স্কুলের দেড় লক্ষ বই ছিল সেই বই জলের তলায় নষ্ট হয়ে গিয়েছে। অথচ এই দেড় লক্ষ বই-এর অভাবে দক্ষিণ ২৪-পরগনায় কয়েক শো স্কুলের হাজার হাজার ছাত্র-ছাত্রীদের কাছে পৌছে দিতে পারেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এই সম্পর্কে বিবৃতি দাবি করছি কেন তার দপ্তর এই রকম একটা অপদার্থতার পরিচয় দিয়েছে। এর জন্য কে বা কারা দায়ী সেই দোষী ব্যক্তিদের ধরে শাস্তি বিধানের ব্যবস্থা করুন এবং এই সম্পর্কে প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এই সভায় বিবৃতি দিন। প্রাইমারি স্কুলে বই-এর অভাবে হাজার হাজার ছাত্র-ছাত্রী পড়াশোনা করতে পারছে না এই রকম একটা অবস্থায় দেড় লক্ষ বই গোডাউনে জলের তলায় পচে নষ্ট হয়ে গেল এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর এই সভায় বিবৃতি দাবি করছি।

**শ্রী স্বদেশ চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমদিনাজপুর জেলা একটা পশচাদপদ জেলা, একটা কৃষি প্রধান জেলা। এই জেলায় কৃষিজাত দ্রব্য নিয়ে বেশ কিছু শিল্প গড়ে উঠতে দেখা গেছে। ৪৩ বছর দেশ স্বাধীন হয়েছে স্বাধীনতার পরে কংগ্রেস আমলে কিম্বা বামফ্রন্টের আমলে কোনও শিল্প স্টেট এই জেলায় গোড়ে উঠতে পারে নি। সেই কারণে এখানে যে শিল্পের সম্ভাবনা দেখা দিয়েছে সেটা সঠিক ভাবে গড়ে উঠতে পারছে না। আমি আপনার মাধ্যমে শিল্প মন্ত্রীকে অনুরোধ করতে চাই এবং বলতে চাই আমাদের জেলার যে ভৌগোলিক পরিস্থিতি এবং শিল্প উন্নয়নের স্বার্থে ইসলামপুর, রায়গঞ্জ এবং বালুরঘাট মহকুমায় তিনটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে ওঠা উচিত। শিল্পের দিক থেকে এটা পশচাদপদ জেলা, শিল্পের উন্নয়নের স্বার্থে শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি দ্রুত যাতে এই জেলায় শিল্প এস্টেট গড়ে উঠতে পারে তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, এক তারিখ থেকে আট তারিখের মধ্যে আমাদের এই কলকাতা শহরে এবং হাওড়ায় রঘুনন্দন তেওয়ারি, মানস ব্যানার্জি এবং বিমলা দে এই তিনজনকে পুলিশ গুলি করে হত্যা করেছে। আমরা এর আগেও দেখেছি মরিচঝাঁপিতে উদ্বাস্তু হত্যা এবং শান্তিপুরে কৃষক হত্যা হয়েছে। কলকাতা ডক, ডুয়ার্সের চা-বাগান এবং মগরার শ্রমিক হত্যা, ফলতার হত্যা ও পুরুলিয়ায় ছাত্র হত্যা হয়েছে। কুচবিহারের ও বাঁকুড়াতে যুবক হত্যা হয়েছে। সর্বশেষে মহিলা হত্যা হল। অর্থাৎ এই ছাত্র, যুবক হত্যার পর মহিলাও বাদ গেল না। অর্থাৎ জানা যাচ্ছে যে গুলি করে হত্যা করা এই রাজ্যের বিরোধী দলগুলির

প্রতি সরকারের শিষ্টাচার হয়ে দাঁড়িয়েছে। আমরা মনে করি যে পুলিশ প্রশাসনের উপরে সি.পি.এম. এর যে নির্লজ্জ নিয়ন্ত্রণ, সেই নিয়ন্ত্রণ গণতন্ত্রের আব্রুকে ধংস করে দিচ্ছে। এই নিয়ন্ত্রণ পশ্চিমবাংলার মানুষের টুঁটি চেপে ধরে সবকিছুকে ধংস করতে উদ্যত হয়েছে। আমরা এর তীব্র নিন্দা করি। আজকে যে তিনটি হত্যাকান্ড সংঘটিত হয়েছে আমরা তার বিচার বিভাগীয় তদন্ত দাবি করছি এবং দোষী পুলিশ অফিসারদের অবিলম্বে বরখাস্তের দাবি জানাচ্ছি। আমি মনে করি যে শুধু মাত্র লাল্লু আলমদের গ্রেপ্তার করে এই সমস্যার সমাধান হবে না, দোষী পুলিশ অফিসারদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে এবং সি.পি.এম.-এর ও পুলিশের যে যৌথ অত্যাচার তা বন্ধ করতে হবে।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের সুন্দরবন এলাকায় বিভিন্ন যে ব্লকগুলি আছে সেখানে বাঁধগুলির বাউন্ডারি ওয়ালের অবস্থা অত্যন্ত খারাপ। আমি বারবার করে উল্লেখ করেছি, শুধু ভাঙ্গনের ব্যাপার নয়, এর সাথে উল্লেখ করেছি যে এই এলাকা এক ফসলী এলাকা। এখানে আমন ধান একমাত্র ফসল। সেই ফসল একবার যদি নষ্ট হয়ে যায় তাহলে আমাদের জীবন ধারণের আর কোনও উপায় থাকবে না। এই অবস্থার কথা আমরা বিভাগীয় মন্ত্রী মহোদয়ের সঙ্গে আলোচনা কালে উল্লেখ করেছি। তিনি নির্দেশ দিয়েছিলেন যে এবারের কোটালের সময়ে আর জল ঢুকবে না। দুঃখের কথা, আজকে আমার কাছে খবর এসেছে যে ৩ হাজার ফুট বাঁধ ভেঙে নামখানা অঞ্চলে, নোনা জল ঢুকেছে শুক্রবার। বোটখালি এবং বেগুয়াখালিতে বাঁধের অবস্থা অত্যন্ত খারাপ। বারবার করে আমরা এ সম্পর্কে বলেছি কিন্তু কোনও ব্যবস্থাদি গৃহীত হচ্ছে না। একফসলী এলাকায় এইভাবে যদি একবার ভেঙে যায় তাহলে আর কোনও উপায় থাকবে না। ১৯৮৬ সালে একবার এইভাবে ভেসে গিয়েছিল একের পর একটা গ্রাম। পঞ্চায়েতী রাজ ব্যবস্থার মধ্যে দিয়ে ব্যবস্থা গ্রহণের ফলে আমরা চার বছর রক্ষা পেয়েছিলাম। অথচ সেচ ও জলপথ বিভাগের পক্ষ থেকে সেখানে যে কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে যার থেকে আমরা কোনও উপকার পাচ্ছি না। সেজন্য ওখানে ইমিডিয়েটলি ব্যবস্থা নিতে হবে, যাতে করে শুধু সাগর, নামখানা সহ সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চল-এ পাথরপ্রতিমা অঞ্চল পর্যন্ত যে এক ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে এই অবস্থায় এখুনি ব্যবস্থা গ্রহণের জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আজকে এই হাউসের কাছে আমরা কংগ্রেস কর্মীরা আক্রান্ত, রক্তাক্ত এই কথা বলতে উঠিনি। পুলিশের গুলিতে আগস্টের এক তারিখ থেকে আমাদের তিনজন কর্মী মারা গিয়েছেন—রঘুনন্দন তেওয়ারি, মানস ব্যানার্জি এবং বিমলা দে, এই কথা আমরা এর আগে হাউসে উল্লেখ করেছি। আমি জানতে চাইছি যে, বামফ্রন্টের পুলিশ এবং ক্যাডারবাহিনীর কৃতিত্ব কি শুধুমাত্র মহিলাদের উপরে অত্যাচার গিয়ে ঠেকেছে কিনা, সেই প্রশ্নই আজকে আমার রয়েছে। তার কারণ আমি দেখছি যে বামফ্রন্ট সরকারের আমলেই বানতলা, বিরাটিতে নারী নির্যাতন হল। বানতলাতে একজন মহিলা মারা গেলেন। আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের আমলেই পুলিশের লক-আপে সিঙ্গুরে একজন মহিলা ধর্ষিতা হলেন। বিরাটিতে গণ ধর্ষণ সি.পি.এম. সমর্থকদের দ্বারা সংঘটিত হয়েছে। তারপরে

হাওড়াতে বিমলা দে'র মাথায় গুলি করা হল এবং বন্ধের দিন মমতা ব্যানার্জিকে মাথায় লাঠি দিয়ে জখম করা হল। সুতরাং আমার জিজ্ঞাসা যে আজকে বামফ্রন্ট সরকারের সমস্ত ক্ষমতা এবং সি.পি.এমের সমস্ত ক্ষমতা কি মহিলাদের উপরে অত্যাচারে গিয়ে দাঁড়িয়েছে। হাওড়াতে বিমলা দে একজন প্রাথমিক শিক্ষক, ৫০ জন মহিলা নিয়ে হাওড়ায় ব্রিজের উপরে বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির কারণে অবরোধ করেন। তাদের পুলিশ গ্রেপ্তার করল না বা টিয়ার গ্যাস ছুঁড়লো না বা লাঠিচার্জ করল না। পুলিশ নির্বিবাদে তাদের উপরে গুলি চালাল। পুলিশি ম্যানুয়ালে আছে যে আগে লাঠিচার্জ করতে হবে, তারপরে টিয়ার গ্যাস সেল চালানো হবে। তাতে থামানো না গেলে ওয়ার্নিং দিয়ে গুলি চালান হবে টু কজ মিনিমাম ইনজিওরি, কিন্তু এক্ষেত্রে টু কজ মিনিমাম ইনজিওরি দেখাতে গিয়ে মহিলার উপরে যে বুলেট দিয়ে আক্রমণ করা হল, তার ফলে তিনি ৭দিন এস.এস.কে এম. হাসপাতালে লড়াই করার পরে মারা গেলেন। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, বিমলা দের মাথার যে গুলি চালানো হয় সেটি রাইফেলের গুলি নয়, রিভলবারের গুলি। রিভলবার থাকে একমাত্র পুলিশ অফিসারের কাছে। কোনও পুলিশ অফিসার ওই গুলি করলেন যার ফলে তিনি মারা গেলেন তার কোনও তদন্ত বার হয় নি। আমি জানতে চাই যে ওই দোষী পুলিশ অফিসারের বিরুদ্ধে তদন্তের ব্যবস্থা করা হোক। তা না হলে হাওড়া সহ সারা বাংলায় আন্দোলন হবে ওই পুলিশ অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্যে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়া একটি শিল্প এলাকা, এবং ক্রমান্বয়ে আরও শিল্প এলাকার একটা বিশাল সম্ভাবনা তৈরি হচ্ছে। সেই শিল্প সম্ভাবনার সঙ্গে তাল রেখে কারিগরি উন্নয়নও দরকার। বিশ্বব্যাঙ্ক পশ্চিমবাংলায় কিছু আর্থিক সাহায্য দিতে চাইছে। একটি পলি-টেকনিক কেন্দ্র গড়ে তোলার জন্যে আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি। এখানে একটা রিজিওন্যাল কলেজ এবং ইঞ্জিনিয়ারিং কলেজ থাকা সত্ত্বেও একটি পলি-টেকনিক ইনস্টিটিউট গড়ে তোলা হোক। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি বিভিন্ন পরিকাঠামো গড়ে তুলছে এবং এরজন্য বিভিন্ন স্কুল-কলেজও গড়ে উঠেছে। কিন্তু কারিগরি শিক্ষার উপযুক্ত মানুষ চাই। বিশেষ করে হলদিয়া পেট্রো-কেমিক্যালসকে কেন্দ্র করে বিভিন্ন রাসায়নিক শিল্পে যথা ইঞ্জিনিয়ারিং কলেজ এবং পলিটেকনিক্যাল কলেজ গড়ে তোলা হোক এই হচ্ছে আমার দাবি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে।

**শ্রী প্রবুদ্ধ লাহা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে এইকথা প্রমাণিত হয়ে গেছে যে পুলিশের একাংশ এবং সি.পি.এমের ক্যাডারবাহিনী, কংগ্রেসিরা যেখানেই গণতান্ত্রিক আন্দোলন চালাচ্ছেন যেখানে পুলিশের গুলি চালানো হচ্ছে। তারফলে সারা রাজ্যে ৩টে জায়গায় কংগ্রেসি কর্মীরা পুলিশের সরাসরি গুলি চালনার ফলে নিহত হয়েছে। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নেতৃত্বে গত ১৬ই আগস্ট কলকাতার রাস্তায় সিপিএমের ক্যাডার নামানো হয়েছিল এবং সেই ক্যাডার বাহিনীর লাল্লু আলমের মতো একজন ক্যাডার মমতা ব্যানার্জির মতো নিরীহ প্রাক্তন সদস্যার উপরে আক্রমণ করে। সিপিএমের ক্যাডারবাহিনীর আক্রমণ শুধু মহিলাদের উপরেই থেমে থাকে নি, এই আক্রমণ সাংবাদিকদের উপরে এবং ফটোগ্রাফারদের উপরে শুরু হয়েছে। সারা বাংলায় ফটোগ্রাফার এবং সাংবাদিকদের ধরে ধরে মারা হচ্ছে। যেখানে ফটোগ্রাফাররা

কংগ্রেসীদের গণতান্ত্রিক আন্দোলনের ফটো তুলতে যাচ্ছে সেখানেই ক্যাডারবাহিনী তাদের আক্রমণ করছে। ফটোগ্রাফার এবং সাংবাদিকদের উপরে এই আক্রমণ ১৬ই আগস্টের থেকেই শুরু হয়েছে। কলকাতা এবং ছোট ছোট শহরে যথা আসানসোল প্রভৃতি অকালেও এই আক্রমণ শুরু হয়েছে। আজকে রাজ্যের আইন শৃঙ্খলা কোথায় গিয়ে দাঁড়িয়েছে যে সাংবাদিক, ফটোগ্রাফারদের উপরে আক্রমণ হচ্ছে অথচ তার কোনও বিচার হচ্ছে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই জানি ৬০/৬৫ বছর নিয়ে সর্বত্র একটা বিক্ষোভ চলছে এবং বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যেও চলছে। একদিকে এই ব্যাপারে যখন হাজার হাজার শিক্ষক অপশন দিচ্ছেন ৬০ বছরের বিরুদ্ধে এই অপশন দেওয়ার অধিকার তাদের আছে, এটা গণতান্ত্রিক অধিকার—সরকারের একটা গৃহীত নীতির বিরুদ্ধে, এটা অবশ্য আপনি জানেন যে এই জিনিস অনেক জেলাতেই হচ্ছে। মুর্শিদাবাদ জেলার কথা আমি ভালো করেই জানি। বিভিন্ন জেলাতে প্রাথমিক শিক্ষকরা ৬০ বছরের বিরুদ্ধে অপশন দিচ্ছেন সেইজন্য দু-তিনটি জেলায় তাদের বেতন দেওয়া হচ্ছে না, এই ঘটনা ঘটেছে, তবে সরকারি নীতি এটা নয়। আমি এই ব্যাপারে ডি.এস.ই.র কাছে গিয়েছিলাম তিনি বলেছেন সরকারের তরফ থেকে এই রকম কিছু ঘোষণা করা হয়নি, কিন্তু শুনেছি একটা প্রতিশোধমূলক দৃষ্টিভঙ্গিতে এটা করা হচ্ছে। আমি সেই কারণে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বলতে চাই মুর্শিদাবাদ জেলার প্রাথমিক শিক্ষক যারা ৬০ বছরের বিরুদ্ধে প্রতিবাদ করে, প্রটেস্ট করে, অপশন দিয়েছেন তাদের বেতন দেওয়া হচ্ছে না। অপশন আন্ডার প্রটেস্ট সরকারি নীতি এটা নয়। মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী তিনি এখানে আছেন, তাকে বলতে চাই সরকারি এই নীতির বিরুদ্ধে কিছু আমলা যে সব কাজ করছেন এই ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য এবং কিছু বলার জন্য অনুরোধ করব।

**শ্রী পুলিন বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের এবং মৎস্যমন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। কারণ বর্ষায় ময়না ব্লকে এবং তমলুক এক নম্বর ব্লকের বেশির ভাগ অংশ জলে আটকে গিয়েছে, বর্ষায় জলে শস্যক্ষেত্রগুলি সব ডুবে গিয়েছে। হৈমন্তী ধান সব নষ্ট হয়ে গিয়েছে। এবং শাকসব্জী যা ছিল সব শেষ ফলে একটা গুরুতর পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আমি সংশ্লিষ্ট এই বিষয়গুলি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ময়নাবাসীর পক্ষ থেকে আবেদন হিসাবে রাখছি। অবিলম্বে যাতে অল্প সুদে ভরতুকি, ঋণ বা অনুদান দেওয়া হয় তার জন্য অনুরোধ করছি। অল্প মূল্যে বোরো চাষ আগামী দিনে যাতে হয় এবং সেটা ওঠা পর্যন্ত অল্প মূল্যে কন্ট্রোল রেটে ক্ষেতমজুর, গরিব চাষী প্রান্তিক চাষীরা যাতে রেশন পায় রেশনিং-র মাধ্যমে তাই এটা দেখার জন্য আমি দাবিটাকে জরুরি হিসাবে আপনার কাছে উপস্থিত করছি।

**শ্রী সুপ্রীয় বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় ৭৭ সালে ইনক্লাব জিন্দাবাদ বলতে বলতে, মার্কসবাদ লেনিনবাদ বলতে বলতে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হয়েছেন। পরবর্তী সময়ে তিনি ঘোষণা করেছিলেন গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের গুলি চলবে না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা দেখতে পাচ্ছি যেখানে এই গণতান্ত্রিক আন্দোলন চলছে সেখানে পুলিশের গুলি একের পর এক চলছে। পশ্চিমবঙ্গে যখন বিরাটি,

বানতলা, অশোকনগরে নারী নির্যাতন চলেছে তার বিরুদ্ধে যখন কংগ্রেস প্রতিবাদ করছে এবং পশ্চিমবাংলায় যখন দ্রব্যমূল্যবৃদ্ধির ব্যাপারে প্রতিবাদ করছে আবার ট্রাম বাস-এর ভাড়া বৃদ্ধির ব্যাপারে প্রতিবাদ করতে যখন শিক্ষিকা বিমলা দে গিয়েছিলেন হাওড়া ব্রিজে প্রতিবাদ করতে তখন দেখলাম তার বিরুদ্ধে গর্জে উঠল পুলিশের গুলি। আমরা জানতাম ইংরেজরাই মানুষের উপর অত্যাচার চালায়, গুলি চালায়, বর্তমানে আমরা দেখেছি ইংরাজ না থাকলেও ইংরেজের দালাল বামফ্রন্টের পুলিশ গণতান্ত্রিক আন্দোলনকারী মহিলার উপর গুলি চালিয়েছে। আজকে হাওড়ায় বিমলা দেবী গণতন্ত্রপ্রেমী মহিলা হিসাবে চিহ্নিত হয়ে রইলেন। তাই আমি আজকে আপনার মাধ্যমে জানতে চাই যে, যে গুলিতে তার উপর আঘাত নেমে এসেছে সেই গুলি গণতন্ত্রের উপর আঘাত করা হয়েছে। আমি এই বিষয়ে দোষী পুলিশ অফিসারদের শক্তি চাই।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী সাধন চট্টোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর গোচরে আনতে চাই। কৃষ্ণনগর কর্মবিনিয়োগ কেন্দ্রে বর্তমানে দুর্নীতি এবং স্বজনপোষণের আখড়ায় পরিণত হতে চলেছে ... (এই সময় মাননীয় সদস্য শ্রী সাধন পান্ডে কিছু বলতে ওঠেন)...... (গোলমাল)........ এই দপ্তরের কয়েকজন অফিসার তারা নিজেরা আড়ালে থেকে কিছু সুযোগসুবিধা দিয়ে অধঃস্তন কর্মচারিদের নিয়ে তারা কুকর্ম করছেন। একজন টাইপিস্ট, একজন পিওন, একজন এল.ডি.সি. কর্মচারীকে সামনে রেখে তারা অর্থের বিনিময়ে কল বের করে দিচ্ছেন ....... (শ্রী সাধন পান্ডে এ ভাবে চলতে পারে না, জ্যোতিবাবু কোথায়, জ্যোতিবাবু জবাব দিন...................... গোলমাল).................................. (সেভারাল কংগ্রেস আই অনারেবল মেম্বার রোজ টু স্পিক)................. (গোলমাল)............ এবং তারিখ পরিবর্তন করে, রেজিস্ট্রেশন নম্বর পাল্টে তারা নানাভাবে অগ্রাধিকার দিচ্ছে অন্য প্রার্থীদের। অথচ যারা কল পাবার যোগ্য, যারা স্নাতক তারা সুযোগ পাচ্ছেন না। এর ফলে একটা বিক্ষোভ দেখা দিচ্ছে এবং শুধু তাই নয় এতে আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিতে পারে। আমি যে অভিযোগপত্র পেয়েছি তা আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে দিচ্ছি এবং দাবি করছি অবিলম্বে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী তুহিন সামন্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা, আজকে বিরোধী দলের সদস্য হিসাবে বলতে হচ্ছে পশ্চিমবাংলায় পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে ........ (গোলমাল)..........মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আগস্ট মাসের এক (১) তারিখ থেকে পশ্চিমবঙ্গে পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে। পুলিশের একাংশ আজকে ট্রিগার হ্যাপি হিসাবে পরিগণিত হচ্ছে। বর্ধমান জেলায় স্বাধীনতা আন্দোলন হয়েছে, এবং সেই স্বাধীনতা আন্দোলনের এক কালের পুরোধা ব্যক্তি আজকে পশ্চিমবঙ্গের ভূমিরাজস্বমন্ত্রী। তিনিও স্বীকার করবেন যে পশ্চিমবঙ্গের মধ্যে বর্ধমান ছিল গণতান্ত্রিক আন্দোলনের পীঠস্থান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা দেখা যাচ্ছে যে বর্ধমান শহরে কিছু পুলিশ অফিসার রক্তলোলুপ হয়ে উঠেছে। আগে কিন্তু বর্ধমানে শহরে গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের গুলিতে কোনও লোক মারা যায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুব কংগ্রেসের মিছিল যদি সেদিন অশান্ত হয়ে থাকে, তাহলেও বর্ধমানের পুলিশের একটু ধৈর্য রাখা উচিত ছিল। তারা সরাসরি একটা ছেলেকে

মাথায় গুলি করল। আমরা লক্ষ্য করেছিলাম মানস ব্যানার্জিকে যে কনস্টবল গুলি করেছিল, সেই সন্তোষ রায়ের তখন ডিউটি ছিল না এবং সেই মানস ব্যানার্জিকে ফায়ার করেছিল এবং তাকে মৃত্যুমুখে পতিত করেছিল। তার পরবর্তী পর্যায়ে আমরা দেখলাম আজকে নন-গেজেটেড পুলিশ কর্মচারী অ্যাশোসিয়েশন-এর মুষ্টিমেয় কিছু পুলিশ আজকে শুধু মাত্র ইনামের আকাঙ্খায় পার্টির কর্তাদের কাছে নজর কাড়ার আকাঙ্খায়, আজকে তারা রক্তলোলুপ হয়ে উঠেছে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

**শ্রী সূর্য্য চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলা জুড়ে আজকে কংগ্রেসিরা অরাজকতা এবং বিশৃঙ্খলা সৃষ্টি করার চক্রান্তে লিপ্ত হয়েছে। আমরা সকলেই জানি যে ঘটনাগুলি ঘটেছে সে বিষয়ে মুখ্যমন্ত্রী কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন এবং তা জেনে আমরা সন্তুষ্ট। গত ১৬ তারিখে যে ঘটনা ঘটেছে তার দরুন ২৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং মুখ্যমন্ত্রী খুব কড়া ব্যবস্থা নিতে বলেছেন। আমি একটা বিশেষ বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি, গত ১লা আগস্ট আমরা লক্ষ্য করেছি ডি.সি. (পোর্ট)-এর মুখে কংগ্রেসিরা কালি লাগিয়েছিল। আমরা জানি গত ২রা আগস্ট ঐ মমতা ব্যানার্জির নেতৃত্বে, ঐ কংগ্রেসিরা বেহালা থানা দখল করেছিল এবং ও.সি.-র চেয়ারও দখল করেছিল এবং ঐ মমতা ব্যানার্জির নেতৃত্বে ১৭টি বাসে আগুন লাগানো হয়েছিল। আবার গত ২০শে এপ্রিল ঐ মমতা ব্যানার্জি একবার বিধানসভার গেটের সামনে পুলিশের হেলমেট ধরে টানাটানি করেছিল। আমাদের কাছে খবর আছে ঐ কংগ্রেসি গুন্ডারা ১২৫টা বাস হয় পুড়িয়েছে বা নষ্ট করেছে। গতকাল মেদিনীপুর জেলায় যে ঘটনা ঘটেছে তাতে কয়েকটি বাস পোড়ানো হয়েছে এবং ডেবরাতে বাসের ড্রাইভার ও কন্ডাকটারের মাথা ন্যাড়া করে দেওয়া হয়েছে। আপনি জানেন গোটা পশ্চিমবাংলা জুড়ে কংগ্রেসি গুন্ডারা এইসব ঘটনা ঘটাচ্ছে, এর বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন সেটা মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর জানানো দরকার। আমাদের দাবি যারা নেতা, যারা ঐ বদমায়েশদের গোড়া তাদের বিরুদ্ধে সরকারকে আরও কড়া ব্যবস্থা নিতে হবে।

**श्री सलिव टाप्पो :** अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से वेलफेयर मिनिस्टर और खाद्यमंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। पश्चिमवंगाल में आइ० सी० डी० एस० प्रोजेक्ट चालू हैं। उसके अन्तर्गत छोटे २ बच्चों को आइ० सी० डी० एस० के प्रोजेक्ट के माध्यम से अल्पाहार की व्यवस्था की गई है। यह ववस्था इसलिए की गई है कि बच्चों के सास्थ में सुधार हो। लेकिन देखा जाता हैं कि स्वास्थ सुधार के लिए फ्री एजूकेशन के बच्चों के लीये खाद्य दिया जाता हैं, वह इतना निम्नस्तर का होता हैं कि बच्चों को खाने के योग्य तो होता ही नहीं हैं यहा तक कि उस खाद्य को पशु भी खाना नही चाहते हैं। इसलिए बच्चों के स्वास्थ सुधार के बजाय उनका जीवन हानिकारक होता जा रहा हैं। इसलिए मेरा अनुरोध हैं कि जो खाद्य उनको दिया जाता हैं, वह उन्नतमान का होना चाहिए। जो खाद्य बच्चों को दिया जाता हैं उसमें कंकर-पत्थर-कूडा-कर्कर भरा रहता हैं। इसलिए उसे खाया नहीं जा सकता हैं। मेरा अनुरोध हैं कि खाद्यमंत्री इधर ध्यान दे ताकि

आई० सी० डी० एस० प्रोजेक्ट के माध्यम से जो खाद्य बाच्चों को दिया जाता हैं, वह उन्नत मान का खाद्य हो।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী মহঃ ফারুক আজম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে গত বছর থেকে পশ্চিমবঙ্গে ক্ষেত মজুরদের জন্য সাবসিডাইজড রেটে রেশনিং ব্যবস্থা চালু হয়েছে এবং এরজন্য ক্ষেত মজুর সমাজ বিশেষ করে কৃষক সমাজ বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানিয়েছে। কিন্তু এর সঙ্গে যে বিষয়টা বলতে চাই সেটা হচ্ছে সাবসিডাইজড রেটে রেশন পেতে হলে রেশন কার্ডের দরকার। কিন্তু আমরা দেখছি গ্রামে গঞ্জে অনেক ক্ষেত মজুর আছে যাদের রেশন কার্ড নেই। খাদ্য দপ্তর আপাতত রেশন কার্ড ইস্যু করা বন্ধ রেখেছেন, স্বভাবতই অনেক ক্ষেত মজুর এই প্রকল্পের বাইরে রয়ে গেছে, তারা এর সুবিধা পাচ্ছে না। দ্বিতীয় হচ্ছে ক শ্রেণীর রেশন কার্ড হোল্ডাররা এর সুযোগ পাবে। ইতিমধ্যে দেখা যাচ্ছে খ এবং অন্যান্য শ্রেণীর কৃষকরা যাদের জমি ছিল তারা আজকে জমি হারা হয়েছে, আজকে তারাও এই প্রকল্পের বাইরে চলে যাচ্ছে। ইতিমধ্যে জানতে পেরেছি খাদ্য দপ্তর তাদের রেজিস্টার অনুসারে ক শ্রেণী ভুক্ত কার্ড হোল্ডার যারা তাদের রেশনের ব্যবস্থা করছে। খ এবং অন্যান্য শ্রেণীর যারা যাদের জমি নেই তারাও যাতে রেশন পায় তার নির্দেশ ইসলামপুরের ক্ষেত্রে যাতে পাঠানো হয় তারজন্য আবেদন রাখছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পে কমিশনের রিপোর্ট বের হবার পর আমাদের এই পশ্চিমবঙ্গে ৬০ বছর শিক্ষকদের বয়স নির্ধারণ করেছেন, তার বিরুদ্ধে হাইকোর্টে কেস হয়েছে ৬৫ বছরের দাবিতে। হাইকোর্ট থেকে নির্দেশনামা দিয়ে রেখেছে যতক্ষণ রায়ের ফয়সালা না হয় ততক্ষণ যারা এক্সটেনশনে আছেন তাদের যেন কোনওরকম ডিসটার্ব করা না হয়। কিন্তু আমার এলাকায় রায়নাপুর প্রাইমারি স্কুলের একরামুল বিশ্বাস, হেড মাস্টার, তাকে বলপূর্বক স্কুল ইন্সপেক্টরকে দিয়ে তার জায়গায় একজন অ্যাসিস্ট্যান্ট টিচারকে চার্জ দিয়ে দেওয়া হয়েছে। তিনি স্কুলে যাচ্ছেন, কিন্তু তাকে সই করতে দেওয়া হচ্ছে না হাইকোর্টের এই নির্দেশনামা থাকা সত্ত্বেও। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে বিনয়ের সঙ্গে আবেদন জানাচ্ছি দয়া করে একটু জানিয়ে দিন যে যতক্ষণ পর্যন্ত হাইকোর্টের রায়ের ফয়সালা না হয় ততক্ষণ পর্যন্ত তাদের যেন ডিসটার্ব না করা হয়। কারণ তারা এক্সটেনশন পেয়ে আছেন এক বছরের জন্য। তারপর হাইকোর্টের যদি রায় হয় ৬০ বছর তখন সেটা হবে। কিন্তু যতক্ষণ পর্যন্ত তা না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কি করে ডিসটার্ব করা যায়। মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এতে অর্জিত অধিকার খর্ব হচ্ছে এবং হাইকোর্টের নির্দেশনামাকে মানা হচ্ছে না। সেই কারণে এই সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রীর একটা বিবৃতি দাবি করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ আপনি জানেন যে সরকারি বা বেসরকারি বিভিন্ন ক্ষেত্রে যারা চাকুরিজীবী আছেন বা অন্য পেশায় নিযুক্ত আছেন তাদের

আয়ের উপর আয়কর দিতে হয় এবং সেই আয়কর একটা বিশেষ সীমা পর্যন্ত ছাড় দেওয়া হয়। বর্তমানে ২৫ হাজার টাকা যাদের আয় তারা আয়করের মধ্যে আসেন না। আবার স্বল্প সঞ্চয়ে যদি টাকা রাখা যায় তাহলে তারজন্য কিছু বাড়তি সুযোগ পাওয়া যায়। কিন্তু দুঃখের বিষয় কৃষি আয়করের বিষয়ে দেখা যাচ্ছে নিট আয় ১০ হাজার টাকার বেশি বলে কৃষি আয়কর দিতে হয়। ১৯৮৩ সালে এই আইন হয়েছিল, তারপর থেকে এটাই চলে আসছে। দিনের পর দিন টাকার মূল্য হ্রাস পাচ্ছে অথচ তাদের ক্ষেত্রে ছাড়ের যে উর্ধসীমা ছিল সেটা পুনর্বিন্যাস করা হচ্ছে না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই বর্তমান পরিস্থিতিতে কৃষি আয়কর ছাড়ের ক্ষেত্রে যাতে সুযোগটা আরও বর্ধিত করা যায় সেই বিষয়টা তিনি যেন বিবেচনা করে দেখেন এবং এই সভার মাধ্যমে তার সিদ্ধান্তটা জানিয়ে দেন।

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত দুঃখ এবং দুর্ভাগ্যজনক ঘটনার কথা উল্লেখ করছি। কিছুক্ষণ আগে এই বিষয়ে একটু উত্তেজনার সৃষ্টি হয়েছিল। পুলিশের গুলিতে মানস ব্যানার্জি, শ্রীমতী বিমলা দে এবং রঘুনন্দন তেওয়ারি এই পশ্চিমবঙ্গের মাটিতে নিহত হয়েছে, অথচ পুলিশ মন্ত্রী এখানে উপস্থিত নেই। আমাদের মাননীয় বিধায়ক সাধন পান্ডে অত্যন্ত যুক্তিপূর্ণ দাবি এখানে রেখেছেন। সারা পশ্চিমবঙ্গের মানুষের কাছে পুলিশের গুলিতে নিহত হওয়ার ঘটনাটি অত্যন্ত লজ্জার ব্যাপার এবং এতে সারা পশ্চিমবঙ্গের মাটি কালিমালিপ্ত হয়েছে। পশ্চিমবঙ্গের পুলিশ মন্ত্রী হচ্ছেন জ্যোতিবাবু। আমরা দাবি করছি পুলিশের গুলিতে নিহত রঘুনন্দন তেওয়ারি, মানস ব্যানার্জি, এবং বিমলা দে-র বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হোক। তারাপদ ব্যানার্জিসহ বিভিন্ন সাংবাদিক চিত্র সাংবাদিক যারা বিভিন্ন রকম সি.পি.এম. গুন্ডাদের সন্ত্রাসে লিপ্ত অবস্থায় খুনের ছবি তুলে রাখছেন আমাদের বিশ্বাস সেইগুলি আগামী দিনে বিশ্বাসযোগ্য হয়ে উঠবে। পুলিশের উপস্থিতিতে এই সমস্ত সাংবাদিকদের পশ্চিমবঙ্গের মাটিতে আক্রমণ করছে এই সব লালু, ভুলুদের দল। শুধু কংগ্রেস কর্মী, যুব কংগ্রেস কর্মী, ছাত্রপরিষদের কর্মী, সাধারণ কৃষক, শ্রমিক নয়, সাংবাদিকদের পর্যন্ত পুলিশের উপস্থিতিতে নিগৃহীত হতে হচ্ছে। এটা অত্যন্ত বেদনাদায়ক ব্যাপার। আজকে পশ্চিমবঙ্গের গণতন্ত্র বিপন্ন। আমরা তাই এই খুনের বিচার বিভাগীয় তদন্ত দাবি করছি।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জঘন্য ঘটনার কথা উল্লেখ করছি। ১৪/৮/৯০ তারিখে কংগ্রেস এবং এস.ইউ.সি.আই. নামধারী বেশ কিছু সমাজবিরোধী সকাল ৭টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত দাসপুর থানার খুকুড়দহ এলাকায় বাসের উপর হামলা করে। একটি সরকারি বাস পুড়িয়ে দেয়, আর একটি সরকারি বাসের ক্ষতিসাধন করে এবং ২০টি বেসরকারি বাস ভাঙ্গচুর করে। এমন কি একটি ট্রাকের উপর পর্যন্ত হামলা চালায়। সেটাকেও ভাঙ্গচুর করে। পরিবহন শ্রমিক, যাত্রী সাধারণের উপর হামলা চালায়, লুঠপাট ছিনতাই করে। এই রকম একটা সময় এই জঘন্য ঘটনা ঘটানো হল, যখন মানুষ বাড়তি ভাড়া মেনে নিচ্ছে এবং যাত্রীরা গাড়িতে চড়ছে। এই অবস্থায় কংগ্রেস, এস.ইউ.সি.আই নামধারী কিছু সমাজবিরোধী অরাজরকতা এবং বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করে। সময়মতো পুলিশ হস্তক্ষেপ করার ফলে ঘটনাটি নিয়ন্ত্রণে এসে যায়। আজকে সারা পশ্চিমবঙ্গে ওরা এই রকম ঘটনা ঘটিয়ে চলেছে। তাই এই সব সমাজবিরোধীদের অবিলম্বে গ্রেপ্তার দাবি জানাচ্ছি।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১ তারিখ থেকে কংগ্রেসের নেতৃত্বে পশ্চিমবঙ্গে যে আন্দোলন চলছে—সেই আন্দোলনের পরিপ্রেক্ষিতে পুলিশের ভূমিকা সম্পর্কে আমাদের অনেক বন্ধু বলেছেন—আমিও সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুলিশের ব্যবহার, তাদের আচার আচরণ আজকে যে অবস্থায় নিয়ে যাওয়া হয়েছে সেটা কিন্তু সমাজের পক্ষে অত্যন্ত ক্ষতিকর একটা দিক এবং তাদেরকে সেই ভয়াবহ অবস্থার দিকেই নিয়ে যাওয়া হয়েছে। আমি একটি ছবি আপনাকে দেখাতে চাই যে, পুলিশ কিভাবে গুলি চালিয়েছে পয়েন্ট তুলে ধরে মাথা ঠিক করে গুলি চালিয়েছে। এই পুলিশের আচার আচরণ, ভুমিকা নিয়ে চিন্তা করার সময় এসেছে। পশ্চিমবঙ্গে অনেক গণআন্দোলন হয়ে গেছে। গণ আন্দোলনের অনেক শ্রদ্ধেয় নেতা এখানে আছেন। কংগ্রেস আমলে ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়, প্রফুল্ল চন্দ্র সেনের সময় কি মহিলা সত্যাগ্রহীদের পা ধরে টেনেছিল? ছবিতে দেখা যাচ্ছে পুলিশ পা ধরে টানছে, কাপড় উঠে গেছে। কোথাও কি এমন নজির একটা আছে? এই নজির কোন রাজত্বে আছে, কোথায় আছে? আন্দোলন করতে যাবার দুদিন আগে আমরা হাওড়া ডি.এম.এর কাছে নোটিশ দিয়েছিলাম যে, হাওড়া ব্রিজ অবরোধ করব। বাসভাড়া বৃদ্ধির প্রতিবাদে এবং দ্রব্যমূল্যবৃদ্ধির প্রতিবাদে যে আন্দোলন সেখানে কেন মহিলা পুলিশের অ্যারেঞ্জমেন্ট করতে পারেন নি? সেখানে কেন পুরুষ পুলিশ দিয়ে মহিলাদের উপর অত্যাচার করা হয়েছে, তাদের নিগৃহীত করা হয়েছে আমরা জানতে চাই। যারা নিজেদের সভ্য সমাজের ধারক এবং বাহক বলে পরিচয় দেন তাদের আজ আর লজ্জা রাখার জায়গা নেই বলেই আমি মনে করি। আমাদের কংগ্রেসের নেত্রী, পশ্চিমবঙ্গ মহিলা কংগ্রেসের সভানেত্রী, শ্রীমতী মিনতি অধিকারী, তার ব্লাউজ দুটি পুলিশ মিলে ছিঁড়ে দিচ্ছে। অভিরাম মণ্ডল বলে একজন ট্রাফিক সার্জেন সে এর নায়ক অথচ পুলিশ এর কোনও তদন্তই করল না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে আমাদের আন্দোলনের উদ্দেশ্যই নাকি ব্যর্থ হয়েছে, তিনি কি করে এটা বললেন জানি না। এখনও আমরা দেখছি কেরোসিন তেলের জন্য হাজার হাজার লোক লাইন দিয়ে দাঁড়িয়ে আছে অথচ আধ লিটার তেলও তারা পাচ্ছে না। আজ প্রতিটি জিনিসপত্রের অগ্নিমূল্য। প্রতিটি জিনিসের দাম ক্রমাগত বেড়ে চলেছে, পরিবহন ভাড়া বাড়ছে আর মানুষ যখন তার বিরুদ্ধে আন্দোলন করছে তখন তাদের উপর গুলি চলেছে, মহিলাদের পুরুষ পুলিশ দিয়ে অত্যাচার করা হচ্ছে। আর ওদের ক্যাডারবাহিনীর ভূমিকার কথা মানসবাবু বলেছেন, আমি আর তাদের কথা বিস্তারিতভাবে না বলে শুধু একটি কথা বলছি, ফাঁসিতলার মোড়ে ঐ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সোনার টুকরো ছেলেদের যাদের বুদ্ধদেববাবু সার্টিফিকেট দিয়েছেন যে তাদের পায়ের নখের যোগ্যও আমরা নই, আমরা অবশ্য তা হতেও চাই না—তাদের তান্ডব নৃত্য অথচ পুলিশ সেখানে কোনও ব্যবস্থা করছে না।

**শ্রী সাত্ত্বিক রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, বীরভূম জেলাতে আমার কেন্দ্র নলহাটিতে প্রকাশ্য দিবালোকে আমাদের ফরওয়ার্ড ব্লকের এক কর্মীকে নির্মমভাবে আঘাত করে মারা হল। সেখানে বোমা ছুঁড়ে এবং পিটিয়ে তাকে মারা হল। যে সমাজবিরোধীরা তাকে মারল তাদের কথা বারবার বলা সত্ত্বেও স্থানীয় পুলিশ বিশেষ কিছু অ্যাকশন নিচ্ছেন

না। যারা খুনী তারা ঐ এলাকায় ঘুরে বেড়াচ্ছে এবং তান্ডব নৃত্য করছে, পুলিশ নিষ্ক্রিয়। অবিলম্বে ঐ সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার করার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**श्री देउकीनन्दन पोद्दार :** माननीय अध्यक्ष महोदय, ८ अगस्त को नवाव हसन का खून मार्क्सवादी गुण्डों ने किया। दिन के वक्त फलमण्डी बालमुकुन्द मक्कर रोड जहाँ पर हजारो व्यक्तियों की भीड़ रहती है, वहीं पर नबाब हसन का कतल किया गया। ये कत्ली, आतंकवादी मार्क्सवादी इतने बढ़े हुए हैं कि हजारों आदमियों के सामने कत्ल किया और किसी ने एक आवाज भी नहीं उठायी। ऐसा समझा जाता हैं कि मरने वाले ने मरने से पहले वयान दिया हैं कि रहिम, आशिक, बड़का और शभोम ने मुझको मारा है। ताज्जब है कि कत्ल करने वालों का नाम दिया गया हैं मगर आज तक किसी को गिरफ्तार नही किया गया हैं। मार्क्सवादी मुख्यमंत्री से मेरा अनुरोध है कि इन मार्क्सवादी कम्युनिस्ट पार्टी के गुण्डो को फौरन अरेस्ट किया जाय। ये कम्युनिस्ट पार्टी के गुण्डे कहे जाते हैं। वहाँ का साथ महल्ला केला बगान, चनचनिया, कूलबगान और फलमण्डी बालमुकुन्द मक्कर रोड में मार्क्सवादी कम्युनिस्ट पार्टी कें गुण्डे हावी हैं। इनका वहाँ पर पूरा आतंक हैं और इन पर पश्चिमवंगाल सरकार का पूरा हाथ हैं। मैं अनुरोध करूँगा मुख्यमंत्री सें कि आप मार्क्सवादी पार्टी के मुख्यमंत्री नही हैं। आपतो सारे पश्चिम बंगाल के मुख्यमंत्री हैं। आपने देश में अमन-चैन सुख-शान्ति रखने की शपथ ली हैं। गुण्डे तो गुण्डे ही हैं। वे चाहे जिस पार्टी के हों, उनका अत्याचार किसी पर नहीं होना चाहिए। देश के सभी लोग इन गुण्डों से सुरक्षित रहें, इस ओर सरकार का ध्यान हमेशा रह .. चाहिए।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় খন্ডঘোষকুলে রায়না দীঘির পাড়ে নিউ পি.এস.সি.র স্বাস্থ্যকেন্দ্র তৈরি হচ্ছিল। কিন্তু সেটাকে শেষ না করে কনট্রাক্টর রাতারাতি তাদের যন্ত্রপাতি নিয়ে চলে গেল এবং এলাকার মানুষ সেখানে যে সমস্ত মালমশলা ছিল সেগুলি পাহারা দিচ্ছে। এতে সেখানকার মানুষের মধ্যে ক্ষোভ বাড়ছে। বর্ধমানের বিভাগীয় অফিসারদের সঙ্গে যোগাযোগ করে সন্তোষজনক উত্তর পাওয়া যায়নি। আমি অনুরোধ করব যে যত শীঘ্র এই কাজ শুরু করে এবং অবিলম্বে এই কাজ শেষ করে স্বাস্থ্য কেন্দ্রকে জনস্বার্থে চালু করা হোক। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পান্ডুয়া থানার ১১৮টি মৌজার মধ্যে ৫০টি মৌজায় আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে এবং ৩০ জন মানুষ মারা গেছে, ৬শত মানুষ আক্রান্ত হয়েছে। পান্ডুয়া হাসপাতালে রুগী রাখার জায়গা নেই। পঞ্চায়েতের সহযোগিতায় তাবু খাটিয়ে রুগী রাখা হয়েছে এবং ব্যাপকভাবে দেশের ছাত্র এবং সাধারণ মানুষ তাদের রোগের সেবা করছে। সেখানে যে সমস্ত ডাক্তার আছে, কর্মচারী আছে তাদের

একার পক্ষে এগুলি করা সম্ভব নয় যে জন্য আমরা মেডিক্যাল টীম চেয়েছিলাম। সরকার যে মেডিক্যাল টীম দিয়েছেন তাতে হচ্ছে না। তাই স্বাস্থ্য মন্ত্রীর কাছে আমার আবেদন যে এই বিষয়টি অবিলম্বে খতিয়ে দেখুন এবং উপযুক্ত মেডিক্যাল টীম এবং ঔষধ দিয়ে পান্ডুয়া থানার ব্যাপক মানুষ যারা আক্রান্ত হয়েছে তাদের জীবন বাঁচান যাতে মানুষের মনে এই ভরসা আসে যে সরকার এবং দেশের লোক তাদের পাশে আছে, তারা রোগ ঠেকাতে পারবেন এবং মানুষকে বাঁচাতে পারবেন। এই কথাগুলি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে পৌঁছে দেবার জন্য আবেদন করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও ত্রাণ বিভাগের মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এবারে মালদা জেলায় বিধ্বস্ত বন্যা না হলেও ১ মাস যাবৎ গঙ্গা, ফুলহর, মহানন্দার জল বিপদ সীমা ছাড়িয়ে গেছে। এর ফলে প্রায় বাঁধের বাইরে অর্থাৎ মহানন্দা মাস্টার প্ল্যানের বাইরের লোকেরা বিপদাপন্ন অবস্থার মধ্যে রয়েছে। প্রায় ৫০ হাজার লোক জলবন্দী হয়ে আছে। ঢাকুরিয়া গ্রামে প্রায় ৪ হাজার লোক ২ মাস যাবৎ জলবন্দী থাকার পরে বিহার, হরিয়ানা, পাঞ্জাব ইত্যাদি জায়গায় কাজ করতে বাধ্য হচ্ছে। ময়নাপুরে গঙ্গার ভাঙ্গনের ফলে প্রায় এক শত পরিবারকে সরাতে হয়েছে এবং লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে। একবার বাঁধ হচ্ছে, গরিব মানুষের জমি অ্যাকোয়ার করা হচ্ছে, আবার ভাঙ্গন হচ্ছে। এই সম্পর্কে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে আমি জানিনা। সেচ বিভাগের মন্ত্রী মহাশয় কোথাও কোনও স্টেটমেন্ট দিয়েছেন বলেও জানিনা। সে জন্য আমি অনুরোধ করব যে অবিলম্বে চিফ ইঞ্জিনিয়ারকে পাঠিয়ে এটা তদন্ত করে দেখা হোক এবং কিভাবে এগুলি রোধ করা যায় সেই ব্যবস্থা গ্রহণ করা হোক। আর এতদিন যে বন্যা হল, তার কোনও কোনও রিলিফ কোনও গ্রামে বিলি করা হয় নি। আমি এই বিষয়ে মাননীয়া ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এটার মানে কি? আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলছি, ঐ সব এলাকায় রিলিফের ব্যবস্থা করা হোক, কারণ বহু লোক সেখানে অনাহারে দিন কাটাচ্ছে।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে। মেদিনীপুর জেলার দাঁতন থানার দুই নং ব্লকের অন্তর্গত খন্ডরুই বলে একটা গ্রাম আছে, বহু পুরানো বিরোধকে কেন্দ্র করে সেখানে ১৭/৮/৯০ তারিখে কিছু দুস্কৃতকারীর নেতৃত্বে দুপুর দুটোর সময় ঐ গ্রামে কয়েকটি বাড়ির উপর আক্রমণ হয়। এই আক্রমণের ফলে ১৪টি বাড়িতে, লুঠতরাজ হয় এবং সেই বাড়িগুলোতে অগ্নি সংযোগ করা হয়, তার ফলে ১৪টা বাড়ি ভস্মীভূত হয়ে যায়। এই ১৪টি বাড়ির অধিবাসীরা এই বর্ষাকালেও খোলা আকাশের নিচে দিনাতিপাত করছে। সরকার থেকে তিন দিন পরে মাত্র ৬০ টাকা করে প্রত্যেক পরিবারকে ত্রাণ দেওয়া হয় এবং একটা করে ত্রিপল দিয়ে এসেছে। পুলিশ যদি সময় মতো যেত তাহলে এই ঘটনা ঘটত না। এই ঘটনায় পাঁচ জন গুরুতর ভাবে আহত হয়ে মেদিনীপুর সদর হাসপাতালে ভর্তি আছে, এর মধ্যে একজনের অবস্থা খুব সঙ্কট জনক। ঐ দুষ্কর্ম যারা করেছে, তাদের মধ্যে কিছু লোক বামপন্থী বলে দাবি করছে। সে যেই হোক না কেন অবিলম্বে এই সব দুস্কৃতকারীদের এবং

*এই সব লুঠেরাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হোক। তা নাহলে আরও নানা ধরনের* ঘটনা ঘটতে পারে। আমার দাবি অবিলম্বে স্বরাষ্ট্র মন্ত্রী কঠোর ব্যবস্থা গ্রহণ করুন এবং পুলিশি ব্যবস্থা সেখানে জোরদার করুন।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি, ভূমি রাজস্ব এবং ভূমি সদ্ব্যবহার মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, আমার নির্বাচনী কেন্দ্রের কেতুগ্রাম থানায় একটি রাস্তা অধিগ্রহণ করা হয়েছে, সেই রাস্তার জমির দুই পাশে কিছু বাড়ি রয়েছে, সেইগুলো অধিগ্রহণ করার পর এখনও পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়া হয়নি, সেই ১০/১২ ঘর গরিব মানুষ এই ক্ষতিপূরণ না পাবার ফলে অন্য জায়গায় তারা উঠে যেতে পারছে না। রাস্তার কাজে বাধা সৃষ্টি হচ্ছে। আমি নিজে কয়েকবার ওখানকার ল্যান্ড অ্যাকুইজিশন ডিপার্টমেন্টে গিয়ে বলেছি, তাদের দরখাস্ত সেখানে জমা দিয়েছি। তাদের বক্তব্য ৮০ পারসেন্ট ক্ষতিপূরণ পেলেই তারা অন্য জায়গায় চলে যাবে, ঐ জায়গা ছেড়ে দেবে। কিন্তু তা দেওয়া হচ্ছে না। এই কারণে আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি এবং আবেদন রাখছি, এই গরিব মানুষদের তিনি ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করবেন।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই বিধানসভায় ১৬ তারিখের কলকাতা বন্ধের ঘটনায় যে ভাবে অগ্নিগর্ভ অবস্থার সৃষ্টি হয়েছিল, তার গুরুত্ব বিবেচনা করে আপনি মুলতুবি প্রস্তাব আলোচনা করার অনুমতি দিয়েছিলেন। আজকে আশা করেছিলাম পুলিশ মন্ত্রী এই হাউসে উপস্থিত থাকবেন। কিন্তু আজকে তিনি হাউসে উপস্থিত নেই। ১৯৭৭ সালে যখন জ্যোতিবাবু ক্ষমতায় বসেছিলেন, তিনি তখন বলেছিলেন, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ যাবে না। কিন্তু পরবর্তীকালে দেখা গেল মরিচঝাঁপির ঘটনা, শান্তিপুরের ঘটনা থেকে শুরু করে আজকে ৯০-এর দশকে পশ্চিমবঙ্গের মানুষ দেখছে জ্যোতিবাবুর কথা অসার। হাওড়া ব্রিজের উপর যে মর্মান্তিক ঘটনা ঘটল, সেই কথা আমাদের মাননীয় সদস্য আগেই বলেছেন, এত মর্মান্তিক ঘটনা কোনও সরকার ঘটাতে পারে না। এরপরও তারা চিৎকার করছেন কি করে? ১০ থেকে ১৫ জন নিরস্ত্র মহিলা কংগ্রেস কর্মী গিয়েছিলেন হাওড়া ব্রিজে অবরোধ করতে। কিসের জন্য? না, জিনিস-পত্রের দাম বেড়ে চলেছে, তাই তারা প্রতিবাদ জানাচ্ছিলেন। মহিলা পুলিশ দিয়ে তাদের নিষ্ক্রিয় করা যেত, টিয়ার গ্যাসের সাহায্যে তাদের নিষ্ক্রিয় করা যেত। কিন্তু তা না করে, একদম সামনে থেকে মহিলা কংগ্রেস কর্মী একজন শিক্ষিকা বিমলা দেকে মাথায় গুলি করা হল, তিনি সেখানে লুটিয়ে পড়লেন। সারা পশ্চিমবাংলায় জিনিস-পত্রের যেভাবে দাম বাড়ছে তাতে মানুষ ত্রাহি ত্রাহি করছে। এই অবস্থায় এর বিরুদ্ধে প্রতিবাদ করা বিরোধী দল হিসাবে আমাদের কর্তব্য। সেই জন্যই আমরা রাস্তায় আন্দোলন করতে নেমেছি। অথচ আমরা এই বিধানসভার ভেতর দেখছি ট্রেজারি বেঞ্চে যারা বসে আছেন তারা নির্লজ্জের মতো এই সমস্ত ঘটনাকে ছোট করে দেখাবার চেষ্টা করছেন। আমরা দেখেছি বেহালায় রঘুনন্দন তেওয়ারিকে গুলি করে মারা হল, বর্ধমানে মানস ব্যানার্জিকে মারা হল এবং হাওড়া ব্রিজে বিমলা দেকে। বিমলা দেকে মারার ছবি পর্যন্ত প্রকাশিত হয়েছে। এমন কি সংবাদপত্রের আলোকচিত্রীদের মারধোর পর্যন্ত করা হয়েছে এবং সে ছবিও প্রকাশিত হয়েছে। হাওড়া ব্রিজের ওপর বিমলা দে-কে পুলিশ মাথায় গুলি করে

মেরেছে, তার মাথা থেকে গুলি বের করা হয়েছে। অথচ জেলাশাসক রিপোর্ট দিচ্ছে, ওটা কিসের গুলি আমি জানি না। এই অবস্থায় আমি এই ঘটনার বিচার-বিভাগীয় তদন্ত দাবি করছি।

## ZERO HOUR

**শ্রী প্রবুদ্ধ লাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ তারিখ পশ্চিমবাংলায় নারী জাতির ওপর চরম অপমানের ঘটনা ঘটেছে। বাদশা আলমের ভাই লালু আলম শ্রীমতী মমতা ব্যানার্জির ওপর আঘাত করে সেই কাজ করেছে। এবং সারা পশ্চিমবাংলার নারী জাতিকে অপমান করেছে। তার দাদা বাদশা আলম সিপিএম-এর একজন নেতা। বাদশা আলম গতকাল ভবানীপুর থানায় ঢুকে থানার ও.সি.কে ভয় দেখিয়েছে। সে ভয় দেখিয়ে বলেছে, 'ভালো হবে না, দরকার হলে থানা জ্বালিয়ে দেওয়া হবে।' এই অবস্থায় আমি বাদশা আলমের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। ওর ভাই লালু আলম মমতা ব্যানার্জিকে মেরে গোটা পশ্চিমবাংলার নারী জাতিকে অপমান করেছে। লালু আলমকে গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু বাদশা আলমকে গ্রেপ্তার করা হয় নি। আমি দাবি করছি বুদ্ধদেব ভট্টাচার্যের চেলা সিপিএম নেতা বাদশা আলমকে অ্যারেস্ট করা হোক। শুধু লাল্লুকে অ্যারেস্ট করলেই হবে না, তারা দাদা সিপিএম নেতা বাদশা আলমকেও গ্রেপ্তার করতে হবে, কারণ তারই উস্কানিতে তার ভাই মমতা ব্যানার্জিকে আঘাত করেছে। গতকাল সিমিএম-এর এক নেতা বৌবাজারের মোড়ে মিটিং করতে গিয়ে মমতা ব্যানার্জির নামে কুৎসা রটনা করেছে,—মমতার মতো মহিলা, যে আমেরিকান ইউনিভার্সিটি থেকে ডিগ্রি নিয়ে এসেছে ইত্যাদি জাতীয় কথাবার্তা বলেছেন। স্যার, ওরা প্রিয়রঞ্জন দাসমুন্সির সম্পত্তির হিসাব চেয়েছেন। আমি ওদের কাছে এই বিধানসভায় দাবি রাখছি জ্যোতিবাবু এবং তার ছেলের সম্পত্তির হিসাব দেওয়া হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানের খাদ্য আন্দোলনের যে সমস্ত ছাত্র, যুবক এবং মহিলাকে পুলিশ খুন করেছে, কংগ্রেস পক্ষের সদস্যদের দাবি ছিল সে বিষয়ে মুখ্যমন্ত্রী বা কোনও একজন দায়িত্বশীল মন্ত্রী জবাব দিন। জবাব দেওয়া তাদের উচিত ছিল। মানস ব্যানার্জিকে হত্যা করা হয়েছে, রঘুনন্দন তেওয়ারিকে হত্যা করা হয়েছে, বিমলা দেকে হত্যা করা হয়েছে। এর পরেও এখানে সরকার পক্ষ থেকে বলা হচ্ছে, মানুষ ওদের সঙ্গে আছে, কংগ্রেসের সঙ্গে নেই! কিন্তু ওকথা তো আর শুধু বললেই হবে না! বিধানসভার চার দেয়ালের মধ্যে ওকথা বলা যায়। গত ১৬ তারিখের বন্ধ প্রমাণ করে দিয়েছে যে, মানুষ আর ওদের সঙ্গে নেই, মানুষ কংগ্রেসের সঙ্গে আছে। মানস ব্যানার্জিকে খুন করা হয়েছে, রঘুনন্দন তেওয়ারিকে খুন করা হয়েছে, বিমলা দেকে খুন করা হয়েছে। পুলিশ দিয়ে খুন করা হয়েছে। কিসের জন্য? না, তারা খাদ্য আন্দোলন করেছিলেন, সেইজন্য তাদের খুন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন বিধানসভা চলছে তখন মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর একটুও বিবেকের তাড়না হল না পুলিশের হয়ে ক্ষমা চাওয়ার। পুলিশ অন্যায় করেছে, পুলিশের এই কাজের জন্য আমি ক্ষমা চাইছি, এই কথাটুকুও তিনি বলতে পারলেন না!

[3-10 — 3-20 P.M.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন গত ১৬ তারিখ কংগ্রেসের ডাকা কলকাতা বন্ধকে কেন্দ্র করে কলকাতার বুকে কিছু বিক্ষিপ্ত এবং বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে এবং তা নিয়ে আমাদের বিরোধী দল আন্দোলন করছেন। নিশ্চয়ই তাদের আন্দোলন করার অধিকার আছে। কিন্তু একটা ঘটনা আমি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি যে, কেওড়াতলার শ্মশান ঘাটের ঘটনায় পাপ্পু মল্লিক নিহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে শ্মশান বন্ধ করে রাখা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় আন্দোলন, ধর্মঘটের ইতিহাসে চিরকাল জরুরি কয়েকটি বিষয় আমরা ছাড় দিয়ে থাকি, ধর্মঘটের আওতা থেকে বাদ দিই। এক্ষেত্রে কংগ্রেস পরিচালিত ট্রেড-ইউনিয়নও বাদ রাখেন। আমি কংগ্রেস দলকে অনুরোধ করব যেন এই ধর্মঘট প্রত্যাহার করা হয়, কারণ যে দাবিতে ওখানে ধর্মঘট চলছে.........

(**শ্রী সৌগত রায় ঃ** ধর্মঘট উঠে গেছে।)

যদি উঠে গিয়ে থাকে তাহলে আনন্দের কথা। কারণ যে দাবিতে ওখানে ধর্মঘট চলছিল তার অন্যতম একটা দাবি ছিল শ্রীধর দাস নামে একজন সমাজবিরোধীকে গ্রেপ্তার করা হোক। আমিও দাবি করছি ঐ শ্রীধরকে গ্রেপ্তার করা হোক এবং তদন্ত করে দেখা হোক ঐ শ্রীধর কোন রাজনীতির সাথে যুক্ত। আমি দাবি করছি, জয়, স্বপন এবং শ্রীধর এই ৩ জন সমাজবিরোধী যারা গোটা শ্মশান অঞ্চলে সমাজ বিরোধী কাজ করে আসছে তারা কোন রাজনৈতিক মদতপুষ্ঠ, কোন রাজনৈতিক দল তাদের মদত দেয় তা সরকার জানান। আমি মাননীয় সদস্য শ্রী সৌগত রায়কে চ্যালেঞ্জ জানাচ্ছি, আপনার সাহস থাকলে জয়, স্বপন এবং শ্রীধর এই ৩ জন আপনাদের কোন নেতার কাছে আশ্রয় পায় এই হাউসের ফ্লোরে দাঁড়িয়ে বলুন? আমিও চাই শ্রীধরকে অ্যারেস্ট করা হোক। কংগ্রেসের আশ্রিত সমাজবিরোধীদের তান্ডবে শ্মশান বন্ধ হবে এই জিনিস বরদাস্ত করা যেতে পারে না।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে হাউসে অনেক কথা অলোচনা হল। আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, দক্ষিনেশ্বর কালী মন্দিরে যেভাবে ১৫ আগস্ট চুরি হয়েছে তা অত্যন্ত লজ্জার কথা। আজকে ৭দিন হয়ে গেল এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। আমি এই কথা এইজন্য বলছি, দক্ষিনেশ্বর কালী মন্দির শুধু পশ্চিমবাংলার ধর্মস্থান নয়, এই মন্দির শ্রী রামকৃষ্ণদেবের আধ্যাত্মিক সাধনার পীঠস্থান। সারা বিশ্বের মানুষ জানে উনবিংশ শতাব্দীতে সর্বধর্ম সমন্বয়ের যে আহ্বান, যে আলোকবর্তিকা রামকৃষ্ণদেবের ভাবশিষ্য নরেন্দ্রনাথ যিনি স্বামী বিবেকানন্দরূপে প্রেমের বন্ধন, ভাতৃত্বের আহ্বানে সারা পৃথিবীর মানুষকে জাগ্রত করেছিল তার মুল উৎস হচ্ছে এই পীঠস্থান, দক্ষিনেশ্বর কালী মন্দির। সেইজন্য আমি অত্যন্ত লজ্জিত। সেখানে যে ভয়াবহ চুরি হয়ে গেল এবং ৭ দিন পার হয়ে গেল, এখন অবধি কাউকে গ্রেপ্তার করা হল না এবং কোনও জিনিস আজ পর্যন্ত উদ্ধার করা গেল না। লক্ষ লক্ষ মানুষ এই তীর্থস্থানে আসছেন। ভবানী মন্দিরে এসে তারা কি দেখে যাচ্ছেন? সেইজন্য আমি এটি গুরুত্বপূর্ণ ঘটনা বলে মনে করি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি,

তিনি অবিলম্বে এই সম্পর্কে খোঁজখবর নিয়ে তদন্ত করে কারা এই ঘটনার সাথে যুক্ত তাদের গ্রেপ্তার করার ব্যবস্থা গ্রহণ করুন। কারণ, এটা লজ্জাজনক ঘটনা।

**শ্রী সাধন চট্টোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগরে সমাজবিরোধী মস্তান ও কোতোয়ালী থানার পুলিশ অফিসারদের অশুভ আঁতাতে এক মারাত্মক অবস্থার সৃষ্টি হয়েছে এবং এর ফলে আমরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছি। সেখানে যখন তখন গণতান্ত্রিক মানুষের উপর এই সমাজবিরোধীরা আক্রমণ করছে। সাধারণ মানুষ থানায় যেতে সাহস পাচ্ছেনা, কারণ সেখানে ডায়রি করার কয়েক ঘণ্টা পরেই আক্রমণকারী সমাজবিরোধীরা জেনে যাচ্ছে যে, থানায় ডায়রি করেছে এবং আবার তাদের উপর হামলা হচ্ছে। পুলিশের পৃষ্ঠপোষকতায় শহরে বাজারে, হাসপাতাল এমনকি স্কুলের সামনে পর্যন্ত বে-আইনি মদের ঠেক হচ্ছে এবং সেখানে কিছু পুলিশ নিয়মিত যাতায়াত করছেন। তারা সমাজবিরোধীদের সঙ্গে একসঙ্গে গাড়ি করে চলাফেলা করছে। কৃষ্ণনগরে এই সমস্ত হচ্ছে। এই সমস্ত সমাজবিরোধীদের কার্যকলাপ নিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে জানানো হয়েছে, তা সত্ত্বেও সমাজবিরোধীরা অবাধে বিচরণ করছে। থানায় গিয়ে আড্ডা দিচ্ছে। এর বিরুদ্ধে কৃষ্ণনগরের মানুষ, সর্বস্তরের, শ্রমিক কৃষক, ছাত্র, যুব, মহিলা সকলে ১২ই আগস্ট থানায় বিক্ষোভ প্রদর্শন করেছেন এবং ডেপুটেশন দিয়েছেন এর প্রতিকার দাবি করে। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টিগোচরে আনছি যাতে এই সমাজবিরোধীরা এবং পুলিশের একাংশের অশুভ আঁতাত অবিলম্বে বন্ধ হয় এবং সাধারণ মানুষ শান্তিতে বসবাস করতে পারে।

**শ্রী মান্নান হোসেনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে এই সভায় নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি এবং বাসভাড়া বৃদ্ধির বিষয়টি আলোচনা করা হয়েছে। বাসভাড়া এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে আন্দোলন করতে গিয়ে ইতিমধ্যে ৩ জন কংগ্রেস কর্মী পুলিশের গুলিতে নিহত হয়েছেন শহীদ হয়েছেন। কিন্তু বিশেষ করে আমরা যারা মফস্বলে গ্রামে গঞ্জে থাকি, আমাদের দুটি বিশেষ জিনিসের জন্য ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। একদিকে লোডশেডিং অপর দিকে চরম রেশন সঙ্কট। মাননীয় খাদ্যমন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন আমরা দেখতে পাচ্ছি, যখন দিনের পর দিন ঘণ্টার পর ঘণ্টা চরম বিদ্যুতের সঙ্কট চলছে, গ্রামে, গঞ্জে, মিল কল কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, টি.ভি. খুলে আমরা দেখছি যে এক একটি ইউনিট বন্ধ বলে উল্লেখ করা হচ্ছে।

(মাইক বন্ধ হওয়ায় বক্তা তার আসন গ্রহণ করেন।)

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, পেট্রোল ডিজেলের দাম বাড়ার দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, সেজন্য আমরা কিছুদিন আগে কলকাতা বন্ধ করেছি। আগে সভায় বলেছিলাম যে, বামফ্রন্টের কাছে, কংগ্রেস বন্ধকে সমর্থন করবে, কিন্তু বামফ্রন্ট তা করতে পারল না। সেই শূন্যস্থান পূরণ করার জন্য কংগ্রেসকে বন্ধ করতে হল। সি.পি.এম. সহ বিভিন্ন বামফ্রন্টের রাজনৈতিক দল বন্ধের বিরোধিতা করেছিলেন। আজ নতুন করে প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে কংগ্রেস শীঘ্রই বন্ধের ডাক দিতে চলেছেন। বামফ্রন্ট তথা সি.পি.এম. এবারে প্রায়শ্চিত্ত করার সুযোগ গ্রহণ করুন। সঙ্কীর্ণ রাজনীতির পঙ্কে দলকে জড়িয়ে না দিয়ে দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে

বিরোধিতা না করে এই বন্ধ সমর্থন করুক এই কামনা করি।

**শ্রী অমর ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য মন্ত্রী মহাশয় উপস্থিত রয়েছেন আমি ওনার কাছে আবেদন জানাতে চাই যে, পশ্চিমবঙ্গে চরম বিদ্যুৎ সঙ্কট চলছে, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম মানুষের ক্রয়ক্ষমতার উর্দ্ধে চলে গেছে। তার মধ্যে গ্রামাঞ্চলে কেরোসিনের হাহাকার চলছে। আমি জানি উনি বিবৃতি দিয়ে বলবেন আগে কেন্দ্রীয় সরকারের আমলে এত পেতাম এখন বেশি পাচ্ছি, বর্তমানে ১ লক্ষ মেট্রিকটনের দরকার হলে ৫২ থেকে ৫৭ মেট্রিক টন পাচ্ছেন, আগে রাজীব গান্ধী মহাশয়ের আমলে ৬৪ মেট্রিক টন পাওয়া যেত। সেজন্য স্যার গোটা পশ্চিমবঙ্গে কালোবাজারে ৮ টাকা লিটার দরে কেরোসিন বিক্রি হচ্ছে। খাদ্যমন্ত্রী চিনে গেছেন তাদের সমাজতান্ত্রিক ভিতকে মজবুত করবার জন্য এতদিন পর্যন্ত যে সরকার কেরোসিন নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিষোদ্গার করেছেন, মাঝে মাঝেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিবৃতি দিয়ে উষ্মা প্রকাশ করেছেন, আজকে তাদের সেই উদ্যোগ কোথায়?

[3-20 — 4-00 P.M. (including adjournment)]

**ডাঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি, কারণ প্রশ্নোত্তর পর্বে ত্রাণ মন্ত্রীর বিবৃতি শুনে মনে হয়েছে তিনি একটা অদ্ভুত চিন্তাধারা নিয়ে চলছেন। আপনি জানেন যে, মেদিনীপুর জেলার সবং-য়ে জুলাই মাসের প্রথম সপ্তাহে কেলেঘাই এবং কপালেশ্বরীর বাঁধ ভেঙ্গে সেখানকার ৫২টি গ্রামে ৪৫ হাজার মানুষকে জলপ্লাবিত করেছে। আজকে সেখানকার ৪৫ হাজার মানুষ সাড়ে তিন-চার ফুট জল দ্বারা বন্দি। সেখানে ত্রাণের জন্য ১০ হাজার ত্রিপল চাওয়া হয়েছিল, পৌঁছেছে দেড় হাজার, ৪৫ হাজার মানুষের মধ্যে খাবার দেওয়া হয়েছে ৪ হাজারের জন্য, যেখানে ২ হাজার নলকূপ জলের তলায় সেখানে মন্ত্রী বলছিলেন ৩০০টি ঠিক করে দেওয়া হয়েছে। সেখানে কোনও ওষুধপত্র নেই, খাবার নেই, পৌনে দুই মাস হতে চলল সেখানকার ৪৫ হাজার মানুষ সাড়ে তিন-চার ফুট জল দ্বারা বন্দি। অপদার্থ সরকার, অপদার্থ ত্রাণ দপ্তর, অপদার্থ সেচ দপ্তর। স্বজনপোষণকারী দুর্নীতিবাজ এই সরকার নিজেরা বাঁধ মেরামত করতে না পেরে জেলা পরিষদের মাধ্যমে ঐ টাকা কিভাবে ভাগ-বাটোয়ারা করে নেওয়া যায়, কিভাবে জনগণের টাকা পার্টির টাকা করা যায়, বাঁধ মেরামত না করে পার্টি অফিস করা যায় তার চেষ্টা করছেন। ওদিকে পৌনে দুই মাস ধরে ৪৫ হাজার মানুষ জলবন্দী হয়ে দিন কাটাচ্ছেন! কাজেই ত্রাণমন্ত্রী যে চিত্র তুলে ধরলেন সেটা আদৌ ঠিক নয়।

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যের মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে এই রাজ্যের মানুষ অবাক হয়ে যাচ্ছেন, কারণ ১৯৫৩ সালে ট্রাম-বাসের ফেয়ার যখন বাড়ানো হয়েছিল তখন উনি তার বিরুদ্ধে আন্দোলন করেছিলেন, ট্রাম-বাসে আগুন লাগানো হয়েছে, কিন্তু আজকে আমাদের আন্দোলনকে অপোজ করছেন ; ইন্ডাস্ট্রিয়ালিস্টদের বিরুদ্ধে উনি সোচ্চার ছিলেন, কিন্তু আজকে সুদূর লন্ডনে গিয়ে সেই সমস্ত ইন্ডাস্ট্রিয়ালিস্টদের সঙ্গে বসছেন, তাদেরকে সমর্থন করছেন ; যে পুলিশকে গণতন্ত্রের হত্যাকারী বলতেন, আজকে তাদের সম্পর্কে তিনি বলছেন আমি পুলিশকে বাঁচাব। অবাক হয়ে যেতে হচ্ছে! সম্প্রতি উনি কলকাতায় বলেছেন যে, ত্রিপুরায় যখন গণতান্ত্রিক আন্দোলন করতে যাওয়া হচ্ছে তাকে স্তব্ধ

করে দেওয়া হচ্ছে, কাজেই সেখানে রাষ্ট্রপতির শাসন জারি করা হোক। কিন্তু আমি জানাতে চাই, রাজীব গান্ধী কিন্তু কোনওরকম কমিটিকে অ্যালাউ করেননি এখানে এত সন্ত্রাস চলা সত্ত্বেও। আজকে ত্রিপুরায় কোনও অসুবিধাই নেই। সত্যি সেলুকাশ, কি বিচিত্র এই দেশ, কি বিচিত্র আমাদের মুখ্যমন্ত্রী। আজকে আমরা জানাতে চাই কি অবস্থার মধ্যে দিয়ে আমাদের রাজ্য চলছে।

**মিঃ স্পিকার ঃ** এখন সভার বিরতি। আবার আমরা মিলিত হব বিকেল চারটার সময়।

(At this stage the House was adjourned till 4 P.M.)

**(After Adjournment)**

## LEGISLATION

[4-00 — 4-10 P.M.]

### The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990

**Shri Kanti Biswas :** Sir, I beg to introduce the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990, be taken into consideration.

**শ্রী তুহিন সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমন কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নয়, একটা মেম্বারকে কো-অপটেড হিসাবে গ্রহণ করার জন্য হায়ার সেকেন্ডারি কাউন্সিলকে পুনর্গঠন করার জন্য যে প্রস্তাব এনেছেন নিশ্চয়ই আমরা তা সমর্থন করি। কিন্তু প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় শিক্ষা ক্ষেত্রে বিশেষ করে হায়ার সেকেন্ডারির অবস্থাটা কি? আমি এই কারণে বলতে চাই যে এযাবৎকাল আমরা লক্ষ্য করেছি প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে কোনও নির্বাচন হয় নি। স্কুল বোর্ডগুলি দীর্ঘ ১৩ বছর ধরে এই অবস্থা চলছে। পার্টির লোকেদের নোমিনেট করে প্রাথমিক শিক্ষা এতদিন চলছিল, সম্প্রতি শিক্ষা পর্ষদ করে কনভার্ট করা হয়েছে, কনভার্ট করে সেই লোকগুলোকেই রাখা হয়েছে যে লোকগুলো এতদিন স্কুল বোর্ড পরিচালনা করতেন। যেহেতু মাধ্যমিক শিক্ষার কথা বলছি স্বাভাবিক ভাবেই প্রাথমিক স্তর থেকেই বলতে হয়। আমরা লক্ষ্য করলাম ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন বোর্ড প্রস্তুত করা হল সেখানে কয়েক জনের নাম দেখলাম সেই নামগুলির মধ্যে কিছু কিছু শিক্ষা সংগঠনের লোকদের নেওয়া হয়েছে কিছু কিছু বাইরে থেকে নেওয়া হয়েছে। আমরা এডুকেশন সাবজেক্ট কমিটিতে আলোচনা করেছিলাম যে কোন কোন ভিত্তিতে, কোন বিচারের ভিত্তিতে প্রাথমিক শিক্ষা পর্ষদে এই লোকগুলিকে নেওয়া হল, আরও যে বড় বড় শিক্ষক সংগঠন আছে তাদের প্রতিনিধিদের নেওয়া হল না কেন? গণতন্ত্রের কথা যদি বলা হয় গণতন্ত্রের ফর্মুলা অনুযায়ী বিধানসভার সদস্য যদি সেই কমিটিতে থেকে থাকেন তাহলে স্বাভাবিক ভাবেই বিরোধী দলের যারা সদস্য

তাদের সেখানে রাখা উচিত। এটাই গণতন্ত্রের রীতিনীতি হিসাবে আমাদের মনে হতে পারে। আমরা দেখলাম বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনে ইলেকশন হল, শিক্ষকদের ইলেকশন হল সারা পশ্চিমবাংলা জুড়ে। আমরা লক্ষ্য করলাম একটা কারসাজির ব্যাপার। যে সমস্ত অ্যাপ্রুভড টিচার তারা ভোটার লিস্ট থেকে বাদ গেল, বেশ কিছু সদস্য ভোটাধিকার থেকে বঞ্চিত হল। বিশেষ করে বিশেষ শিক্ষক সংগঠনের সঙ্গে যুক্ত সেই শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে মোটামুটি অ্যাপ্রুভড টিচার নিয়ে একটা ইলেকটোরাল রোল করে জালিয়াতি করে অত্যন্ত তাড়াহুড়ো করে এই বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন কমিটিতে তিনজন শিক্ষককে প্রতিনিধি করে পাঠানো হল। আমরা লক্ষ্য করলাম উচ্চ মাধ্যমিক যে শিক্ষা পর্ষদ সেখানে এখনও কোনও নির্বাচন হয়নি। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি কো-অপটেড মেম্বার করছেন, করুন, কিন্তু কিসের ভিত্তিতে? হায়ার সেকেন্ডারি এডুকেশন কাউন্সিলে যাদের সভাপতি নির্বাচিত করেন, কোন কোন যোগ্যতার ভিত্তিতে করেন? কি তাদের যোগ্যতা? আপনারা নমিনেটেড মেম্বারদের সেখানে পাঠান—কি তাদের যোগ্যতা? কোন যোগ্যতার ভিত্তিতে তাদের কমিটিতে রাখা হচ্ছে? আমরা লক্ষ্য করছি, উচ্চ মাধ্যমিক কাউন্সিলকে সম্পূর্ণ দলীয় কব্জায় রাখার জন্য এবং নিজেদের দলীয় সংস্থায় পরিণত করার যে ব্যবস্থা মাননীয় শিক্ষা মন্ত্রী বা বামফ্রন্ট সরকারের তরফ থেকে চলছে দীর্ঘদিন ধরে, আমরা তার বিরুদ্ধে এতদিন প্রতিবাদ জানিয়েছি, এখনও এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাই, কোনও একজন লোক নমিনেটেড হয়ে এলেন সেটা কোনও প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে নীতির। বহু জায়গার কথা আমরা মাননীয় মন্ত্রী মহোদয়কে দিতে পারি। আমরা ২৫ টাকা ৫০ টাকা জমা দিয়ে ফর্মে দরখাস্ত করেছি হায়ার সেকেন্ডারি কাউন্সিলের কাছে কিন্তু কোনও ফল হয় নি। হায়ার সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রে বলা হল যারা দরখাস্ত করবে তাদেরই আমরা দিয়ে দেব। অন্তত যেখানে ছাত্র ভর্তির সমস্যা আছে সেখানে দিয়ে দেব। আমরা লক্ষ্য করছি কলেজগুলিতে ছাত্র-ছাত্রীর ভীড়। স্কুলগুলির ক্ষেত্রে বহু জায়গায় যারা হায়ার সেকেন্ডারিতে উন্নীত হয়েছে সেখানে মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীর ভীড়। সেখানে ছাত্র-ছাত্রীরা ভর্তি হওয়ার জায়গা পায়নি! গত বছরে আমরা প্রশ্ন তুলেছিলাম, আমরা বলেছিলাম যে, থার্ড ডিভিসনে পাশ করা ছাত্র-ছাত্রীরা যারা ভর্তি হতে পারছে না তাদের কথা ভেবে হায়ার সেকেন্ডারি কাউন্সিলকে বলেছিলাম, আপনারা যাকে খুশি তাতে নমিনেটেড মেম্বার করুন ক্ষতি নেই, কিন্তু আমরা দেখতে চাই উচ্চ মাধ্যমিক শিক্ষা একটা সুস্থ নীতির মাধ্যমে সুষ্ঠুভাবে চলছে। কাউন্সিল সুষ্ঠুভাবে চলছে এটা আমরা দেখতে চাই। আমরা এ যাবতকাল লক্ষ্য করছিলাম যে কাউন্সিলের দুর্নীতি, প্রশ্নপত্র ফাঁস হয়ে যাচ্ছে এবং ব্যাপক অনিয়ম ছাড়া মাধ্যমিক পর্ষদ এবং কাউন্সিল পশ্চিমবাংলার মানুষের কাছে কোনও আশার সঞ্চার করতে পারেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন প্রত্যেকবার উচ্চ মাধ্যমিক প্রশ্নপত্র ফাঁস হয়েছে, এবছরেও প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এবারে ফাঁস হবার পরে তা ধামাচাপা দেবার চেষ্টা করা হয়েছে। দেখা গেছে রেজাল্টে গরমিল। রেজাল্টের ক্ষেত্রে সুষ্ঠু ব্যবস্থা নেই। রিভিউয়ের ক্ষেত্রে সুষ্ঠু ব্যবস্থা নেই। এখন পর্যন্ত উচ্চ মাধ্যমিক কাউন্সিলের যে গঠনপ্রণালী আছে সেটা ত্রুটিপূর্ণ। মাননীয় মন্ত্রী মহাশয় উচ্চ মাধ্যমিক কাউন্সিলকে ঢেলে সাজাতে চান, তা করতে হলে সমস্ত স্তরে ভালো করে পরিকাঠামো তৈরি করতে হবে। মাধ্যমিক স্তরে যে অবস্থা হয়েছে, উচ্চ মাধ্যমিক স্তরের অবস্থা আরও খারাপ! সেখানে আরও পাঁচজন শিক্ষাবিদকে, শিক্ষকদের মধ্যে থেকে রিপ্রেজেনটেটিভ নিয়ে

যান। আমরা দেখলাম যে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন-এর অ্যাক্ট ৬৩ অ্যামেন্ডমেন্ট করা হয়েছে। পরবর্তী পর্যায়ে আলোচনা হবে। নন-টিচিং স্টাফ নেওয়া হয়েছে, পেনশন রুলস অ্যামেন্ডমেন্ট করার ব্যবস্থা করা হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক এবং স্টেট ব্যাঙ্কের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্কে যাবে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ঠিক সমান ভাবে আগের নির্বাচন পদ্ধতি যেটা ছিল, নির্বাচনের নাম করে একটা কমিটি গঠন করা, সেই রকমই থেকে যাচ্ছে না কি? আমি নাম করে বলতে চাই না, দীর্ঘদিন ধরে চলচ্ছক্তি রহিত, তিনি হেডমিস্ট্রেস ছিলেন, তাকে অব্যাহতি দেওয়া হয়েছে। কিসের জন্য তাকে অব্যাহতি দেওয়া হয়েছে তা আমরা জানি। দীর্ঘদিন ধরে একটা পঙ্গুতা আমরা হায়ার সেকেন্ডারি কাউন্সিলের মধ্যে দেখতে পেয়েছি। তাকে সচল করা প্রয়োজন। আশাকরি মন্ত্রী মহাশয় এবিষয়ে বলবেন। উচ্চ মাধ্যমিক স্কুলের প্রয়োজন আছে অনেক জায়গাতেই। আমরা লক্ষ্য করেছি যে, বর্ধমান জেলার অনেক স্কুল উচ্চ মাধ্যমিকের জন্য দরখাস্ত করেছেন। তারা ফর্ম জমা দিয়েছেন, টাকা জমা দিয়েছেন, কিন্তু কোনও এনকোয়ারি হয়নি। আমরা আবার এও লক্ষ্য করেছি যে অনেক স্কুল উচ্চ মাধ্যমিকের জন্য কাউন্সিলের কাছে এই বছরে দরখাস্ত করেছে, তাদের সঙ্গে সঙ্গে রেকগনিশন দেওয়া হয়েছে। আমরা ইলেভেন ক্লাশ, টুয়েলভ ক্লাশ স্কুল করতে চাই, কিন্তু এর মধ্যে যদি দেখা যায় যে যেখানে প্রভাবটা একটা বিশেষ শিক্ষক সংগঠনের রয়ে গিয়েছে তাহলে আগামী দিনে দেখা যাবে হায়ার সেকেন্ডারি স্কুল একটা আমরা খুললাম, কিন্তু সেখানে মাঝে মাঝে দলীয় স্বার্থে শিক্ষকদের কিভাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যায় তার চেষ্টা হবে এবং দলীয় স্বার্থে কল্যাণকর হবে সেই সেই স্কুলকেই রেকগনিশন দেওয়া হবে।

[4-10 — 4-20 P.M.}

প্রায়োজনীয়তা থাকা সত্ত্বেও বহু জায়গায় স্কুলগুলি হায়ার সেকেন্ডারি রেকগনিশন পায় না। আমরা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে সাবজেক্ট কমিটিতে ডিটেলস ডিসকাস করেছিলাম। এইকথা তাতে বলেছি যে ছাত্র ভর্তি করা এমন একটা জায়গায় গিয়ে দাঁড়িয়েছে যে সিট পদ্ধতির মাধ্যমে ছাত্র ভর্তি করতে পারব না। বহু জায়গায় মাধ্যমিক স্কুলের শিক্ষকদের দিয়ে ১১ ক্লাশ, ১২ ক্লাশ, পড়ানো হয় কিন্তু উপযুক্ত শিক্ষক পাওয়া যায় না। এইসব মাধ্যমিক শিক্ষকরা কোনরকমে এই ১১,১২ ক্লাশ শিক্ষা দেন। এবং তাদের দিয়েই এই উচ্চ মাধ্যমিক ক্লাশগুলো পরিচালিত করতে হচ্ছে। এটা বোঝার প্রয়োজন আছে যে উচ্চমাধ্যমিক শিক্ষার একটা বিশেষ গুরুত্ব দিয়ে শিক্ষা দেওয়া দরকার। একে তো মাধ্যমিক স্কুলের শিক্ষককে সেই স্কুলের ক্লাশ ফাইভ থেকে টেন পর্যন্ত পড়াতে হচ্ছে তার ওপর আবার তার পাশাপাশি ১১,১২ ক্লাশ পড়াতে হচ্ছে। ফলে স্বাভাবিকভাবেই তার উপরে চাপ পড়ছে। অথচ সেই জন্য কোনও বেশি বেতন পান না। মাধ্যমিক শিক্ষকদেরই একই বেতনক্রমের মধ্যে থেকে উচ্চমাধ্যমিকের তাকে সমস্ত ক্লাশ নিতে হয়। এরফলে উচ্চমাধ্যমিক শিক্ষা একটা হচপচ অবস্থার মধ্যে পড়ে রয়েছে। এরফলে এই উচ্চমাধ্যমিক শিক্ষা ব্যবস্থাটাই সম্পূর্ণ ফেলিওর হয়ে যাচ্ছে। আমরা এর আগে কি লক্ষ্য করেছিলাম? এই ১১ ক্লাশটা যখন শুরু করা হয় তখন জার্মানির জিমন্যাসিয়াম সিস্টেম দেখে গ্রহণ করেছিলেন কিন্তু সেখানে কি লক্ষ্য করেছিলেন? সেখানে লক্ষ্য করা হয়েছিল যে বিজ্ঞান শিক্ষার অভাব জড়িত রয়েছে পাঠক্রমের মধ্যে। ইঞ্জিনিয়ারিং সেকশন পাঠক্রমে বিজ্ঞান শিক্ষার উপরে জোর দেওয়া হয়েছিল। কিন্তু

গ্রামাঞ্চলে বিজ্ঞানশিক্ষার অভাবের ফলে অনেক জায়গায় আস্তে আস্তে ১১ ক্লাশের যে শিক্ষাক্রম সেটা বানচাল হয়ে গেল। তারপরে এই যে পরীক্ষা পদ্ধতি এই ভুল একটা নীতির মধ্যে দিয়ে চলেছেন এরফলে আগামীদিনে এই উচ্চমাধ্যমিক শিক্ষা একটা ভুল পথে পর্যবসিত হবে। কারণ সরকারের একটা জিনিস বোঝার দরকার যে, এর মধ্যে নীতির প্রশ্ন জড়িত রয়েছে। আপনারা একজনকে কো-অপটেড করে একটা নীতি সাকসেসফুল হয়েছে বলে আনন্দিত হবার কোনও কারণ নেই। কারণ আপনারা একজন কেন ১০জনকে কো-অপটেড করতে পারেন। কিন্তু তাতে উচ্চমাধ্যমিক শিক্ষার সম্প্রসারণের কোনও ব্যবস্থা করতে পারেন নি। আপনারা হায়ার সেকেন্ডারি স্কুলের রিকগনাইজেশন দিচ্ছেন কিন্তু সেখানে পূর্ণ শিক্ষক দিতে পারছেন না। হায়ার সেকেন্ডারি স্ট্রিমে যেখানে ১১ ক্লাশ, ১২ ক্লাশ পড়ানো হয় সেখানে উপযুক্ত শিক্ষক নিয়োগ করতে পারছেন না। এইকথাটা একটু বোঝার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবচেয়ে বড় জিনিস যে, বোর্ড সেকেন্ডারি এডুকেশনের একটা রিজিওন্যাল অফিস আছে এবং ওই রিজিওন্যাল অফিস থাকার ফলে সুদূর গ্রামাঞ্চলেও শিক্ষকরা তাদের অভিযোগ কিছু থাকলে সেটা বোঝাতে পারেন। কিন্তু উচ্চমাধ্যমিক কাউন্সিলের সে ধরনের কোনও অফিস নেই বা কোনও বন্দোবস্ত নেই। একমাত্র কলকাতার একটা জায়গাতেই অফিস আছে। যারফলে গ্রামের শিক্ষকদের অনেক পরিশ্রমের মাধ্যমে, হয়রানি করে কাউন্সিলের অফিসে আসতে হয়। আপনারা অবিলম্বে উচ্চমাধ্যমিক কাউন্সিলের ইলেকশন করে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে শিক্ষক নিয়োগ করুন। চতুর্থশ্রেণীর কর্মচারী নিয়োগ করুন। কলকাতার বিভিন্ন জায়গায় ইনট্যালেকচুয়াল অফ দি সোসাইটির মধ্যে থেকে প্রফেসর নিয়োগ করুন। এইভাবে উপযুক্ত প্রফেসরদের দিয়ে উচ্চমাধ্যমিক শিক্ষাক্রমকে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তুলুন। একটা কংক্রিট বডি তৈরি করুন। এই উচ্চমাধ্যমিকের পাঠক্রম নিয়ে একটু চিন্তা করুন। উচ্চমাধ্যমিকের শিক্ষার ক্ষেত্রে নতুন বিধিনির্দেশ করার দরকার আছে। আজকে উচ্চ মাধ্যমিক স্কুলেও পড়া যায় আবার কলেজেও শিক্ষা দেওয়া হচ্ছে। সুতরাং এই যে এমন একটা অবস্থা এটা কি স্কুল এডুকেশন, ইট ইজ কলেজ এডুকেশন এই গ্যাপ পয়েন্টটা দূর করুন। একটা ত্রিশঙ্কু অবস্থায় এই উচ্চমাধ্যমিক শিক্ষা এরকম চলছে। আজকে মাধ্যমিক শিক্ষায় এক ধরনের সিলেবাস, এক ধরনের কোর্স কিন্তু উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে কলেজেও শিক্ষা দেওয়া হচ্ছে আবার স্কুলেও শিক্ষা দেওয়া হচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয় স্বীকার করবেন যে এই পাঠ্যক্রমের ক্ষেত্রে ভুল নীতির ফলে বহু ছাত্র-ছাত্রী এ বছর ইংরাজিতে ফেল করেছে। ইংরাজি ব্যাপারে শিক্ষক মহল, বিভিন্ন অভিভাবক এবং ছাত্র-ছাত্রীরা ক্ষোভ প্রকাশ করেছেন। তারপরে অধিকাংশ ক্ষেত্রে প্রশ্নপত্র আউট হয়ে যাবার ফলে কোনও রকমে তাড়াতাড়ি আবার প্রশ্নপত্র তৈরি করা হয় এবং তাতে অনেকক্ষেত্রে গন্ডগোল দেখা যায়। আমি জানি অধিকাংশ ক্ষেত্রে যেসব ছেলে-মেয়েরা মাধ্যমিকে ফার্স্ট ডিভিসনে পাশ করে ৬০ পারসেন্ট মার্কস পেয়ে পাশ করেছিল তাবাই এ বছর ইংরাজিতে কম্পার্টমেন্টাল পেয়েছে। অথচ তারা ভালো ছাত্র এবং শিক্ষিত ছাত্র যার স্কুলে ফার্স্ট হয়েছে—যারা ক্লাশ এইট, নাইন, টেনে বিভিন্ন ক্লাশে ফার্স্ট হয়েছে—তাদের ধারাবাহিকভাবে একটা রেকর্ড আছে। আমি লক্ষ্য করেছি এটা প্রসিডিউরাল পথে না থাকার ফলে উচ্চমাধ্যমিক কাউন্সিল পশ্চিমবাংলার মানুষকে শিক্ষার ভালো পথ দেখাতে পারছেন না। আমি এই ব্যাপারে মন্ত্রীকে অনুরোধ করব উচ্চ মাধ্যমিক কাউন্সিলকে কিভাবে আমরা পরিবর্তন করতে পারি এবং এর সিলেবাস কিভাবে

একটা গণতান্ত্রিক কাঠামোয় গ্রহণ করতে পারে সেটা দেখার জন্য। পাশাপাশি আমি দেখতে বলব যে সমস্ত মানুষ কলেজের সঙ্গে যুক্ত এবং কাউন্সিলের ব্যাপারেও যারা বর্তমানে এডুকেশনের সঙ্গে যুক্ত তাদেরকে এটা দেখার জন্য। আমি এখানে অন্য কথা বলছি না পৃথিবীর সমাজতান্ত্রিক দেশে—সেই সমাজতান্ত্রিক দেশে মন্ত্রী মহাশয়ের নিশ্চয় যাওয়ার সুযোগ ঘটেছে, আমারও যাওয়ার সুযোগ ঘটেছে—সেখানে শিক্ষকরা ছাত্রদের ব্যাপারে আলোচনা করেন, তাদের টিচার্স অ্যাসেম্বলি আছে, সেখানে সেই টিচার্স অ্যাসেম্বলি তে সারা বছরের পাঠক্রম নিয়ে আলোচনা হয় এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বর্তমান সময়ে কি সায়েন্স, কি টেকনোলজি কি কলা বিভাগ কি সংস্কৃতি বিভাগ সমস্ত বিষয়ের উপর আলাপ আলোচনা করে শিক্ষকরা অভিমত দেন এবং সরকার সেটা গঠন করেন তাদের জন্য ফিনান্স করেন বাজেট করেন শিক্ষা পদ্ধতি চালু করেন এবং সেটাকে রূপায়ণ দেবার চেষ্টা করেন। আমাদের দেশে বিশেষ করে পশ্চিমবাংলায় বামপন্থী সরকার যারা সমাজতন্ত্রের কথা বলেন সাম্যের কথা বলেন, আমি শুধু তাদেরকে জিজ্ঞাসা করতে চাই আগে এই জায়গায় কত পারসেন্ট ছিল আর এখন উচ্চমাধ্যমিক কাউন্সিলকে আপনারা কোথায় এনে দাঁড় করিয়ে দিয়েছেন। একটু ভালো পাশ করলে সেই ছেলে ভারতবর্ষের বাইরে চলে যায় কিম্বা জয়েন্ট কাউন্সিলের মাধ্যমে বিভিন্ন মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিংয়ে চলে যায়। তাই বলছি আমরা যদি মনে করি কেবলমাত্র আমাদের শিক্ষাকে কুক্ষিগত করে রাখব—এইভাবে যদি চালিয়ে দেওয়া যায়—আমাদের লোকজনকে তুষ্ট করার জন্য পরিপুষ্ঠ করার জন্য একটু তালেবর করার জন্য তাহলে এই দিকে চলা দরকার এবং উচ্চমাধ্যমিক কাউন্সিল গড্ডালিকা প্রবাহের মতো চলবে। আজকে তাই এই ব্যাপারে নতুন ভাবে ভাববার প্রয়োজন আছে। আমি শিক্ষামন্ত্রীকে বলব তিনি এক কালে হেডমাস্টার ছিলেন, তিনি সমস্ত কিছু জানেন, বোঝেন—আমি কিন্তু কোনও রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে বলছি না—আমি তাই বলছি শিক্ষাকে শুধু সঙ্কুলান দৃষ্টিভঙ্গিতে দেখা উচিত নয়। আজকে সারা পশ্চিমবাংলায় যে সমস্ত উচ্চ মাধ্যমিক শিক্ষক আছেন তাদের সঙ্গে আলোচনা করতে হবে দরকার হলে বৈঠক করুন মধ্যশিক্ষা স্কুলে এবং প্রয়োজনে ট্রেনিং-এর ব্যবস্থা করতে হবে। এন.সি.আর.সি. প্রোগ্রামকে সাকসেসফুল করার জন্য আপনারা ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন, আমরা লক্ষ্য করেছি ওয়ার্ক এডুকেশন ফিজিক্যাল এডুকেশনের ক্ষেত্রে এটা একটা রুটিন পর্যায়ে পড়ে। তবে সব স্কুলে ফিজিক্যাল এডুকেশন, ওয়ার্ক এডুকেশন নিয়ম মতো থাকা সত্ত্বেও হয় কিনা জানিনা। সমস্ত ব্যাপারটা হচ্ছে অর্থের ব্যাপার, কিন্তু ঠিকমতো গাইড লাইন যদি আমরা দিতে না পারি তাহলে সমস্ত শিক্ষাটাই ব্যর্থ হয়ে যাবে ; আজকে ওয়ার্ক এডুকেশন ফিজিক্যাল এডুকেশন সেই পর্যায়ে দাঁড়িয়েছে। আজকে উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে নীতি, যে পদ্ধতি গ্রহণ করেছেন তাতে আমার মনে হয় এ ব্যাপারে আরও ব্যাপকভাবে শিক্ষার জন্য শিক্ষকদের নিয়ে আলোচনা করা দরকার এবং আশা করি একটা সুষ্ঠু সমন্বয় করে একটা বোর্ডে পরিগণিত করবেন। শুধুমাত্র দলবাজি করার জন্য নিজের স্বার্থকে পরিপুষ্ট করে এক শ্রেণীর শিক্ষককে দলীয় স্বার্থে কাজে লাগিয়ে শিক্ষাকে আর পঙ্কিল আবর্তে নিমজ্জিত করবেন না।

[4-20 — 4-30 P.M.]

আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব একটু ভাববেন, একটু ভেবে কিভাবে এই ব্যবস্থাটাকে

একদম সরলীকরণ করে কিভাবে সমস্ত শ্রেণীর মানুষের কাছে পৌঁছে দিতে পারা যায় তা তিনি নিশ্চয় দেখবেন। তিনি নিশ্চয় বলবেন এই সময়ের মধ্যে কতকগুলি ইলেভেন, টুয়েলভ ক্লাশের জন্য আবেদন করেছে এবং তিনি নিশ্চয় বলবেন কতকগুলি স্কুল তিনি অনুমোদন দিয়েছেন, কতকগুলি স্কুলকে অনুমোদন দেননি। এমন সমস্ত স্কুল আছে যাদের দীর্ঘ ৭/৮/১০ বছর ধরে কোনও এনকোয়ারি পর্যন্ত হয়নি। এর যে এনকোয়ারি টীম আছে সেখানেও গলদ আছে। সেটাও পার্টির লোকেদের দ্বারা পরিচালিত হয়। পার্টির লোক হচ্ছে এনকোয়ারি টীম। এবং ওরা পার্টির লোক হবার ফলে, কেবলমাত্র একদর্শিতার ফল আমরা কিছু দেখতে পাচ্ছি। শিক্ষকদের জঞ্জালকে সরিয়ে দেবার জন্য আপনি তো একদিন শ্লোগান দিয়েছিলেন নৈরাজ্য দূর করতে হবে। এখন ক্ষমতায় বসে আছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই আজকে যে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, দুর্নীতি, শিক্ষাব্যবস্থায় যে গলদ, স্কুল রিকগনিশনের যে গলদ, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে গলদ এসব দূর করতে আপনি কতখানি সচেষ্ট হয়েছেন? এবং উচ্চ মাধ্যমিক কাউন্সিলকে সঠিকরূপে চালনা করবার জন্য আপনি কী পদ্ধতি অবলম্বন করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি শিক্ষামন্ত্রীকে এই কথা বলতে চাই, আমরাও জানি অর্থের ব্যাপারটা, অবশ্য শিক্ষামন্ত্রীও বলবেন অর্থ, এত অর্থ কোথায় পাব? আমরা বামফ্রন্টের আমলে এত টাকা দিয়েছি। ১৯৪৭ সালে ১২ টাকার যা দাম ছিল, এখন কিন্তু সেই ১২ টাকার মূল্য অনেক কমে গেছে। আমি প্রধান শিক্ষক হিসাবে ৮০ টাকা মাইনে পেয়েছি, আমার স্ত্রীও শিক্ষকতা করেন, তিনি মাইনে পেয়েছেন ৬০ টাকা তখন কিন্তু আমাদের অসুবিধা হয়নি, আমরা চালাতাম। খুব বেশি দিনের কথা বলছি না, ১৯৬৬ সালের কথা বলছি। মাইনে বেড়েছে ঠিকই কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রীকে নিশ্চয় বলব, শ্রেফ টাকায় আজকাল কিছু হয়না। বাজারে ১০০ টাকা নিয়ে গেলে থলে ভর্তি হয় না, কিছুই হয় না। আজকে মাইনে বাড়লেও কোনও লাভ হয় নি। ৩০০০, ৩৫০০ একজন প্রধান শিক্ষক ন্যূনতম ৫০০০ টাকা মাইনে পেলেও আজকে তার পূর্ব অবস্থাই রয়ে গেছে, কোনও পরিবর্তন হয়নি। কারণ জিনিসপত্রের দাম অগ্নিমূল্য, ধরাছোঁয়ার বাইরে। শিক্ষকদের বেতনের কথা বলেছেন কিন্তু তার আগে শিক্ষামন্ত্রীকে বলব শিক্ষাক্ষেত্রে একটা সর্বাঙ্গীন উন্নতির জন্য সচেষ্ট হন, উদ্যোগী হন, প্রয়াসী হন। সর্বাঙ্গীন পলিসিগত প্রশ্নে আমি শিক্ষামন্ত্রীকে বলব, এই ব্যাপারে আপনি অনেক টাকা দিয়েছেন, কিন্তু সেই টাকা যে টাকা ব্যর্থতায় যায়, যে টাকা জলে যায়, যে টাকা পার্টিবাজিতে যায়, তাতে কোনও লাভ হয় না। আপনাকে দেখতে হবে সেই টাকা দিয়ে কিভাবে উচ্চ শিক্ষাকে ঢেলে সাজানো যায় সেটা আপনাকে দেখতে হবে। তা ছাড়া উচ্চ শিক্ষা ব্যবস্থাকে কি করে সঠিকভাবে চালানো যায় তা আপনাকে নিরূপণ করে দেখতে হবে। তাই আমি আপনাকে অনুরোধ করব অবিলম্বে একটা কমপ্রিহেনসিভ বিল করুন এবং উচ্চ মাধ্যমিক কাউন্সিল রিকনস্টিটিউট করুন। শুধু একটা মেম্বারকে কো-অপটেড করবার মধ্যে দিয়ে নয়, সর্বাঙ্গীণভাবে কোনও নির্বাচিত প্রতিনিধিকে নিয়ে উচ্চ মাধ্যমিক কাউন্সিল গঠন করা দরকার। শিক্ষাক্ষেত্রে আজকে যে নৈরাজ্য চলছে তাকে দূর করবার চেষ্টা করবেন। আমি আপনাকে বলি পরিশেষে উচ্চ মাধ্যমিক কে দুর্নীতিমুক্ত, একটা সঠিক প্রশাসনমূলক এবং শিক্ষাক্ষেত্রে একটা নজিরমূলক দৃষ্টান্ত স্থাপন করবার জন্য আপনাকে অনুরোধ করছি। শিক্ষাক্ষেত্রকে একটা স্বচ্ছ, দুর্নীতিমুক্ত প্রতিষ্ঠানে পরিণত করবার জন্য অনুরোধ করছি। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মণীন্দ্রনাথ জানা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অফ হায়ার সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ বিলটা আনা হয়েছে, তার কিছু প্ল্যান্ট, কিছু টেকনিক্যাল বিষয় আমাদের এখানে উপস্থাপিত হয়েছে। সেই বিল সম্বন্ধে বলতে গিয়ে আমাদের বিরোধী পক্ষের বক্তা অনেক কথা বললেন, তিনি ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন। এই বিলের মধ্যে কি আছে? এই বিলের মধ্যে আছে হায়ার সেকেন্ডারি কাউন্সিলের যে ২০ জন নমিনেটেড মেম্বার আছে, প্রথমে সেই নমিনেশনের মধ্যে স্কুল শিক্ষার আমাদের এস.সি.ই.আর.টি-র ডিরেক্টারকে ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অফ হায়ার সেকেন্ডারি একজন সদস্য করার কথা এই বিলে বলা হয়েছে। আরেকটা জায়গায় বলা হয়েছে যে কল্যাণী বিশ্ববিদ্যালয়কে বিশ্ব আর বিদ্যালয় ঐ দুটোকে এক করে দেখানো হয়েছে। কিন্তু উনি মূল কথাটাকে সমর্থন করেন কিনা, সেইসব কথা বললেন না। শুধু পরিচালন পদ্ধতি সম্পর্কে বললেন, দুর্নীতিতে ভর্তি, গণতন্ত্র নেই এইসব কথা বললেন। ওনারা বলেন হায়ার সেকেন্ডারি কাউন্সিলে নির্বাচন হয় না, এটা ঠিকই নির্বাচন হয় না। কিন্তু নির্বাচন হলে ওনারা আবার বলবেন যেমন বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনে যখন নির্বাচিত বডি ছিলনা, তখন ওনারা বলতেন নির্বাচিত বডি করা হোক, আর যখন নির্বাচন করা হল তখন ওনারা বললেন ভোটার লিস্টে ভুয়ো নাম ঢুকিয়ে নির্বাচন করা হয়েছে, নির্বাচন করলে ওদের আবার মনোমতো হয় না—নির্বাচন না করলে ওর মধ্যে দলের লোক আছে এই কথা ওনারা বলেন। এই লিস্টের মধ্যে আমাদের ডাইরেক্টর অফ স্কুল এডুকেশন, ডাইরেক্টর অফ টেকনিক্যাল এডুকেশন, ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রি, ডাইরেক্টর অফ এগ্রিকালচার, এইভাবে যাদের নাম আছে তারা কি সব সি.পি.এম.-এর লোক। আপনারা কোথা থেকে খবর পেলেন, যে দলের লোক নিয়ে কাউন্সিল তৈরি হচ্ছে। আপনারা এইসব চালিয়ে এসেছেন বলেই, আপনারা এইসব কথা বলেন। অ্যাসেম্বলি থেকে দুজন সদস্য ভোটের মাধ্যমে যাবেন, তারপর সিনেট থেকে যাবেন, এইসবগুলো আপনারা দেখে তারপর বলুন। ওনারা স্কুলের পরীক্ষার বিষয়ে বললেন এই ব্যাপারে আলোচনা করতে গিয়ে, আমি বলি ১৯৭২-৭৭ পর্যন্ত পরীক্ষা নেওয়ার কতদিন পর পরীক্ষার ফল বেরতো। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর পরীক্ষার ফল আমরা সময়মতো বার করতে পারছি এবং পরীক্ষা যেভাবে চলছে তাতে আপনাদের অসন্তুষ্ট হওয়ারই কারণ। কারণ আপনাদের আমলে পরীক্ষার সময় যে টোকাটুকি হত সেটা আজ বন্ধ হয়ে গিয়েছে, আপনারা মনে রাখবেন পরীক্ষার্থীর সংখ্যা আজ দিনের পর দিন বাড়ছে। শিক্ষা ব্যবস্থা আজকে যে প্রসার লাভ করছে এটা বামফ্রন্ট সরকারের আমলেই সম্ভব হয়েছে এবং তার জন্য নিশ্চয় আরও স্কুল প্রয়োজন আছে, আবও কলেজ প্রয়োজন আছে, তাহলে আরও পরীক্ষার্থীর সংখ্যা বাড়তে পারত। ওনারা সেদিকে দেখলেন না, ওনাদের আমলে যেমন হত ৫০ টাকা দিলেই ফার্স্ট ডিভিসনের সার্টিফিকেট হত, ফেল করলে ১০০ টাকা দিলেই সার্টিফিকেট পাওয়া যেত এখন ওনারা সেইদিন ফিরিয়ে আনার চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকারের আমলে স্কুলের সংখ্যা বেড়েছে, ওনাদের সংখ্যাটা কত ছিল আর এখন কত হয়েছে সেটা একবার খবর নিয়ে দেখুন। যদি স্কুলের সংখ্যা না বাড়ত, তাহলে এত ছেলে পরীক্ষা দিত কি করে, হায়ার সেকেন্ডারি স্কুলে ভর্তি হওয়ার একটা সমস্যা আছে, কিন্তু তা সত্ত্বেও আমাদের আমলে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। কাউন্সিলের কাজকর্মের যাতে সুবিধা হয়, ছাত্রদের পরীক্ষা নেওয়ার যাতে সুবিধা হয়, সিলেবাস যাতে পরিবর্তন হয় সেদিকে

আমাদের মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন এবং শিক্ষাকে আরও উন্নত করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মন্ত্রী ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট যে বিল এনেছেন সেটাকে সমর্থন করে আমি দু একটা কথা বলতে চাই। এই বিলটা অত্যন্ত সংক্ষিপ্ত কিন্তু এই বিলটার প্রয়োজনীয়তা ছিল বলে আমি মনে করি। মাননীয় সদস্য তুহিন বাবু খুব কাজের লোক, হেড মাস্টার মহাশয়, খুব ব্যস্ত মানুষ, সেজন্য বিলটা ভালোভাবে পড়েননি। এই বিলের মধ্যে সত্যই কিছু নেই। কিন্তু এই বিলটার প্রয়োজনীয়তা এইজন্য যে ১৯৭৫ সালে হায়ার সেকেন্ডারি কাউন্সিল গঠিত হয়, কিন্তু তার কমপোজিশন অব মেম্বারশিপের মধ্যে একটা গুরুত্বপূর্ণ পদকে নোমিনেট করা বা তাকে আনা হয়নি। সেটা হচ্ছে এ সি ই আর টি। আমাদের ন্যাশনাল এডুকেশন এবং রিসার্চ সেন্টার অনেক আগেই তৈরি হয়েছিল, তার একটা প্রোটো-টাইপ অর্গান হিসাবে এ সি ই আর টি পশ্চিমবঙ্গে হয়। ১৯৭৫ সালেই ঐ ধরনের গুরুত্বপূর্ণ মেম্বারকে এই বোর্ডের মেম্বার হিসাবে আনা উচিত ছিল। অথচ ডাইরেক্টর অব ইন্ডাস্ট্রিজ, ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন—আমি বলছি না ডাইরেক্টর অব ইন্ডাস্ট্রিজ অ্যান্ড ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন মেম্বার হওয়া উচিত নয়, তারা যোগ্য লোক, তাদের আসা উচিত, কিন্তু সেকেন্ডারি এডুকেশনের ক্ষেত্রে যারা রিসার্চ করবেন, যারা ক্যারিকুলাম তৈরি করবেন, যারা সিলেবাস তৈরি করবেন এবং টিচাররা কিভাবে ট্রেনিং দেবেন তার ব্যবস্থা করবেন, এই রকম গুরুত্বপূর্ণ অর্গানাইজেশনের পক্ষ থেকে মেম্বার হওয়া উচিত। কাজেই এই বিলের প্রয়োজনীয়তা এই কারণে। দ্বিতীয় ব্যাপার হচ্ছে আমি একটু বিস্মিত হচ্ছি সেকশন ১৭ অ্যামেন্ডমেন্টের মধ্যে যেখানে রয়েছে The Council may appoint such other officers and employees as it considers necessary for carrying out. The purpose to this Act. তাহলে এতদিন রিক্রুটমেন্টগুলি কিভাবে হত, রিক্রুটমেন্টগুলি কি একটু ইরেগুলার ছিল? এই পয়েন্টে আমি একটু চিন্তিত। কাউন্সিলে নিশ্চয়ই রিক্রুটমেন্ট হত এটা প্রসেসে, কিন্তু এতদিন বাদে এটাকে রেগুলারাইজ করা হচ্ছে ঠিক আছে। কিন্তু আমার মনে হয় ওখানে কোনও ল্যাকুনা ছিল, অসুবিধা ছিল আজকে সেই অসুবিধা দূর করবার জন্য এই ক্লজ আনা হচ্ছে। সেজন্য এই ক্লজটা খুবই গুরুত্বপূর্ণ এবং সমর্থনযোগ্য। তৃতীয় ব্যাপার হচ্ছে এই যে রিক্রুটমেন্ট প্রসেস এগুলি অনেক জায়গায় যেভাবে হয়ে থাকে এবার সেটা হবে না, সেটা একটা প্রসেস অনুযায়ী হবে এবং ক্যালকাটা গেজেটে সেগুলি উল্লেখ করে দিয়ে রিক্রুটমেন্ট হবে। যাই হোক এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষামন্ত্রী আজকে এখানে যে দি ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ এনেছেন আমি প্রথমেই সেই বিল সমর্থন করছি। এই বিলের বিরোধিতা করে কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন আসলে এটা ১৯৭৫ সালের অ্যাক্ট, তার মানে সিদ্ধার্থশঙ্কর রায় যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সেই সিদ্ধার্থশঙ্কর রায়ের অ্যাক্ট। আমি

ব্যক্তিগতভাবে হায়ার সেকেন্ডারির একজন শিক্ষক, আমার কিছু অভিজ্ঞতা আছে। যে কথা ওরা বললেন, কিন্তু আগে কি ভাবে উচ্চ মাধ্যমিক শিক্ষা সদন পরিচালিত হত সে ব্যাপারে পশ্চিমবঙ্গের মানুষের যথেষ্ট অভিজ্ঞতা আছে। আগে সেখানে নেপোটিজম, ফেভারিটিজম কি সংঘাতিক ভাবে ছিল এবং কিভাবে তারা সেটা পরিচালনা করেছেন, সেটা যারা ঐ হায়ার সেকেন্ডারি এডুকেশনের সঙ্গে যুক্ত ছিলেন তারা ভালো করেই জানেন। আসল কথা হচ্ছে, কংগ্রেসের উত্তরাধিকার সূত্রে পাওয়া যে ব্যবস্থা সেই ব্যবস্থার পরিবর্তনের কথা মন্ত্রী মহাশয় বলেছেন এবং এটা অনেক বেশি সমৃদ্ধ হবে, অনেক বেশি যোগ্য লোক হায়ার সেকেন্ডারি কাউন্সিলে আসতে পারবেন। এখানে পরিচালনার ক্ষেত্রে বর্তমানে নিশ্চয়ই কিছু সীমাবদ্ধতা আছে, কিছু অসুবিধা আছে। আমরা দেখেছি রেকমেন্ডেশনের ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়া হয় সেটা অনেক ক্ষেত্রে নিরাপত্তা বিঘ্নিত হয়। আমি উত্তরবাংলার একটা কথা বলছি। উত্তরবাংলায় যে সমস্ত স্কুলগুলি হওয়া দরকার ছিল ইতিমধ্যে সেগুলি হয়নি। অ্যাপ্লিকেশন করা হয়েছে কিন্তু ইন্সপেকশন টীম সেগুলি দেখাশুনা করতে পারেনি। এই সমস্ত ঘটনা ঘটেছে। আমি বিশ্বাস করি বর্তমানে যে কাউন্সিল হবে সেই কাউন্সিল অনেক বেশি উন্নত চিন্তা-ভাবনা করে শিক্ষার যে চাহিদা, শিক্ষার অন্য যে ব্যবস্থা সেটা সমস্ত মানুষের মধ্যে যাতে পৌঁছে যায় তার দিকে দৃষ্টি দেবেন। আমি এখানে একটা কথা উল্লেখ করতে চাই। সম্প্রতি আলিপুর দুয়ারে একটা গার্লস স্কুলে হায়ার সেকেন্ডারি স্কুলের অনুমোদন সাপেক্ষে বলা হয়েছে যে সায়েন্স নিতে হবে। অথচ সেখানে সায়েন্সটা সেকেন্ডারি হওয়া উচিত। প্রাইমারি হওয়া উচিত ছিল আর্টস। কিন্তু সেটা জোর করে চাপিয়ে দেওয়া হয়েছে। তেমনি শ্যামাপ্রসাদ হাই স্কুলে, কুমারগ্রাম স্কুল যেটা ট্রাইবাল এলাকায়, এগুলিতে আমরা দেখেছি যে বর্তমানে যে কাউন্সিল-এর কর্ণধাররা আছেন তারা সেখানে সঠিক ভাবে কাজ করছেন একথা বলা যায় না। কাজেই আমার প্রত্যাশা যখন হায়ার সেকেন্ডারি কাউন্সিল নতুন করে গঠনের জন্য এটা আনা হয়েছে তখন সেই কাউন্সিল গঠিত হলে তারা যাতে উত্তরবাংলার এই সমস্ত জায়গাগুলি যেখানে হায়ার সেকেন্ডারি ব্যবস্থার সঙ্গে যুক্ত হতে যাচ্ছে সেগুলি অগ্রাধিকার পায় সেটা নিশ্চয়ই দেখবেন। এটা আসলে কোঠারি কমিশনের যে রেকমেন্ডেশন ১০ঃ২ঃ২ সেই রেকমেন্ডেশন, এটা অনেক আগেই হওয়া উচিত ছিল। কিন্তু দেরি হলেও এটা আমাদের রাজ্য সরকার করছেন। কাজেই আমি আশা করব যে এটা করার মধ্যে দিয়ে যে সমস্ত সীমাবদ্ধতা আছে, যে সমস্ত অভিযোগগুলি আমরা হায়ার সেকেন্ডারি কাউন্সিলের উপরে দেখেছি, এমন কি পরীক্ষা পরিচালন ব্যবস্থা, অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থাও একেবারে পূর্ণাঙ্গ বলা যায়না এবং পূর্ণাঙ্গ নয় বলে এই ভাবে কাউন্সিল করা হচ্ছে বলে আমার ধারণা। কাজেই এই কাউন্সিল যাতে ভালোভাবে এর কাজ পরিচালনা করতে পারে সেটা দেখবেন। আর উত্তরবাংলায় হায়ার সেকেন্ডারি কাউন্সিলের একটা সাইন বোর্ড আছে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির পাশে। সেখানে কোনও ইতিবাচক কাজকর্ম হয় বলে আমার জানা নেই। যে কাউন্সিল গঠিত হতে বলেছে সেই কাউন্সিলের কাছে আমি আশা করব যে উত্তরবাংলায় যে ক্যাম্পাস আছে সেটাকে যেন পূর্ণাঙ্গ ক্যাম্পাসে পরিণত করা হয়। ওখানকার মানুষ, ওখানকার ছাত্র-ছাত্রীদের যাতে অসুবিধা না হয় সেটা যেন কাউন্সিল দেখেন। অনেকদিনের জন্য একটা প্রত্যাশা ছিল আমাদের ওখানকার জন্য একটা হায়ার সেকেন্ডারি কাউন্সিলের। আসলে এখানে আমাদের অনেকে বলে থাকে সেকেন্ডারি কাউন্সিলের মাস্টার মশাই। হায়ার এডুকেশন এবং কলেজ

হচ্ছে অধ্যাপক। আর এরা অধ্যাপক নয়, এরা হচ্ছেন মাস্টার মশাই। কাজেই প্রকৃত শিক্ষকতার পরিবেশ হলে ছাত্র-ছাত্রীরাও উপকৃত হবেন। এই প্রত্যাশা রেখে এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে যারা সমর্থন করেছেন তাদের সকলকে আন্তরিক ভাবে আমি অভিনন্দন জানাচ্ছি। মাননীয় সদস্য তুহিনবাবু সমর্থন করছেন, না বিরোধিতা করছেন, সেটা আমি বুঝতে পাচ্ছি না। তবে যে বিষয়গুলি উল্লেখ করেছেন সেগুলি এই বিলের সঙ্গে সরাসরি কোনও সম্পর্ক নেই। এই বিষয়ে আমি নতুন করে কিছু বলতে চাচ্ছি না যেহেতু যখন বাজেট আলোচনা হয়েছে সেই সময়েও তারা বলেছেন এবং অনেক সময়ে এই বিষয়ে কিছু কিছু মন্তব্য করা হয়েছে। তবে এখানে আমি দু-একটি কথা বলব। তিনি বলেছেন যে নির্বাচনের মাধ্যমে যদি উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ গঠন করা হয়, গণতান্ত্রিক পদ্ধতিতে এই সংসদ গঠিত হলে একথা বলা যাবে যে শিক্ষাবিদদের অভিমত এখানে সঠিক ভাবে প্রতিফলিত হবে। এটা অত্যন্ত সঠিক কথা। আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ গঠন করার ব্যাপারে আগ্রহী। কিন্তু এখানে যেটা সমস্যা সেটা হচ্ছে, যে সমস্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে তার শিক্ষকদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পড়ান তারাই শুধু নির্বাচক হিসাবে বিবেচিত হবেন, না অন্য শিক্ষক যারা আছেন তারাও হবেন? এখানে এই সমস্যাটা আছে। অনুরূপভাবে কলেজে, যেখানে উচ্চ মাধ্যমিক পাঠক্রম চালু আছে। সেখানে যে সমস্ত অধ্যাপকগণ উচ্চ মাধ্যমিক পঠন-পাঠনের সঙ্গে যুক্ত তারাই এর নির্বাচকমন্ডলী হবেন, না সেই কলেজের সমস্ত অধ্যাপকমন্ডলী নির্বাচকমন্ডলী হিসাবে বিবেচিত হবেন—এই জটিলতা আছে। আমরা বিভিন্ন শিক্ষক সংগঠনের সঙ্গে কথা বলছি, চিন্তা-ভাবনা করছি এবং এ বিষয়ে আমরা অল্পদিনের মধ্যে সিদ্ধান্ত নিয়ে যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ গঠন করতে পারি সেটা দেখছি। ভারতবর্ষের অন্য কোথাও এইরকম গণতান্ত্রিক ভাবে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ বা পর্ষদ গঠিত হয়নি। আমরা মাধ্যমিক শিক্ষা পর্ষদ সেইভাবে গঠন করেছি। আমাদের প্রাথমিক শিক্ষা পর্ষদ গঠন করা হয়েছে এবং আমরা নির্বাচকমন্ডলীর সাহায্যে সেটাকে পুনর্গঠনের জন্য বিবেচনা করছি। আমাদের এই কক্ষের সদস্য, শিক্ষা সংক্রান্ত সাবজেক্ট কমিটির যিনি সভাপতি, তাকে আমরা এ ব্যাপারে অনুরোধ করেছিলাম, তিনি অনুগ্রহ করে রাজি হয়েছেন এবং তার উপরই এর মূল দায়িত্ব আমরা অর্পণ করেছি। আমরা আশা করছি যে যতশীঘ্র সম্ভব তার বিধি রচনা করে তার নির্বাচনের ব্যবস্থা করা যাবে। তাছাড়া উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদকে গণতান্ত্রিকভাবে গঠন করার জন্য আমরা বিভিন্ন উদ্যোগ নেব। ভারতবর্ষের কোথাও, কোনও রাজ্যে এ জিনিস নেই। সেই জিনিস যাতে পশ্চিমবাংলায় আমরা প্রবর্তন করতে পারি সেটা আমরা দেখছি। মাননীয় সদস্য সত্যেনবাবু যেটা বলেছেন সে সম্পর্কে বলি, আমরা একটা রেগুলেশন করবার প্রস্তাব এনেছি এই সংশোধনীর মধ্যে। যখন উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ গঠিত হয় তখন আইনে একটা অস্পষ্টতা ছিল। যারা নিয়োজিত হয়েছেন তাদের নিয়োজিত হবার জন্য ঐ আইনে বলা আছে কিন্তু যদি তাদের অবসরের সুযোগসুবিধার ব্যবস্থা করতে হয়, তাদের ছুটি সম্পর্কে কোনও সিদ্ধান্তের প্রয়োজন হয় তাহলে তারজন্য কোনও বিধি রচনা করবার

কোনও ক্ষমতা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের উপরে অর্পণ করা নেই। এখানে আইনগত ত্রুটি ফাঁক আছে যদি বলেন তাহলে সেটা আমি স্বীকার করব। সেই ফাঁককে বন্ধ করে যাতে সরকারের অনুমতি নিয়ে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ বিধি রচনা করতে পারে যে বিধির দ্বারা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ-এ নিযুক্ত কর্মচারিদের, তাদের ছুটি অবসরকালীন সুযোগসুবিধা ইত্যাদি যাবতীয় বিষয় তারা নিয়ন্ত্রণ করতে পারেন সেইজন্য এই অধিকারটুকু উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদকে অর্পণ করার জন্য এই সংশোধনী প্রস্তাব আমরা এনেছি। মাননীয় সদস্য নির্মলবাবু যেটা বলেছেন তার উত্তরে জানাচ্ছি, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পাশে যে সাইনবোর্ডটি আছে সেটা হচ্ছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নয়। তবে উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় থেকে আমরা জমি পেয়েছি এবং অল্পদিনের মধ্যে সেখানে নতুন অফিসের জন্য আমরা গৃহ নির্মাণ করব। উত্তরবাংলার চাহিদা ঐ অফিস থেকে যাতে পূরণ করা যায় তারজন্য আমরা উদ্যোগ নিয়েছি। আর একটি কথা বলি, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে নির্বাচনের সময় কর্মচারিরা যাতে তাদের প্রতিনিধি উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে পাঠাতে পারেন সেইজন্য আইনের সংশোধন করেছি। কিন্তু সেই নির্বাচন বিধি রচনা করার জন্য ঐ এল-এর পরে এম কথাটা যদি যুক্ত না করি তাহলে নির্বাচন বিধি রচনা করা যায়না। সেই ফাঁক বন্ধ করার জন্য আমরা এল-এর পরে এম কথাটা যেখানে নির্বাচনী বিধি রচনা করা হবে সেখানে করার জন্য সংশোধনী এনেছি। মণীন্দ্রবাবু কয়েকটি কথা বলেছেন, আমার আর বিশেষ কিছু বলার নেই। এস.সি.এস.টি.র ডাইরেক্টরের পদাধিকার বলে তাকে সদস্য করা এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়কে—বিশ্ব বিদ্যালয় কথাটা আলাদাভাবে করলে এক অর্থ হয় আর বিশ্ববিদ্যালয় একসঙ্গে উচ্চারণ করলে তার ভিন্ন অর্থ হয়, সেইজন্য বিশ্ববিদ্যালয় একই সঙ্গে উচ্চারণ করার প্রয়োজন অনুভব করে আমরা এই সংশোধনী এনেছি। আমি আশা করি এই বিধানসভায় এই সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাস হবে। আমাদের কাঙ্খিত ফল লাভ করতে এই সংশোধনী যথেষ্ট পরিমাণে সাহায্য করতে পারবে। এই কথা বলে, আপনাদের সকলের সমর্থন কামনা করে এবং ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kanti Biswas that the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990 be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 4 and Preamble

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Kanti Biswas:** Sir, I beg to move that the West Bengal Higher Secondary Education (Amendment) Bill, 1990 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

## The St. Thomas' School (Amendment) Bill, 1990

**Shri Kanti Biswas :** Sir, I beg to introduce the St. Thomas' School (Amendment) Bill, 1990.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the St. Thomas' School (Amendment) Bill, 1990, be taken into consideration.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে সেন্ট থমাস স্কুল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ পেশ করেছেন, এই বিষয়ে আমার অ্যামেন্ডমেন্ট আছে। আমি আগে আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি। Sir, I beg to move my amendment that in cluase 2(i) sub Clause (3) for the words 'Christian' where ever it occurs, the words ''Anglo Indian'' be substituted, in sub-clause (4) for the words Christian Community the words ''Church of North India'' be subsitituted.

**শ্রী ননী কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি অ্যামেন্ডমেন্ট এনেছেন, কিন্তু সেটাতো সার্কুলেট করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি অ্যামেন্ডমেন্ট পরে মুভ করবেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমার অ্যামেন্ডমেন্টের উপরেই তো বক্তব্য রাখব।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি অ্যামেন্ডমেন্ট পরে মুভ করবেন।

[4-50 — 5-00 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** ঠিক আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এখানে এনেছেন, এই বিষয়ে আমার বিশেষ কিছু বক্তব্য নেই, এটা খুবই যুক্তিযুক্ত। এই বিষয়ে আমার যে অ্যমেন্ডমেন্ট আছে সেটা আশা করি উনি গ্রহণ করবেন। আপনি জানেন যে এই স্কুলটি ২ শত বছর আগে ১৭৮৯ সালে কলকাতায় প্রতিষ্ঠিত হয়েছিল একটা ঐতিহাসিক প্রেক্ষাপটে। সেন্ট থমাস 'বয়েজ' স্কুল এবং সেন্ট থমাস 'গার্লস' স্কুল-এর যে গণতান্ত্রিক কাঠামো আছে, যে ম্যানেজমেন্ট আছে, সেখানে সরকার পক্ষ থেকে তাদের যে বক্তব্য তুলে ধরতে চাচ্ছেন এই বিলের মধ্যে দিয়ে, আমার মনে হয় এখানে স্বাভাবিক ভাবে খ্রিস্টান কমিউনিটি হিসাবে না দেখে একটা ঐতিহাসিক প্রেক্ষাপটে তদানিন্তন ১৯২৩ সালে যে স্পেশ্যাল অ্যাক্ট হয়েছিল তার পরিপ্রেক্ষিতে এটাকে অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি হিসাবে যদি আমরা গ্রহণ করি। তাহলে সার্বিক ক্ষেত্রে এবং সেই তৎকালীন চিন্তাধারার সঙ্গে আজকের চিন্তাধারার মিল রেখে পরিচালন ব্যবস্থাকে আমরা সঠিক রাস্তায় এগিয়ে নিয়ে যেতে পারব। এছাড়া আর একটি গুরুত্বপূর্ণ বিষয় যেটা উল্লেখ করতে চাইছি, তদানিন্তন সময়ের চার্চ অব ইংল্যান্ড, আজকে তার আইনগত দিক থেকে ভারতবর্ষের বুকে যে ধারাবাহিকতা, যে সংস্থাটা বয়ে বেড়াচ্ছে, আর নাম হচ্ছে চার্চ অব নর্থ ইন্ডিয়া। সেই ক্ষেত্রে আমার মনে হয়। চার্চ অব ইংল্যান্ড এর পরিবর্তে চার্চ অব নর্থ ইন্ডিয়া, সি এন আই

আজকে Which is legal heir of the Church of England. বাস্তব ক্ষেত্রে ভারতবর্ষের বুকে সেটাকে গ্রহণ করা দরকার। এই ক্ষেত্রে শুধু মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যদিও কিছুটা অপ্রাসঙ্গিক, তবুও বলি যে এই স্কুলটি ২০০ বছর পূর্তি অনুষ্ঠান করছে এর পরিচালন কর্তৃপক্ষ, এর অভিভাবকরা সেদিকে দৃষ্টি রেখে রাজ্য সরকার এই বিষয়ে যদি আর একটু উদ্যোগ গ্রহণ করে এই শিক্ষা প্রতিষ্ঠানটির পাশে দাঁড়িয়ে এই মহতি অনুষ্ঠানে সক্রিয় সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে ভালো হয়। যদিও এদের চোখে ইংরাজি শিক্ষা ব্যবস্থা দুয়ো রাণীর মতো কিন্তু ভারতবর্ষের মানুষ আজকে যে অবস্থায় আছে, মাতৃভাষার সার্বিক উন্নতির সঙ্গে সঙ্গে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা প্রসারের সঙ্গে সঙ্গে তৃতীয় মাতৃভাষা হিসাবে আজকে ইংরাজিকে অগ্রাহ্য করতে পারি না। যদিও এদের রাজনৈতিক হীনমন্যতা বিশেষ করে এই সরকারের এবং মার্কসবাদী কমিউনিস্ট পার্টির এবং তার প্রতিনিধি শিক্ষামন্ত্রীর রাজনৈতিক হীনমন্যতায় ইংরাজি শিক্ষা ব্যবস্থাকে, আজকে বাংলার বুকে কতখানি তলিয়ে দিয়েছেন তা যদি সর্ব ভারতীয় ক্ষেত্রে বাংলার ছাত্র-ছাত্রীরা প্রতিযোগিতামূলক ক্ষেত্রে যদি গড় দেখেন সাফল্যের তাতে দেখা যাবে বাংলা কত পেছিয়ে গেছে এবং যাচ্ছে। যে সরকার শিক্ষার ক্ষেত্রে ২৫ পারসেন্ট বাজেটে খরচ করেন বলে বুক বাজিয়ে উনি কথা বার্তা বলেন, ইদানিংকালে মাতৃভাষার মাধ্যমে যারা শিক্ষার জন্য উদগ্রীব হয়ে চিহ্নিত করেন, আমরা নাকি এর বিরোধীতা করি, মোটেই তা নয়। আমরা বলেছিলাম যে শ্রেণী সংগ্রামের নামে নতুন করে শ্রেণী বৈষম্য সৃষ্টি করবেন না, তার জনক ঐ কান্তি বাবুর দল, পৃষ্ঠপোষক। এই জায়গায় আমরা বলছি, রাজনৈতিক দীনতা এবং রাজনৈতিক হীনমন্যতার উর্দ্ধে দাঁড়িয়ে বাংলাভাষার এবং মাতৃভাষার প্রসারের সঙ্গে সঙ্গে ইংরাজি ভাষা এবং ইংরাজি স্কুলগুলো, ইংরাজি মাধ্যমের স্কুলগুলো যাতে সঠিক ভাবে বাংলার মাটিতে পরিচালিত হতে পারে, শিক্ষা ব্যবস্থা সঠিক ভাবে আমরা পৌছে দিতে পারি, পরিচালন কমিটির মাধ্যমে, তাদের স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে সরকারের সহযোগিতায়, অভিভাকদের সহযোগিতায় সেটা দেখা দরকার। আমি তার কাছে আবেদন করব যে ২০০ বছর পূর্তির যে ঐতিহ্য এবং ইতিহাস সৃষ্টি করবে সেন্ট টমাস স্কুল, শিক্ষামন্ত্রী তার রাজনৈতিক দীনতা এবং হীনমন্যতার শিকার না হয়ে সার্বিক ক্ষেত্রে এই ঐতিহাসিক মুহূর্তে এগিয়ে গিয়ে প্রমাণ করুন যে এই ধরনের অনুষ্ঠানের কর্মসূচির প্রয়োজনীয়তা রয়েছে এবং এই ধরনের হিস্টোরিক্যাল ইনস্টিটিউশনগুলো, যেগুলো হিস্টোরিক্যাল সুভেনির হিসাবে এস্টাবলিশ হয়েছে ভারতবর্ষের বুকে এবং বাংলার বুকে, সেইগুলোকে বাঁচিয়ে রাখার প্রয়োজনীয়তা রয়েছে এবং সেইগুলোকে সঞ্জীবিত করার জন্য সরকারি প্রয়াস যেন কোনও রকম ত্রুটি না হয়। তাই আর আমার বক্তব্য দীর্ঘায়িত করব না। আমার এই বিষয়ে আর বিশেষ কিছু বলার নেই। তাই আমার এই যে অ্যামেন্ডমেন্ট আছে, আমি নিয়ম অনুযায়ী মুভ করব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Neil Aloysius O'Brien :** Mr. Speaker, Sir, I would like to thank the Hon'ble member who has just spoken for moving two amendments which I strongly support. He has briefly touched the historicity of St. Thomas School. I would like to go a little deeper to show how exactly the school was founded and what were the principal motives for which it was founded. The St. Thomas School, Kidderpore, origi-

nally, the Calcutta Free School, from its very inception in 1789, was founded for the destitute children of Europeans and Anglo-Indians. Its Chairman was always the Lord Bishop of Calcutta (of the Church of England) and its funds were derived from contributions of the officers of the East India Company and other interested subscribers. It has as its patron the Governor Generals of India, later the Viceroys and after Independence the President of India.

In 1923, the Calcutta Free School voluntarily changed its name to St. Thomas' School; and to ensure a smooth transition its governance was enshrined in the Bengal Act XII (St. Thomas' School Act) of 1923. The stated aims in the Act of 1923 are :

1) the maintenance of an efficient school, and

2) the provision of a sound education, with religious instruction in accordance with the principles of the Church of England, for the children of Europeans and Anglo-Indians.

The composition of the Board of Governors as listed in the Act is an eloquent testimony of the various threads of interest that fashioned the school.

The Church of England representatives (Now CNI) are the Bishop of Calcutta and the Archdeacon Vice-President of Calcutta Diocese, supported by lay or clerical nominations from the three vestries of St. Johns, St. Pauls and St. Stephens Churches- all of whom have historical links with the school. The Anglo-Indian interests were maintained by two specific provisions—one nomination from the Anglo-Indian Association and one nomination from the Corporation of Calcutta.. The Government nominees, three in number were eminent persons of the CNI faith selected by the Government. In addition to illustrate the vision of this great school, in the year 1923 provision was made for two elected staff representatives on the Board.

It was only after 1947 that the School, adjusting to the needs of a changing India, opened its doors to non-Anglo-Indians. The Government of West Bengal, always sensitive to the need for education in the State, continued to fulfil in all aspects earlier historical commitments to the school.

The original proposed amendment in this Bill will over-ride clause (f) of the origingal Act, where the original spirit of the Act is so explicit in its reference to an Anglo-Inidan, it would be logical to adapt this to read :

"One Anglo-Indian Councillor of the Corporation of Calcutta,

or in the absence of such a person, a member of the Anglo Indian community to be nominated by the Corporation".

To amend in any other way would be to deny the Anglo-Indian interest which was originally enshrined in the Act for a school fundamentally formed for the Anglo-Indian community. It would be incorrect on our part not to plead with the Government to suitably amend the proposed Bill. It becomes the duty of this House to ensure the safety and future of this small community, and not to fritter away its legacy without an impassioned plea to safeguard to interests of the Anglo-Indian community. The Government of West Bengal has always been gracious to the cry of the minorities and this appeal is to its own sense of dignity and fittingness to do what is just and equitable.

For the last two hundred years St. Thomas School has seen as its special mission help to the needy Anglo-Indian children and it is for them that, till today, trust funds have been set up to subsidise their education. To help them gain dignified employment there is a Technical and Vocational Centre where boys and girls are taught treades. Over the last two centuries this vocational aspect has always been streassed. Today this help is spread to include all children who are members of this school and who find the mainstream of academic work too difficult but who are skilled with their hands.

[5-00-- 5-10 P.M.]

Sir, to list the Anglo-Indian boys and girls who have studied in this School and who are still to-day Calcutta itself is to list a veritable Who's who" of the Anglo-Indian community. Success is not always to be measured by ominence. The School's greatest achievments are those who, with a depresed or deprived background, have been given a helping hand to go on to become useful and decent citizens of this country.

The original Bill as it stands purports to pass on a part of one minority's rights to another. This is as a result of certain misconception that all Christians are Anglo-Indians. But all Anglo-Indians I would say are Christians and this distinction has been lost in many cases with the result that far too many rights and privileges of the Anglo-Indians have been frittered away and lost in the general category of Christians. I hope you will apreciate our feelings and I support the proposed amendment, and certain distinction within Christian denomination is also to be appreciated. I myself in spite of not being a member of the Church of North India, feel that their right is in line with this succession and this should be respected and maintained. The Church of North India is the historical successor to the Church of England. It was a party to the

original foundation of the School. It is with this I would appeal to this House to accept the further amendment proposed by Dr. Bhunia. I wholeheartedly support it and I am confident all will support it.

**শ্রী সুলতান আহমেদ :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, দি সেন্ট টমাস স্কুল (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট যেটা হাউসে এসেছে তাতে আমি দেখছি, একবার সরকারি তরফ থেকে অ্যামেন্ডমেন্ট প্লেস করা হয়েছে, তারপর আবার সরকারি দলের হুইফ শ্রী সুমন্ত হীরা তিনিও আবার অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। এর পিছনে কি পলিটিক্যাল উদ্দেশ্য ছিল তা বোঝা যাচ্ছে না। এটা ঠিকই ১৯২৩ সালে সেন্ট টমাস স্কুল (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট পাস হয়। সেই অ্যাক্টে মাননীয় মন্ত্রী কান্তিবাবু দেখতে পারেন, সেখানে পরিষ্কারভাবে দেওয়া হয়েছে। The Government of St. Thomas School (here matter referred to as the Governor) shall be—

(a) The Lord of Bishop of Calcutta. the Vice President of the Diocese of Calcutta.

(b) the Archdeacon of Calcutta

(c) the Master of the Calcutta Trades Association for the time being ;

(d) one person of either sex to be nominated by the Bengal Chamber of Commerce ;

(e) one person of either sex to be nominated by the Anglo-Indian and Domiciled European Association of Bengal ;

(f) one European or Anglo-Indian Commissioner of the Corporation of Calcutta to be nominated by the Corporation

আজকে যে প্রবলেম দেখা যাচ্ছে তাতে ক্যালকাটা কর্পোরেশনে কোনও খ্রিস্টান কাউন্সিলর, অ্যাংলো-ইন্ডিয়ান কাউন্সিলর খুঁজে পাওয়া যাচ্ছে না। আজকে মাননীয় সদস্য নেইল ও ব্রায়েন সাহেব ঠিকই বলেছেন মাইক্রোস্কপিক কমিউনিটি খুঁজতে হবে। লক্ষ লক্ষ অ্যাংলো-ইন্ডিয়ান কমিউনিটি আমাদের দেশ থেকে মাইগ্রেট করে অস্ট্রেলিয়া, ইংলন্ডে চলে গেছে। এখানে সরকারি তরফ থেকে যে আমেন্ডমেন্ট এসেছে তাতে এফ (৩)-তে বলছে One Christian Councillor of the Calcutta Municipal Corporation or, if there is no such Councillor, one person belonging to the Christian community to be nominated. এটা ঠিকই আছে। এতে আবার যদি দেওয়া হয় তাহলে অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি আপনাকে খুঁজতে হবে। আপনি অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটির রাইটস অ্যান্ড প্রিভিলেজ কেড়ে নিচ্ছেন না। অরিজিন্যাল অ্যাক্টে জি (৩)-তে বলা হচ্ছে—One person to be nominated by the Vestry of St. Paul's Cathedral Church ; এটা সি.এন.আই. চার্জের মধ্যে পড়ছে। (৪) তে হচ্ছে, two persons to be nominated by the vestry of St. John's Church, Calcutta. ফাইভটা হচ্ছে one person to be nominated by the vestry of St. Stephen's Church, Kidderpore. দ্যাট মিনস

প্রোপরশনেট রিপ্রেজেনটেশনটা বোর্ড অফ গভর্নসে রেখেছেন। তার সঙ্গে যদি ক্রিশ্চিয়ান কমিউনিটি অ্যাপার্টফ্রম সি.এম.আই. যদি তাদের সুযোগ করে দেওয়া যায় এই বোর্ড অফ গভর্নসে তাহলে আমি ভাবব আমাদের রাজ্যে কলকাতা শহরের বিরাট সংখ্যায় খ্রিস্টান কমিউনিটি বোর্ডে ওয়েল রিপ্রেজেনটেড হয়েছিল। শুধু অ্যাংলো ইন্ডিয়ানদের নাম রেখে, তারপর তারা পাবেন না, পলিটিক্স করা হবে, সরকারের তরফ থেকে নমিনেশন হবে, পলিটিক্স করা হবে, তাতে অ্যাংলো ইন্ডিয়ান রিপ্রেজেনটেশন ঠিকমতো করা যাবে না, এটাকে আর একটু ব্রড বেজড্ করা গেলে খ্রিস্টান কমিউনিটির রিপ্রেজেন্টেন্সটা স্কুলবোর্ডে থাকবে। স্কুল সুষ্ঠুভাবে চলুক, আমাদের গভর্নমেন্টের উদ্দেশ্য ছিল যে, বড় করে করা হোক। সেকেন্ড অ্যামেন্ডমেন্ট মাননীয় সুমন্তবাবু যা বলেছেন তাতে পলিটিক্স থাকতে পারে। যে সমস্ত অ্যাংলো ইন্ডিয়ানরা গভর্নমেন্ট রিপ্রেজেনটেটিভ হয়ে গিয়ে স্কুল কন্ট্রোল করার চেষ্টা করবে ইউনিয়নের মাধ্যমে। আমার মনে হয় যে, সেকেন্ড অ্যামেন্ডমেন্টটা উনি প্লেস করেছেন সেটা ব্রড বেজড নয়। আমি মাননীয় কান্তিবাবুকে এটা একটু ব্রড বেজড্ করতে বলেছিলাম যাতে খ্রিস্টান কমিউনিটির রিপ্রেজেনটেশনটা ঠিক মতো হয়। স্কুলের ম্যানেজমেন্টে, স্কুলের বোর্ড অফ গভর্নস সুষ্ঠুভাবে চলুক আমরা এটা চাই। সেন্ট টমাস স্কুল ১০০/১৫০ বছরের পুরোনো ইতিহাস আছে। একটা অ্যাক্টে শুধু অ্যাংলো ইন্ডিয়ানদের সুযোগ সুবিধা দেবার ক্রিশ্চিয়ান কমিউনিটিকে কি আলাদা করা উচিত? আমার মনে হয় আলাদা কোনও উদ্দেশ্য আছে।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কান্তি বিশ্বাস মহাশয়, সেন্ট থমাস স্কুল অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯০, বিল নং ১৭ এখানে উত্থাপন করেছে অ্যামেন্ডমেন্টে। আমি সেই বিলের সমর্থনে একটি কথা বলব। আমি প্রথমেই বলি যে বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রী সুলতান আমেদ মহাশয় রাজানীতিকে এত ভয় পান? সেটা আমার জানা ছিল না, আমার মনে হয় ওনার রাজনীতি ছেড়ে এবার ফকিরি নেওয়া উচিত। আর রাজনীতিতে থাকা উচিত নয়। উনি ওনার বক্তব্য বলতে গিয়ে শেষকালে একটু গুলিয়ে ফেললেন। সবটা বোধহয় বুঝতে পারেন নি। অ্যাংলো ইন্ডিয়ানদের প্রোটেকশন দেবার কথা আমাদের সংবিধানেই আছে, সংবিধানের ৩৬৬(২) ধারায় ভারতবর্ষের —দেশ স্বাধীন হবার পর যখন সংবিধান রচনা হয়, তখন থেকেই এটা রাখা হয়। অ্যাংলো ইন্ডিয়ানদের প্রোটেকশনের ব্যবস্থা আমাদের নেতারা শুরু থেকেই করে গেছেন। অ্যামেন্ডমেন্টের মধ্যেই সেই চিন্তার প্রতিফলন আছে। মাননীয় সুলতান সাহেব জিনিসটা বুঝতে পারেন নি, গুলিয়ে ফেলেছেন। আমার মনে হয় যেটা বক্তব্য অরিজিন্যাল অ্যামেন্ডমেন্ট বিলে যেটা এনেছিলেন সেখানেই সমস্যাটা হয়েছিল। কারণ ঠিকই, অ্যাংলো ইন্ডিয়ানদের প্রোটেকশন আমরা যেটা চাই বিভিন্ন ক্ষেত্রে তাদের রিপ্রেজেন্টেশন চাই সেটা হচ্ছে না, একটু গোলমাল হয়ে গিয়েছিল। এর জন্য আমি পরবর্তীকালে একটা অ্যামেন্ডমেন্ট এনেছি। যথা সময় উত্থাপন করব। কিছু সুনির্দিষ্ট বক্তব্য এতে থাকা উচিত। অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটির রিপ্রেজেনটেশন সেন্ট থমাস স্কুলের গভর্নস বোর্ডে থাকে যাতে সেই উদ্দেশ্যেই এটা আনা হয়েছে সেটাই মূল্য উদ্দেশ্য। এই বিলে এর সঙ্গে একটা সংযোজন হয়েছে। যা ছিল নর্থ ইন্ডিয়ান চার্চ, ক্রিশ্চান চার্চের রিপ্রেজেনটেশনের প্রশ্ন আছে। ২০০ বছর আগে একটা স্কুলে ১৯২৩ সালে আইনটা হয়েছিল, মাঝে অনেক

পরিবর্তন হয়েছে, তার সঙ্গে সঙ্গতি রেখে যে অ্যামেন্ডমেন্ট আনা দরকার সেটাই করা হয়েছে। বেশি কিছু নয়, বেশি কিছু বলার প্রয়োজন নেই। আমি শুধু এটাই বলব যে, মাননীয় সুলতান আমেদ সাহেব এটা বোঝেন নি। মাননীয় মানস ভুঁইয়া মহাশয় যে কাজটা করলেন—আমি আপনার একটি রুলিং চাইছি স্যার—একটা অ্যামেন্ডমেন্ট ২০ তারিখে হাউসে টেবলড হল, অনুরূপ ভাষায় আর একজন সদস্য ২১ তারিখে, ঠিক পরের দিন আর একটা অ্যামেন্ডমেন্ট টেবলড করতে পারেন কিনা এ বিষয়ে আমি আপনার রুলিং চাইছি। সবশেষে বলতে চাই, আমাদের ৩৬৬ (২) ধারায় অ্যাংলো ইন্ডিয়ানদের জন্য যে রিজার্ভেশন আছে সেই রিজার্ভেশন সর্বত্র থাকা উচিত। সেন্ট থমাস স্কুলের ক্ষেত্রেও সেটা থাকা উচিত। এই দৃষ্টিকোণ থেকেই বিলটাকে দেখতে হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ডাঃ মানস ভুঁইয়া যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তার ভাষা যদি একই হয়ে থাকে তাহলে সেটা পলিটিক্যাল ব্ল্যাকমেইলিং কি না বা ডিসেন্সীবোধ থাকছে কি না এ ব্যাপারে কমেন্ট করুন। শ্রী সুমন্ত হীরা যে অ্যামেন্ডমেন্ট প্লেস করলেন, সেম ল্যাঙ্গুয়েজে সেম ম্যাটার ডাঃ মানস ভুঁইয়া প্লেস করলেন। কাজেই এটা নকলের পর্যায়ে পড়ছে কি না? হোয়েদার ইট ইজ অ্যালাউড অর নট?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ঠিক আছে, অ্যামেন্ডমেন্ট মুভ করবার সময় বলব।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে সেন্ট থমাস স্কুলের আইনের একটা সংশোধনী উত্থাপন করেছি। এই সংশোধনীর উপর বক্তব্য রাখতে গিয়ে বিরোধী পক্ষের ডাঃ মানস ভুঁইয়া যে বক্তব্য রেখেছেন তাতে আমি হতবাক হয়েছি। আমি জানি ডাঃ মানস ভুঁইয়া অত্যন্ত দায়িত্বশীল সদস্য অন্যান্য সদস্যরাও দায়িত্বশীল, তিনিও দায়িত্বশীল। তিনি যখন কোনও বক্তব্য রাখেন তখন সমস্ত বিষয় জেনেশুনে বক্তব্য রাখেন বলেই আমার ধারণা। কিন্তু আজকে সেই ধারণায় চিঁড় ধরে যাচ্ছে। এইজন্য চিঁড় ধরে যাচ্ছে, তিনি এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেছেন, 'ইংরেজির উপর গুরুত্ব না দেবার ফলে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে যাচ্ছে।' কিন্তু তিনি নিশ্চয়ই জানেন, আমরা নতুন ভাষা-নীতি চালু করবার পর গতবারই ছাত্র-ছাত্রীরা প্রথম পরীক্ষা দিয়েছে, কাজেই গ্র্যাজুয়েট বা পোস্ট গ্র্যাজুয়েট হবার পর যদি তারা পিছিয়ে পড়ে থাকে তাহলে সেটা আপনাদের জন্যই হয়েছে, কারণ তারা আপনাদের গৃহীত ভাষা-নীতির মাধ্যমেই শিক্ষা নিয়েছে। এদিকে লক্ষ্য না রেখে ডাঃ মানস ভুঁইয়া বক্তব্য রাখলেন এটা অদ্ভুত মনে হয়েছে। তাই মানস ভুঁইয়ার সাথে আমি একমত নই। পশ্চিমবঙ্গের ছাত্র-ছাত্রীরা সর্বভারতীয় ক্ষেত্রে পিছিয়ে পড়েছে একথাও সত্য নয়। কিন্তু তারজন্য তিনি যে বক্তব্য রেখেছেন সেটা হাস্যকর। ডাঃ মানস ভুঁইয়া এবং বিরোধী দলের অবগতির জন্য জানাই যে, আজকে ভারতবর্ষে যত ইংলিশ মিডিয়াম স্কুল আছে তার চার ভাগের এক ভাগ স্কুল আছে পশ্চিমবঙ্গে। যদি ইংলিশ মিডিয়াম স্কুল বেশি থাকলেই এগোনো যেত তাহলে অন্যান্য রাজ্যের ছেলেমেয়েরা আমাদের রাজ্যের ছেলেমেয়েদের কাছে দাঁড়াতে পারত না যেহেতু এক-চতুর্থাংশ ইংলিশ মিডিয়াম স্কুল পশ্চিমবঙ্গে আছে। এটাও বোধ হয় মাননীয় সদস্যের জানা ছিল না। আর একটি বিষয় হল, এখানে বিরোধী পক্ষের সহকারি নেতা আছেন, মুখ্য সচেতক আছেন, প্রবীণ সদস্য শ্রী জ্ঞানসিং সোহনপাল আছেন। আই ফিল অ্যামিউজড টু সি দি ডিসইউনিটি অফ কংগ্রেস (আই) পার্টি। এখানে

ডাঃ ভুঁইয়া যে ভাষায় বক্তব্য রাখলেন, সুলতান আমেদ তার উল্টো বক্তব্য রাখলেন। একই রাজনৈতিক পার্টির দুই বক্তা দুই মেরুতে দাঁড়িয়ে বক্তব্য রাখতে পারেন এটা কংগ্রেস দলের পক্ষেই সম্ভব। বিষয়টা হল, আমি একটি স্কুলের আইনে অ্যামেন্ডমেন্ট এনেছি। এখানে অ্যাংলো ইন্ডিয়ান থাকবে কি থাকবে না এই বিষয়ে আমাদের সংবিধানের ৩৬৬ নং আর্টিকেলে আছে, সেখানে অ্যাংলো ইন্ডিয়ানদের একটু ব্যাখ্যা দেওয়া হয়েছে। এখন আমি যে অ্যামেন্ডমেন্ট এনেছি আমি আনন্দিত হতাম যদি আমার এই অ্যামেন্ডমেন্ট আনতে না হত। এখানে মাননীয় সদস্য সুমন্ত হীরা যে কথা বলেছেন তার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারব কি পারব না আলোচনায় সেই কথা বলতে চাই না। শুধু এইটুকু বলছি আমি মূল যে সংশোধনী এনেছি এই সংশোধনী আমি আমার বিবেচনা থেকে এনেছি, এটা সঙ্গত এবং যুক্তি ভিত্তিক বলে আমার মনে হয়েছে। ১৯৮১ সালের লোক গণনায় আমাদের পশ্চিমবাংলায় ৩ লক্ষেরও বেশি খ্রিস্টান ধর্মাবলম্বী লোক আছে। তাদের একটা ক্ষুদ্র অংশ অ্যাংলো ইন্ডিয়ান আছে। কোনও পরিচালক মন্ডলীতে যদি আমি অ্যাংলো ইন্ডিয়ানের পরিবর্তে খ্রিস্টানদের নেতৃত্ব রাখতে পারি তাহলে তার মধ্যে দোষের কিছু থাকার কথা নয়। যে কথা মাননীয় সদস্য সুমন্ত হীরা তার বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন। যে সেন্ট টমাস স্কুল ১৯২৩ তার সেখানে জি(১) ধারায় বলেছেন যে three persons to be nominated by the State Government. স্টেট গভর্নমেন্ট যখন নোমিনেট করবেন তখন এই রেসট্রিকশন তাদের উপর থাকা উচিত নয় বা কোন সম্প্রদায় থেকে নমিনেট করবেন State Government should be at liberty to select the nominated persons এটা খুব স্বাভাবিক যে আমাদের যে কনস্টিটিউশনাল জ্ঞান তাতে আমরা বুঝি যে State Government should be at liberty to select the nominated persons. এই ক্ষেত্রে রেসট্রিকশন থাকা উচিত নয়। আর সুলতান আহমেদ যে কথা বললেন তার এই বক্তব্যের সঙ্গে আমি একমত। অন্যান্যদের সঙ্গে সেখানে অ্যাংলো ইন্ডিয়ানদের নেতৃত্ব এবং নোমিনেশন রাখবার সংস্থান এই আইনের মধ্যে আছে। ফলে এই ক্ষেত্রে স্টেট গভর্নমেন্ট যা পাঠাবে সেখানে যদি খ্রিস্টান প্রতিনিধি রাখতে পারতাম তাহলে কয়েক হাজার লোকের প্রতিনিধিত্ব থাকার পরিবর্তে লক্ষাধিক লোকের থাকার সুযোগ করতে পারতাম। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি অংশের লিঙ্গুইসটিক রিলিজিয়াসদের স্বার্থ সংরক্ষণ করতে অত্যন্ত বদ্ধপরিকর এবং প্রতিশ্রুতি বদ্ধ। সেই জন্য সংখ্যার দিক থেকে একেবারে কম অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি তাদের স্বার্থ বিন্দুমাত্র ক্ষুন্ন না হয়, বিন্দুমাত্র ক্ষতিগ্রস্ত না হয় এই দিক বিবেচনা করে সুমন্তবাবু যে বক্তব্য রেখেছেন। মূল যে বক্তব্য রেখেছেন তার শেষের যে বক্তব্য সেটা নিশ্চয়ই গ্রহণযোগ্য নয়। মূল বক্তব্য তার কথা মনে রেখে মানসবাবু যে বক্তব্য রেখেছেন এই অ্যামেন্ডমেন্টের উপর তার সম্পর্কে মন্তব্য করছি না। তিনি যে বক্তব্য রেখেছেন, সংশোধনীর উপর যে সংশোধনী দিয়েছেন সুমন্তবাবু যে বক্তব্য রেখেছেন শুধু অল্প সংখ্যক অ্যাংলো ইন্ডিয়ানদের স্বার্থ সুরক্ষিত করবার যুক্তি অন্য জায়গায় থাকা সত্ত্বেও আমি এটাকে গ্রহণযোগ্য বলে মনে করি। আমি এই মতামত জ্ঞাপন করছি। সেই জন্য আমি আমার বক্তব্য শেষ করবার আগে শুধু এই কথা বলব অ্যামেন্ডমেন্ট সম্পর্কে পরে মন্তব্য করব, এই বিষয়ে একটা দিক যুক্ত। আর একটা হচ্ছে সংখ্যালঘুদের স্বার্থ সম্পূর্ণ রক্ষা করার যে প্রশ্ন এই দুটি প্রশ্ন আমাদের কাছে আছে।

The motion of Shri Kanti Biswas that the St. Thomas' School (Amendment) Bill, 1990, be taken into consideration, was then put and agreed to.

## Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 2

**Mr. Deputy Speaker :** Here it apears that there are two identical amendments given by Shri Sumanta Kumar Hira and Dr. Manas Bhunia. I find there is no bar in it. Both the amendments are in order. In this connection I may mention that there are cases where two identical Amendment are given by two members. So, there is no bar in it.

Now I request Shri Sumanta Kumar Hira and Dr. Manas Bhunia to move their amendments.

**Shri Sumanta Kumar Hira :** Sir, I beg to move that Clause 2-(i) in sub-clause (3) for the words "Christian", wherever it occurs, the words "Anglo-Indian" be substituted ; (ii) in sub-clause (4) for the words "Christian Community", the words "Church of North India" be substituted.

**Dr. Manas Bhunia :** Sir, I beg to move that in Clause (2)-(i) sub-clause (3) for the words "Christian", wherever it occurs, the words "Anglo-Indian", be substituted ; (ii) in sub-clause (4) for the words "Christian Community", the words "Church of North India" be substituted.

[5-20 — 5-24 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, এই ব্যাপারে আমি একটু বলি যে, মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় যে কথা বললেন বিভিন্ন যুক্তির অবতারণা তিনি করেছেন তবে মূল কথা যেটা গণতন্ত্রের মূল কথা। এই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে, সংখ্যা গরিষ্ঠের লক্ষ্য রাখতে হবে সবচাইতে সংখ্যালঘুদের স্বার্থ রক্ষা করা The majority must protect the interest of the minority. সেখানে ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় সহৃদয়তার সঙ্গে এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন বলে আমি আশা করি।

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** আমি দুটি identical অ্যামেন্ডমেন্ট দেখছি এবং এই অ্যামেন্ডন্টে আমি গ্রহণ করছি।

The motions of Shri Sumanta Kumar Hira and Dr. Manas Bhunia were then put and agreed do.

The question that Clause 2 as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the St. Thomas' School (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5-24 p.m. till 1 p.m. on Wednesday, the 22nd August, 1990 at the Assembly House, Cal-1.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 22nd August, 1990 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 3 Ministers of State, and 182 Members.

[1-00—1-10 P.M.]

### Starred Questions

(to which oral answers were given)

#### মাধ্যমিক পরীক্ষার ইংরাজি বিষয়ে পাশের হার

***১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৮।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৯ ও ১৯৯০ সালের মাধ্যমিক পরীক্ষায় ইংরাজি বিষয়ে পাশের হার কত শতাংশ (বৎসরওয়ারি)?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** নিয়মিত ছাত্রছাত্রীদের মধ্যে ইংরাজি (দ্বিতীয় ভাষা)তে পাশের হার ঃ

১৯৮৯ সালে ৮৬.৫১ শতাংশ।

১৯৯০ সালে ৬০.৩৯ শতাংশ।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এই বছর এই শোচনীয় ফলের কারণ কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি আপনার এই শোচনীয় শব্দটি গ্রহণ করতে পারলাম না। আগেকার তুলনায় যেমন আপনি যখন দায়িত্বে ছিলেন না বা তারও আগেকার মন্ত্রিসভা যে ছিল তাতে পাশের হার এর চেয়ে কম ছিল। স্বাভাবিকভাবেই কোনও ছেলে অকৃতকার্য হোক আমরা চাই না। আমরা চাই ১০০ ভাগই পাশ করুক। যে কোনও কারণেই হোক কোনও রাজ্যেই মাধ্যমিকের পাশের হার শতকরা ১০০ ভাগ হয়নি। তবে আমরা চেষ্টা করব যাতে এই পাশের হার উত্তরোত্তর বৃদ্ধি পায়।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** গত বছরের তুলনায় প্রায় ২০ শতাংশ কম এই পাশের হার, এর কারণ কি?

**মিঃ স্পিকার ঃ** তাহলে বোঝা যাচ্ছে আপনার সময়ে পাশের হার খুব খারাপ ছিল।

**ডাঃ মোহাতার হোসেন ঃ** কত পাশের হার ছিল বলুন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমার কাছে ১৯৫০ সাল থেকে হিসাব আছে। শতকরা পাশের হার পশ্চিমবঙ্গে শতকরা ৪২ থেকে ৪৮ এবং এটা বিভিন্ন সময়ে ভ্যারি করেছে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই পাশের হার গত বছরের তুলনায় ২০ শতাংশ কম, এতে কি কোনও রাজনৈতিক অনুপ্রবেশ ঘটলো যার জন্য এই পাশের পার ২০ শতাংশ কমে গেল?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই ব্যাপারে আমরাও চিন্তিত এবং সেইজন্য পুঙ্খানুপুঙ্খভাবে মধ্যশিক্ষা পর্ষদকে দেখতে বলেছি কেন এই ইংরাজি পাশের হার এবং সাধারণভাবে পাশের হার এত হ্রাসপ্রাপ্ত হল।

**শ্রী শুভেন্দু চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি জানাবেন কি, যে মাধ্যমিক পরীক্ষার পাশের হার অন্যান্য রাজ্যে কি রকম?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ভারতবর্ষের পাঞ্জাব এবং গুজরাট ছাড়া অন্যান্য রাজ্যে পাশের হার আমাদের থেকে কম। একমাত্র পাঞ্জাব এবং গুজরাটে পাশের হার আমাদের থেকে বেশি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমার একটা সাপ্লিমেন্টারি প্রশ্ন আছে, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে প্রথম বছরে মাধ্যমিকের পাশের হার ৮৬ পার্সেন্ট এবং সেটা পরবর্তী বছরে ৬০ পার্সেন্ট হয়ে গেছে। এই যে মাধ্যমিক স্তরে ইংরেজির অবৈতনিক সিলেবাস সম্পর্কে প্রতিবাদ উঠেছিল এবং ইংরেজিতে ফেল করবে বলে যে সমালোচনা হয়েছিল সেটা চাপা দেবার জন্যই কি প্রথম বছরে পাশের হার এতো বাড়িয়ে দেওয়া হয়েছিল?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য বিদ্যালয় শিক্ষকতা করেন, খাতা বিদ্যালয়ের শিক্ষকরা দেখেন, আপনি দেখেন কিনা জানি না। আপনি আপনার বিদ্যালয়ের শিক্ষকদের জিজ্ঞাসা করুন ঐ প্রশ্নের নম্বর আগের বছরে বেশি দিয়েছিলেন না পরের বছরে কম দিয়েছিলেন?

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা জানতে পারলাম যে ইংরেজি পরীক্ষক আপনি পাচ্ছেন না ফলে একজন এক্জামিনারকে এক থেকে দেড় হাজার খাতা দেখতে হয়েছে তারা নাকি মাধ্যমিকে এবং হায়ার সেকেন্ডারিতে গড়পড়তা নম্বর দিয়েছিলেন, এটা কি সত্য?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি যে তথ্য পরিবেশন করলেন এটা তথ্যভিত্তিক নয়, মাধ্যমিকে ইংরাজি পরীক্ষক পাওয়া যায়নি এটা ঘটনা নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি দুই বছরের যে পাশের হারের কথা বললেন '৮৯-৯০তে, সেখানে গ্রেসের কোনও ব্যবস্থা ছিল কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গ্রেসের তথ্য আমাদের থাকে না, এইগুলি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ট্যাবুলেশন শিট থেকে গ্রহণ করা হয়েছে, তার মধ্যে গ্রেসের হিসাবে কোনও নাম্বার উল্লেখ নেই।

**শ্রী সৌগত রায় ঃ** আমি শুনেছি এই রকম বৈজ্ঞানিকসম্মতভাবে সিলেবাস চালু করবার পর ঢালাও ইন্সট্রাকশন ছিল পাশ করিয়ে দিতে হবে—এ. বি. টি. এ.র মাধ্যমে সেটা ছিল কিন্তু আপনার প্রশ্নের উত্তরের মধ্যে একটা ফাঁকি আছে সেটা হচ্ছে উনি যে জবাবটা দিলেন সেটা হচ্ছে ৮৯-৯০ সালের পাশের হার এবং এটা নিয়মিত ছাত্রদের, তাই পাশের হারটা

বেশি দেখিয়েছেন, এটা কি আপনি মনে করেন না প্রাথমিক স্কুলে ইংরেজি তুলে দেওয়ার পর থেকে ইংরেজির মান এত কমে গিয়েছে? এবং তার জন্যই এত কম ছাত্র পাশ করেছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য বিদ্যালয়ে শিক্ষকতা করেন না, তার ফলে তিনি জানেন না, এটা গোবিন্দবাবু জানেন। নিয়মিত পাঠক্রমের জন্য নতুন পাঠ্যসূচি অনুযায়ী ইংরেজির সিলেবাস করা হয়েছে। তার আগে কন্টিনিউয়িং ক্যান্ডিডেট এবং এক্সটারনাল ক্যান্ডিডেট তাদের যে সিলেবাস সেটা সম্পূর্ণ আলাদা। এখানে নতুন পাঠক্রম হবার পরে কন্টিনিউয়িং ক্যান্ডিডেটদের কি হার হয়েছে তার উত্তর আমি দিয়েছি।

**শ্রী সৌগত রায় ঃ** এখানে কোথায় লেখা আছে যে শুধু নিয়মিত ছাত্রদের প্রয়োজন। আপনি ইরেগুলার কন্টিনিউয়িং ক্যান্ডিডেটদের হারের কথা বলুন—আগের সিলেবাসে কি হয়েছিল এবং নতুন সিলেবাসে কি হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ছাত্র বলতে সাধারণত ধরা হয় নিয়মিত ছাত্র, এক্সটারনাল এবং কন্টিনিউয়িং ছাত্র ধরা হয় না। তবে মোতাহার সাহেব যদি জানতে চান তাহলে আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী তুহিন সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ইংরেজি যে নতুন পাঠক্রম প্রবর্তিত হয়েছে তাতে পঠন-পাঠনের অসুবিধা এবং পরীক্ষকদের অসুবিধার কথা আপনাকে কোনও শিক্ষক সংগঠন এ ব্যাপারে অভিযোগ করেছে কি যে এটা বৈজ্ঞানিকসম্মতভাবে হয়নি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখানকার কোনও কোনও সংগঠন বলেছিলেন এটা বৈজ্ঞানিক নয়, আবার কোনও কোনও সংগঠন বলেছেন এটা বৈজ্ঞানিক, এর মধ্যে কোনও কোনও সংগঠন ভারতবর্ষের আবার কোনও কোনও সংগঠন বাইরের—তারা এই শিক্ষা পদ্ধতিকে ভূয়সী প্রশংসা করেছেন, এই তথ্য আমার কাছে আছে।

### বন্যা নিয়ন্ত্রণ ও বাঁধসমূহ রক্ষণাবেক্ষণে সরকারি ব্যবস্থা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের বন্যা পরিস্থিতির নিয়ন্ত্রণ ও বাঁধসমূহ রক্ষণাবেক্ষণের জন্য আগাম কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে আগাম ব্যবস্থার রূপরেখা ঃ

(১) প্রতি জেলায় 'কন্ট্রোল রুম' স্থাপন এবং সম্ভাব্য দুর্গত এলাকা চিহ্নিত করে ঐসব স্থানের সাথে বেতার সংযোগ স্থাপন।

(২) আবহাওয়া অফিস হতে প্রাপ্ত সম্ভাব্য বন্যার আগাম হুঁশিয়ারি সমস্ত জেলায় দ্রুত পাঠানো।

(৩) কেন্দ্রীয় জল কমিশন কর্তৃক প্রদত্ত আগাম হুঁশিয়ারি সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ ও জনগণকে জানানো।

(৪) জলাধারগুলি হতে জল ছাড়ার পূর্বে সংশ্লিষ্ট সকলকে হুঁশিয়ারি দেওয়া।

(৫) আকাশবাণী মারফৎ হুঁশিয়ারি জনগণের কাছে দ্রুত পৌঁছে দেওয়া।

(৬) সম্ভাব্য বন্যাকবলিত এলাকার জন্য যথাসম্ভব বস্তা, বোল্ডার ইত্যাদি মালমসলার যোগাড় রাখা।

এছাড়া বাঁধগুলি রক্ষণাবেক্ষণের আগাম ব্যবস্থা হিসাবে বরাদ্দকৃত অর্থ সাপেক্ষে মেরামতির কাজ যথাসম্ভভ করা হয়েছে।

[1-10—1-20 P.M.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** আগাম বাঁধ রক্ষণাবেক্ষণ ব্যবস্থা নেবার জন্য আপনারা কোন কোন নদীতে বা এলাকায় বন্যা প্রতিরোধ করার ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**মাননীয় সদস্য নিশ্চয় জানেন, এবারে বন্যা ঠিক ১৯৭৮ সাল বা তার পরবর্তীকালে যে বন্যা হয়েছিল তার মতো হলেও সেই বন্যা মোটামুটি সীমাবদ্ধ ছিল সাত, আটটি জায়গায়। তারমধ্যে বেশি হয়েছে মেদিনীপুর এবং বর্ধমানে। মালদা, মুর্শিদাবাদ, হুগলি এইসব জায়গাতেও কিয়দাংশ বন্যা হয়েছে। সাধারণভাবে আমাদের বাঁধ রক্ষা করতে হয় ৩৩ হাজার কিলোমিটার, তা ছাড়া এক্স জমিদারির আন্ডারে যে সমস্ত বাঁধ আছে সেগুলোও আমাদের দেখতে হয়, মোট ৩৭ হাজার কিলোমিটার বাঁধ রক্ষণাবেক্ষণ করতে হয়। আর এবারে সবং দাঁইহাট এবং রামপুরহাটে আগাম ব্যবস্থাবলম্বন করবার ফলে এবারে বাঁধটা কম ভেঙেছে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, দামোদর জলাধার থেকে অতিরিক্ত জল ছাড়বার ফলে নিম্ন দামোদর এলাকায় অর্থাৎ হুগলি, হাওড়ায় বন্যা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, জলাধার থেকে জল ছাড়বার ব্যাপারে আরও ভালভাবে কন্ট্রোল করা যায় কি না বা নিম্ন দামোদর এলাকায় বন্যা প্রতিরোধের যে পরিকল্পনা সেই পরিকল্পনা কার্যকর করার ব্যাপারে আপনারা কি চেষ্টা নিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জল ছাড়ার ব্যাপারে যতটা সম্ভব সাবধানতা অবলম্বন করা হয়েছে। তা ছাড়া বন্যা যা হয়েছে তার বড় কারণ হচ্ছে নদীতে, এবং জলাধারে সালটেশন আছে। আর তৃতীয় আপনি যেটা বলছেন, ডি. ভি. সি. থেকে জল ছাড়বার জন্য নিম্ন দামোদর অঞ্চল প্লাবিত হয়েছে এবং সেই কারণে নিম্ন দামোদরের জন্য অপরিহার্য ছিল। হাওড়া, হুগলি জলাধারে টেকনিক্যাল কারণে সেটা করা যায়নি। এ বছর এটা আগে হচ্ছে এটা হলে খানিকটা প্রশমিত হবে।

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন, যে বর্ধমানে এবং দাঁইহাটে বাঁধ

রক্ষার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন, অভিনন্দন জানাই। বিষয়টা হচ্ছে, মন্ত্রী মহাশয়ের কি জানা আছে যে কিছু কিছু এলাকায় যেমন পূর্বস্থলী থানা, দামশাল এবং ঢুপী এলাকায় গঙ্গার যে প্রচণ্ডভাবে ভাঙন হয়েছে এবং তার ফলে পূর্বস্থলী ২ নম্বর ব্লক গোটা এরিয়া বন্যা কবলিত হয়ে পড়ে। এবং বাঁধ রক্ষণাবেক্ষণের জন্য প্রতি বছরই একটা অস্থায়ী ব্যবস্থা নেওয়া হয়, যার ফলে কোনওভাবেই বাঁধের বাঁধনকে রক্ষা করা যাচ্ছে না। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় সদস্যার অবগতির জন্য জানাচ্ছি যে, যে বাঁধটির কথা বলেছেন দামপাল বাঁধ, সেটি আমাদের এক্তিয়ার ভুক্ত নয়, এটা জেলা পরিষদের এক্তিয়ার ভুক্ত। কিন্তু জেলা পরিষদে উপযুক্ত এক্সপার্ট না থাকবার জন্য এই বছর সেচ দপ্তর রক্ষণাবেক্ষণ করেছিলেন এবং খানিকটা সফলও হয়েছিলেন। বিশেষ করে ঢুপী নদীতে। ভূমিক্ষয় হয়েছে ব্যাপকভাবে। শুধু সেখানে নয় পশ্চিমবঙ্গের ১০টি নদীতে ইরোশন হয়েছে কিন্তু পর্যাপ্ত অর্থের যোগান না থাকবার ফলে ভালভাবে করতে পারছি না। তবে আমরা সামনের বার এটা কার্যকরি করার ব্যবস্থা নিয়েছি, এটা আমি মাননীয় সদস্যকে দেখাতে পারি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে এই বছর মূলত তিনটি জায়গায় বাঁধ ভেঙেছে। তার মধ্যে সবং অন্তর্ভুক্ত। প্রশ্নটার সঙ্গে সঙ্গতি রেখে, আমি অনুগ্রহ করে জানতে চাইছি কপালেশ্বরীর লোকপীঠে যে বাঁধ ভেঙেছে সে ব্যাপারে আপনার দপ্তর এবং স্থানীয় পঞ্চায়েতকে যৌথভাবে কর্তৃপক্ষকে জানিয়েছিল কি না এবং জানিয়ে থাকলে দপ্তর কি ব্যবস্থা নিয়েছে বাঁধ রক্ষা করার জন্য?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয় আরও দুটো প্রশ্ন পড়ে রয়েছে এবং এই ব্যাপারটা তখন আসবে, এই দুটোর উত্তর আমি তখন দেব।

**श्री शलीव टाप्पू :** नर्थ बंगाल में जहाँ पहाड़ी नदियाँ प्रवाहित होती हैं, वहाँ की जमीन धँसती जा रही हैं, किनारा कटता जा रहा है। वहां पर बाँध की व्यंवस्था नही हो पा रही हैं। फरेस्ट इलाके मे जहाँ से बोल्डर निकाला जाता था, आज उन सब इलाकों मे टाइगर प्रोजेक्ट इलाका डिक्लेयर कर दिया गया हैं। इससे वहाँ पर बाँध की कोई व्यवस्था नहीं होने से नदी का कटान दिन प्रति दिन बढ़ता ही जा रहा है। इसका परिणाम यह हो रहा हैं कि वहाँ की जमीन नदी में बिलीन होती जा रही है। भूमि के कटान से वहाँ के रहने वाले गरीब लोग और गरीब होते जा रहे हैं। उनके बचाव के लिए माननीय मंत्री क्या व्यबस्था ले रहे हैं ?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য বিশেষ করে জলপাইগুড়ি জেলায় পার্বত্য নদী যেগুলি রয়েছে, যেমন চেল, নাল, জলঢাকা, তোর্সা সেখানে সাম্প্রতিককালে বেশ বড় রকমের বন্যা হয়ে গেছে, তবে কাগজপত্রে সেটা আসেনি। কিন্তু গত ১৭ই আগস্ট তারিখে সেখানে বেশ বড় রকমের বন্যা হয়েছে। জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় ফ্ল্যাডের ন্যাচার

অন্য রকম। সেখানকার ফ্ল্যাড্ ফ্লাস ফ্ল্যাড, এই বন্যা দ্রুত আসে আবার দ্রুত চলে যায়। এই সাম্প্রতিক বন্যায় সেখানে ২৫ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই সম্পর্কে স্থানীয় বিধায়ক যেমন চিঠি দিয়েছেন, তেমনি চা-বাগান কর্তৃপক্ষও আমাদের জানিয়েছে। আপনারা সবাই জানেন যে বোল্ডার কালেকশনের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে একটা রেসট্রিকশন ছিল। এন. বি. এফ. সি. সি. তরফ থেকে তিনটি জেলায় বন্যা নিয়ন্ত্রণ দপ্তর রয়েছে। কিন্তু এবার বোল্ডার কালেকশন না হওয়ার ফলে তাদের কাজ করতে খুব অসুবিধা হয়েছে। এই ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং আমি নিজে এই ব্যাপারটা নিয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি এবং খানিকটা সুফল পাওয়া গিয়েছে, তবে পুরোপুরি নয়। সেইজন্য কাজটা ক্ষতিগ্রস্ত হয়েছে, তবে বর্ষার পরে এই কাজের খানিকটা সুরাহা আমরা করতে পারব।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলা থেকে আরম্ভ করে হুগলি নদীর মোহনা পর্যন্ত রসুলপুর ও খেজুরি থানার কিছু জায়গা ভাঙতে আরম্ভ করেছে, তার জন্য ঐ বাঁধ মেরামতির কোনও পরিকল্পনা আপনার দপ্তরের আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সম্প্রতি একটা দরখাস্ত আমার কাছে এসেছে, সেটাকে ধরে আমি উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য দপ্তরকে জানিয়েছি।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটু আগে বললেন বন্যা নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণের জন্য আগাম ব্যবস্থা নেওয়া হয়েছে এবং সেগুলি নেওয়া হয় জেলা পরিষদের সুপারিশ অনুযায়ী এবং আপনার দপ্তর আলোচনা করে এটা ঠিক করে। এই বছর হাওড়া জেলা পরিষদ থেকে ৫০ হাজার গানি ব্যাগ অ্যালটমেন্ট করার জন্য বলা হয়েছিল। কিন্তু আপনার দপ্তর থেকে মাত্র ৫,০০০ গানি ব্যাগ অ্যালটমেন্ট করা হয়েছিল। আর দেওয়া হয়নি। এই না দেওয়ার ফলে হাওড়া জেলার রূপনারায়ণ নদীর তীরে চরকাটাপুর, দীপমালিকা ও ওরফুলিতে বাঁধ ভেঙে হাজার হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। কয়েকদিন আগে পর্যন্ত জেলা পরিষদের চেয়ারম্যান ও অফিসারেরা আলোচনা করেছেন আরও কিছু গানি ব্যাগ পাঠানোর জন্য।

[1-20—1-30 P.M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমার ত্রুটি হয়ে গিয়েছিল হাওড়া জেলা সম্বন্ধে উল্লেখ করিনি বলে, হাওড়া জেলা বন্যা প্লাবিত জেলা, চরকাটাপুর, তমলুক-এর ইরোশন প্রবলেম সম্বন্ধে পরবর্তী প্রশ্ন আছে, তখন প্রশ্ন করলে উত্তর দেব। আপনার দ্বিতীয় প্রশ্ন সম্বন্ধে আমি ডিপার্টমেন্টকে জানিয়েছি, আশা করছি দিন দশেকের মধ্যে কিছু একটা জানতে পারব।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি আপনার দপ্তরের বাঁধগুলির কাজ জুন-জুলাই মাসে হয় যেসময় মাটি থাকে না। সেজন্য বর্ষার আগে বাঁধের কাজ করা যায় কিনা সেটা দেখবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই ব্যাপারে আমার নজরে এসেছে গত ২ বছর থেকে আমি মন্ত্রী হবার পর। এই ব্যাপারে আগাম ব্যবস্থা নেবার জন্য চেষ্টা করছি। এই ব্যাপারে

জেলা স্তরে যেমন বসে রাজ্য স্তরেও তেমনি বসে বর্ষার সময় যাতে কাজ না হয় তারজন্য আমার নির্দেশ আছে। কিন্তু তা সত্ত্বেও কিছু কিছু কাজ হচ্ছে, তার মূল কারণ হচ্ছে বাজেটের ফান্ড রিলিজড হয় শেষ দিকে, সেজন্য এই ধরনের কাজ হয়ে যায়। সেটা রোধ করার চেষ্টা করছি।

**জয়নগর-মজিলপুর এলাকায় নির্মীয়মান কমিউনিটি হলের জন্য সরকারি সাহায্য**

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার জয়নগর-মজিলপুর পৌর এলাকায় প্রখ্যাত মনীষী পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর নামাঙ্কিত নির্মীয়মান কমিউনিটি হলটি সরকারি অর্থ সাহায্যের অভাবে দীর্ঘদিন যাবত অসমাপ্ত অবস্থায় আছে;

(খ) সত্য হলে, উক্ত নির্মাণকার্য সম্পূর্ণ করার জন্য সরকার কর্তৃক কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা; এবং

(গ) উহা কত দিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ**

(ক) ইহা সত্য যে পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর নামাঙ্কিত নির্মীয়মাণ কমিউনিটি হলটি বহুদিন যাবত অসমাপ্ত অবস্থায় আছে। কিন্তু হলটি যে পুরোপুরি সরকারি খরচে হবে এমন কোনও কথা কোনও সরকারি আদেশে ব্যক্ত নেই। ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ সালে পৃথক পৃথক তিনটি সরকারি আদেশ নামার মাধ্যমে স্বায়ত্তশাসন ও নগর উন্নয়ন বিভাগ উক্ত হলের জন্য জয়নগর—মজিলপুর পৌরসভাকে ২ লক্ষ টাকা প্রদান করেন। পৌরসভা স্থানীয় মানুষের সাহায্য ও নিজস্ব উন্নয়ন তহবিলের কিছু অংশ যোগ করে ১৯৭৯-৮০ থেকে ১৯৮১-৮২ অবধি ৩,০৯,৬৯০ টাকা ব্যয় করেন। তারপর থেকে অর্থের অভাবে কাজ বন্ধ থাকে। ইতিমধ্যে পৌরসভা মূল Estimateকে ১৯৮৭-৮৮ সালের পি. ডব্লু. ডি. সিডিউল অনুযায়ী পুনর্মূল্যায়ন করেন ও নির্মাণের খরচ ১৯৭৯-৮০ সালের ৮ লক্ষ টাকা থেকে ১৯৮৭-৮৮তে ১৫ লক্ষ টাকায় দাঁড়ায়।

যেহেতু হলটি নির্মাণে পুরো অর্থ প্রদানে সরকারের কোনও অঙ্গীকার নেই, তাই সরকারি অর্থ সাহায্যের অভাবে অসমাপ্ত আছে তা বলা যাবে না।

(খ) বিষয়টি সম্বন্ধে স্বায়ত্তশাসন ও নগর উন্নয়ন বিভাগ এবং দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিকল্পনা কমিটির সাথে যোগাযোগ করা হয়েছে। জেলা পরিকল্পনা কমিটি মোট ব্যয়ের পরিমাণ কত হতে পারে তা খতিয়ে দেখছেন এবং কমিটির অনুমোদন পেলে চেয়ারম্যান ও সদস্য-সচিব জেলা পরিকল্পনা তহবিল (District Plan Scheme Fund) থেকে উক্ত হল নির্মাণে অর্থ সাহায্য করবেন।

(গ) কতদিনের মধ্যে শেষ হবে তা এখনই বলা সম্ভব নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বোধ হয় এই ব্যাপারে সবচেয়ে বেশি ওয়াকিবহাল। এই বিষয় নিয়ে গত ২ বছর ধরে আমি আপনার কাছে দরবার করেছি এবং একথাও সত্য যে আপনি বিষয়টা সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন বলেছেন। এইভাবে আপনার কাছে কোনও বিষয় নিয়ে ইতিপূর্বে কেউ পার্স্যু করেছেন কিনা জানি না। পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর ওটা পিতৃভূমি। সেজন্য আপনার কাছে জিজ্ঞাস্য অন্তত এই বছরে এটা শেষ করা যাবে এই প্রতিশ্রুতি আপনি দিতে পারেন কিনা?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু অবগত আছেন যে, আমার যতটুকু ক্ষমতা আছে তাতে আমি চেষ্টা করছি। আমি এখানে একটা আনুমানিক হিসাব দিচ্ছি। জেলা পরিকল্পনা কমিটিকে নির্দেশ দেওয়ার ক্ষমতা ঠিক আমার নেই। তবে আমি সর্বশেষ যেটা জানতে পেরেছি সেটা হল এই যে, এই বছর অন্তত অতিরিক্ত ৫ লক্ষ টাকা ওরা এর পিছনে খরচ করতে পারবেন। আর আমার আরও দু'একটি কথা আপনার সঙ্গে আছে, যেটা প্রশ্নোত্তরে বলা যাবে না। এই প্রকল্পটির ডিজাইন ইত্যাদি যেভাবে করা হয়েছে তাতে হয়ত কিছু ব্যয় সঙ্কোচ সম্ভব এবং আরও দু'একটি খাত থেকে অর্থ-এর সঙ্গে যুক্ত করা সম্ভব। এইগুলি নিশ্চয় এই বছর করা যাবে এবং এই বছরেই শেষ করা যাবে কিনা সেই বিষয়ে ওদের সঙ্গে আর একটু কথা বলে আপনাকে বলব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি এবং আপনাকে এটুকু বলছি যে, এই ব্যাপারে কোনও সহযোগিতা চাইলে আমি নিশ্চয়ই সাহায্য করব। তবে এই ব্যাপারে আপনি আপনার দপ্তরকে একটু নির্দেশ দেবেন যে, ডেভেলপমেন্ট যেমন হবে টাইম টু টাইম সেটা যেন আমাদের একটু জানিয়ে দেন।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** হ্যাঁ, নির্দেশ দিয়ে দেব।

**শ্রী সুরেন মাঝি ঃ** গ্রামীণ কমিউনিটি হল যেগুলি গড়ে উঠছে সেইগুলি রক্ষণাবেক্ষণের জন্য কি ব্যবস্থা আছে এবং কোনও কেয়ার টেকারের ব্যবস্থা আছে কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** এটা ছড়ানো প্রশ্ন হয়ে গেল। আপনি গ্রামীণ কমিউনিটি হলের কথা তুললেন। গ্রামের যে মৌজার উপর এই কমিউনিটি হল অবস্থিত—সেটা যদি পঞ্চায়েতের কোনও খাত থেকে হয়ে থাকে, জেলা পরিকল্পনা ফান্ড থেকে হয়ে থাকে তাহলে তার মেন্টেনেন্সের খরচও সেখান থেকে আসতে হবে। এছাড়া যদি জি. আর. ওয়াই. বা এই রকম ধরনের কোনও প্রকল্প থেকে হয়ে থাকে তাহলে সেই বাজেটের অংশ থেকে মেন্টেনেন্সের খরচ করা যেতে পারে এবং তার মধ্যে মেন্টেনেন্সের হিসাব ধরা থাকে। আপনার জেলার কোনও কমিউনিটি হলের কথা জানালে আমি আরও নির্দিষ্টভাবে উত্তর দিতে পারব।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** জয়নগর মিউনিসিপ্যালিটি বর্তমানে কংগ্রেসের বোর্ড এবং ১০ বছর ধরে এই বোর্ডের চেয়ারম্যান প্রশান্ত সরখেল আছেন। তৎকালীন এই দপ্তরের মন্ত্রী প্রশান্তবাবু গিয়ে উদ্বোধনের সময় বলে এসেছিলেন এর ব্যয় ভার বহন করা হবে। কিন্তু

যখনই বোর্ড কংগ্রেসের হাতে চলে এল, তখনই অনুদান বন্ধ হল। কোনও অনুদান পাচ্ছে না। ১।। লক্ষ টাকার মতো দেওয়া হয়েছিল। চেয়ারম্যান ৪ লক্ষ টাকা খরচ করেছেন। আপনি ডিস্ট্রিক্ট প্ল্যানিং-এর ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন, তারা ৫ লক্ষ টাকা দেবে বলে। আমি আপনাকে অনুরোধ করছি আপনি ইনিসিয়েটিভ নিয়ে অ্যাডিশন্যাল টাকার ব্যবস্থা করুন যাতে এই ভবনটি হতে পারে। দক্ষিণ ২৪ পরগনার এটা একটি ঐতিহ্যপূর্ণ হল। এটা সবারই গর্ব। এটা যাতে নির্দিষ্ট সময় ২ ইয়ারসের মধ্যে কমপ্লিট হয় তার জন্য আপনার দপ্তর থেকে কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কিনা জানাবেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ওনার বক্তব্যের একেবারে শেষবারে শেষটাই হচ্ছে প্রশ্ন—আমার দপ্তর থেকে টাকা দিতে পারব কিনা ইত্যাদি কথা বললেন। উনি একটি ১।। লক্ষ টাকার তথ্য দিলেন, খরচ করা হয়েছে। আমার কাছেও একটা হিসাব আছে। উনি মিউনিসিপ্যালিটির অতিরিক্ত গ্রান্টের কথা বললেন। আমি শুধু আপনাকে এটুকু বলতে পারি ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট থেকে যে অর্থ যায় ডিস্ট্রিক্ট প্ল্যানিং ফান্ডে তার ভিত্তিতে কি করে কি যায় তা নিয়ে আমি আলোচনা করছি এবং ৫ লক্ষ টাকা এই বছর খরচ করা যেতে পারে এইটুকু আমি বলতে পারি।

**শ্রী সৌগত রায় ঃ** সব মিউনিসিপ্যালিটিতেই টাকার অভাবে এই রকম আনফিনিসড হল পড়ে আছে। ফাইনাল টাকা স্যাংসান করার আগে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি কি তাদের বিচার বিবেচনার মধ্যে এটা নেন যে, মিউনিসিপ্যালিটি শাসকদল চালাচ্ছে না, কংগ্রেস চালাচ্ছে—এই ব্যাপারে আপনাদের অ্যাপ্রোচ কি?

[1-30—1-40 P.M.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** জেলা পরিকল্পনা কমিটিতে নির্বাচিত সদস্য হিসাবে মাননীয় গোবিন্দ নস্কর মহাশয়ও আছেন। প্রতি দলের নির্বাচিত সদস্যরাই আছেন। সে ক্ষেত্রে আলোচনাটা যেভাবে হয় আমার তো সৌভাগ্য হয়েছিল আপনাদের জেলা পরিকল্পনা কমিটিতে থাকার। তাতে ঐ যে অভিযোগটা প্রচ্ছন্নভাবে সৌগতবাবু এনেছেন সেটা আমি একেবারেই অস্বীকার করছি। এর পরও আমি বলছি, যেহেতু প্রশ্নটা করেছিলেন যে বহু মিউনিসিপ্যালিটিতে এই অসম্পূর্ণতা আছে, আরও একটু নির্দিষ্টভাবে বললে আমরা বলতে পারি।

(গোলমাল)

প্রতি জেলায় অতিরিক্ত অর্থ পাওয়ার জন্য, সেটা সেই জেলা স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা কতদুর অতিক্রম করতে পেরেছে—এটা একটা সহজ নিয়ম, আশা করি আপনারাও জানেন। তারপর কোন কোন মিউনিসিপ্যালিটি পেয়েছে এই প্রশ্নটা করলে আমি নিশ্চয় উত্তর দিয়ে দেব। তবে একটা কথা বলি, কালকেই আলোচনাটা আমরা করছিলাম, মিউনিসিপ্যালিটির মধ্যে সেখানে আপনারা যে মিউনিসিপ্যালিটিগুলির কথা বলছেন তারা প্রত্যেকে উপস্থিত ছিলেন। আপনি যে অভিযোগগুলি আনছেন একজন পৌরসভার প্রধানও কিন্তু আনেননি। খুব খোলামেলা আলোচনা হয়েছে এবং অর্থগুলি বিভাজনের ক্ষেত্রে জনসংখ্যার ভিত্তিতে দেওয়ার নীতিটা নেওয়া হয়েছে। এরমধ্যে খুব জোর করে যদি রাজনীতি ঢোকাতে চান ঢোকাতে পারেন কিন্তু তার কোনও ভিত্তি নেই।

## মাদার ডেয়ারির পরিচালন

***২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ডানকুনিতে অবস্থিত মাদার ডেয়ারির পরিচালনা কারা করেন?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ডানকুনির মাদার ডেয়ারির পরিচালনার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার নেবার পরিকল্পনা করেছেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ডানকুনিতে যেটা আছে সেটার পরিচালনার দায়িত্বে আছেন ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড। ১-৭-৮০ থেকে ক্রমান্বয়ে তিন বছর তিন বছর করে তাদের পরিচালনার দায়িত্ব দেওয়া হয়। এবারের টার্ম রয়েছে ৩০-৬-৯১ পর্যন্ত। ১৯৯১ সালে পরিস্থিতি কি দাঁড়াবে সেটা সেই সময় বিবেচনা করব।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মাদার ডেয়ারি প্রতি বছর তাদের লভ্যাংশের একটা অংশ কি রাজ্য সরকারকে দেন?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ওদের সঙ্গে লিখিত চুক্তি নেই। যেভাবে পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছিল সেটা হচ্ছে যে, যে পরিমাণ অর্থ আমাদের অপারেশন ফ্লাড পরিকল্পনার অন্তর্ভুক্ত, শোধ করতে হবে, মাদার ডেয়ারিকে সামনে রেখে সেই টাকাটা তারা শোধ করে যাচ্ছেন।

**শ্রী মলিন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এত বছর চলার পর কোন পরিস্থিতি দেখা দিল যাতে মাদার ডেয়ারির কর্তৃপক্ষ-এর ম্যানেজমেন্ট ছেড়ে দেবার প্রশ্ন উঠছে?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ১৯৮০ সাল থেকে তারা পরিচালনা করছে কিন্তু কোনও লিখিত চুক্তি সেখানে ছিল না। গতবার যখন শেষ পর্যায়ে ওদের পরিচালনার মেয়াদ বৃদ্ধি করা হয় তখন বলা হয়েছিল যে শর্ত পেলে পারস্পরিক আলোচনার ভিত্তিতে চুক্তিপত্র করতে হবে। তারা পরবর্তী পর্যায়ে বলেছেন যে, আমরা পরিচালনা করব না। ১৯৯১ সালের জুন পর্যন্ত মেয়াদ আছে, সেই মেয়াদের পর আমরা বলব পরিচালনা করতে। তারা রাজি থাকলে করবেন, না থাকলে সরকার সেই সময় বিবেচনা করবেন।

**শ্রী সৌগত রায় ঃ** ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড, যার সভাপতি হচ্ছেন ডাঃ কুরিয়ান, তারা মাদার ডেয়ারি চালাচ্ছেন। এটা খুবই ভাল চলছে যদিও সিটুর স্ট্রাইকের জন্য দু-একবার বন্ধ হয়েছিল।

কিন্তু তার পাশাপাশি পশ্চিমবঙ্গের হরিণঘাটা, বেলগাছিয়া ডেয়ারি চলছিল না। আমি সেই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে স্থায়ীভাবে এই মাদার ডেয়ারিকে যাতে ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড চালাতে পারে এই রকম ভাবে যুক্ত করছেন না কেন? এক্ষেত্রে তাদের হাতে তুলে দেবার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য বলছি যে ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড তারা কোনও মাদার ডেয়ারি সাধারণভাবে পরিচালনা করেন না। এরা কেবল মাত্র মাদার ডেয়ারি কলকাতা এবং মাদার ডেয়ারি দিল্লিতে এটা পরিচালনা করেন। বাকি যে সমস্ত ডেয়ারি আছে সেগুলি অপারেশন ফ্লাড পরিকল্পনা অনুযায়ী রাজ্যে যে অ্যাপেক্স বডি ফেডারেশন তৈরি হয়েছে তারা পরিচালনা করেন। সুতরাং স্থায়ীভাবে পরিকল্পনার কোনও প্রত্যাশা করা হয়নি এবং সেই রকম কোনও পরিকল্পনা করা হয়নি।

**শ্রী গোপাল ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মাদার ডেয়ারি ডানকুনিতে প্রতিদিন কত লিটার দুধ তৈরি হচ্ছে এবং কত লিটার ডিস্ট্রিবিউশন হচ্ছে?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** মাদার ডেয়ারির যে উৎপাদন ক্ষমতা সেটা হচ্ছে ৪ লক্ষ লিটার। অর্থাৎ ১৯৮৭ সালের আগে ৪ লক্ষ লিটারের বেশি তারা উৎপাদন করতেন এবং সরবরাহ করতেন। কিন্তু কোনও একটা প্রতিষ্ঠানে তার উৎপাদনের একটা নির্দিষ্ট ক্যাপাসিটি থাকে। তার অতিরিক্ত ক্যাপাসিটিতে রান করলে তার আয়ু ক্ষয়প্রাপ্ত হয়। সে জন্য ৪ লক্ষ লিটার থেকে কমিয়ে এখন গড়ে ৩ লক্ষ ৫৫ হাজার লিটারের কাছাকাছি হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি জানতে চাচ্ছি যে ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড যে উদ্যোগ গ্রহণ করেছে, যে কোনও উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে তাদের একটা কন্ডিশন থাকে যে লোকাল ইনফ্রাস্ট্রাকচার যারা তাদের হাতে পরিচালনার দায়িত্ব দিতে হবে। আপনি মাদার ডেয়ারির কথা বললেন। আমি সেই পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসা করছি, বহরমপুর ফিডার ডেয়ারি পরিচালনার জন্য সেখানে নির্বাচিত যে বোর্ড আছে তারা বারবার দাবি করা সত্ত্বেও তাদের হাতে এর পরিচালনার দায়িত্ব দেওয়া হচ্ছে না কেন জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড তাদের ৩ টায়ার সমবায় সংস্থা আছে, তারা দুগ্ধ সংগ্রহ করে। প্রত্যেকটি সোসাইটি এবং জেলা ইউনিয়নও তা করতে পারে। রাজ্য স্তরে অ্যাপেক্স বডি তারা পরিচালনা করবেন। সাধারণভাবে দুগ্ধ সংগ্রহ করার কাজ যেটা সেটা সোসাইটি এবং ইউনিয়ন করবে। দুগ্ধ সংগ্রহ করা, সরবরাহ করা এবং বিক্রয় করা সেটাও তারা করবে। জেলার ইউনিয়নও করতে পারে, ফেডারেশনও করতে পারে। তবে ফিডার ডেয়ারি তারা এখানে ব্যবসায়ী হিসাবে অংশ গ্রহণ করতে পারে না। সে জন্য দুধ রাখা এবং সেটা বিক্রয় করার জন্য পরিকল্পনা করা হয়েছিল। এখন মিল্ক ফেডারেশন করছে। ভাগীরথী মিল্ক ইউনিয়ন, তারা যদি এই ধরনের ক্ষমতায় আছে—কিছুদিন বন্ধ হয়েছিল, আবার তাদের কিছু আর্থিক সহযোগিতা করা হচ্ছে, তারা কাজ শুরু করেছে—তাহলে পরবর্তীকালে বিবেচনা করা যেতে পারে।

**Shri Mohan Singh Rai :** Would the Hon'ble Minister-in-charge be pleased to state that in North Bengal there is one Dairy Board at Himul but now it is completely defunct and no meeting has been held—What is the reason behind it?

**Shri Prabhas Chandra Phodikar :** Himul is being run by the

Milk Union which is absolutely elected by and from the members of the society.

**মেদিনীপুর জেলার কেলেঘাই ও কপালেশ্বরী নদীর সংশ্লিষ্ট নিচু মৌজাগুলির জল নিষ্কাশনী ব্যবস্থা**

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সবং ব্লকের মধ্য দিয়ে প্রবাহিত কেলেঘাই ও কপালেশ্বরী নদীর সংশ্লিষ্ট নিচু মৌজাগুলির জল নিষ্কাশনের জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছেন;

(খ) সত্য হলে, উক্ত কাজ কবে নাগাদ (১) শুরু ও (২) সম্পন্ন হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত পরিকল্পনায় ঢেউ ভাঙ্গায় কোনও বড় স্লুইস গেট নির্মাণের সংস্থান আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) না। তবে ঐ এলাকার জল নিষ্কাশনের জন্য একটি প্রকল্প রচনার কাজ হাতে নেওয়া হয়েছে এবং প্রয়োজনীয় সমীক্ষা চলছে। প্রকল্পে সরকারি অনুমোদন লাভ করার পর পরিকল্পনাটি গ্রহণ করা যাবে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) না। ময়না বেসিন প্রকল্পের নতুন নিকাশি স্লুইসটি ঢেউভাঙায় নির্মাণ করা হয়েছে।

**বন্যায় ক্ষতিগ্রস্ত মেদিনীপুর জেলার কপালেশ্বরী নদীর বাঁধ**

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক বন্যায় মেদিনীপুর জেলার কপালেশ্বরী নদীর বাঁধ লোকপীঠে ভেঙে গিয়ে সবং ব্লকের গ্রাম প্লাবিত হয়েছে; এবং

(খ) সত্য হলে, ঐ বাঁধ মেরামতির জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে এবং কত টাকা ইতিমধ্যে খরচ করা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সেচ দপ্তরে প্রাথমিক Nose protection-এর কাজে প্রায় দেড় লক্ষ টাকা খরচ হয়েছে। পরে ঐ কাজ মেদিনীপুর জেলা পরিষদের উপর ন্যস্ত হয় এবং মেরামতির কাজের জন্য সংগৃহীত সাড়ে তিন লক্ষ টাকার মালপত্র জেলা পরিষদকে সরবরাহ

করা হয়।

[1-40—1-50 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় সেচমন্ত্রী প্রশ্নের উত্তর দিলেন। কিন্তু আমার প্রশ্ন, দীর্ঘদিন ধরে এই কেলেঘাই, কপালেশ্বরী পরিকল্পনা গ্রহণের জন্য এই সভায় আলোচনা হয়েছে এবং নীতিগতভাবে বিভাগীয় মন্ত্রী হিসাবে মন্ত্রী মহাশয়ের গুরুত্ব উপলব্ধি করেছেন এবং তিনি নিজে জুন মাসের ২৬ তারিখে ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়কে নিয়ে সবং-এ গিয়ে দেখে এসেছেন। সেই পর্যবেক্ষণের পর, আমার প্রশ্ন তাঁর কাছে সরকার কত দ্রুত, কতখানি গুরুত্ব দিয়ে এবং আপনার এখানে বলা উচিত যে কত দিনের মধ্যে এই পরিকল্পনার রূপরেখার কাজ শেষ করবেন এবং সেই বিষয়ে তাঁর দপ্তরকে তিনি কি নির্দেশ দিয়েছেন, সেটা যদি একটু বলেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় বিধায়ক জানেন এবং অন্যান্য বিধায়করাও জানেন, অবহিত আছেন কেলেঘাই এবং কপালেশ্বরী নদীর রিসাসসিটেশন- -রিসাসসিটেশন অব কেলেঘাই প্ল্যান, অর্থাৎ পুনর্জীবিত এবং সংস্কার করার জন্য যুক্তফ্রন্ট সরকার যখন ছিল ১৯৬: সালে, তদানিন্তন সেচমন্ত্রী বিশ্বনাথ মুখার্জি একটা পরিকল্পনা গ্রহণ করেছিলেন এবং কিছুট কাজও সেখানে হয়েছিল। কিন্তু বিপুল পরিমাণে পলি জমে যাওয়ার ফলে কেলেঘাই কপালেশ্বরী নদীতে যে উদ্দেশ্য নিয়ে রিসাসসিটেশন অব কেলেঘাই প্ল্যান গৃহীত হয়েছিল, তার অনেকখানি পারপাস ডিফিটেড হয়। যদিও কিছু ফল প্রাথমিক অবস্থায় পাওয়া গিয়েছিল। মাননীয় সদস্য এবং অন্যান্য বিধায়করা যদিও এই পরিকল্পনাটা গ্রহণ করার জন্য সোচ্চার হয়েছিলেন, আমি এই সম্পর্কে উত্তর দেবারও চেষ্টা করেছিলাম। আমাদের হাতে এমন কতকগুলো নিষ্কাশন পরিকল্পনা রয়েছে, বিশেষ করে মানসিং কমিটি যে সমস্ত নিষ্কাশন পরিকল্পনা নেবার কথা বলেছিলেন, পরবর্তীকালে আমাদের আগে যিনি মন্ত্রী ছিলেন ননী ভট্টাচার্য মহাশয়, তিনি একটা এক্সপার্ট কমিটি অন ইরিগেশন গঠন করেছিলেন, তার রিপোর্ট আমাদের হাতে এসেছে। তাতেও ড্রেনেজ সম্বন্ধে কতকগুলো স্পষ্ট সুপারিশ আমাদের কাছে আছে। সেই সমস্ত সুপারিশগুলো কার্যকর করতে গেলে যে টাকা লাগবে, আপনারা সকলেই জানেন সেই টাকা আমাদের হাতে বর্তমানে নেই।

সেইজন্য আমরা কেলেঘাই এবং কপালেশ্বরী নদী দুটির সংস্কারের কাজ অত্যন্ত জরুরি এবং প্রয়োজনীয় হওয়া সত্ত্বেও গ্রহণ করতে পারিনি। এ বছর ২৬শে জুন তারিখে আমি সরেজমিনে সেখানে গিয়েছিলাম, মাননীয় সদস্য এবং অন্যান্য অনেকেই সেখানে ছিলেন, সেখানে আমি ঘোষণা করে দিয়ে এসেছি—এই কাজ ধরা হচ্ছে। সেইভাবে দপ্তরকে নির্দেশ দিয়েছি। ইতিমধ্যে খুব দ্রুততার সঙ্গে তাঁরা সার্ভে ওয়ার্ক এবং ইনভেস্টিগেশন ওয়ার্ক করেছেন। আমি আশা করছি ৮ থেকে ৯ মাসের মধ্যে এই কাজ শেষ হয়ে যাবে। তারপর স্বভাবতই আমরা আমাদের যে প্রোসিডিউরাল মেথড রয়েছে তাই ধরে অগ্রসর হব। সম্পূর্ণভাবে বলা যাচ্ছে না যে, কবে নাগাদ শেষ হবে, তবে আমার মনে হয় একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনাকাল লেগে যাবে। এর ফলে ঐ এলাকার মানুষেরা বিশালভাবে উপকৃত হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, তিনি বিস্তারিতভাবে আমাদের তথ্য দিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়, 'গ' প্রশ্নে আপনার কাছে জানতে চাওয়া হয়েছিল—আপনার

পরিকল্পনার মধ্যে ঢেউ ভাঙায় কোনও বড় স্লুইস গেট নির্মাণের সংস্থাপন আছে কিনা? আপনি উত্তরে বলেছেন, না। ময়না বেসিন প্রকল্পের নতুন নিকাশি স্লুইসটি ঢেউ ভাঙায় নির্মাণ করা হয়েছে। কিন্তু আমরা দেখছি কেলেঘাই এবং কপালেশ্বরী নদীতে যেভাবে জোয়ার ভাটা হয় তাতে ঢেউ ভাঙায় যদি ব্যারেজের মতো বড় করে স্লুইস গেট না নির্মাণ করা হয় তাহলে জোয়ারের জলকে এবং ভাটার টানকে নিয়ন্ত্রণ করা যাবে না এবং তা যদি না যায় তাহলে যত টাকাই খরচ করা হোক না কেন টেকনিক্যালি স্কীমটা ভায়েবল হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। শুধু সবং নয়, সবং, পিংলা, ময়না, নন্দীগ্রাম, পটাশপুর, ভগবানপুর, এই ৬টি ব্লকের ২০ লক্ষ মানুষের স্বার্থের দিকে তাকিয়ে এই পরিকল্পনাকে ব্যাপক আকারে রূপায়িত করা যায় কিনা সেটা কি একটু বিবেচনা করবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই হাউসে আমি আশ্বাস দিচ্ছি যে, ঢেউ ভাঙায় আমাদের বিগ ড্রেনেজ স্কীমের বিষয়ে ডিটেলস ইনভেস্টিগেশন হচ্ছে, ইনভেস্টিগেটররা যদি ওখানে ওটা করা প্রয়োজন মনে করেন তাহলে নিশ্চয়ই করা হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুমোদিত প্রশ্ন নং ৯৭-এর উত্তরে বলেছেন, —সাম্প্রতিক বন্যায় মেদিনীপুর জেলার কপালেশ্বরী নদীর বাঁধ লোকপীঠে ভেঙে গিয়ে সবং ব্লকের গ্রামগুলি প্লাবিত হয়েছে এবং মেরামতির জন্য সাড়ে তিন লক্ষ টাকার মালপত্র জেলা পরিষদ মেদিনীপুরকে দিয়েছেন। এক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে কেলেঘাই এবং কপালেশ্বরীর দীর্ঘদিন সংস্কার হয়নি, এটা প্রতিষ্ঠিত সত্য এবং '৮৬ সালের বন্যার পর থেকে ৯০ সাল পর্যন্ত কেলেঘাই এবং কপালেশ্বরীর কোনও বাঁধ মেরামত হয়নি, এটাও বাস্তব সত্য, এই চার বছর নদী বাঁধগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাদের ওপর ছিল? এবং এই নদী বাঁধগুলিতে বোরো চাষের জন্য মানুষ পাইপ ঢুকিয়ে জল নেয়, তার জন্য বাঁধগুলি দুর্বল হয়ে পড়ে, সুতরাং এবিষয়ে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিগুলির কাছে বা পঞ্চায়েত দপ্তরের কাছে আপনার দপ্তর কোনও তথ্য দিয়ে অভিযোগ করেছে কিনা? এবং রক্ষণাবেক্ষণের দাবি করেছিল কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ, তাই আমি বিস্তারিত তথ্য দেওয়ার প্রয়োজন অনুভব করছি। প্রথম কথা হচ্ছে যে বাঁধগুলি ভাঙছে সেগুলির স্বভাবতই রক্ষণাবেক্ষণের দয়িত্ব সেচ দপ্তরের। আমি ইতিপূর্বেই বলেছি যে, আমাদের হাতে প্রায় ৩৩ হাজার কিলোমিটার বাঁধ রয়েছে এবং তার অনেক জায়গায় খুবই খারাপ অবস্থায় রয়েছে। সেগুলির মেরামতি দরকার। কিন্তু এক্ষেত্রে যে টাকার যোগান দরকার, আমাদের সেই যোগান নেই এবং মাননীয় সদস্যের নিশ্চয়ই জানা আছে যে, রক্ষণাবেক্ষণের বিষয়টি নন-প্ল্যান এক্সপেন্ডিচারে রয়েছে।

[1-50—2-00 P.M.]

ইতিমধ্যে নন-প্ল্যান এক্সপেন্ডিচারের মধ্যে কর্মীদের বেতন বৃদ্ধি, ভাতা বৃদ্ধি হওয়ায় খরচ বেড়ে গেছে, রক্ষণাবেক্ষণের জন্য যে টাকার দরকার তার যোগানটা আসছে না, ফলে সেচ দপ্তর আশা করলেও যথাযথভাবে কাজ করতে পারছে না। দ্বিতীয়তঃ বাধাগুলি ভাঙার ব্যাপারে যে কথাটা বলেছেন তা আমি নিজের চোখে দেখে এসেছি। বোরো নদীগুলি যে জায়গায় অপসারিত করা দরকার, সেই জায়গায় অপসারিত করা হয়নি। আমি বিশেষ করে

২৬ জুন সরেজমিনে গিয়ে দেখেছি, মাসের পর মাস ধরে তারা বে-আইনি পাট্টা ফেলছেন। পাট্টা ফেলার ফলে বাঁধের জল নিষ্কাশনের গতিপথ রুদ্ধ করেছেন। এই অভিযোগ আমার কাছে এসেছে। আমার দপ্তরে এসেছে। সর্বশেষ রাজ্য কংগ্রেস কমিটি থেকেও এই অভিযোগ এসেছে। আমি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটিকে এই ব্যাপারে ভার দিয়েছি। আগামী ৩ মাসের মধ্যে তার রায় ঘোষণা করব।

**শ্রী পুলিন বেরা ঃ** কেলেঘাই, কপালেশ্বরী নদীর সংস্কার খুবই গুরুত্বপূর্ণ। কারণ এর সাথে ময়না, পিংলা এবং সবংয়ের স্বার্থ জড়িত। সেই সঙ্গে সঙ্গে সমান গুরুত্বপূর্ণ চাণ্ডিয়া নদীর সংস্কার। আপনি ভাল করেই জানেন, প্রতি বছর পাটচান্দা, পাচথুবি এবং চাণ্ডিয়া নদীর জল বর্ষার সময় ভীষণভাবে স্ফীত হয়। বটলনেক বলে জল বেরুতে পারে না এবং এর ফলে ঐ এলাকার ৩টি থানা ভেসে যাবার উপক্রম হয়। এই চাণ্ডিয়া নদীর নিম্নাংশ গভীর এবং চওড়া করে যদি কেটে দেবার ব্যবস্থা করেন তাহলে বর্ষার সময় স্ফীত জল বেরিয়ে যেতে পারে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কেলেঘাই এবং কপালেশ্বরীর ব্যাপারে আমার দপ্তরের কি পরিকল্পনা আছে তার উত্তর আমি আগেই দিয়েছি আর অন্যান্য নদীর ক্ষেত্রে যদি কোনও পরিকল্পনা আপনার থেকে থাকে তাহলে সুনির্দিষ্টভাবে দেবেন, আমি তার উত্তর দেবার চেষ্টা করব।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** কেলেঘাই, কপালেশ্বরী মেদিনীপুর জেলার অভিশাপ এটা আপনি নিশ্চয়ই জানেন এবং এ ব্যাপারে আপনি পরিকল্পনা নিতে যাচ্ছেন। আমার কথা হচ্ছে, অল্প টাকা খরচ করে কিছুটা কেটে দিয়ে সাময়িকভাবে সমস্যার সমাধান না করে এই পরিকল্পনা এককালীন গ্রহণ করে যাতে করে অবিলম্বে দ্রুত গতিতে কাজ শুরু করা যায় তার কোনও পরিকল্পনা নেবেন কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ডিটেলস সার্ভে রিপোর্ট আসুক। এটা আমি, আপনি আলোচনা না করে চূড়ান্ত মতামতটা টেকনিক্যাল ম্যানের উপর ছেড়ে দেওয়াই ভাল।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এই লোকপীঠের বাঁধটা ভেঙে পড়লে সেচ দপ্তরেরই তো এটা রিপেয়ার করার কথা, এখন জেলা পরিষদকে দেওয়া হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, কি এমন ঘটনা ঘটল যাতে সেচ দপ্তর নিজে বাঁধটাকে না মেরামত করে জেলাপরিষদের হাতে দিলেন? আর জেলাপরিষদই বা এটাকে কবে পার্মানেন্টলি বাঁধবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** বাঁধ প্রোটেকশনের কাজের কথাটা আমি আগেই প্রশ্নোত্তরের সময় বলেছি। আমরা কাজটা প্রথমে শুরু করেছিলাম এবং কিছু টাকাও খরচ করেছিলাম। তারপর বিশেষ করে আমাদের ত্রাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের পরিদর্শনের পর ওখানে জেলা পরিষদের সভাধিপতি মহাশয় অনুরোধ করেন। পরে যখন চলছিল সেই সময় বন্যা রোধ কমিটি না হলেও—আমরা মন্ত্রী এবং সেক্রেটারি পর্যায়ে বলেছিলাম। সেখানে অনুরোধ করা হয় এই জন্য যে স্থানীয় মজুর তাড়াতাড়ি জোগাড় করা যাবে, কাজেই যে অর্থটা দেবার কথা

সেটা তাড়াতাড়ি দেবার জন্য। সেই রিভিউ কমিটিতে ৩/৪ জন মন্ত্রী এবং অফিসার পর্যায়ে তৈরি হয়েছিল। কাজেই সিদ্ধান্ত অনুযায়ী জেলাপরিষদের হাতে দেওয়া হয়েছিল।

**শ্রী সৌগত রায় :** কাজটা পার্মানেন্টলি কবে শেষ হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** সেটা জেলা পরিষদের কাছে জিজ্ঞাসা করবেন।

**Proposal to monitor running of Anglo-Indian Schools by the State Government**

***24.** (Admitted Question No. *222.) **Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to monitor running of Anglo-Indian Schools in West Bengal and to deal with matters relating to protection of terms and conditions of service, pay scales, allowances and other benefits of the staff working in such schools;

(b) if so,—

(i) the brief outlines of the proposal; and

(ii) whether there is any proposal to have suitable Legislation Regulation to deal with such matters in such schools which are not under the purview of the West Bengal Board of Secondary Education Act ?

**Shri Kanti Biswas :**

(a) There is a proposal for revision of the code of regulations for Anglo Indian School in West Bengal.

(b) (i) The proposal is for revision of the code of regulations especially those relating to the preliminaries, management of the schools and terms and conditions of service of teachers and other staff of such schools.

(ii) There is no proposal to have suitable legislation in this regard at present except the step mentioned against question number (a) above.

**Shri Sudip Bandyopadhyay :** The Hon'ble Minister has just now replied that there is a proposal for revision of the Code of Regulations for Anglo Indian Schools in West Bengal. Now will the Hon'ble Minister--in--charge of the Education Department be pleased to state what is the reason for adopting such a proposal in the case of Anglo-Indian Schools?

**Shri Kanti Biswas :** In various times the teaching and non-teaching staff of the Anglo-Indian Shcools complained to me that they were being discriminated and sometimes they were suspended without any sufficient reasons. So, Government thinks it proper to revise the Code of Regulations for the Anglo Indian Schools to protect the interest of the teaching and non-teaching staff as well as the students of those schools.

**Shri Sudip Bandyopadhyay :** So, may I take it that the Government is trying to interfere into the management of the Anglo-Indian Schools and to infiltrate the political elements there?

**Mr. Speaker :** Question is not allowed. Question hour is over.

## Starred Question

(to which written answers were laid on the table)

### মাধ্যমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্র পি এইচ ডি প্রাপক শিক্ষকদের বিশেষ সুবিধাদানের পরিকল্পনা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি এইচ ডি প্রাপক শিক্ষকদের জন্য কোনও বাড়তি 'মার্কস্' দেবার ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, উহা চালু করার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) আপাতত নেই।

### নবম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কলকাতা বস্তি উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩।) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নবম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কলকাতা বস্তি উন্নয়নের জন্য কোনও অর্থ বরাদ্দ হয়েছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে,—

(১) এই বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(২) ৩১শে জুলাই, ১৯৯০ পর্যন্ত বস্তি উন্নয়নের জন্য উক্ত অর্থের কত অংশ ব্যয় করা হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) এই বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ মোট ১০০ কোটি টাকা।

(২) বরাদ্দকৃত মোট অর্থের ৯৫ শতাংশ বস্তি উন্নয়নের জন্য (৩১শে জুলাই, ৯০ পর্যন্ত) ব্যয়িত হয়েছে।

**আপার কংসাবতী প্রকল্প**

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯।) **শ্রী নটবর বাগদী ঃ** ২৮এ মার্চ, ১৯৯০ তারিখে তারকিত প্রশ্ন নং *১১০ (অনুমোদিত প্রশ্ন নং *৬২৩)-এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, আপার কংসাবতী প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** আপার কংসাবতী প্রকল্পটি সেন্ট্রাল ওয়াটার কমিশন কর্তৃক বিবেচিত হইয়াছে। প্রকল্পটির estimateটি update করিতে হইবে এবং পরিবেশ সংক্রান্ত অনুমোদন এখনও পাওয়া যায়নি।

**জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়গুলিতে ট্রেড কোর্স চালু করা**

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০।) **শ্রী অমিয় পাত্র ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়গুলিতে ট্রেড কোর্স পড়ানো হবে;

(খ) সত্য হলে, এই শিক্ষা ব্যবস্থাকে আই টি আই-এর শিক্ষা হিসাবে গণ্য করা হবে কিনা; এবং

(গ) এ ব্যাপারে এন সি টি ভি টি-র অনুমোদন পাওয়া গেছে কিনা?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভাবপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পড়ানোর ব্যবস্থা হচ্ছে।

(খ) গণ্য করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(গ) এখনও পাওয়া যায়নি।

**সরকারি পাঠ্য পুস্তক বিতরণ**

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

**(ক) ইহা কি সত্য যে, সরকারি পাঠ্য পুস্তক বহু বিদ্যালয়ে এখনও পর্যন্ত পাঠানো হয়নি; এবং**

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, ইহার কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আংশিক সত্য, মোট ২০টি পাঠ্য পুস্তকের মধ্যে ৩টি পাঠ্য পুস্তক প্রেরণের ঘাটতি আছে।

(খ) এই পাঠ্য পুস্তকগুলির নতুন সংস্কার করতে কিছুটা বিলম্ব হয়—পরে বাঁধা শিল্পে ধর্মঘট এবং পরিবহন ব্যবস্থার ত্রুটির জন্য এই বইগুলি পাঠাতে বিলম্ব ঘটে।

**আখেরীগঞ্জের ভাঙন রোধে সরকার কর্তৃক আগাম ব্যবস্থা গ্রহণ**

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩।) **শ্রী মোজাম্মেল হক :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পদ্মার কবলে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত আখেরীগঞ্জের ভাঙন রোধের জন্য সরকার আগাম ব্যবস্থা গ্রহণ করেছিলেন; এবং

(খ) সত্য হলে, কি কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, আখেরীগঞ্জের ভাঙন রোধের জন্য প্রয়োজনীয় প্রকল্প রচনা করে ১৯৯০ সালের জানুয়ারি মাসে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল। পরে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ দপ্তরের সঙ্গে আলোচনাক্রমে নতুন প্রকল্প রচনা করা হয়েছে।

(খ) প্রকল্প অনুমোদনের পর কাজ শুরু করা হবে।

**কৃষ্ণনগরে সরকারি বুনিয়াদী শিক্ষক শিক্ষণ সংস্থা**

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, কৃষ্ণনগর শহরে অবস্থিত সরকারি বুনিয়াদী শিক্ষক শিক্ষণ সংস্থার (গভর্নমেন্ট বেসিক ট্রেনিং ইনস্টিটিউট) সীমানার প্রাচীন নির্মাণের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছিল কিনা?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** না। হয়নি।

**সেলস্ ট্যাক্স বাবদ আদায়ীকৃত অর্থ**

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১।) **শ্রী নটবর বাগদী :** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ আর্থিক বৎসরের ৩১এ জুলাই পর্যন্ত সেলস্ ট্যাক্স বাবদ সরকারি কোষাগারে জমাপড়া অর্থের পরিমাণ কত; এবং

(খ) নিয়ম ভঙ্গকারী কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯০-৯১ আর্থিক বৎসরের ৩১শে জুলাই পর্যন্ত সেল্‌স ট্যাক্স বাবদ সরকারি কোষাগারে জমা পড়া অর্থের পরিমাণ ৮৭.৬৪ কোটি টাকা।

(খ) এপ্রিল '৯০ থেকে জুলাই '৯০ পর্যন্ত চার মাসে মোট পঁয়ত্রিশ (৩৫)টি খাতাপত্র আটকের ঘটনায় ৪ কোটি ২৭ লক্ষ টাকা বিক্রয় ফাঁকি ধরা পড়ে। এ ছাড়া একই সময়ে গুদাম এবং লরি তল্লাসি করে ১৬৬টি ক্ষেত্রে প্রায় সাড়ে চুয়াল্লিশ লক্ষ (৪৪১/২) টাকা আদায় হয়েছে। উল্লেখিত সময়সীমার মধ্যে আটজন (৮) নিয়ম ভঙ্গকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

**মুর্শিদাবাদ জেলার মদনপুর, নিধিনগর এবং পদ্মনাভপুর-মালোপাড়ার ভাঙন রোধ**

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫।) **শ্রী মোজাম্মেল হক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ভৈরব নদীর (১) মদনপুর, (২) নিধিনগর এবং (৩) পদ্মনাভপুর-মালোপাড়ার ভাঙন রোধের পরিকল্পনা অনুমোদন করেছেন; এবং

(খ) সত্য হলে, প্রকল্পগুলি কার্যকর না হওয়ার কারণ কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) না।.

প্রকল্পগুলি টেকনিক্যাল কমিটির অনুমোদন লাভের পর রকারি প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে।

## PRESENTATION OF REPORT

### Sixty-third Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the Sixty-third Report of the Business Advisory Commitee, as follows : -

Friday, 24-8-1990 : (i) Motion under rule 185 regarding rise in the price of essential commodities`Notice given by Shri Apurbalal Majumdar, Shri Tuhin Samanta and Shri Asok Ghosh—1 hour.

(ii) Motion under rule 185 regarding distribution of 14 essential commodities through public distribution system at subsidised rate—Notice given by Shri Nani Kar. Shri Kripa Sindhu Saha, Shri Subhas Goswami, Shri Kamakhya Charan Ghosh, Smt. Santi Chatterjee, Shri Haripada Jana,

Shri Sunirmal Paik and Shri Sumanta Kumar Hira—1 Hour.

(iii) Motion under rule 185 regarding power crisis in the State—Notice given by Shri Saugata Roy and Shri Sudip Bandyopadhyay—1 hour.

(iv) Motion under rule 185 regarding Nasipur-Azimganj Rail line—Notice given by Shri Jayanta Kumar Biswas—1 hour.

There will be no Question for Oral Answer and Mention Case on the day.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the 63rd Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put the agreed to.

[2-00—2-10 P.M.]

**Mr. Speaker :** Now the Hon'ble Minister of Finance Department will make a statement.

## Statement Under Rule 346

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি আগামী ২৪শে আগস্ট থেকে এ রাজ্যে প্রস্তাবিত ব্যবসা বন্ধ প্রসঙ্গে একটি বিবৃতি দিতে চাই।

পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য যে অর্থের প্রয়োজন হয় তার মূল অংশটি রাজ্য সরকার সীমিত। ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে নিজেই সংগ্রহ করেন রাজ্যের ভেতর থেকে। এই সংগ্রহের বেশির ভাগই আসে বিক্রয় করের মাধ্যমে। বিক্রয় করের অর্থ ব্যবসায়ীদের নিজেদের অর্থ নয়। সাধারণ মানুষই এই অর্থ কর হিসাবে দেন। জিনিসের দামের সঙ্গে যুক্ত করে সেই অর্থ প্রথমে ব্যবসায়ীদের হাতে যায়। তারপর ব্যবসায়ীদের কর্তব্য হচ্ছে অর্থটা সরকারকে বিক্রয় কর হিসাবে দেওয়া। সরকারের দায়িত্ব হচ্ছে এই অর্থ কোষাগারে সঠিকভাবে জমা পড়ছে কিনা তা দেখা। যাতে এই অর্থের সমস্ত অংশ ন্যায্যভাবে সরকারি কোষাগারে জমা পড়ে, তারজন্য কর ফাঁকি রোধের উদ্দেশ্যে রাজ্য সরকার সম্প্রতি বিধানসভায় আলোচনার পর আইন সংশোধন করে কতকগুলি ব্যবস্থা নিয়েছেন। এগুলির অন্যতম হল—

(১) প্রত্যেক ব্যবসায়ী বছরের শেষে রিটার্ন ছাড়াও প্রতি মাসে বিক্রয় কর আদায় বাবদ একটি সংক্ষিপ্ত ফিরিস্তি ও দেয় কর সরকারকে জমা দেবেন।

(২) কিছু কিছু সামগ্রী, যেগুলি নোটিফায়েড, সেগুলির আমদানিকারীরা দৈনিক স্টক

রেজিস্টার রাখবেন।

(৩) সরকারি কর্মচারীরা ব্যবসাস্থলে গিয়ে খাতাপত্রের সঙ্গে ব্যবসায়ীর দেওয়া রিটার্ন বা মাসিক ফিরিস্তি মিলিয়ে নেবেন। এইসব ব্যবস্থা নেওয়ার ফলে বিক্রয়কর আদায় উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে।

এখানে এটা পরিষ্কার করে বলা উচিত যে ছোট ব্যবসায়ীরা যাঁরা বছরে ৬০০০ টাকা বা তার কম বিক্রয় কর দেন (৯০ হাজার নথিভুক্ত ব্যবসায়ীদের প্রায় ৩০ হাজার জনই এই শ্রেণীভুক্ত) তাঁদের জন্য উপরের ব্যবস্থাগুলি রাখার কোনও প্রয়োজন হবে না। এছাড়া অনেক নিত্য প্রয়োজনীয় জিনিস যেমন, ডাল, শাক-সব্জি, মাছ, মাংস, ডিম, সুতীবস্ত্র ইত্যাদি বহু জিনিসের ক্ষেত্রে বিক্রয়কর নেই এবং তাই এইসব ক্ষেত্রেও উপরের ব্যবস্থাগুলির কোনও প্রশ্নই উঠছে না। এ ছাড়াও বলা উচিত যে মাঝারি ও বড় ব্যবসায়ীদের একটা বড় অংশই অনেক বছর ধরে মাসিক ভিত্তিতেই নিয়মিত কর জমা দিচ্ছেন ও কাগজপত্র তৈরি রাখছেন।

এর পরেও কিছু ব্যবসায়ী সংগঠন তাঁদের সমস্যার কথা জানালে আলোচনা করার পর আরও কতকগুলি সিদ্ধান্ত ইতিমধ্যে নেওয়া হয়েছে। এগুলি হল—

(১) আমদানি করা নোটিফায়েড সামগ্রীর ক্ষেত্রে স্টক রেজিস্টার প্রতিমাসে প্রতিদিন না লিখে মাসে মাসে লিখলেই চলবে। রেজিস্টার না লেখার জন্য পারমিট আটকানো হবে না।

(২) ব্যবসায়ীদের ব্যবসাস্থলে যাঁরা যাবেন, তাঁদের কার্যপদ্ধতির নির্দেশনামা বেঁধে দেওয়া হবে।

(৩) মাসিক ফিরিস্তি বা মাসিক জমা দেওয়ার বিষয়টি এক মাস বাদে পুনর্বিবেচনা করা হবে। এই প্রসঙ্গে ব্যবসায়ীদের সঙ্গে আলাপ-আলোচনা চালিয়ে যাওয়া হবে।

এ ছাড়াও বলা উচিত, রাজ্য সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছেন যে ব্যবসায়ী এবং অন্যান্য বৃত্তিজীবিদের ক্ষেত্রে বৃত্তি কর বিভিন্ন স্তরে (রাজ্য সরকার, পৌরসভা, পঞ্চায়েত ইত্যাদি) না দিয়ে একটি মাত্র স্তরে দিতে হবে।

এরও পরে রাজ্য সরকার এখন স্থির করেছেন যে ব্যবসায়ীরা বছরে ১২০০০ টাকা বা তার কম বিক্রয় কর দেন তাঁদের ক্ষেত্রেও পূর্বোক্ত ব্যবস্থাগুলি রাখার কোনও প্রয়োজন হবে না। অর্থাৎ বছরের শেষে একবারই রিটার্ন এবং কর জমা দেওয়া চলবে। এর ফলে এ রাজ্যে মোট ৯০০০০ ব্যবসায়ীদের মধ্যে প্রায় ৪৫০০০ ব্যবসায়ীর (যাঁরা মূলত ছোট এবং মাঝারি ব্যবসায়ী) ক্ষেত্রে পূর্বোক্ত ব্যবস্থাগুলি প্রযোজ্য হবে না।

এর ফলে রাজ্য সরকার আশা করছেন যে রাজ্যে সাধারণ মানুষ ও সাধারণ ব্যবসায়ীর স্বার্থে এ রাজ্যে আগামী ২৪শে আগস্ট থেকে ডাকা ব্যবসা বন্ধ প্রত্যাহৃত হবে।

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received five notices of Adjournment Motions. The first one is from Shri Saugata Roy, second one is from Dr. Manas Bhunia both on the subject of rise in the prices of

essential commodities, the third one is from Shri Prabuddha Laha, the fourth is from Shri Mannan Hossain both on the subject of acute power crises in West Bengal and the fifth is from Shri Sudip Bandyopadhyay on the subject of arrest of one Shri Lallu Alam and threatning of O.C., Bhowanipur P.S. by his elder brother Shri Badsha Alam.

Motions under rule 185 have been admitted and the date for discussion has been fixed on the 24th August, 1990 on both the subjects of rise in prices of essential commodities and power crisis in West Bengal.

I do not as such accept the first; the second, the third and the fourth motions. As for the fifth motion, the Member may draw the attention of the Minister concerned through Calling Attention, Mention and Question etc.

Therefore, I withhold my consent to the motion.

The Member may, however, read the text of the motion as amended.

**Shri Sudip Bandyopadhyay :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely : -

Mr. Badsha Alam, the elder brother of Lallu Alam turned up at Bhowanipore Police Station vowing to avenge his brother's arrest on charge of attempting to murder Miss. Mamata Banerjee. O.C. has gone on leave after Alam's threat. A section of Junior Police officials have become angry for failure of senior officials to take action against Mr. Alam. Hon'ble Police Minister should immediately issue a statement in this regard at the House and protect the courageous police officials.

.... (noise) ....

## Calling Attention

**Mr. Speaker :** I have received 4 notices of Calling Attention, nemely : -

| | | | |
|---|---|---|---|
| 1. | Scarcity of Kerosene Oil in the State | : | Shri Saugata Roy, Dr. Dudipto Roy, Shri Prabuddha Laha, and Shri Jayanta Kumar Biswas. |
| 2. | Crisis of Rationing system in West Bengal | : | Shri Mannan Hossain. |
| 3. | Threat to assault the | : | Dr. Manas Bhunia |

Officer-in-charge of
Ballygunj P.S.

4. Alleged murder of one : Shri Gobinda Chandra Naskar
Md. Nurmohammad Sardar
of Marayangar, P.S. Canning,
Dist. South 24-Parganas

I have selected the notice of Shri Mannan Hossain on the subject of crisis of ratioing system in West Bengal.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** On 27th August, Sir.

**Statement Under Rule 346**

[2-10—2-20 P.M.]

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়েছি। কালকে অনেক সদস্য এই কথা তুলেছেন। আমি বিবৃতিটি পড়ছি।

পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য পরিচালনাবিধির ৩৪৬ নং ধারা অনুসারে আমি আপনার মাধ্যমে বিধানসভার মাননীয় সদস্যদের অবগতির জন্য নিম্ন বিবৃতি পেশ করছি ঃ

কেরোসিন তেলের বন্টনকে কেন্দ্র করে কলকাতা শহর ও আরও কোনও কোনও জায়গায় কিছু সঙ্কটের সৃষ্টি হয়েছে। এই সঙ্কটের প্রধান কারণ, এই রাজ্যের জন্য কেরোসিন তেলের যে সর্বনিম্ন প্রয়োজন, কেন্দ্রীয় সরকার কর্তৃক রাজ্যের জন্য কেরোসিন তেলের বরাদ্দ তার চেয়ে অনেক কম। কলকাতা ও বিধিবদ্ধ রেশনিং-এর জন্য এলাকায় সংশোধিত রেশন এলাকার শহরগুলিতে মাথা পিছু সপ্তাহে আধ লিটার ও সংশোধিত রেশন এলাকায় মাথা পিছু সপ্তাহে সিকি লিটার, এই হিসাব অনুযায়ী এই রাজ্যের জন্য প্রতি মাসে সর্বনিম্ন প্রয়োজন ৯৭,৩০০ মেট্রিক টন কেরোসিন তেল। কিন্তু কেন্দ্রীয় সরকার কখনও এই রাজ্যকে এই পরিমাণ কেরোসিন তেলের বরাদ্দ করেন না। এই বছর, জুলাই থেকে অক্টোবর, বর্ষকালীন এই 'ব্লকে' এই রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকারের কেরোসিনের তেলের বরাদ্দ প্রতি মাসে মাত্র ৫৭,৪১০ মেট্রিক টন। সুতরাং, প্রয়োজন ও সরবরাহের মধ্যে শতকরা ৪০ ভাগের মত ঘাটতি থেকেই যাচ্ছে। এর ফলে বন্টনে অসুবিধা হতে বাধ্য। এর ওপর, বিদ্যুৎ সঙ্কট বেড়ে যাবার ফলেও কেরোসিন তেলের চাহিদা বেড়েছে। বরাবরই পুজোর মুখে বেশ কিছু লোকের মধ্যে কেরোসিন তেল মজুত করার একটা প্রবণতা দেখা যায়। ইরাক কর্তৃক কুয়েত আক্রমণের পরিপ্রেক্ষিতে মধ্যপ্রাচ্য থেকে ভারতে তৈলবাহী জাহাজ আগমণে বাধার সৃষ্টি হওয়ায় ক্রেতা সাধারণের মধ্যে ভবিষ্যতে কেরোসিন তেল পাবার ব্যাপারে আতঙ্কের সৃষ্টি হয়েছে এবং এই কারণে বেশ কিছু ব্যক্তি কেরোসিন তেল মজুত করে রাখার চেষ্টা করছেন। কিছু সমাজবিরোধী মস্তান এই অবস্থার সুযোগ নেবার চেষ্টা করছে। এই পরিস্থিতিতে কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় কেরোসিন তেলের জন্য দীর্ঘ লাইন পড়ছে, লাইনে দাঁড়ানো নিয়ে

সমাজবিরোধীরা গোলমাল করছে ও চোরাবাজারে কিছু কেরোসিন তেল চলেও যাচ্ছে।

কিন্তু এই অবস্থার মধ্যেও মফঃস্বল জেলাগুলিতে, সংশোধিত রেশন এলাকায় কেরোসিন তেলের সঙ্কট এতটা তীব্র নয়। মোটামুটি সুষ্ঠুভাবে অধিকাংশ জায়গায় কেরোসিন তেল বন্টন হচ্ছে।

এই রাজ্যের জন্য কেরোসিন তেলের বরাদ্দ বৃদ্ধি না করলে সমস্যার সমাধান করা যাবে না। রাজ্য সরকার তার জন্য কেন্দ্রীয় সরকারের ওপর ক্রমাগত চাপ দিয়ে যাচ্ছে। আগস্ট মাসের জন্য এক লক্ষ মেট্রিক টন এবং সেপ্টেম্বর মাসে এক লক্ষ পঁচিশ হাজার মেট্রিক টন কেরোসিন তেল এই রাজ্যের জন্য বরাদ্দ করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী ভারতের প্রধান মন্ত্রীর কাছে অনুরোধ করেছেন গত ১৯শে আগস্ট দিল্লিতে এই দাবি নিয়ে কেন্দ্রীয় সরকারের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রীর সঙ্গে আমি সাক্ষাৎ করি, কিন্তু কেন্দ্রের পক্ষে এখন রাজ্যের জন্য কেরোসিন তেলের কোনও বরাদ্দ বৃদ্ধি করা সম্ভব নয়। মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক সঙ্কটের কারণে ভারতে কেরোসিন তেলের দুষ্প্রাপ্যতা ছাড়াও কেন্দ্রীয় সরকারের বক্তব্য, বিদেশ থেকে কেরোসিন তেলসহ পেট্রোলজাত সকল দ্রব্য কেনার ব্যাপারে তাঁদের বৈদেশিক মুদ্রার সমস্যাও আছে। তবে, কেন্দ্রীয় মন্ত্রী আশ্বাস দিয়েছেন, বাইরে থেকে পেট্রোলিয়াম জাত দ্রব্যের আমদানি বাড়লে তিনি পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ বৃদ্ধির চেষ্টা করবেন।

বর্তমান অবস্থায় কেরোসিন তেল সঙ্কট সমাধানের জন্য রাজ্য সরকার নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করেছেন ঃ

(ক) যে অপর্যাপ্ত পরিমাণ কেরোসিন তেল এখন পাওয়া যাচ্ছে তা সুষ্ঠুভাবে বন্টনের ব্যবস্থা করা হচ্ছে। সংশোধিত রেশন এলাকায় আগের থেকেই সাধারণ রেশন কার্ডের মাধ্যমে কেরোসিন তেল সরবরাহ করা হয়। কলকাতা ও বিধিবদ্ধ রেশন এলাকার অন্য অঞ্চলে পৃথক কেরোসিন কার্ডের মাধ্যমে কেরোসিন তেল দেবার সিদ্ধান্ত হয় এবং এই উদ্দেশ্যে কয়েকটি রেশনিং এলাকার জন্য বেশ কিছু কেরোসিন কার্ড লেখাও হয়। কিন্তু বিদ্যুৎ পরিস্থিতির আরও অবনতি হওয়ায় ও মধ্যপ্রাচ্য সঙ্কট এভাবে সৃষ্টি হওয়ায়, হঠাৎ জনসাধারণের একাংশ রীতিমতো আতঙ্কিত বোধ করেন এবং বেশি টাকায় কেরোসিন তেল কিনে মজুত করার চেষ্টা করেন। এবং, এই কারণে হঠাৎ অবস্থার গুরুতর অবনতি হয়। এই অবস্থায় স্থির করা হয়, পৃথক কেরোসিন কার্ড লেখার জন্য আর অপেক্ষা না করে সাধারণ রেশন কার্ডের ওপর অতিরিক্ত কাগজের স্লিপ এঁটে এতেই কেরোসিন তেল দেওয়া হয়। এই বছর সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে কলকাতা পৌর এলাকার সর্বত্র এই কাজ করে ফেলা যাবে বলে আশা করা হচ্ছে। আর, ২১শে সেপ্টেম্বরের মধ্যে বিধিবদ্ধ রেশন এলাকার অন্যত্র এই কাজ সম্পন্ন করা হবে। সুতরাং, এর পর থেকে, রাজ্যের কোথাও রেশন কার্ড ছাড়া কেউ কেরোসিন তেল কিনতে পারবেন না।

(খ) কেরোসিন তেলের দোকানের সম্মুখে ক্রেতাদের যে লাইন সৃষ্টি হচ্ছে সেখানে যাতে সমাজবিরোধীরা কোনও গোলমাল করতে না পারে তার জন্য পুলিশকে সর্বত্র নজর রাখতে বলা হয়েছে।

(গ) ক্রেতাদের জন্য নির্দিষ্ট কেরোসিন তেল যাতে কোনওভাবে অন্যত্র চলে না যায় তার জন্য কেরোসিন ডিলারদের ওপর সতর্ক দৃষ্টি রাখার জন্য খাদ্য ও সরবরাহ দপ্তর ও পুলিশের (এনফোর্সমেন্ট) ওপর নির্দেশ দেওয়া হয়েছে।

(ঘ) সীমান্ত দিয়ে বাংলাদেশে যাতে কোনভাবে কেরোসিন তেল চলে না যায় তার জন্য সীমান্ত রক্ষীবাহিনীকে কড়া নজর রাখতে বলা হয়েছে।

রাজ্য সরকার মনে করে, কেরোসিন তেলের বর্তমান সঙ্কটের সুষ্ঠু সমাধানের জন্য সরকারের এইসব ব্যবস্থার সঙ্গে সঙ্গে জনসাধারণের সকল অংশের সহযোগিতা একান্ত আবশ্যক। আমি আশা করব, রাজ্য সরকারের প্রচেষ্টার সঙ্গে জনসাধারণ সর্বতোভাবে সহযোগিতা করবেন এবং এই ব্যাপারে আমি বিধানসভার মাননীয় সদস্যদের সক্রিয় সহযোগিতা প্রার্থনা করি।

**মিঃ স্পিকার :** নির্মলবাবু আপনাকে আরেকটা স্টেটমেন্ট দিতে হবে ক্রাইসিস অফ রেশনিং সিস্টেমের উপরে। এটা কবে দেবেন?

**শ্রী নির্মলকুমার বোস :** এটা সোমবার দেব।

## LAYING OF ORDINANCE

### The Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1990

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission I beg to lay the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1990 (West Bengal Ordinance No. III of 1990) under article 213(2) of the Constitution of India.

**শ্রী দীপক সেনগুপ্ত :** অন ও পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় খাদ্যমন্ত্রী একটা কলিং অ্যাটেনশন ছিল। কিন্তু সেটার কোনও রেফারেন্স ওঁনার স্টেটমেন্টে থাকেনি। Shall there be any other statement on 24th or this has been given?

**Mr. Speaker :** যেহেতু উত্তর দিয়ে দিয়েছেন সেইহেতু আর কোনও ফারদার স্টেটমেন্ট ২৪ তারিখে এই ব্যাপারে পাবেন না। There will be no statement on 24th. Today I have 45 Mention Cases and very interestingly I have also 25 Zero Hour Mention matters before me. So, I propose to have an all party meeting in this regard as to what should I do. Should I allow two Hours Mention? If so, there is no need of Zero Hour. I think that would be very democratic. What is given in mention Hour, the same thing is given in Zero Hour. Then what is the difference between Zero Hour and Mention Hour—I do not understand.

I am sorry. You do not know. Get your statistics and then compare it. The question is, there is no written law on Zero Hour. It is by convention. Zero Hour relates to these matters pertaining to what

have occurred from the start of the day to the sitting of the House. On very urgent matters if the attention of the House could not be otherwise, it could be drawn through Zero Hour. You have the opportunity to draw the attention of the House through other means also, for example, mention Cases, Adjournment Motion etc. You cannot raise a question in Zero Hour. But the Hon'ble members have been misusing the facilities of Zero Hour, because we have been very relax on this.

This House has got its tradition. We do not want to shut out any debate. I want the santity and the decorum of the House to be preserved. The importance of Zero Hour should not be reduced. The House should not be reduced to a force. Facilities available to the members should be used for that purpose. It is available not for any other purpose. I hope member will understand the importance of that. I will proceed with as many mentions as could be completed within exactly one hour. I will take one from the ruling party and one from the opposition party according to the list serially. And if some are left out within the time allotted, I have nothing to do.

## MENTION CASES

[2-20—2-30 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমাদের এখানে জিনিসপত্রের দাম বা দ্রব্যমূল্য দিনের পর দিন লাফিয়ে লাফিয়ে বেড়েই চলেছে। মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু ভি. পি. সিংকে চিঠি দিয়েছিলেন, আমাদের অর্থমন্ত্রী মধু দণ্ডাবতেকে চিঠি দিয়েছিলেন বিকল্প প্রস্তাব দিয়ে। ভি. পি. সিংকে পেট্রোল, ডিজেলের দাম কমানোর ব্যাপারে চিঠি দিয়েছিলেন, কিন্তু মুখ্যমন্ত্রীর চিঠিকে ছেঁড়া কাগজের টুকরিতে ফেলে দিলেন কোনও উত্তরও দিলেন না; রাজ্যের অর্থমন্ত্রীর বিকল্প প্রস্তাবেরও কোনও গুরুত্ব দিলেন না, অর্থাৎ এর মাধ্যমে মনে করা যায় জনবিরোধী মোর্চা সরকার যারা কেন্দ্রের গদীতে আসীন আছেন তাদের থেকে রাজ্যের বামফ্রন্টের উচিত অবিলম্বে তাদের প্রতি সমর্থন প্রত্যাহার করা। রাজ্যের মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীর বিকল্প প্রস্তাবের চিঠির উত্তর না দেওয়ার অর্থ হল রাজ্যবাসীর অপমান, তাই এই অপমানের বিরুদ্ধে আমরা একত্রে প্রতিবাদ করার জন্য প্রস্তুত হয়ে আছি। স্যার, আমরা মনে করি নিত্য-প্রয়োজনীয় দ্রব্য তেল, তরিতরকারি, আনাজপাতি, কেরোসিন তেল, সমস্ত কিছু সঙ্কটের দরুন আজকে নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়েছে, কোথাও কোনও নিয়ন্ত্রণ হয়নি। রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও সরব প্রতিবাদ হয়নি কেবল চিঠি লেখা হচ্ছে। আমরা জানি চিঠি লিখে ভাল প্রেম হয়, চিঠি লিখে জিনিসপত্রের দাম কমে না, আশাকরি সরকার এ বিষয়ে সজাগ থাকবেন; কারণ দ্রব্যমূল্য সম্পর্কে মানুষের অভিযোগ তীব্রতর হয়েছে। আমাদের দৃঢ় বিশ্বাস রাজ্য সরকার এ ব্যাপারে প্রয়োজনে সর্বদলীয় প্রতিনিধি দিল্লিতে পাঠাবেন। আমরা সংবাদপত্রে দেখলাম বামফ্রন্টের একটি সর্বদলীয় প্রতিনিধি দিল্লিতে যাচ্ছে—এ ব্যাপারে রাজ্য সরকার কি উদ্যোগ নিয়েছেন? রাজ্য সরকার অতীতে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিনিধিদের দিল্লিতে নিয়ে যান, কিন্তু দ্রব্যমূল্য

বৃদ্ধির প্রশ্নে রাজ্য সরকারের উচিত অবিলম্বে একটি সর্বদলীয় প্রতিনিধি দলকে পাঠান।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি এবং দেখছি ভারতবর্ষের সক্রিয় রাজনৈতিক দলগুলির ক্ষেত্রে সংবিধানে যে অধিকার দেওয়া আছে—স্বীকৃত রাজনৈতিক দলের তরফ থেকে—সেখানে কলকাতার বা তার আশপাশের এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় যেভাবে সন্ত্রাস করার চেষ্টা হচ্ছে তা থেকে আমরা উদ্বিগ্ন।

আমরা দেখেছি একটা সন্ত্রাসবাদী কায়দায় বলা হয়েছে হাওড়াতে অবস্থান হবে, হাওড়াতে বিক্ষোভ হবে। হঠাৎ টি. বোর্ডের সামনে সন্ত্রাসবাদী কায়দায় এই বিক্ষোভের ব্যবস্থাগুলি করা হয়েছে। একটা রাজনৈতিক দলের প্ল্যান, প্রোগ্রাম থাকা দরকার, কোনও অ্যানাউন্সমেন্ট নেই, অ্যাডভান্স ডিক্লারেন্স নেই, এভাবে এইসব চলতে পারে না। এই সব সন্ত্রাসবাদী কার্যকলাপ চলবে এটা মানা যায় না। একটা রাজনৈতিক দলের ডেকোরাম মেন্টেন করে চলা উচিত। আমরা এতে উদ্বিগ্ন। এর বিরুদ্ধে মানুষকে প্রতিবাদ জানাতে হবে। সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করবার জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, যে এই পশ্চিমবাংলায় বাস, ট্রাম এবং অন্যান্য পরিবহনে যেভাবে ভাড়া বৃদ্ধি হয়েছে তার বিরুদ্ধে একমাত্র এস. ইউ. সি. আই. এবং সরকারবিরোধী কিছু রাজনৈতিক দলের অভিযোগ নয়। মানুষও আজকে এই ভাড়া বৃদ্ধির হারকে অযৌক্তিক বলে স্বীকার করে নিয়েছে। আপনি জানেন স্যার, পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে পরিবহন কর্তৃপক্ষ আর. টি. এ. তাঁরাও এই অযৌক্তিক ভাড়া বৃদ্ধির হার স্বীকার করে নিয়েছে। তারপর রাজ্য পরিবহন দপ্তরও ভাড়া বৃদ্ধির অযৌক্তিকতা স্বীকার করে নিয়েছেন এটা আপনাকে আমি প্রমাণ করে দিতে পারি। হুগলি জেলার আর. টি. এ. সরকার ঘোষিত যে বাসভাড়া বৃদ্ধির হার এটা মাত্রাতিরিক্ত হয়েছে বলেছেন। হুগলি জেলার আর. টি. এ.-এর অভিমত, ২০ পারসেন্ট ভাড়া বাড়ানো ঠিক হবে না। হুগলি জেলার জেলাশাসক, বর্ধমানের আর. টি. এ. তাঁরাও বলেছেন। তাঁরাও অভিযোগ করেছেন অযৌক্তিক বাসভাড়া বাড়ানো হয়েছে। আমাদের ফরওয়ার্ড ব্লকের বিধায়ক শ্রী শিবপ্রসাদ মালিক তিনিও অভিযোগ করেছেন। আজকে এই বাসভাড়ার সিদ্ধান্ত প্রত্যাহার করা উচিত।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** আমি আপনার মাধ্যমে নদীয়া জেলার কৃষ্ণনগরের যানবাহন চলাচল বৃদ্ধি, জনসংখ্যা বৃদ্ধির যে সমস্যা তা সমাধানের জন্য একটি পার্শ্বপথ তৈরি করবার জন্য ১৯৮২-৮৩ সালে নানাভাবে আবেদন এই বিধানসভায় জানিয়েছিলাম। এর গুরুত্ব উপলব্ধি করে আর. টি. এ. নদীয়া দু-আড়াই বছর আগে এই সম্পর্কে সময় মতো প্রস্তাব নিয়ে কর্তৃপক্ষর কাছে জানিয়েছিলেন। জেলা পরিকল্পনাতেও এই বিষয়টি অন্তর্ভুক্ত হয়। পূর্ত, সড়ক ইঞ্জিনিয়ার এই সম্পর্কে একটা নকশা এবং একটা হিসাব উপযুক্ত কর্তৃপক্ষের কাছে দেন। তা সত্ত্বেও সাত, আট বছর পর্যন্ত সড়ক দপ্তর এই সম্পর্কে গুরুত্ব দেননি। ফলে নদীয়া শহরে মানুষের মধ্যে ক্রমশ বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। তাই আমি এই সম্পর্কে মাননীয় মন্ত্রী সড়ক পরিবহনের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সব চাইতে উদ্বেগ এবং উৎকণ্ঠার ব্যাপার, সাধারণ মানুষের জীবনযাত্রা অতিষ্ঠ। নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করতে গিয়ে তাঁদের সমস্ত ক্ষমতা নাগালের বাইরে চলে গেছে। আজকে একটা নকল যুদ্ধের মহড়া তৈরি করা হয়েছে। এবং এটা তৈরি করেছে বাংলার বুকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। আমার প্রশ্ন হচ্ছে লোকসভার ভেতরে পশ্চিমবাংলার ৫২ জন এম. পি.কে নিয়ে মোর্চা সরকারের জনবিরোধী বাজেট সমর্থন করানো হল। আর বাংলার বুকে সাধারণ মানুষকে চোখে ধুলো দিয়ে এই পার্টি এক ভণ্ড তপস্বীর ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। এই জনবিরোধী বাজেট এবং নাটকের মহড়ার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষকে এই পবিত্র হাউস থেকে জানাচ্ছি সোচ্চার হওয়ার জন্য।

[2-30—2-40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে নুনের কেজি দু টাকা হয়ে গিয়েছে। মেদিনীপুর ও বর্ধমান জেলায় যেখানে চাল উৎপন্ন হয়, আজ সেখানে চালের কেজি ছয় টাকা হয়ে গিয়েছে। আজকে সাধারণ দরিদ্র, কৃষক, খেটে খাওয়া খেত মজুর, সমস্ত কলকালখানার শ্রমিক ক্রয়-ক্ষমতা আজকে তাদের বাইরে জলে যাচ্ছে। গ্রামীণ জীবনে, আধা শহর জীবনে মানুষের দুঃখ-কষ্ট হচ্ছে, আর একদিকে চোরাকারবারীরা কালোবাজারে তা বিক্রি করছে। গত ১৪ বছরে এই রাজ্যের মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর একটাও চোরাকারবারীকে গ্রেপ্তার করেছেন এরকম একটাও কেস দেখাতে পারবেন না। তারা চোরাকারবারীদের পাশে দাঁড়িয়েছে, তাঁদের উৎকোচ গ্রহণ করে এই সরকার হৃষ্টপুষ্ট হচ্ছে। দিল্লির মসনদে জনবিরোধী একটা সরকারকে সমর্থন করতে গিয়ে তারা সমস্ত নীতি বর্জন করে, ৫২ জন এম. পি.কে নিয়ে লোকসভার ভেতর জনবিরোধী বাজেট সমর্থন করে, আর বাংলার বুকে দাঁড়িয়ে তারা মূল্যবৃদ্ধির কথা বলেন। তাদের এই যে দ্বৈত ভূমিকা, বামফ্রন্ট সরকারের এই ভাঁওতাবাদী রাজনীতি আজ পশ্চিমবাংলার মানুষ ধরে ফেলেছে, এবং ধরে ফেলেছে বলেই আজকে কলকাতা থেকে শুরু করে জেলা পর্যন্ত বিক্ষোভ চলছে এবং মানুষ তাদের বিরুদ্ধে আন্দোলন শুরু করেছে এবং সেই আন্দোলন করতে গিয়ে অনেকে গুলিতে আহত হয়েছে।

**শ্রী সুখেন্দু মাইতি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬ই আগস্ট সারা রাজ্য জুড়ে বাস ভাড়া বৃদ্ধি করা হয়েছে। পেট্রোল, ডিজেল ও অন্যান্য যিন্ত্রাংশের মূল্যবৃদ্ধি হওয়ার ফলে এই ভাড়া বৃদ্ধি প্রয়োজন ছিল। কিন্তু দুঃখের বিষয়, ভাড়া বৃদ্ধি করার সময় রাস্তার গুরুত্ব এবং স্থানের গুরুত্বের কথা বিবেচনা করা হয়নি। সারা রাজ্য জুড়ে একই হারে ভাড়া বৃদ্ধি করতে গিয়ে আমরা দেখলাম আমাদের মেদিনীপুর জেলায় ৫০ পারসেন্ট থেকে ৩০০ পারসেন্ট ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এইভাবে এতটা ভাড়া বৃদ্ধি করাটা অযৌক্তিক এবং ন্যায়সঙ্গত হয়নি বলে সারা রাজ্যে কংগ্রেস আন্দোলন করছে এবং আন্দোলনের নামে তারা বাস কর্মীদের ওপর, যাত্রীদের ওপর নির্যাতন চালাচ্ছে এবং বাস ভাঙচুর করছে। কংগ্রেসিদের এসব অন্যায়ের বিরুদ্ধে আমরা প্রতিবাদ করছি এবং সারা মেদিনীপুরে আজ সমস্ত বাস বন্ধ হয়ে গিয়েছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় খাদ্যমন্ত্রী বক্তৃতা দিয়ে গেলেন। কালকে তিনি টি. ভি.তে বলেছেন এবং আজও এখানেও বললেন, কিন্তু কেরোসিন তেল নিয়ে এই যে ফাটকাবাজী হচ্ছে, এই যে রাজনীতি হচ্ছে সেটাই আমি আপনার মাধ্যমে বলতে চাইছি। নাগরিক কমিটির লোকেরা স্লিপ দিয়ে কেরোসিন তেল বন্টন করবে। সি. পি. এম. পার্টির লোকেরা এই স্লিপ পাবে, নাগরিক কমিটি ও তার দলের লোকেরা এই স্লিপগুলো পাবে। সাধারণ লোক লাইন দিয়ে দাঁড়িয়ে থাকবে, আর আপনার দলের লোকেরা, বাইরের লোকেরা স্লিপ দেখিয়ে তেল নিয়ে চলে যাবে। মুখ্যমন্ত্রী কি জানতেন এই স্লিপ দেওয়ার জন্য কি পদ্ধতি নেওয়া হয়েছে। দুর্ভাগ্যের বিষয় স্লিপ দেওয়ার জন্য যে সমস্ত কমিটি করা হয়েছে তাতে সব সি. পি. এম.এর লোক আছে, তাতে আর. এস. পি., ফরওয়ার্ড ব্লক বা অন্য দলের কোনও লোক নেই। পাড়ায় পাড়ায় লোকগুলো লাইনে দাঁড়িয়ে আছে, আর তাদের মাঝখান দিয়ে তাদের লোকেরা এসে তেল নিয়ে যাচ্ছে এবং বাইরে বিক্রি করছে। নির্মল বোসের কোনও কাণ্ডজ্ঞান নেই বলে তিনি বক্তৃতা দিলেন। কেরোসিন তেল যথেষ্ট ছিল এবং এখনও পর্যন্ত যথেষ্ট আছে, কিন্তু জনসাধারণ সে তেল পাচ্ছে না। ফাটকাবাজদের হাতে পড়ে এই কেরোসিন তেল চলে যাচ্ছে বাংলাদেশে। অথচ মাননীয় মন্ত্রী মাঝে মাঝে বক্তৃতা দিয়ে কেন্দ্রীয় সরকারকে দেখান। লোককে তেল দেওয়ার ক্ষমতা ওনার নেই, কিন্তু বক্তৃতা দেওয়ার ক্ষমতা আছে। আজকে নাকি মুখ্যমন্ত্রীর নির্দেশে সমস্ত স্লিপ ক্যান্সেল হয়ে গেছে। কিন্তু স্লিপ চালু হল কার নির্দেশে, কোন আইনে? তার বিরুদ্ধে ব্যবস্থা নিন।

**শ্রী তপন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে গ্রন্থাগার মন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে রাজ্যের গ্রন্থাগার কর্মীরা তাদের দীর্ঘদিনের দাবিদাওয়া নিয়ে লড়াই করছেন, ২২শে আগস্ট সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার গ্রন্থাগার কর্মীরা অবস্থান এবং ধর্মঘট করছেন। এল এল এ, লোকাল লাইব্রেরি অথরিটি হয়েছে কিন্তু তাকে কার্যকর করা হচ্ছে না। গ্রন্থাগার কর্মীদের অবসরকালীন ভাতা বা পেনসন দেবার ব্যবস্থা হয়নি, প্রতি মাসের বেতন তাঁরা পাচ্ছেন না। সামনে পূজা আসছে, অত্যন্ত দুর্বিসহ অবস্থা। আমি তাই দাবি করছি রাজ্যের গ্রন্থাগার কর্মীদের দাবিগুলি অবিলম্বে মেটানো হোক।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ইতিমধ্যে বেশ কয়েকজন সদস্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধি নিয়ে এই সভায় উদ্বেগ প্রকাশ করেছেন। আমরা লক্ষ্য করেছিলাম কিছুদিন আগে আমাদের এই সরকারের বন্ধু সরকারের প্রধানমন্ত্রী যেদিন ভারতবর্ষের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন সেদিন তিনি ঘোষণা করলেন যে আমি সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম এক মাসের মধ্যে কমিয়ে দেব এবং ১৪ট নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্য তিনি বেঁধে দেবেন। কিন্তু দুঃখের বিষয় আমরা লক্ষ্য করে দেখছি ৮ মাস অতিক্রান্ত হয়েছে, প্রত্যেকটি জিনিসের দাম আকাশ ছোঁয়া হয়ে গেছে। কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, পাওয়া গেলে ১০-১২ টাকা লিটার, মোটা চালের দাম ৫-৭ টাকা কিলো, চিনি ১০ টাকা, সরষের তেল ৩০-৩৫ টাকায় বিক্রি হচ্ছে।.....

(মাইক অফ)

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ কথা এখানে বলতে চাই। আপনি জানেন ৬ই আগস্ট থেকে পরিবহন দপ্তর রাজ্যের সর্বত্র একই হারে ভাড়া বৃদ্ধি করেছে, তার ফলে সারা রাজ্যে ভাড়া বৃদ্ধির ব্যাপারে একটা অসঙ্গতি দেখা দিয়েছে। যন্ত্রাংশ, পেট্রোল, ডিজেলের দাম বাড়ায় বাসের ভাড়া বাড়বে এটা মানি কিন্তু বাড়ানো হবে কিভাবে এটা নিয়ে দারুণ প্রশ্ন আজকে দেখা দিয়েছে। কারণ, বিভিন্ন জেলায় ভাড়ার হার ছিল বিভিন্ন রকম। তার কারণ হচ্ছে বিভিন্ন জেলার পাকা রাস্তাগুলির মধ্যে এ. বি. সি. করে তারতম্য ছিল। মেদিনীপুর জেলার যে রেট হুগলি জেলার রেটের তারতম্যের সঙ্গে মিলিয়ে ইতিপূর্বে ভাড়া বৃদ্ধি করা হয়েছে, কিন্তু এবারে তা করা হয়নি, একই হারে ভাড়া বৃদ্ধি করা হয়েছে, যার ফলে একটা অসঙ্গতি দেখা দিয়েছে। ইতিমধ্যে রাজ্যের পরিবহন দপ্তর দূর পাল্লার বাসের একটা স্টেজের ভাড়া ৩ টাকা থেকে কমিয়ে ১।। টাকা করেছেন এজন্য অভিনন্দন জানাচ্ছি কিন্তু অসঙ্গতি এমন জায়গায় এসেছে যার ফলে মেদিনীপুর জেলার পরিবহন ব্যবস্থা একমাত্র বাসের উপর নির্ভরশীল সেখানে ৫ দিন ধরে কোনও রুটে বাস চলছে না। সেজন্য আমার একটা প্রস্তাব ছিল....

(মাইক অফ)

**শ্রী অশোক ঘোষ ঃ** মিঃ স্পিকার, স্যার, একটু আগে মাননীয় খাদ্যমন্ত্রী যে বিবৃতি দিয়ে গেলেন আমার আশঙ্কা হচ্ছে আগামী কাল থেকে কেরোসিন বাজারে পাওয়া যাবে কি যাবে না। উনি খুব ভাল বিবৃতি দেন, কিন্তু বিবৃতি দেওয়ার পর দেখা যায় মজুতদাররা আরও বেশি স্টক করেছে, পাড়ার মস্তানরা আরও বেশি করে কালোবাজারে বিক্রি করছে। কেরোসিন তেল যাও পাওয়া যাচ্ছিল তাও আগামীকাল থেকে পাওয়া যাবে না। উনি মাঝে মাঝে দিল্লি ঘুরে এসে এখানে বিবৃতি দেন, আর বাজেটে জয় বাবা বিশ্বনাথ বলে বোতাম টিপে বন্ধু সরকারকে সমর্থন করেন দিল্লিতে, তার ফলে জিনিসপত্রের দাম বাড়ছে, সাধারণ মানুষের ত্রাহি ত্রাহি রব উঠছে, সেখানে বলছেন ১০-১২ জন এম এল এ-কে দিল্লিতে পাঠাচ্ছি।

[2-40—2-50 P.M.]

আজকে বাংলা বন্ধের আওয়াজ জ্যোতিবাবু, নির্মলবাবুর দল ভুলে গেছে। এখন ১০-১২ জন এম. এল. এ.কে পাঠাচ্ছেন জয়বাবা বিশ্বনাথের কাছে। শ্রাবন মাস চলে গেছে, এখন জল ঢেলে মাথা ঠাণ্ডা হয় কিনা দেখার জন্য এই সব এম. এল. এ.রা তদ্বির করতে দিল্লি যাচ্ছেন। আজকে মানুষ আকাশ ছোঁয়া দামে একেবারে দিশেহারা হয়ে গেছে। কেরোসিন পাওয়া যাচ্ছে না। ছেলেরা লোড্ শেডিং-এ পড়াশুনা করতে পারছে না। কলকারখানা বন্ধ। কেরোসিন তেল আনতে গিয়ে দেখছি সি. পি. এম.এর ছেলেরা নাগরিক কমিটির নামাবলি গায়ে দিয়ে দাঁড়িয়ে আছে, তারা কেরোসিন তেল পাচ্ছে না। এদিকে নির্মলবাবু রেডিও, দূরদর্শনে বিবৃতি দিচ্ছেন। দিল্লিতে রাজীব গান্ধী যখন ক্ষমতায় ছিলেন তখন যেভাবে চিৎকার করেছিলেন, এখন আর সেই রকমভাবে চিৎকার করছেন না। সাহস থাকে তো এখন চিৎকার করে বলুন। মানুষকে বিভ্রান্তি করার বিরুদ্ধে আমরা প্রতিবাদ করছি। ওর এই বিবৃতির পরেই

দেখবেন আগামীকাল থেকে হয়ত আর তেলই মিলবে না।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পান প্রেমিকের সংখ্যা বেড়েছে। কিন্তু পান চাষীরা সঙ্কটের আবর্তে ঘুরপাক খাচ্ছে। দীর্ঘদিন ধরে বৃষ্টি হওয়ার ফলে বরোজ নষ্ট হয়ে যাচ্ছে। উৎপাদিত পান ফড়েরা বাইরে নিয়ে গিয়ে বেশি দামে বিক্রি করে মুনাফা লুঠছে, অথচ পান চাষীদের হাতে অর্থ আসছে না। সমবায় বিপন্ন কেন্দ্রের মাধ্যমে পান চাষীদের হাতে কিছু পয়সা আসার ব্যবস্থা করা যেতে পারে। এই ব্যাপারে যে অসুবিধাগুলি আছে সেইগুলিকে দূর করার ব্যবস্থা ত্বরান্বিত করতে পারলে পান চাষীরা এর থেকে মুক্ত হতে পারে। পান থেকে ভেষজ শিল্পের জিনিস উৎপাদিত হতে পারে। বাইরের রাজ্যগুলি এই বিষয়ে গবেষণা করছে। এই দিকে দৃষ্টি দিলে আমাদের রাজ্যের পান চাষীরা উপকৃত হতে পারে। তাই এইদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রী অমর ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের চলচ্ছক্তিহীন স্থবির সরকারের কাছে একটি আবেদন জানাতে চাইছি। পশ্চিমবঙ্গে সরকার আছে বলে আমার নিজের বিশ্বাস হয় না, পশ্চিমবঙ্গের মানুষেরও বিশ্বাস হয় না। কলমি শাক থেকে শুরু করে প্রতিটি জিনিসের দাম অগ্নিমূল্য হয়ে গেছে। আকাশ ছোঁয়া জিনিসের দাম। ক্রয়ক্ষমতা মানুষের নাগালের বাইরে চলে গেছে। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে ৮ টাকা লিটার দামে কেরোসিন তেল বিক্রি হচ্ছে। দাঁতে পেষানো যাবে না এই রকম চাল ৬-৭ টাকা কিলো দরে বিক্রি হচ্ছে। এই সব নিয়ে আমরা যখন আন্দোলন করছি তখন পশ্চিমবঙ্গের স্থবির মুখ্যমন্ত্রী বলছেন যে, "না, সব ঠিক আছে।" উনি সেই পাগলা মেহের আলির মতো বলছেন, "সব ঝুটা হ্যায়।" পশ্চিমবঙ্গের মানুষ কিছু মেনে নিচ্ছে—এই কথা বলে তিনি সত্যকে আর কতদিন চাপা দেবেন, সেটা আমরা জানি না। কেন্দ্রে এক জনস্বার্থ বিরোধী সরকার আসীন আছেন। এই সরকার নিঃস্বার্থভাবে তাদের দালালি করে যাচ্ছেন। তাদের বিরুদ্ধে একটি কথাও বলতে পারছেন না, সাধারণ মানুষের নিডসের কথা বলতে পারছেন না। তবুও এই সরকার গদিতে বসে আছেন দেখে আমাদের লজ্জা হয়। এই সরকারের এমন অনেকে আছেন যারা নাকি বামপন্থী আন্দোলনের কর্ণধার। তাদের এই নিশ্চুপ অবস্থা দেখে আমি আপনার মাধ্যমে ধিক্কার জানাই।

**Shri Mohan Sing Rai :** Hon'ble Speaker, Sir, I want to draw attention of the Hon'ble C. M. of Government of West Bengal. This is a very important matter regarding those who fought tooth and nail in the G N L F Movement for the integration of our country. Many persons were killed in the action and their whole properties had been lost. Socially, financially and educationally irreparable damage they have faced. But some of them by now are dying out of starvation and moving and living like beggar. So, to protect them, Sir, and to compensate them, I do demand that Government should take right step and decide for the reservation in the Government jobs for the victims, including sanction of Government loans for housing and Government dis-

tribution of lands. Thanks.

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা ভারতবর্ষে নতুন সরকার কায়েম হয়েছে এবং বন্ধু সরকার কায়েম হয়েছে কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম হু হু করে বাড়ছে। যখন লোকসভার নির্বাচন হয়েছিল প্রাক্তন সরকারের আমলে তখন সরষের তেলের দাম ছিল ১৯ টাকা কে.জি. এখন সরষের তেলের দাম হয়েছে ৩৪ টাকা কে.জি. এবং পূজার সময় আমরা আশা করছি ৪০ থেকে ৫০ টাকা কে.জি. দাম হবে। স্যার, আমাদের মনে হচ্ছে, পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং যারা কালোবাজারি করছে, ব্ল্যাক মার্কেটিং করছে, যারা পুঁজিপতি এদের সঙ্গে একটা আঁতাত হয়েছে, অশুভ আঁতাত হয়েছে এবং তারা পার্টি ফান্ডে টাকা পয়সা দিচ্ছেন। টাকা পয়সা দেবার ফলে একটা লোকও গ্রেপ্তার হচ্ছে না। প্রধানমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং বলেছেন যে আমরা কালোবাজারি রুখব এবং রাজ্য সরকারকে বলেছি জিনিসপত্রের দাম কমানোর জন্য কালোবাজারী, মজুতদারদের গ্রেপ্তার করুন। কিন্তু স্যার, পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী, তারা নাকে তেল দিয়ে ঘুমাচ্ছেন, এখনও একজন ব্যবসায়ী, একজন কালোবাজারি এবং যারা মজুতদারি করছে তারা কেউ গ্রেপ্তার হচ্ছে না। আমরা আশঙ্কা করছি, পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং খাদ্যমন্ত্রীর সঙ্গে এই সমস্ত কালোবাজারি এবং মজুতদারদের একটা অশুভ আঁতাত হয়েছে এবং তারা পার্টি ফান্ডে টাকা দিচ্ছেন। খাদ্যমন্ত্রীকে তো জামুরিয়া থেকে যারা রাইস মিলের মালিক তারা টাকা পয়সা দেন, ঘুষ-টুষ দেন, খাদ্যমন্ত্রীর পদত্যাগ তাই দাবি করছি কারণ এরকম খবর আমাদের কাছে আছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গ্রাসট্রো এনট্রাইটিস রোগে পশ্চিমবঙ্গে প্রায় ১।।/২ হাজার লোক মারা গিয়েছে। এই রোগের এখনও উপশম হয়নি। আমরা এলাকায় প্রতিদিন ১০-১২ জন করে লোক এই রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হচ্ছেন এবং তারমধ্যে ২-৩ জন লোক মারা যাচ্ছেন। এর কোনও প্রতিষেধক ব্যবস্থা দেখা যাচ্ছে না। দ্বিতীয়ত এর যে ঔষধ, রিঙ্গার স্যালাইন, সেই ঔষধের সাপ্লাই একদম কম, আসছেই না। রোগীদের বাজার থেকে কিনে রোগের চিকিৎসা করতে হচ্ছে। স্যার, বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি হল জীবনদায়ী ঔষধ সরবরাহ করা হবে কিন্তু এই রিঙ্গার স্যালাইন সাপ্লাই করা হচ্ছে না। তাছাড়া আমার এলাকায় হেল্‌থ ইনেসপেক্টার, হেল্‌থ অ্যাসিস্টেন্ট, এ. এল. এম. নার্স, তারা এলাকায় গিয়ে প্রতিষেধক ব্যবস্থা করছেন না। পুকুরগুলিকে রোগমুক্ত করা হচ্ছে না। টিউবওয়েলের মধ্যে হ্যালোজেন ট্যাবলেট দেওয়া হচ্ছে না। এর ফলে রোগ বেড়ে যাচ্ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ, এই রোগের উপশমের জন্য যথাযথ ঔষধ সরবরাহ করার ব্যবস্থা করুন এবং অন্যান্য প্রতিষেধক ব্যবস্থা নিন।

**শ্রী তুহিনকুমার সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯ তারিখে ভবানীপুর থানার বাদশা আলম, লাল্লু আলমের দাদা, সে গিয়ে ও. সি.কে ধমকালো এবং হুমকি দিল যে থানা উড়িয়ে দেব। স্যার, আমরা পশ্চিমবঙ্গে ক্যাডারদের নমুনা দেখেছি। যদি বুঝতাম যে পশ্চিমবঙ্গে যারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বিধায়ক তারা ক্যাডার, বুঝতাম তাহলে ব্যাপারটা কি। পশ্চিমবঙ্গে লাল্লু আলমের গ্রেপ্তার ঘটনার পর স্বাভাবিক কারণেই বাদশা আলম ক্ষেপে গেলেন এবং কার মদতে জানি না তিনি থানায় ও. সি.কে গিয়ে ধমকালেন, তাকে খুন

করার হুমকি দিলেন, থানা উড়িয়ে দেবেন বললেন। স্যার, থানার অফিসার একটি ডাইরি করেছেন। পরবর্তী পর্যায়ে আমরা খবরের কাগজে দেখলাম যে, কোনও মন্ত্রী পশ্চিমবঙ্গের, তিনি বলেছেন যে, না, তিনি একথা বলেননি। বউকে নিয়ে দেখতে গিয়েছিলেন। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির এই ধরনের গল্প তৈরির কথা আমরা জানি। আমি স্যার, একজন বিধানসভার সদস্য হিসাবে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি, কোনটা সত্য তিনি সেটা বলুন। আর তার অফিসার যে ডায়েরি করেছেন সেই ডায়েরির কপি বিধানসভার সদস্যদের দেওয়া হোক।

[2-50—3-00 P.M.]

**শ্রী হাবিব মুস্তাফা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জনসাধারণের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার রতুয়া ২ নম্বর ব্লকে মহানন্দার পাকুরিয়া ঘাটের উপরে সেতুর অভাবে প্রায় ১০টি গ্রাম পঞ্চায়েত এলাকার ১।। লক্ষ মানুষ দীর্ঘদিন ধরে অত্যন্ত অসুবিধার মধ্যে আছে। তাদের যাতায়াতের খুবই অসুবিধা হচ্ছে। তারা হাসপাতাল এবং থানায় যোগাযোগ করতে পারেন এই সেতুর অভাবে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই ঘাটের দুই ধারে পাকা রাস্তা তৈরি হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত এই ঘাটের উপরে কোনও সেতু তৈরি না হওয়ার জন্য সেখানে জনসাধারণ অত্যন্ত দুর্গতির মধ্যে আছে। আমরা জানি যে জেলা পরিষদ কমিটি এই সেতু নির্মাণের ব্যাপারে গুরুত্ব দিয়েছেন এবং রাজ্য পরিকল্পনা পর্যদের এটা বিবেচনাধীন আছে। আমি সেজন্য মাননীয় পূর্তমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই সেতুটি তৈরি করার জন্য অনুরোধ করছি।

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলার যখন জিনিসপত্রের দাম হু হু করে বেড়ে চলেছে, রাজ্য সরকার সেই জিনিসপত্রের দাম কমাতে ব্যর্থ হয়েছে এবং তার ফলে সারা পশ্চিমবাংলার শান্তিপ্রিয় মানুষের মধ্যে একটা অসন্তোষ এবং ক্ষোভের সৃষ্টি হয়েছে, আমি সেই সম্পর্কে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা পশ্চিমবাংলায় জিনিসপত্রের দাম কমাতে ব্যর্থ হয়েছে। তার উপরে বিশেষ করে বানতলা, অশোক নগর, বিরাটি এবং শিবপুর থানায় প্রকাশ্য দিবালোকে নারীর প্রতি অমর্যাদা করা হচ্ছে, তাদের ধর্ষণ করা হচ্ছে। কাজেই পশ্চিমবাংলার মানুষ জানতে চায় যে এই সরকার এই বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন? বানতলার ঘটনার পরে, অশোক নগরের ঘটনার পরে, বিরাটির ঘটনার পরে, শিবপুরের ঘটনার পরে এই প্রথম বিধানসভার অধিবেশন এসেছে কিন্তু আজ পর্যন্ত মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই ব্যাপারে কোনও জবাব পাওয়া যায়নি। আমরা গ্রামে-গঞ্জে ফিরে গেলে মানুষ আমাদের কাছে জানতে চাইবে যে এই সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন, কি ঘোষণা করেছেন তখন তাদের আমরা কি জবাব দেব? কাজেই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারে একটা বিবৃতি দিতে বলুন। আজকে দিনের পর দিন যেভাবে লজ্জাস্কর ঘটনা ঘটছে, পশ্চিমবঙ্গে মা, বোনদের ইজ্জত লাঞ্ছিত হচ্ছে সরকার তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন সেই সম্পর্কে একটা বিবৃতি মুখ্যমন্ত্রীকে দিতে অনুরোধ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যে স্বাস্থ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত অধিবেশন এবং এবারেও যারা

মেডিকেল ইনস্টিটিউট-এর টিচার এবং মেডিকেল কলেজের টিচার তাদের ক্ষেত্রে রাজ্য সরকার চাকুরির মেয়াদ ৫৮ থেকে ৬০ বছর ঘোষণা করেছেন। কিন্তু আমাদের রাজ্যে যে ভোকেশন্যাল টিচিং স্টাফ অব দি ইনস্টিটিউট অব ফার্মাসি আছে সেখানে যে ডেমনেস্ট্রেটর অ্যান্ড টিচাররা কাজ করেন, তাদের চাকুরির মেয়াদ এখনও ৫৮ বছর আছে এবং অন্যান্য ইনস্টিটিউটে তারা যে সমস্ত আর্নড লিভের সুযোগ পান, ফার্মাসির ইনস্টিটিউট যেগুলি আছে সেই সমস্ত জায়গায় যে সমস্ত ডেমনেস্ট্রেটর বা টিচাররা আছেন তারা সেই সুযোগ পান না। এই ধরনের ডিসক্রিমিনেশন বন্ধ হওয়া দরকার। রাজ্য সরকারের টিচিং প্রফেশনের যারা রয়েছেন তাদের চাকুরির ক্ষেত্রে যেভাবে সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে সেইভাবে ঐ প্রতিষ্ঠাগুলির ডেমনেস্ট্রেটর এবং টিচাররা যাতে পান তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় যে সমস্ত ই. এস. আই. হাসপাতালগুলি চলছে সেগুলির অবস্থা অত্যন্ত খারাপ। তাছাড়া যে সমস্ত পার্ট টাইম মেডিকেল অফিসার কাজ করছিলেন, যে সমস্ত ডাক্তার আছেন তাদের মধ্যে আগামী ১ অক্টোবর থেকে ৩৯ জন ডাক্তারকে ছাঁটাই করা হচ্ছে।

এই সমস্ত ডাক্তার, তাদের বেতনের দাবিতে আন্দোলন করছিলেন। সেখানে কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য রাজ্য এরকম ডাক্তারদের দু'হাজার, তিন হাজার টাকা করে বেতন দিচ্ছে, এই রাজ্যে তাদের মাত্র এক হাজার টাকা করে বেতন দেওয়া হয়। এই বেতন বৃদ্ধির দাবিতে আন্দোলন করছিলেন। শ্রীরামপুরে ই. এস. আই. যে হাসপাতাল আছে সেখানে ১৩ জন, আসানসোল ই. এস. আই. হাসপাতালে ২ জন ডাক্তার, উলুবেড়িয়ায় চার জন ডাক্তার, গৌরহাটিতে চারজন, ব্যান্ডেলে দুই জন, শিয়ালদহে তিনজনকে, কল্যাণীতে একজনকে ছাঁটাই করা হয়েছে। এই ঘটনার আমি তীব্র প্রতিবাদ করছি, এবং তারা যাতে তাদের চাকরি ফিরে পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সূর্য চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলায় দুটি মহিলা কলেজের মধ্যে একটি হচ্ছে মহিষাদল গার্লস কলেজ। গত ২২ বছর ধরে এই কলেজ চলছে। এই কলেজটা একটা ছোট ভাড়া বাড়িতে চলে। গত ৬ বছর আগে এই কলেজের জন্য একটি ভবন নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়। আমি গত বছর এর প্ল্যান এবং এস্টিমেটও দিয়েছিলাম। কিন্তু এখনও পর্যন্ত কিছু হয়নি। আমার আবেদন যাতে এই আর্থিক বছরে এই কলেজ ভবনটি নির্মাণ করার জন্য অর্থ বরাদ্দ করা হয়, সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ হৈমী বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত ১৬ তারিখে কেওড়াতলা শ্মশানে পাপ্পু মল্লিক বলে একজন খুন হয়ে গেছে। ঘটনাটা হচ্ছে এই, বছর খানেক আগে থেকে সেখানকার জনসাধারণ পুলিশকে মাস পিটিশন দিয়ে জানিয়েছিলেন সেখানকার অবস্থার কথা। পুলিশ কর্তৃপক্ষ এবং প্রশাসন কোনও কাজ করলেন না। তার

ফলে দু'জন খুন হলেন। তারপর আন্দোলন তীব্রতর হল। আমি নিজে এবং ওখানকার প্রতিনিধিরা কলকাতার মেয়রের ঘরে পুলিশ কমিশনারের সঙ্গে বসেছিলাম। সেখানে আমি দাবি করেছিলাম যে ওখানে ইমিডিয়েটলি একটা আউট পোস্ট বসানো হোক। কিন্তু সেই আউট পোস্ট বসানো হল না, কোনও পুলিশ সেখানে বসানো হল না। এই গাফিলতির ফলে পাপ্পু মারা গেল। এই জিনসটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে দাবি করছি, দোষী পুলিশ অফিসারকে শাস্তি দেওয়া হোক। সেখানে গোলমালের মূল কারণ শব দেহের সঙ্গে যেসব কাপড়চোপড়, খাট-বিছানা যায়, সেইসব ভাগ-বাটোয়ারা নিয়ে। আমি দাবি করেছিলাম সেইগুলোকে ইন্সিনেটারে দিয়ে পুড়িয়ে ফেলা হোক। যতদিন না ইন্সিনেটার হচ্ছে ততদিন ধাপায় নিয়ে গিয়ে পুড়িয়ে ফেলা হোক। কিন্তু সেই জিনিস এখনও চলছে। আমি যখন কাউন্সিলার ছিলাম, তখন সেখানে আলোর ব্যবস্থা করেছিলাম, সেই আলো আজকে উধাও, সেখানে আলো জ্বলছে না। সব থেকে সাংঘাতিক ঘটনা যেটা সেটা হচ্ছে এইসব ডোমেরা কর্পোরেশন বা সরকারি কর্মচারী নয়। সেইজন্য এই দুর্নীতি হচ্ছে। সুতরাং এদের ইমিডিয়েটলি পার্মানেন্ট সার্ভিসের ব্যবস্থা করে দেওয়া হোক, তাহলে ঐ এলাকায় যে দুর্নীতি চলছে, সেই দুর্নীতি বন্ধ হবে এবং পুলিশ আউট পোস্ট হলে সেখানে যে গণ্ডগোল এবং বারবার মার্ডার হয়ে যাচ্ছে তা বন্ধ হয়ে যাবে।

**শ্রী রতনচন্দ্র পাখিরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটি জরুরি বিষয় আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর ধারাবাহিক বর্ষণ ও প্রবল বন্যার ফলে ঘাটাল ব্লক এলাকায় হাজার হাজার একর জমির ফসল নষ্ট হয়ে গেছে। জমিদারি বাঁধ ও পুরাতন জমিদারি বাঁধগুলি ভয়ঙ্করভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে। এবং যোগাযোগ ব্যবস্থা ভয়ঙ্করভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। যোগাযোগের দিক থেকে একটি গুরুত্বপূর্ণ রাস্তা রাধানগর—নাড়াজোল ভায়া কুঠিঘাঠ যা ছালাদা রাস্তা নামে পরিচিত তা বন্যার ফলে মানুষ চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ঘাটাল মেদিনীপুর রোডের উপর তিনটি চাতাল যা ঘাটাল ব্লক এলাকার মধ্যে পড়ে, তা বন্যার ফলে মানুষ চলাচল সম্পূর্ণভাবে বন্ধ থাকে। ফলে জনসাধারণ খুবই কষ্ট ভোগ করে থাকেন। ধারাবাহিকভাবে বন্যার ফলে ঘাটাল ব্লক এলাকার কৃষক একদিকে যেমন সীমাহীন দুর্দশার কবলে পড়ছেন, তেমনি অপর দিকে যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে এবং নদী বাঁধগুলির ভাঙণ বেড়ে চলেছে।

[3-00—3-10 P.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, গত লোকসভা নির্বাচনের আগে এই অপদার্থ বামফ্রন্ট দেয়ালে দেয়ালে লিখেছিল যে, ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দিয়ে সারা ভারতবর্ষে বিক্রি করতে হবে এবং সেই দাবি নিয়ে বামফ্রন্টের লোকেরা রাজীব গান্ধীর পরাজয় দাবি করেছিল। আজকে ওঁদের বন্ধু সরকারের নেতা ভি. পি. সিং প্রধানমন্ত্রী হয়েছেন, কিন্তু জিনিস-পত্রের দাম বেঁধে দেওয়া তো দূরের কথা জিনিসপত্রের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে। সরষের তেলের দাম ৩৩ টাকা কে.জি.তে গিয়ে পৌঁছেছে, চিনির দাম ১২ টাকা কে.জি. হয়েছে, চায়ের দাম ২৮ থেকে ৩০ টাকা কিলো প্রতি বেড়েছে, ডালের দাম ১২ থেকে ১৩ টাকা কে.জি. হয়েছে, পুঁই শাক ৬ টাকা কিলো, পটল ১২ টাকা কিলো, মাছ ৪০ টাকা কিলোর নিচে নেই। সমস্ত জিনিসের দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার

বাইরে চলে গেছে এবং এই ভেঙে পড়া অর্থনীতির চাপের ফলে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, গরিব মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। একদিকে এই অবস্থা, অন্য দিকে রাজ্যের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। প্রতি সপ্তাহে রেশন আনতে গিয়ে মানুষ দেখছে হয় চাল নেই, না হয় গম নেই, না হয় চিনি নেই। ফলে কালোবাজারে কিনতে হচ্ছে। মানুষের ওপর এই অর্থনৈতিক চাপের ওপর অবার লোড শেডিং চেপে বসেছে। কেরোসিন কালোবাজারে বিক্রি হচ্ছে ৮ টাকা থেকে ১০ টাকা লিটার—নাগরিক কমিটি করে কেরোসিন বিক্রি করা হচ্ছে। এর সঙ্গে আবার বাসের ভাড়া বাড়িয়ে দেওয়া হয়েছে। ফলে সামগ্রিক অর্থনৈতিক চাপে মানুষের জীবন একেবারে দুর্বিসহ হয়ে উঠেছে। বাঁধা মাইনের মধ্যবিত্ত মানুষ জীবন চালাতে পারছে না। এই পরিস্থিতিতে আমি অবিলম্বে খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, গত এক মাস ধরে মুর্শিদাবাদ জেলার সর্বত্র বাস ধর্মঘট চলছে। বাস মালিকরা বলছে, তারা প্রগতিশীল। বাস ইউনিয়ন যারা করে তারাও বলেছে যে, তারাও প্রগতিশীল। আর আমাদের জেলাশাসকের নাম লাম্বা এবং লাম্বা আমাদের ভারতীয় ক্রিকেটার লাম্বার মতোই অনিশ্চিত। দীর্ঘদিন ধরে চলাচল বন্ধ থাকার ফলে মুর্শিদাবাদ জেলার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। প্রশাসন এখন পর্যন্ত হস্তক্ষেপ করেনি। গোটা জেলার মানুষ প্রচণ্ড বিক্ষুব্ধ হয়ে উঠেছেন এবং তা একটা বিপজ্জনক জায়গায় গিয়ে পৌঁছেছে। কেবল মাত্র কিছু স্টেট বাস চলাচল করছে এবং তার ওপরই এখন মানুষ নির্ভরশীল। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় পরিবহণ মন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। ওখানে মালিক এবং ইউনিয়ন উভয়েই প্রগতিশীল হয়ে যে অবস্থার সৃষ্টি করেছে, অবিলম্বে তার অবসান প্রয়োজন। অন্তত অবিলম্বে বেশি সংখ্যায় স্টেট বাস চালাবার ব্যবস্থা করা হোক। আজকে গোটা মুর্শিদাবাদ জেলা স্তব্ধ হয়ে গেছে, মানুষ যাতায়াত করতে পারছে না, গ্রাম শহর বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অবিলম্বে পরিবহন মন্ত্রীর কাছে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় স্পিকার, স্যার, ভারতবর্ষের প্রধানমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন যে, কালোবাজারিদের ধরতে হবে। স্যার, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এই হাউসে গত দু'দিন ধরে সরকারি দলের বন্ধু যাঁরা এখানে বসে আছেন তাঁরা একজনও কেউ জিনিসপত্রের দাম বাড়ার বিষয়ে মেনসন বা জিরো আওয়ারে একটা কথাও বললেন না। কেন বললেন না? তা আমি জানি না। কিন্তু স্যার, আমি একটা কথা আপনাকে বলছি যে, ওঁরা এ বিষয়ে আন্দোলনের কথা বলছেন। তবে মানুষ আর ওঁদের কথা বিশ্বাস করবে না। ওঁদের ঐ আন্দোলন খেলা মানুষ আর বিশ্বাস করবে না। কেন না, স্যার, মানুষ দেখছে একদিকে বোতাম টিপে অক্সিজেন সাপ্লাই করে কেন্দ্রীয় সরকারকে ওঁরা সংসদে বাঁচিয়ে রেখেছেন, আর একদিকে এখানে আন্দোলনের নামে চিৎকার করছেন। ওঁরা বলছেন, আন্দোলন করবেন, গণ-আন্দোলন করবেন, দিল্লিতে বিধানসভা থেকে দল যাবে। মানুষ এখন আর ওঁদের ঐসব কথায় ভুলছে না। ওঁরা ভাবেন পশ্চিমবাংলার মানুষ বোকা, গাধা। কিন্তু ওঁরা জানেন না যে, ওঁদের কথায় আর পশ্চিমবাংলার মানুষ ভুলছে না। আমি দাবি করছি প্রকৃতই যদি ওঁরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে চান, তাহলে কংগ্রেস দল ওঁদের সঙ্গে যুক্ত হয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করবে। জিনিসপত্রের

দাম কমাবার জন্য যদি সত্যিই প্রকৃত আন্দোলন ওঁরা করেন তাহলে নিশ্চয়ই আমরাও ওঁদের সঙ্গে আন্দোলন করব। কিন্তু আমি জানি ওঁরা তা করতে পারবেন না। ওঁদের আন্দোলন করার ভূমিকা নষ্ট হয়ে গেছে। ওঁরা এখন বলছেন, বন্ধ করব না, বিশ্বনাথ প্রতাপকে বিপদে ফেলব না। এই কথা আজকে ওঁদের কাছ থেকে শুনছি। আজকে ওঁদের চরিত্র কোথায়? ওঁদের একটা লোকেরও আজকে মেরুদণ্ড নেই যে, ঐ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কথা বলতে পারেন। মেরুদণ্ডহীন নেতৃত্ব দিয়ে এই রাজ্যের জিনিসপত্রের দাম কমানো যাবে না। স্যার, হু হু করে জিনিসপত্রের দাম বাড়ছে, সাধারণ মানুষ প্রচণ্ড অসুবিধার মধ্যে আছে। স্যার, ভাবলেও দুঃখ লাগে ওঁরা ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের ওপর সাবসিডি দাবি করেছিলেন। জ্যোতিবাবু অনেক জিনিসের ওপরই সাবসিডি দেন, শ্যামলবাবু এখানে বসে আছেন, বাস, ট্রামে সাবসিডি দিচ্ছেন, অথচ খাদ্যে সাবসিডি দিচ্ছেন না। এই রাজ্যে অন্তত নিজেদের দাবি অনুযায়ীই ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস সাবসিডি দিয়ে বিক্রয় করার ব্যবস্থা করুন, তাহলে বুঝব সাধারণ মানুষের প্রতি ওঁদের দরদ আছে। তা নাহলে ভেড়ার দলের মতো আন্দোলনের আওয়াজের কোনও মূল্য নেই।

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবার পশ্চিমবাংলায় কয়েকটি জেলায় যে আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব হয়েছিল আমাদের সরকার, আমাদের চিকিৎসক এবং অন্যান্য সকলের প্রচেষ্টায় তার মোকাবিলা করা হয়েছে খুব প্রশংসনীয়ভাবে। আমি এই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই, প্রথমে যে অসুবিধা দেখা দিয়েছিল তা হচ্ছে স্যালাইন পাওয়া যাচ্ছিল না। এর ফলে রোগীদের চিকিৎসা করতে অসুবিধা হয়েছিল এবং হাসপাতালে অন্যান্য যে সমস্ত প্রয়োজনীয় ওষুধ তারও অভাব হয়েছিল। এস. ও. এস. পাঠিয়ে সেইসব ওষুধ আনতে দেরি হয়েছে। ব্লিচিং পাউডার, হ্যালোজেন এবং অন্যান্য যে সমস্ত ট্যাবলেট সেগুলো এসেছে পরে, ইতিমধ্যে রোগ ছড়িয়ে গিয়েছিল। ুধু আন্ত্রিক রোগ নয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতিতে দেখেছি কলেরাও ছড়িয়ে পড়েছিল বীরভূমে এবং এর ফলে কলেরা এবং আন্ত্রিকে বেশ কিছু লোক মারা গেছে। এখনও এটা চলছে, সমস্ত প্রতিরোধ করা যায়নি। আমি বিধানসবার পক্ষ থেকে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, এই ব্যাপারে অনুসন্ধান করেছেন কিনা হঠাৎ এই বছর রোগটা ছড়িয়ে পড়ল কেন এবং এর প্রতিরোধের জন্য কি কার্যকর ব্যবস্থা নিয়েছেন যাতে ভবিষ্যতে এই রকম ঘটনা না ঘটে?

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত লজ্জাকর কাহিনী আপনার মাধ্যমে তুলে ধরছি। আপনি নিশ্চয়ই শুনেছেন কিছুদিন আগে বানতলায় এবং বিরাটিতে নারীর সম্মান এবং নারীর ইজ্জত নষ্ট হয়েছে। গত রবিবার দক্ষিণ ২৪ পরগনা জেলায় ক্যানিং থানার গোলাবাড়ি লাটের কৃপাখালিগ্রামে মালতি দাস নামে ২৪ বছরের একটি মেয়েকে ৫ জনে রেপ করেছে। মালতি দাস ঘরের মধ্যে ঘুমিয়ে ছিল। রাত্রি ১১টার সময় গোলাবাড়ি লাটের ৫—৬ জন ছেলে মালতিকে রেপ করে। এই ব্যাপারে ক্যানিং থানার পুলিশকে জানানো হয়, কিন্তু যেহেতু ঐ ধর্ষণকারীরা প্রত্যেকে সি. পি. এমের সদস্য এবং অ্যাকটিভ কর্মী তাই ক্যানিং থানার পুলিশ, সি. আই. আজ পর্যন্ত কাউকে অ্যারেস্ট করেনি। পরের দিন মালতি দাস তার ৪-৫ জন আত্মীয়স্বজন এবং গ্রামের লোকেদের নিয়ে ক্যানিং থানায় ডায়েরি করে। মালতি দাস এখন পুলিশ হাসপাতালে ভর্তি আছে। বামফ্রন্ট সরকারের

বাইরে চলে গেছে এবং এই ভেঙে পড়া অর্থনীতির চাপের ফলে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, গরিব মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। একদিকে এই অবস্থা, অন্য দিকে রাজ্যের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। প্রতি সপ্তাহে রেশন আনতে গিয়ে মানুষ দেখছে হয় চাল নেই, না হয় গম নেই, না হয় চিনি নেই। ফলে কালোবাজারে কিনতে হচ্ছে। মানুষের ওপর এই অর্থনৈতিক চাপের ওপর অবার লোড শেডিং চেপে বসেছে। কেরোসিন কালোবাজারে বিক্রি হচ্ছে ৮ টাকা থেকে ১০ টাকা লিটার—নাগরিক কমিটি করে কেরোসিন বিক্রি করা হচ্ছে। এর সঙ্গে আবার বাসের ভাড়া বাড়িয়ে দেওয়া হয়েছে। ফলে সামগ্রিক অর্থনৈতিক চাপে মানুষের জীবন একেবারে দুর্বিসহ হয়ে উঠেছে। বাঁধা মাইনের মধ্যবিত্ত মানুষ জীবন চালাতে পারছে না। এই পরিস্থিতিতে আমি অবিলম্বে খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, গত এক মাস ধরে মুর্শিদাবাদ জেলার সর্বত্র বাস ধর্মঘট চলছে। বাস মালিকরা বলছে, তারা প্রগতিশীল। বাস ইউনিয়ন যারা করে তারাও বলেছে যে, তারাও প্রগতিশীল। আর আমাদের জেলাশাসকের নাম লাম্বা এবং লাম্বা আমাদের ভারতীয় ক্রিকেটার লাম্বার মতোই অনিশ্চিত। দীর্ঘদিন ধরে চলাচল বন্ধ থাকার ফলে মুর্শিদাবাদ জেলার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। প্রশাসন এখন পর্যন্ত হস্তক্ষেপ করেনি। গোটা জেলার মানুষ প্রচণ্ড বিক্ষুব্ধ হয়ে উঠেছেন এবং তা একটা বিপজ্জনক জায়গায় গিয়ে পৌঁছেছে। কেবল মাত্র কিছু স্টেট বাস চলাচল করছে এবং তার ওপরই এখন মানুষ নির্ভরশীল। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় পরিবহণ মন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। ওখানে মালিক এবং ইউনিয়ন উভয়েই প্রগতিশীল হয়ে যে অবস্থার সৃষ্টি করেছে, অবিলম্বে তার অবসান প্রয়োজন। অন্তত অবিলম্বে বেশি সংখ্যায় স্টেট বাস চালাবার ব্যবস্থা করা হোক। আজকে গোটা মুর্শিদাবাদ জেলা স্তব্ধ হয়ে গেছে, মানুষ যাতায়াত করতে পারছে না, গ্রাম শহর বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অবিলম্বে পরিবহন মন্ত্রীর কাছে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় স্পিকার, স্যার, ভারতবর্ষের প্রধানমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন যে, কালোবাজারিদের ধরতে হবে। স্যার, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এই হাউসে গত দু'দিন ধরে সরকারি দলের বন্ধু যাঁরা এখানে বসে আছেন তাঁরা একজনও কেউ জিনিসপত্রের দাম বাড়ার বিষয়ে মেনসন বা জিরো আওয়ারে একটা কথাও বললেন না। কেন বললেন না? তা আমি জানি না। কিন্তু স্যার, আমি একটা কথা আপনাকে বলছি যে, ওঁরা এ বিষয়ে আন্দোলনের কথা বলছেন। তবে মানুষ আর ওঁদের কথা বিশ্বাস করবে না। ওঁদের ঐ আন্দোলন খেলা মানুষ আর বিশ্বাস করবে না। কেন না, স্যার, মানুষ দেখছে একদিকে বোতাম টিপে অক্সিজেন সাপ্লাই করে কেন্দ্রীয় সরকারকে ওঁরা সংসদে বাঁচিয়ে রেখেছেন, আর একদিকে এখানে আন্দোলনের নামে চিৎকার করছেন। ওঁরা বলছেন, আন্দোলন করবেন, গণ-আন্দোলন করবেন, দিল্লিতে বিধানসভা থেকে দল যাবে। মানুষ এখন আর ওঁদের ঐসব কথায় ভুলছে না। ওঁরা ভাবেন পশ্চিমবাংলার মানুষ বোকা, গাধা। কিন্তু ওঁরা জানেন না যে, ওঁদের কথায় আর পশ্চিমবাংলার মানুষ ভুলছে না। আমি দাবি করছি প্রকৃতই যদি ওঁরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে চান, তাহলে কংগ্রেস দল ওঁদের সঙ্গে যুক্ত হয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করবে। জিনিসপত্রের

যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। বিশেষ করে আরামবাগ-কোতুলপুর, আরামবাগ-হাজিপুর, আরামবাগ-বন্দর, আরামবাগ-বর্ধমান, আরামবাগ থেকে ডানকুনি পর্যন্ত প্রতিটি রাস্তার অবস্থা শোচনীয়। অধিকাংশ দিনই দুর্ঘটনা ঘটছে। মানুষ মারা যাচ্ছে। এমনকি আরামবাগ-কোতুলপুর ৩০ নং রুটে বাসকে দুই জায়গায় যাত্রী নামিয়ে চলাচল করতে হয়, কারণ রাস্তাগুলির মধ্যে বিরাট গর্ত। যাতে রাস্তাগুলি অবিলম্বে সংস্কার করা হয় এবং গাড়ি চলাচলে বিঘ্ন না ঘটে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার ঃ** মিঃ স্পিকার স্যার, সারা বাংলায়, কলকাতায় কেরোসিনের হাহাকার চলছে। মাননীয় খাদ্য মন্ত্রী একটা বিবৃতি দিয়ে চলে গেলেন। আমি আপনার মারফতে সরকারকে জিজ্ঞাসা করতে চাই, অবশ্য যদি কোনও সরকার পশ্চিমবঙ্গে থাকেন। এতদিন শুনে আসছিলাম যে ব্যবসায়ীরা বাজার কন্ট্রোল করার জন্য স্টক করে চলেছেন। কিন্তু আজকে টেলিগ্রাফ কাগজে বেরিয়েছেন যে সি. পি. এম. কেরোসিন তেলের জন্য কর্নারিং করছে। জানি না কাগজে ভুল ছেপেছে কিনা, যদি তাই হয় তাহলে কাগজের উপর আইনগত ব্যবস্থা নেওয়া উচিত, ভুল না হলে যদি সত্যিকারের খবর ছাপা হয়....

(এই সময়ে মাইক বন্ধ হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন।)

**শ্রী পাণ্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ের কথা সমস্ত মাননীয় সদস্যই জানেন। সবাই সেখানে গেছেন, সেই অযোধ্যা পাহাড়ে প্রায় ১৫ হাজার মানুষের বাস। সমস্ত তফসিলি জাতি এবং উপজাতিরা এখানে বাস করেন। এখানে ২১টি প্রাইমারি স্কুল আছে, কিন্তু অদ্যাবধি সেখানে মাধ্যমিক শিক্ষার কোনও ব্যবস্থা হয়নি। ১৯৮৬ সালে সেখানে একটি জুনিয়ার হাই স্কুল খোলা হয়েছে ক্লাস টু পর্যন্ত। কাজেই ওখানকার ছেলেমেয়েদের ক্লাস ফোর-ফাইভ পর্যন্ত পড়ার পর আর পড়ার সুযোগ হচ্ছে না। যাতে ওখানে একটি মাধ্যমিক স্কুল করা যায় সেজন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে যে সমস্ত শিক্ষক এবং সরকারি কর্মচারী ও অন্যান্য পেশায় নিযুক্ত লোক আছেন তাঁদের প্রত্যেককে প্রফেশনাল ট্যাক্স দিতে হয়। এইসব শিক্ষক এবং কর্মচারিদের দফায় দফায় মহার্ঘভাতা এবং বেতন বেড়েছে, প্রফেশনাল ট্যাক্সের হারেরও পুনর্বিন্যাস হয়েছে। কিন্তু ঐ ট্যাক্স ঠিকমতো আদায় হচ্ছে কিনা সেটা দেখবার মতো মেশিনারি এই বলে সেটা দেখা হচ্ছে না। কিন্তু সম্প্রতি অফিসাররা বিগত দশ বছরের হিসাব চেয়ে বিভিন্ন প্রতিষ্ঠানকে নথিপত্র পেশ করতে বলেছেন। বেতন বেড়েছে, কিন্তু সংশোধিত প্রফেশনাল ট্যাক্সের হার জানা যাচ্ছে না, শিক্ষকরা সংশোধিত হাতে বেতনও পাচ্ছেন না। সেজন্য যেভাবে এই ট্যাক্সের টাকা কাটা উচিত ছিল তা না কাটায় বকেয়া থেকে গেছে, কিন্তু অফিসারা এখন সেটাকে দ্বিগুণ ধার্য করে স্কুলগুলির কাছে পাঠিয়ে দিচ্ছেন। সেজন্য আমার অনুরোধ, মাননীয় অর্থমন্ত্রী যেন বিষয়টা দেখেন এবং যাঁরা ডিসেম্বর মাসের মধ্যে টাকাটা দিয়ে দেবেন তাঁদের সুদের টাকা যেন মকুব করেন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষামন্ত্রী

এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার পোলবা এবং দাশপুর ব্লকে ৩টি গার্লস স্কুল এবং ২২টি ছেলেদের স্কুল আছে, কিন্তু কোনও উচ্চ মাধ্যমিক স্কুল না থাকার জন্য মাধ্যমিক পাশ করে বেরোবার পর সবাই পড়াশুনার সুযোগ পাচ্ছে না, অনেককেই পড়াশুনা ছেড়ে দিতে হচ্ছে। যাতে ঐ দুটি ব্লকে উচ্চ মাধ্যমিক স্কুল মঞ্জুর করা হয় তার জন্য সিলেকশন কমিটি তাঁদের রিপোর্টও পাঠিয়ে দিয়েছেন, কিন্তু স্কুল মঞ্জুর হয়নি। সেজন্য মাধ্যমিক শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে ঐ দুটি ব্লকে উচ্চ মাধ্যমিক স্কুল মঞ্জুর করা হোক।

**শ্রী হৃষিকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি অত্যন্ত আনন্দিত যে, মাননীয় সেচমন্ত্রী সভায় উপস্থিত আছেন। আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে একটি গুরুতর চিঠি পেলাম আমাদের এলাকা থেকে যে, গতকাল কাকদ্বীপ থানার শিবপল্লী, মদুসূদননগর, কালীনগর ইত্যাদি গ্রামের মধ্যে বাঁধ ভেঙে নোনা জল ঢুকবার ফলে চাষ নষ্ট হয়েছে। আমি আশঙ্কা করছি কাকদ্বীপ, সাগর, নামখানা এবং পাথরপ্রতিমা ব্লকের অনেক জায়গায় ভাঙন হবে এবং নোনা জল ঢুকবে। এটা আপনি জরুরি ভিত্তিতে লক্ষ্য করুন। আর একটি কথা হল, আমি এ বিষয়ে চিফ ইঞ্জিনিয়রের সঙ্গে কথা বলেছি। ওঁরা টাকার অভাবের কথা বলেন। ঐসব বাঁধ মেরামতির এস্টিমেট অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ররা মার্চ মাসেই চিফ ইঞ্জিনিয়রের কাছে পাঠিয়ে দিয়েছেন, কিন্তু কাজ হয়নি। যদিও টাকার অভাব সেচ দপ্তরে আছে, কিন্তু আজকে একথা বলে তাঁরা বামফ্রন্টের ভাবমূর্তি নষ্টই করছেন। আমি সেচমন্ত্রীকে এ বিষয়ে জরুরি ভিত্তিতে নজর দিয়ে বাঁধ মেরামতির জন্য বলছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় গত তিন সপ্তাহ যাবত গ্রামে চিনি পাওয়া যাচ্ছে না। কেন পাওয়া যাচ্ছে না আমি জানি না। এ-বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি। দ্বিতীয়ত বর্তমানে কলকাতার অধিকাংশ দোকানে কোনও ভোজ্য তেল পাওয়া যাচ্ছে না। শুনেছি, সরকারি গুদামে ভোজ্য তেল আছে, কিন্তু এ. আর. শপগুলি সেই তেল তুলছে না। আজকে কলকাতায় ভোজ্য তেলের দাম বাড়বার কারণ হল রেশনের দোকান থেকে তা না পাওয়া। এইজন্য বিষয় দুটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হিমাংশু কোঙার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাভাষা সরকারিভাবে চালু হলেও এখনও কিন্তু তা অফিস আদালতে সম্পূর্ণ চালু হয়নি। ফলে হাজার হাজার গ্রাম পঞ্চায়েত সদস্য যাঁরা আছেন তাদের খুবই অসুবিধা হচ্ছে, কারণ ইংরাজী বোঝার মতো শিক্ষাগত যোগ্যতা তাদের নেই।

[3-20—4-00 P.M.] (including adjournment)

তার ফলে কি হচ্ছে? যে সমস্ত চিঠিপত্র অঞ্চলে যায় তার মর্মোদ্ধার করা কঠিন হয়ে পড়ছে। স্বাভাবিকভাবে গ্রামবাংলায় পঞ্চায়েতের কাজের অসুবিধা হয়। আমি অনুরোধ করব অফিস আদালত থেকে বাংলা ভাষায় চিঠিপত্র যেন পঞ্চায়েতগুলিতে দেয়। পঞ্চায়েতে বাংলা টাইপ মেসিনের দরকার আছে এবং একজন টাইপিস্টের দরকার আছে। বাংলা ভাষার প্রয়োগ পঞ্চায়েতগুলিতে করা এবং একজন টাইপিস্ট এবং একটি করে টাইপ মেসিন পঞ্চায়েতগুলিতে বিশেষভাবে দরকার আছে বলে আমি মনে করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সারা পশ্চিমবাংলায় বেশ কয়েক লক্ষ চাষী পান চাষ করে জীবিকা অর্জন করে এবং পান চাষের আয়তন বাড়ছে এবং পান চাষীর সংখ্যা বাড়ছে। কিন্তু এই পান চাষীরা বর্তমানে চরম সঙ্কটে পড়েছে। এই ব্যাপারে আমাদের রাজ্য সরকার ওয়াকিবহাল আছে কিন্তু আমাদের কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে গুরুত্ব দিচ্ছেন না বলে আমি মনে করি। কারণ পান রাজ্য সরকার কৃষি পণ্য তালিকায় অন্তর্ভুক্ত করেছেন কিন্তু কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে এটা করছেন না। রাজীব সরকার যখন ছিল তখন তাঁদের কাছে দাবি করা হয়েছিল এটাকে কৃষি পণ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হোক। কারণ পান চাষেতে অভাব পড়ে গিয়েছে, পান চাষীরা চরম সঙ্কটে পড়েছে। আপনার মাধ্যমে আমি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এই সভার সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে নেতাজী সুভাষ বোস দক্ষিণ-পূর্ব এশিয়ায় আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠা করবার জন্য আজাদ হিন্দ সেনাবাহিনী গঠন করে ইংরেজ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন দেশ স্বাধীনের জন্য। আমরা জানি একটা ঘটনা ঘটেছিল ১৯৪৫ সালের ১৮ই আগস্ট। নেতাজী সায়গন থেকে মাঞ্চুরিয়া প্লেনে করে যান। পরবর্তীকালে ঘোষণা করা হয় তিনি এই প্লেন ক্র্যাসে মারা যান। কিন্তু আমরা জানি তিনি এইভাবে মারা যাননি। এই ব্যাপারে ভারত সরকার দু'বার কমিশন বসিয়েছিলেন, একটা হচ্ছে শাহ্নওয়াজ কমিশন এবং আর একটি হল ঘোষলা কমিশন। এই দুটি কমিশনের রিপোর্ট ভারত সরকার গ্রহণ করতে পারেননি, এটা আমরা জানি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে, আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি কিছু সংখ্যক মানুষ আজকে ষড়যন্ত্র করে নেতাজীর চিতাভস্মর নাম করে চিতাভস্ম আনার চেষ্টা করছে। এটা অত্যন্ত ষড়যন্ত্রের ব্যাপার। ভারত সরকার বিশ্বাস করেনি যে এই প্লেন ক্র্যাসে নেতাজী মারা গিয়েছেন। এই সম্পর্কে আমাদের কাছে বহু তথ্য আছে যে নেতাজীর সেই দিন তাইহোকু বিমান দুর্ঘটনায় মৃত্যু হয়নি। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য কিছুদিন আগে লোকসভায় প্রধানমন্ত্রী এই সম্পর্কে বললেন যে এই চিতাভস্ম ভারতবর্ষে আনা হবে না। এই ব্যাপারে একটা ষড়যন্ত্র হচ্ছে। একটা কথা ভারতবর্ষের ইতিহাসে লেখা থাকবে যে একজন বিপ্লবীর শুধু জন্ম তারিখ থাকবে কিন্তু মৃত্যু তারিখ থাকবে না। এই ষড়যন্ত্রের আমি প্রতিবাদ করছি। এই চিতাভস্ম এনে নেতাজীর মৃত্যু হয়েছে এটা বলতে চাইছে। তাঁর যে লড়াই তার বিরুদ্ধে যে ষড়যন্ত্র হচ্ছে তার আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী মনীন্দ্রনাথ জানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হুগলি জেলায় জাঙ্গীপাড়া থানা এলাকার, হাওড়ার উদয়নারায়ণপুর থানা এলাকার এবং আমতা থানা এলাকার মানুষজনকে হাওড়ার মাকড়দহ, বাঁকড়া দিয়ে যে রাস্তাটি এসেছে সেই রাস্তা দিয়ে বাসে করে আসতে হয়। কংগ্রেসি বন্ধুদের এই যে কয়েক দিন আগে থেকে যে আন্দোলন শুরু হয়েছে সেই আন্দোলনের সময় থেকে প্রতিদিন বাঁকড়া বাজারের কাছে কংগ্রেসের কিছু অসামাজিক মানুষ বাসগুলিকে আক্রমণ করছে এবং বাসগুলিকে যেতে দিচ্ছে না, বাসের কাঁচ এবং অন্যান্য সমস্ত কিছু ভাঙচুর করছে। ফলে আমাদের এলাকার এবং ওই সমস্ত এলাকার মানুষের কলিকাতায়

আসতে অবর্ণনীয় দুর্দশার মধ্যে পড়তে হচ্ছে।

আমি অনুরোধ করব, আমাদের স্বরাষ্ট্র বিভাগ ওখানে অন্ততপক্ষে পুলিশি ব্যবস্থা করে বাসগুলো যাতে ভালভাবে চলাচল করতে পারে সেদিকে লক্ষ্য রাখেন।

**শ্রী সুনীল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্রব্যমূল্য বৃদ্ধির নাম করে কংগ্রেস আন্দোলনের নামে যে নাশকতামূলক কাজ করছে তাতে দেখা গেছে গত ১৬ তারিখে যখন কলকাতা বন্‌ধ, তাকে কিভাবে কার্যকর করবে তারজন্য মফঃস্বলের রেল লাইনে নানা রকম নাশকতামূলক কাজ করেছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত, বৈদ্যবাটীতে রেলের সিগন্যাল নষ্ট করে দিয়ে মিছিল নিয়ে এসেছে। ঐ মিছিল নিয়ে আসার সময়ে বৈদ্যবাটী পৌরসভার উপ-প্রধান তাঁরই অফিসের ইউনিয়নের তথা শ্রমিক কর্মচারিদের নেতা সীতাংশু মজুমদার যখন সাড়ে দশটার সময়ে অফিসে যাচ্ছিলেন তখন ভাইস চেয়ারম্যান নিজে লাঠি দিয়ে—তাঁরই পৌরসভার কর্মচারী এবং একজন শ্রমিক আন্দোলনের নেতা তাঁর পাঁজরে মারেন এবং ঢিল দিয়ে মাথায় মারেন। সীতাংশুবাবু ইউনিয়নের একজন নেতা, চন্দননগর হাসপাতালে ভর্তি আছেন, সেখানে তাঁর চিকিৎসা হচ্ছে। দোষী ঐ উপ-প্রধানকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং তাঁর আমি শাস্তি দাবি করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সম্প্রতি পশ্চিমবাংলায় নতুন পদ্ধতিতে যে আন্দোলন শুরু হয়েছে তা এই হাউসে বিবৃতি করছি। এই আন্দোলনের ফলে দেখা যাচ্ছে যে সাধারণ মানুষ খুব আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। প্রতিদিন ভোরবেলা মানুষ নেয়েখেয়ে অফিসে বেরোচ্ছেন, অপরদিকে কতকগুলো লোক দেখা যাচ্ছে রেল অবরোধ করে বলছে—'বুঝলে হলধর, তুমিও যাবে না, আমিও যাব না।' বেলা ১২টা পর্যন্ত এইভাবে আটকে থাকার পর অফিস যাত্রী লোকেরা বাড়িতে ফিরে যাচ্ছেন। তাঁদের সি. এল. নষ্ট হচ্ছে, অফিসে যেতে পারছেন না, কাজকর্ম বন্ধ হচ্ছে। আন্দোলনের নাম করে এরা সাধারণ মানুষের জীবনকে অতিষ্ঠ করে তুলেছে। শুধু তাই নয়, শ্রীরামপুরের মতো জায়গায় আগুন দিয়ে ট্রেন পুড়িয়ে দিয়েছে। পাণ্ডুয়াতে আগুন জ্বালিয়ে দিয়েছে।

**শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। ইহা কি সত্য যে, মিনিবাস সরকার নির্দিষ্ট বাড়তি ভাড়া আদায় করছে না, বা দিচ্ছে না? কলকাতা আর. টি. এ. কি সরকারি আদেশ অমান্য করছে? স্পেশাল বাসে ভাড়া যে ভাবে বর্ধিত হয়েছে, মিনিবাসের ভাড়া কি সেই ভাবে বর্ধিত হয়েছে? কলকাতার আঞ্চলিক পরিবহন দপ্তর খুশিমতো ফেয়ার চার্ট তৈরি করেছেন কি? কলকাতার আর. টি. এ. যদি এটা করে থাকেন, তাহলে সরকার কি ব্যবস্থা নিয়েছেন? আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাইছি যে, সরকারি গেজেটে রয়েছে আপ টু ৭ কি.মি. ৫০ পয়সা, আর নতুন ফেয়ার চার্ট অনুযায়ী আপ টু ৭ কি.মি. ৭০ পয়সা। এটা ফর এভরি ২ কি.মি. অর পার্ট দেয়ার অফ সাবজেক্ট টু এ ম্যাক্সিমাম ইনক্রিজ অফ ৫০ পয়সা পার টিকিট। আর. টি. এ. থেকে তিনখানা ফেয়ার চার্ট করেছে। তিনখানার চেহারা তিন রকম। আর. টি. এ. তাদের ইচ্ছামত, খুশিমত ফেয়ার চার্ট করবে, এই অধিকার তিনি দিয়েছেন কিনা এবং দিয়ে থাকলে তা পরিবর্তন করার দায়িত্ব কার? এটা পরিবর্তন করা দরকার, তা

না হলে মিনিবাস চলবে না, লোকে মিনিবাসে ভাড়া দেবে না। এই অ্যানোমালি চলতে থাকলে অরাজকতা সৃষ্টি হবে।

(At this stage the House was adjourned till 4 P.M.)

[4-00—4-10 P.M.] (After adjournment)

## LEGISLATION

**The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990**

**Shri Kanti Biswas :** Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990.

(Secretary there read the Title of the Bill)

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990, be taken into consideration.

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী প্রাথমিক, মাধ্যমিক বিভাগ পশ্চিমবঙ্গ পর্ষদ ১৯৬৩ সালের যে শিক্ষা সংক্রান্ত অ্যামেন্ডমেন্ট বিলের উপরে যে সংশোধনী এনেছেন আমি নিশ্চয় জানি মাননীয় মন্ত্রিমহাশয় যে কারণে এই সংশোধনী আনুন না কেন এরমধ্যে একটা বিরাট উদ্দেশ্য যে আছে তাতে কোনও সন্দেহ নেই। প্রথমতো আমরা দেখছি যে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে বিরাট ত্রুটি আছে। আমরা যখন এই দপ্তরে দায়িত্বে ছিলাম তখন পণ্ডিত ব্যক্তিদের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে চেয়ারম্যান করা হয়েছিল। ১৯৭৭ সালে যেমন ছিল অধ্যাপক সত্যেন্দ্রমোহন চট্টপাধ্যায় কিন্তু তার পরবর্তীকালে আজকে যারা ট্রেজারি বেঞ্চে বসে আছেন, তারা দায়িত্বে এসেই পশ্চিমবঙ্গে মধ্যশিক্ষা পর্ষদে এমন একজন ব্যক্তিকে চেয়ারম্যান করলেন যিনি কম্পার্টমেন্টাল নিয়ে বি.কম পাস করেছেন। মধ্যশিক্ষা পর্ষদের চেয়ারম্যান হয়ে সেই ব্যক্তি বহুদিন যাবত শিক্ষা পরিচালনা করেছিলেন। তারই আমলে চরম দলবাজি, সিলেবাস কমিটি, একজামিনেশন কমিটি, অ্যাপিল কমিটি প্রভৃতি হয়েছিল এবং প্রত্যেকটি ব্যাপারই ত্রুটিপূর্ণ ছিল। বছরের পর বছর পরীক্ষার ফলাফল ঠিকমতো প্রকাশিত হয়নি। বছরের পর বছর প্রশ্নপত্র আউট হয়ে গেছে। স্কুলের অনুমোদন করতে গিয়ে চরম দলবাজি করা হয়েছিল। যেখানে কোনও ছাত্র-শিক্ষক নেই সেখানে রাতারাতি ব্যাঙের ছাতার মতো স্কুলগুলি অনুমোদন করা হয়েছিল। তারা পলিটিক্যাল পার্টির অনুমোদনে ডিটো মেরে গেছে। তারপরে নতুন আরেকজন চেয়ারম্যান হলেন রঞ্জুগোপাল মুখার্জি। তাঁর রাজত্বে আরও চরম দুর্নীতি ঘটেছে। দিনের পর দিন প্রশ্নপত্র আউট হয়ে গেছে। এমন কি থানায় পরীক্ষার ৭ দিন আগে প্রশ্নপত্র আউট হয়ে গেছে। রঞ্জুগোপাল মুখার্জির আমলে আমি এর বিরুদ্ধে বহুবার প্রতিবাদ করেছি। আমি এই নিয়ে অন্তত ৪ বছর ধরে বার বার ইলেকটেড হয়ে আসছি। মাননীয় শিক্ষামন্ত্রীকেও তাঁর বিরুদ্ধে বলেছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রী আমার বন্ধু স্থানীয় লোক, সতীর্থ, আমরা একইসঙ্গে শিক্ষাদান করে থাকি এবং আমরা দু'জনেই শিক্ষক। কিন্তু আমার এত বলা সত্ত্বেও মাননীয় শিক্ষামন্ত্রী ওইসব রাঘব বোয়ালদের

দূর করতে পারেননি বা কোনও সংস্কার করতে পারেননি। এই মধ্যশিক্ষা পর্ষদ একটা বাস্তুঘুঘুর বাসায় পরিণত হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী এর আগে ৫ বছর শিক্ষামন্ত্রী ছিলেন এবং এইবারও ৪ বছর ধরে শিক্ষামন্ত্রী হয়ে রয়েছেন। এর আগে পার্থ দে প্রাথমিক শিক্ষামন্ত্রী ছিলেন। তারপরে মাননীয় কান্তিবাবু শিক্ষামন্ত্রী হলেন কিন্তু মধ্যশিক্ষা পর্ষদের ঘুঘুদের বাসা তিনি এখনও পর্যন্ত ভাঙতে পারলেন না।

এবারে আবার নতুন করে আর একজনকে চেয়ারম্যানের দায়িত্ব দিয়েছেন। আজকে তাঁর কাছে আমরা তাই বলতে চাই যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে ছাত্রছাত্রীদের অভিভাবকদের এবং শিক্ষা অনুরাগীদের সুবিধার জন্য একে ঠিকমতো পথে পরিচালনা করার ব্যবস্থা হোক। এখানে যে দুর্নীতি আজকে বাসা বেঁধেছে সেখানে দেখা যাচ্ছে অডিট রিপোর্টে প্রত্যেক বছরেতে কোটি কোটি টাকা এখানে দুর্নীতি হয়ে গিয়েছে। কিন্তু সেই অডিট রিপোর্ট অনুযায়ী মন্ত্রী মহোদয় স্পেশাল অ্যাকশন গ্রহণ করেননি, যদিও এটা অটোনমাস বডি। মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব মধ্যশিক্ষা পর্ষদের ব্যাপারে আপনি ইন্টারফেয়ার করে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর অভিভাবকদের কথা চিন্তাকরে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের দুর্নীতি, অরাজক অবস্থা ও যে নৈরাজ্য চলছে সেটা আপনি বন্ধ করবার একটা ব্যবস্থা করুন। আজকে যে সিলেবাস কমিটি আছে সেখানে দলবাজি করার জন্য কিছু লোককে রাখা হয়েছে—যারা যোগ্য এবং এক্সপার্ট লোক, যাদের অভিজ্ঞতা আছে তারা আজকে সিলেবাস কমিটিতে নেই, তারা বঞ্চিত। ফলে ইংরাজির এমন একটা সিলেবাস হয়েছে যে সিলেবাসেতে গত বছরে ৮০ শতাংশ পাস করেছিল, সেই সিলেবাসে লার্নিং ইংলিশ বলে একটা বই দেওয়া হয়েছে যার নোট বই বাজার থেকে ৬০-৭০ টাকা দিয়ে কিনতে হয়। অথচ আমরা জেনেছিলাম লার্নিং ইংলিশের জন্য কোনও সহায়ক বই লাগবে না, সেখানে কালোবাজারি চলছে। কারা ইংরাজি পড়াবে, সেই ইংরাজি পড়াতে গিয়ে দেখা যাচ্ছে কিছু কিছু কমরেড টিচারকে দিয়ে ৬ মাস বা ৩ মাসের ট্রেনিং দিয়ে তাদের ছেড়ে দেওয়া হচ্ছে এবং তারা না পারছে পড়াতে, না পারছে ছেলেদেরকে বোঝাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছরে ইংরাজিতে ৬০ শতাংশ, ৭০ শতাংশ, ৮০ শতাংশ মার্কস পেয়েছে এমন ছাত্রছাত্রী আছে যারা একটা সিম্পেল সেনটেন্স বুঝতে পারে না, লিখতে পারে না, তারা ৮০ শতাংশ নম্বর পেয়ে গিয়েছে। আবার দেখা গেল এবারে ইংরাজিতে ফলাফল অত্যন্ত খারাপ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী তিনি এখানে একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং বলেছেন ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনে যা ফর্মেশান হয়েছে তাতে আরও তিনজন নন-টিচিং স্টাফকে আনতে চাইছেন। এই তিনজন নন-টিচিং স্টাফকে জানতে গেলে কান্তিবাবু নিশ্চয় তাঁর দলের লোককে জানাবেন, একটা জলপাইগুড়ি ডিভিশন, একটা প্রেসিডেন্সি ডিভিশান আর একটা বর্ধমান ডিভিশন। এখানে করার কিছু নেই তাই আমরা প্রতিবাদ করেও পারব না, পাস হয়ে যাবে। মাননীয় মন্ত্রী মহোদয়, উনি একটি স্কুলের হেড মাস্টার ছিলেন, আমি ওনাকে অনুরোধ করব এই নন-টিচিং স্টাফ বলতে আপনি যেন ক্লার্কের নিচে জানবেন না। যে ঘন্টা বাজায় তাকেও যদি মধ্যশিক্ষা পর্ষদের মিটিংয়ে বসিয়ে দেওয়া হয় তাহলে তাঁরা কিছু বুঝবে না। আমিও সেই ঘন্টা বাজানোর বাড়ির ছেলে অত্যন্ত নিম্ন ঘর থেকে এসেছি, কিন্তু যে একটা ঘন্টা বাজায়, ঝাঁট দেয় তারা যদি গিয়ে এই নন-টিচিং—মধ্যশিক্ষা পর্ষদের মিটিংয়ে বসে তাহলে তারা কিছু বুঝবেও না কাজও করতে পারবে না, তাই অন্তত

ক্লারিক্যাল র‍্যাঙ্ক পর্যন্ত এটা রাখুন। আপনি বলেছেন নন-টিচিং যারা তাদের থেকে তিনজনকে আনতে চান এবং আপনি এখানে লিখেছেন রিক্রুটমেন্ট রুলস, সার্ভিস কন্ডিশন সম্বন্ধে, এটা অলরেডি ১৯৬৩ এবং ১৯৭৫ সালে—যখন আমি শিক্ষা দপ্তরের দায়িত্বে ছিলাম—আমি ভালভাবে ক্লারিফাই করে দিয়ে এসেছি। আজকে যারা মধ্যশিক্ষা পর্যদে চাকরি করছে তাদের সার্ভিস কন্ডিশান কি, তাদের রিক্রুটমেট কিভাবে করা হবে, তারা বেতন কি পাবে সমস্ত কিছু করা আছে। এখানে আবার নতুনভাবে আপনি একটা ইন্ট্রোডিউস করে রেট্রোস্পেকটিভ এফেক্ট দিয়ে বলবেন যে এটা করলে ভাল হত, কিন্তু এটা কেঁচগণ্ডুস ছাড়া আর কিছু হবে না। তাই আপনার কাছে আমি অনুরোধ করছি, ঠিক আছে, আপনি যখন আবার নতুন করে ক্লারিফাই করে রেস্ট্রোস্পেকটিভ এফেক্ট দিয়ে একটা কেঁচগণ্ডুস করতে চাইছেন তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু ১৯৭৫ কিংবা ১৯৬৩তে যেটা করেছিলাম তাতে পরিষ্কার লেখা ছিল মধ্যশিক্ষা পর্যদে যারা চাকরি করেন তাদের রিক্রুটমেন্ট রুলস, সার্ভিস কন্ডিশন এবং স্যালারি কি হবে। মোটামুটি ঠিক আছে, তা যদি না থাকত তাহলে মধ্যশিক্ষা পর্যদ আজ এতদিন ধরে প্রায় ৩৭ বছর কি করে এটা পরিচালিত করতে পারল? মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই আজকে যে একজামিনার কমিটি আছে তাদের পরীক্ষা ব্যবস্থার ক্ষেত্রে একটা বিরাট ত্রুটি আছে যার জন্য আপনার মাথা হেঁট হচ্ছে। পরীক্ষার ৭ দিন আগে কোয়েশ্চেন আউট, অঙ্কের সঙ্গে ভূগোলের কোয়েশ্চেন আউট, সেকেন্ড পেপার বাংলার সঙ্গে ভূগোলের কোয়েশ্চেন আউট, কোনওদিন আবার কোয়েশ্চেন পাওয়া যাচ্ছে না, সেন্টারে কোয়েশ্চেন যাচ্ছে না। আজকে কি অবস্থা—পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রের চতুর্দিকে নৈরাজ্য, কান্তিবাবু চালাতে পারছেন না। যদিও মাননীয় মুখ্যমন্ত্রী তিনি উচ্চ শিক্ষার মন্ত্রী, তবুও শিক্ষামন্ত্রীকে বলব পশ্চিমবঙ্গের সকলেই জানেন কান্তিবাবু হচ্ছেন শিক্ষামন্ত্রী, তাই আপনার কাছে আমি অনুরোধ করতে চাই, আপনি একটা স্বচ্ছ, সুন্দর সুষ্ঠু কাঠামো তৈরি করে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ এবং হায়ার সেকেন্ডারি কাউন্সিলকে তৈরি করুন। অত্যন্ত দক্ষ, নিপূণ, অভিজ্ঞ লোক দিয়ে এটা পরিচালনা না করলে পশ্চিমবাংলার মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ মাত্রায় শেষ হয়ে যাবে।

[4-10—4-20 P.M.]

আজকে তাই পরীক্ষার ক্ষেত্রে আমরা দেখছি হায়ার সেকেন্ডারিতে ইংরাজি খাতা দেখার জন্য লোক পাওয়া যায় না। বি. ও.র খাতা দেখছি দু'হাজার, তিন হাজার করে। এক একটাতে সেখানে যাঁরা একজামিনার ছিল তাঁরা ১৪, ১৫ হাজার করে খাতা দেখেছে। মাধ্যমিকের ক্ষেত্রে একই হয়েছে। পরীক্ষার খাতা দেখবার ক্ষেত্রে যাঁরা আজকে এ. বি. টি. এ. করেন সেই এ. বি. টি. এর লোক পরীক্ষার খাতা দেখবার সুযোগ পাচ্ছে। এ. বি. টি. এ.র লোকে পেপার সেটার হচ্ছে। আপনাদের হাতে প্রেস ছিল, আজকে ছাপাবার দায়িত্ব অন্য লোক পাচ্ছেন। আপনি হাতের লোকগুলোকে মধ্যশিক্ষা পর্যদে ঢুকিয়ে দিচ্ছেন। যে কথা আপনাকে আগেই বলেছি, দলবাজি করবেন না। মধ্যশিক্ষা পর্যদের প্রেসিডেন্ট একটা পন্ডিত, জ্ঞানী-গুণী, বিদ্বান ব্যক্তি যাঁর অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি আছে, যাঁর প্রশাসনে দক্ষতা আছে, এমন একজন সৎ, নিষ্ঠাবান, চরিত্রবান লোক যাঁর শিক্ষাগত যোগ্যতা আছে সেই রকম লোক খুঁজে বের করে পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্যদ, উচ্চ মাধ্যমিক সংসদে দায়িত্ব দিন। ভবেশ মৈত্র

আমি আগেই বলেছি, যে কম্পার্টমেন্টালে বি.কম পাশ, তাঁকে আপনি নিয়েছিলেন মধ্যশিক্ষা পর্ষদের চেয়ারম্যান করে। অনিলা দেবী বি. টি. পরীক্ষা দিয়ে তিনবার ফেল তাঁকে আপনি দিয়েছিলেন উচ্চ মাধ্যমিক সংসদে। তাঁকে আপনি চেয়ারম্যান করে দিলেন। তিনি, তিনবার বি. টি. ফেল। আজকে এর চেয়ে অবাক কি থাকতে পারে? তাই আজকে কেবলমাত্র সংশোধন করলেই চলবে না, পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্ষদকে ঠিকভাবে চালাবার ব্যবস্থা করুন। সেটা যাতে দুর্নীতিমুক্ত হয়, সেখানে যাতে সুষ্ঠু অবস্থা ফিরে আসে। পরীক্ষা ব্যবস্থা নিয়ে, পরিচালন ব্যবস্থা নিয়ে, স্কুলের অনুমোদন নিয়ে যে দলবাজি হচ্ছে এটা বন্ধ হোক। এবং সর্বোপরি পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্ষদকে প্রত্যেক ডিস্ট্রিক্টে আজ তার কাজকর্ম ভাগ করে দিন। এটা যাতে নিয়মিতভাবে করা যায়, যাতে পরীক্ষার ক্ষেত্রে এই সমস্ত দুরাবস্থা সৃষ্টি বন্ধ হয় তার ব্যবস্থা করুন। ব্যাঙ্ক-এর ক্ষেত্রে আপনি বলেছেন যে এস. বি. আই.কে, এস. বি. আই.-এর শাখা সব জায়গাতে আছে, আপনি বলেছেন ইউ. বি. আই.কে ঢোকাতে হবে। এতে আমাদের আপত্তি নেই। কিন্তু স্টেট ব্যাঙ্কের শাখা সব জায়গাতে আছে। আমি জানি না কেন ইউ. বি. আই.কে এর সঙ্গে যুক্ত করছেন? শুধু এইটুকু আপনাকে বলতে চাই আপনি যে উদ্যোগগুলি নিয়েছেন এগুলি কোনও গুরুত্বপূর্ণ ব্যাপার নয়। এইগুলি আগে থেকেই ছিল। নন-টিচিং স্টাফ নিয়েছেন পার্টিবাজি করবার জন্য। তবে যাতে সুষ্ঠু ব্যবস্থা হয়, দুর্নীতিমুক্ত হয়, সময় মতোন পরীক্ষার ফলাফল বেরোয়, প্রশ্নপত্র ফাঁস না হয়, তার ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর** : মাননীয় স্পিকার স্যার, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন বোর্ড অফ সেক্রেটারির উপর অ্যামেন্ডমেন্ট আমি তাকে সমর্থন করছি। তাতে প্রথম বিষয় হচ্ছে শিক্ষাকর্মীদের প্রতিনিধি বোর্ডে ছিল না, উনি ব্যবস্থা করেছেন যে শিক্ষাকর্মীদের ৩ জন প্রতিনিধি থাকবে। আমাদের পশ্চিমবাংলায় তিনটে ডিভিশন আছে, তিনটে ডিভিশনের শিক্ষাকর্মীরা তাঁদের প্রতিনিধি নির্বাচিত করে পাঠাবে। স্বাভাবিকভাবে গণতন্ত্র সম্প্রসারিত হয়েছে। আমি জানি না, আমাদের বিরোধীপক্ষের বন্ধু বক্তৃতা করলেন, তাতে উনি চটে যাচ্ছেন। কারণ বলতে বলতে উনি বললেন খাতা দেখার অধিকার পায় এ. বি. টি. এ.র লোকেরা। এটা কেন বললেন না যে, যতবার নির্বাচন হবে ততবার এ. বি. টি. এ.র লোকেরা জিতবে। আমাদের বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশানের প্রতিনিধিরা নির্বাচিত হয়ে জিতবে। সব ক'জন এ. বি. টি. এ.র লোক কিম্বা এ বি. টি. এ.র সমর্থিত লোক। যদি আইনের সুযোগ না থাকত ঘটনাক্রমে ওঁদের দলের যতজন বিভিন্ন শিক্ষিত শিক্ষক সংগঠনের প্রতিনিধি বোর্ডে পাঠানো হবে। বংশে বাতি দেবার জন্য কেউ থাকত না। অতএব সেই কারণে আজকের এই অ্যামেন্ডমেন্ট পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য এসেছিল তাকে দূর করবার জন্য যে যে ব্যবস্থা বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশান এ করা হয়েছে এটা তারই অংশ। আরও গণতন্ত্রীকরণ করা হচ্ছে যাতে করে শিক্ষাকর্মী যাঁরা শিক্ষার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত তাঁরা কোর্টে তাঁদের বক্তব্য রাখতে পারবেন। পঠন পাঠন সমস্ত বিষয়ে সুযোগ দেওয়া হয়েছে।

আরেকটা বিষয় হচ্ছে, বোর্ডের কর্মকর্তাদের পাওনা-গণ্ডা ইত্যাদি বিষয়ে আগে স্পষ্ট ছিল না, এটা অনেকটা ঠিক করে নিয়ে আসা হয়েছে। আর পয়সাকড়ির ব্যাপারটা যেটা আগে শুধু স্টেট ব্যাঙ্কে বা রিজার্ভ ব্যাঙ্কের মাধ্যমে দেওয়া হত, তা অ্যামেন্ডমেন্ট করে

ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার মাধ্যমে দেওয়ার ব্যবস্থা করা হবে বলে বলা হয়েছে। এই পয়সাকড়ি কোনও জায়গায় না দিয়ে ওনাদের পকেটে যদি রাখা হয় তাহলে হয়ত ভাল হত। শিক্ষাকে বেশি বেশি করে গণতন্ত্রীকরণ করে, স্কুলে বেশি বেশি করে আসন বাড়িয়ে বামফ্রন্ট আমলে শিক্ষাকে প্রসারিত করার জন্য এই অ্যামেন্ডমেন্ট এসেছে। এই বিলের ব্যাপারে বলতে গিয়ে উনি কতগুলি কথা বললেন—সেটা হচ্ছে—যে শিক্ষা ক্ষেত্রে যা হচ্ছে সেটা সবই খারাপ। ১৯৭২ সালে উনি শিক্ষামন্ত্রী ছিলেন, এখন উনি বলেন অতীতে উনি যা করতেন তাতে নাকি শিক্ষকদের চাকরির নিরাপত্তা ছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট গভর্নমেন্ট আসার পর শিক্ষক ও শিক্ষাকর্মীদের চাকরির নিরাপত্তা নেই এই কথা আজ আপনারা বলেন। আজকে তাই প্রশ্ন ওঠে, আগে তো পেনশনের ব্যাপারই ছিল না, কিন্তু আজকে পেনশন চালু হয়েছে। শিক্ষকরা অতীতে কখনও ভাবতেই পারেনি যে তারা পেনশন পাবে, এবং এটা যেহেতু তারা ভাবতে পারেনি, সেইজন্য তাদের সার্ভিস বুক, তাদের অ্যাপয়েন্টমেন্ট ইত্যাদি অনেক ব্যাপারই তখন ছিলনা। এইজন্য আজকে পেনসন পেতে তাদের খানিকটা অসুবিধা হচ্ছে। আজকে ৬০-৬৫ নিয়ে বড় বিতর্ক হচ্ছে, যদিও এটা এর মধ্যে রেনিডেন্ট নাই। তবুও এই বিল সম্পর্কে আমি এই বিষয় বলি যে ৬৫ বছর অবধি শিক্ষকদের যে এক্সটেনসন দেওয়া হত, আগে সেটা এ. বি. টি. এ.র দাবি ছিল। তখন শিক্ষকরা যে বেতন পেতেন, তাতে চাকরি চলে যাওয়ার পর তাদের পরিণতি ছিল ভিক্ষা করা, সাহায্য চাওয়া।- পেনসন বলে কোনও বস্তু তখন ছিল না। তখন তারা যতদিন বেঁচে থাকত ততদিন চাকরি করত। আগে তারা ২০ টাকা, ২৫ টাকা, ৫০ টাকা বেতন পেত। আজকে তাঁদের অনেক বেতন বেড়েছে, আজকে যেহেতু তাঁদের পেনসন চালু হয়েছে, আজকে যেহেতু তারা সরকারি কর্মচারিদের মতো সুযোগ-সুবিধা পাচ্ছে, সেইহেতু তারা আর ৬৫ বছর চাচ্ছে না, তারা ৬০ বছর চাচ্ছে। আজকে যারা এটা নিয়ে বিতর্ক করছেন, তারা জেনে রাখুন, আজকে বেশিরভাগ শিক্ষকই ৬০ বছরের পক্ষে অপশন দিয়েছে, এবং এই বিষয়টা নিয়ে অনেক মামলা মোকদ্দমা হয়েছে। আমি শুধু এই কথা বলি আজকে যখন ব্যাপক হারে শিক্ষাকে গণতন্ত্রী করে প্রসারিত করার ব্যবস্থা করা হয়েছে, এবং তার জন্য অ্যামেন্ডমেন্ট যেটা আনা হয়েছে সে বিষয় উল্লেখ না করে অন্য কথা উনি বললেন। আমি শুধু এই কথা বলব যে আজকে বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনে নির্বাচন হচ্ছে, অতীতে কখনও সেখানে নির্বাচন হত না। এখন বোঝা যায় কেন তখন নির্বাচন হত না, কারণ তখন নির্বাচন হলেই ওরা হেরে যেত, সেই জন্য তখন নির্বাচন হত না। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে কাণ্ড হত আজকে সেই ব্যাবস্থার পরিবর্তন হয়েছে, আজকে পরীক্ষার ফল নির্দিষ্টভাবে প্রকাশ করা হচ্ছে। আজকে বোর্ডকে আরও শক্তিশালী করার জন্য যে প্রচেষ্টা মন্ত্রী মহাশয় করেছেন তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি ও এই অ্যামেন্ডমেন্টকে সমর্থন জানাচ্ছি।

[4-20—4-30 P.M.]

**শ্রী অমর ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় যে বিল এনেছেন ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন; অ্যামেন্ডমেন্ট; বিল, ১৯৯০, এই বিলের উপর আলোচনা করার জন্য আমাদের প্রধান বক্তা ছিলেন তিনিও নীতিগতভাবে এই বিলকে সমর্থন করেছেন। এই বিলের বিরোধিতা করার কিছু নেই। এই বিলে গণতান্ত্রিক

পদ্ধতিতে ৩ জন সদস্যকে নোমিনেট করার কথা বলা হয়েছে। এর সঙ্গে একটা অসঙ্গতিপূর্ণ কাজে যা এতদিন পর্যন্ত সেকেন্ডারি এডুকেশন বোর্ড চালিয়ে আসছিল, তার সেক্রেটারি, স্টাফ তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল, তাঁরা মাইনে পাচ্ছেন, কিন্তু সেগুলি রেগুলারাইজ করা হল না, গেজেট করা হল না। এই অ্যাক্টে আগে এই প্রভিসন ছিল না, সেই প্রভিসন রাখা হয়েছে। আমরা এতদিন করিনি এটা ঠিক, কিন্তু আপনারাও কেন এতদিন পর্যন্ত এই ইরেগুলার পথকে মেনে নিয়ে চলছিলেন? আর একটা হচ্ছে ইউনাইটেড ব্যাঙ্কে অ্যাকাউন্ট স্থানান্তরিত করার কথা বলেছেন, এখানে বিরোধিতা করার অবকাশ কিছু নেই। ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারি এডুকেশন বোর্ডের যে কাজের ধারা, যে পদ্ধতিতে তার কাজ চলছে সে সম্বন্ধে মন্ত্রীরা বক্তব্য রেখেছেন, শিক্ষাবিদরা বক্তব্য রেখেছেন, অনেকে বক্তব্য রাখলেন, ননীবাবুও বক্তব্য রাখলেন যে ৯০ পারসেন্ট ৬০ বছরের উমেদারি করেছেন। আজকে ডিসেন্ট্রালাইজেশনের কথা বলে তাঁরা সেটা করতে পারছেন না। কান্তিবাবু জানেন অ্যাডভাইজারি বোর্ড যার অ্যাপ্রুভ্যাল দেওয়ার কথা সেই অ্যাডভাইসারি বোর্ড থেকে কয়টি স্কুল সেই অ্যাপ্রুভ্যাল পায়? আজকে ডিসেন্ট্রালাইজেশনের কথা বলা হচ্ছে অথচ যেখানে পরীক্ষা কেন্দ্র হবে সেখান থেকে অ্যাডমিট কার্ড পাঠানোর ব্যবস্থা কেন করা হবে না, তাদের উপর বাড়তি দায়িত্ব কেন দেওয়া হবে না? মেদিনীপুর থেকে সল্ট লেকে কেন আসতে হবে পেনসনের তদ্বির করতে? কেন এই জিনিস হবে? মেদিনীপুর জেলায় ৪টি ডিভিসন রয়েছে, অথচ তাদের উপর কোনও দায়িত্ব দেওয়া হচ্ছে না। এখানে মাথাভারি যে বোর্ড তৈরি করেছেন. তাতে ৬৫ মেম্বার, তার মধ্যে ২২ জন নোমিনেটেড মেম্বার। এটা গণতান্ত্রিক পদ্ধতি নয়। সেই মাথাভারি বোর্ডের মধ্যে আরও ৩ জন কর্মচারী প্রতিনিধি নেওয়া হবে। আমার একটা প্রশ্ন আপনি হায়ার সেকেন্ডারি কাউন্সিলের অ্যামেন্ডমেন্ট আনলেন, সেকেন্ডারি এডুকেশনের উপর অ্যামেন্ডমেন্ট আনলেন, কিন্তু হোয়াই নট প্রাইমারি এডুকেশন? সেখানকার কর্মচারিদের প্রতিনিধি থাকার কথা আপনারা বলছেন না। আপনারা একসঙ্গে ৩টি বিল আনতে পারলেন না কেন? ৩৬/সি যে ধারা তার ফলে আপনারা শিক্ষকদের কর্মচারিদের সাসপেন্ড করতে পারেন উইদাউট এনি রিজিন। কিন্তু আপনি একটা প্রভিসন রেখেছেন যে শুধু শিক্ষকরা অ্যাপিল করতে পারে কিন্তু কর্মচারীরা অ্যাপিল করতে পারবে না। আপনি যে আইন প্রণয়ন করেছেন তাতে এই অগণতান্ত্রিক ধারা কেন থাকবে? আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা নিয়ে নানারকম সমালোচনা হচ্ছে। এর বিরুদ্ধে সমালোচনা হচ্ছে সিলেবাস নিয়ে। সিলেবাস নিয়ে নতুন করে চিন্তাভাবনা করা উচিত। আপনি নিজে বলেছেন ইংরাজিতে ফেল হচ্ছে। ইংরাজি সিলেবাস সম্পর্কে আমরা বার বার বলেছি নতুন করে চিন্তাভাবনা করুন। আপনি শুধু মন্ত্রী নন, আপনি পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে একজন অন্যতম কর্ণধার হয়ে রয়েছেন।

আপনাকে বুঝতে হবে, যে ছেলেটি সেকেন্ডারি পরীক্ষায় ইংরাজিতে হাই মার্কস পেয়ে ফার্স্ট ডিভিসনে পাস করল। উচ্চ মাধ্যমিকে গিয়ে সে কেন ফেল করে যাচ্ছে ইংরাজিতে। আমার জানাশুনা একটি স্কুলের ৩৮ জন ছেলে উচ্চমাধ্যমিকে গিয়ে ইংরাজিতে ফেল করেছে, কমপার্টমেন্টাল পেয়েছে। তার মানে ডেফিনিটলি সিলেবাসের মধ্যে গলদ রয়েছে। এটাই পরিবর্তনের কথা আমরা বলছি। আমাদের মাননীয় সদস্য গোবিন্দবাবু রঞ্জুগোপালবাবু সম্পর্কে বলেছেন। এটা অ্যামেন্ডমেন্টের প্রশ্ন নয়—একটি বোর্ড চালিয়ে গেল কতকগুলি সিদ্ধান্ত, সেগুলিতে শুধু বায়াসনেস করে কোনও লাভ নেই। পার্টি বায়াসনেস করে কোনও লাভ নেই।

ভোকেসনাল ট্রেনিং-এর ব্যবস্থার দিকে নজর দিতে হবে। আপনি টেকনিক্যাল লোকদের বোর্ডে ঢোকান এবং টেকনিক্যাল ভোকেসন্যাল ট্রেনিং-এর ব্যবস্থা করুন। হায়ার সেকেন্ডারি পাশ করে কোথায় যাবে? সকলকে চাকরি দিতে পারবেন? তাদের ২৪ পরগনায় পাঠাতে হবে, ওখানকার মাটি ছেলেদের জানতে হবে পটাশ কতটা আছে ইত্যাদি। তাই ভোকেসন্যাল ট্রেনিং-এর কথা ভাবতে হবে। তার জন্য সেই রকম ব্যবস্থা আপনাকে করতে হবে। তা যদি করতে না পারেন তাহলে শুধু অ্যামেন্ডমেন্ট করে কিছু হবে না। হায়ার সেকেন্ডারি কাউন্সিলের অ্যামেন্ডমেন্ট আনছেন—কিন্তু দীর্ঘ ১৪ বছর ধরে প্রাইমারি বোর্ডের ইলেকসন হয়নি, অ্যাডমিনিস্ট্রেটরের মাধ্যমে চলছে খেয়ালখুশিমতোভাবে। সেখানে একটা অরাজগত অবস্থা সৃষ্টি হয়েছে, এটা অস্বীকার করবার উপায় নেই। বিভিন্ন জায়গায় প্রাইমারি এডুকেশন, মাধ্যমিক এডুকেশনে এখন দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে বাসা বেঁধেছে। রঞ্জুগোপাল মুখার্জি অসুবিধা নিয়ে কাজ চালিয়ে যাচ্ছিলেন। তার মাইনে স্কেল ইত্যাদি রেগুলারাইজ করতে পারলেন না। তার ফলে তিনি ছেড়ে দিয়ে চলে গেলেন। এইসব জিনিস আপনাকে ভাবতে হবে। এই যে বিল এনেছেন এর মধ্যে স্টেট ব্যাঙ্ক আছে—সেখানে ইউনাইটেড ব্যাঙ্ক ঢুকিয়েছেন। ইউ. বি. আই.এর রিমোট ভিলেজেও ব্রাঞ্চ আছে। কাজেই এর বিরোধিতা করার কোনও কারণ নেই। আমরা বিরোধিতা করব কেন? সেকেন্ডারি এডুকেসনের অফিস বিল্ডিং নেই। ব্যাঙ্ক থেকে লোন নিয়ে বিল্ডিং করতে হবে। একটা কমপ্যাক্ট জায়গায় এডুকেশন দপ্তর করবার চেষ্টা করুন। সেখানে প্রাইমারি, হায়ার সেকেন্ডারি, সেকেন্ডারি অফিস হবে একই কমপ্লেক্সের মধ্যে মেদিনীপুর থেকে একজন শিক্ষক এসে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কথা বলে, সেকেন্ডারি, উচ্চ মাধ্যমিকের কথা বলে বাড়ি ফিরে যাবেন। এটা না করা হলে শিক্ষা ব্যবস্থা নিয়ে শুধু ছেলে খেলাই করা হবে আমাদের মনে হয়। বিলের উদ্দেশ্য ভাল থাকলেও ডেমোক্রাটাইজেশন করার মোটিভেসন থেকে দূরে সরে যাওয়া হবে বলে আমার বিশ্বাস। এই কথা বলে নীতিগতভাবে অ্যামেন্ডমেন্ট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যামেন্ডমেন্টের উপর যে সময় ধার্য করা হয়েছে—সেখানে প্রয়োজনাতিরিক্ত সময় দেওয়া হয়েছে। আর তার ফলে আমাদের অবস্থাটা হয়েছে এই যে, "ধান ভাঙতে শিবের গীত" হয়ে যাচ্ছে—এটা আমাদের শুনতে হচ্ছে। মনে হচ্ছে এটা যেন এডুকেশন বাজেটের উপর বক্তৃতা হচ্ছে, না একটা অ্যামেন্ডমেন্টের উপর বক্তৃতা হচ্ছে, সেটা বোঝাই যাচ্ছে না। গোবিন্দবাবু, অমরব্যাবু যেসব কথাগুলি বলে গেলেন সেগুলিকে একটু খতিয়ে দেখতে হবে। ক্লজের উপর বক্তব্য রাখলেন, না, কিসের উপর বললেন বোঝা গেল না। বললেন অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করে দিতে হবে। সেখানে এতজন মেম্বার থাকবে ইত্যাদি নানা রকম কথা বললেন। মোদ্দা কথাটা কি? একটা বিল আনা হয়েছে এবং সেখানে বলা হয়েছে ৩ জন নন-টিচিং স্টাফ ইলেকটেড হয়ে বোর্ডের মেম্বার হবেন—প্রেসিডেন্সি, জলপাইগুড়ি এবং বর্ধমান বিভাগের—এই হচ্ছে মোদ্দা কথা। এর মধ্যে কি স্পিরিট আছে? ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে শিক্ষা ক্ষেত্রে একটা গণতন্ত্রীকরণ করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, সেটা কারো পছন্দ হোক বা না হোক এবং এই নীতিতেই সরকার চলেছে। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট হয়েছে। সেখানে বিভিন্ন স্তরের মানুষের রিপ্রেজেন্টেশন থাকছে। এটা অনেক আগেই আনা উচিত ছিল, যদিও একটু দেরি হয়ে গেছে। সেকেন্ডারি বোর্ডে নন-টিচিং স্টাফ রিপ্রেজেন্টেশন কখনই ছিল না। অনেক পরে

আনতে হচ্ছে বলে আমরা দুঃখিত। এটা নিশ্চয় সমর্থনযোগ্য। পে অ্যান্ড অ্যালাওয়েন্স স্ট্যাটুটরি দরকার হয়। ব্যাঙ্কের ব্যাপার আসছে। রিজার্ভ ব্যাঙ্ক, স্টেট ব্যাঙ্কে আরও সম্প্রসারিত করে ইউ. বি. আই. করা হয়েছে। এটা ইনক্লুড করা হয়েছে। কাজেই এতে বিরোধিতা করার কিছু নেই, অমরবাবু সেই কথাই বলেছেন।

[4-30—4-40 P.M.]

তবে আপত্তিকর হচ্ছে বক্তব্য রাখতে গিয়ে গোবিন্দবাবু প্রাক্তন প্রেসিডেন্ট সম্পর্কে এবং পরীক্ষার রেজাল্ট সম্পর্কে যে সমস্ত কটাক্ষ করলেন সেগুলি অত্যন্ত কুরুচিকর হয়েছে বলেই আমার মনে হয়েছে। হাউসে এই ধরনের কথা না বলাই ভাল বলে আমি মনে করি। এ ছাড়া গোবিন্দবাবু আর একটা কথা বলেছেন, আশা করি কালকের খবরের কাগজগুলিতে সেকথা বড় বড় করে বেরুবে যে, 'নন-টিচিং স্টাফদের রিপ্রেজেন্টেশনের ক্ষেত্রে মন্ত্রী যেন খেয়াল রাখেন ক্লার্কের নিচে যেন না নামেন।' অর্থাৎ তিনি বলতে চাইছেন গ্রুপ ডি'র কর্মচারীরা অত্যন্ত অযোগ্য, তারা যেন ইলেকটেড হয়ে আসতে না পারেন। এই খবর কালকের খবরের কাগজগুলিতে বেরুলে সাধারণ মানুষ বুঝতে পারবেন যে কংগ্রেসের দৃষ্টিভঙ্গীটা কি এবং বামফ্রন্টের সঙ্গে তাদের তফাত কোথায়। এই বিতর্কে ৬০-৬৫ ব্যাপারটা অপ্রাসঙ্গিকভাবে এসেছে, এই হাউসে ৬৫ পক্ষে আমি বক্তব্য রেখেছিলাম কাজেই নতুন করে সে কথা আর বলছি না। এই বলে দি ওয়েস্টবেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ আমি সম্পূর্ণরূপে সমর্থন করে শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলের আলোচনায় অংশগ্রহণ করে আমি দু-একটি কথা বলছি। তবে স্যার, নরেনবাবু যা বললেন তাকে এই বিলের আলোচনায় অংশগ্রহণ করে আমি বক্তৃতা করতে ভয় পাচ্ছি কারণ তিনি যা বললেন তাতে এই বিলকে সমর্থন করছি এই কথা বলেই আমাকে বসে পড়তে হয়। স্যার, যদি হাউসের ডিবেট সম্পর্কে শাসক দলের মাননীয় সদস্যের এই ধারণা হয় যে শুধু ক্লজগুলি একবার করে পড়ে দিতে হবে, অন্য কিছু বলা যাবে না তাহলে আমার বলার কিছু নেই। আমি মনে করি আইনের সংশোধনকে কেন্দ্র করে আরও বড় পরিপ্রেক্ষিতে আলোচনা সব সময়ই হতে পারে। সারা বছরে একদিন শিক্ষা বাজেট নিয়ে আলোচনা হল আর তাতেই সব আলোচনা শেষ হয়ে গেল তা বোধহয় ঠিক নয়। স্যার, আমি আগেই বলে রাখি যে নতুন করে তিনজন যে অশিক্ষক কর্মচারীকে নেওয়ার কথা বলেছেন এটা নিশ্চয় গণতান্ত্রিক পদক্ষেপ। নির্বাচনের মাধ্যমে নেবেন বলেই ঠিক আছে। এখানে তিনজনকে অ্যাড করছেন। তবে এই সেকেন্ডারি বোর্ডের কমপোজিশন সম্পর্কে নতুন করে ভাবার প্রয়োজন আছে। কারণ এর কমপোজিশনটা দেখলে মনে হয় এতে মনোনীত সদস্যের সংখ্যাই বেশি। আমরা চাই এতে আরও বেশি নির্বাচিত লোক থাক এবং মনোনীত সদস্য-এর সংখ্যা কমিয়ে দেওয়া হোক। দ্বিতীয় যেটা ওঁর অ্যামেন্ডমেন্ট আছে সেখানে আগে আইনের যে ত্রুটি ছিল তার ফলে পেনসন দেবার ক্ষেত্রে অসুবিধা হচ্ছিল। পেনসন রেগুলেশন যেগুলি আছে সেগুলির ত্রুটি শোধরাবার জন্য এটা করেছেন, আমরা কিছু বলছি না। তবে তৃতীয় যেটা করেছেন সেটা খুবই অপ্রয়োজনীয় এবং অসম্পূর্ণ অ্যামেন্ডমেন্ট হয়েছে। আগে ছিল টাকা যা জমা পড়বে সেটা রিজার্ভ ব্যাঙ্ক এবং

*স্টেট ব্যাঙ্কে জমা পড়বে। উনি যদি চান অন্য জায়গায় করবেন। তাহলে স্পেসিফিক ন্যাশানালাইজড ব্যাঙ্ক করছেন কেন? আপনি বলতে পারেন স্টেট ব্যাঙ্ক অর এনি আদার* ন্যাশানালাইজড ব্যাঙ্ক। আপনি স্পেসিফিক ইউনাইটেড ব্যাঙ্কের কথা বলছেন। এখন বাজারে একটা কথা চালু হয়েছে যে ব্যাঙ্কের ম্যানেজাররা ঘুরে বেড়াচ্ছেন ডিপোজিট যোগাড় করার জন্য। তা করলে কমিশন পাবেন। এখন কান্তিবাবুর ক্ষেত্রে কেউ হয়ত মনে করবেন যে ইউ. বি. আই. ওকে বেশি সুযোগসুবিধা দিচ্ছেন। আমরা জানি সেটা সত্য নয়। কিন্তু আপনার লেখা উচিত ছিল স্টেট ব্যাঙ্ক অর এনি আদার ন্যাশানালাইজড ব্যাঙ্ক। তাহলে অন্য জায়গায় যেতে পারতেন। ইউ. বি. আই.কে পছন্দ না হলে ইউকো ব্যাঙ্কে যেতে পারতেন। কাজেই আমার মনে হয় না এটা ঠিক হয়েছে। তারপর যেটা বলছি সেটা হচ্ছে, সেকেন্ডারি বোর্ড ইউনিভার্সিটির সিনেটের মত একটা বড় বডি, মাঝে মাঝে তারা মিটিং করেন। এই বোর্ডের কমিটিগুলি একদম ভালভাবে ফাংসান করছে না। অ্যাপিল কমিটি, তারা শিক্ষকরা সাসপেন্ড হলে, তার বিরুদ্ধে ব্যবস্থা নিলে সেটা দেখেন। অ্যাপিল কমিটির বহুদিন যাবৎ মিটিং হয় না, তার ফলে সিদ্ধান্ত হয় না, ব্যাপারটা ঝুলে থাকে।

তারপরে যে সিলেবাস কমিটি আছে সেই সিলেবাস কমিটি সম্পর্কে বহু প্রশ্ন উঠেছে এবং মাধ্যমিকেও ইংরাজি সিলেবাসের প্রশ্নে সিন অ্যান্ড আনসিন যেভাবে করেছেন তাতে ছেলেমেয়েরা ইংরাজি তো শিখছেই না, আবার অন্য দিকে দেখবেন যে পাশের হার কমে যাচ্ছে। কাজেই এই সিলেবাস কমিটি সম্পর্কে আমাদের একটা গুরুতর আপত্তি রয়েছে। আবার একজামিনেশনের জন্য আলাদা কমিটি আছে। সেই একজামিনেশন কমিটি পরীক্ষাটাও ভালভাবে করতে পারছে না। আজকে এটা ভাবা দরকার যে প্রশ্নপত্র একই হবে এবং একটা সিলেবাসে প্রশ্ন রাখতে হবে। আজকে সেকেন্ডারি বোর্ডের ডিসেন্ট্রালাইজেশন দরকার। আপনি সবে একটা ডিসেন্ট্রালাইজেশন করেছেন। কিন্তু আরও যদি জেলায় জেলায় বোর্ডের আলাদা অফিস না করা যায় তাহলে হবে না। পার্ক স্ট্রিটের একটা বাড়ি থেকে পুরো পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা নিয়ন্ত্রণ করার যে ব্যবস্থা সেটা যথেষ্ট নয়। প্রত্যেক জেলায় জেলায় সেকেন্ডারি বোর্ডের অফিস খোলা দরকার। এটা যদি করা হয় তাহলে ঠিক হবে। আজকে সেকেন্ডারি বোর্ড একটা বড় নতুন স্কুলের অ্যাপ্রুভাল দেয়। কিন্তু জুনিয়র হাই স্কুলের এবং হাই স্কুলের জন্য অ্যাপ্রুভাল দেবার ক্ষেত্রে সেকেন্ডারি বোর্ডের ভূমিকায় খুবই পক্ষপাতের অভিযোগ উঠেছে। এই জিনিসটা দেখা দরকার এবং অ্যাপ্রুভালের ব্যাপারে একটা নর্মস অ্যাডপ্ট করার জন্য বার বার বলা হয়েছে। এই হাউসেও বার বার কথা উঠেছে যে জুনিয়র হাই স্কুলের কি বেসিসে অ্যাপ্রুভাল দিচ্ছেন? কাজেই এটার একটা নর্মস অ্যাডপ্ট করা দরকার বলে আমি মনে করি। এই অ্যাপ্রুভালের ব্যাপারে যে ভীষণভাবে দলবাজি হচ্ছে সেটা বন্ধ করা দরকার। কান্তিবাবু শিক্ষার ভাল চান। সুতরাং আমি আশা করব এই দলবাজি তিনি বন্ধ করবেন। মন্ত্রীদের সাধারণভাবে নতুন করে বলতে গেলে হাউসে তাকে একটা সুয়ো মটো স্টেটমেন্ট দিতে হয়। আমরা সম্প্রতি দেখছি যে ৬০ বছর না ৬৫ বছর এই ব্যাপারে কান্তিবাবুর মতামত নিয়ে নানা রকম কথা বের হচ্ছে। এখন শোনা যাচ্ছে কান্তিবাবু নাকি ৬৫ বছর রিটায়ারমেন্ট এজ মেনে নেবেন। এই হাউসে উনি বীরত্বের সঙ্গে বলেছিলেন কেন ৬০ বছর করা উচিত, কেন শিক্ষকদের ৪ লক্ষ টাকা নিয়ে রিটায়ার করা উচিত। উনি দেখেছেন যে শিক্ষকদের আন্দোলন এতে থামছে না। এই আন্দোলন যেমন তীব্রতর হচ্ছে

তেমনি বাইরে আরও নানা রকম আন্দোলনকে সরকারের ফেস করতে হচ্ছে—বিশেষ করে বাস ভাড়া বৃদ্ধি নিয়ে, দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে। একটা ফ্রন্টে আপনারা অ্যাট লিস্ট শান্তি নিয়ে আসুন। তাহলে অন্য ফ্রন্টগুলিকে আপনারা ভালভাবে ফেস করতে পারবেন। কাজেই আমার মনে হয় আজকে এই বিলের উপরে আলোচনার সুযোগে আপনি এখানে একটা সুয়ো মটো স্টেটমেন্ট করে বলুন যে বিলটা এখন পাশ করছি এবং শিক্ষকদের জন্য ৬০ বছর রিটায়ারমেন্টের যে কথা বলেছিলাম সেটা বলব না, ৬৫ বছরেই শিক্ষকরা রিটায়ারমেন্ট করবেন। এটা যদি আপনি বলতে পারেন তাহলে আমার মনে হয় সামগ্রিকভাবে শিক্ষক সমাজের অ্যাপ্রুভাল পাবেন, সমর্থন পাবেন এবং সরকারের ব্যাপারে যে ক্রিটিসিজম আছে সেটা দূর করতে পারবেন। লাস্টলি একথা বলতে চাই যে গত বছর সেকেন্ডারি বোর্ডের নির্বাচনের ২ বছর আগেই আপনি সেকেন্ডারি বোর্ডের নির্বাচন করে ভাল কাজ করেছেন এবং পশ্চিমবঙ্গে নির্বাচনে ব্যাপক অংশগ্রহণ হয়েছে। এটা খুবই আনন্দের কথা। আপনি জেলার স্কুল বোর্ডগুলির নির্বাচন করছেন। আপনি গণতন্ত্র চাইছেন। প্রাথমিক স্কুলের শিক্ষকদের মধ্যে আপনারা সংখ্যালঘিষ্ঠ বলে সেখানে নির্বাচন করবেন না, কিন্তু জেলা স্কুল বোর্ডগুলির নির্বাচন করবেন, এটা ঠিক নয়। আপনি বলেছেন যে নির্বাচন পদ্ধতির মাধ্যমে আরও বেশি বিভিন্ন জায়গায় প্রতিনিধিত্বমূলক লোক আনবেন। সেটা প্রাথমিক শিক্ষকদের নির্বাচনের ক্ষেত্রেও আপনি এই সৎসাহস দেখাবেন। না হয় শাসকদল সেখানে সংখ্যালঘু হয়ে যাবেন, কিন্তু তার জন্য নির্বাচন থেকে বিরত থাকা উচিত নয়। সুতরাং যদি দলবাজি না করেন তাহলে এই যে আইন এনেছেন, এই আইনের ব্যাপারে আমাদের নীতিগতভাবে কোনও আপত্তি নেই। আমি আশা করব এটা সর্বসম্মতিক্রমে পাশ হবে।

**মিঃ স্পিকার ঃ** কান্তিবাবু, সৌগতবাবু একটা অফার দিয়েছেন যে আপনি টিচারদের বয়স ৬৫ বছর করে দিন, বাদবাকি আন্দোলন ওরা তুলে নেবেন।

[4-40—4-50 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে দু'একটি কথা বলতে চাই।

মাধ্যমিক শিক্ষার সঙ্গে অপরিহার্যভাবে যুক্ত যে অশিক্ষক কর্মচারী সম্প্রদায়, তাদের কোনও প্রতিনিধি এ যাবৎ মধ্যশিক্ষা পরিচালনার ক্ষেত্রে ছিল না। এটার প্রয়োজন ছিল। তার ফলশ্রুতি হিসাবে আজকে এই বিলটা আনা হয়েছে। এই বিলে বলা হয়েছে তিনটে সাবডিভিসন থেকে নির্বাচনের মাধ্যমে তিনজন অশিক্ষক কর্মচারীকে নির্বাচিত করে নিয়ে আসা হবে। কিন্তু কিভাবে নিয়ে আসা হবে? বলা আছে টু বি প্রেসক্রাইবড, কাদের দ্বারা নির্বাচিত হবে, বাই দেমসেল্‌ভস অর বাই জয়েন্ট ইলেক্টরেট এই সম্পর্কে মন্ত্রী মহাশয় আশা করি বলবেন। যাই হোক, একটা খুব অভিনন্দন যোগ্য ঘটনা ঘটতে চলেছে। এই সঙ্গে মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাব, বোর্ডের কাজকর্ম যেভাবে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, এই সম্পর্কে মন্ত্রী মহাশয় জানেন, আমিও জানি, কারণ আমি একজন বোর্ডের সদস্য, ট্রিমেন্ডাস কাজ বেড়ে গেছে, সেখানে স্থানাভাব আছে, কর্মচারী তেমন নেই, এটাকে কিভাবে সামাল দেবার কথা ভাবছেন, সেটা তিনি বলবেন। যে চারটে রিজিয়ন্যাল কাউন্সিল আছে, তাদের নিজস্ব বাড়ি নেই।

বর্ধমানে একটা জমি আছে, কিন্তু সেখানে অর্থাভাবে বাড়ি তৈরি করা যাচ্ছে না। ভাড়া বাড়িতে কাজ করতে হচ্ছে। জায়গার অভাব আছে, বাড়িগুলো অত্যন্ত ঘিঞ্জি পরিবেশের মধ্যে রয়েছে। বোর্ডের কাছ থেকে যে বিষয়গুলো সরকারের কাছে ডিসিসনের জন্য আসে, সেইগুলো ডিলেড হয়। এই সম্পর্কে বলতে পারি প্রায় দুই, আড়াই বছর আগে একটা কম্প্রিয়েন্সিভ লিভ রুলস সরকারের কাছে আসে। কিন্তু সেটার অনুমোদন এখনও পর্যন্ত পাওয়া যায়নি। ফলে সেই লিভ রুলস এখনও পর্যন্ত চালু করা যায়নি। ম্যানেজিং কমিটির অনুমোদনগুলো যাতে দ্রুত হয় সেটা দেখতে হবে। এই সম্পর্কে যে কমিটি আছে, তা আরও ডিসেন্ট্রালাইজ করার প্রয়োজন আছে। যে রিজিয়ন্যাল কাউন্সিল আছে, সেখানে মাত্র গড়ে ১০-১৫টা করে ম্যানেজিং কমিটি অনুমোদন পায়, যেখানে বছরে এক হাজার দেড় হাজার করে অনুমোদন পেতে পারে। এই সব বিষয় মন্ত্রী মহাশয় চিন্তভাবনা করে ব্যবস্থা নেবেন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুরজিৎস্মরণ বাগচী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে সংশোধনী এনেছেন, তাকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। আমি যেটা বুঝলাম সমস্ত বক্তব্য শুনে যে কংগ্রেস দলের অমরবাবু এবং সৌগতবাবু সমর্থন করলেন বিলটাকে, কিন্তু গোবিন্দবাবুর বক্তব্য শুনে মনে হল, গোবিন্দবাবু কিছুটা উষ্মা প্রকাশ করছেন এবং বললেন যে অশিক্ষক কর্মচারিদের প্রতিনিধি যেন গ্রুপ ডি থেকে কোনওভাবে না নেওয়া হয়। জানি না অন্যান্য কংগ্রেসিরা এই সম্পর্কে কি বলেন। এই দিয়ে কংগ্রেসের গ্রুপ ডি'র প্রতি কি মনোভাব সেটা বোঝা গেল। এবং বামফ্রন্টের সঙ্গে কোথায় তাদের পার্থক্য সেটাও বোঝা গেল। উনি কি জানেন যে এই হাউসে একজন মন্ত্রী আছেন, তিনি আমাদের পার্টির পক্ষ থেকে স্কুলের গ্রুপ ডি কর্মচারীর প্রতিনিধিত্ব করেন এবং তিনি বর্তমানে মন্ত্রীত্ব করছেন। আমার ধারণা গোবিন্দবাবুর এই সম্পর্কে উষ্মা আছে।

তাঁরা সব নীল রক্তের মানুষ। তাঁরা একটা অ্যারিস্টোক্রাট সোসাইটি তৈরি করতে চান। কাজে কাজেই এর মধ্যে দিয়ে গোবিন্দবাবুদের দলের একটা মনোভাব আমরা বুঝতে পারছি এবং বামফ্রন্টের মনোভাবের সঙ্গে তাঁদের মনোভাবের পার্থক্যটা আজকে এখানে প্রণিধানযোগ্য। মাননীয় স্পিকার মহাশয়, সৌগতবাবু একটা কথা বলেছেন, সেটা কি? না, আরও বেশি জন-প্রতিনিধি, নির্বাচিত প্রতিনিধি বোর্ডে আসা দরকার এবং অন্যান্য সর্ব-স্তরেই আসা দরকার। আমরাও মনে করি নমিনেটেড মেম্বারের চেয়ে ইলেকটেড মেম্বারের সংখ্যা বেশি হওয়া দরকার। তবে আমি সৌগতবাবুকে একটা কথা একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, আমি মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীন একটি মহাবিদ্যালয়ের অধ্যাপক—বিগত দীর্ঘ চার বছর ধরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে স্বীকৃতি দেবার প্রশ্নে কেন্দ্রীয় বিগত কংগ্রেসি সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে রগড়ারগড়ি চলেছিল, তার প্রধান কারণই ছিল বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের পরিচালনার ক্ষেত্রে নমিনেটেড মেম্বারের সংখ্যা বেশি থাকবে, না ইলেকটেড মেম্বারের সংখ্যা বেশি থাকবে, এই প্রশ্নে। তৎকালীন কেন্দ্রীয় সরকার চেয়েছিলেন নমিনেটেড মেম্বারের সংখ্যা বেশি থাকুক, আর আমরা চেয়েছিলাম ইলেকটেড মেম্বারের সংখ্যা বেশি থাকুক। আজকে সৌগতবাবুর বোধোদয় যদি হয়ে থাকে, তাহলে তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এরপর থেকে তাঁরা যদি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলির ক্ষেত্রে নমিনেটেড সদস্যের চেয়ে

ইলেকটেড সদস্যের সংখ্যা বাড়াবার জন্য আন্দোলন করেন তাহলে আমরা নিশ্চয়ই তাঁদের সঙ্গে থাকব। সেই আন্দোলন করার জন্য আমি তাঁদের আহ্বান জানাচ্ছি। মাননীয় স্পিকার মহোদয়, অমরবাবু অভিযোগ করে বললেন যে, এত দেরি হল কেন? কেন ১৩ বছর হয়ে গেল? স্যার, '৬৭ সালে আইনটি এখানে আনার পর থেকে '৭৭ সাল পর্যন্ত দীর্ঘ সময় তাঁরা এখানে ক্ষমতায় ছিলেন। গোবিন্দবাবু নিজেই শিক্ষামন্ত্রী ছিলেন। রেগুলেশন করার ক্ষমতা মধ্যশিক্ষা পর্ষদের নেই, অথচ বার বার রেগুলেশন হয়ে গেছে, গোবিন্দবাবুর নজরে আসেনি। সুতরাং জবাবটা অমরবাবু গোবিন্দবাবুর কাছে চাইলেই ভাল করতেন। কাজে কাজেই সে সময়েই অ্যামেন্ডমেন্ট হতে পারত, কিন্তু এটা হয়নি। আজকে কংগ্রেসের পক্ষ থেকে যদিও এই অ্যামেন্ডমেন্টকে অভিনন্দন জানানো হচ্ছে, তবুও প্রথমে গোবিন্দবাবুর বক্তব্য শুনে মনে হয়েছিল যে, কংগ্রেস বোধ হয় এটাকে সমর্থন করছে না। কিন্তু পরবর্তীকালের অপর দু'জন বক্তার বক্তব্য শুনে অবশ্যই মনে হচ্ছে যে, ওঁরা এটাকে সময়োপযোগী এবং একান্ত প্রয়োজনীয় বিল হিসাবেই সমর্থন করছেন। আমি ওঁদের অভিনন্দন জানাচ্ছি। আমি ওঁদের অনুরোধ করছি অন্যত্রও ওঁরা এই পথ ক্রমাগত অনুসরণ করুন, অসমর্থন বা বিরোধিতার যে পদ্ধতি তা বর্জন করুন। এই কথা বলে এই বিলটিকে আর একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সংশোধনী বিধেয়কটি আমি এখানে এনেছি সেটির আলোচনায় বিভিন্ন মাননীয় সদস্যগণ অংশগ্রহণ করেছেন। এখানে প্রথমেই বিরোধী দলের পক্ষ থেকে মূল বক্তব্য রেখেছেন প্রাক্তন রাষ্ট্রমন্ত্রী শ্রী গোবিন্দচন্দ্র নস্কর। তিনি বক্তব্য রাখতে গিয়ে এই সভার সদস্য নন এমন এক ব্যক্তি সম্পর্কে একটা অসত্য মন্তব্য করেছেন। যিনি এই সভার সদস্য নন তাঁর সম্পর্কে এই ধরনের মন্তব্য করা কখনই সমীচীন নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবিষয়ে আপনি একাধিকবার রুলিং দিয়েছেন, তথাপি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির সম্বন্ধে অসত্য হীন মন্তব্য করা হয়েছে। আমি অনুরোধ করছি ওঁর ঐ মন্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়া হোক। যিনি এই সভার সদস্য নন, যাঁর এই সভায় কৈফিয়ত দেবার সুযোগ নেই তাঁর সম্বন্ধে এই জাতীয় মন্তব্য যেন কোনও মাননীয় সদস্য না করেন তার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে মাননীয় সদস্য অমরবাবু অভিযোগ করেছেন যে, দীর্ঘদিন পর্যন্ত মধ্যশিক্ষা পর্ষদ বিদ্যালয়কে স্বীকৃতি দেওয়ার ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা দেখিয়েছে। আমি তাঁকে বলছি, মাননীয় সদস্য গোবিন্দবাবু যখন শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলেন তখন তাঁর আমলে দীর্ঘ তিন বছর মধ্যশিক্ষা পর্ষদ কোনও বিদ্যালয়কে স্বীকৃতি দেয়নি। তখন তো তাঁরা এই অভিযোগ তোলেননি। মাননীয় সদস্য সুরজিৎস্মরণ বাগচী সঠিকভাবেই বলেছেন যে, চতুর্থ শ্রেণীর কর্মচারীরা পর্ষদে নির্বাচিত হোন, এটা বোধ হয় বিরোধী পক্ষ চান না এবং এটাই বোধ হয় ওঁদের মানসিকতা। আমি এই মানসিকতাকে সমস্ত শক্তি দিয়ে প্রত্যাখ্যান করি, বিরোধিতা করি। ভারতবর্ষের এবং বিশ্বের বহু জায়গায় শ্রমিক শ্রেণী পরিচালনার ক্ষেত্রে তাঁদের যোগ্যতার পরিচয় দিয়েছেন। আজকে মধ্যশিক্ষা পর্ষদে চতুর্থ শ্রেণীর কর্মচারিদের নির্বাচিত হবার সুযোগ না থাকাই ভাল, এই মতামতটা কংগ্রেস দলের, না গোবিন্দবাবুর নিজস্ব? যদি এটা গোবিন্দবাবুর নিজস্ব মতামত হয়, তাহলে নিশ্চয়ই কংগ্রেস পক্ষ থেকে এটা পরিষ্কার করে বলা দরকার যে, তাঁদের এটা মতামত নয়, এটা ওঁর ব্যক্তিগত মতামত, দলের মতামত নয়। প্রবীণ সদস্য এবং মুখ্যসচেতক জ্ঞান সিং সোহনপাল

এখানে উপস্থিত আছেন, এটা দলের বক্তব্য, না গোবিন্দবাবুর ব্যক্তিগত বক্তব্য তা পরিষ্কার করে বলুন। বলুন যে, চতুর্থ শ্রেণীর কর্মচারীর পর্ষদে নির্বাচিত প্রতিনিধি হতে পারবেন, কি পারবেন না? এটা যদি ওঁদের দলের মন্তব্য হয় তাহলে আমরা বুঝব নিশ্চয়ই জনগণের কাছে বিষয়টি আমরা নিয়ে যাব।

[4-50—5-00 P.M.]

আর একটি কথা বলেছেন রেগুলেশনের কোনও প্রয়োজন নেই। এখানে মাননীয় সদস্য শ্রী সুরজিৎস্মরণ বাগচী মহাশয় সঠিকভাবেই উল্লেখ করেছেন যে, পর্ষদ বিভিন্ন সময়ে রেগুলেশন করেছেন, কিন্তু আইনে পর্ষদের রেগুলেশন করবার অধিকার ছিল না। এটা অনেক আগে আসলেই ভাল হত, কিন্তু অনেক পরে এসেছে। পর্ষদ যে রেগুলেশন করছে সেটা হচ্ছে তার কর্মচারিদের চাকরির বিধি নিয়ন্ত্রণ করবার জন্য, কিন্তু প্রকৃতপক্ষে আইনে সেই অধিকার দেওয়া ছিল না। আমরা সেই অধিকার দেওয়ার জন্য এই সংশোধনী এনেছি এবং অন্যান্য বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এটাকে সমর্থন করেছেন, আমি তাঁদের কাছে কৃতজ্ঞতা জানাচ্ছি। মাননীয় সদস্য অমর ব্যানার্জি মহাশয় ডিসেন্ট্রালাইজেশনের কথা বলেছেন। হ্যাঁ, আমাদের পরিকল্পনা আছে, আমরা খানিকটা ডিসেন্ট্রালাইজ করেছি, আরও যাতে পর্ষদের গোটা প্রশাসনিক কাঠামোকে বিকেন্দ্রীকরণ করতে পারি সেইদিকে আমাদের নজর আছে, সুযোগ হলে পরে সেটা আমরা দেখব। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদে সেখানে ইতিমধ্যেই আমরা আগেকার যে জেলা বিদ্যালয় পর্ষদ তার একজন কর্মচারীকে সরকারি আদেশে এখন সভ্য হিসাবে মনোনীত করেছি এবং আমরা চিন্তা করছি এর পরবর্তী সময়ে আমরা আইন সংশোধন করে যাতে বিভিন্ন জেলায় যে প্রাথমিক শিক্ষা পর্ষদ আছে তার যাঁরা কর্মচারী আছেন সেই কর্মচারিদের প্রতিনিধিত্ব যাতে রাজ্য ভিত্তিক প্রাথমিক শিক্ষা পর্ষদে থাকে তার ব্যবস্থা আমরা করব, এই মানসিকতা আমাদের আছে এবং আমরা তা করব। মাননীয় সদস্য। অমর ব্যানার্জি মহাশয় একটা জায়গায় যাতে সমস্ত শিক্ষা বিষয়টি নিয়ে আসা যায় তারজন্য বলেছেন। আমি তাঁর এই যুক্তির সাথে একমত এবং আমাদের পরিকল্পনা আছে যে আমাদের শিক্ষার সমস্ত বিষয়টি প্রাথমিক থেকে শুরু করে, প্রথা-বহির্ভূত শিক্ষা, উচ্চ শিক্ষা সমস্ত বিষয়ে প্রশাসনিক যে কাজকর্ম সেটা যাতে এক জায়গায় হতে পারে এবং বাংলার বিভিন্ন প্রান্তের মানুষ এসে একটা জায়গা থেকে যাতে সমস্ত প্রয়োজনীয় কাজকর্ম সম্পন্ন করতে পারেন সেইজন্য একটা জায়গায় সমস্ত অফিসগুলি আনা, সেইভাবে পরিসর সৃষ্টি করার দিকটা আমরা চিন্তা-ভাবনা করছি যাতে এই দাবিটা পরিপূরিত হয়। বর্তমানে মানুষের যে হয়রানি আছে তা যথেষ্ট পরিমাণে কমতে পারে। মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় নমিনেটেডের সংখ্যার কথা বলেছেন। মাননীয় সদস্য যদি আইনটি দেখেন তাহলে দেখতে পাবেন, বর্তমানে এখন ৬৫ জন সদস্য আছেন পর্ষদে। এই ৬৫ জনের মধ্যে এখন ৩৬ জন হচ্ছেন নির্বাচিত। আমরা আরও সেখানে ৩ জন আনার কথা বলছি। ভারতবর্ষের কোনও রাজ্যে নির্বাচিত প্রতিনিধি মধ্য শিক্ষা পর্ষদে নেই। এখন যে পর্ষদ আছে সেই পর্ষদে নির্বাচিত প্রতিনিধির সংখ্যাই বেশি। তারপর ইউ. বি. আই.এর কথা যেটা বলেছেন এটা আমার পরিকল্পনা নয়। ইউ. বি. আই.এর প্রস্তাব পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সভায় আলোচনা করে তাঁরা সুপারিশ করেছেন যে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সাথে ইউনাইটেড ব্যাঙ্ক অফ

ইন্ডিয়াকে যুক্ত করা হোক। একটা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান যে সুপারিশ করেছে সেই সুপারিশ সরকার পক্ষ থেকে বিধিবদ্ধ করার জন্য আমি এই সংশোধনী এনেছি। ফলে ইউ. বি. আই. এলাহাবাদ ব্যাঙ্কের সাথে যুক্ত হলে ভাল হত কি-না হত এটা আমার পরিকল্পনা নয়, পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সভা থেকে সর্বসম্মতিক্রমে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব অনুসারে সংশোধনী এনেছি। এটা আমার বক্তব্য নয়, ওদের বক্তব্য অনুসারে আমি সংশোধনী এনেছি। অ্যাপিল কমিটি বসে না তা ঠিক নয়। নিয়মিতভাবে অ্যাপিল কমিটি বসে। এই অ্যাপিল কমিটিকে আরও শক্তিশালী করতে চাই যাতে অ্যাপিল কমিটিতে যে সমস্ত শিক্ষক এবং শিক্ষা কর্মীর আবেদন এখনও বিচারাধীন আছে সেগুলি অবিলম্বে যাতে দূরীভূত হতে, ফয়সালা হতে পারে তারজন্য পর্ষদের অ্যাপিল কমিটিকে আরও শক্তিশালী করার জন্য আমি উদ্যোগ গ্রহণ করেছি। প্রাথমিক শিক্ষা পর্ষদে নির্বাচনের কথা বলেছেন। দীর্ঘদিন ধরে হতে পারেনি। হয়তো আপনাদের পক্ষ থেকে মামলা-মোকদ্দমা হয়েছে, সরকারি আপনাদের দলের পক্ষ থেকে না হলেও এমন কোনও শিক্ষক মোকদ্দমা করেছেন যিনি কংগ্রেসের দলীয় ব্যক্তি হতেও পারেন। সেইজন্য আমরা এতদিন করতে পারিনি। ১৯৭৩ সালের আইন। আপনারাও কার্যকর করতে পারেননি আর আমরাও ৪ বছর ধরে কার্যকর করতে পারিনি। যাইহোক, এখন কার্যকর হয়েছে, আমরা চেষ্টা করব নির্বাচনের মধ্য দিয়ে এটা যাতে গঠিত হতে পারে। আর একটি কথা মাননীয় সদস্য শ্রী সুরজিৎস্মরণ বাগচী মহাশয় বলেছেন, আরও রিজিওন্যাল অফিস করা। আরও যাতে রিজিওন্যাল অফিস হতে পারে সেই চেষ্টা আমরা করব যাতে আমাদের কাজকর্ম আরও সুষ্ঠুভাবে হতে পারে। আমি অবশেষে—সবাই মোটামুটি সমর্থন করেছেন—সেইজন্য সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। সকলের সমর্থন নিয়ে এই বিধেয়কটি আইনে পরিণত হলে কাজের গতি বৃদ্ধি পাবে। সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সমর্থন আশা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kanti Biswas that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990, be taken into consideration, was the put and agreed to.

**Clauses 1 to 4 and Preamble.**

The question that the clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990.**

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990...

(Secretary then read the Title of the Bill)......

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990 be taken into consideration.

**শ্রী সুপ্রিয় বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিলটি এখানে উত্থাপিত হয়েছে, আমি মনে করি যে বিলটির খুব একটা প্রযোজন ছিল তা নয়। এবং আরও কনফিউসন আমাদের মধ্যে তৈরি হচ্ছে। এ. পি. পি.দের পি. পি. হতে দেবেন না, বা অ্যাপিল কোর্টে যেতে দেবেন না, সাথে সাথে পি. পি.দের আরও শক্তিশালী করবেন। আপনাদের দৃষ্টিভঙ্গী যেদিকে যাক না কেন, বা আমরা সমর্থন করি বা বিরোধিতা করি আমি মনে করি এতে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করতে চাইছেন। কারণ প্রথম এ. পি. পি. যাঁরা আছেন তাঁদের মধ্যে দু রকমের এ. পি. পি. দেখতে পাচ্ছি। প্রথম যাঁরা এ. পি. পি. হয়েছেন ১৯৭৭-এর পরে তাদের জন্য কোনও পি. এস. সি. হয়নি, কোনও সিলেকসন ট্রায়ালও হয়নি। তাঁদের যদি নিজেরা টেম্পোরারি কাজ করাতেন, মন মৌজে রাজনৈতিক লিঙ্ক নিয়ে তাঁদের এ. পি. পি.তে অ্যাপয়েন্ট করেছেন এবং পি. এস. সি..র মাধ্যমে তাঁদের সিলেক্ট করে আনতে চেষ্টা করছেন। অতএব দু'রকমভাবে নয়, এক রকমভাবে এ. পি. পি. ডিল করুন। আমার মনে হয় এটা ঠিক হবে না, কারণ এ. পি. পি. যারা ম্যাজিস্ট্রেট কোর্টে দায়িত্ব পালন করছেন সেই ম্যাজিস্ট্রেট বা মুন্সেফ যারা ইকোয়াল র‍্যাঙ্ক তারা কিন্তু ডিস্ট্রিক্ট জাজ বা হাইকোর্টের জাজ হতে পারবেন না। হোয়ার অ্যাজ যারা আজকে এ. পি. পি. হয়ে পি. এস. সি.র মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে তাদের যদি আপনারা পি. পি. না হতে দেন অ্যাট লিস্ট অ্যাডিশন্যাল প্রসিকিউটার হবার জন্যও যদি একটা সুযোগ না দেন তাহলে আমার মনে হয় পি. এস. সি.র মাধ্যমে যারা অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে তাদের ক্ষেত্রে তাদের রাইট থেকে বঞ্চিত করছেন এবং আজকে পি. পি. দের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন কিছু দিনের। প্রভিসন অফ দি সেক্সন ২৪ যেখানে পি. পি. অ্যাপয়েন্ট হচ্ছে সেখানে পি. পি.দের জেলা শাসক জেলা কাজের স্বার্থ প্রভিসন অনুযায়ী সিনিয়র মেম্বার অফ দি বার, তাদের নিয়ে এটা করছেন না।

[5-00—5-10 P.M.]

১০০ পারসেন্ট পলেটিক্যালি মোটিভেটেড হয়ে আপনারা পি. পি. অ্যাপয়েন্ট করেছেন যাতে করে অনেক সময় স্টেট ভার্সেস কেসে ভিকটিমদের অসুবিধা হচ্ছে। এখানে বিধায়ক সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং সৌগত রায় উপস্থিত আছেন। তাঁরা পূর্ণচন্দ্র ঘোষ মার্ডার কেসের ব্যাপারে গিয়েছিলেন, বলেছিলেন—পি. পি. পাল্টে দিন। কারণ যারা ভিকটিম তারা পি. পি.র উপর আস্থা রাখতে পারছেন না। ওটা ছিল পলিটিক্যাল কেস, কিন্তু আপনারা পি. পি. পাল্টাননি, অ্যাডিশন্যাল পি. পি. অ্যাপয়েন্ট করেননি। দেখা গেছে, সরকারের মোটিভেসন ঐ কেসে এত গভীরভাবে জড়িত ছিল যে, যার ফলে একজন মানুষ খুন হল, কিন্তু স্টেটের কাছ থেকে প্রটেকশন পাবার কোনও সুযোগ তাদের রইল না। কাজেই শুধুমাত্র পি. পি.কে পাওয়ারফুল করলে কাজ হবে না। ইন কেস অফ এ ডিসপিউট রিগার্ডিং দি অ্যাপয়েন্টমেন্ট অফ এ পি. পি. ইন এ পার্টিকুলার কেস স্পেশালি ফ্রম দি সাইড অফ ভিকটিম—এক্ষেত্রে চেঞ্জ অফ দি গভর্নমেন্ট রিপ্রেজেন্ট করেন। যে কোনও গভর্নমেন্ট আসুন না কেন, স্টেট ভার্সেস কেসে পি. পি.র পলিটিক্যাল মোটিভেসন অ্যাকিউজডকে সাহায্য করতে পারে।

আজকে যে বিলটা এনেছেন এটা আপনাদের সরকারেই অ্যামেন্ডমেন্টের অ্যামেন্ডমেন্ট বিল। আজকে সেকশন ২৪ এর যে প্রভাইসো সেটা আপনাদের সরকারের আমলেই অ্যামেন্ডমেন্ট। আজকে তারই অ্যামেন্ডমেন্ট এনেছেন। অর্থাৎ যখন ইচ্ছা একটা কিছু মাথায় আনছেন এবং বিলটা পাল্টাচ্ছেন। আজকে এ. পি. পি.দের কাজটাকে যদি একটা নির্দিষ্ট জায়গায় রাখতে চান তাহলে তাঁদের একটা নির্দিষ্ট সময় অন্তর ট্রান্সফার করা উচিত। এ. পি. পি.দের ক্ষেত্রে যদি ট্রান্সফারেবল জব না করেন তাহলে তাঁদের মধ্যে করাপশন আসতে পারে। জবের ক্ষেত্রে প্রভিশন অফ ট্রান্সফার চালু আছে, কিন্তু এ. পি. পি.রা ট্রান্সফার হচ্ছেন না। তার ফলে একটা নির্দিষ্ট কোর্টে এ. পি. পি.রা দীর্ঘদিন থাকছেন বলে তাঁরা সোর্স অফ করাপশন হয়ে যাচ্ছেন বা যেতে পারেন। সেজন্যই বলছি, যে বিলটা এনেছেন সেটা একটা ইনকমপ্লিট বিল। হটাৎ আপনাদের মস্তিষ্কে এসেছে বলেই এর অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং সেকশন ২৪ এবং সেকশন ৩০১-এর সাব-সেকশন ১ কে কারেক্ট করে দিলেন। কারেক্ট করলেন এ. পি. পি.দের পাওয়ার কার্ভ করে! আজকে পি. এস. সি. থেকে একজন এসে যদি জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট হতে পারেন, মুনসেফ হতে পারেন, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট থেকে যদি ডিস্ট্রিক্ট জাজ হতে পারেন, তাহলে পি. এস. সি. থেকে আসা একজন ল'ইয়ার কেন পি. পি. হতে পারবেন না? অ্যাটলিস্ট এ. পি. পি. না হবার কারণ আছে কি তাঁর? এতে খরচও সরকারের বাঁচবে। একজন ম্যাজিস্ট্রেট কোর্টে ২০-২৫টি কেস ডিল করেন, আবার স্যালারিও পান, কিন্তু পি. পি. কেস হিসাবে টাকা পান, এ. পি. পি.ও কেস হিসাবে টাকা পান। কাজেই একজন অ্যাসিস্টেন্ট পি. পি. যাঁকে পি. এস. সি. থেকে এনেছেন, তাঁকে যদি অ্যাডিশনাল পি. পি. হবার সুযোগ দেন তাহলে সরকারের খরচ অনেক কমবে বলে আমি মনে করি।

তাই আমি এটার বিরোধিতা করলাম। আপনি আপনার মেজরিটির জোরে পাশ করিয়ে নিয়ে যাবেন এবং স্বার্থসিদ্ধি করবেন এবং পক্ষে বললেও এর মধ্যে স্বার্থসিদ্ধি করবেন। কারণ আমার মনে হচ্ছে প্রথমে আপনি যে সব অ্যাসিস্টেন্ট পাবলিক প্রসিকিউটর নিয়েছেন তাঁদের পলিটিক্যালি অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। আর পি. এস. সি.র মাধ্যমে যারা আসছে তাদের আপনি পলিটিক্যাল মোটিভেসন সেখানে আনতে পারছেন না। তাই আপনি এসে তাদের কার্ভ করার চেষ্টা করছেন। আপনাকে কার্ভ করতে হচ্ছে কারণ পি. এস. সি.র মেরিটকে আপনি সি. পি. এম. ব্রান্ডে আনতে পারছেন না, আপনার ফ্রন্ট ব্রান্ডের লোক অনেক কম গেছে। তাদের কার্ভ করে অ্যাপিলে না যাওয়ার জন্য আপনি আটকে দিচ্ছেন। আপনার কাছে আবেদন রাখছি আপনি ভাবুন, ভেবে এ. পি. পি.দের দু'ভাগে ভাগ করুন। প্রথমে আপনি যাদের ডাইরেক্ট অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন আর যারা পি. এস. সি. থেকে অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে এই দুটি ভাগ আপনি চিন্তা করুন। আমার মনে হয় তাহলে আপনার ভাবনাটা সঠিক হতে পারে। কারণ একজন পি. পি.র প্রভিসনটা কি? এক্সপিরিয়েন্স অফ প্রাকটিস ফর সেভেন ইয়ার্স। স্পেশাল পি. পি. হচ্ছে ১০ ইয়ার্স—এটা বই-এ লেখা আছে। সেভেন ইয়ার্স এক্সপিরিয়েন্স একজন পি. পি. করার সিদ্ধান্ত, এটা আপনার স্টাটুটে আছে। স্পেশাল পি. পি.র ক্ষেত্রে ১০ বছর। আপনি মনে করেন কি যারা অ্যাসিসটেন্ট পি. পি. হচ্ছে তারা তাদের চেয়ে কম দিনের প্র্যাকটিস হবে? তা নয়। আপনি যেটা বলেছেন আমার মনে হয় এই হাউসে অনেক ল'ইয়ার আছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একজন আইনজীবী, আপনি

এক জায়গায় আইনজীবীদের অপমানকর কথা বলেছেন। অবজেক্টস অ্যান্ড রিজিনস অফ দি বিল আপনি বললেন Sessions cases are of graver nature, and conduct of such cases requires considerable skill and maturity which are not expected of a prosecuting officer of the rank of Asstt. Public Prosecutor.

আমি তাই বলছি এবং জোরের সাথে বলছি This is clear humilitation on the Asstt. Public Prosecutor.

এটা আপনার করার কোনও অধিকার নেই। একজন অ্যাডভোকেট যে পি. এস. সি. থেকে অ্যাসিস্টেন্ট পাবলিক প্রসিকিউটার হচ্ছে আপনি তাকে বলছেন তাদের স্কিল নেই, ম্যাচিওরিটি নেই। আইদার যারা অ্যাপয়েন্টমেন্ট করছে তাদের উপর আপনার আস্থা নেই অথবা যারা হচ্ছে তাদের আপনি ছোট করে দেখছেন। জানি না আপনি যখন ব্ল্যাক কোর্টে ফ্লিরে যাবেন কি হবে, আপনাদের ব্ল্যাক কোর্টে ফিরে যাবার দিন এসে গেছে, হয়ত আপনাকে একদিন আলিপুর কোর্টে ব্ল্যাক কোর্টে ফিরে যেতে হতে পারে তখন আপনাকে যদি বলা হয় আপনার স্কিল নেই মেরিট নেই তাহলে কি হবে? যে কোনও ল'ইয়ার সে সিনিয়র হোক আর জুনিয়র হোক সমস্ত ব্লাক কোটিয়ার হচ্ছে আমাদের কোলিগ। ওদের সম্বন্ধে যদি এই রকম কথাবার্তা বলেন, আপনি একজন আইনজীবী, আপনি ওদের অপমান করছেন। আপনার মতো একজন বিচক্ষণ ব্যক্তি এবং মন্ত্রীর কাছ থেকে আমরা এটা নিশ্চয়ই আশা করতে পারি না। আমি আবার বলছি আজকে কেন আপনার মাথায় এটা এল। এটা এসেছে তার কারণ পি. এস. সি.তে আপনার পার্টি স্বার্থ বেশি করে ফুলফিল হচ্ছে না। এর আগে আপনি এ. পি. পি. যাদের করেছেন, আমি জানি হাওড়ার ক্ষেত্রে, আপনি নিজের মত অনুযায়ী করেছেন। পি. এস. সি.তে সেখানে একটা সিলেকসন হচ্ছে, সেখানে একটা নির্বাচন হচ্ছে এবং তারপর হচ্ছে। সেখান থেকে আপনার মুনসেফ হচ্ছে, ম্যাজিস্ট্রেট হচ্ছে। তাই আপনাকে ভাবতে বলব যে আপনি তাদের ক্ষেত্রে সিল না করে দিয়ে—তাদের শুধু পয়সা বাড়িয়ে যাবেন, প্রমোশন দেবেন না—পি. পি. না করেন, পাবলিক প্রসিকিউটার না করেন অ্যাট লিস্ট অ্যাডিশনাল পাবলিক প্রসিকিউটার করা দরকার। প্রমোসনের অধিকার তাদের কাছ থেকে কেড়ে নেবেন না, তাদের জীবনে একটা উঠতির প্রয়োজন আছে।

[5-10—5-20 P.M.]

তার চেয়ে আপনি এটা করুন না যে, তুমি এই এই করলে এত বছর এ. পি. পি. থাকবে, বা এই কন্ডিশন থাকল সেটা ফুলফিল করলে তুমি এ. পি. পি. বা পি. পি. হতে পারবে। আর কিছু আপনি না করে স্বল্পদিনের জন্য স্পেশাল পি. পি. বা এ. পি. পি., যাঁরা আইনজীবী, যাঁরা সরকারকে সাহায্য করতে এসেছেন, যাঁরা আইনের মধ্যে থাকতে চাইছেন তাঁদের ভাগ্যকে সিল করে দিতে চাইছেন। তাই আমি মনে করি, এই বিলটি অ্যাবসলিউটলি ইনকমপ্লিট। এই বিলটি যখন রচিত হয়েছে তখন আপনি আপনার গুড অফিসকে ঠিকমতো ব্যবহার করতে পারেননি, অথবা আপনার বিবেচনা শক্তিকে ঠিকভাবে ব্যবহার করতে পারেননি—সেজন্য বিলটিকে পরিপূর্ণ রূপ দিতে পারেননি। তাই এই বিলটি অপরিপূর্ণ বিল, এটাকে আমি সমর্থন করতে পারছি না। আমি আপনার কাছে আবেদন করছি যে, এই বিলের মাধ্যমে আপনি অ্যাডভোকেটদের সুযোগ দিন। এঁরাও অ্যাডভোকেট। সিলেকশনের

এবং জীবনের উচ্চাশা এঁদের মধ্যে আছে। এঁদের স্কিল আছে, কাজকর্ম করতে করতে ম্যাচিউরিটি তৈরি হবে। ট্রায়াল কোর্টে যেটা হয়, সেশন কোর্টের ক্ষেত্রে তারজন্য সময় লাগে। পি. পি. কে আপনি সাত বছরের এক্সপিরিয়েন্সের কথা বলছেন, তাহলে আপনি এঁদের দেবেন না কেন? ওভার অ্যান্ড অ্যাবাব বিভিন্ন জায়গায় এ. পি. পি. এবং পি. পি. দের মধ্যে যে রাজনৈতিক মোটিভেশন রয়েছে সেটা দূর করা হোক। এই মোটিভেশনের জন্য যে সমস্ত কেস ভার্সাস স্টেট আছে—এখানে এই যে গতদিন আলোচনা হল, স্বনামধন্য ক্যাডারদের বিরুদ্ধে মামলা হচ্ছে—সেটা এমন পি. পি.দের দিচ্ছেন যাঁরা প্রোটেকশন দিচ্ছেন। সেখানে স্টেট ভার্সাস অ্যাকিউস্‌ড আসছে, তাতে আপনাদের দলের স্বনামধন্য ক্যাডাররা আসছে। কিছুদিন আগে লাল্লু এসেছে। এই ক্ষেত্রে যে পি. পি. কেস ডিল করবেন, তিনি বা তাঁরা আপনাদেরই অ্যাপয়েন্টেড পি. পি.। ফলে কেস কতটা ডিল হবে তা নিয়ে পশ্চিমবাংলার মানুষের দুশ্চিন্তা রয়েছে। কংগ্রেসের কথা ছেড়ে দিন, পশ্চিমবাংলায় একজন মহিলা আহত হলেন, সি. পি. এম.এর নমিনেটেড পি. পি. ডিল করবেন—এই ব্যাপারে দুশ্চিন্তা রয়েছে। পি. পি.দের ক্ষেত্রে কেস ডিল করার ব্যাপারে যাতে নিরাপত্তা থাকে তার বন্দোবস্ত আপনাকে করতে হবে। পূর্ণচন্দ্র ঘোষের কথা আপনাকে বলেছিলাম, আপনি আমাদের কথা শোনেননি। যে পি. পি. সরকারের পক্ষে ডিল করবেন এই কেসটি, তাঁকে নিশ্চয়ই মোটিভেটেডলি ডিল করলে চলবে না? পশ্চিমবঙ্গে গণতন্ত্রের উপরে যে আঘাত হয়েছে, পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিচিত্র লালকালো রক্তে যেভাবে ভরে গিয়েছে তা দূর করা যাবে না। আপনাদের মার্কসবাদ আজকে লাল্লুবাদে পরিণত হয়েছে। আমাদের সাথী বিধায়ক পূর্ণচন্দ্র ঘোষের কেসে যা হয়েছিল—মমতা ব্যানার্জির ক্ষেত্রে যে পি. পি. কেস চালাবে, লাল্লু আলমদের ক্ষেত্রে সেইভাবে প্রোটেকশন দিয়ে চালাবার চেষ্টা করবে বলে উল্লেখ করেছেন। আমি তাই আপনাকে অগ্রিম বলে রাখছি, সেই কেস যাতে ঠিকমতো চলে তার বন্দোবস্ত আপনি করবেন। এই বিল একটি ইনকমপ্লিট বিল, এই বিল মোটিভেটেড বিল. একে সমর্থন করতে পারলাম না।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফৌজদারি কার্যবিধি আইনের যে সংশোধনী মাননীয় আইনমন্ত্রী এনেছেন সেটা যাতে পি. পি. এবং এ. পি. পি.দের কার্যের যে জুরিসডিকশন, সেই জুরিসডিকশনটা পরিষ্কার করে বেঁধে দিতে, আইনগত অ্যাম্বিগুইটি, অর্থাৎ ধারণায় যে ভুলভ্রান্তি আছে সেটাকে অবসানের জন্য এটা আনা হয়েছে। এতে মাননীয় সদস্য সুপ্রিয়বাবু অহেতুক কতকগুলো বক্তব্য রাখলেন। তিনি অহেতুক দুশ্চিন্তা প্রকাশ করেছেন। এই দুশ্চিন্তা তাঁর সাজে না।

এখানে পরিষ্কার সেকশন ২৪ ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে বলা হয়েছে যে সেশন মকদ্দমাগুলিকে সাহায্য করবার জন্য পি. পি. নিযুক্ত হন এবং এ. পি. পি. নিযুক্ত হন। এবং যে জায়গাতে বেল পিটিশন মুভ করতে হয় সেখানে পি. পি. থাকেন সরকার পক্ষ থেকে, তিনিই মকদ্দমা পরিচালনা করেন। যদি ক্রিমিন্যাল কোন মোশন থাকে সেরকম ক্ষেত্রে পি. পি.দের অ্যাপিয়ার করেন। আর সেকসান ২৫ ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের ধারা অনুসারে ম্যাজিসট্রেট কোর্টে সরকারি পক্ষের তরফ থেকে মকদ্দমাগুলি পরিচালনা করেন এ. পি. পি.। কাজেই দুটির জুরিসডিকশন আলাদা। আইনে যেমন বলা আছে যে সেকশন ২৪ এর ক্ষেত্রে অ্যাডিশনাল পি. পি.র ব্যাপারে যে অ্যাপয়েন্ট-এ পাবলিক প্রসিকিউটার অর অ্যাড পাবলিক

প্রসিকিউটার শ্যাল বি সাবস্টিটিউটেড অর্থাৎ শ্যাল কথাটি দেওয়া হয়েছে এইজন্য তিনিও ইচ্ছা করলে এর পরিচালনা করতে পারেন। সুতরাং এইরকম একটা জায়গায় 'শ্যাল' এই কথাটি দেওয়া হয়েছে ম্যাজিস্ট্রেট কোর্টের কাজ করার যে দায়িত্ব আর সেশন কোর্টের কাজের যে দায়িত্ব এ দুটোই অনেক গুরুত্বপূর্ণ কাজ। কাজেই দু'জনেরই অ্যাপয়েন্টমেন্ট ভিন্ন রকমের এবং জুরিসডিকশনও ভিন্ন। সেশন কোর্টের ক্রিমিন্যাল কেসগুলি পরিচালনা করার ব্যাপারে সেরকম ক্ষেত্রে হাই ক্রিমিন্যাল কেসগুলির বিচারের জন্য সরকারি পরিচালনা করেন এবং তারজন্য পি. পি. নিযুক্ত হয়ে থাকেন। এবং এ. পি. পি.কেও নিযুক্ত হন তাকে প্যানেলে নিয়োগ করা হয়। এই পি. পি. নিয়োগ এবং এ. পি. পি. নিয়োগের ব্যাপারে বারই পরীক্ষা করে নেয়। ৭ বছরের উপরে যিনি প্রাকটিস করে থাকেন সেইরকম লোককেই জাজ এবং জেলাশাসক মিলিতভাবে নিয়োগ করে থাকেন। এই ব্যাপারে পলিটিক্যাল পার্টির কোনও প্রশ্ন নেই। এইবার দেখে নেয় ভাল উকিল কোনজন এবং অনেকদিন ধরে কাজ করছেন, আইনের ব্যাপারে অভিজ্ঞতা আছে এইরকম লোককেই তারা ওই পদে নিযুক্ত করেন। তারপরে কংগ্রেসীরা যেটা বলেছেন বিচার পান না একথাটি সত্য নয়। আপনাদের আমলেই প্রশ্ন উঠেছিল গোঘাটের ব্যাপারে স্পেশাল পি. পি. দিতে হবে এবং সেক্ষেত্রে তা মানা হয়েছিল। তারপরে চুঁচুড়ায় কোর্টে আপনারা স্পেশাল পি. পি. হিসাবে অসীম দে--কে চেয়েছিলেন, আমরা দিয়েছিলাম আসামীদের আপত্তি থাকা সত্ত্বেও। আপনারা একটা রাজনৈতিক চিন্তাধারায় চলেন বলে বারের কাজটাকেও আপনারা রাজনৈতিক চিন্তাধারায় দেখেন আপনাদের এই চিন্তাধারাটাকে একটু পাল্টান। আপনারা সব কিছুই রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে দেখেন। সুতরাং সরকার যে বিল এনেছেন, সেই বিল মানুষের কল্যাণের জন্য আনা হয়েছে। রাষ্ট্রীয় নাগরিকদের সুযোগসুবিধা দেবার জন্যে এই বিল আনা হয়েছে। তবে আমি বলব মাননীয় মন্ত্রীমহাশয়কে যে, এই এ. পি. পি.রা অনেক বেতন পান এবং পি. পি.ও অনেক বেতন পান। কিন্তু তা সত্ত্বেও বেতনের ভেদাভেদ আছে, এই ব্যাপারটা মাননীয় মন্ত্রী একটু দেখবেন। এই কথা বলে এই বিলটিকে সবাই সমর্থন করবেন এই কামনা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী মে দি কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওর (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ আজকে হাউসে উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

[5-20—5-30 P.M.]

আমি কোনওরকম কারুর সঙ্গে সংঘাতে যেতে চাই না সুপ্রিয়বাবুর পিছনে ইয়ার আছে, আবার আমারও পিছনে ইয়ার আছে, উনি হচ্ছেন ল'ইয়ার আর আমি হচ্ছি টিচার। উনি ল'ইয়ার মানুষ, ভাল বক্তা, আমি তাই ওদিকে যাচ্ছি না। আমার মূল যেটা বিষয়বস্তু পাবলিক প্রসিকিউটার এবং অ্যাডিশন্যাল পাবলিক প্রসিকিউটার এদের ক্ষেত্রে 'শ্যাল' কথাটা হচ্ছিল বা হয়েছিল এটা 'মে' হবে। এটা করলে এমন কি ঘটে যাবে যার দরুন নিজের দলের লোকেরা আসবে। সুতরাং এই আশঙ্কা অমূলক। আমি তো বুঝতে পারলাম না কেন এই কথা বলছেন। তারা পি. এস. সি.র মধ্যে দিয়ে আসবে এবং সরকার যদি মনে করেন তাহলে তারা সিলেক্ট করবেন? সেইজন্য এখানে 'মে' কথাটা দেওয়া হয়েছে। সুতরাং অন্যায়

কিছু নেই। এখন আশঙ্কা হচ্ছে—বেড়ালের কান্নাকে যদি আশঙ্কা করতে হয়—কাজেই আশঙ্কা যদি করতে হয় তাহলে সেই আশঙ্কা থেকে বাহির হয়ে আসুন এবং চেষ্টা করতে শিখুন। যাই হোক আমি ক্লজ ৪ যেটা দেখছি এবং মাননীয় মন্ত্রী যেটা নিয়ে এসেছেন সেটা অত্যন্ত সঠিকভাবেই নিয়ে এসেছেন। পাবলিক প্রসিকিউটর বা অ্যাডিশনাল পাবলিক প্রসিকিউটর এবং অ্যাসিস্টেন্ট পাবলিক প্রসিকিউটর এই দুইয়ের মধ্যে একটা তফাৎ; কারণ র‍্যাঙ্ক অনুযায়ী তাদের মর্যাদা। এতদিন ধরে ওনারা গদীতে ছিলেন প্রায় ৩৫-৪০ বছর ধরে, সেই সময় এটা সংশোধন করা উচিত ছিল। কাজেই র‍্যাঙ্কের ক্ষেত্রে, মর্যাদার ক্ষেত্রে যে সঠিক মর্যাদা দেওয়া উচিত ছিল সেটা তারা দিতে পারেননি। আমাদের মাননীয় আইনমন্ত্রী এটা ভেবেচিন্তে অ্যাডিশনাল পাবলিক প্রসিকিউটরকে মর্যাদা দেবার চেষ্টা করেছেন এবং তাদেরকে সঠিক জায়গায় নিয়ে এসেছেন। কাজেই আমি দেখেছি যখন ৩০ বছর ধরে তারা বটগাছের তলায় বসে থাকত, এমন কতকগুলি লোক যাদের পয়সা জুটত না তারা অ্যাসিসটেন্ট পাবলিক প্রসিকিউটর হয়ে গাছতলায় বসে বাদাম ভাঙতেন আর খেতেন এবং যারা কোর্টে গিয়ে মুখ খুলতে পারত না তাদের কথাটা যে মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করেছেন এইজন্য আমি কৃতজ্ঞ। আপনি র‍্যাঙ্কের ক্ষেত্রে যে এনকোয়ারি করেছেন, বিচারের ক্ষেত্রে যে এনকোয়ারি করেছেন, ট্রায়ালের ক্ষেত্রে এবং অ্যাপিলের ক্ষেত্রে যেখানে কঠোরতা ছিল সেখানে তাদেরকে একটা মর্যাদা দেওয়ার চেষ্টা করেছেন, সেইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে যে বিল আপনি নিয়ে এসেছেন এটা অত্যন্ত যুগোপযোগী এবং সঠিক দিকদর্শন করবে বলে আমি মনে করি। আমি মনে করি আপনি সঠিক ব্যক্তিকে সঠিক মর্যাদা দেবার চেষ্টা করেছেন, সেইজন্য বামফ্রন্ট সরকারের এই আইনমন্ত্রীকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Mohan Singh Rai :** Hon'ble Deputy Speaker, Sir, first of all I support the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990 presented by the Hon'ble Law Minister in the House. The Bill has been presented by the Hon'ble Minister considering the practicability and acquiring long experience in the matter. The Bill clearly indicates the enlarging scope of P. P. and A. P. P. It is clearly written in the statement of Objects and Reasons of the Bill. Sir, you know that the Penal Code is not so dynamic. Without proper amendment of the Criminal Procedure Code the functioning of the Court would be hampered. Having been experienced, the Left Front Government, the progressive Government of West Bengal has brought this amendment Bill to remove the complications and confusions which have arisen in the functioning of judicial work. It is often seen that the A. P. P.s do not remain in Courts as a result of which it hampers the proper functioning of the Courts. So after making the necessary amendments the problems which are being faced so long would be solved. Our Hon'ble friends from the Congress(I) benches are saying that it has been politicized but I think it is a very practical matter, and this amendment has been brought at the right moment. Because without sufficient number of A. P. P.s, Additional Public Prosecutors and P. P.s appearing in Courts

the cases which are in progress suffer much for which a section of the people gets troubles. So, it is very justifiable, practical and appropriate at the present moment. I am thankful to the Hon'ble Minister who has brought this amendment of the Bill in this House. I support this Bill. Thank you.

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এই বিলটি আমি এখানে অ্যামেন্ডমেন্টের জন্য নিয়ে এসেছি। আমাদের মাননীয় সদস্য সুপ্রিয়বাবু উনি সিভিল প্র্যাকটিস করেন, ক্রিমিন্যাল প্র্যাকটিসের সঙ্গে যুক্ত নন। ভালভাবে দেখেননি। সেজন্য উনি এই কথা বলছেন। কোনোটা এই বিলের সঙ্গে প্রাসঙ্গিক নয়। উনি ঠিকমতোন পড়েননি বলে আমার মনে হয়েছে। ক্রিমিন্যাল সেকশানটা ভাল করে দেখুন। এবারে সেন্ট্রাল অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট হয়েছে। আমরাও যে অ্যামেন্ডমেন্ট করছি, অন্যান্য রাজ্যও করছে। রাজস্থান স্টেট ১৯৮০ সালে করেছে। অ্যাডিশনাল পি. পি. এবং পি. পি.র মধ্যে। বিরোধের অবসানের জন্য এই অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছে। আমাদের এখানে ক্রিমিন্যাল সেকশন ২৪ তাতে পি. পি. এবং অ্যাডিশনাল পি. পি. অ্যাপয়েন্টমেন্ট করবার জন্য যে পদ্ধতি সেটা হচ্ছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ডিস্ট্রিক্ট জাজের সঙ্গে আলোচনা করে লিস্ট পাঠাবে এবং তার মধ্যে দিয়ে পি. পি. এবং এ. পি. পি. অ্যাপয়েন্টমেন্ট করা হয়। এখানে কোনও পলিটিক্যাল ম্যাটার নেই। ডিস্ট্রিক্ট জাজও আমাদের লোক নন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটও আমাদের লোক নন। এবং এঁদের লিস্টই সরকারকে গ্রহণ করতে হয়। অ্যাপয়েন্টমেন্ট যেটা সেকশন ২৫ ধারাতে সেটা বলা হয়েছে এ. পি. পি. থাকবে সরকারের বেতনভুক কর্মচারী। তাঁরা কেবলমাত্র ম্যাজিস্ট্রেট কোর্টে তাঁরা সরকারের পক্ষে সওয়াল জবাব করবেন। এটা হচ্ছে সেকশন ২৫-এর ব্যাপার। এখন ব্যাপার হচ্ছে সেকশন ২৪-এ ক্লজ সিক্স-এ একটা জিনিস বলে দেওয়া হয়েছে।

[5-30—5-40 P.M.]

সেকশন ২৪, ক্লজ সিক্স-এ একটা জিনিস বলে দেওয়া হয়েছে যে অ্যাসিস্টেন্ট পাবলিক প্রসিকিউটারকে সরকার পি. পি. এবং এডিশনাল পি. পি.. হিসাবে নিয়োগ করতে পারে। এটার সঙ্গেই বিরোধ, এই বিরোধের ক্ষেত্রে আমরা বলছি, এটা হওয়া ঠিক নয়। তবে আমরা 'শ্যাল'এর জায়গায় 'মে' করেছি, এটা করতেই হবে, যেটা বলা হয়েছে, সরকার এই বিষয়টা করলেও করতে পারে। আমরা সেটা 'মে' করেছি, কেননা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ডিস্ট্রিক্ট জাজ তারা এটা বিচার-বিবেচনা করে, সাত বছরের কম যাদের প্র্যাকটিস নয় এই সমস্ত উকিলদের নাম প্যানেল করে পাঠিয়ে দেওয়া হয়, তাদের সরকার নিযুক্ত করতে পারে। তবে অ্যাডিশনাল পি. পি. বা পি. পি. যদি কেস করতে চাই, তাহলে নিশ্চয় অসুবিধা হবে। সেইজন্য যোগ্যতার ব্যাপারটা বলা হয়নি, কোনও যোগ্যতার মান আমরা মনে করিনি। তবে বলা হচ্ছে যারা ম্যাজিস্ট্রেট কোর্টে কেস করে, তারা যদি সেশন কোর্টে কেস করতে চায় তাহলে তাদের বাধা দেওয়া হবে। ব্যাপারটা হচ্ছে, ম্যাজিস্ট্রেট কোর্টে যারা কেস করবে, সেশন কোর্টে কেস করা সম্বন্ধে তাদের কোনও অভিজ্ঞতা নেই। ম্যাজিস্ট্রেট কোর্টের কেসগুলি এ. পি. পি.রা করবে এটা বেঁধে দেওয়া হয়েছে, কিন্তু সেশন কোর্টের ট্রাইবুনাল কেসগুলি যদি সে করতে চায় তাহলে সে পারবে না, এটাই এখানে বলা হয়েছে। এই ব্যাপারটাকে ভিত্তি করে

আপনারা অনেকগুলো কথা বলেছেন এবং একথা আপনারা বার বারই বলেন এবং প্রতিবারই বলেন, যখনই বাজেট সেশনে আইন বিভাগ নিয়ে আলোচনা হয়, তখনই আপনারা বলেন—পি. পি. অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে। আমরা বলেছিলাম এটা আমরা অ্যাপয়েন্টমেন্ট করি না, কারণ হল যারা এটা জানেন, যেমন আমাদের মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় জানেন, যাকে হাইকোর্টের পি. পি. নিযুক্ত করছে তাকে যে কেসটা দেওয়া হচ্ছে, সেই কেসটা ফিরিয়ে নিয়ে আসা মানে সেই পি. পি.র বিরুদ্ধে নো কনফিডেন্স নিয়ে আসা, এটা সরকারের পক্ষে সম্ভব নয়। যদি তিনি কেসটা ছেড়ে দেন, তবে আমরা দেব। আপনারা জানেন, সোমরাজ দত্ত কুন্দলিয়া কেসে সরকারকে কেমন ডুবিয়ে দিয়ে চলে গেছেন, আমরা দেখেছি সেখানে ঐ অ্যাডভোকেটের জন্য কুন্দলিয়ার কেসটা ডুবে গেছে। কুন্দলিয়ার কেসটাই তার প্রমাণ, সোমরাজ দত্ত কোর্টে উপস্থিতই হয়নি, যার জন্য কুন্দলিয়া জামিনে ছাড়া পেয়ে গেলেন। আমি ঐ প্রসঙ্গে যাচ্ছি না, যে কথা বলা হচ্ছে—বিভিন্ন ক্ষেত্রে এ. পি. পি. অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে। ১৯৭৪ সালে আপনারা কাদের এ. পি. পি. হিসাবে অ্যাপয়েন্টমেন্ট করেছিলেন? তখন কারা সরকারে ছিল? আমাদের মাননীয় সদস্য শীশ মহম্মদ ঠিক কথাই বলেছেন, ১৯৭৪ সালে আপনাদের সব লোককে আপনারা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন। আমরা এসে অ্যাপ্লিকেশনের মধ্য দিয়ে এ. পি. পি. অ্যাপয়েন্টমেন্ট করেছি, ইন্টারভিউ নিচ্ছি এবং ভ্যাকান্সি ফিল আপ করা হচ্ছে। ব্যাপকহারে অ্যাপয়েন্টমেন্ট আপনারা দিয়েছিলেন, আপনাদের আমলে পলিটিক্যাল মোটিভেটেড সেই লোকগুলোকে আপনারা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন, আপনারা চাচ্ছেন সেই লোকগুলো পি. পি. হয়ে কেস করুক। কিন্তু এটা তো হতে পারে না, এটা অসম্ভব। সেইজন্য বলছি পলিটিক্যাল মোটিভেশন তখন ছিল, কিন্তু এখন নেই। আমাদের কোনও পলিটিক্যাল মোটিভেশন নেই। অতএব এই প্রসঙ্গে একটা কথা বলি, দেবনারায়ণবাবু যেটা বলেছেন সেটা অন্য কথা—বিভিন্ন কোর্টে যারা পি. পি. আছে তাদের ফি টা এক এক জায়গায় এক এক রকম। যেমন কলকাতার পি. পি.র এক রকমের ফি, আর মফঃস্বলের পি. পি.র আরেক রকমের ফি, এটা হওয়া ঠিক নয়। সমস্ত পি. পি.র ফি যাতে এক রকমের হয়, সেটার ব্যাপারে আমরা একমত এবং সেটা করার জন্য আমরা চেষ্টা করছি, যাতে সমস্ত জেলায় সমস্ত পি. পি.দের সমানভাবে ফি দেওয়া হয়। এমন কোনও কথা বলিনি। যাই হোক, অন্যান্য রাজ্য যেটা অ্যামেন্ড করেছে আমরা সেটাকেই অ্যামেন্ড করছি, সেন্ট্রাল অ্যাক্ট অ্যামেন্ড করছি। যেসমস্ত সদস্যরা আমার সঙ্গে একমত হয়েছেন তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি। সুপ্রিয়বাবু ভালভাবে বুঝলে আমার সঙ্গে একমত হতেন, কিন্তু তিনি বাস ভাড়া এবং অন্যান্য চিন্তায় সবসময় ব্যস্ত, সেজন্য এই বিল নিয়ে হয়ত চিন্তা করতে পারেননি। যাইহোক, সকলের কাছে আবেদন, জানাচ্ছি আমি যে বিল এনেছি সেটা সকলে সমর্থন করবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ও বোধ হয় বিলটার সবটা ভাল করে পড়ার সময় পাননি। কারণ, তিনি যা অ্যামেন্ডমেন্টে বলেছেন আমি অ্যামেন্ডমেন্টটা পুঙ্খানুপুঙ্খরূপে দেখেছি, তিনি বলতে গিয়ে বললেন হাইকোর্টের একজনকে যদি পি. পি. অ্যাপয়েন্টমেন্ট করা যায় তাহলে তার কাছ থেকে ফিরিয়ে আনা যায় না।

The law is such that special Public Prosecutor can be appointed in connection with this case. In one such case a good number of

Public Prosecutors have been appointed. In one case a Public Prosecutor has been appointed and a special Public Prosecutor has also been appointed to conduct that case. There is a law. So the question of one Public Prosecutor is not fixed. That is not static, because more than one Public Prosecutor can be appointed. Leave it aside. I do not like to go into this. So far as this amendment is concerned, he categorically stated that there is a bar. I do not agree with it. I agree with him about what he mentioned regarding the procedure adopted in different courts, in magistrate Court, In Session Court etc. It is quite right. But still I like to say that now-a-days good number of political appointments are going on. It is not correct. You may not agree with me. But it is a fact. In the district of 24-Parganas, in one case three Public Prosecutors have been changed. These are all political matters. Because of political reasons they were changed. So, politics is there. You cannot say that there is no politics.

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, অ্যামেন্ডমেন্ট যেটা নিয়ে এসেছি সেটা সম্বন্ধে উনি একমত হলেন। কিছু প্রাসঙ্গিক কথা বলা হয়েছিল যেটা অ্যামেন্ডমেন্টের বিষয়বস্তু নয় সেটা সুপ্রিয় বসু বলেছিলেন বলে তার উত্তর দিয়েছিলাম এবং অ্যামেন্ডমেন্ট উনি মেনে নিয়েছেন এবং অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে কোনও প্রশ্ন উঠছে না।

The motion of Shri Abdul Quiyom Molla .that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill 1990, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1–4 and Preamble

The question that clauses 1—4 and preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Abdul Quiyom Molla :** I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990 as settled in the Assembly be passed.

The Motion of Shri Abdul Quiyom Molla that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990, as Settled in the Assembly be passed, was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 5-40 p.m. till 1 p.m. on Thursday, the 23rd August, 1990 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 23rd August, 1990 at 1 P.M.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 1 Minister of State and 166 Members.

### Starred Questions
### (to which oral answers were given)

**বক্রেশ্বর তাপবিদুৎ কেন্দ্র**

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিগত অধিবেশনের ১৭ই মে, ১৯৯০ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *৬৪৬ (অনুমোদিত প্রশ্ন নং *২০২৪)-এর উত্তর উল্লেখপূর্বক বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম ও দ্বিতীয় ইউনিট রূপায়ণের কার্যসূচির পুনঃ নির্ধারণের বিষয়টি কি অবস্থায় আছে ?

[1-00 — 1-10 P.M.]

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

বিগত অধিবেশনের ১৭ই মে, ১৯৯০ তারিখে প্রদত্ত অনুমোদিত প্রশ্ন নং *২০২৪ এর 'খ' অংশের উত্তরে বলা হয়েছিল যে, সোভিয়েত সাহায্যের পরিমান ও পরিধি স্থির হবার পরে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পটির রূপায়ণের কার্যসূচি পুনঃ নির্ধারিত করার প্রয়োজন হতে পারে।

বিগত ৩রা জুলাই, ১৯৯০ এ ভারত সরকার ও সোভিয়েত সরকারের প্রতিনিধিদের মধ্যে এই প্রকল্পটি সম্পর্কে একটি কারিগরী চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং এতে ঠিক হয়েছে যে, প্রকল্পটি দুটি পর্যায়ে রূপায়িত হবে।

প্রথম পর্যায়ে ৩টি ২১০ মেগা ওয়াট ইউনিট (প্রতিটি) ও দ্বিতীয় পর্যায়ে ২টি ২১০ মেগাওয়াট ইউনিট (প্রতিটি) ক্ষমতা সম্পন্ন ইউনিট তৈরি করা হবে।

প্রথম পর্যায়ের ৩টি ইউনিট ১৯৯৫ সালের মার্চ মাসের মধ্যে পর্যায়ক্রমে চালু করা যাবে বলে আশা করা যায়।

কোন ইউনিট কবে চালু করা হবে সেটা সুনির্দিষ্ট ভাবে জানা যাবে আগামী বছরের গোড়ার দিকে সোভিয়েত কর্তৃপক্ষের সঙ্গে বিস্তারিত চুক্তি স্বাক্ষরিত হবার পর।

**শ্রী সৌগত রায়ঃ** সোভিয়েত ইউনিয়নের সঙ্গে যে চুক্তি হয়েছে সেই চুক্তির বিবরণ কি? তার মানে সোভিয়েত ইউনিয়ন যে আর্থিক সাহায্য আমাদের দেবে বক্রেশ্বর চুক্তির জন্য, ওদের থেকেই কি বয়লার, টারবাইন কিনতে হবে, নাকি বয়লার , টারবাইনের অর্ডার আগে যাদের দিয়েছিলাম তাদের কাছেই থাকবে?

**শ্রী প্রবীর সেনগুপ্তঃ** আমি এর আগেও বিধানসভায় বলেছি যে, আমাদের পশ্চিমবঙ্গের এ.ভি.এল-এর কাছ থেকে বয়লার নেব। টারবাইন নেওয়ার প্রস্তাব ঠিক হয়েছিল ভেলের কাছ থেকে। কিন্তু সোভিয়েত ঋণ পাবার ব্যাপারে তারা ওখান থেকে টারবাইন এবং আরও কিছু যন্ত্রপাতি দেবে এবং কিছু জিনিস স্থানীয় ভাবে কিনতে হবে ওদের টাকায়।

**শ্রী সৌগত রায়ঃ** আপনি বললেন প্রথম ফেজে ২১০ মেগাওয়াটের ৩টি ইউনিট ১৯৯৫ সালে সম্পূর্ণ হবে। মন্ত্রী মহাশয়ের প্রচার দেখে মনে হচ্ছিল বক্রেশ্বর চট করে হয়ে যাবে এবং বিদ্যুৎ সঙ্কটের সমাধান বক্রেশ্বর হয়ে গেলেই হয়ে যাবে। ১৯৯৫ সালে বক্রেশ্বরের প্রথম ফেজের কাজ সম্পূর্ণ হবার আগে পর্যন্ত বিদ্যুৎ পরিস্থিতি কি আজকের মতো ভয়াবহ এবং আশঙ্কাজনকই থাকবে?

**শ্রী প্রবীর সেনগুপ্তঃ** বিদ্যুতের এই পরিস্থিতি ভারত সরকারের নীতির জন্যই হয়েছে। কারণ, আমাদের পরিকল্পনা ছিল প্রত্যেক বছর ২১০-এর একটি করে ইউনিট আনা—কিন্তু এ.পি.এল. যখন অর্ডার পাচ্ছিল না ভারত সরকারের কাছ থেকে অনুরোধ করার পরেও পাচ্ছিল না, তখন হাইকোর্টে কেস করল আমাদের পার্টলি ক্লোজারের অনুমতি দেওয়া হোক। কিন্তু ভারত সরকার এ.বি.এল.কে ক্লোজার করতে অনুমতি দেয়নি, আপত্তি করে। এই সম্পর্কে তাদের সিদ্ধান্ত করতে ২২ মাস দেরি হয়। ফলে এ.বি.এল. পশ্চিমবঙ্গের জন্য নয়, ভারতবর্ষের অনেক জায়গার জন্যই যে বয়লার করছিল সেই কাজ ২২ মাস পিছিয়ে যায়। ফলে আমাদের যে পরিকল্পনা ছিল প্রত্যেক বছর ২১০ মেগাওয়াটের একটি করে করা, সেটা সম্ভব হয়নি। ফলে চাহিদা বেড়ে গিয়েছে অথচ ১৯৮৬ সালের পর থেকে কোনও নতুন ইউনিট আনতে পারি নি। ফলে এই চাহিদা ও যোগানের মধ্যে একটা ফারাক দেখা দিয়েছে। কিন্তু পরিস্থিতি যা হয়েছে এ বছর ডিসেম্বর মাসের মধ্যে আমাদের আরও একটা ইউনিট আসবে এবং আগামী ১৯৯১-৯২ সালের মধ্যে মধ্যে আরও দুটি ইউনিট আসবে।

**শ্রী দীপক সেনগুপ্তঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রয়োজনীয় যে জল সেই জল সরবরাহ সম্পর্কে স্থিরনিশ্চিত হওয়া গিয়েছে কিনা এবং যে পদ্ধতিতে এলে পরে স্থির নিশ্চিত হওয়া যাবে তার ফলে কৃষির ক্ষেত্রে সেচের জলের অভাব হবে কিনা—এরকমের কোনও রিপোর্ট আপনার কাছে আছে কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্তঃ** আপনারা অনেকেই জানেন যে কোনও প্রকল্প যখন গ্রহণ করা হয় তখন সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি, তারা সমস্ত দিক দেখেন। কয়লা কোথা থেকে আসবে, জল কোথা থেকে আসবে, রেল লাইন কোথা দিয়ে হবে ইত্যাদি সমস্ত দিক দেখেই তারা এটা গ্রহণ করেছেন এবং করার অনুমতি দিয়েছেন। এখন মাঝে মাঝে পশ্চিমবঙ্গের কিছু কাগজে কিছু গল্প ছড়ানো হয় তার ফলে মনে হয় জল পাওয়া যাবে না। জল যতটা

যাবে তারজন্য যদি সেচের জলের অসুবিধা হয় তাহলে সেটা অন্যভাবে ডিপ টিউবওয়েল ইত্যাদি করে পূরণ করা দেওয়া হবে।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি এখনই বললেন যে কেন্দ্রীয় সরকারের অবহেলার জন্য আমাদের বিদ্যুতের এই শর্টফল। আপনারা ১৩ বছর ক্ষমতায় আছেন, আপনার কাছে আমার জিজ্ঞাসা, সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে বিদ্যুৎ খাতে কত টাকা আপনারা খরচ করেছেন এবং কত টাকা দিল্লিতে ফেরত পাঠিয়েছেন।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা নোটিশ দিলে ভালোভাবে বলতে পারি। কোনও টাকা ফেরত যায়নি, ফেরতের প্রশ্ন নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমরা সাধারণভাবে জানি যে সাঁওতালদি বিদ্যুৎ প্রকল্পের ব্যর্থতার অন্যতম কারণ ভেলের যন্ত্রপাতি যা ঘনঘন বিকল হয়ে যায়। আমার জিজ্ঞাস্য, বক্রেশ্বর সহ নতুন প্রকল্পগুলিতে বৈদেশিক সরঞ্জাম আনার কথা চিন্তা করছেন কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** প্রথম কথা হচ্ছে যে সাঁওতালদি যখন করা হয়েছিল তখন ছিল ভেলের প্রথম যুগ, সেই ইউনিট তখন এসেছিল সুতরাং তার কিছু ত্রুটিবিচ্যুতি থাকতেই পারে। সেই ত্রুটিবিচ্যুতি আছে, সমস্যা হচ্ছে। ভেলকে দিয়ে ত্রুটিবিচ্যুতি সংশোধন করার চেষ্টা করছি এবং তারজন্য অনেক টাকা খরচ করছি কিন্তু এটা হচ্ছে না। আমাদের দেশে যে সমস্ত বয়লার এবং টারবাইন আছে তাদের সেই বয়লার এবং টারবাইন মোটামুটি ভালো এবং আমাদের ২১০ মেগাওয়াটের ইউনিট করেছি, ভালোই ফল দিচ্ছে। এখানের টাকায় যদি সংগ্রহ করতে পারি তাহলে বিদেশে যাবার আমাদের কোনও প্রয়োজন নেই।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ইউনিট কমপ্লিট হলে পশ্চিমবঙ্গের কত বেকার উপকৃত হবেন এবং সেখানে শুধু বীরভুমের বেকারদের চাকরি দেওয়া হবে, না, পশ্চিমবাংলার অন্যান্য জায়গার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে বেকারদের সেখানে চাকরি দেওয়া হবে?

**মিঃ স্পিকার ঃ** না, না, এটা প্রশ্ন হল না, আপনি বসুন। এ প্রশ্ন থেকে এটা আসে না।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সৌগতবাবু যখন কেন্দ্রে মন্ত্রী ছিলেন তখন পশ্চিমবঙ্গের জন্য কটা বিদ্যুৎ ইউনিট উনি গড়ে দিয়েছিলেন এবং আজকে যখন রাজ্যের হাত দিয়ে বক্রেশ্বর প্রকল্প হচ্ছে তখন তারা সেটা সমর্থন করেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** না, না, এ প্রশ্ন হবে না, আপনি বসুন।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, গত এপ্রিল মাসে আমার একটা প্রশ্নের উত্তরে আপনি জানিয়েছিলেন যে ৯৩ সালের মার্চ আসে বক্রেশ্বর প্রথম ইউনিট চালু হবে। কিন্তু আজকে চার মাস বাদে আপনি দু বছর পিছিয়ে দিলেন, এখন বলছেন ১৯৯৬ সালে হবে, এটা আপনার নিজের কথা না ক্যাবিনেটের সিদ্ধান্ত কেন না আপনি একদিন বলেছিলেন পশ্চিমবাংলায় আধ ঘণ্টার বেশি লোডশেডিং হয় না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** ১৯৯৩ সালে এটা টার্গেট ছিল। কিন্তু সোভিয়েত ঋণ নিতে হবে, তাদের কাছ থেকে কিছু যন্ত্রপাতি আসবে, সেইগুলো এই ৯৫ সালের মধ্যেই আসবে এবং সেটা পর্যায়ক্রমে আসবে। প্রথম ইউনিট কবে আসবে জানুয়ারি মাসের দিকে সেটা ঠিক হবে। কিন্তু ৯৫ সালের মধ্যে সব এসে যাবে।

**শ্রী সূর্য চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি প্রশ্ন আমরা জানি বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পের জন্য পূর্বতন কেন্দ্রীয় সরকারের সময় বলা হয়েছিল, সেই সোভিয়েট ঋণ পাওয়া যাবে না। সেই ঋণ না পাওয়ার পেছনে কি বাধা ছিল, এখন সেই বাধা কি ভাবে অতিক্রম করা হল, মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এদের রাজনৈতিক চিন্তা যা ছিল, তাতে পশ্চিমবাংলায় যেন কোনও শিল্প করতে দেয়নি, বিদ্যুৎ করতে দেয়নি, সেইভাবে এখানে বক্রেশ্বর করতেও বাধা দিয়েছে। ওদের পূর্বতন প্রধান মন্ত্রী রাজীব গান্ধী এখানে যখন এসেছিলেন তখন বলেছিলেন যে তিন মাসের মধ্যে বক্রেশ্বর ক্লিয়ার করে দেবেন। সুতরাং এখানে একটা রাজনৈতিক বাধা ছিল। অন্য কোনও বাধা ছিল না। বর্তমানে কেন্দ্রীয় সরকার এই সোভিয়েটের কাছ থেকে ঋণ নেবার ব্যাপারটায় সাহায্য করেছে এবং সেই ভাবে চুক্তি হয়েছে।

## বার্ণপুরের IISCO কারখানার আধুনিকীকরণ

***৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৪।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, বার্ণপুরের IISCO কারখানাটির আধুনিকীকরণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা সম্পর্কে রাজ্য সরকারের কাছে কোনও তথ্য আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

IISCO কারখানাটির আধুনিকীকরণের বিষয়টি কেন্দ্রীয় সরকারের ইস্পাত মন্ত্রকের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এ বিষয়ে বিস্তারিত তথ্য রাজ্য সরকারের হাতে নেই। তবে এর সঙ্গে একটু যোগ করতে চাই, দু সপ্তাহ আগে ইস্পাত মন্ত্রী দিল্লি থেকে আমার বাড়িতে এসেছিলেন অন্য একটা বিষয়ে আলোচনার জন্য এবং তখন তিনি আমাকে বলেন যে তিনি ইতিমধ্যে সই করে পি.আই.বি., পাবলিক ইনভেস্টমেন্ট ব্যুরোতে পাঠিয়ে দিয়েছেন। এখনও আমরা কোনও সংবাদ জানিনা যে পি.আই.বি.র সিদ্ধান্ত হয়ে গেছে বলে। এতে চার হাজার ৯০০ কোটি টাকা লাগবে আধুনিকীকরণ করার জন্য।

**শ্রী বিকাশ চৌধুরি ঃ** আমরা যতটুকু জানি, শেষ দিকে জাপানী যে সমস্ত এক্সপার্ট আধুনিকীকরণের ব্যাপারে এসেছিলেন, তারা একটা প্রস্তাব দিয়েছিলেন, সেই প্রস্তাব এখনও কি ভারত সরকারের বিবেচনাধীন আছে, না এটা বাতিল হয়ে গেছে, এটা জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** জাপানের প্রস্তাব এখন নেই, সেটা ৬ কোটি টাকার ছিল। তারপর আবার একটা বিচার করেন আমাদের প্ল্যানিং কমিশন এবং কেন্দ্রীয় সরকার, তারপর এই ৪ হাজার ৯০০ কোটি টাকা লাগবে বলে তারা সুপারিশ করেছে পি.আই.বি.র কাছে।

**শ্রী প্রবুদ্ধ লাহা ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, যে জাপানের সঙ্গে যে কোলাবোরেশনের কথা ছিল এবং যে টার্ন কি প্রোজেক্ট হওয়ার কথা ছিল, সেই ব্যাপারে দস্তুর কোম্পানির যে রিপোর্ট সেটা ক্যানসেল হয়ে গেছে কি, যদি হয়ে থাকে তাহলে কোন দেশের সঙ্গে কিভাবে এটা আধুনিকীকরণ করা হবে, এই বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে যদি তথ্য থাকে জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** জাপানের সঙ্গে এটা নয়। পরে আধুনিকীকরণের জন্য তাদের সঙ্গে কোনও প্রচেষ্টা নেওয়া হবে কি না, সেটা বলতে পারব না।

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি ১৯৮৯ সালে জাপানে গিয়ে জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে ইস্কো কারখানার আধুনিকীকরণের বিষয়ে আলোচনা করেছিলেন। কিন্তু আমাদের কাছে খবর আছে যে, জাপানের কাছ থেকে ফিজিবিলিটি রিপোর্ট পাওয়ার জন্য আমাদের ১০০ কোটি টাকা খরচ করা হয়েছিল। যেহেতু এটা প্রাক্তন কেন্দ্রীয় সরকারের কর্মসূচি ছিল সেহেতু বর্তমানে সেটাকে বাতিল করে দস্তুর কোম্পানিকে নতুন করে আধুনিকীকরণের বিষয়ে রিপোর্ট তৈরি করতে বলেছে। আমার মনে হচ্ছে রাজ্যের স্বার্থের দিক দিয়ে—

**মিঃ স্পিকার ঃ** আপনার কি মনে হচ্ছে, তা দিয়ে প্রশ্ন হয় না। নট অ্যালাউড।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী, দুর্গাপুর এবং ইস্কো কারখানার আধুনিকীকরণের এবং এক্সপানশনের ক্ষেত্রে পশ্চিমবাংলায় যেসব শিল্প—কল-কারখানাগুলি আছে তারা যাতে কাজ পায় তার জন্য আপনি কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং এটা প্রথম থেকেই আমরা বিবেচনা করছি। এর জন্য আমরা দুর্গাপুরে একটা কমিটি তৈরি করেছি— কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সংস্থা আছে, কারখানা আছে, শিল্প আছে তাদের প্রতিনিধিদের নিয়ে, আমাদের প্রতিনিধি নিয়ে এবং মাঝারি শিল্প গুলির প্রতিনিধিদের নিয়ে একটা কমিটি করা হয়েছে। তবে ওরা বলছে যে, ৫ বছর সময় সীমা বেঁধে দিয়ে কাজ করতে হবে, কাজেই নতুন কারখানা হবার পর তাদের কাছ থেকে সরবরাহ অনেক ক্ষেত্রেই পাওয়া যাবে না। এই রকম মনোভাব ওদের আছে। আমরা অবশ্য এই মনোভারের সঙ্গে একমত নই। ৫ বছরের মধ্যে করতে হবে, এটা ঠিক আছে। কিন্তু এটা আমাদের একটা মস্ত বড় সুযোগ—একটা ৪ হাজার ৯০০ কোটি টাকা প্রকল্প এবং আর একটা সাড়ে তিন হাজার কোটি টাকার, ফলে আমাদের ছোট এবং মাঝারি শিল্প থেকে আরম্ভ করে কিছু বড় শিল্পও বেশ কিছু কাজ করার সুযোগ পেতে পারে। শুধু দুর্গাপুরের শিল্প কারখানা গুলিই নয়, আমাদের হাওড়ায় এমন কিছু শিল্প কারখানা আছে যারা ইতিমধ্যেই ওখান থেকে অর্ডার পেয়ে আসছে—ডি.এস.পি. থেকে অর্ডার পেয়ে আসছে, তাদের সেই সুযোগ আরও বাড়তে পারে। আধুনিকীকরণের মেশিন এবং অন্যান্য জিনিসপত্র যদি সবই বাইরে থেকে আনা হয় তাহলে আমাদের শিল্পগুলি কোনও সুযোগই পাবে না। আমাদের শিল্পগুলিকে সুযোগ দেবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে আমাদের অভিমত জানিয়েছি। দুর্গাপুরের ক্ষেত্রে আমরা ওদের কিছু অনীহা দেখেছি এটা ঠিক নয়। আমি ইতিমধ্যে দুর্গাপুরে গিয়ে কমিটির সঙ্গে একবার মিটিং করেছি। আর একবার যেতে হবে। ওরা কিছু কিছু অর্ডার দেবে বলেছে। তবে যা দেবে বলছে তা আমার মতে যথেষ্ট নয়।

আরও অর্ডার ওদের এখানে প্লেস করা উচিত।

**শ্রী সৌগত রায়ঃ** ইস্কো আধুনিকীকরণের প্রোজেক্ট পশ্চিমবাংলার পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু নতুন কেন্দ্রীয় সরকারের টালবাহানায় এর মধ্যেই ৯ মাস সময় চলে গেছে। ওরা এখন নতুন করে দস্তুরকে দিয়ে সার্ভে করে আবার নতুন করে পি.আই.বি.র কাছে পাঠিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, এখন কাদের সঙ্গে কোলাবোরেশন হচ্ছে তা তিনি জানেন না এবং কবে ক্লিয়ারেন্স পাবে তাও জানেন না। এত বড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে কেন্দ্রের বন্ধু সরকার রাজ্য সরকারকে সমস্ত কিছু জানাচ্ছে কিনা, তাদের সঙ্গে আলোচনা করছে কিনা, তা কি মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের জানাবেন?

[1-20 — 1-30 P.M.]

**শ্রী জ্যোতি বসুঃ** হ্যাঁ, আমাদের সঙ্গে আলোচনা করছেন। জাপান প্রথমে সাড়ে ছয় হাজার কোটি টাকার প্রকল্প রিপোর্ট দিয়েছিল। কেন্দ্রীয় সরকার বললেন যে, এটা অনেক টাকার ব্যাপার হয়ে যাচ্ছে, এত টাকা নেই, দিতে পারবেন না। তখন নিজেদের দায়িত্বে করবার জন্য প্ল্যানিং কমিশন থেকে সুপারিশ করা হয়। কেন্দ্রীয় সরকার এবিষয়েও আমাদের সঙ্গে আলোচনা করেছিলেন। সেই পরিপ্রেক্ষিতেই ৪৯০০ কোটি টাকার প্রজেক্ট রিপোর্ট তৈরি হয়েছে এবং পি.আই.বি.র কাছে গেছে। ইস্কো আধুনিকীকরণের বিষয়ে কেউ টালবাহানা করুক এটা আমরা চাই না। আমরা চাই তাড়াতাড়ি হোক। আমি দিল্লি যাচ্ছি, আমি এটা আবার খোঁজ করব। মন্ত্রীর কাছ থেকে পি.আই.বি-র রিপোর্ট চলে গেছে। ওখান থেকেও তাড়াতাড়ি ছাড়া উচিত। এটা ২ বছর ধরে চলছে আধুনিকীকরণ হবে। ডি.এস.পি ২ বছর ধরে চলছে। বিগত সরকার একটা সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন এবং কিছু টাকা বরাদ্দ করেছিলেন। পরে নতুন সরকার আসার পর কিছু বরাদ্দ বেড়েছে। আগের সরকার এটা শুরু করেছিলেন। ইস্কো সেইভাবে হয়নি, এক পয়সাও বরাদ্দ হয়নি, কোনও কিছু হয়নি, কোনও চুক্তি সঠিকভাবে করেননি। ইতিমধ্যে দিল্লিতে পরিবর্তন হয়ে গেল, ওরা গোটা ইস্পাত কারখানার আধুনিকীকরণ চায়। ওনারা নিজেরাও করতে পারেন, যদি দরকার হয় প্রযুক্তি এনেও করতে পারেন। যেমন জামশেদপুরে ওরাও করেন আবার নিজেরা আনেন। কিন্তু আমরা চাচ্ছি তাড়াতাড়ি হোক, এ বিষয়ে আমি একমত।

**শ্রী তুহিন সামন্তঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন, ইতিপূর্বে ইস্কোর আধুনিকীকরণের জন্য রাশিয়ার সঙ্গে কথাবার্তা হয়েছিল, রাশিয়া করবে বলেছিল, কিন্তু ৪ বছর পেরিয়ে যায়, রাশিয়া ক্যানসেল করার পর জাপান আগ্রহ প্রকাশ করে। আপনি কি জানেন, আর কোনও দেশ ইস্কোর আধুনিকীকরণের জন্য আগ্রহ প্রকাশ করেছে?

**শ্রী জ্যোতি বসুঃ** রাশিয়া আগে বলেছিলেন, তারপর চলে গেলেন। এরপর জাপানের সঙ্গে কথাবার্তা হয়েছে, সেটা কিছু দিন ছিল। আমি গতবার জাপানে গিয়েছিলাম, আমাকে আমন্ত্রণ জানিয়েছিলেন ওনাদের সরকার। আমি শুনলাম, আমি যখন ওখানে ছিলাম তখন নাকি প্রধানমন্ত্রীর সঙ্গে এই নিয়ে কথা হয়েছে। আমার সঙ্গে এইসব কথা হয়নি। এখান থেকে কৃষ্ণমূর্তি যিনি চার্জে ছিলেন তিনি সেখানে গিয়েছিলেন। তিনি ফোন করে বলেছিলেন, এটা আমি দেখছি, আপনার সঙ্গে এখানে দেখা করতে পারছি না, পরে যদি প্রয়োজন হয়

আমি আপনাকে বলব। ওর সঙ্গে কথাবার্তা হয়েছে। ৬ হাজার ৫০০ কোটি টাকার প্রকল্প, কাজটা দেরি হয়ে গেছে। এরা এসে মনে করলেন ৬ হাজার ৫০০ কোটি টাকা নয়, আরও অনেক কম হয় কিনা, তাই এরা করেছেন।

## পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহশায় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদনের মোট ক্ষমতা (ইনস্টল্ড ক্যাপাসিটি) কত?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

বর্তমানে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদনের মোট ক্ষমতা ২৪৭৯.৩ মেগাওয়াট।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রাজ্যে যথাক্রমে বিদ্যুতের চাহিদা এবং বিদ্যুতের ঘাটতির পরিমান কত?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** চাহিদা এবং ঘাটতির পরিমান অঙ্কে বলা যাবে না। কিন্তু এখন পিক-আওয়ারসে যে চাহিদা হয় তা প্রায় ১৪০০ এবং এখন সেই সময়ে কোনওদিন ২০০, কোনওদিন ১০০ বা তার বেশি ঘাটতি হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি অ্যাকুইরেট ফিগারটা আশা করেছিলাম, দুর্ভাগ্যবশত আপনি বলতে পারলেন না, অ্যাপ্রোক্সিমেট বললেন। সর্বভারতীয় স্তরে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহারের গড় হার আর এই রাজ্যে বিদ্যুৎ উৎপাদেনর সদ্ব্যবহারের গড় হার কত?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** আপনি প্রশ্ন করেছিলেন কত বিদ্যুৎ উৎপাদন হয়, অবশ্য তার মধ্যে এন.টি.পি.সি., এন.এইচ.পি.সি সবাই আছে। সর্বভারতীয় যে গড় তার থেকে কম হয়। কিন্তু সাঁওতালদি বাদ দিলে সর্বভারতীয় গড়ের মতোন হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি সর্বভারতীয় গড় হার কত সেই ফিগারটা চাচ্ছি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** সর্বভারতীয় ক্ষেত্রে পি.এল.এফ ৫০ মতোন আর আমাদের এখানে ৪০/৪২/৪৩ মতোন।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি— যে বর্তমানে এই ন্যাচার‍্যাল সোর্স থেকে বিদ্যুৎ উৎপাদন করবার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা এবং থাকলে সেটা কোথায় কোথায় আছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** তিস্তা রাম্বমে জলবিদ্যুৎ পরিকল্পনা, এ ছাড়া হাওয়া এবং সূর্যকিরণ থেকে কিছু করা যায় কিনা সেটা সুন্দরবন-অঞ্চলে পরীক্ষামূলক ভাবে করা হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যেখানে থেকে বিদ্যুৎ দপ্তরে এসেছেন তাতে তো দিনরাত্রি আমরা প্রতিশ্রুতির কথা শুনছি। গতবারেও আমরা বিধানসভায় শুনেছিলাম এবং আপনি যা বলেছিলেন তাতে মনে হয়েছিল যে ৪ মাস পরে আর কোনও সমস্যা থাকবে না। কিন্তু আপনার যা ইন্সটলড ক্যাপাসিটি তাতে কি আপনি আশা করেন আপনার কোনও

ম্যানেজরিয়াল এফিসিয়েন্সির জন্য বিদ্যুৎ ঠিক ভাবে উৎপাদিত হচ্ছে না এবং দিনের পর দিন খারাপের দিকে যাচ্ছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** যা হচ্ছে, তাতে টেকনিক্যাল ডিফিসিয়েন্সি কিছু আছে। প্রধান অসুবিধা হচ্ছে সাঁওতালদি নিয়ে। এ ছাড়া আমাদের ৬০ বছর ৩০ বছর এই রকমের ইউনিট ছিল, তাদের উৎপাদন ক্ষমতা কম। এছাড়া আমি আগেই বলেছি প্রতি বছর ২১০ করে এক একটা ইউনিট আসার কথা, কিন্তু আগের কেন্দ্রীয় সরকারের নীতি জন্য যা হচ্ছে তাতে সেপ্টেম্বরে আর একটা ইউনিট ২১০, এবং কোলাঘাটে আরও দুটো ইউনিট আসবে, তখন ভালো হবে।

**ডাঃ তরুন অধিকারী :** মাননীয় মন্ত্রী মহাশয় বোধ হয় জানেন যে, গত ১৯৮৮ সালে নৈহাটির ১৬ মেগাওয়াটের তাপ বিদ্যুৎ টি তুলে দিয়ে সেখানে নভেম্বরে ৮৮ তে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে দুটি প্ল্যান্ট বসানো হবে। সেই ব্যাপারে আপনার পরিকল্পনা কতদুর এগিয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** নৈহাটির ওটার ক্ষমতা শেষ হওয়ার জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। ঐ গৌরীপুর তাপ বিদ্যুৎ কেন্দ্রটির একটা পুরানো প্রাইভেট কোম্পানির কাছ থেকে কেনা হয়েছিল। তার ক্ষমতা কমতে কমতে ৩,৪,৫৬এতে গিয়ে দাঁড়িয়েছিল। বিশেষজ্ঞরা বলেছিলেন ওটাকে বন্ধ করে নতুন ইউনিট করার কথা। এখানে ৬০ মেগাওয়াটের একটা প্ল্যান্ট করা যায় কিনা সেটা দেখা হচ্ছে।

**ডাঃ তরুন অধিকারী :** স্যার....................

**Mr. Speaker :** Mr. Adhikari Please take your Seat. What is this? Let him reply.

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের প্রসঙ্গ উত্থাপন করলেই মাননীয় মন্ত্রী মহাশয় সাঁওতালদির কথা বলেন কিন্তু আজ ১৪ বছর ধরে কোলাঘাটের যে চরম দূরবস্থা চলছে সেটা কেন চলছে সে সম্বন্ধে কি একটু আলোকপাত করতে পারবেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** কোলাঘাট কেন্দ্রে কোনও দূরবস্থা নেই, ভালোই চলছে। বর্তমানে ওখানে যা পরিস্থিতি তাতে আগামী দিনে আরও ভালো হবে বলে আশা করা যায়।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী যামিনীভূষণ সাহা :** এখন প্রতিদিনই দেখা যাচ্ছে, গত এক-দেড় সপ্তাহ যাবৎ এস.ই.বি এবং সি.ই.এস.সি. এলাকা মিলিয়ে ২০০, ২৫০, ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি হচ্ছে। আমার প্রশ্ন, হঠাৎ এটা হল কেন? হঠাৎ একদিন কাগজে দেখলাম, বিহার এবং উড়িষ্যা রাজ্য আমাদের গ্রিড থেকে বেশি বিদ্যুৎ নেবার ফলে আমাদের সমস্ত বিদ্যুৎ-ব্যবস্থা এক-দেড় দিনের জন্য ফেল করেছে। ইহা কি সত্য এবং কেন হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** প্রথমত আমাদের এখানে যে ইউনিটগুলি আছে তার মধ্যে কয়েকটি ইউনিট ওভারহয়েলিং-এর জন্য বন্ধ আছে। এছাড়া ডি.ভি.সি. যেখানে কলকাতাকে ৯০ মেগাওয়াট বিদ্যুৎ দেবার কথা সেখানে তারা ৩০/৪০ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ দিতে পারছে না। এছাড়া এন.টি.পি.সি. এবং এন.এইচ.পি.সি. যাদের বিদ্যুৎ দেবার কথা ছিল

সেক্ষেত্রে এন.টি.পি.সি.র বিদ্যুৎ উৎপাদন কম হচ্ছে। চুখার বিদ্যুৎ উৎপাদনও কম হচ্ছে। এই সমস্ত কারণে আমাদের ঘাটতি বেশি হচ্ছে।

**কৃষ্ণনগর উত্তর মহকুমা বিভক্তিকরন**

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার কৃষ্ণনগর উত্তর মহকুমা বিভক্তিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ;

(খ) 'ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হলে,—

(১) কোন কোন থানা/ব্লক নিয়ে ঐ নতুন মহকুমা গঠিত হবে ;

(২) ঐ নতুন মহকুমার প্রশাসনিক কেন্দ্র কোথায় স্থাপিত হবে ; এবং

(গ) 'তেহট্ট' পলাশিপাড়া বা শ্যামনগরে নতুন মহকুমা স্থাপন করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর মহকুমা বিভক্তি করণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। তবে এ বিষয়ে মন্ত্রীসভায় কোনও সিদ্ধান্ত গৃহীত হয় নি।

(খ) (১) প্রশ্ন ওঠেনা

(২) প্রশ্ন ওঠেনা।

(গ) তেহট্ট ছাড়া পলাশিপাড়া বা শ্যামনগরে নতুন মহকুমা স্থাপন করার কোনও প্রস্তাব সরকারে বিবেচনাধীন নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাধীনতার পর থেকে কৃষ্ণনগর উত্তর মহকুমা কৃষ্ণনগরেই আছে, এখন তা সংশ্লিষ্ট এলাকায় যাবে। কিন্তু তেহট্টের অবস্থিতি বাংলাদেশের সীমান্ত এলাকা থেকে মাত্র দুই কিলোমিটার দূরে। কাজেই প্রস্তাবিত যেসব জায়গা দেবগ্রাম, কালীগঞ্জ, বেথুয়া, নাকাশিপাড়া ইত্যাদি নিয়ে মহকুমা হবে, দেখা যাচ্ছে সেক্ষেত্রে ন্যাচারাল ব্যারেয়ার রয়েছে। সে কারণে আজকে স্থানীয় মানুষ আশঙ্কা প্রকাশ করছেন। আপনি বলেছেন, প্রস্তাবিত জায়গা মধ্যবর্তী জায়গায় হবে এবং প্রস্তাবিত জায়গাগুলি দেখা হবে। কাজেই তেহট্টকে বিবেচনা করবার আগে প্রস্তাবিত জায়গাগুলি জনস্বার্থে দেখা হোক।

**শ্রী জ্যোতি বসু ঃ** এখনও পর্যন্ত যা হয়েছে সেটা ক্যাবিনেটের কাছে পাঠানো হয়নি। এখনও বিষয়টা আলোচনার পথে রয়েছে। আমরা নানারকম প্রস্তাব পেয়েছি। তেহট্ট ছাড়া অন্য কোথায়ও করা যায় কিনা সবটাই বিবেচনা করছি। এই অবস্থায় আর বেশি বলতে পারছি না। আপনি বললেন, কাজেই যারা এটা করছেন তাদের জিজ্ঞাসা করব যে, অন্য কোথায়ও হলে ভালো হবে কিনা। আলোচনা করতে হয় করব। তবে সীমান্তের কথা বলা

হচ্ছে কেন জানি না। ওরা কি আমাদের আক্রমণ করবে? যেটা প্রশাসনিক দিক থেকে ভালো হবে সেটাই করব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সীমান্তের প্রশ্ন নয়, প্রস্তাবিত যে মহকুমা তার ব্যাপক অংশটা পড়ে যাচ্ছে একটা দিকে, আর তেহট্ট পড়ে যাচ্ছে একটা কর্ণারে। এরজন্য যে প্রশাসনিক কমিটি করা হয়েছিল পর্যালোচনা করবার জন্য, স্থান নির্বাচনের জন্য তাদের সমস্ত জায়গায় যাবার কথা, কিন্তু সেটা তারা করেননি বা জনপ্রতিনিধিদের সঙ্গেও কথা বলেননি। কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের সদস্য এখানেই বসে আছেন। কাজেই কোথায় হলে প্রশাসনিক সুবিধা বা অসুবিধা হবে সেটা দেখা দরকার। একবার স্থান নির্বাচন হয়ে গেলে তো হয়েই গেল্। আমার প্রশ্ন, সেটা করবার আগে প্রস্তাবিত সমস্ত জায়গাগুলি দেখে তা করবেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** কিছু প্রস্তাব আমাদের কাছে এসেছে যে, এই এই জায়গায় করুন, অন্য জায়গায় করুন। তবে স্থানীয় লোকের সঙ্গে যে মিটিং করবে জানি না, তবে সবদিক বিবেচনা করে প্রশাসনিক দিক থেকে যে জায়গায় করলে সুবিধা হবে সেখানেই করব। আবার যদি আর একবার এই নিয়ে আলোচনা করতে হয় প্রথমে প্রশাসনে যারা এই সব ভৌগোলিক অবস্থান দেখে করে রেখেছেন স্থান বিচার করে রেখেছেন প্রয়োজন হলে কথা বলব ক্যাবিনেটে যাবার আগে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার একটা জিজ্ঞাসা আছে। আপনি জানেন প্রশাসন সংস্কার কমিটি একটা রিপোর্ট দিয়েছিল যে ১৫ লক্ষ জনসংখ্যার ভিত্তিতে যদি একটা জেলা করা যায় তাহলে প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করা যায়। ফলে সেটা প্রশাসনের পক্ষে অনেক সুবিধা হতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি গত ১৩ বছরে একটা জেলাকে মাত্র দু-ভাগ করা হয়েছে এবং সেটা হল ২৪-পরগনা জেলা। আপনি এটা কি মনে করেন এই রকম অবস্থায় পশ্চিমবাংলায় ভবিষ্যতে জেলা আরও বাড়ানোর দরকার আছে? অন্যান্য রাজ্যে দেখতে পাই যেমন উত্তরপ্রদেশে ৫৭টি জেলা আছে, ত্রিপুরায় ১৫ লক্ষ জনসংখ্যার ভিত্তিতে ৩টি জেলা আছে। জনসংখ্যার ভিত্তিতে বা অন্যান্য রাজ্যে যে সংখ্যক জেলা আছে সেই অনুযারী পশ্চিমবাংলায় ৩৬টি জেলা হওয়া প্রয়োজন। এই রাজ্যের জেলা বাড়ানোর ব্যাপারে রাজ্য সরকার নীতিগত ভাবে কি মনে করেন, এই রকম প্রস্তাব বিচারাধীন আছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** প্রশাসন ভিত্তিক যে রিপোর্ট আমাদের দেওয়া হয়েছিল সেটা আমরা দেখেছি এবং এটা সুপারিশে আছে এবং আরও দু-একটা প্রদেশে নানা রকম বিভাজন করেছে। আমাদের এখানে আমরা হিসাব করে বুঝেছি, জনমত জেনে বুঝেছি তাতে এখানে কোনও জেলা বিভাজন করার কথা ভাবছি না। সেই জন্য আরও যাতে মহকুমা হয় আমরা সেটা ভাবছি। আরও কতকগুলি করার কথা ভাবছি, যেমন দক্ষিণ ২৪-পরগনায় এই রকম প্রস্তাব আছে এবং আরও কয়েকটি জায়গায় এই রকম প্রস্তাব আছে।

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, কৃষ্ণনগর নতুন মহকুমা করার ব্যাপারে ইতিপূর্বে জনপ্রতিনিধিদের নিয়ে একটা আলোচনা করার ব্যবস্থা করা হবে বলে আপনি বলেছিলেন যখনই এই ব্যাপারে আপনার সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। এই

পর্যন্ত এই ধরনের যে প্রশাসনিক কমিটি আপনি করেছেন প্রশাসনিক স্তরে তা আমি একজন জনপ্রতিনিধি হিসাবে জানিনা, কোনও দিন এই ধরনের আলোচনা হয়েছে কিনা আমি জানিনা। আপনি এই ব্যাপারে আমাদের আশ্বস্ত করবেন কি না আপনি যে কমিটি করবেন তারা জনপ্রতিনিধিদের এম.এল.এ. এম.পি. এবং পঞ্চায়েতের সঙ্গে আলোচনা করবেন। এই সিদ্ধান্ত আপনি নেবেন কি?

**শ্রী জ্যোতি বসু** ঃ আমার মনে হয় আপনি একবার বলেছিলেন। জনপ্রতিনিধি ঠিক আছে কিন্তু জনগণকে বলা হচ্ছে, এটা খুব কঠিন এই ব্যাপারে করা যাবে না। জনপ্রতিনিধিদের সঙ্গে নিশ্চয়ই আলোচনা হওয়া দরকার বলে মনে করি।

## বিদ্যুৎ বিপর্যয়

***৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রী অমিয় পাত্র** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৫এ জুন, ১৯৯০ মধ্যরাত্রে রাজ্যজুড়ে বিদ্যুৎ বিপর্যয়ের কারণ কি ;

(খ) এই বিপর্যয়ে প্রতিবেশি কোনও রাজ্যের কোনওরূপ দায়-দায়িত্ব ছিল কিনা ; এবং

(গ) ভবিষ্যতে অনুরূপ পরিস্থিতি মোকাবিলার উদ্দেশ্যে কি ধরনের সাবধানতা অবলম্বন করা হচ্ছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত** ঃ

(ক) ২৫শে জুন মধ্যরাত্রে বিদ্যুৎ বিপর্যয়ের মূল কারণগুলি হল ঃ—

১) ২৫শে জুন মধ্য রাত্রে বিহার রাজ্য বিদ্যুৎ পর্ষদের নিজস্ব বিদ্যুৎ উৎপাদনের পরিমান ছিল ৩০ মেঃওঃ। বিহার পূর্বাঞ্চলীয় গ্রিড থেকে ১৬০/১৮০ মেগাওয়াট বিদ্যুৎ টেনে নেয়।

২) ঐ সময় ডিভিসির নিজস্ব বিদ্যুৎ উৎপাদনের পরিমান ছিল ৯০ মেঃওঃ। কিন্তু ডিভিসি গ্রিড থেকে ২০০ মেঃওঃ বিদ্যুৎ টেনে নেয়।

এর ফলে ডিভিসি, পশ্চিমবঙ্গের রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং বিহারের সব লাইনের যোগসূত্রচ্ছিন্ন হয় এবং বিহার, ডিভিসি, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ডিপিএল, ফারাক্কা এবং চুখার উৎপাদন কেন্দ্রগুলি সম্পূর্ণ বন্ধ হয়ে যায়।

(খ) প্রতিবেশি বিহার রাজ্য সরকারের কিছু দায়-দায়িত্ব ছিল।

(গ) পূর্বাঞ্চলীয় বিদ্যুৎ পর্ষদের অন্তর্ভুক্ত সদস্যদের প্রতিনিধিদের নিয়ে পর্ষদের সদস্য সচিবের নেতৃত্বে এই বিপর্যয়ের কারণ অনুসন্ধানের জন্য একটি কমিটি গঠন করা হয়। ঐ কমিটি রাজ্য সরকারের কাছে তদন্ত রিপোর্ট পেশ করেছে। সরকার সেটি খতিয়ে দেখছে এবং সময়মতো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি জানতে চাইছি যে, প্রতিবেশি রাজ্যগুলো থেকে বিদ্যুৎ টেনে নেওয়ার ফলে এই ধরনের বিপর্যয় ভবিষ্যতে যাতে না হয় সেজন্য এই ব্যাপারে প্রতিবেশি রাজ্যগুলোর সঙ্গে কথাবার্তা বলে কোনও চুক্তি করে নেবার কথা আপনি ভেবেছেন কি না? এই বিপর্যয়ের ব্যাপারে কমিটি যে রিপোর্ট দিয়েছেন তাতে তারা স্বীকার করে নিয়েছেন যে এটাই বিপর্যয়ের মূল কারণ।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এই ধরনের ওভারড্রয়াল যাকে বলে, এটা শুধু প্রতিবেশি রাজ্যই নয়, এই ব্যাপারে অনেক এজেন্সি আছেন, তারা সব সময় নিয়ম মানেন না, প্রয়োজন হলে বেশি বিদ্যুৎ নেন। এই এজেন্সির মধ্যে আমাদের বিদ্যুৎ পর্ষদও আছেন। এসব নিয়ে ই.আর.সি.তে অনেক সভা হয়েছে। সেখানে অনেক আলোচনা হয়েছে এবং সকলেই একমত হয়েছেন। কিন্তু যখন কোনও একটা সংস্থায় সঙ্কট থাকে, ওখানে যে সমস্ত অফিসার কাজ করেন তারা অনেক সময়ে বিদ্যুৎ টেনে নেন। ফলে ফ্রিকোয়েন্সি কমে যায় এবং এর ফলে ক্ষতি হয়, সবকিছু বন্ধ হয়ে যেতে পারে। এ সম্পর্কে যে মিটিং হয়েছে সেখানে আলোচনা হয়েছে, তারা বিশদ ভাবে উল্লেখ করেছেন। তারা কোনও একটি রাজ্য বা সংস্থাকে দোষী করতে চান না। তারা কিছু নির্দিষ্ট প্রস্তাব দিয়েছেন, সেটা দেখা হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ দপ্তর ঐ কমিটি করে বা পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠন করা দরকার। সেইসব করে পরবর্তীকালে চূড়ান্ত সিদ্ধান্ত হবে।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় আর একটু আলোকপাত করলে ভালো হয়। বিহার সরকারের কাছ থেকে এই ব্যাপারে বিভ্রান্তিমূলক তথ্য পাওয়া গিয়েছে। ওখানকার মুখ্যমন্ত্রী প্রকাশ্যে দায়িত্ব অস্বীকার করেছেন। সেই ব্যাপারে বিহার সরকার কে কিছু লেখালেখি করেছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা টেকনিক্যাল বিষয়। অনেক সময়ে মন্ত্রীকে যা বলেন তাকে সেটা বলতে হয়, ব্যক্তিগত ভাবে তিনি কিছু জানেন না। এরজন্য মন্ত্রী পর্যায়ে কোনও চিঠিপত্র লেখালেখির দরকার নেই। উনি সরকারি অফিসার ও ইঞ্জিনিয়াররা যা বলেছেন, সেটাই বলেছেন। আমাকে ইঞ্জিনিয়াররা যা বলেছেন সেই রকম আমি বলেছি, এইজন্য চিঠি লেখা হয়নি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার ২৫শে জুন, ১৯৯০ এর মধ্যরাত্রে বিদ্যুৎ বিপর্যয়ের কাহিনীটা একটু বিস্ময়জনক মন্ত্রী যাই বলুন না কেন, তিনি মানছেন না। তারা বিদ্যুৎ চুরি করেছেন। আমরা সংবাদপত্র পড়ে জেনেছি যে বিহারের মুখ্যসচিব আমাদের মুখ্যসচিবকে ফোনে বলেছেন এবং আমাদের মুখ্যসচিব বিদ্যুৎ টানতে বলেন। মুখ্যসচিব বিদ্যুৎ সচিবকে বলেছেন। বিদ্যুৎ সচিব কন্ট্রোল রুমকে বলেছেন যে বিদ্যুৎ টানতে পারে। তারপর হুহু করে বিদ্যুৎ টেনে নিল। এইভাবে ওভারড্রয়াল হয়েছে, এটা হলে সাধারণত কাঁটায় দেখা হয় কতটা বিদ্যুৎ টানছে। সেইজন্য আমি বলছি, যাতে এই ধরনের ওভারড্রয়াল না হয় তারজন্য নর্মাল সময়ে যে কোনও রাজ্যে এলিমিনেটর থাকে। যখন দেখা হয় বেশি বিদ্যুৎ কেউ নিচ্ছে তখন তা কাট অফ করে দেওয়া হয়। অথবা সার্কিট রেকার থেকে পরে যখন দেখবে বেশি করে কেউ

বিদ্যুৎ টেনে নিচ্ছে তখন রিড কেটে দেওয়া হয়। এই রকম ব্যবস্থা কি পশ্চিমবঙ্গে নেই? এটা আশ্চর্যের ব্যাপার it is a total failure of the administration of the power Department.

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** প্রথমত সৌগতবাবু যে কথা বললেন সেটা হচ্ছে যে আমাদের পশ্চিমবঙ্গের কাগজগুলোর যখন কোনও খবর থাকে না তখন খুব গর্বের সঙ্গে এইরকম খবর প্রকাশ করেন। চিফ সেক্রেটারি, বিদ্যুৎ সচিব এইসব কথা ঠিক নয় কাগজে সব ছাপানো হয় এবং গল্প তৈরি করা হয়। আমরা ফ্রিকোয়েন্সি আইসোলেটার বসিয়েছিলাম। ডিভিসি বা বিহার অন্যান্য রাজ্যে ফ্রিকোয়েন্সি আইসোলেটার বসিয়েছিল। কিন্তু ওই যে ফ্রিকোয়েন্সি নিচে নামা উঠা করবে এটা অনেক রাজ্যই মেনে নেয় নি। এই যে অনেক সময়ে দেখা যায় যে ৫ মি জন্য আলো এলো আবার চলে গেল আবার এল সুতরাং এরজন্য আমরা ফ্রিকোয়েন্সি আইসোলেটার বসিয়েছিলাম এবং মনে করেছিলাম যে তাহলে অন্তত এই যে বারবার বিদ্যুৎ আসছে এবং চলে যাচ্ছে এটা বন্ধ করা যাবে। কিন্তু এর থেকে দেখা যায় যে যন্ত্রপাতির খুব ক্ষতি হচ্ছে এরজন্য আলাদা করে রাখা হয়েছে।

**শ্রী শিবরাম বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনার দপ্তরে কিছু কর্মচারী আছেন কিনা যারা ওই বিদ্যুৎ বিপর্যয়ের ক্ষেত্রে অন্তর্ঘাতমূলক কাজ চালিয়ে যাচ্ছে।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এইরকম কোনও খবর আমার কাছে নেই।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করাছি, অমিয় পাত্রের প্রশ্নের উত্তরে আপনি বললেন যে বিহার মন্ত্রক পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন এবং বিহার মন্ত্রকের এইসব ক্ষেত্রে টেকনিক্যাল লোক নেই, এটা কি আপনার ক্ষেত্রে প্রযোজ্য নয়?

**মিঃ স্পিকার ঃ** নট রেলিভ্যান্ট।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ২৫শে জুনের ক্ষেত্রে কোনও নাশকতামূলক ঘটনা ছিল কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** নাশকতামূলক হস্তক্ষেপ ছিল না।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ২৫শে জুন সারা রাজ্য জুড়ে যে বিদ্যুৎ বিপর্যয় ঘটল এর আগে অতীতে এই ধরনের বিদ্যুৎ বিপর্যয় ঘটেছিল কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** অতীতে এই ধরনের না হলেও এই নেচারের বিপর্যয় আগে হয়েছিল। দেখা গেছে হয়তো কয়েকটা ইউনিট বসে গেছে। কিন্তু এই ধরনের ব্যাপক বিপর্যয় ঘটেনি। সি ই এস সি ব্যতীত সমস্ত ইউনিট না গেলেও ফ্রিকোয়েন্সি কোনও না কোনও ইউনিট বসে যাচ্ছে বলে এই ঘটনা অনেকবার ঘটেছে।

## সাঁইথিয়া সিনেমা হলে বোমা বিস্ফোরণ

***৪৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৯।) **শ্রী ধীরেন সেন ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১২ই মে, ১৯৯০ তারিখে রাত্রের 'শো' চলাকালীন বীরভূম জেলার সাঁইথিয়া "শান্তি টকিজ" সিনেমা হলে বোমা বিস্ফোরণ ঘটেছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ঐ ঘটনায় কতজন ব্যক্তি নিহত ও আহত হয়েছেন ;

(গ) ঐ ঘটনার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিগণকে চিহ্নিত করা গিয়েছে কিনা ;

(ঘ) ইহা কি সত্য যে, অনুরূপ একটি ঘটনা বর্ধমান জেলায় চিত্তরঞ্জন শহরে ঘটেছে ; এবং

(ঙ) উক্ত ঘটনাগুলির তদন্তে কোনও সূত্র পাওয়া গিয়েছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১ জন নিহত এবং ৯'জন আহত হয়েছেন।

(গ) তিনজনকে চিহ্নিত করা গিয়াছে

(ঘ) হ্যাঁ।

(ঙ) আপাতত না। বিষয়টি রাজ্য সি.আই.ডি.-এর তদন্তাধীন।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে ৩ জনকে চিহ্নিত করা হয়েছে ৩ জন কোনও রাজনৈতিক দলের কিনা, কোনও ধর্মীয় সাম্প্রদায়িক লোককিনা বা এই রাজ্যের অধিবাসী কি না?

(গোলমাল)

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** বিগত অধিবেশনের ৩রা মে, ১৯৯০ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *৪২৯ (অনুমোদিত প্রশ্ন নং *১৫২)-এর উত্তর উল্লেখপূর্বক বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের নির্মাণকার্যে সোভিয়েত রাশিয়ার সহযোগিতার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে রয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে ভারত সরকার ও সোভিয়েত সরকারের প্রতিনিধিদের মধ্যে একটি কারিগরি চুক্তি গত ৩রা জুলাই, ১৯৯০ তারিখে স্বাক্ষরিত হয়েছে, এই উদ্দেশ্যে সোভিয়েত কর্তৃপক্ষ বেশ কিছু গুরুত্বপূর্ণ সরঞ্জাম ও যন্ত্রপাতি (ভারতীয় মুদ্রায় আনুমানিক ৪০০ কোটি টাকার মতো) ঋণ হিসাবে সরবরাহ করবে।

আশা করা যায় যে, আগামী বছরে জানুয়ারি মাসে সোভিয়েত সাহায্যের বিভিন্ন দিকগুলি নিয়ে আলাদা করে পূর্ণাঙ্গ চুক্তি সম্পাদন করা সম্ভব হবে।

## মুরারই কবি নজরুল কলেজে অধ্যাপকের শূন্য পদ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯।) **শ্রী মোতাহার হোসেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা আগস্ট ১৯৯০ তারিখে বীরভূম জেলার মুরারই কবি নজরুল কলেজে কটি অধ্যাপকের পদ (স্যাংসানড পোস্ট) কতদিন যাবৎ শূন্য ছিল ; এবং

(খ) ঐ শূন্য পদগুলি পূরণ না হওয়ার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিভিন্ন বিষয়ে মোট ছয়টি পদের মধ্যে কলেজে বর্তমানে এডুকেশনের অধ্যাপক পদটি শূন্য আছে। পদটি স্যাংসান্ড এবং কলেজ প্রতিষ্ঠার সময় থেকে শূন্য আছে।

(খ) শূন্য পদে লোক দেবার দায়িত্ব কলেজ সার্ভিস কমিশনের। কলেজ কর্তৃপক্ষ এই ব্যাপারে কমিশনের সঙ্গে সরাসরি যোগাযোগ করবেন।

## মিনি ইস্পাত কারখানা

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১২।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) টাটা কোম্পানির সহায়তায় এ রাজ্যে একটি মিনি ইস্পাত কারখানা স্থাপনের কোনও পরিকল্পনা/প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের সহায়তায় মেদিনীপুর জেলার খড়গপুর একটি 'পিগ্ আয়রন' উৎপাদন প্রকল্প স্থাপনের প্রস্তাব টাটা কোম্পানি (টিস্কো) করেছে। রাজ্যসরকার নীতিগতভাবে ঐ প্রস্তাবে সমর্থন জানিয়েছে। বাৎসরিক ৬০,০০০ টন উৎপাদন ক্ষমতা বিশিষ্ট প্ল্যান্ট স্থাপনের জন্য ৪৫ কোটি টাকা ব্যয় ধার্য হয়েছে।

## করিমপুর ও তেহট্ট থানাধীন এলাকায় ডাকাতি

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৫২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ও শ্রী দিলীপ মজুমদার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) জানুয়ারি ১৯৯০ থেকে ৩০শে জুন, ১৯৯০ পর্যন্ত নদীয়া জেলার করিমপুর ও তেহট্ট থানায় মোট কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে ;

(খ) ঐ সকল ঘটনায় মৃত্যু, আহত ও সম্পত্তি ক্ষয়ক্ষতির পরিমান কত ; এবং

(গ) উক্ত সীমান্ত এলাকায় অবাধে চোরাচালান/ডাকাতি বন্ধে ও জনজীবনের সুরক্ষা/নিরাপত্তার জন্য ইতিমধ্যে কি কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪টি।

(খ) মারা গেলেন ৭ জন ব্যক্তি ও আহত হয়েছেন ৬২ জন। ক্ষয়ক্ষতির পরিমান আনুমানিক ১ লক্ষ টাকার।

(গ) পুলিশ টহলদারি ব্যবস্থা জোরদার করা হয়েছে। দুস্কৃতির বিরুদ্ধে থানা অব্যাহত আছে। অপরাধ প্রবণ অঞ্চলসমূহে পুলিশ ক্যাম্প বসানো এবং ওয়ারলেস ব্যবস্থা কার্যকর করা হয়েছে। এছাড়া সীমান্ত রক্ষী বাহিনী ও শুল্ক বিভাগের কাজের মধ্যে সমন্বয় ঘটানোর জন্য মাঝে মাঝে ঐ দুই বিভাগের অফিসারদের জন্য আলোচনা সভার ব্যবস্থা করা হয়েছে। চোরাচালান বন্ধে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের কর্মীরা অতর্কিত হানা দিয়ে থাকেন। সীমান্ত এলাকায় গ্রামরক্ষী বাহিনীগুলিকে আরও কার্যকর করা হয়েছে।

## Adjournment Motion

[1-50 — 2-00 P.M.]

**Mr. Speaker :** Today I have received four notices of Adjournment Motions. The first is from Shri Prabuddha Laha on the subject of alleged collapse of rationing system in the State. The second is from Shri Sudip Bandyopadhyay on the subject of anti-social activities at Bantala, Birati, Singur and ,other places of the State. The third is from Dr. Manas Bhunia on the Subject of acute power crisis in the State and the fourth is from Shri Saugata Roy on the Subject of alleged anti-social activities in Keoratala Burning Ghat area.

...... ( At this stage the Congress (I) Honourable members walked out of the Chamber).......

As for the subject matter of the first motion, the Minister-in-charge of Food & Supplies Department has consented to make a statement on the 27th August, 1990 in response to a Calling Attention.

As for the subject matter of the second motion, it was the matter of discussion in an adjournment Motion on the 20th August. 1990.

As for the third motion, a motion under rule 185 has been admitted for discussion on the 24th August, 1990.

I do not, therefore, accept these three motions.

As for the fourth motion, the Member may draw the attention of the Minister concerned through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to this motion. The Member may, however, read the text of the motion, as amended.

Shri Saugata Roy, please.

(not present)

## Calling Attention

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. Alleged lathi charge on peaceful demonstration at Barrackpore on 22.8.90 | : | Dr. Manas Bhunia |
| 2. Alleged difficulty in admission of students in Muffasil Collages | : | Shri Jayanta Kumar Biswas |
| 3. Reported threat given by a leader of a major ruling party to O.C., Bhowanipur | : | Shri Saugata Roy |
| 4. Attack on lady officers of Health Department at Bantala | : | Shri Prabuddha Laha , and Shri Gobinda Chandra Naskar |
| 5. Alleged non-plying of private buses in Murshidabad district | : | Shri Mannan Hossain |
| 6. Alleged absence of proper distribution of job in the office of Assistant Panchayat Director of Jalpaiguri Division. | : | Shri Nirmal Das |

I have selected the notice of Shri Jayanta Kumar Biswas on the subject of alleged difficulty in admission of students in Muffasil Colleges.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Abdul Quiyom Molla :** Sir, on 30th August, 1990.

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Home (Police) Department will make a statement on the subject of death of one Congrees worker at Keoratala, Calcutta on the 16th August 1990. (Attention called by Shri Mannan Hossain on the 21st August 1990.)

...............(At this stage the Congress (I) Honourable members entered the Chamber)........................

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Jyoti Basu :** I rise to make this statement, in response to the Calling Attention Notice from Shri Mannan Hossain regarding the killing of one Pappu Mallick, at Keoratala, Calcutta, by some anti-social elements, on the 16th August, 1990.

One Pappu Mallick, s/o Late Jali Mallick, who was employed as a sweeper in the Medinova Clinic on Sarat Chatterjee Avenue, was sitting by the side of Tollygunge Road near Keoratola Burning Ghat, on the morning of 16th August, 1990. A group of unknown miscreant numbering about 10/15 appeared at the place at that time and started hurling bombs, indiscriminately, on the road. A Calcutta Bundh had also been called on the 16th August, 1990. As a result of the bomb blasts, Pappu Mallick received severe injuries on his head, which resulted in his instanteneous death. Immediately after the incidents, a large crowd of pro-Bundh supporters assembled on the street alleging involvement of anti-Bundh supporters, in the incident of bomb throwing. Some anti-Bundh supporters of the area, also assembled on the street and a major clash ensued, between the two groups. A small police picket, which was posted in the area, tried best to control the situation, but was not successful. There was free exchange of brickbats and bombs. On receipt of information, regarding this large scale disturbance in the area, senior police officers with reinforcements, reached the spot.

An initial lathi charge and bursting of teargas shells, failed to disparse the violent mob. Firing had to be ordered, to bring the situation, under control, In all, 11 rounds of teargas shells, 22 rounds rifle and musket and 9 rounds from service revolvers, were fired, by the police, two persons namely. Sankar Halder of 56/1 Tollygunge Road and Gautam Mondal of 50/1, Tollygunge Road, were injured, and removed to Bangur Hospital, for treatment, Sankar Halder was found to have received bullet injury, apparently due to police firing, while Gautam Mondal had pellet injuries indicating that he was hit, either by material from a bomb explosion, or from pellet catridges, fired from a pipegun. One constable also received injuries.

Two specific cases, under various provisions of the Indian Penal Code and the Explosive Substances Act were registered, in connection with the incidents of bomb throwing, rioting with deadly weapons and murder and assault on police personnel on duty.

Fourteen (14) persons were arrested. Search is still continuing for the arrest of other suspects including Sridhar Das who is absconding and who is a known anti-social element. All out attempts are being made, by the police, to apprehend these suspects.

Noise

(several Congress (I) Members rose to speak)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী উনি চলে গেলেন, থাকলে ভালো হত মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটি অত্যন্ত উদ্বেগের বিষয়। একজন জেলা শাসকের মন্তব্য আপনি নিশ্চয় শুনেছেন। পুলিশের গুলি চালানোর ব্যাপারে তার মন্তব্য হচ্ছে পুলিশ যে গুলি চালায় সেটা মারবার জন্য এবং খুন করবার জন্য। ব্ল্যাঙ্ক ফায়ার এবং পায়ে ফায়ার করার নাকি কোনও অর্থ নেই। গুলি চালানোর আগে হুঁশিয়ারি দেবার ব্যাপারে আইনে কোনও প্রশ্ন নেই। কিন্তু গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় এই জিনিস চলতে পারে না। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে যখন বর্ধমানে আন্দোলনকারীদের উপর পুলিশ আক্রমণ করে গুলি চালিয়েছিল সেটা সরকারি নীতি কিনা এবং সেজন্য বর্ধমানের জেলা শাসকের কাছ থেকে কোনও রকম কৈফিয়ত চাওয়া হয়েছে কিনা? আপনি নিজে একজন আইনজ্ঞ, অনেক কেস আপনারা নিজেরা করেছেন, পুলিশ যখন গুলি চালায় আইনে কি এটা পারমিট করে? উনি বলেছেন ব্ল্যাঙ্ক ফায়ার বা পায়ে ফায়ার করার কোনও অর্থ হয় না, এ ব্যাপারে তার কাছে কোনও কৈফিয়ত তলব করা হয়েছে কি না আমরা জানতে চাই।

**শ্রী স্বদেশ চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। রায়গঞ্জ মহকুমা হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা একবারে ভেঙ্গে পড়েছে। আমার কিছু লিখিত অভিযোগ পত্র আপনার হাতে দিতে চাইছি ব্যাপারটি তদন্ত করার জন্য ৬/৮/৯০ তারিখে ঐ হাসপাতালে একজন রোগীনিকে যার নাম শ্রীমতী সুপ্রিয়া দাস, ওরফে প্রভাতী নিয়ে যাওয়া হয়। গাইনিকে দেখানোর জন্য নিয়ে গেলে গাইনির ডাক্তার বলেন যে ঐ রোগী আমার নয়, সার্জনের অ্যাপেনডিসাইটিসের রোগী। আবার সার্জন বলেন রোগী আমার নয়, ওটা গাইনির রোগী। এইভাবে দুই ডাক্তারের দ্বন্দ্বের জন্য কোনও চিকিৎসা হয় না। রোগিনী যন্ত্রণায় ছটফট করতে থাকেন। তারপর ৭ তারিখের সকাল ৭টার সময় গাইনির ডাক্তারকে খবর দিলে তিনি বলেন আমি এখন প্রাইভেট প্র্যাকটিশ করছি, সাড়ে ১১টার আগে হাসপাতালে যেতে পারব না। কিন্তু রোগিনী তার আগেই মারা যান বিনা চিকিৎসায় রোগীনির অভিভাবক এ নিয়ে থানায় ডায়েরি করেছেন এবং আমার কাছে যে অভিযোগ পত্রগুলি দিয়েছেন তা আপনার হাতে দিচ্ছি। এটা তদন্ত করে যেন ঐসব দোষী ডাক্তারদের শাস্তি দেওয়া হয়।

[2-00 — 2-10 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বিষয়ে সারা পশ্চিমবঙ্গের মানুষের, অভিভাবকদের এবং বিশেষ করে এদের দৃষ্টি আছে কিনা জানি না এই অন্ধ মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করছি। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছাত্র শাখা এস এফ আই ঘোষণা করেছে যে পশ্চিমবঙ্গের স্কুলগুলিতে যারা ছাত্র সংসদ গঠন করবে। সেই গুন্ডারা কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে কলেজগুলিতে আজকে শিক্ষার পরিবেশকে ক্ষুণ্ণ করেছে এবং বাংলায় শিক্ষা, কৃষ্টি, সাংস্কৃতিক ধ্বংস করেছে। সেই গুন্ডা

মস্তানদের দল প্রশাসনিক মদতে, লাল্লু, ভুল্লু, কাল্লুদের কেয়ারটেকারে সারা বাংলার স্কুলগুলিতে বাচ্ছা বাচ্ছা শিশু মনকে একটা রাজনৈতিক অবক্ষয়ের শিক্ষা করার অন্য চক্রান্ত সৃষ্টি করার চেষ্টা করছে। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষা জগতকে একটা চূড়ান্ত নৈরাজ্য, একটা চূড়ান্ত পরিণতির দিকে এগিয়ে নিয়ে যাবার জন্য মার্কসবাদী কমিউনিস্ট পার্টি চক্রান্ত করছে এবং এস এফ আই গুন্ডাদের ঘোষণার মধ্য দিয়ে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করব, অভিভাবকদের জানাব, শিক্ষক, স্কুল পরিচালন সমিতির কর্তাব্যক্তিদের জানাব এই পবিত্র বিধান সভার মধ্যদিয়ে যে অবিলম্বে এই গুন্ডা মস্তান এস এফ আই-এর হাত থেকে স্কুলের কচি কচি বাচ্চাদের বাঁচান। আজকে শিক্ষার পরিবেশ সার্বিকভাবে পশ্চিমবঙ্গে স্পষ্ট হয়ে গেছে এর বিরুদ্ধে আপনারা সোচ্চার হন।

**শ্রী মদন বাউরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইন্দপুর বিধানসভা এলাকার প্রতিটি গ্রামে ডাইরিয়া এবং আন্ত্রিক রোগে ভরে গেছে এবং আমার দেখা গৌর বাজার গ্রাম পঞ্চায়েতে ৪৬ জন ডাইরিয়ায় ভুগছিল, তার মধ্যে ১ জন মারা গেছে, বাকি রোগীদের বাঁকুড়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমার গ্রামের পাশে একটা গ্রামে ১১ তারিখে আরও ১ জন ডাইরিয়ায় ভুগছে। তাদের কোনও চিকিৎসা হয়নি। আমি হাসপাতালের যে গাড়ি আছে সেই গাড়ি করে ঐ ১১ জনকে নিয়ে গিয়ে বাঁকুড়া সদর হাসপাতাল ভর্তি করেছি। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী অবিলম্বে একটা ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের কোয়েশ্চেন-এ তারকেশ্বর ধর্ষণ ছিল যেটা হেল্ড ওভার করে দিলেন। অনন্ত বিশ্বাসেরও একটা প্রশ্ন ছিল রাজ্যের ধর্ষণের ঘটনা নিয়ে। আজকে ধর্ষণের ঘটনা নিয়ে দুটো কোয়েশ্চেন ছিল, অত্যন্ত ইম্পর্টান্ট কোয়েশ্চেন, মুখ্যমন্ত্রী উপস্থিত, তরুন গোস্বামী দিয়েছিলেন তারকেশ্বর ধর্ষণের ঘটনা নিয়ে, কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গে এই যে নারী নির্যাতন ধর্ষণ হচ্ছে মুখ্যমন্ত্রীর নিজে থেকে স্বতপ্রবৃত্ত হয়ে কি কি কারণে এইসব ঘটনা ঘটছে তার একাট স্টেটমেন্ট দেওয়া উচিত ছিল, কিন্তু আমরা দেখলাম এখনও পর্যন্ত সেটা হল না। আমরা দেখলাম মমতা বন্দ্যোপাধ্যায়কে মারধোর করা হল, বানতলায় ঘটনা হল, বিরাটিতে ঘটনা হল, তারকেশ্বরে ঘটনা হল, সিঙ্গুরে ঘটনা হল, অশোক নগরে ঘটনা হল, চারিদিকে নারী ধর্ষণ এই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর থেকে হচ্ছে একটা বিরাট অবস্থা পশ্চিমবঙ্গে দাঁড়িয়েছে। আইন শৃঙ্খলার এই অবস্থা হয়েছে নারীদের সম্মান, মর্যাদা আজকে ভুলুণ্ঠিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত পরিতাপের বিষয় পশ্চিমবাংলা আজকে যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে কলকাতার রাস্তার কোনও মহিলা আর নিরাপদে বেরতে পারবে না। মুখ্যমন্ত্রী এতক্ষণ এখানে ছিলেন, তিনি আবার পুলিশ মন্ত্রীও বটে। তার কি উচিত ছিল না নিজে স্বতপ্রবৃত্ত হয়ে ১৬ তারিখে মমতা ব্যানার্জির উপর নির্যাতন, অত্যাচার হয়েছে এবং যে সমস্ত নারী ধর্ষণ হচ্ছে সেইগুলি এখানে বলে তার প্রতিবাদ করা? আজকে ধর্ষণের উপর কোয়েশ্চেন আওয়ার বন্ধ করে দিলেন।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক ও

মাধ্যমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়. অধ্যক্ষ মহাশয়, আগস্ট মাস শেষ হতে চলেছে, অথচ এখন পর্যন্ত পাঠ্য পুস্তক রাজ্যের বিদ্যালয়গুলিতে পৌছায়নি। বিদ্যালয়গুলিতে এই পাঠ্য পুস্তক না পৌছানোর ফলে ছাত্র ছাত্রীদের পড়াশুনার চরম ক্ষতি হচ্ছে যত তাড়াতাড়ি সম্ভব এই বিদ্যালয়গুলিতে পাঠ্য পুস্তক পাঠানোর জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা রাজ্যে এখন ব্যাপকভাবে লোডশেডিং হচ্ছে। আমরা প্রতিদিনই দেখতে পাচ্ছি কলকাতা শহর এবং জেলাগুলির লোডশেডিং-এর খবর সংবাদপত্রগুলিতে উল্লেখ করা হচ্ছে। মুর্শিদাবাদ, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি জেলাগুলিতে সারা দিনের মধ্যে মাত্র ৩ ঘণ্টার মতো বিদ্যুৎ থাকছে। হাসপাতালগুলিতে আজকে হাত পাখা সাপ্লাই দেওয়া হচ্ছে। বিদ্যুতের পরিবর্তে রোগীদের জন্য এখন পাখা সাপ্লাই দেওয়া হচ্ছে—এই রকম একটা রাজ্যে আমরা বসবাস করছি। আর মন্ত্রী প্রত্যেকদিন বিবৃতি দিচ্ছেন কোনও দিন ১৩০ মেগাওয়াট ঘাটতি বলে,ত আবার কোনওদিন ১৪০ মেগাওয়াট ঘাটতি বলে। আমাদের পশ্চিমবঙ্গে মোট বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা হচ্ছে ২ হাজার ৭৫০ মেগাওয়াট কিন্তু মন্ত্রী প্রত্যেকদিন যে বিবৃতি দিচ্ছেন—তিনি অসত্য কথা বলছেন। ঠিক কোন সময়ে কত ঘাটতি হচ্ছে সেই কথা তিনি বলছেন না। তিনি একটি হিসাব দিয়েছেন। তাতে তিনি বলেছেন কোলাঘাট, সাঁওতালদিতে ৪ হাজার লেবার নিয়োগ করা হয়েছে। সেই লেবার সুপারভিসন করার জন্য কোনও সুপারভাইজার নিয়োগ করা হয়নি এবং তারা ঠিকমতো কাজ করছে না। একদিকে বিদ্যুৎ দপ্তর বলছেন ৪/৫ হাজার কর্মী সারপ্লাস হয়েছে, অপর দিকে দেখা যাচ্ছে ক্যাজুয়াল কর্মী অস্থায়ীভাবে নিয়োগ করা হচ্ছে। আমরা সংবাদপত্রে দেখছি মন্ত্রীর নিজের জেলা হুগলিতে হুকিং অ্যান্ড ট্যাপিং হচ্ছে বেআইনি ভাবে। সেখানে কোনও মিটারের বালাই নেই। বিদ্যুৎ সঙ্কটের মোকাবিলা সরকার করতে পারছেন না।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

**শ্রী সুখেন্দু মাইতি ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে পরিকল্পনা গ্রহণ করে নির্দিষ্ট একটা সময় সূচির ভিতরেই সেটা সম্পন্ন করে। এটাই হচ্ছে এই সরকারের প্রধান বৈশিষ্ট্য। কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি যে, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর সুনির্দিষ্ট ঘোষণা ছিল এই বছরের শিক্ষা বর্ষেই কাঁথি পলিটেকনিকলে ক্লাশ চালু হবে এবং সেই হিসাবে প্রিন্সিপ্যালও নিয়োগ হয়েছে। এই বছর জয়েন্ট এন্ট্রান্সে ছাত্র ভর্তির জন্য ঘোষণাও করা হয়েছে। তাসত্ত্বেও এবারে ক্লাশ চালু হল না। এই ক্লাশ চালু না হবার জন্য কে বা কারা দায়ী এটা খতিয়ে দেখবার জন্য আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী জ্যোতিবাবুর কাছে আবেদন জানাচ্ছি। এদের কার্যকলাপের জন্যই আজকে বামফ্রন্টের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। আগামী বছর যাতে এই ক্লাশ চালু করা যায় তার জন্য আমি এখন থেকে প্রস্তুতি নেবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় বাস এবং ট্রাম এবং সারা পশ্চিমবাংলায় বাসের ভাড়া বৃদ্ধি নিয়ে সারা বাংলার মানুষ আন্দোলনে উত্তাল। এই বাস, ট্রামের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যখন কলকাতা বন্ধ হয়েছিল তখন আমরা দেখেছি তা সফল এবং স্বতঃস্ফূর্ত করে কলকাতার মানুষ বলে দিয়েছেন যে তারা এই বেআইনি ও অগণতান্ত্রিক বাস ভাড়া ও ট্রাম ভাড়া বৃদ্ধিকে সমর্থন করেন না। এই বাস, ট্রাম-এর ভাড়া বাড়ানোর আগে এই অপদার্থ বামফ্রন্ট সরকার একবারও বিরোধী দলের সঙ্গে আলোচনা করার পর্যন্ত প্রয়োজন অনুভব করেন নি। বাস, ট্রামের ভাড়া বাড়িয়ে তারপর তারা বৈঠক ডেকেছেন। হিসাব মতো দেখা যাচ্ছে, যে খরচ বাড়ার কথা বলছেন, ডিজেল, পেট্রোলের দাম বাড়ায়, যন্ত্রাংশের দাম বাড়ায় তাতে ৫ পয়সা ভাড়া বাড়ানোই যথেষ্ট ছিল। আপনি জানেন স্যার, ৫০ পয়সা যদি লিটার প্রতি দাম বাড়ে এবং একটি বাস যদি ৫০ জন লোককে এক লিটারের ৪ কিলোমিটার পরিবহন করতে পারে তাহলে মাথাপিছু ৪ কিমি পর্যন্ত এক পয়সা বাড়া উচিত। সেই জায়গায় বাস ভাড়া ন্যূনতম ২০ পয়সা বেড়েছে। তারপর ট্রামের ভাড়াও বেড়েছে। ট্রামে কোনও রকম ডিজেল লাগে না অথচ ডিজেলের দাম বেড়েছে বলে ট্রামের ভাড়া বাড়ানো হল। ট্রাম বিদ্যুতে চলে। আসলে স্যার, এই বাস ভাড়া বৃদ্ধি বাস মালিকদের মুনাফা পাইয়ে দেওয়ার সরকারি চেষ্টা। তাদের সঙ্গে সরকারের সমঝোতা হয়েছে। বাসে দুর্নীতি আছে। অশোক লেল্যান্ড কোম্পানি থেকে বাস কেনা হয়েছে। এর আগে যে কমিশন নেওয়া হয়েছে, যে কোম্পানির ২৯১টি বাস খারাপ হয়ে যাওয়ায় ১৭ কোটি টাকা লোকসান হয়েছে, সেই লোকসানকে চাপা দেবার জন্য এই বাসভাড়া বৃদ্ধি করা হয়েছে। ট্রামের বিদেশি মালিকদের যে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে বেআইনিভাবে সেই ক্ষতিপূরণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী যে লোকসান সরকারের করেছেন তাকে পূরণ করতে গিয়ে ট্রামের ভাড়া বাড়ানো হয়েছে। তা সত্ত্বেও বাসের লোসকান কমবে না। গত বছর ২০ কোটি টাকা শুধু কলকাতার রাষ্ট্রীয় পরিবহনের লোকসান ছিল। সেই লোকসান বা ভরতুকি এখনও দিতে হবে। আজকে শুধু ১০ পয়সা ভাড়া বাড়ালেই ৪ কোটিরও বেশি টাকা পরিবহনের লাভ হতে পারত। কিন্তু তা না করে এরা জনসাধারণের উপর অসহনীয় বোঝা চাপিয়ে দিয়েছেন এবং ন্যূনতম স্তরে ২০ পয়সা বৃদ্ধি করেছেন। লম্বা রুটে দেখা যাচ্ছে, ডায়মন্ডহারবার থেকে এসপ্লানেড পর্যন্ত আগে ছিল ১.৮০ টাকা, সেটা বেড়ে হয়েছে ৩.৬০ টাকা। এটা স্যার, মানুষের পক্ষে একটা অসহনীয় বোঝা হয়ে দাঁড়িয়েছে। স্যার, আমি বলতে চাই, এই বাসভাড়া বৃদ্ধি অগণতান্ত্রিক, অযৌক্তিক। বিরোধীদলের সঙ্গে আগে আলোচনা না করে প্রাইভেট বাস মালিকদের লাভ করিয়ে দেবার জন্য এই সুযোগ সৃষ্টি করে দেওয়া হয়েছে। বাস ও ট্রামের ব্যাপারে সরকারি দুর্নীতি চাপা দেবার জন্য এইভাবে ভাড়া বাড়ানো হয়েছে। গত ১৬ তারিখের সফল বন্ধ হবার পর এই সরকারের দেওয়ালের লিখন পড়া উচিত। একদিকে দ্রব্যমূল্য বৃদ্ধির চাপে মানুষ বিপর্যস্ত, অপর দিকে এইভাবে বাস, মিনিবাস, ট্রাম, লঞ্চের ভাড়া বাড়ানো হয়েছে। মানুষের উপর এই যে চাপ এটা যদি লাঘব করা না হয় তাহলে পশ্চিমবাংলায় আন্দোলন চলবে। স্যার, এক পয়সা ট্রামের ভাড়া বৃদ্ধির জন্য যারা এর আগে ২২টি ট্রাম পুড়িয়েছেন সেই জ্যোতিবাবুরা আজকে কয়েকটি বাস ভেঙ্গেছে বলে দুঃখ প্রকাশ করছেন। যদি এই আন্দোলনে পুলিশ হামলা করে তাহলে এই আন্দোলনে কোথাও কোথাও হিংসা হতে পারে।

আমি আবার বলব, কোনও হিসাব পেট্রোল, ডিজেল, যন্ত্রাংশের দাম বাড়া, কর্মচারিদের যে অবস্থা তারজন্য এতো ভাড়া বাড়তে পারে না। স্টেট বাসে এখনও বাস পিছু ১৪ জন লোক কাজ করে। ভাড়া অবিলম্বে কমানো হোক এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী সূর্য চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলা পরিষদ বর্তমান বছরে একটা গুরুত্বপূর্ণ কর্মসূচি গ্রহণ করেছেন। মেদিনীপুর জেলাপরিষদ সিদ্ধান্ত করেছেন যে ১৯৯১ সালের ৩১শে জানুয়ারির মধ্যে জেলার সমস্ত নিরক্ষর মানুষকে স্বাক্ষরের আওতায় আনবেন। সেই সঙ্গে সঙ্গে সমস্ত শিশু এবং সন্তানবতি মায়েদের রোগ প্রতিষেধকদের আওতায় আনবেন। এই কর্মসূচিকে কেন্দ্র করে গোটা মেদিনীপুর জেলায় একটা প্রচন্ড কর্ম প্রবাহ শুরু হয়েছে। স্বাক্ষরতার জন্য এবং রোগ প্রতিষেধক বিষয়ে শিক্ষাদানের জন্য সারা মেদিনীপুর জেলায় প্রায় ২ লক্ষ শিক্ষাকেন্দ্র আগামী ১লা সেপ্টেম্বর থেকে খোলা হবে। এই ২ লক্ষ শিক্ষা কেন্দ্র পরিচালনা করার জন্য কেরোসিন তেলের প্রয়োজন। তাই যাতে মেদিনীপুর জেলায় এই সাক্ষরতা কর্মসূচিকে সাফল্যমন্ডিত করা যায়, তার জন্য রাজ্য সরকারের কাছে, মন্ত্রীসভার কাছে আবেদন করছি যাতে প্রয়োজনীয় কেরোসিন তেল সরবরাহ করা হয় ঐ শিক্ষা কেন্দ্র গুলোকে চালু রাখার জন্য।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ পরিস্থিতির সঙ্কট নিয়ে আমি এখানে উল্লেখ করতে চাই। বিদ্যুৎ পরিস্থিতির চূড়ান্ত অবনতি ঘটেছে, আমাদের রাজ্যে বিদ্যুৎ উৎপাদনের হার কমছে এবং পাশাপাশি চূড়ান্ত লোডশেডিং চলছে। কি পরীক্ষার্থী, কি কৃষিজীবী, কি শিল্প সর্ব ক্ষেত্রেই চূড়ান্ত বিদ্যুতের অভাব দেখা দিয়েছে। এই রাজ্যে এখন বিদ্যুৎ থাকাটাই একটা আশ্চর্যের বিষয়। পশ্চিমবাংলার সর্বত্র বিদ্যুতের জন্য হাহাকার চলছে। রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী যে তথ্য সরবরাহ করলেন আজকে প্রশ্নোত্তরের সময় তাদের রাজ্যের মানুষ বিশ্বাস করবে না। রাজ্যের মানুষ জানে যে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। এই ক্ষোভ শুধু বিরোধী দলের নয়, সরকারি দলের পক্ষ থেকেও ক্ষোভ প্রকাশ করা হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয় বিদ্যুৎ মন্ত্রী কখনও মনে করেন না যে এই ভয়াবহ বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে কোনও চিত্র হাউসকে জানানোর। সুতরাং এই হাউস থেকে বিদ্যুৎ মন্ত্রীকে সেন্সার করা হোক, এই হাউস থেকে একটা সিদ্ধান্ত করা হোক যাতে বিদ্যুৎ মন্ত্রীকে সেন্সার করতে পারি, তাহলে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা সামাল দেওয়া সম্ভবপর হবে। আমি মনে করি এটার প্রয়োজন আছে।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন সমস্ত জেলা শহর এবং মফস্বল শহরগুলোতে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা সম্পূর্ণ ভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে, রেশন দোকানে চাল, গম, চিনি প্রভৃতি পাওয়া যায় না। চালের দাম এখন মফস্বলে ছয়টাকা হয়ে গেছে। একটা সাংঘাতিক ক্রাইসিস দেখা দিয়েছে। কেরোসিন তেল পাওয়া মানুষের কাছে প্রাইজ বন্ড পাওয়ার মতো আকালে দেখা দিয়েছে। আমি জানি না কেন কেরোসিনের এত সঙ্কট হচ্ছে, আগে এত সঙ্কট ছিলনা, বর্তমানে কেরোসিন পাওয়াটাও খাদ্য সামগ্রীর প্রয়োজনের চেয়ে বেশি করে দেখা দিয়েছে। ন্যায্য মূল্যের দোকানে কেরোসিন পাওয়া যায় না, বেশি দাম দিলে পাওয়া যায়। নিত্য ব্যবহার্য্য জিনিসের মূল্য আকাশচুম্বী। সেই জন্য আমি একটা প্রস্তাব করছি

কেরোসিন তেল বিতরণ তদারকির জন্য পৌরসভা এবং গ্রাম পঞ্চায়েত স্তরে ব্যাপক ভাবে জনপ্রিয় কমিটি গঠন করে তার মাধ্যমে বিতরণ করতে হবে। শহরে এবং গ্রামে রেশন সামগ্রীর গ্যারান্টি করতে হবে।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১লা আগস্ট আপনি জানেন যে হাওড়া ব্রিজে দ্রব্য মূল্য বৃদ্ধির প্রতিবাদে আন্দোলন করতে গিয়ে আমাদের একজন শিক্ষিকা মহিলা কংগ্রেস কর্মী বিমলা দে পুলিশের গুলিতে নিহত হন। তার বাড়ির সামনে একটা শহীদ বেদি হবে, সেই শহীদ বেদি যাতে না হয় তার জন্য পুলিশ প্রশাসন, রাইটার্স বিল্ডিংস, হাওড়া পুলিশ, বাধা দেবার চেষ্টা করছে। যে সমস্ত কংগ্রেস কর্মীরা বেদি করতে যাচ্ছে পুলিশ তাদের অ্যারেস্ট করছে। স্যার, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি ১৬ই আগস্ট আন্দোলন করার সময় মমতার ওপর যে আক্রমণ হয়েছে সেই আক্রমণকে আর.এস.পি. ফরওয়ার্ড ব্লক এবং সি.পি.আই.র মহিলা শাখা নিন্দা করেছে, অথচ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অনেক মহিলা সদস্য এখানে উপস্থিত থাকা সত্ত্বেও—আরতি দাশগুপ্ত, শ্রীমতী কোঙার প্রভৃতি—তাঁরা কেউ একবারও মহিলা কংগ্রেস কর্মীর ওপর আক্রমণের, নির্যাতনের, খুনের ঘটনার প্রতিবাদ করলেন না, নিন্দা করলেন না। আজ পর্যন্ত আমরা এই জিনিস দেখলাম না। আমি আপনার মাধ্যমে মাননীয় জ্যোতিবাবুকে বলতে চাই যে, যে শিক্ষিকাকে নৃশংসভাবে গুলি করে খুন করা হয়েছে তার উদ্দেশ্যে শহীদ বেদি পর্যন্ত করতে দেওয়া হচ্ছে না।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, কংগ্রেস আন্দোলনের নামে গত ১৬ই আগস্ট যে সমস্ত ঘটনা ঘটিয়েছে সেগুলির পরিপ্রেক্ষিতে আমি একটি ঘটনা এখানে উল্লেখ করছি। গত ১৬ই আগস্ট কংগ্রেসের কচি বাহিনী—যে সমস্ত ছেলেরা স্কুলে পড়ে তাদের নিয়ে রামনগরে সরকারি বাস গুলিকে জোর জবরদস্তি আটকাচ্ছিল। যদিও সেদিন ওখানে সমস্ত দোকান পাট খোলা ছিল, তথাপি ঐ বাহিনীকে নিয়ে কিছু লোক বাস গুলির ওপর হামলা করছিল। যে সমস্ত মেয়েরা বাসে ছিল তাদের জোর করে বাস থেকে নামিয়েছিল। তারা প্রাণ বাঁচাবার তাগিদে এবং সন্ত্রাস থেকে মুক্তি পাবার তাগিদে ছোটাছুটি করেছিল। স্যার, ওরা ৭২-এর কায়দায় সারা পশ্চিমবাংলায় সন্ত্রাস সৃষ্টি করতে চাইছে। আমি আশা করব তাঁরা এই কাজ করবেন না, সন্ত্রাস সৃষ্টির প্রচেষ্টা বন্ধ করবেন। অবশ্য আমরা জানি ওদের এই প্রচেষ্টা সফল হবে না। কারণ, সন্ত্রাসবাদী লোকদের সবে দেয় ধিক, সন্ত্রাস করে ওরা মাইক্রোস্কোপিক।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার, স্যার, পশ্চিমবঙ্গ সর্বক্ষেত্রে আজকে পিছিয়ে যাচ্ছে। স্যার, যেসব সর্বভারতীয় পরীক্ষাগুলি বা পোস্টগুলি আছে সেগুলিতে পশ্চিমবাংলার অত্যন্ত কম সংখ্যক ছাত্রই গিয়ে পৌঁছাতে পারছে। কারণ আমাদের শিক্ষা জগতে অত্যন্ত বেশি রাজনীতি প্রবেশ করেছে। আমাদের এখানকার ছাত্ররা এখন আর আই এ এস, আই পি এস বা অন্যান্য বড় বড় অল ইন্ডিয়া পোস্টগুলিতে পৌঁছাতে পারছে না। এর ওপরে ১২/১৩/১৪ বছরের ছাত্রদের দিয়ে রাজনীতি করবার জন্য স্কুলে ইউনিয়ন চালু করার অপচেষ্টা চলছে। তবে আমি এখনও পর্যন্ত এবিষয়ে সরকারের তরফ থেকে কোনও বিবৃতি

পাই নি। আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি, তিনি অবিলম্বে এই অপ-প্রচেষ্টা বন্ধ করুন। যদি এটা হয় তাহলে পশ্চিমবঙ্গের সমস্ত শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়বে। আমরা জানি এই প্রচেষ্টার পেছনে একটা উদ্দেশ্য আছে। কারণ ভোটার লিস্টে ১৪/১৫/১৬ বছরের ছেলেদের নাম ঢুকিয়ে দেওয়া হয়েছে। এখন তাদের রাজনীতির সঙ্গে যুক্ত করে রাজনৈতিক মুনাফা লাভের চেষ্টা হচ্ছে। স্যার, যদি স্কুলে রাজনীতি চালু হয় তাহলে আমাদের ছাত্ররা আরও পিছিয়ে পড়বে। স্যার, এটা শুধু আমাদের কংগ্রেসেরই বক্তব্য নয়, বিভিন্ন লেফট পার্টিগুলির পক্ষ থেকে এই বক্তব্য রাখা হচ্ছে। সুতরাং এটা এখনই বন্ধ করা দরকার। তানাহলে এর ফলে পরবর্তীকালে যে আন্দোল সৃষ্টি হবে তাতে বিপদ দেখা দেবে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে, তিনি অবিলম্বে সরকারের পক্ষ থেকে একটা বিবৃতি দিয়ে বলেদিন যে, স্কুলে এসব জিনিস হবে না।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যে বিষয়টি এখানে উল্লেখ করা হয়েছে, তবুও আমি আবার উল্লেখ করছি। স্যার, সারা রাজ্যব্যাপী কেরোসিন তেলের সঙ্কট দেখা দিয়েছে। তার কারণ কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত পরিমানে আমাদের প্রয়োজনীয় কেরোসিন তেল দিচ্ছেন না। কিন্তু এই সময়ে আমাদের মেনিদীপুর জেলায় জেলা-পরিষদ এবং প্রশাসনের পক্ষ থেকে একটা দুঃসাহসী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মেদিনীপুরের আড়াই লক্ষ নিরক্ষর মানুষ ১৯৯১ সালের জানুয়ারি মাসের মধ্যে স্বাক্ষরতা লাভ করবে, প্রায় আড়াই লক্ষ শিক্ষা কেন্দ্র হবে। প্রতি ১০ জন নিরক্ষর মানুষকে একজন স্বেচ্ছাসেবক বিনা পারিশ্রমিকে শিক্ষাদান করবে। এইজন্য মেদিনীপুরে কেরোসিন তেলের যে কোটা আছে তার চেয়ে বেশি কোটা দেওয়া দরকার, কারণ এইজন্য তেলের চাহিদা বেশি। আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, ঐ জেলায় পর্যাপ্ত পরিমান কেরোসিন তেল সরবরাহ করবার জন্য। তানাহলে ১৯৯১ সালের জানুয়ারি মাসের মধ্যে আড়াই লক্ষ নিরক্ষর মানুষকে শিক্ষাদান করা সম্ভব হবে না, শিক্ষাকেন্দ্রগুলি চালু করা যাবে না। এই মেদিনীপুর জেলার জন্য একটা বিশেষ কোটা দিয়ে কেরোসিন তেল সরবরাহ করা দরকার। এই যে দুঃসাহসিক অভিযান এটাকে সফল করতে পারলে নিঃসন্দেহে বিশ্ব রেকর্ড হবে। পৃথিবীর কোনও দেশে এই ধরনের কর্মসূচি গ্রহণ করেনি। এককালীন এত নিরক্ষর মানুষকে শিক্ষাদান করা কোনও দেশই করেনি। এই বছর আন্তর্জাতিক শিক্ষাবর্ষ, এটাকে সামনে রেখে এই কর্মসূচি নেওয়া হয়েছে। এই দুঃসাহসিক অভিযানের জন্য বিধানসভার পক্ষ থেকেও জেলা পরিষদ এবং মেদিনীপুর জেলা প্রশাসনকে অভিনন্দন দেওয়া দরকার। তাই আমি মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, মেদিনীপুর জেলার জন্য পর্যাপ্ত পরিমানে কেরোসিন তেল সরবরাহ করা হোক যাতে এই স্বাক্ষরতার কর্মসূচি সফল হতে পারে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ভারত সরকার সম্প্রতি মন্ডল কমিশনের সুপারিশের ভিত্তিতে অনগ্রসর জাতি সমূহের জন্য ২৭ পারসেন্ট সংরক্ষণের ব্যবস্থা করেছে। এই জন্য সমস্ত ভারতবর্ষ ব্যাপী আজকে বিভিন্ন ধরনের বিক্ষোভ দেখা যাচ্ছে বিশেষ করে ছাত্র বিক্ষোভ। পশ্চিমবাংলায় যদিও এইসব প্রশ্নে সাধারণ মানুষ আগ্রহী নয়, তাসত্ত্বেও আমি সংবাদপত্রে দেখেছি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে ধর্মঘট পালিত হয়েছে এবং ছাত্র বিক্ষোভ

হয়েছে। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন সেই সম্পর্কে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি তা সাধারণ মানুষ স্বভাবতই জানতে চায় এবং পশ্চিমবাংলার রাজ্য সরকার তার দৃষ্টিভঙ্গি স্পষ্ট করে দিতে পারলে যে অহেতুক ছাত্র বিক্ষোভ যেটা জন বিক্ষোভ পরিণত হতে পারে তা থেকে রেহাই পেতে পারে। এই প্রসঙ্গে বলা দরকার, মন্ডল কমিশনের রিপোর্ট যে সমস্ত জাতিসমূহকে অনগ্রসর বলে ধরা হয়েছে তাদের মধ্যে পশ্চিমবাংলায় অনেক ক্ষেত্রে প্রযোজ্য নয়। এই কারণে রাজ্য সরকারের মাধ্যমে একটা নির্দিষ্ট তালিকা দেওয়া দরকার। এই বিষয়ের প্রতি আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, রাজ্য সরকার তার মতামত পরিষ্কার করে বলুন।

**শ্রী প্রবুদ্ধ লাহা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে বিদ্যুৎ সঙ্কট নিয়ে বিধানসভায় আলোচনা করা হচ্ছে এই বিদ্যুৎ সঙ্কট শুধু মাত্র জনগণের দৈনন্দিন জীবনকেই বিপর্যস্থ করেনি, এই বিদ্যুৎ সঙ্কট কয়লা শিল্পেও ব্যাপকভাবে দেখা দিয়েছে। ইস্টার্ন কোলফিল্ডের কয়লাখনিগুলি বন্ধ হয়ে গেছে। ইস্টার্ন কোলফিল্ডের রানিগঞ্জ বেল্টের কয়লাখনিগুলি বিদ্যুতের অভাবে বন্ধ হয়ে যাওয়ার ফলে জাতীয় অর্থনীতির ক্ষতি হতে চলেছে। রানিগঞ্জ ফিল্ডের কোল কোর সেক্টরে যায় এবং ভারতবর্ষের বিভিন্ন পাওয়ার হাউসে কোল সাপ্লাই করা হয়। বিদ্যুৎমন্ত্রী তার দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন যারজন্য তার পদত্যাগ দাবি করেছেন আমাদের অনেক সতীর্থ সদস্যরা। আমি তাকে অনুরোধ করব, তিনি এই ব্যাপারটি একটু দেখুন, কয়লা শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য সেখানে বিদ্যুৎ দিতে পারেন কিনা। বিশেষ করে জেলায় যে কো-অর্ডিনেশন কমিটি রয়েছে তারাই এই বিদ্যুত সঙ্কট সৃষ্টি করছে। এদের দলবাজির জন্য বিদ্যুৎ সঙ্কট আরও বেশি বেড়ে চলেছে। দৈনন্দিন জীবনে মানুষ তো বিদ্যুৎ পাচ্ছেই না, আর কয়লা শিল্পে বিদ্যুত না পাওয়ার জন্য রাজ্য সরকারই মূলত দায়ী।

[2-30 — 2-40 P.M.]

**Shri Mohan Sing Rai :** Mr. Speaker, Sir, through you I want to raise a long standing demand of the students and youth of Darjeeling district in this House today. Sir, all the political parties know well that the demand for reservation of seats in the MBBS and Engineering for the students of the hill region is being raised for quite a long time. Our Congress (I) Honourable members know it and others in the left parties and Treasury Bench also know the demand. You know, Sir, that Darjeeling is geographically a different area, i.e. hill region. So there is lack of communication. Therefore, I think the demand for reservation of seats in MBBS and Engineering quota for the students of the hill is legitimate. So I do demand for that from here, and through you I want to draw the attention of the Honourable C.M. in this matter. Thank you, Sir.

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে,

বর্তমানে যিনি কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী সেই মাননীয় অরুন নেহেরু মহাশয় টিবোর্ডকে কলকাতা থেকে সরিয়ে গৌহাটিতে নিয়ে যাবার চক্রান্ত করছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে উনি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী বিশ্বনাথ প্রতাপ সিংহের সঙ্গে কথা বলে বাণিজ্য মন্ত্রীর সঙ্গে কথা বলে এই প্রতিষ্ঠানটি যাতে কলকাতা থেকে আসামে স্থানান্তরিত না হয় তার চেষ্টা করবেন। বহু মানুষ এই প্রতিস্ঠানটির সাথে যুক্ত, তাদের রাতের ঘুম চলে যাচ্ছে। কলকাতা থেকে গৌহাটি যাওয়া তাদের পক্ষে সম্ভবপর হবে না। তাই আজকে বাংলার স্বার্থকে রক্ষা করার জন্য বাংলার মাটিতে যে প্রতিষ্ঠানটি গড়ে উঠেছে, সেই প্রতিষ্ঠান যা বহু মানুষের রুজি রোজগারের স্থান এবং প্রাক্তন বাণিজ্য শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি মহাশয় যার শ্রীবৃদ্ধি ঘটিয়েছেন আমরা আশা করব সেই প্রতিষ্ঠানটি যাতে বাংলার মাটি থেকে গৌহাটিতে স্থানান্তরিত না হয় তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। খেজুরি মেদিনীপুরের মধ্যে সর্বাধিক তফসিলি অধ্যুষিত এলাকা। এখানে ডিগ্রি কলেজ ভোকেশনাল এর প্রস্তাব করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এই প্রোপোজালের পর পরবর্তী সমস্ত প্রোপোজাল যেগুলি ছিল সেগুলি স্যাংসন হয়ে গেল কিন্তু এই প্রোপোজালটি আজও সরকারের কাছে রয়ে গেছে। আজকে আমি দাবি করছি যে, যদি খেজুরি মেদিনীপুর জেলার সর্বাধিক তফসিলি অধ্যুষিত এলাকা হয়ে থাকে তাহলে সেখানে সরকারের আগে দৃষ্টি দেওয়া উচিত। এই বিলম্বের কারণ আমি বুঝতে পারছি না। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি দাবি করছি যে, অবিলম্বে এই কলেজটিকে স্বীকৃতি দেওয়া হোক। আর বিলম্বের কারণটিও এবং কবে হবে সে সম্বন্ধে একটা বক্তব্য আমাদের জানিয়ে দেওয়া হোক।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় ৯ মাস হয়ে গেল কেন্দ্রে বন্ধু সরকার এসে গেছে, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, যদিও ঐ বন্ধু সরকার তার জন্মলগ্ন থেকেই বলে আসছেন যে ঐ সরকার হবে খোলামেলা সরকার, দলীয় স্বার্থে তারা বেতার এবং দূরদর্শনকে ব্যবহার করবেন না, তারা গত রবিবারে জাতীয় চ্যানেলে প্রচারিত 'খোলামঞ্চ' অনুষ্ঠানটি সেন্সার করেছেন সম্পাদনার নাম করে। এই রাজ্যে যারা প্রেস সেন্সরশিপ নিয়ে লড়াই করেছেন, যারা বলতেন বেতার ও দূরদর্শনে অটোনোমি নিয়ে আসতে হবে, তারাও কিন্তু আজকে একই কায়দায় বেতার ও দুরদর্শনের উপর চাপ সৃষ্টি করছেন। এই রাজ্যের তথ্যমন্ত্রী খোলাখুলিভাবে বেতার এবং দুরদর্শনকে হুমকি দিয়েছেন। গত ১৬ তারিখের, বন্ধকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রীও বেতারকে হুমকি দিয়েছেন। আমরা এর প্রতিবাদ করি। আজকে বেতার ও দূরদর্শন যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে তারজন্য ব্যবস্থা নেওয়া হোক। পার্লামেন্টে যে প্রসারভারতী বিল আসছে, আমরা তাকে স্বাগত জানাচ্ছি। আমরা মনে করি, বেতার এবং দূরদর্শনকে যারা ভয় দেখাচ্ছেন জনগণ তাদের বিরোধিতা করবে। আজকে বেতার এবং দূরদর্শনকে স্বাধীনভাবে কাজ করতে দেওয়া হোক।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বামফ্রন্ট সরকার কিছু কিছু ডাক্তারের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করেছেন, তবে অধিকাংশ ডাক্তারই প্রাইভেট প্র্যাকটিস

করতে ব্যস্ত। উত্তর থেকে দক্ষিণে এক-একজন ডাক্তার প্রতিদিন পাঁচ-ছয়টি জায়গায় বসেন এবং দেখাতে হলে আগে থেকে সেখানে নাম লিখাতে হয়। হাসপাতালে গিয়ে ডাক্তারদের পাওয়া যায় না। কলকাতা, বর্ধমান এবং অন্যত্র দিনের পর দিন নার্সিং হোম গজাচ্ছে। তবে ভালো নার্সিং হোমের চার্জ এত বেশি যে, সাধারণ মানুষের পক্ষে সেখানে যাবার উপায় নেই। ডাক্তাররা তো ভালো মানুষ, হৃদয়মান লোক। মাদ্রাজের ভেলোরে ডাক্তাররা শঙ্কর নেত্রালয় করেছেন যাতে সেখানে গরিব মানুষ চিকিৎসা পেতে পারে। এখানকার হৃদয়বান ডাক্তারগণ এইরকম একটা সংস্থা করুন তাহলে এখানকার গরিব মানুষরাও সস্তায় চিকিৎসা পেতে পারবে। এই আবেদন আপনার মাধ্যমে এখানকার ডাক্তারদের কাছে রাখছি।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই হাউসে কিছু আলোচিত হয়েছে, তবু আমি আপনার মাধ্যমে এই সভার মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রীসভার কাছে একটি বিশেষ উল্লেখযোগ্য ঘটনার কথা বলতে চাই। আপনি জানেন, আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায়, বিশেষত হাওড়া জেলার দৈনিক ৬ থেকে ১১ ঘণ্টা বিদ্যুৎ পাওয়া যায় না লোডশেডিং এর ফলে। হাওড়ার ছোট ছোট কলকারখানাগুলি বর্তমানে রুগ্ন অবস্থায় রয়েছে। আমার কাছে খবর আছে যে, আগামী পুজার আগে তারা কর্মীদের বোনাস দিতে পারবেন না প্রডাকশনের অভাবে। আজকে বোনাস না দিতে পারার কারণে সেগুলো বন্ধ হতে চলেছে এবং আগামী কয়েক দিনের মধ্যে হয়ত সেগুলো বন্ধও হয়ে যাবে। এই সরকার যদি ডোমিস্টিক পাওয়ার সরবরাহ করতে পারতেন তাহলেও বুঝতাম, কারণ ডোমিস্টিক পারপাসে মিনিমাম পাওয়ার খরচ হয়। কিন্তু সেখানেও পাওয়ার সাপ্লায়ে সরকার ব্যর্থ। বিদ্যুতের অভাবে আজকে ছোট ছোট কলকারখানাগুলির নাভিশ্বাস উঠেছে। এর আগে একটি সার্ভে হয়েছিল। তাতে দেখা গেছে ইন্ডাস্ট্রিতে যে টোটাল লস হচ্ছে তার ২০ পারসেন্ট হচ্ছে বিদ্যুতের অভাবে। একটি পত্রিকা বিজনেস স্ট্যান্ডার্ড বলেছে—২৭ পারসেন্ট লসের কারণ বিদ্যুৎ। আর এই বিদ্যুতের অভাব উত্তরোত্তর বাড়ছে। সেজন্য স্যার আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মন্ত্রীসভাকে বিনীত নিবেদন, ছোট ছোট ফ্যাক্টরি এলাকায়, বিশেষকরে হাওড়ার বেলিলিয়াস লেন ও বেলগাছিয়ায় যাতে লোডশেডিং না হয় সেদিকে নজর দিন। তা না হলে হাওড়া জেলার ছোট ছোট ফ্যাক্টরির মালিক, শিল্পের মালিক এই অজুহাত দেখিয়ে কর্মচারিদের বোনাস থেকে বঞ্চিত করার জন্য তাদের ফ্যাক্টরি বন্ধ করবার চেষ্টা করছে।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহনের চেয়ারম্যান গত কাল ঘোষণা করেছেন আজকালে সেটা বেরিয়েছে—যে সর্বাধুনিক ভুগর্ভস্থ শীততাপ নিয়ন্ত্রিত বাস টার্মিনাস করবেন এবং এমন কি পরিবহনের স্বার্থে রাষ্ট্রীয় পরিবহনের যাত্রী শুধু নয় যারা দমদমে আসবে অ্যারোপ্লেনে তাদের অবস্থানের ব্যবস্থা করছেন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার দায়িত্ব হচ্ছে উত্তরবঙ্গের মানুষের যাতায়াতে পরিসেবার উন্নতি করা। প্রশ্ন হচ্ছে ইতিমধ্যে আমরা বার বার করে পরিবহন ব্যবস্থাকে বলা সত্ত্বেও উত্তরবঙ্গের প্রত্যন্ত জায়গায় বাস চলাচল সঠিক ভাবে করছে না। রকেটের ডিমান্ড আছে, রেলের যে অবস্থা তাতে অনেক বেশি বাস বাড়ানো দরকার। আমি যে এলাকা থেকে নির্বাচিত আলিপুরদুয়ার সেখানে একটা বাস টারমিনাস গড়ে তোলা হোক এই কথা বার বার বলেছি। খোদ উত্তরবঙ্গ রাষ্ট্রীয়

পরিবহন ব্যবস্থার যে হেড কোয়ার্টার্স, কুচবিহার, সেখানে একটা আধুনিক বাস টারমিনাস গোড়ে তোলার জন্য বলেছি। উল্টোডাঙ্গায় একটা টারমিনাস রয়েছে আর কেন টারমিনাস করবেন? এই ব্যাপারে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা উল্লেখযোগ্য ভূমিকা প্রশ্ন করুন। যে পরিসেবার জন্য রাষ্ট্রীয় পরিবহন উত্তরবঙ্গের জন্য সৃষ্টি হয়েছিল সেটা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। সেখানে কিছু দুর্নীতিগ্রস্ত বাস কর্মচারী রয়েছে। আলিপুরদুয়ার ডিপোয় সার্টিফিকেট দিয়ে দিচ্ছে ফিটনেসের ঘুষ খেয়ে।

**শ্রী পান্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়া জেলায় অযোধ্যা পাহাড় পশ্চিমবাংলার বিখ্যাত পর্যটন কেন্দ্রের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে আছে। এই সভার অধিকাংশ সদস্য সরকারি বিভিন্ন কাজে অযোধ্যা পাহাড়ে গিয়েছেন এবং অনেক মন্ত্রীও গিয়েছেন। এই অযোধ্যা পাহাড়ের যাতায়াতের যে রাস্তা সেই রাস্তা খারাপ হয়ে পড়ে আছে, কোনও গাড়ি যায় না। প্রতি বছর হাজার হাজার মানুষ অযোধ্যা পাহাড় দেখার জন্য যাচ্ছে এবং ফিরে আসছে। সমতল ভুমি থেকে অযোধ্যা পাহাড়ের কোনও পরিবহন ব্যবস্থা নেই, সেখান থেকে ফিরে এসে অযোধ্যা পাহাড়ের নামে কুৎসা রটাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এটার গুরুত্ব বিবেচনা করে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই অযোধ্যা পাহাড়ে যে তফসিলি জাতি এবং উপজাতি আছে বিচ্ছিন্নতাবাদী শক্তি তাদের মদতপুষ্ট করছে। এই ব্যাপারে এই সময়ে ভাববার জন্য অনুরোধ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, এটা আমরা সবাই জানি একটা গোষ্ঠী সাম্প্রদায়িক উত্তেজনা গোটা ভারতবর্ষে ছড়াচ্ছে, আমাদের পশ্চিমবাংলা সেই উত্তেজনার বাইরে নয়। নতুন করে একটা উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা করছে গোটা দেশে গো রক্ষার নাম করে, এটা আপনারা সবাই জানেন। লোকসভাতে কিছু দিন আগে বি.জে.পি. এই প্রস্তাব উত্থাপন করে। বি.জে.পি. হিন্দু সম্প্রদায়কে উস্কানি দেবার জন্য গো রক্ষার নাম করে উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা করছে। স্বাভাবিক ভাবে আমরা নিশ্চয়ই আশ্চর্য হব না, বিস্ময়ের ঘটনা হচ্ছে বি.জে.পি. লোকসভায় এই প্রস্তাব আনার পর আমাদের জাতীয়তাবাদী নিরপেক্ষ কংগ্রেস দল এই প্রস্তাবকে সমর্থন করেন। তাদের একটা বড় অংশে এটাকে সমর্থন করেন। কাজেই এই ধরনের প্রচেষ্টা থেকে তারা যাতে বিরত হন সেই ব্যাপারে জনমত সৃষ্টি করা উচিত। আমরা জাতীয় কংগ্রেস দলের কাছ থেকে ধর্ম নিরপেক্ষতার ভূমিকা কি ধরনের তাদের হতে পারে এই সব ঘটনা থেকেই সেটা বুঝতে পারছি। তাদের কথাবার্তা যা থিওরিটিক্যাল থিমস তা নয়। বসন্ত শাঠে এই প্রস্তাব সমর্থন করেন। সুব্রতবাবু ধর্মঘট করতে যান, সুদীপবাবু শিবমন্দির নির্মান করতে যান, কাজেই এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এটাই হচ্ছে কংগ্রেসের চরিত্র। ভোট পাবার জন্য সাম্প্রদায়িক শক্তির সাথে ওরা হাত মেলাতে পারেন, আবার লোকসভায় বি.জে.পি.র গো-রক্ষা প্রস্তাবের প্রতি সমর্থন জানাতে পারেন। এই রকম নীতিহীন একটি দল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করার কোনও অধিকার এই দলের নেই।

**মিঃ স্পিকার ঃ** মানববাবু, সাধনবাবু, বলছেন উনি গো-হত্যা সমর্থন করছেন না।

**শ্রী সাধন পান্ডে ঃ** আমি এটা বলিনি। আমি বলেছি যে বিশ্বানাথ প্রতাপ সিং একদিকে,

বি.জে.পি. একদিকে আর সি.পি.এম. আর একদিকে বসে ডিনার খাচ্ছে।

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। স্যার, মানববাবু যুবক ছেলে, তার নিশ্চয়ই ভাব প্রবণতা আছে। একটা কথা খুব পরিষ্কার করে জানা দরকার, সারা ভারতবর্ষ এই কথা জানে যে, ভি.পি.সিং প্রতি সপ্তাহে একবার করে ডিনার খাওয়াচ্ছেন এবং সেখানে একদিকে সি.পি.এম. আর একদিকে বি.জে.পি. বসে খাচ্ছে একসঙ্গে বসে। এটাতে দোষ নেই, আর এখানে এসে বলবেন সেই বি.জে.পি.র বিরুদ্ধে। এই দুমুখো নীতি বন্ধ হওয়া দরকার। আমরা এখানে ঘোষণা করছি, আগেও বলেছি যে, বি.জে.পি. একটি সাম্প্রদায়িক দল, এখনও এই কথা বলছি। তাদের সঙ্গে আমাদের কোনও সম্পর্ক নেই।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** সত্য বাপুলি মহাশয় এই রকম দৃঢ়ভাবে ঘোষণা করছেন যে বি.জে.পি.র সঙ্গে তাদের সম্পর্ক নেই, এতে আমরা খুশি, আমরা আনন্দিত।

(গোলমাল)

আর এই নীতি নিয়ে আপনারা যদি চলতে পারেন তাহলে সৎ দল হিসাবে সৎ থাকবেন। কিন্তু সুদীপ বন্দ্যোপাধ্যায় গোয়ালটুলিতে মন্দির স্থাপন করতে গিয়েছিলেন, সুব্রত বাবু বন্‌ধ ডেকে সৎ থাকতে পারেন নি। আপনাদের মধ্যে যদি কেউ কনসিস্টেন্টলি সৎ থাকেন তিনি হচ্ছেন সৌগত রায়। যারফলে তাকে আক্রান্ত হতে হয়েছিল। ৪০ বছর আগে জওহরলাল নেহেরু স্যাক্রিফাইসের যে কথা তার অটোবায়োগ্রাফিতে লিখেছেন, সেটা একটু পড়ুন, তাতে তিনি লিখেছেন যে কংগ্রেসের একটা বড় অংশ সাম্প্রদায়িক লোক। কংগ্রেসের আলখাল্লা পরে তার বক্তৃতা দিচ্ছেন। এই কথা জওহরলাল নেহেরু, আপনাদের নেতা বলেছেন।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিমবঙ্গে কেরোসিনের হাল বিদ্যুতের কি অবস্থা তাই নিয়ে বিশেষ কথা বলব না। আমি শুধু আমার এখানকার কথা বলব। আমার এলাকায় যদি ঝড় হয় তাহলে টাওয়ার পড়ে যায়, মেরামতি করার কোনও লোক থাকে না। অন্তত একমাস ধরে লক্ষ্মীপুরের ট্রান্সফরমার খারাপ হয়ে পড়ে আছে কোনও লোক নেই সারাবার। তারপর লোডশেডিং সব সময়ে। ২৪ ঘন্টার মধ্যে মাত্র ৩ ঘন্টা আলো থাকে। রাত্রি ১০টার সময়ে আসে এবং রাত ৩টে পর্যন্ত থাকে। ঔরঙ্গবাদ স্টেশনের সুপারেনটেনডেন্ট তার বেহাল অবস্থা। তিনি সারা মাসের মধ্যে এক নাগাড়ে তিনদিন থেকে মাসিক বেতন নিয়ে চলে যান। কিছু করতে পারা যাচ্ছে না। এই নিয়ে আমি আগেও বলেছিলাম এবং এই বিষয়ে বক্তব্য রেখেছিলাম কোনও ব্যবস্থা হয় নি। তারফলে দিনের পর দিন আমরা আলো পাচ্ছি না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তরুন অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যেখানে বিদ্যুতের পরিস্থিতির বেহাল অবস্থা, যেখানে দিনের পর দিন ২৪ ঘন্টার মধ্যে অধিকাংশ সময়ে লোডশেডিং এর কবলে থাকে সেক্ষেত্রে প্রতিটি মানুষের আজকে প্রশ্ন বামফ্রন্ট সরকারের বিদ্যুৎ দপ্তর আছে কিনা বা

বিদ্যুতের একজন ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন কি না। একদিকে সারা পশ্চিমবঙ্গে যখন বেহাল অবস্থা চলছে সেই সময়ে সাধারণ মানুষকে বিভ্রান্ত করার জন্য বক্রেশ্বর স্থাপন করার নাম করে রক্ত দিয়ে বক্রেশ্বরের নামে লক্ষ লক্ষ টাকা তোলা হল এবং এইভাবে বিভ্রান্তির চক্রান্ত চলছে। অথচ তখনই তার পাশাপাশি একটি চালু ইউনিট গৌরীপুর থার্মাল পাওয়ার স্টেশনটি অযৌক্তিক এবং অন্যায্য ভাবে এই ইউনিটটি বন্ধ করে দেওয়া হল। এইভাবে দিনের পর দিন চালু বিদ্যুকেন্দ্রগুলি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বন্ধ করে দিয়ে বিদ্যুতের একটা বেহাল অবস্থা সৃষ্টি করছেন। সুতরাং আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রী তারাপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি গত বিধানসভাতেও এই বিষয়ে বলেছিলাম যে কম মূল্যের স্টাম্প পাওয়া যাচ্ছে না। সেই সময়ে মাননীয় মন্ত্রী একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে নাসিক থেকে স্ট্যাম্প আনতে অসুবিধা হওয়ার জন্যে স্ট্যাম্প পাওয়া যাচ্ছে না। কিন্তু আজ তো ৬ মাস হয়ে গেল, সেই অসুবিধা দূর হয়ে গেছে কিনা দয়া করে জানাবেন। মফস্বল শহরে স্ট্যাম্প পাওয়া যাচ্ছে না, শহরে যদিও বা পাওয়া যাচ্ছে তা বহুমূল্যে কলকাতা শহর থেকে কিনে নিয়ে যেতে হচ্ছে। সুতরাং আমি আপনার মাধ্যমে আবেদন করছি যাতে এই সমস্ত গ্রামের গরিব লোকেদের বেশি দামে কলকাতা শহর থেকে স্ট্যাম্প কিনে না নিয়ে যেতে হয় তার একটা ব্যবস্থা করুন।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা রাজ্যে যে ভয়াবহ বিদ্যুৎ সঙ্কট চলছে তাতে শুধু পশ্চিমবঙ্গ নয় সারা ভারতবর্ষের লজ্জার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই সরকারের জানা উচিত যে বিদ্যুৎ এয়ার কুলার মেশিন চালাবার জন্য লাগে না। এই সরকারের জানা উচিত যে বিদ্যুৎ শুধু আলো জ্বালাবার জন্য লাগে না। এই বিদ্যুতের সঙ্গে জড়িত কৃষক, শ্রমিক প্রভৃতি সর্বস্তরের মানুষ। আজকে পশ্চিমবঙ্গে বিদ্যুতের অভাবের জন্য শিল্পগুলো বন্ধ হতে চলেছে, একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। অথচ এই সরকার একটা নীরব ভূমিকা পালন করছে। এই একটা ভয়াবহ অবস্থার মধ্যে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছ থেকে কোনও পরিষ্কার উত্তর পাওয়া যাচ্ছে না। তিনি একটা ভেক নীতি গ্রহণ করে চলেছেন। এই সঙ্কটের মধ্যে ব্যান্ডেল, সাঁওতালডিহির সমস্ত ইউনিট বন্ধ করে সেগুলি মেরামতির কোনও ব্যবস্থা না করে তিনি বক্রেশ্বর করার জন্যে সমস্ত শক্তি নিয়োগ করেছেন। সুতরাং আমার বিশেষ অনুরোধ তিনি এই ভ্রান্ত নীতি পরিত্যাগ করে প্রকৃত বিদ্যুতের যাতে উন্নতি হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমার বিভিন্ন ব্লকে রক ফসফেট মিনারেল, সিলিমানাইট এবং ফায়ার ক্লে এই সমস্ত মিনারেল আছে। আমার বিধানসভা কেন্দ্র পাহাড়পুর মৌজায় এখানে সরকারি উদ্যোগে একটা কাজ শুরু হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যাতে কাজটা দ্রুত ত্বরান্বিত হয়। তাহলে ঐ এলাকার সাধারণ মানুষ কিছু কাজ পাবে এবং ছোট ছোট শিল্পে এই সংশ্লিষ্ট কাঁচামালের অর্থাৎ সিলিমানাইটের অনেক মূল্য আছে। দ্বিতীয়ত

হচ্ছে বিভিন্ন মৌজার মধ্যে ফায়ার ক্লে বিশেষ করে মণিপুর ঘাড়রাংপুর, ফুসড়া সিলিমানাইটের এক ধরনের মিনারেলস বিভিন্ন অসাধু ব্যবসায়ী কালেক্ট করে ছোট ছোট প্রাইভেট ফ্যাক্টরিতে সরবরাহ করছে এবং কোনও রয়ালটি না জমা দিয়ে কালেক্ট করছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এই সমস্ত অসাধু ব্যবসায়ী যারা কালেক্ট করছে এইগুলি সেইগুলি যেন অবিলম্বে বন্ধ হয়।

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে হিংলা নদীর বাঁধ গ্রাম রক্ষার স্বার্থে বালি দিয়ে বাঁধ দেওয়া হয়েছিল, সেই বাঁধটা আজকে অনেকখানি ভেঙে গিয়েছে। ফলে এই নদীতে জল ছাড়ায় নদী বাঁধ ভেঙে দিয়ে, সেই জল গ্রামের ভিতরে ঢুকছে। এর ফলে অনেক জমিতে নদীর বালি জমছে এবং গ্রামের বন্যার সম্ভাবনা দেখা দিচ্ছে। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করতে চাই এই বাঁধটি যাতে অবিলম্বে মেরামত করা হয়।

**শ্রী অবিনাশ প্রামাণিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার বলাগড়ে ভাগিরথী নদীর পশ্চিম পাড়ে যে সমস্ত গ্রাম আছে সেইগুলি আজকে নিশ্চিহ্ন হয়ে যেতে বসেছে। ফলে রসুলপুর, চরকৃষ্ণবাটি, শক্তিপুর, চাঁদরা, শ্রীপুর, ক্ষত্রিয়নগর, ভবানীপুর, মিলননগর, চরখয়রামাড়ি, গোপালপুর, রুকেশপুর, চন্দ্রাহাটির দুটি অঞ্চল এই সমস্ত গ্রাম আজকে ভাগিরথী নদীর ভাঙনের ফলে বিলুপ্তির পথে যেতে বসেছে। আমি গত দুই বছর ধরে এই বিধানসভায় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার দপ্তরকেও বলছি। আজ পর্যন্ত সেই ভাঙন বন্ধ করার কোনও ব্যবস্থা হয়নি, বিশেষ করে ভাগিরথী নদী গুপ্তিপাড়ার ঐ কালিনগর থেকে ঐ নদীর ক্রস হয়ে যাচ্ছে তাতে গুপ্তি পাড়ার যে ঐতিহ্যপূর্ণ এবং ঐতিহাসিকতা আছে সেটা আজকে বিলুপ্তির পথে চলে যাচ্ছে আমি বারবার সেচমন্ত্রীকে বলেও কোনও ব্যবস্থা করতে পারছি না! আজকে একটা ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। সেখানে যে সমস্ত কলোনিগুলি ছিল সেইগুলি আজকে বিলুপ্ত হয়ে যাচ্ছে। সেই জন্য সেচমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এই ভাঙন রোধের জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী বিষ্ণুপদ বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি আরামবাগ জনজীবনের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। পুরশুড়া ব্লকে সামন্ত রোড ও খুশিগঞ্জ রোড এবং আরামবাগ ব্লকের মধ্যে বাতানল রোড, মলয়পুর রোড, রসিকচক রোড নামে অনেকগুলি রাস্তা আছে, এখানে বলা ভালো যে সেই রাস্তা আজকে কঙ্কালে পরিণত হয়েছে, তাই বিষয়টি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। দীর্ঘদিন ধরে সেগুলি মেরামত হতে দেখা যাচ্ছে না। প্রতিদিন বললে বাড়িয়ে বলা হবে, মাঝে মাঝেই দুর্ঘটনা ঘটছে, এবং মানুষ মারা যাচ্ছে। গাড়ি চলছে ঠিকই কিন্তু তার চেয়ে ঠেলছে বেশি। এবং এই অঞ্চলের এই জায়গাগুলি যন্ত্রণার জায়গায় হয়ে গেছে। তার চেয়ে আরও বেশি যন্ত্রণার কারণ হয়েছে তদবির করবার যন্ত্রণা। এই রাস্তাগুলির অবস্থা মর্মান্তিক। কোনও কাজ কমপ্লিট হয় না। ন্যায় শাস্ত্রে আছে যার আরম্ভ আছে তার শেষ আছে। কিন্তু পূর্ত বিভাগের আরম্ভ আছে, শেষ নেই। আমাদের ওখানে কাজগুলি

আরম্ভই হয়নি। কনট্রাকটর বলছে কাজগুলি শেষ হয়ে গেছে। এই ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। জনদরদি শিক্ষাক্ষেত্র যুগান্ত সৃষ্টিকারী বামফ্রন্ট সরকার ১৯৮৪ সালে পশ্চিম দিনাজপুর জেলায় গঙ্গারামপুরে একটি কলেজ স্থাপন করেছেন। সেই কলেজে গঙ্গারামপুর, বংশিহারী, তপন, কুমারগঞ্জ ৪টি ব্লকের নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েরা যারা বিগত কংগ্রেসি আমলে উচ্চ শিক্ষালাভ থেকে বঞ্চিত ছিল তারা গঙ্গারামপুর উচ্চ শিক্ষালাভের সুযোগ পেয়েছেন। আরও আনন্দের বিষয় যে, এই গঙ্গারামপুর কলেজ রেজাল্টের ক্ষেত্রে সুনাম অর্জন করেছে। আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি এবং দাবি পেশ করছি আগামী শিক্ষাবর্ষে এই কলেজে ইংরেজি, ইতিহাস এবং রাষ্ট্রবিজ্ঞান এর অনার্স কোর্স চালু করে মেধাবী ছাত্রদের উচ্চ শিক্ষালাভের সুযোগের পথকে প্রসারিত করবেন।

**শ্রী সুকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জনস্বার্থে গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে, নদীয়া জেলা রানাঘাটের রথতলা থেকে আড়ংঘাটা পর্যন্ত যে নতুন পাকা রাস্তা নির্মিত হচ্ছে উক্ত রাস্তাটি তফসিলি জনসাধারণ অধ্যুষিত বাহিরগাছি, হয়ে নয় কিলোমিটার দূরত্বে অবস্থিত। বগুলা পর্যন্ত সম্প্রসারিত হলে রানাঘাট মহকুমা শহরের সহিত সড়কপথে প্রায় ২০ কিলোমিটার পথ কমে যাবে এবং জনসাধারণের সড়ক পথে যাতায়াতের পথ সুগম হবে। ব্যবসা বাণিজ্যের উন্নতি হবে। মাননীয় পূর্ত মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ রানাঘাট আড়ংঘাট নতুন পাকা রাস্তাটি বগুলা পর্যন্ত সম্প্রসারণ এর ব্যবস্থা করে লক্ষাধিক লোকের যাতায়াত ও পণ্য চলাচলের ব্যবস্থা করে জনসাধারণের ন্যায় সঙ্গত দাবিকে পূরণ করবেন।

**শ্রী তুহিন সামন্ত ঃ** পশ্চিমবঙ্গের মহান মুখ্যমন্ত্রী রাজভবনে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে থাকেন, এবং মহাকরণেও তিনি শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে থাকেন, ফলে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ যে কি অবস্থা তা তিনি বুঝতে পারেন না। আজকে বিদ্যুতের অভাবে সারা পশ্চিমবাংলায় সমস্ত ক্ষেত্রে পর্যুদস্ত। গ্রামে স্যালো চলে না, ডিপ টিউবওয়েল চলে না। আজকে লক্ষ লক্ষ কল-কারখানা বন্ধ হয়ে গেছে। ছাত্ররা পড়াশোনা করতে পারে না, পরীক্ষার সময় তারা ভালো করে পড়াশোনা করতে পারে না। আজকে যে অবস্থা গিয়ে দাঁড়িয়েছে বিদ্যুতের ক্ষেত্রে কয়েকদিন আগে ষষ্ঠ শ্রেণীর একটি ছাত্র একটি রচনা লিখেছিলেন, কি লিখেছিলেন জানেন, পশ্চিমবঙ্গে একটি অপদার্থ সরকার আছে, সেই অপদার্থ সরকারের মন্ত্রী আছেন একজন, আর তিনি হচ্ছেন বিদ্যুৎমন্ত্রী। সে আরও কি লিখেছে জানেন, বিদ্যুতের অভাবে পড়াশোনা করতে পারি না, স্কুলে যাবার সময় স্নান করবার জন্য জল পাওয়া যায় না, রাত্রিবেলায় ঘুমোতে পারি না, একটা বুড়ি ড্রেনে পড়ে গেছে, হাসপাতালে কাকীমা বাচ্চা হবার জন্য গিয়েছিল, কাকীমা বাঁচবে কি না জানিনা। সর্বশেষে সে বলছে যে বিদ্যুৎ না থাকার ফলে রাত্রি বেলায় পুলিশ নাক ডাকিয়ে ঘুমিয়েছে, তার ফলে পাড়ার পাশের বাড়িতে চুরি হয়েছে। ছোট ছেলের এই রচনা থেকে বুঝতে পারবেন পশ্চিমবঙ্গের বিদ্যুতের কি অবস্থা। একজন ষষ্ঠ শ্রেণীর ছেলে এই কথা লিখছে, সর্বশেষে লিখেছে.................. (মাইক অফ)

**শ্রী সাত্তিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বহু আন্দোলন করার ফলে বামফ্রন্ট সরকারের সহযোগিতায় এবং উদারতায় বীরভূম জেলার একটা মাত্র বড় প্রতিষ্ঠান ময়ূরাক্ষী কটন মিল খুলে গেছে গত ফেব্রুয়ারি মাসে। কিন্তু ঐ মিলের জন্য যে ম্যানেজমেন্ট আছে তাদের অদূরদর্শিতা এবং অবহেলার জন্য যে সমস্ত শ্রমিক কাজ করছে তাদের রেগুলারাইজ করা হচ্ছে না। ৫১ দিনের এক একটা এগ্রিমেন্ট এক একজনের জন্য এক এরকম হচ্ছে, যাতে করে তার রিট্রেট করা যায় তার চেষ্টা করছে। আমরা তার তীব্র বিরোধিতা করছি। ১৯৮৬ সালে যে পেমেন্ট পেত সেই পেমেন্ট তাদের দেওয়া হচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব ১৯৯০ সালে যে বেতন দেওয়া দরকার সেইভাবে তাদের বেতন যেন দেওয়া হয়।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি আমাদের প্রধানমন্ত্রী সারা ভারতে সংরক্ষণ নীতি ঘোষণা করেছেন মন্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী। আমরা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি মন্ডল কমিশনের সুপারিশ প্রধানমন্ত্রী ঘোষণা করায় বি.জে.পি., সি.পি.এম: রুষ্ট হয়েছে। আমি তফসিলি জাতি এবং উপজাতি মন্ত্রীর কাছে অনুরোধ করছি এই মন্ডল কমিশনের সুপারিশ তিনি মনেপ্রাণে গ্রহন করে কার্যকর করবেন কিনা বা এই বিষয়ে বামফ্রন্ট সরকারের মনোভাব জানাবেন কিনা। তফসিলি জাতি ২২ পারসেন্ট এবং উপজাতি ক্ষেত্রে ৬ পারসেন্ট এই ২৮ পারসেন্ট এখন পর্যন্ত চাকরিতে সংরক্ষণ আছে। মন্ডল কমিশনের রায় বেরিয়েছে ৫০ পারসেন্টের উর্ধে হবে না। আপাতত এই সংরক্ষণ নীতি আমাদের প্রধান মন্ত্রী গত ৭ তারিখের ঘোষণা করেছেন এবং এই সঙ্গে আরও ঘোষণা করেছেন সিডিউলড কাস্টের তালিকায় আরও বেশি অনগ্রসর জাতিকে সংযুক্ত করা হবে। পশ্চিমবঙ্গ সরকার মন্ডল কমিশনের সুপারিশ মনেপ্রাণে গ্রহণ করছেন কিনা আমি জানতে চাই।

**শ্রী মলিন ঘোষ ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আবাসনের যে সমস্যা বিশেষ করে গ্রাম বাংলায় তা সমাধানের জন্য মুখ্যমন্ত্রী আহ্বান জানিয়েছেন। কিন্তু হুগলি জেলায় এই লো ইনকাম গ্রুপের টাকা আজ পর্যন্ত পাওয়া গেল না। হুগলি কালেক্টর বার বার চিঠি দিয়েছি, আমি এবং বলাই বন্দ্যোপাধ্যায় সই করে অর্থমন্ত্রীকে দিয়েছি, তবুও অর্থ দপ্তরে টালবাহানা চলছে। গ্রামবাংলার মানুষ হুগলি কালেক্টারেট ঘুরে ঘুরে আসছে, কলকাতায় আসছে, এইভাবে হয়রানি করছে সরকারি প্রশাসনের একটা অংশ তারা এইভাবে সরকারি ইমেজকে নষ্ট করছে। আমি এই বিষয়ে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ব্যবস্থা অবলম্বন করার জন্য।

[3-10 — 3-20 P.M.]

**श्री देउकीनन्दन पोद्दार :** मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम ले सरकार का ध्यान आकर्षित करना चाँहूगा। कलकत्ता की सड़को की अबस्था बड़ी ही दयनीदे हैं। दिन प्रतिदिन उनकी अबस्था बिजड़ती ही जा रही हैं, बिशेषकर सरकार का ध्यान आकर्षित करना चाहता हूँ रबीन्द्र सरनी की देयनीय अबस्था की ओर। इसकी भयावह अबस्था विगत ७-८ बर्षो से और भी बिगड़ती जा रही हैं। मैं इस हाउस मे १९८४ साल से लेकर

पिछले साल तक सरकार का ध्यान आकर्षित करता रहा हूँ। उस वक्त पौर मंत्री श्री प्रशान्त सूर थे। १९८५-८६-८७ में कई बार उनका ध्यान इस और आकर्षित किया। उनसे इसकी मरम्मत के लिए अनुरोध किया गया। जनता का सामुहिक दरखास्त भी दिया। फिर भी कुछ नहीं हुआ। इस सड़क पर वरसात के समय आवागमन नहीं हो पाता है वह सड़क थोड़ा सा पानी पड़ने पर वरसात में भर जाता हैं। रास्ता टूटा हूआ है, जगह गहरे गड्डे पड़े हो गए है। आज तक रबीन्द्र सरनी की मरम्मत की और सरकार का ध्यान नहीं जा रहा है। मैं आपके माध्यम से सरकार से अनुरोध करता हूँ कि रबीन्द्र सरनी की मरम्मत जल्द से जल्द करायी जाय।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাস ভাড়া বৃদ্ধির প্রশ্নকে কেন্দ্র করে কংগ্রেস, এস.ইউ.সি.আই. নামধারী কয়েকটি দল যেভাবে তালগোল পাকাচ্ছে তা গ্রহণযোগ্য নয়। খোঁজ খবর নিয়ে দেখা যাচ্ছে বিভিন্ন জেলায় একই বিভিন্ন রুটে বাস ভাড়া বৃদ্ধির হার নির্ণয়ের ক্ষেত্রে বেশ কিছু গুরুতর অযৌক্তিক অসঙ্গতি থেকে গেছে। এক এক জেলায় এক এক ধরনের ভাড়ার হার নির্ধারিত হয়েছে, সাধারণভাবে সামঞ্জস্য থাকছে না। আর সব চেয়ে দুঃখের বিষয় হল এই, বাস ভাড়া বৃদ্ধির সঙ্গে যাত্রী প্লেজারের বিষয়টিকে ধরা হয়নি। মেদিনীপুর জেলায় কয়েকদিন ধরে বাস চলাচল বন্ধ আছে। ইতিমধ্যে ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্টট্যান্স থেকে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

## ZERO HOUR

**মিঃ স্পিকার ঃ** আজকে জিরো আওয়ারে ১৬টি মেনসন জমা পড়েছে আমি রুলিং পার্টির একটি, আর অপোজিসন পার্টির একটি করে ডাকব। তাতে ৩ টার মধ্যে যতদূর হয় হবে।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনার বিষয়ে মাননীয় মন্ত্রী জ্যোতিবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন হাওড়া শহরে ১২১ নং জে.এন. মুখার্জি রোডে গত ৩০শে জুলাই একটি বাড়ি ভেঙ্গে পড়ে যায়। যার ফলে ঐখান দিয়ে স্কুল যাওয়া বাচ্চা ছেলে তার তলায় চাপা পড়ে। আরও দুজন মানুষ বাস ধরবে বলে দাঁড়িয়েছিল, তারাও দেওয়ালের তলায় চাপা পড়ে মারা যায়। ৫জন মারা গেছে এবং ৩ জন ইনজিওর্ড হয়ে হসপিটালে রয়েছে। কিন্তু আজ পর্যন্ত লোকাল থানার পুলিশ প্রশাসন মালিককে গ্রেপ্তার করল না। বাচ্চা ছেলে যে মারা গেছে তারা অত্যন্ত নিম্ন দরিদ্র পরিবারের ছেলে. চায়ের দোকান-দারের ছেলে। এদের জন্য সরকারি সাহয্যের ব্যবস্থা করার দাবি জানাচ্ছি।

**Mr. Speaker :** I call upon Shri Nirmal Das.

(Not present)

now, I call upon Shri Prabuddha Laha.

(Not present)

Shrimati Aparajita Goppi, please.

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে হাসপাতাল সম্পর্কে আমি এখানে বহু ঘটনা উল্লেখ করেছি। কিন্তু আজকে একটি সংবাদপত্রে দেখলাম, গত সোমবার ২০ তারিখে সল্ট লেকে সুনীল মজুমদার নামে এক ব্যক্তি কাজে যাচ্ছিলেন, সেই সময় তার সাইকেলের উপর একটি ম্যাটাডর এসে ধাক্কা মারে। তিনি সঙ্গে সঙ্গে আহত হয়ে রাস্তায় পড়ে যান। সেই অবস্থায় তাকে মালিকতলার ই.এস.আই. হসপিটালে নিয়ে যাওয়া হয়। তার হেড ইনজুরি হওয়ায় সেখান থেকে তাকে পি.জি. হসপিটালে নিয়ে যেতে বলা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের কথা হল এই, পি.জি. হসপিটাল তার অবস্থা দেখেও তাকে হাসপাতালে ভর্তি করেনি, রিফিউজ করে। তারপর মেডিকেল কলেজ, ন্যাশন্যাল কলেজ ইত্যাদি যে সমস্ত হাসপাতালে হেড ইনজুরির যন্ত্রপাতি আছে সেখানে নিয়ে যাওয়া হয়। এইভাবে সারা রাত ধরে তাকে নিয়ে ঘোরাঘুরি করা হয়। কিন্তু কোনও হাসপাতালেই তার চিকিৎসা করা হয়নি, ইমার্জেন্সিতে ভর্তি করা হয়নি, তাকে ফিরিয়ে দেওয়া হয়েছে। ভোর রাতে তিনি রাস্তায় মারা গেছেন। এটা অত্যন্ত দুঃখের কথা যে, বার বার এই ঘটনা ঘটছে। তাই এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষীদের শাস্তি দাবি করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী এই সভায় কিছুক্ষণ আগে ছিলেন। স্যার, বিদ্যুতের অভাবে আজ হাসপাতালে চিকিৎসা বন্ধ, থিয়েটার বন্ধ, কলকারখানা বন্ধ, এমন কি জলসরবরাহ পর্যন্ত বন্ধ। বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলার লোক দারুন অসুবিধার মধ্যে আছেন। এমন কি অনেক সময় ত । চান পর্যন্ত করতে পারেন না। আমাদের এম.এল.এ. হোস্টেলেও অনেক সময় এই অবস্থা হয়। স্যার, আপনার কাছে তাই আমার প্রস্তাব, আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলুন, এই অপদার্থ মন্ত্রীর হাত থেকে এই দপ্তরটি কেড়ে নিয়ে যেন অন্য লোককে তিনি এই দপ্তরটি দেন। স্যার, এই হাউসে আমরা অনেকবার দেখেছি যে বিদ্যুৎমন্ত্রী অনেকবার স্টেটমেন্ট দিয়েছেন যেগুলি অসত্য। অবিলম্বে বিদ্যুৎমন্ত্রীকে সরিয়ে দেওয়া হোক।

**শ্রী তুহিন সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই জরুরি উল্লেখপর্বে আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৮ তারিখে রানিগঞ্জে ছাত্রপরিষদের একটি মিছিল বেরয়। শ্রীমতী মমতা ব্যানাজি, শ্রী সুব্রত মুখার্জি, শ্রী পঙ্কজ ব্যানার্জি মহাশয় গুরুতর ভাবে আহত হওয়ার খবর পাওয়ার পর তারা মিছিল বার করেন। সেই সময় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির একটি মিছিল বেরয়। মিছিল দুটি সামনাসামনি হয়ে যাবার ফলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির তরফ থেকে তাদের আক্রমণ করা হয়। এর ফলে গৌরাঙ্গ দেব, ভাইস প্রেসিডেন্ড ছাত্র পরিষদ, কাঞ্চন তেওয়ারি, ছাত্রপরিষদের নেতা এবং প্রাক্তন কমিশনার মহম্মদ শামিম গুরুতররূপে আহত হন। দুজনকে আসানসোল হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমার দাবি, অবিলম্বে তাদের কলকাতায় পি.জি. হাসপাতালে এনে চিকিৎসা ব্যবস্থা করা হোক।

**শ্রী শিবরাম বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের জেলার একটি সমস্যার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলায় পথ পরিবহন খুব বিপর্যয়ের মুখে পড়েছে। অহিংসায় একান্তভাবে অবিশ্বাসী কংগ্রেসি স্বেচ্ছাসেবকরা, যারা ভাড়া দিচ্ছেন তাদের নাজেহাল করছেন, কন্ডাকটরের ব্যাগ কেড়ে নিচ্ছেন, ড্রাইভারদের মারধোর করছেন এবং সারা জেলাতে বাস ভাঙচুর করছেন। এর ফলে গত কয়েকদিন ধরে বাস চলাচল বিপর্যস্ত হয়ে আছে। এদের নেতারা কাগজে বিবৃতি দিয়ে বলেছেন যে প্রচারমূলক আন্দোলন করবেন অথচ ওদের ভৈরববাহিনী তার থেকে অনেক দূরে সরে গিয়েছে। তারা ব্যাপারটা দেখুন এবং তাদের কন্ট্রোল করুন। জনগণের কিছু সুরাহা করতে পারেন কিনা দেখুন।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এখানে আছেন। গত বাজেট অধিবেশনের সময় পঞ্চায়েত বাজেটের দিন আমি মুর্শিদাবাদ জেলার একটি পঞ্চায়েতের দুর্নীতির কথা উল্লেখ করেছিলাম। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী বলেছিলেন, দুর্নীতির তিনি তদন্ত করবেন। দুর্নীতির তদন্ত হয়েছে এবং সেই গ্রামপঞ্চায়েতের প্রধান—মুর্শিদাবাদ জেলার কান্দি থানার পুরন্দরপুর গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে দু লক্ষ টাকা তছরূপের অভিযোগ প্রমাণিত হয়েছে কিন্তু অত্যন্ত দুঃখের কথা আজ পর্যন্ত সেই প্রধানের বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হল না। তা ছাড়া কয়েকদিন আগে রানিনগরে থানার ইসলামপুর গ্রামপঞ্চায়েতের প্রধান সিমেন্ট চুরি করতে গিয়ে ধরা পড়েছিল। সিমেন্ট সিজ করা হল কিন্তু আজ পর্যন্ত সেই গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হল না। আমি জানতে চাই, গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়া সত্ত্বেও প্রধানের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে না?

[3-20 — 3-30 P.M.]

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমজেলার রামপুরহাট থানার সুধিপুর গ্রামের সোয়ের আলিকে বিকেল৪টার সময় রামপুরহাট রেলওয়ে স্টেশনের ফটকের কাছে দুস্কৃতিকারী দিনের বেলায় খুন করে। রাত্রে রামপুরহাট হাসপাতালে সে মারা যায়। একটা ছাগল কাটাকে কেন্দ্র করে ঘটনাটি ঘটে। যে থানায় বলতে গিয়েছিল পুলিশ তাকেই গ্রেপ্তার করে। রামপুরহাট রেলওয়ে স্টেশনের কাছে কয়েক হাজার লোকের সামনে ঘটনাটি ঘটলো অথচ পুলিশ দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করে নি। এ নিয়ে সর্বদলীয় মিছিলও হয়েছে। পুলিশ আজ পর্যন্ত তাদের অ্যারেস্ট করল না। আজকে দিনের পর দিন এইভাবে খুন, ডাকাতি বেড়ে চলেছে, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি সত্যিকারের যে দোষী, আজকে প্রায় এক সপ্তাহ হয়ে গেল, তাদের গ্রেপ্তার করা হল না, তাদের গ্রেপ্তার করা হোক এবং তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দক্ষিণ ২৪ পরগনা জেলার দুটো থানার অত্যন্ত শোচনীয় অবস্থা সম্পর্কে ব্যক্ত করছি। আমাদের সোনারপুর থানাতে এবার অত্যাধিক বৃষ্টিপাতের ফলে তিন লক্ষ একর/বিঘা জমি চার পাঁচ ফুট জলের তলায় আছে। আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে সোনারপুর আড়াপাঁচ মাতলা

পরিকল্পনায় জল নিকাশি ব্যবস্থা থাকা সত্ত্বেও আজকে কতিপয় মানুষ মাছ চাষ করবার জন্য আজকে সেই জল পাশ করতে দিল না ফলে আজকে সোনারপুরে প্রায় ৯৯ পারসেন্ট এবং বারুইপুরের ৫০ পারসেন্ট, মোট পাঁচ লক্ষ একর/বিঘা জমিতে এবারে চাষ হল না, চাষীরা নবান্ন করতে পারবে না এবং মানুষ এখনও ভেলায় করে এ পাড়া থেকে ও পাড়া যাচ্ছে। এই বধির সরকার সমস্ত কিছু জানা সত্ত্বেও এই ওয়াটার লগিং কন্ডিশন যে অবস্থায় হয়ে রয়েছে, তার কোনও ব্যবস্থা করছেনা, জলনিকাশি না করার ফলে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। মাননীয় সেচমন্ত্রীর কাছে এবং ইরিগেশন দপ্তরের কাছে আমরা বহু বার দাবি জানিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা না নেবার ফলে গড়িয়া স্টেশন থেকে আরম্ভ করে চম্পাহাটি স্টেশন পর্যন্ত উভয় দিকে প্রায় ৫ লক্ষ একর/বিঘা জমি চার পাঁচ ফুট জলের তলায় রয়ে গেছে। আজকে কোনও চাষ হল না, সমস্ত চাষীর মাথায় হাত, তারা দিশেহারা। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এখনই সোনারপুর এবং বারুইপুর থানার জল নিকাশি ব্যবস্থা করা হয়।

**ডাঃ .মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে পশ্চিমবঙ্গের তথ্য মন্ত্রী সংবাদপত্রের সাংবাদিকদের নিয়ে, সভা করলেন, সাংবাদিকদের প্রহার, অত্যাচার এবং নির্যাতনের পর। যখন লোকসভায় প্রসার ভারতী বিল নিয়ে আলোচনা চলছে, বাংলার মাটিতে পশ্চিমবাংলার মুখ্য মন্ত্রী এবং তথ্য মন্ত্রী অত্যন্ত উদ্দেশ্যে প্রনোদিতভাবে ডেসপারেটলি কলকাতা দূরদর্শন এবং আকাশবাণীকে রাজনৈতিক উদ্দেশ্যে তাদের পশ্চিমবঙ্গ পত্রিকা এবং গণশক্তির মতো ব্যবহার করার জন্য একটা উগ্র প্রয়াস শুরু করেছেন। একদিকে সংবাদপত্রের আলোকচিত্র এবং সাংবাদিকদের হত্যা করা, খুন, করা, নির্যাতন করার পরিকল্পনা ক্যাডারদের দিয়ে, আর এক দিকে আকাশবাণী এবং দূরদর্শনকে দলীয় মুখপত্রে পরিণত করার অপচেষ্টা, একদিকে প্রসার ভারতী বিলের সমর্থক, আর একদিকে কলকাতা দূরদর্শন এবং কলকাতা আকাশবাণীকে আজকে কন্ট্রোল করার যে একটা প্রবনতা, আর এক দিকে সাংবাদিকদের উপর নিগ্রহ, এর চূড়ান্ত বিলুপ্তি ঘটাতে হবে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে সকালে মুখ্যমন্ত্রী সফল কলকাতা বন্ধের দিন সকালে কেওড়াতলা শ্মশানে যে ঘটনা ঘটেছে, সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে একটা জবাব এখানে রেখেছে.। এখনও সেটা সার্কুলেট করা হয়নি।

**মিঃ স্পিকার ঃ** সার্কুলেশন চাওয়া হয়নি। না চাইলে হয় না।

**শ্রী সৌগত রায় ঃ** এখন চাইছি, এক্ষুণি চাইলাম।

**মিঃ স্পিকার ঃ** এখন চাইলেন, কিন্তু পরে দেখা যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** এটা খুব সিরিয়াস ব্যাপার, এখন চাইছি।

**মিঃ স্পিকার ঃ** সার্কুলেশন চাওয়া হয়নি।

**শ্রী সৌগত রায় ঃ** এখন চাইলাম। কিন্তু সেই বিবৃতিতে যেটা উল্লেখ নেই যে এই শ্মশানে যে পাপ্পু মল্লিককে হত্যাকান্ড, ঐ হত্যাকান্ডের নেতা হচ্ছে শ্রীধর। (গোলমাল) স্যার সেই হত্যাকান্ডের যে নায়ক শ্রীধর একজন শ্রীধর, সে হচ্ছে সি.পি.এম. এর মদতপুষ্ট

একজন সমাজবিরোধী এবং গত নয় মাসে ঐ শ্মশান এলাকায় এটা তার তৃতীয় খুন হল। প্রথম দুটো খুন যখন কংগ্রেসের ছেলে হল, আমি পুলিশ কমিশনারের কাছে গিয়েছিলাম এবং বলেছিলাম যে শ্রীধরকে গ্রেপ্তার করতে হবে। উনি বললেন সাত দিনের মধ্যে গ্রেপ্তার করবেন। আট মাস হল শ্রীধর গ্রেপ্তার হল না। তারপর আবার ১৬ তারিখে খুন হল। শ্রীধরকে গ্রেপ্তার করতে পারছেন না, তার কারণ শ্রীধর এর প্রযোজনায় বাদসা আলম শ্মশানে গিয়ে মিটিং করছেন। এখন সেই বাদসা আলম হচ্ছে সি.পি.এম. এর নেতা। শ্রীধর যদি গ্রেপ্তার না হয় তাহেল কেওড়াতলা শ্মশানই শুধু নয়, নিমতলা এবং সমস্ত শ্মশান বন্ধ হয়ে যাবে। এই কথা আমি বলতে চাই।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডারটি হচ্ছে, মিনিস্টারের স্টেটমেন্টের ওপর কখনও কোনও ডিসকাশন হয় না। অথচ উনি তাই করলেন। আপনি কি এটা অ্যালাও করবেন? চিফ মিনিস্টার হাউসে যে স্টেটমেন্ট করেছেন তার ওপর মাননীয় সদস্য সৌগত রায় ডিসকাশন করলেন। আমার অনুরোধ ওর ঐ রেফারেন্সটা এক্সপাঞ্জ করা হোক। আদারওয়াইজ ওটা একটা বাজে নজির হয়ে থাকবে এবং মিনিস্টারদের স্টেটমেন্টের ওপর অল অ্যালং ডিসকাশন হবে।

**মিঃ স্পিকার ঃ** কোনও ডিসকাশন হয়নি। উনি জিরো আওয়ারের নোটিশ দিয়েছিলেন স্টেটমেন্টের আগেই এবং তার মধ্যে সাবজেক্টের উল্লেখ করেছেন। সুতরাং স্টেটমেন্টের ওপর উনি ডিসকাশন করেন নি, এটা বোঝা উচিত। Rules have been observed. There has been no discussion on the statement.

**Shri Dipak Sengupta :** He has referred to the statement of the Hon'ble Chief Minister.

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার, স্যার, যদিও আজকে বিভিন্ন সদস্যরা রাজ্যের হাসপাতালগুলির অবস্থা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন তবুও আমি এখানে উল্লেখ করছি যে, আর.জি.কর হাসপাতালে একজন মহিলা বিনা চিকিৎসায় যেভাবে মারা গেছেন তার পর স্বাস্থ্যমন্ত্রীর বিভিন্ন বিধায়কদের লোকসভা সদস্যদের এবং সর্ব স্তরের জনপ্রতিনিধিদের নিয়ে প্রতিটি জেলায় একটা করে সভা করা দরকার যে, হাসপাতালগুলির কাঠামো কিভাবে ফেরানো যায়। স্যার, স্বাস্থ্যমন্ত্রী নাকি বলেছেন, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সাইন্সের মতো একটা ইনস্টিটিউট তিনি এই রাজ্যে করতে চান। এই প্রসঙ্গে আমি তাকে বলছি যে, আমাদের ঐতিহ্যময় মেয়ো হাসপাতাল ফাঁকা পড়ে আছে, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সাইন্সের মতো ইনস্টিটিউট ওখানেই করা যেতে পারে সুতরাং ওখানেই ইনস্টিটিউট করার দাবি আমি জানাচ্ছি। শুধু আমরা কংগ্রেস সদস্যরাই নয়, সরকারি দলের সিনিয়র মেম্বাররাও স্বাস্থ্য বিভাগ এবং হাসপাতালগুলির অবস্থা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। সুতরাং অবিলম্বে এই অবস্থার উন্নতি ঘটাবার জন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে উপযুক্ত উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, লালু আলম মমতা ব্যানার্জিকে আঘাত করে এখন জেলে গ্রেপ্তার হয়ে রয়েছে। আজকে একটা সংবাদ প্রকাশিত হয়েছে, তার দাদা বাদশা

আলমকে নিয়ে বিমান বসু একই মঞ্চে সভা করছেন। বাদশা আলমের বিরুদ্ধে অভিযোগ উঠেছে যে, সে ভবানীপুর থানায় হামলা করেছে। তাকে নিয়ে বিমান বসু একই মঞ্চে সভা করছেন! এটা আমাদের লজ্জা, আমি ধিক্কার জানাচ্ছি। এরপরে পুলিশ কোন ক্ষমতাবলে বাদশা আলমকে গ্রেপ্তার করবে? বাদশাকে গ্রেপ্তার করার আর কোনও পুলিশেরই ক্ষমতা থাকবে না যদি তারা দেখে যে, একই মঞ্চে সি.পি.এম.-এর রাজ্য নেতা তাকে নিয়ে সভা করছে। সুতরাং আমি মনে করি এর জন্য বিমানবাবুকেও গ্রেপ্তার করা দরকার।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে এই সভাকে যারা বিভ্রান্ত করছেন তাদের সম্বন্ধে দু একটি কথা বলছি। স্যার, আপনি জানেন গত ২০ তারিখ বুদ্ধদেববাবু এই সভায় আমাদের কটাক্ষ করে একটা কটুক্তি করেছেন। তিনি আমাদের সম্পত্তির হিসাব দাবি করেছেন। স্যার, আমরা আমাদের সম্পত্তির হিসাব দিতে প্রস্তুত আছি এবং দিচ্ছি। ওরা ওদের পঞ্চায়েত থেকে শুরু করে সর্বস্তরের নেতাদের সম্পত্তির হিসাব এখানে পেশ করুন। আমি ওদের সম্পত্তির হিসাব দাবি করছি। পঞ্চায়েত থেকে শুরু করে সর্বস্তরে ওদের নেতাদের সম্পত্তির পাহাড় তৈরি হয়েছে। আমরা আমাদের সম্পত্তির হিসাব দাখিল করতে প্রস্তুত এবং তা করছি। বুদ্ধদেববাবু, শ্যামলবাবু, জ্যোতিবাবুরা তাদের সম্পত্তির হিসাব দাখিল করুন। আমি তাদের কাছে এই দাবি রাখছি।

[3-30 — 4-00 P.M. (including adjournment)]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কংগ্রেসের বিধায়করা পশ্চিমবাংলার শাসক দলের সন্ত্রাসের বিরুদ্ধে যখন সরব তখন বিধানসভার সামনে আমি এই তথ্য পেশ করতে চাই যে, গার্ডেনরীচ অঞ্চলে আপনি জানেন গত পৌর নির্বাচনের সময় প্রতিটি বুথে পুনরায় নির্বাচনের ব্যবস্থা করতে হয়েছিল। কারণ সেখানে সংগঠিত ভাবে রিগিং করেছিল কংগ্রেস দল। এবং কংগ্রেসের সেই রিগিং-এর যে নেতৃত্ব দিয়েছিল তার নাম কশমা। এই কশমার নেতৃত্বে গতকাল বিকেল চারটের সময় কলকাতা কর্পোরেশনের ১৩৪ নং ওয়ার্ডের কাউন্সিলের বাড়ির সামনে বোমাবাজি করা হয়েছে। এবং পুলিশ এখনও কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। আমি আপনার মাধ্যমে দাবি করছি, এই সমস্ত সমাজবিরোধীদের যেন গ্রেপ্তার করা হয়। আমরা সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তারের পক্ষে, কিন্তু সৌগতবাবুরা নয়, ওনারা খালি শ্রীধরের নাম উল্লেখ করছেন কিন্তু জয়, স্বপনের নাম বলার সাহস নেই। তাহলে যে হৈমী বসু, এম.এল.এ. থাকতে পারবেন না। সাহস থাকলে জয়, স্বপনের নাম বলুন? তাদের কাঁধে হাত দিয়ে আপনারাই তো ঘুরে বেড়ান, এই সমস্ত সমাজ বিরোধীদের আপনারাই তো রাজনৈতিক আশ্রয় দেন।

মিঃ স্পিকার ঃ এখন বিরতি, আবার আমরা ৪টার সময় মিলিত হব।

[After Adjournment)

[4-00 — 4-10 P.M.]

## LEGISLATION

### The West Bengal Land Reforms Tribunal Bill, 1990

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Land Reforms Tribunal Bill, 1990.

(Secretary then read the Title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land Reforms Tribunal Bill, 1990 be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয় ভূমি সংস্কার সম্বন্ধী আইনের প্রয়োগ প্রায়শ দীর্ঘসূত্রী মামলার দ্বারা ব্যাহত হতে চলেছে। দীর্ঘদিন ধরে মামলা চলার ফলে আইনের রূপায়ণে অনেক ক্ষেত্রে বিলম্ব হচ্ছে। এই বিলম্বের ফলে ভূমি সংস্কারের মূল উদ্দেশ্য অনেকাংশ ব্যাহত হচ্ছে। দরিদ্র শ্রেণীর জনসাধারণ এর ফলে সব থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই জন্য সরকারি সংবিধান ৩২৩(বি) ধারা অনুযায়ী ভূমি সংস্কার সংক্রান্ত বিরোধ ও মামলার দ্রুত বিচার ও ফয়সালার উদ্দেশ্যে ট্রাইব্যুনাল গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। প্রস্তাবিত আইন গড়ার উদ্দেশ্যে বর্তমানে জেলা স্তরে জেলার প্রতিটি অংশের জন্য আঞ্চলিক ভূমি সংস্কার ট্রাইব্যুন্যাল গঠনের চেষ্টা করা হচ্ছে। অন্য কয়েকটি রাজ্যে যথা তামিলনাড়ু, কেরালা, কর্ণাটকে বর্তমানে অনুরূপ ট্রাইব্যুনাল গঠনের আইন চালু হয়েছে। অনুরূপভাবে হাইকোর্টে বিচারাধীন বিরোধ অ্যাপীলে তাই বিশেষ করে ভূমি সংস্কার ট্রাইব্যুনাল গঠনের প্রস্তাব আছে। এই ট্রাইব্যুনালে আঞ্চলিক ভূমিসংস্কার ট্রাইবুন্যাল দিয়ে প্রেরিত আঞ্চলিক ভূমিসংস্কার ট্রাইব্যুনালে কোনও এলাকার অবস্থিত সব ঐ বিশেষ ভূমি সংস্কার প্রয়োগ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং উত্থাপিত ১৯৯০ সালের পশ্চিমবঙ্গ ট্রাইব্যুনাল বিধেয়ক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয়বাবু যে বিল উত্থাপন করলেন 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস ট্রাইব্যুনাল বিল, ১৯৯০' বিলটা ছোট হলেও ,মাত্র ৩৪টি স্ট্রেঞ্জা থাকা সত্ত্বেও আমি আপনার কাছে নিবেদন করব এবং আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, এই বিলটা ভালোভাবে আমাদের পর্যলোচনা করবার প্রয়োজন রয়েছে। বিলটা তিনি যেভাবে উত্থাপন করেছেন সেটা নিয়ে যদি আমরা বিধানসভায় সিলেকট কমিটির মাধ্যমে আলোচনা করতে পারি তাহলে খুব ভালো হবে। তাই আমার এবং আমাদের পার্টির তরফ থেকে আপনার কাছে একটি প্রস্তাব রাখছি। আশা করি আমাদের মাননীয় মন্ত্রী আমার সঙ্গে একমত হবেন এবং এগ্রি করবেন।

আমি এখানে প্রস্তাব রাখছি ঃ Sir, I beg to move that the West Bengal Land Reforms Tribunal Bill, 1990 be referred to the Select Committee consisting of the following members (1) Shri Benoy Krishna Chowdhury, Chairman, (2) Shri Nikhilananda Sar, (3) Shri Rabindra Nath Mondal (4) Shri Bibhuti Bhushan Dey (5) Shri Ganesh Chandra Mondal (6) Shri Birendra Kumar Moitra (7) Shri Apurbalal Mujumdar (8) Shri Satya Ranjan Bapuli (9) Shri Tuhin Samanta (10) Dr. Omar Ali, (11) Shri Deba Prasad Sarkar, (12) Shri A.K.M. Hassan Uzzaman (13) Shri Sunirmal Paik, with instruction to submit the report by the end of the

next Session.

আমি আশা করি, আমার এই প্রস্তাব যা এখানে উত্থাপন করলাম, নিশ্চয়ই সেটা মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপূর্বলালবাবু বিনয়বাবুর কাছে গিয়েছিলেন। তিনি জেনারাস ম্যান, এটা তিনি গ্রহণ করেছেন। সেজন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এটা কর্ণাটক ও কেরালায় আছে। গত বছর তারা এক্ষেত্রে পলিসি অ্যাডপ্ট করেছেন। কিন্তু সেক্ষেত্রে তারা কি ডিফিকাল্টি ফেস করছেন সেটা দেখা এখানে আমরা এটা করতে চাই। কাজেই বিরোধী দলের মতানুসারে এটা যদি সিলেকট কমিটিতে যায় তাহলে এই বিলের বেটার আউটপুট হবে, কোথায়ও ডিফেকট থেকে থাকলে সেটা আমরা ঠিক করে নিতে পারব। কাজেই বিলটা সিলেকট কমিটিতে পাঠালে আমরা অনেক কমপ্লিকেশন অ্যাভয়েড করতে পারব এবং অন্যান্য স্টেটে যেসব ভালো রুলস অ্যান্ড রেগুলেশনস আছে সেগুলো গ্রহণ করে পশ্চিমবঙ্গে একটা ভালো জিনিস প্রডিউস করতে পারব। তাই এই প্রস্তাব বিবেচনা করলে ভালো হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, বিলটা সিলেকট কমিটিতে পাঠালে একটা পূর্ণাঙ্গ আইন হতে পারে। তাই আশা করব, তিনি এই প্রস্তাব মেনে নেবেন।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিলটা সিলেকট কমিটিতে পাঠাবার জন্য প্রস্তাব উত্থাপিত হয়েছে। এটা ঠিকই, এতবড় একটা বিলের পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করা দরকার। সমস্ত বিষয়ে আলোচনা করলে বিলটা সর্বাঙ্গসুন্দর হতে পারে। ভারতবর্ষের অন্যান্য জায়গায় যেখানে এই ধরনের বিল গৃহীত হয়েছে তাদের সঙ্গে সঙ্গতি রেখে এটা করবার চেষ্টা করা উচিত। কাজেই আমি সরকার পক্ষ থেকে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই প্রস্তাবে তিনি যেন রাজী হয়ে যান।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য ভালো ভাবে অনুধাবন করেছি এবং বুঝলাম যে একটু সময় দরকার এই সমস্ত বিষয়টা ভালো করে বোঝার জন্য। আমার খুব তাড়া ছিল। এই জন্য ছিল যে আমাদের অনেক বিলম্ব হয়ে গেছে। ইতিমধ্যে তিনটি রাজ্য যা আমি এখানে বললাম তামিলনাড়ু, কর্ণাটক এবং কেরালা তারা করেছে। দীর্ঘ দিন ধরে আলোচনা হচ্ছে। আমি সঠিক সংখ্যা বলতে পারব না, যতদূর আমার মনে পড়ছে ৪০/৪২ হাজারের মতো ল্যান্ড রিফর্মস কেস জমা হয়ে আছে। এটা কিছুতেই ডিসপোজাপ হবে বলে মনে হচ্ছে না এবং সেই জন্য দীর্ঘদিন ধরে বিভিন্ন ফোরামে আলোচনা হয়েছে, অল ইন্ডিয়া বেসিষে আলোচনা হয়েছে। এই ব্যাপারে ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করে দ্রুত নিষ্পত্তি করার জন্য বার বার বলা হচ্ছে এবং এছাড়া কোনও পথ নেই। সেই জন্য আপনাদের ওই বক্তব্য স্বীকার করে নিচ্ছি। আপনাদের কাছে আমার অনুরোধ এটা যেন সিলেক্ট কমিটিতে ডিলেটরি ট্যাকটিসে না যায়। সেই জন্য যত শীঘ্র সম্ভব এটা করা দরকার। এটা মনে রাখতে হবে অন্তত পক্ষে ভূমি সংস্কারের ক্ষেত্রে পশ্চিমবাংলা যেন তাদের

থেকে, ট্রাইব্যুনালের ব্যাপারে আমরা তাদের থেকে পিছিয়ে আছি। এই ব্যাপারে সকলে উদ্যোগটা নেবেন, এটা অত্যন্ত ভালোভাবে করুন যাতে এটা সারা ভারতবর্ষের কাছে মডেল অ্যাক্ট হয়। এই ব্যাপারে অন্যদের থেকে স্টেট হিসাবে সকলের আগে সেই দিক থেকে আমাদের স্টেটের যাতে মর্যদা থাকে সেই ভাবে যেন এটা হয়। আমার দুটি অনুরোধ আপনাদের কাছে থাকছে। একটা হচ্ছে সময়টা যেন ডিলেটরি টেকটিস না হয়, বিলম্ব না হয়। সদস্যদের বলব সব কিছু অনুধাবন করে ভালো করে দেখে যাতে এটা হয় সেই দিকটা দেখবেন আর হচ্ছে ইমপ্রুভমেন্টের দিকটা দেখবেন। আপনারা সমস্ত জিনিস নিয়ে আসবেন, আমি যা কিছু পাব সেটা নিয়ে এসে আপনাদের সাহায্য করব, অন্যান্যরা কি করছেন, কোনও স্টেট কি করেছেন, স্টেটে না গিয়ে বরং যে মূল পারপাস সেই পারপাসটা দেখুন। এটা দীর্ঘ দিনের কেস আপনারা জানেন। আমরা ১৩ বছর আছি, তার ভেতরে আমরা দেখতে পাচ্ছি ১ লক্ষ ৮১ হাজার একর জমি সরকারে নস্ত হয়েছে। আমরা বার বার চাপ দিচ্ছি বিলি করার জন্য কিন্তু বিলি করতে পারছি না। কারণ হচ্ছে ইনজাংশন হচ্ছে। এই অবস্থার মধ্যে রয়েছে। ইনজাংশন তাড়াতাড়ি ডিসপোজ আপ হলে তাহলে আমরা কয়েক মাসের ভেতর বিলি করে দিতে পারব। এটা তো গরিব মানুষই পাবে। সেই দিকে থেকে আপনাদের সাহায্য নিয়ে আরও ভালো করে করার জন্য অনুরোধ করছি। পশ্চিমবাংলায় এই জিনিস দেরিতে হলেও বিলম্বে হলেও এই ট্রাইব্যুনাল যাতে সারা ভারতবর্ষের মধ্যে মডেল ট্রাইব্যুনাল হতে পারে তার সাহায্য করবেন।

Sir, I beg to move that the West Bengal Land Reforms Tribunal Bill, 1990 be referred to Select Committee consisting of the following members :

1. Shri Benoy Krishna Chowdhury— Chairman.
2. Shri Nikhilananda Sar.
3. Shri Rabindra Nath Mondal
4. Shri Bibhuti Bhusan De
5. Shri Ganesh Chandra Mondal.
6. Shri Birendra Kumar Moitra
7. Shri Apurbalal Majumdar
8. Shri Satya Ranjan Bapuli
9. Shri Tuhin Samanta
10. Dr. Sk. Omar Ali
11. Shri Deba Prasad Sarkar.
12. Shri A.K.M. Hassan Uzzaman
13. Shri Sunirmal Paik.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land Reforms Tribunal Bill, 1990 be referred to Select Committee was then put and agreed to.

**Shri Apurbalal Majumdar :** Sir I congratulate the Hon'ble Minister, Shri Benoy Krishna Chowdhury for allowing the short time discussion. I also agree to the point as he has raised that there should not be a dilatory tactics. We should try to have a model form of Tribunal as may be taken up by other States. I fully appreciate the gesture shown by the Hon'ble Minister.

**The West Bengal Land Reforms (Amendment) Bill, 1990**

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal land Reforms (Amendment) Bill, 1990

(Secretary then read the Title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1990, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৃষিকার্য ভিন্ন অন্য কার্যে ব্যবহৃত জমি যাতে কোনও রায়ত কোনও তফসিলি ভুক্ত ব্যাঙ্কে ইত্যাদিকে দলিল জমা দিয়ে বন্ধক ও ঋণ গ্রহণ করতে পারেন তারজন্য ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ৭নং ধারার ১ নং উপধারার সংশোধনের প্রয়োজন অনুভূত হয়েছে। বর্তমানে আইন অনুযায়ী শুধু চাষের জন্য ঋণ গ্রহণের উদ্দেশ্যে এইরূপ বন্ধক রাখা যায়। ১৯৮১ সালের পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার (সংশোধন) আইন চালু হওয়ার পর অকৃষি জমিও পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের আওতায় এসেছে। এইজন্য এই আনুষঙ্গিক সংশোধনের প্রয়োজন হয়েছে। উক্ত আইনে রায়তের পক্ষে উদ্বৃত্ত জমি হিসাবে বন্ধকী জমিকে ঘোষণা করতে বর্তমানে কোনও বাধা নেই। এইজন্য যাতে রায়ত প্রাথমিক ভাবে বন্ধকী জমি ব্যতিত অন্য জমি উদ্বৃত্ত হিসাবে ঘোষণা করতে বাধ্য থাকেন তারজন্য পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ১৪(টি) ধারা সংশোধনের প্রয়োজন অনুভূত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আশাকরি, সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপতি ১৯৯০ সালের পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

এখানে খালি দুটি সংশোধন করছি, এরমধ্যে কন্ট্রোভার্সির কোনও স্কোপ নেই। কারণ আগে যেটা ল্যান্ড রিফর্মস অ্যাক্ট শুধু এগ্রিকালচারাল ল্যান্ড এগ্রিকালচারেই ব্যবহার করা যাবে। ১৯৮১ সালের সংশোধনীতে যে জন্য বলা হয়েছে, অন্য জমির ব্যাপারে বলা হয়েছে ওখানে পুরোনো আইনে শুধু কৃষির উন্নতির জন্য মর্টগেজ দিয়ে বা অন্য কোনও উন্নতির জন্য তিনি লোন নিতে পারেন ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনের কাছে থেকে। কিন্তু এই জমিগুলির উন্নতির জন্য আমরা চেষ্টা করছি, যেসব জমি ব্যবহার করা হলে নানা রকম সমাজ হিতকর কাজ হতে পারে— কোনও জায়গায় স্কুল হতে পারে, স্পোর্টস কমপ্লেক্স হতে পারে, কোনও জায়গায় কটেজ ইন্ডাস্ট্রি হতে পারে, কোনও জায়গায় ফার্ম হতে পারে বা কোনও জায়গায় ডেয়ারি হতে পারে এইসব সুবিধার জন্য করা হচ্ছে। এইসব জমির মালিকরা নানা ডেভেলপমেন্টের জন্য জমিকে গেইনফুলি ইউজ করতে পারবেন—এতে কোনও কন্ট্রোভার্সি

নেই। দ্বিতীয় ১৪(টি) এইজন্য করা হচ্ছে যাতে মর্টগেজ দিয়ে আমাদের দুর্ভাগ্য বি-ফর্ম-এর মাধ্যমে আমরা এগুলো ভেস্ট করছি। সেগুলো বিক্রি করার নানা রকম সমস্যা সৃষ্টি হচ্ছে। মর্টগেজ জমি যদি ভেস্ট করি, তাতে অসুবিধা না হয় তারজন্য এটা করার প্রয়োজন হচ্ছে।

[4-20 — 4-30 P.M.]

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমাদের মাননীয় বিনয় কৃষ্ণ চৌধুরি মহাশয় ছোট যে বিলটি উত্থাপন করেছেন তার সমর্থনে আমি শুধু কয়েকটি কথা বলছি। দুটি সেকশন এখানে অ্যাড করা হয়েছে এবং কেন এখানে অ্যাড করা হচ্ছে সে সম্বন্ধে তিনি আমাদের কাছে বিশ্লেষণ করার চেষ্টা করলেন। আগে এগ্রিকালচারাল ল্যান্ড বলতে শুধু চাষের জন্য যে জমি ব্যবহৃত হয় সেটা ইনক্লুড করা ছিল না। এই আইনের মাধ্যমে সমস্ত রকম জমি বাস্তু পুকুর বা ডোবা যাই হোক না কেন, সবগুলিকে একই ল্যান্ডের মধ্যে নিয়ে আসছে। তারফলে আইনের পরিবর্তনের একটা প্রয়োজন ছিল। মাননীয় মন্ত্রী মহাশয় সেই পরিবর্তন নিয়ে এসেছেন। সেজন্য তাকে ধন্যবাদ জানাই। আগে যেটা ছিল, একই ল্যান্ড এগ্রিকালচারাল ল্যান্ড যদি কখনও বন্ধক দিতে হয় মর্টগেজ বিভিন্ন রকমের আছে, আমাদের আইনের মধ্যে আছে, সিম্পল মর্টগেজ ইউসুফ্রাকচুয়ারি মর্টগেজ, ইংলিশ মর্টগেজ বা মর্টগেজ বাই ডিপোজিট অব টাইটেল ডিডস। বহু রকম মর্টগেজ আইনের মধ্যে দেখছি। কিন্তু এর মধ্যে একটা বাধা ছিল, জমি মর্টগেজ দিতে গেলে বা জমি মর্টগেজের ক্ষেত্রে কিছু লিমিটেশন ছিল। যেমন চাষের উন্নয়নের জন্য যদি জমি হয় বা চাষের জমি যদি হয়, সেই জমি ডেভেলপমেন্ট করার জন্য কৃষির উন্নয়নের জন্য ব্যবহার করা যেত, কিন্তু অন্য কাজে ব্যবহার করা যেত না। এর একটা লিমিটেশন ছিল এবং সেই লিমিটেশন তুলে দেওয়া হল। এই লিমিটেশন তুলে দেওয়ার ফলে এগ্রিকালচারাল ল্যান্ডই হোক বা যে কোনও ল্যান্ডকে বন্ধক দিয়ে ব্যাঙ্ক থেকে টাকা নিতে পারবে। আগে যেমন এগ্রিকালচারাল ল্যান্ড বা কৃষি জমির ক্ষেত্রে একটা সীমারেখা ছিল এখন সেটা ওয়াইডার অ্যাঙ্গেলে ছেড়ে দেওয়া হল। অর্থাৎ যে কোনও জমির বন্ধক দিয়ে বাড়ি, দোকান ইত্যাদি করতে পারে, যদি কেউ ব্যবসা করতে চান, মাছের চাষ করতে চান, কিম্বা পোল্ট্রি, কিম্বা অন্যান্য যে কোনও কিছু কাজ করতে চায়, সে যে কোনও কৃষিজমি বন্ধক দিয়ে লোন দিতে পারবে। মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয়, এই যে বিরাট সুযোগ করে দিয়েছেন এরজন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানাই। দ্বিতীয় নং অবশ্যই আমরা আনন্দিত এই কারণে যে আগে অনেকেই ভেস্টেড ল্যান্ড বাইরে জমি থাকত সেটাকে উড়ো খই গোবিন্দয় নম করে ছেড়ে দিত। সেই মর্টগেজের জমি তারা জেনে ছেড়ে দিত। গভর্নমেন্ট সিলিং-এর বর্হিভূত যে জমি, সেই জমি বন্ধক দেবার নাম করে ছাড় দেওয়া হত। এই ব্যাপারে ব্যাঙ্কের সঙ্গে বন্দোবস্ত ছিল। ফলে সেই জমির সবটাই কভার হত না। এখন এই বিলটা আনার ফলে যতটুকু কভার না হবে ততটুকু অন্য জমি থেকে পূরণ করতে হবে। গরিব মানুষরা যে সমস্ত জমি পাওয়ার অধিকারী আইনের ফাঁক দিয়ে সেই জমি আটকে রাখা যেত। এখন এই বিলের ফলে যারা প্রকৃত হকদার সেই গরিব মানুষদের মধ্যে জমি ডিস্ট্রিবিউট করার ব্যবস্থা হল। এর জন্য আমাদের পার্টির তরফ থেকে আপনাকে প্রশংসা করছি। প্রথমত বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানোর প্রস্তাব আপনার কাছে রেখেছি, এবং ঐ বিলটি সম্পর্কে যেন আরও ভালোভাবে

পড়াশুনা করে বিলটিকে মডেল আকারে জানতে পারি এবং সর্বাঙ্গীন সুন্দর করে বিলটি আনা যায় তার ব্যবস্থা করতে হবে এবং এই যে ছোট বিল এনেছেন বিরোধিতা করার প্রশ্ন নেই। এই বিলটির প্রতি আমাদের সম্পূর্ণ সমর্থন আছে, আশা করি সকলেই এই বিলটিতে একমত হবেন এবং গরিব মানুষের সমবণ্টনের ব্যবস্থা হবে। এই কথা বলে আপনাকে পুনরায় ধন্যবাদ জানিয়ে এবং স্পিকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** আমাদের ভূমি সংস্কারের যে মৌলিক তাৎপর্য তাতে সমস্ত মানুষকে এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং উন্নয়নমূলক কাজে এগিয়ে নিয়ে যেতে পারে। সেই ভূমি সংস্কারের মৌলিক লক্ষ্য হল নন-এগ্রিকালচারাল ল্যান্ডের ক্ষেত্রে হোল্ডিং যেগুলি আছে সেগুলি যাতে সুযোগ-সুবিধা পায় তার জন্য এই বিল আনা হয়েছে এবং আমি এই বিলকে সমর্থন করছি। আজকে অপূববাবু বিলের সমর্থনে একটি প্রসঙ্গে বললেন স্পেশাল ট্রাইবুনাল যে বিল এসেছে এটা যদি করতে পারা যায় তাহলে এটা পরিপূর্ণতা লাভ করবে। এবং সেখানে যে সমস্ত ফাঁক ফোকরগুলি আছে এর সাথে যেগুলি রিলেটেড সেগুলি ঐ বিলটা ভরাট করবে। এখানে ওর আসপেক্টও অনেক বড় এবং অ্যাপ্রোচও অনেক বেশি বিস্তৃত, তাই বিলটা যখন গৃহীত হবে তখন ফাঁক ফোকরগুলিও বন্ধ হয়ে যাবে। আবার বিলটা যখন সিলেক্ট কমিটিতে যাবে তখন আলোচনা হবে এবং সেখানে আমরা অনেক বেশি আলোচনা করতে পাব। কনসাল্ট করতে পারব ফলে যে সমস্ত ফাঁক ফোকরগুলি আছে সেগুলি দূর করা যাবে। পরবর্তীকালে যখন তৃতীয় ভূমি সংস্কারের প্রশ্ন আসবে তখন এ সম্পর্কে আরও বিস্তারিত অলোচনা করা যাবে। এখানে মন্ত্রী মহোদয় যেটা নিজস্ব প্রচেষ্টায় এবং নিজস্ব উদ্যোগে এনেছেন সেটা তৃতীয় ভূমি সংস্কারের ক্ষেত্রে অনেক বেশি সহায়ক হবে। আশা করব এই বিলের মাধ্যমে যারা সুবিধা প্রাপক তারা আরও বেশি করে সুবিধা পাবে, এই বলে বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে ল্যান্ড রিফর্মস অ্যামেন্ডমেন্ট সভায় উত্থাপন করেছেন সে সম্পর্কে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য অপূর্ববাবু সেটাকে সমর্থন করেছেন। কারণ এটায় বিরোধিতা করার কিছু নেই। তবে একটা জিনিস মন্ত্রী মহোদয়ের স্মরণে জানতে চাই, যেটা নিয়ে বহুবার বলেছি। সুন্দরবনের নোনা নদীর পাশাপাশি যে সমস্ত জমিতে দরিদ্র চাষীরা বসবাস করে তারা ব্যাঙ্ক লোন নিয়ে কৃষির উন্নয়ন ও ভূমির উন্নয়ন করতে পারে, এই ব্যাপারে তার যে সুযোগ-সুবিধা পাবেন এটা আমাদের গর্বের বিষয়। এতদিন আমাদের শুধু কৃষির উন্নয়নে টাকা দিতেন কোনও ভূমির উন্নয়নে টাকা ব্যয় করতেন না, কিন্তু আজকে তারা এই টাকা ব্যয় করতে বাধ্য হচ্ছেন। আমি মনে করি ব্যাঙ্ক লোনের মাধ্যমে নোনা জলে মাছ চাষ করার সুযোগ যেন না দেওয়া হয় কারণ তারা নদীর বাঁধ কেটে এই নোনা জলকে নিয়ে যায় মাছ চাষের সুবিধার জন্য। আজকে যদি ব্যাঙ্ক লোন নিয়ে নোনা জলে মাছ চাষ করার সুযোগ পায় তাহলে প্রত্যেক চাষী ব্যাঙ্ক থেকে লোন নেবেন বা অর্থ সংস্থাকারীর কাছ থেকে লোন নেবেন। তার ফলে সুন্দরবনে একটা সময়ে দেখা যাবে কৃষি বলে কিছু নেই। যৌথভাবে যারা মাছ, ধান চাষ করতে পারে তাদের ব্যাপারে আপত্তি নেই। লোনা জলে যাতে মাছ চাষ না করতে পারে এই ধরনের

ডিরেকশন বা নির্দেশ আপনার পক্ষ থেকে ব্যাঙ্কগুলিকে দেওয়া উচিত তাতে যদি আইনে কোনও সংশোধন করতে হয় সেটা আপনি নিশ্চয় জানবেন। অতীত দিন থেকে সুন্দরবনে চাষীরা চাষ করে আসছে সেটা যাতে ভালোভাবে চলে এটা দেখা দরকার। নোনা জলে মাছ চাষ করলে অনেক বেশি ইনকাম হয়। কিন্তু তা বলে একটা লিমিটেশন আছে। গভর্নমেন্টের সেই জমিগুলি কলেকটারের মাধ্যমে সেখানে ফিসারি হতে পারে। এগ্রিকালচারাল ল্যান্ডগুলিতে যাতে ফিসারি না করা হয় এটাই আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ। এই বলে এই আমেন্ডমেন্টকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে, আমেন্ডমেন্ট এনেছেন এই অ্যামেন্ডমেন্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদিও খুব সংক্ষিপ্ত। এর মধ্যে খুব বেশি বলবার নেই। ব্যাপার হচ্ছে, যেহেতু নেচার অফ ল্যান্ড বদল হয়ে গেছে, নেচার অফ ল্যান্ড পরিবর্তন হয়ে গেছে সেজন্য এই সংক্ষিপ্ত সংশোধনী আনতে হযেছে। প্রথম হচ্ছে আগে, যিনি রায়ত ধার নেবেন এবং তার জমিটা তাকে সিলিং ল্যান্ডের মধ্যে আনতে হবে, তারপর তাকে মর্টগেজ দিতে হবে। কাজেই এটা ল্যাকুনা বা লুপ হোলস যা ছিল এই সংশোধনীর মধ্যে সেই ল্যাকুনা প্লাক করা যাবে। কাজেই আমাদের মন্ত্রী মহাশয়ের এই সংক্ষিপ্ত সংশোধনী বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী যে বিল আমাদের সামনে এনেছেন ভুমিসংস্কার সম্পর্কে তাকে সমর্থন করে দু চার কথা বলতে চাই। এই বিলটা খুবসুন্দর এবং সমর্থনযোগ্য। সমর্থনযোগ্য এই জন্য যে এই বিলের মধ্যে সকলে কৃষিজীবি এবং যারা কৃষিজীবি নন অথচ কৃষিকর্মের সঙ্গে যুক্ত তাদের মধ্যে একটা সামঞ্জস্য রেখে কাজ করবার একটা বিশেষ সুযোগ দেখা গেছে এই বিলের মধ্যে। ভুমি সংস্কার করতে হলে এই সমন্বয় সাধন বিরাট জিনিস। বিরাট ফ্যাকটার । কারণ এটা সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারবে। নতুন যারা প্রবর্তন করলেন এই জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী স্বদেশ চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় অ্যামেন্ডমেন্ট যেটা এনেছেন। তিনি ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্যে দিয়ে এই ব্যবস্থা যাতে আরও ভালো হয় তার জন্য তিনি সংশোধনী এনেছেন। এই বিলকে আমরা সমর্থন করছি শুধু আমরা সমর্থন করছি তাই না বিরোধীদলে যারা চিরকাল বিরোধিতা করতেন তারাও এই বিলকে সমর্থন করেছেন। সেই কারণে আজকে প্রয়োজন ছিল। এই ভূমি সংস্কারকে আরও কার্যকর করবার জন্য এবং এতে সাধারণ মানুষের উপকার হবে। আমি এই বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বক্তব্য বেশ মন দিয়ে শুনেছি। এখানে এটা সবাই স্বীকার করেছেন। এটা বেশি বিতর্কের বিষয় নয়। মূল উদ্দেশ্য হচ্ছে এই যে, আমাদের যেখানে বর্তমানে চাষ হয়না অথচ যারা অন্য পারপাজে ব্যবহার করেন তা দিয়ে আমাদের সামগ্রিকভাবে দেশিয় উন্নতির, আর্থিক উন্নতি সবার সম্ভব হবে। এটা সহজ করবার জন্য এই ধরনের জমি বন্ধক দিয়ে যাতে ব্যাঙ্ক থেকে বা অন্যান্য

আর্থিক প্রতিষ্ঠানে থেকে তারা লোন পেতে পারেন তার সুযোগটা আছে, দেওয়া আছে, এবং প্রয়োজনও আছে। এটায় বিশেষ প্রয়োজন আছে। কারণ আমি দেখেছি পৃথিবীতে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে মানুষ কি করে তাদের নিজেদের আয় নানা দিকে বাড়াতে পারে। গ্রামে আজকে প্রশ্ন এসেছে যেকোনও ধরনের জমিতে চাষের উন্নতি করে কি করে তার ফসল বাড়ান যেতে পারে। হাই-ইলডিং ভ্যারাইটির সুযোগ নিয়ে খাদ্য সমস্যা একটা মস্ত বড় সমস্যা সেই সমস্ত সমাধানের চেষ্টা হচ্ছে। সেখানে জমিকে অন্যভাবে ব্যবহার করে কৃষিকে একটা ব্যাপক অর্থে দেখা হচ্ছে, যেমন পশু পালন, ফলের চাষ এই সমস্ত দিকগুলি দেখা হচ্ছে। সেজন্য পৃথিবীতে দেখা যাচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার জন্য ইকোনজিক্যাল ব্যালেন্সের জন্য জমিতে বন সৃজন হচ্ছে। সমস্ত দিক থেকে ডেভেলপমেন্টের জন্য আগের স্কোপ ছিলনা, এখন এটা ইনক্লুডেড হল। ল্যান্ডকে ইউজ করে যাতে সমাজের কল্যাণে লাগানো যায় তারজন্য ব্যবস্থা ছিল না, এই যে ফাঁক ছিল সেটা দূর করার চেষ্টা করা হয়েছে। আগামী দিনে সমস্ত পৃথিবীতে প্রতিটি জমির যাতে সদ্ব্যবহার হয় তার চেষ্টা হচ্ছে। সর্বভারতীয় ক্ষেত্রে ল্যান্ড ইউজ বোর্ড তৈরি হয়েছে। যদি মরুভূমিতে চাষ হয় তাহলে এখানেও আমাদের দেখতে হবে যেকোনও জায়গা কিভাবে আমরা কাজে লাগাতে পারি। এটার একটা সুদূরপ্রসারী দিক আছে। মানুষের আয়ের বিভিন্ন বিকল্প ব্যবস্থা সৃষ্টি করার জন্য অন্য জমিগুলিকে বর্তমান বিজ্ঞান এবং প্রযুক্তির সাহায্যে ব্যবহার করতে হবে এবং সেটা করতে গেলে তার অর্থনৈতিক দিক রয়েছে, তারজন্য ব্যাঙ্কের একটা স্কোপ থাকা দরকার, তাহলে বহু জিনিস হতে পারে এদিক থেকে এটা করা হয়েছে। মাননীয় সদস্য যেটা বললেন এটার সাথে প্রত্যক্ষভাবে ওটার

[4-40 — 4-50 P.M.]

কোনও সম্পর্ক নেই, তারজন্য অন্য ব্যবস্থা করেছি। যখন চিংড়ি মাছের চাষ করে ফরেন এক্সচেঞ্জ আসতে লাগল তখন মাল্টি-ন্যাশন্যাল ব্যবসায়ীরা ঐদিকে এল, আসার পর কি কাণ্ড হয়েছে আমরা দেখেছি। মেনলি এগ্রিকালচার জমিতে ফিসারি হয়েছে। প্রথম দিকে যেহেতু ট্যাঙ্ক ফিসারি এগজেমপটেড ক্যাটিগোরি সেজন্য জল ঢুকিয়ে ট্যাঙ্ক ফিসারি হয়েছে তার বিবরণ দেওয়া হয়েছে। নানা রকম কাণ্ড হওয়ার ফলে পরবর্তীকালে একটা কমিটি বসিয়ে ছিলাম, সেই কমিটিতে সব রকম বিশেষজ্ঞ রয়েছেন, সমগ্র দিক থেকে বিচার করে ঐ এলাকার কল্যানের জন্য কোনও জায়গায় নোনা মাছের চাষ হবে, অন্য জায়গায় চাষ হবে না, কোনও জায়গায় প্রযুক্তি গত উন্নতির অন্য কিছু কিছু মাছের চাষ হবে, ওখানে যেমন আছে চাষের সময় ধান হল আবার মাছও হল, প্যাডি কাম ফিসারি যেটা হয় এই ধরনের মাছের চাষ করা যায় যাতে চাষের যোগ্যতা থাকে, এই জিনিসটা হয়েছে। নোনা জলে কিন্তু তা হয় না, সেই ধরনের জিনিসটা আবার অন্য জায়গায় হবে। মিষ্টি জলের মাছের চাষ আবার আর একরকম ভাবে হবে। সমস্ত দিকে ব্যালেন্স করে এই জিনিসটা হয়েছে। ভারতবর্ষের কোচিনের দিকে সমুদ্রের ধারে এসচুয়ারি ফিসারিতে যে ইনকাম হয় আমাদের এখানে সেই রকম হয় না। ট্রলার ইত্যাদি হচ্ছে, এজন্য বঙ্গোপসাগরে জাপান থেকে লোক এসে পোস্টিং হচ্ছে। মালয়েশিয়া থেকে লোক আসে, তারা ধরা পড়ে। শুধু তাই নয়, অনেক ভালো আধুনিক বিজ্ঞান সমস্ত খাদ্য সমুদ্র থেকে পাওয়া যেতে পারে। অন্য দেশে গেলেই এইগুলি দেখতে পাওয়া যায়। সেইজন্য এইদিকে ডেভলপমেন্টের স্কোপ আছে। সেইজন্য এইদিকটায়

ইনভলভ করার চেষ্টা হচ্ছে। সাধারণ গরিব মানুষের যাতে কষ্ট না হয় ঐদিকটা দেখে অন্য ব্যবস্থার কথা ভাবা হচ্ছে। সেটা এই আইনের সাথে যুক্ত নয়। তার ব্যবস্থা আমরা করেছি। আমরা দেখতে পাচ্ছি যে, মানুষের .লোভ আছে এবং সেই লোভ দেখবার মানুষও আছে। এই দুটি জিনিস থাকার ফলে সমাজ সচেতনতা গড়ে তুলতে না পারলে কিছু হবে না। কলকাতার উপর হাই রাইজ বিল্ডিং-এর কথা বলছেন। আর রিয়্যাল স্টেট ইনভেস্টমেন্ট করার দরুন ক্রেজ—বম্বে, কলকাতা সর্বত্রই এই জিনিস হচ্ছে। তার জন্য যে কি কষ্ট হচ্ছে সেটা আমরা সকলেই হাড়ে হাড়ে বুঝতে পারছি। সমস্ত দিক থেকেই এই জিনিস হচ্ছে। এই ব্যাপারে সচেতনতা গড়ে তোলা দরকার। এই ব্যাপারে একটা কনসিয়াসনেস রেজিস্ট্যান্স পিপলের কাছ থেকে আসা চাই। তাদের কাছ থেকে একটা রেজিস্টান্স আসা দরকার। এইভাবে দেখে আমাদের এগোতে হবে।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1990, be taken into Consideration was then put and agreed to.

### Clauses 1, 2, 3 and Preamble

The question that Clauses 1,2,3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Spaker :** Yes, Mr. Sumanta Kumar Hira, what is your point of order ?

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহোদয় বিরোধীপক্ষের মাননীয় সদস্য শ্রী সুহৃদ বসুমল্লিক মহাশয় এখানে [illegible] পর্বে বক্তব্য রাখতে গিয়ে তিনি আমাদের খাদ্যমন্ত্রীকে জড়িয়ে একটি অসত্য বিবৃতি রেখেছেন। আমাদের প্রসিডিংসেও আমি দেখেছি, সেটা আছে। অসত্য বক্তব্য বলে হাউসকে মিসলিড করার জন্য আমি তার বিরুদ্ধে একটি প্রিভিলেজ মোশন টেবলড করেছি। আপনাকে নোটিশ দিয়েছি। আগামীকাল এটা আমি তুলতে চাই।

## ADJOURNMENT

The House was then adjourned at 4-43 P.M. till 1 P.M. tomorrow on Friday, the 24th August, 1990 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Firday, the 24th August, 1990 at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 152 Members.

[1-00 — 1-10 A.M.]

**Adjournment Motions**

**Mr. Speaker :** Mr. Gyan Singh Sohan Pal, may I have a word with you for a moment. Today I have received three notices of Adjournment Motions. Now, under the rules, I don't find any provision that adjournment motions cannot be filed on a non-official day. But the convention has been that generally adjournment motions are filed for adjournment of Government business, adjournment of the House when Government business is about to be transacted, i.e. after the question hour. But I find three of your members have given notices of adjournment motions today, today being a non-official day. But the convention of this House has been that on non-official days, no adjournment motions are filed. But for the first time in my tenure this convention has been broken by three of your members. Now, I don't know what is to be done. If you follow the convention of the House, then I don't read it also. But under the rules, I am bound to read it because there is no bar in the rules. But parliament is followed by both rules and conventions. Now, if you follow the convention, then I don't consider the adjournment motions. I want your guidance on this aspect.

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, the rules of the House have not imposed any bar or restrictions for filing adjournment motions even on a non-official day but the convention of the House, as you have pointed out, has been that generally adjournment motions are not taken up on the non-official days. Because, the rules provide that after the question hour or before the business of the House adjournment motion is taken. On the non-official day, since there is no question hour, there is no business of the Government, this places you in a fix. I would not suggest you, Sir, to break the convention. But I would still say that it is for you, it is your own discreation if you consider that the issues involved are of very serious nature and it necessitates breaking of the convention. You will have to take a decision. In the normal

course, I would only suggest that we should follow the convention.

**Shri Saugata Roy :** Sir, while making my humble submission I would like to mention that my colleague Shri Gyan Singh Sohanpal has already clarified the rules. There is nothing in the rules to bar members from giving adjournment motion on non-official days. What has been the convention of the House, which I have seen during the last $3\frac{1}{2}$ years that so far as the adjournment motions are concerned, I may say that only one adjournment motion is allowed during the period. Normally, You allow only one member from each party to read the text of the adjournment motion in the House. Now a very serious matter has arisen regarding the Trade Bandh. The organisation threats to call for Trade Bandh...

**Mr. Sepaker :** Mr. Roy, please take your seat.

Today I have received three notices of Adjournment Motions. The first one is from Shri Sudip Bandyopadhyay on the subject of call for Trade Bandh for an indefinite period throughout the State. The second one is from Shri Prabuddha Laha on the subject of call for Trade Bandh throughout the State and the third one is from Shri Saugata Roy on the subject of call for Trade Bandh in Calcutta. If I admit the adjournment motion of Shri Prabuddha Laha, and find that the person concerned is not present in the House, then what will happen ? So, it appears that just filing up an adjournment motion the urgency of the matter is finished. See how serious the concerned Member is? The member wants that the Business of the House be suspended but he is not present in the House. So, what will happen ?

**Shri Saugata Roy :** Sir, why you choose his motion ?

**Mr. Speaker :** I have highlighted the importance of the matter as because the Honourable member wants to suspend the Business of the House on the non-official day. But as the member concerned is not present, the motion cannot be taken up for discussion. So, the matter ends.

## Calling Attention to Matters of urgent Public Importance.

**Mr. Speaker :** I have received 4 notices of Calling Attention, namely

1. Non-receipt of salary by theTeaching and Non-teaching staff of Non-Government Colleges of West Bengal. : Shri Jayanta Kumar Biswass

2. Re-opening of Hindusthan Pilkington Glass Factory : Shri Prabuddha Laha

3. Call for indefinite Trade Bandh in West Bengal : Shri Sultan Ahmed

4. Alleged murder of one Shri Shibpada Hazra at Rajhat under the P.S. Khanakul, Dist. Hooghly. : Shri Mannan Hossain

I have selected the notice of Shri Sultan Ahmed on the subject of ıll for indefinite Trade Bandh in West Bengal'.

The Minister-in-charge may please make a statement to-day, if ;sible, or give a date.

**Shri Abdul Quiyom Molla :** 30th.

**Mr. Speaker :** Now the Minister-in-charge, Food & Supplies partment to make a statement on the subject of reported contradic-y stand to the declared policy taken by the Food & Supplies Depart-nt regarding the supply of rice to the Agricultural Labourers.

.ttention called by Shri Dipak Sengupta on the 20th August, 1990)

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিষয়ে আগেরদিন বিবৃতি ।ছি। এই বিষয়টা কভার্ড।

## PRIVILEGE MOTION

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল একটা নোটিশ দিয়েছি নীয় খাদ্যমন্ত্রী নির্মল বোসকে উপলক্ষ্য করে এবং তাঁকে জড়িয়ে মাননীয় সদস্য সুহৃদ মল্লিক এই হাউসে একটা বিবৃতি রেখেছেন। সেই বিবৃতিতে তিনি সরাসরি বলেছেন যে মন্ত্রী জামুরিয়া রাইস মিলের মালিকের কাছ থেকে ঘুষ নিয়েছেন, টাকা-পয়সা নিয়েছেন, গুরুতর অভিযোগ তিনি করেছেন। এই অভিযোগ একেবারে ভিত্তিহীন, অসত্য এবং দশ্যপ্রনোদিতভাবে তিনি এই অভিযোগ হাউসে উত্থাপন করেছেন যেটা প্রমাণ করতে রন নি। তিনি হাউসকে বিভ্রান্ত করেছেন। শুধু তাই নয়, তিনি সংবাদপত্রেও এটা ব্রিফ ।ছেন, সংবাদপত্রে এটা বেরিয়েছে। এর দ্বারা মাননীয় মন্ত্রী মহাশয়ের যে সুনাম আছে : সুনামকে তিনি নষ্ট করেছেন। একজন বিধান সভার সদস্যর যে দায়িত্ব সেটা তিনি ান করেন নি। তিনি এই হাউসকে গুরুতরভাবে বিভ্রান্ত করেছেন, আমি তার বিরুদ্ধে িকার ভঙ্গের নোটিশ দিয়েছিলাম, আমি আপনার বিচার চাই।

যখন কেন্দ্রে নূতন জনমোর্চা সরকার আসে তখন কেন এটা কমল না।? কমলো না, বরং আরও বেড়ে গেল। '৮৯ সাল পর্যন্ত একটা সহ্য সীমা ছিল। কিন্তু তারপর ১৯৯০ সালের ১৪ মার্চ যখন রেল বাজেট এল তখন বলা হল মাশুল বাড়বে শতকরা ৭ ভাগ এবং সেপ্টেম্বর থেকে বাড়বে শতকরা ১০ ভাগ। স্বাভাবিকভাবেই সেটা বাড়ল। তারপর ১৯শে মার্চ তারিখ সাধারণ বাজেট এল তখন পেট্রোলের দাম বেড়ে গেল লিটারপ্রতি ১ টাকা ২৫ পয়সা। আমাদের কলকাতার বাজারে এই দামের বৃদ্ধির হার হল শতকরা ১০.৯ ভাগ। আবার ডিজেলের দাম বাড়ালেন লিটার প্রতি ৫৪ পয়সা এবং কলকাতার ক্ষেত্রে এই বৃদ্ধির হার হল ১৬.৯ ভাগ। এরপরেও কেন্দ্রীয় বাজেটে ঘাটতি রয়েছে। কেন্দ্রীয় সরকার ডিজেলের দাম বাড়িয়ে প্রত্যক্ষভাবে মুদ্রাস্ফীতিতে সাহায্য করেছেন। এই জিনিস না করে তাদের কি করা উচিত ছিল? আমাদের ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের টাকা বাড়ানো দরকার ছিল। ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের মানুষ এখন আগ্রহি হয়েছে। ১৯৮৯-৯০ সালে ৭,১৫৭ কোটি টাকা ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের আওতায় আনার কথা ছিল। অথচ বর্তমান কেন্দ্রীয় সরকার সেই পরিমানকে কমিয়ে দিলেন ৫,৫০০ কোটি টাকায়! আমরা মনেকরি এটা ঠিক হয়নি। এটা আরও বাড়াবার ব্যবস্থা করা উচিত ছিল এবং কেন্দ্রীয় সরকার বিভিন্ন ক্ষেত্র থেকে যে ট্যাক্স আদায় করেন সেই ট্যাক্স আদায় ফাঁকি বন্ধ করে ঠিকভাবে করে তার থেকে আয় বাড়াবার ব্যবস্থা করার দরকার ছিল। প্রত্যক্ষ কর বাড়িয়ে অপ্রত্যক্ষ কর কমানো এটা করার দরকার ছিল। বিদেশি যে ঋণ তা শোধ করার প্রশ্নে সেইদিকে নজর দেওয়ার দরকার ছিল এবং শিল্প নীতির পরিবর্তন হওয়া উচিত ছিল স্বাভাবিকভাবেই জনগণের পক্ষে। না, সেই কাজ হয়নি। শুধুমাত্র ডিজেল, পেট্রোলের দাম বাড়েনি, কংগ্রেসিদের কায়দায় অ্যাডমিনিস্ট্রাড প্রাইস, প্রশাসনিক ফতোয়া দিয়ে দাম বাড়ানো হয়েছে। গমের দাম কুইন্টাল প্রতি ৩০ টাকা বাড়ানো হল, আবার জুন মাসে ১৯৯০ সালে চালের দাম বাড়িয়ে কুইন্টাল প্রতি ৪৫ টাকা দাম বেড়ে গেল। আবার গম এবং চাল যেটা সরবরাহ করা হল, যে পরিমান দেওয়ার কথা তা পাওয়া গেল না। তারপর সমস্ত জিনিসগুলি খারাপ আসতে শুরু করলো। ফলে পাবলিক ডিসট্রিবিউশন সিসটেম যেটা চালু আছে সেটা ক্ষতিগ্রস্ত হল। সরষের তেলের দাম আস্তে-আস্তে বেড়ে যাচ্ছে। এর দামটা কমাতে হলে পর আগে থেকে ভোজ্যতেল আমদানি সম্পর্কিত নীতি সুনির্দিষ্ট করার প্রয়োজন ছিল, কিন্তু সেটা করা হয়নি। আমাদের দেশে রেপসিড চালু হয়ে গেছে, অথচ তার আমদানি একদম বন্ধ করে দেওয়া হল। আমি মনেকরি এই কাজ মোটেই ঠিক হয়নি। কেন্দ্রীয় সরকারের দায়িত্ব ছিল সরকারি কোষাগার থেকে অর্থ মঞ্জুর করে এই ঘাটতি মেটানোর ব্যবস্থা করা যাতে সাধারণ মানুষ ন্যায্য দামে পেতে পারে। সিমেন্ট ডি-কনট্রোল করে দিল আগেকার সরকার, ১ এপ্রিল, ১৯৮৯ সালে, অথচ সেই সিমেন্টের উপর লেভি বসানো হলনা। ফলে দেখা যাচ্ছে কি, সিমেন্ট এবং চিনি আবেদন করলেই দাম কমবে? কখনও দাম কমতে পারে না। সুতরাং সরকারের উচিত ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের ঠিক ঠিক মতোন বিলি-বন্টনের ব্যবস্থা করা। আজকে যে প্রস্তাব উত্থাপন করেছি তাতে আমি মনে করছি শুধুমাত্র এই প্রস্তাব যদি গৃহিত হয় তাহলে সমস্যা মিটে যাবে? না। আমি জানি, পশ্চিমবাংলার বামফ্রন্টসরকার গ্রামাঞ্চলে যতটুকু করতে পেরেছেন জিনিসের দাম বেড়েছে ঠিকই, আগের তুলনায় অনেক বেশি, কিন্তু কংগ্রেসি আমলে যে জিনিস ঘটতো গ্রামের মানুষ শহরে চলে আসতো আজকে গ্রামের

মানুষ আর শহরে চলে আসছে না। গ্রাম এবং শহরের মানুষকে আজকে মাইলো, ভুট্টা চালের বদলে খেতে হচ্ছে না, কিন্তু মানুষের দুর্দশা সাংঘাতিকভাবে বেড়েছে। আমি যদি হিসাব দিই তাহলে দেখবেন শুধুমাত্র এই ৭।৮ মাসেই দাম বেড়েছে, তা নয়। মুগ ডাল ১৯৬৫ সালে ছিল ১ টাকা ১৫ পয়সা আর ১৯৮৯ সালে ছিল ১২ টাকা আর ১৯৯০ সালেও ১ কেজি ১২ টাকা। কিন্তু একই চিত্র অন্যান্য জিনিসের ক্ষেত্রে নয়, মুসুরির ডাল ১৯৬৫ সালে ছিল ৭৫ পয়সা, ১৯৮৯ সালে তার দাম ৭ টাকা আর এখন তার দাম হয়েছে কিলো প্রতি ১২ টাকা। সুতরাং ৭।৮ মাসের মধ্যে সব জিনিসের দাম বেড়েছে এটা ঠিক নয়। এরজন্য অবশ্য সকলকে নিয়ে আমাদের আন্দোলন করতে হবে। কিন্তু আন্দোলনটা কি পথে হবে? সেই আন্দোলন হবে হঠাৎ পুলিশের হেলমেট কেড়ে নেওয়া, সেই আন্দোলন হবে কোথাও কোনও ঘোষণা নেই হঠাৎ ৩টি ছেলে রাস্তায় দাঁড়িয়ে রাস্তা বন্ধ করে দেওয়া, সেই আন্দোলন হবে একটা জায়গায় স্ট্রাইক ঘোষণা করে অন্য ৫।৬টি জায়গায় স্ট্রাইক করতে যাওয়া, সেই আন্দোলন হবে কোনও পুলিশ থানায় ও.সির চেয়ারে বসে সেখানে ও.সি হয়ে যাওয়া? না, কখনই তা নয়। আমরা দেখেছি, আমাদের একজন পরিচিতা মহিলা থানায় ঢুকে ও.সির চেয়ারে বসে ও.সি হয়ে গেলেন। উনি পিসি হলেন না, মাসি হলেন না, একেবারে উনি ও.সি হয়ে গেলেন। এইভাবে আন্দোলন হবে? না। আমরা বিগত ৪০ বছর ধরে খাদ্যের দাবিতে আন্দোলন করে চলেছি। পশ্চিমবাংলায় কংগ্রেস সরকার ছিল এবং কেন্দ্রেও কংগ্রেস সরকার ছিল। আমরা আজও লড়াই করে চলেছি। আমাদের দাবি আদায় করার জন্য জনগণকে নিয়ে আমরা আন্দোলন করেছি এবং এখনও করছি। কিন্তু ৪০ বছর ধরে কংগ্রেসিদের মুখে কখনও শুনিনি যে নিত্য-প্রয়োজনীয় জিনিস সস্তায় দিতে হবে। আর আজকে ওরা এই দাবি করছেন। জনগণ ওদের সঙ্গে নেই। আজকে তাই বিশৃঙ্খলা সৃষ্টি করে দেশে একটা গোলমাল বাধিয়ে দিতে চায়। আমি সেজন্য এইকথা বলে এই প্রস্তাব যা আমি উত্থাপন করেছি তা গ্রহণ করার জন্য অনুরোধ করব। এই প্রস্তাব কার্যকরি করার জন্য পশ্চিমবঙ্গের জনগণকে নিয়ে আমাদের সমস্ত শ্রমজীবি মানুষকে নিয়ে আজকে চেষ্টা করতে হবে, জিততে হবে। কিন্তু একেবারে এটা হবেনা। কেন্দ্রে এর পরবর্তী যখন কংগ্রেস আসবে তখন দর দামের গোলমাল হবে। জনগণের কষ্ট সবটাই কংগ্রেসি নীতির ফল, কংগ্রেস দেউলিয়া করে দিয়ে গেছে দেশটাকে তার উপর দাঁড়িয়ে যা করা প্রয়োজন, জানি, সবটা এখন করা যাবে না, কিন্তু সেটা করবার জন্য আমাদের এই প্রচেষ্টা। আমি এইকথা বলব একটা প্রস্তাব কংগ্রেসের মধ্যে থেকে উঠেছে। এতদিন পরে ওরা বুঝতে পেরেছেন, নিজেদের পিঠ বাঁচাবার জন্য, সেজন্য আমরা খুশি হয়েছি। আমি অনুরোধ করব এই প্রস্তাব সকলে গ্রহণ করুন।

**Mr. Speaker :** There are for amendments of Shri Deba Prasad Sarkar in the motion under Rule 185 given by Shri Nani Kar. The amendments are in order. Now, I request Shri Deba Prasad Sarkar to move his amendments.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that in paragraph 1 lines 1, 2 and 3 for the words "সরকার শেষ বছরের নয় মাসে কেন্দ্রীয় তহবিলে ১৪,০০০ কোটি টাকা প্রকৃত ঘাটতি রেখে যায় এবং সেই ঘাটতি মেটাবার জন্য"

দি ওয়ার্ডস "সরকারের অনুরূপ ঘাটতি বাজেট এবং কর-দর ও মাশুল বৃদ্ধির নীতি অনুসরণ করে" be substituted;

(2) Sir, I beg to move that after paragraph 2 the following new paragraph be added "এই সভা মনে করে যে চাল গম কেরোসিন তেল প্রভৃতি রেশন সামগ্রির সরবরাহের ঘাটতির পাশাপাশি যতটুকু পরিমাণ কেন্দ্র সরবরাহ করছে তাও সুষ্ঠুভাবে বিলিবন্টন না হওয়া এবং প্রচুর পরিমাণ চাল গম কেরোসিন তেল কালোবাজারে চলে যাওয়ার ফলে এই রাজ্যের রেশন ব্যবস্থাকে বিপর্যস্ত এবং কেরোসিন তেলের সঙ্কটকে আরও তীব্রতর করে তুলেছে।"

(3) Sir, I beg to move that in the last line of last paragraph after the words "এবং বর্তমান সরকার কর্তৃক ধার্য রেলের বর্ধিত মাশুল 'ডিজেল' পেট্রোল ও চাল গমের বর্ধিত দাম প্রত্যাহার করে নেওয়া হোক।" the following words be added;

(4) After the last para the following new para be added :

"সাথে সাথে এই সভা আরও দাবি করছে যে, রাজ্য সরকার এই রাজ্যে চাল গম সহ বিভিন্ন রেশন সামগ্রি ও কেরোসিন তেলের কালোবাজার বন্ধ করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করুন।"

[1-30 — 1-40 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের ১৮৫ রুলে শ্রী অপূর্বলাল মজুমদার, শ্রী তুহিন সামন্ত এবং শ্রী অশোক ঘোষ মহাশয় যে মোশন এনেছেন তাকে সমর্থন করছি এবং মাননীয় ননী কর মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার শেষ অংশের সঙ্গে ঐক্যমত হলেও প্রথম অংশের মধ্যে যে নির্লজ্জ দালালি-পনার একটা অনুচ্ছেদ এখানে উল্লিখিত হয়েছে আমি তার বিরোধিতা করছি। আমি এখানে প্রথমে প্রাইস রাইজ দ্রব্যমূল্য কেন বৃদ্ধি হয়? দ্রব্যমূল্য বৃদ্ধির মূল কারণ হিসাবে মোটামুটি ডিমান্ড অনুযায়ী যদি বাজারে সাপ্লাই না থাকে তাহলে হয়। তখন জিনিস পত্রের দাম বাড়তে বাধ্য হয়। বাজারে আমরা সাপ্লাই করতে পারছি না। ইনডাইরেক্ট ট্যাকসেসন, যে ট্যাকসেসন ডাইরেক্ট হয়না, ইনডাইরেক্ট ট্যাকসেসন যখন হয় তখন জিনিসপত্রের দাম বাড়ে। আমরা জানি যে, প্রোডাকশন, ডিসট্রিবিউশন এবং সাপ্লাই এই ৩টের উপর ইনডাইরেক্ট ট্যাক্স যদি হয় তাহলে একইভাবে জিনিসপত্রের দাম বাড়তে বাধ্য এবং এই মূল্য বৃদ্ধির ফলে সাধারণ মানুষকে ক্ষতিগ্রস্ত হতে হয়। আমরা আরও জানি মূল্যবৃদ্ধির কারণ হিসাবে যদি যুদ্ধ হয়, কিংবা খরা হয় তাহলেও জিনিসপত্রের দাম বাড়ে। কিন্তু আমাদের ভারতবর্ষে সম্প্রতি কোনও যুদ্ধ বা খরা হয়নি যার জন্য মূল্যবৃদ্ধির কোনও কারণ ঘটতে পারে। যুদ্ধ হয়নি, প্রাকৃতিক কোনও দুর্যোগও হয়নি, অথচ মূল্যবৃদ্ধি ঘটছে। তার মূল কারণ হল যে গত লোকসভার বাজেট অধিবেশনে আমাদের কেন্দ্রীয় সরকার পেট্রোল ডিজেল, টায়ার টিউব ইত্যাদির দাম যেভাবে বৃদ্ধি করলেন তার প্রভাবে আজকে জিনিসপত্রের দাম হুহু করে বাড়তে থাকল। রেলের মাশুল যেভাবে বৃদ্ধি হল, তারই ফলশ্রুতি হিসাবে জিনিসপত্রের

দাম হু হু করে বাড়তে শুরু করল। একে বলে মাল্টিপ্লায়ার এফেক্ট এরং এর ফলে আমাদের দ্রব্যমূল্য সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গেল। এরফলে ভোজ্য তেল ৩২ টাকা, আলু ২ টাকা এবং বেগুন ৫ টাকা কিলো হয়ে গেল। চাল আজকে ৬ টাকা ৬.৫ টাকা হয়ে গেছে, চিনি এবং লবন এসবের দামও বেড়েছে। অর্থাৎ জিনিসপত্র সব মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। আর দর যখন লাগামছাড়া হয়ে যায় তখন স্বভাবতই ব্যবসায়ীদের মধ্যে জিনিসপত্র মজুত করবার প্রবণতা জাগে। এই মজুত উদ্ধার করবার যে দায়িত্ব রাজ্য সরকারের থাকে, আমাদের স্পষ্ট অভিযোগ, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার রাজ্যে মজুত উদ্ধার করবার ব্যাপারে কোনও পদক্ষেপ নেননি। কালোবাজারি, মুনাফাখোর প্রফিটিয়ারদের বিরুদ্ধে সরকারের যে শক্ত মনোভাব পোষণ করা উচিত ছিল সেই মনোভাব তারা দেখান নি। ফলে পশ্চিমবঙ্গ আজকে কালোবাজারি মুনাফাখোরদের স্বর্গরাজ্যে পরিনত হয়েছে। তারা দেখতে পাচ্ছেন যে, এই সরকার বড় পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করেন; স্বভাবতই বৃহৎ ব্যবসায়ীরা বুঝতে পেরেছেন যে, দ্রব্যমূল্য যতই সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাক না কেন, এই সরকার ওদের কেশাগ্রও স্পর্শ করবেন না। আজকে ব্যবসায়ীদের ধর্মঘট চলছে সমগ্র পশ্চিমবঙ্গে। আর ধর্মঘট হলে বাজারে জিনিসপত্রে দাম বাড়বেই। আমরাও মনেকরি, এই ধর্মঘটকে কখনই সমর্থন করা যায় না। কিন্তু বিস্মিত হয়ে যাচ্ছি, সরকার এক্ষেত্রে চ্যালেঞ্জ এবং অপ্রেসিভ মেজার নিয়েছেন দেখে। এমন ইস্যুতে একটা মিটিং, উপেক্ষা করার নয়; কিন্তু আজকে তাদের মিটিং এর মঞ্চ ভেঙে দিলেন! ফেডারেশন অফ ট্রেড অর্গানাইজেশন মিটিং ডেকেছে। সেক্ষেত্রে তাদের সঙ্গে বসে বোঝাপড়া করে বাংলার মানুষের স্বার্থে যাতে বন্‌ধ অবিলম্বে প্রত্যাহার করা হয় তারজন্য যেখানে পদক্ষেপ নেবেন, তা না করে চ্যালেঞ্জ এবং অপ্রেসিভ মেজারস নিলেন। এরফলে বন্‌ধ তো তারা প্রত্যাহার করবেনই না, বরং সমস্যার জটিলতা আরও বাড়বে। দেখেছি, এইরকম পরিস্থিতিতে আপনারা পশ্চিমবঙ্গে ১২ বছরে ১৩ বার বাংলা বন্‌ধ ডেকেছেন। ভেবেছিলাম, হয়ত আর একবার বাংলা বন্‌ধ ডাকবেন। এর আগে এই বিধানসভায় প্রস্তাবও রেখেছিলাম যে, দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে বাংলা বন্‌ধ ডাকলে আমরা আপনাদের সমর্থন করবো। কিন্তু বন্ধু সরকারের বিরুদ্ধে তথাকথিত বিপ্লবি মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা কেবলমাত্র চিঠি লিখেই দায়িত্ব শেষ করলেন। মুখ্যমন্ত্রী ভি.পি.সিংকে চিঠি লিখেছিলেন, অর্থমন্ত্রী মধু দন্ডবতের কাছে বিকল্প প্রস্তাব পাঠিয়েছিলেন; তারা ভেবেছিলেন যে, তাতেই বোধহয় রেলের মাশুল কমে যাবে, পেট্রোল-ডিজেলের দাম কমবে, সঙ্গে সঙ্গে জিনিসপত্রের দাম কমে যাবে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, শ্রী ভি.পি.সিং আমাদের মুখ্যমন্ত্রীর সেই চিঠিকে কোনও গুরুত্বই দেননি, কেন্দ্রীয় অর্থমন্ত্রীও অর্থমন্ত্রীর প্রস্তাবকে গুরুত্ব দেননি। ভি.পি.সিং এবং মধু দন্ডবতে সেগুলো ছেঁড়া কাগজের মতো ফেলে দিয়েছেন। চিঠিগুলি পেপার বাস্কেটে চলে গেছে। এটা বাংলার লজ্জা। অথচ আজও তারা তাদের উপর সমর্থন বজায় রেখেছেন, কোনও প্রতিবাদ নেই। আজকে আপনারা এর প্রতিবাদ করতে পারছেন না বলে কংগ্রেস বন্‌ধ ডেকেছে, কিন্তু তার বিরুদ্ধে আপনার ঠ্যাঙ্গাড়ে বাহিনি নামিয়ে ব্যবস্থা নিয়েছেন, গণতান্ত্রিক আন্দোলনকে গুলি করে হত্যা করেছেন, তিনজনকে মেরে ফেলেছেন, ছাত্র-যুব-মহিলাকে হত্যা করেছেন। আমরা আশা করেছিলাম, এই দ্রব্যমূল্য বৃদ্ধির আন্দোলনকে আপনারা সঠিক পথে পরিচালিত করবেন। আজকে আমরা প্রস্তাব দিচ্ছি কংগ্রেস আগামি

দিনে যে বাংলা বন্‌ধ ডাকবে পশ্চিমবাংলায় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে মানুষের প্রয়োজনে বামফ্রন্ট তার প্রায়শ্চিত্ত করার সুযোগ নিন সেই বন্ধকে সমর্থন করে। কংগ্রেস আহুত বাংলা বন্ধকে উদাত্ত কণ্ঠে সমর্থন করুন। আমরা আগামি দিনে বামফ্রন্টের কাছ থেকে এই প্রত্যাশা করবো। সেইদিন যে বাংলা বন্ধ ডাকা হবে রাজ্যের মানুষের স্বার্থে, লাঠি-টাঙ্গি-বল্লোম-বোমা নিয়ে ক্যাডার দিয়ে সেই আন্দোলনকারিদের উপর ঝাঁপিয়ে পড়ে সেই বন্ধকে স্তব্ধ করে দেবার চেষ্টা করবেন না। আমরা মনেকরি পশ্চিমবাংলায় ভয়াবহ দ্রব্য মূল্য বৃদ্ধিতে রাজ্যবাসি হিসাবে আমরা গভীরভাবে উদ্বিগ্ন। মাননীয় সদস্য ননীবাবু তার আনিত প্রস্তাবে তিনি যেটা রাখলেন যে ১৪ হাজার কোটি টাকা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীসভা ঘাটতি রেখে গেছে, এটা অসত্য কথা। প্রকৃত সত্য নয়। ১৪ হাজার কোটি টাকা প্রাক্তন কেন্দ্রীয় সরকার কেন্দ্রের তহবিলে ঘাটতি রেখে গেছে এই সমস্ত বিভ্রান্তিকর কথা বলে মানুষকে বিভ্রান্ত করবেন না। কেবলমাত্র একটা চিঠি দিলেই দায়িত্ব শেষ হয়ে যায় না, বামফ্রন্টের তরফ থেকে একটা প্রতিনিধি দল তো কেন্দ্রে পাঠাতে পারতেন। এখন বিধানসভা চলছে, কেন আমাদের রাজ্য থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো গেল না? যখন বিধানসভা চলছে, বিধানসভা চলা কালীন দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সর্বদলীয় প্রতিনিধি দল পাঠালেন না। এই কারণে যে বিরোধী দল যদি তাতে যুক্ত থাকে তাহলে বন্ধু সরকারের বিরুদ্ধে কিছু অপ্রীতিকর মন্তব্য তারা যদি করে তখন হয়ত আপনাদের সম্মান রক্ষা করে চলা বন্ধ হয়ে যাবে সেই কারণে সর্বদলীয় প্রতিনিধি দল পাঠানোর যে সুযোগ এসেছিল সেই সুযোগ নিলেন না। সেই সুযোগ কাজে না লাগিয়ে লুকিয়ে চুরিয়ে দিল্লিতে দরবার করতে যাচ্ছেন। তাই আপনাদের কাছে আমার অনুরোধ আপনারা আসুন, দ্রব্য মূল্য বৃদ্ধিতে আজকে রাজনীতির কোনও অবকাশ নেই, বিভক্ত রাজনীতির বশবর্তী না হয়ে, কেবলমাত্র চিঠি না লিখে এই আন্দোলনকে জোরদার করুন। আজকে বাজারে দ্রব্য মূল্য বৃদ্ধি ঘটছে, কোথাও কোনও নিয়ন্ত্রণ নেই, কোনও নিয়ন্ত্রণ নেই কোনও ক্ষেত্রে। এটা আমাদের রাজ্যের কথা, রাজ্য সরকারের পক্ষ থেকে কোথাও কোনও প্রতিবাদ নেই। আজকে দ্রব্য মূল্য বৃদ্ধিতে বিগত কেন্দ্রীয় সরকারের তুলনায় এখনকার কেন্দ্রীয় সরকারের আমলে গত ৮ মাস কি পরিমান বেড়ে গেল সেটা হিসাব করলেই বোঝা যায়। মাননীয় মন্ত্রী মহাশয় কিছু সূচক, নানারকম ইনডেক্স দিয়ে সভাকে বিভ্রান্ত করবার চেষ্টা করবেন। কিন্তু মানুষ বোঝেন তাদের দুঃখ-দুর্দশার কথা, মানুষ যখন কেরোসিনের টিন নিয়ে দোকানে যায়, বাজারের থলি নিয়ে বাজারে যায় তখন তারা বুঝতে পারে গত ৮ মাসের তুলনায় এখন কি পরিমান দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটেছে। আজকে যেভাবে জিনিস পত্রের দাম মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে তাতে ক্ষমতাসীন কেন্দ্রীয় সরকার এবং রাজ্যের বামফ্রন্ট সরকারকে সমানভাবে দায়ী করা যায়। এই ক্ষেত্রে আপনাদের যে দায়িত্ব সেই দায়িত্ব এবং কর্তব্য আপনারা পালন করতে পারেন নি, ব্যর্থ হয়েছেন। তাই আজকে সমস্যা গভীর থেকে গভীরতর হচ্ছে। তাই আমি বলতে চাই আপনারা কেন্দ্রীয় সরকারের প্রতি সমর্থন প্রত্যাহার করুন। কেন্দ্রে এমন একটা সরকার প্রতিষ্ঠিত আছে যে সরকার সাম্প্রদায়িক জনতা দলের চাপে নতি স্বীকার করে বসে আছে। ভারতীয় জনতা দল দক্ষিণ পন্থী প্রতিক্রিয়াশীল, একচেটিয়া পুঁজিপতি, কালোবাজারি মুনাফাখোরদের স্বার্থ রক্ষায় সচেষ্ট। সেই যে প্রতিক্রিয়াশিল শক্তি সেই শক্তি কেন্দ্রীয় সরকারকে বাঁচিয়ে রেখেছে। আজকে সেই

সরকারের উপর থেকে রাজ্যের মানুষের প্রয়োজনে সমর্থন প্রত্যাহার করুন এই প্রত্যাশা আমরা করছি। আপনারা কংগ্রেস দ্বারা পরিচালিত বাংলা বন্‌ধকে সমর্থন করবেন এই বিশ্বাস করি। পশ্চিমবাংলায় দ্রব্য মূল্য বৃদ্ধি রোধ করার ব্যাপারে বামফ্রন্ট সরকার সম্পূর্ণ ব্যর্থ হওয়ার জন্য, প্রকৃত মোকাবেলা না করতে পারার জন্য নিন্দা জানাচ্ছি, ধিক্কার জানাচ্ছি।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী স্বাত্তিককুমার রায় ঃ** মাননীয় স্পিকার মহোদয়, মাননীয় সদস্য ননী কর, কৃপাসিন্ধু সাহা প্রমুখ সরকার পক্ষের সদস্যরা এখানে যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী কংগ্রেস পক্ষের সদস্যদের আনিত প্রস্তাবকে একদম সমর্থন না করে আমি এখানে বক্তব্য রাখছি। আজকে দেশে যে সমস্ত দ্রব্যের মূল্যবৃদ্ধি হয়েছে তারজন্য কেন্দ্রের বিশ্বনাথ প্রতাপ সিং'এর সরকার মূল্যরোধের ব্যাপারে সঠিক পন্থা নেন নি। ঠিক কথা, কিন্তু তাই বলে কংগ্রেসকে আবার আমরা কেন্দ্রে ফিরিয়ে আনতে চাই না, এই কথাটা আপনারা জেনে রাখুন। তাই বিশ্বনাথ প্রতাফ সিংয়ের সরকার'এর যে কাজগুলো সঠিকভাবে করা দরকার তা তাদের করতে হবে। বন্ধু সরকার বলে তারা ভুল কাজ করলে তার বিরুদ্ধে আমরা আন্দোলন করবো। আমাদের দেশের মধ্যে আজকে জিনিসপত্রের দাম যেটা বেড়েছে তারজন্য প্রকৃতপক্ষে দায়ী হচ্ছে প্রাক্তন কংগ্রেস সরকার। তারা দীর্ঘ ৩৮ বছর ধরে দেশ শাসন করেছেন। তারা শিল্পপতিদের কাছে আত্মসমর্পন করে বিভিন্ন জিনিসের উপরে ট্যাক্স বসিয়েছেন, সেজন্যই দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। কেন্দ্রের জাতীয়মোর্চা সরকার যখন ক্ষমতায় আসীন হলেন তখন দেখা গেল যে পূর্বতন কংগ্রেস সরকার বাজেটে ১৪০০০ কোটি টাকা ঘাটতি রেখে চলে গেছেন। কংগ্রেস ভাবেন নি যে তারা আবার ফিরে আসবেন না। আর সেইজন্য তারা বিভিন্ন দ্রব্যের উপরে ট্যাক্স বসিয়ে এবং মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলোকে সুযোগ করে দিয়ে গেছেন। আমরা বিশ্বনাথ প্রতাপ সিংয়ের সরকারের প্রতি আশা করেছিলাম যে তারা নতুন পদ্ধতি অনুসরণ করবেন এবং বিভিন্ন জিনিসের উপরে ধার্য ট্যাক্স কমিয়ে কম দামে যাতে জনসাধারণ ক্রয় করতে পারেন তার ব্যবস্থা করবেন। দুঃখের বিষয়, তারা সেই পদ্ধতিই অনুসরণ করলেন যেটা কংগ্রেস সরকার করে গেছেন। কেন্দ্রীয় সরকারের যে ঘাটতি বাজেট তা পূরণ করার জন্য সমস্ত জিনিসের উপরে ট্যাক্সের বোঝা চাপিয়ে ধনিক শ্রেণীর উপরে যাতে না চাপে, গরিব মধ্যবিত্তদের উপরে চাপে সেটা করলেন। যারফলে আজ জিনিসের দাম বাড়ছে। কাজেই সাধারণ গরিব মধ্যবিত্ত মানুষের উপরে বোঝা চেপেছে, যার ভয়াবহ পরিণতি নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম হু হু করে বেড়ে গিয়ে মানুষকে অসহায় অবস্থার মধ্যে নিয়ে ফেলেছে। আজকে এরফলে জনগণের মধ্যে একটা অংশের মধ্যে বিক্ষোভ দানা বাঁধছে। জনগণের শত্রু কংগ্রেস মানুষের এই অসহায়তার সুযোগ নিয়ে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। আমরা বিশ্বনাথ প্রতাপ সিংয়ের এই অর্থনীতির ঘোরতর বিরোধী এবং তার বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে চাই ঠিকই, কিন্তু বিশ্বনাথ প্রতাপ সিংয়ের সরকারকে কোনও অবস্থাতেই ভাঙতে দেবে না কংগ্রেসি বন্ধুরা এই কথাটা জেনে রাখুন। তারা এটা জেনে রাখুন যে কংগ্রেস আবার ক্ষমতায় ফিরে আসুক, এই কাজ কোনও বামপন্থী করবে না। এই কথাটা আপনারা নিশ্চিতভাবে জেনে রাখুন। তাই আমরা কেন্দ্রীয় সরকারকে বলছি যে তাদের ভরতুকি দিয়ে সমস্ত জিনিসপত্র, ১৪টি নিত্যপ্রয়োজনীয়

জিনিস, যথা চাল, ডাল, গম, চিনি, ভোজ্য তেল, লবন এবং কেরোসিন তেল প্রভৃতি রেশন ব্যবস্থার মধ্যে দিয়ে জনসাধারণকে বন্টনের ব্যবস্থা করতে হবে। এই সমস্ত দ্রব্যের ভরতুকির টাকাটা কেন্দ্রীয় সরকারকেই দিতে হবে। এটাই হচ্ছে আসল কথা এবং দাবি আদায়ের জন্য বিধানসভার যে সমস্ত সদস্য প্রধানমন্ত্রীর কাছে ডেপুটেশনে যাবেন আমি তাদের সমর্থন করছি। ভারত সরকার যদি এই দাবি মেনে না নেন তাহলে ব্যাপক মানুষকে সঙ্গে নিয়ে আমরা শান্তিপূর্ণ কোনওরকম অশান্তি সৃষ্টি করে নয় গণআন্দোলন গড়ে তুলবো। কংগ্রেস যেটা করছে, যেখানে সেখানে বিশৃঙ্খলা সৃষ্টি করে যেটা করছে আমরা সেটা কখনও করতে চাই না। আমরা জন-সমর্থন নিয়ে আন্দোলন করতে চাই। আমাদের দেশের শতকরা ৮০ ভাগ মানুষ গরিব এবং মধ্যবিত্ত এই সমস্ত মানুষের উপরে যাতে ট্যাক্স না বসে এবং দেশের শতকরা ২০ ভাগ মানুষ যাদের অবস্থা স্বচ্ছল, তাদের উপরে ট্যাক্স বসানো হয়, ঐ ৮০ ভাগ মানুষকে যাতে কোনওরকমে বিপদের সম্মুখীন হতে না হয় কেন্দ্রীয় সরকারকে সেদিকে বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। আজকে কেন্দ্রীয় সরকার পেট্রোল, ডিজেলের এবং রেলের ভাড়া বৃদ্ধি করে মানুষের দুর্ভোগ বৃদ্ধি করেছে। শুধু তাই ভাড়া বৃদ্ধিই নয় এরসঙ্গে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দামও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আমাদের সরকারের তরফ থেকে আমি জানি মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে বলেছেন যে দাম কমাতে হবে। আর এটা যদি না কমান হয় তাহলে কংগ্রেসের সঙ্গে আপনাদের তফাত কোথায়? এই প্রস্তাব রাখা হয়েছে এবং এই প্রস্তাবকে সমর্থন করি এবং যাতে দ্রব্যমূল্য বৃদ্ধি না ঘটে তারজন্য আমরা বন্ধু সরকারকে হুঁশিয়ার করে বলতে চাই যে দ্রব্যমূল্য না কমলে আমরা শান্তিপূর্ণভাবে আন্দোলন করবো। এইকথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি দ্রব্যমূল্যবৃদ্ধির প্রতিবাদে আমরা যখন এই সভায় আলোচনা শুরু করছি তখন দৈনন্দিন জিনিসপত্রের দাম বাজারে ক্রমাগত বেড়ে চলেছে। স্যার, দ্রব্যমূল্যকে স্থিতিশিল রাখার জন্য এই রাষ্ট্রীয় মোর্চা নির্বাচনি প্রতিশ্রুতি রাখতে পারেন নি। পেট্রোল, ডিজেলের যখন দাম বাড়লো তার বিরুদ্ধে প্রতিবাদকরলেও বামফ্রন্ট বোতাম টিপে পার্লামেন্টের বাজেটকে সমর্থন করলেন। আর পরে এখানে এসে প্রতিবাদ পত্র পাঠাচ্ছেন। আমি অত্যন্ত দীপ্ত কণ্ঠে বলতে চাই যে, এই ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের এবং দৈনন্দিন জিনিসের দাম ক্রমাগত বৃদ্ধি পাবার ফলে মানুষ আজকে অসহনীয় অবস্থায় এসে পৌঁছেছে। এবং তার বিরুদ্ধে প্রতিবাদ জানাবার ভাষা কিন্তু চিঠি লিখে নয়। রেশনে যখন জিনিসের দাম বেড়েই যাচ্ছে, কাঁচা বাজার অগ্নিমূল্য, সর্ষের তেলের দাম আকাশ ছোঁয়া এবং কেরোসিনের হাল তো বলবার নয়। কেরোসিন নিয়ে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে দেশের আইনশৃঙ্খলা আছে কিনা তাই নিয়ে প্রশ্ন উঠেছে। তারপরে খোলাবাজারে চালের দাম নিত্যনৈমিত্তিক বেড়ে চলেছে। এই সুযোগে ব্যবসায়ীরা একটা ফায়দা লুটছে। নিরুপদ্রোবে ব্যাবসায়ীরা জিনিসের দাম বাড়িয়ে চলেছে এবং তাদের একটা স্বর্গরাজ্য হয়ে গেছে। মাঝে মাঝে খাদ্যমন্ত্রী নির্মলবাবু এখানে বসে কালোবাজারিদের বিরুদ্ধে হুঙ্কার ছাড়েন কিন্তু [illegible] তাদের সঙ্গে [illegible] করেন। [illegible] ছবি

তোলার জন্যে মাঝে মাঝেই তিনি বড় বড় বক্তৃতা দেন কিন্তু কার্যক্ষেত্রে কিছুই তিনি করেন না। সেই কারণেই আজকে পশ্চিমবঙ্গের এই অবস্থা। তিনি যদি সত্যিকারের চেষ্টা করতেন তাহলে এই অবস্থা হত না, জিনিসপত্রের দাম এত হু হু করে বেড়ে যেত না। সেই কারণে আজকে মানুষের মনে ধিক্কার জেগেছে এবং তারই প্রতিবাদে আমরা এখানে বিরোধিতা করতে চাই। এই দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে প্রতিবাদ করতে গিয়ে কত যুবা, ছাত্র, মহিলা পুলিশের হাতে মারা গেছে। আগে আমরা কি দেখেছি আগে আমরা ১৩ বছর ধরে দেখেছি যে খাদ্যমন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে মিলিত হয়ে কেন্দ্রের বিরুদ্ধে সোচ্চার ছিলেন, তখন কত সমালোচনা হত কেন্দ্রের বিরুদ্ধে, কিন্তু এই বন্ধু সরকার আসার পরে সেই সুর তো আর শুনতে পাই না। আগে তো আপনারা কেন্দ্রের বিরুদ্ধে প্রতিদিন জেহাদ ঘোষণা করতেন, সর্বদা বলতেন যে কেন্দ্র বঞ্চনা করছে, কেন্দ্র ভাঁওতা দিচ্ছে এবং তারজন্য কত মিটিং মিছিল করলেন। এখন তো শত্রু রাজীব গান্ধী চলে গেলেন বন্ধু বিশ্বনাথ প্রতাপ সিং এলেন। জ্যোতিবাবু জয় বাবা বিশ্বনাথকে জল দিল্লিতে গিয়ে ঢাললেন। তারপরে আমরা কি দেখলাম জনগণ বুঝতে পারলো যে তারা ভুল করেছে এই দিল্লির সরকারকে ভোট দিয়ে। মানুষ যখন বুঝতে পারলো তাদের প্রতারণা করা হয়েছে এবং প্রতিবাদ করতে শুরু করলো তখন জ্যোতিবাবু এতদিন চুপ থেকে ৭ মাস পরে দিল্লির সরকারকে চিঠি লিখলেন। গত ২৪শে জুলাই ৭ পাতার চিঠি দেওয়া হল। এই দীর্ঘ ৭ মাস ধরে অপেক্ষা করার পরে চিঠি দেওয়া হল দিল্লির সরকার বিশ্বনাথ বাবু সেই চিঠি ছিঁড়ে ফেললেন না কি ফেলে দিলেন বা জ্যোতিবাবুকে কিছু বললেন তার কোনও কিছুই আমরা জানতে পেলাম না। তারপরে যখন আপনারা দেখলেন যে জনবিক্ষোভ দানা বাধতে শুরু করেছে তখন আপনারা স্থির করছেন যে কিছু এম.এল.কে দিল্লিতে প্রতিবাদ জানাতে পাঠাতে হবে। যে জ্যোতিবাবু এককালে ভাড়া বৃদ্ধির প্রতিবাদে বাস পুড়িয়েছেন, ট্রাম পুড়িয়েছেন সেই জ্যোতিবাবু আজকে হঠাৎ বিশ্বনাথ সিংকে চিঠির মাধ্যমে প্রতিবাদ করতে যাচ্ছেন কেন? তার তো নিশ্চয় প্রতিবাদের সুর জানা আছে? তাও আবার প্রতিবাদ করতে যাচ্ছেন কাদের কাছে যারা নাকি এখন নিজেদের দলের খেয়োখেয়ি নিয়ে ব্যস্ত। নিজেদের সরকারের ভেতরে নিজেদের মধ্যে খেয়োখেয়ি ঝগড়া-ঝাটি নিয়ে ব্যস্ত, তারা এখন জনগণের দুরবস্থার কথা চিন্তা করবে কি করে? পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু তাদের কাছে জিনিসপত্রের দাম যাতে কমে তারজন্য পত্র পাঠিয়েছেন এবং বামফ্রন্টের কিছু এম.এল.এ. পাঠাবেন প্রতিবাদ জানাবার জন্য। তার বেশি কিছু করতে জ্যোতিবাবু কি সাহস পাচ্ছেন না, যদি কেন্দ্রীয় সরকারকে চটিয়ে ক্ষমতা চলে যায়।

স্যার, ওনারা ভুলে গিয়েছেন নির্বাচনী তালিকার উপর দিকে প্রথমেই ছিল জিনিসপত্রের দাম কমানোর কথা। আজকে যিনি খাদ্য দপ্তরের দায়িত্বে আছেন সেই নির্মল বসু মহাশয়ের আজকে খাদ্য নিয়ে চিন্তা করবার সময় নেই। যখন জিনিসপত্রের দাম বাড়ছে তখন তিনি চীনে যাচ্ছেন চীন থেকে দেখছেন বিশ্বনাথ প্রতাপ সিং চাল, চিনি, গম পাঠালেন না, তাই চীন থেকে কি করে চাল, গম পাঠানো যায় সেই চিন্তা করছেন। আর এখানে আছেন জ্যোতিবাবু তার সময় কোথায়, তিনি তো পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, তিনি মাঝে মাঝে কলকাতা বেড়াতে আসেন, উনি দিল্লিতে ভি.পি., দেবীলাল, অরুণ, আরীফ সৎপালের ঝগড়া

মেটাচ্ছেন তাই পশ্চিমবাংলার মানুষের কথা চিন্তা করবেন কখন! আজকে চাল, ডাল পাওয়া যাচ্ছে না জিনিসপত্রের দাম বেড়ে গিয়েছে, সর্ষের তেল বিলাসদ্রব্যে পরিণত হয়েছে। এই অবস্থায় দেখা যাচ্ছে জ্যোতিবাবু দিল্লিতে রয়েছেন, অথচ বিদ্যুতের অবস্থা শোচনীয় হয়ে গিয়েছে লোডশেডিং-র জন্য। আজকে ছাত্র-ছাত্রীদের অবস্থা খুব করুন, চারিদিকে কেরোসিন নেই, কেরোসিনের টিন হাতে ছাত্র-ছাত্রীরা লাইন দিয়ে কেরোসিন আনতে যাচ্ছে কিন্তু তারা ছিটেফোঁটাও পাচ্ছে না। আজকে কেরোসিনকে নিয়ন্ত্রণ করছে পাড়ার মস্তানরা। সেদিন খাদ্যমন্ত্রী যে মুহূর্তে দাঁড়িয়ে একটা স্টেটমেন্ট করলেন সেই মুহূর্তে আমি আশঙ্কা করেছিলাম যে কেরোসিন উধাও হয়ে যাবে। আজকে এই কেরোসিনকে কন্ট্রোল করছে কারা পাড়ার মস্তানরা, বিশেষ করে বামফ্রন্টের লোকেরা, যারা বামফ্রন্টের ছত্র-ছায়ায় থেকে কেরোসিনকে নিয়ন্ত্রণ করছেন। আজকে যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বা ছেলে-মেয়েরা লাইনে দাঁড়িয়ে আছে কেরোসিনের জন্য তারা কখন পড়াশুনা করবে, একে তো বিদ্যুৎ নেই, অন্যদিকে কেরোসিনের জন্য তাদেরকে লাইন দিতে হচ্ছে, ফলে আজকে তাদের অবস্থা একটা করুন পর্যায়ে গিয়ে পৌঁছেছে। মাননীয় খাদ্যমন্ত্রী আজকে শুধু বিবৃতি মন্ত্রী হিসাবে দাঁড়িয়েছেন, ওনার সঙ্গে জ্যোতিবাবু থাকলে উনি একটু জঙ্গীভাব দেখান, নয়তো মুখে কুলুপ এঁটে বসে থাকেন। আজকে রেশনে চাল, ডাল, তেল, চিনি, রেপসিড কিছুই পাওয়া যাচ্ছে না, আবার কালোবাজারির দরুণ বাজারে চালের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে, সর্ষের তেল বিলাসদ্রব্যে পরিণত হয়েছে। অথচ যখন দেখা যাচ্ছে যে জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হয়ে যাচ্ছে তখন কিন্তু ওনারা একবারও বলছেন না যখন রাজীব সরকার ছিল, তখন যেভাবে হুমকি দিতেন চল দিল্লি চল। আজকে কিন্তু সেই হুমকি নেই। আজকে মাননীয় খাদ্যমন্ত্রীর কোনও ক্ষমতা নেই, যখন কেন্দ্রে ইন্দিরা সরকার ছিল, রাজীব সরকার ছিল তখন ওনারা আওয়াজ দিতেন, অথচ সেই আওয়াজ আজকে আর নেই। আপনাকে একটু অতিতের স্মৃতি রোমন্থন করতে অনুরোধ করবো, আপনাদের মনে পড়ে সেই কেরোসিনের লাইন দিতে গিয়ে কংগ্রেসি আমলে পুলিশের গুলিতে বসিরহাটে নুরুল মারা গিয়েছিল এবং সেই নুরুল-এর মাকে নিয়ে আপনারা সভা সমিতি করেছিলেন এবং বলেছিলেন দেখ কংগ্রেসের গুলিতে নুরুল মারা গিয়েছে। আপনারা সেদিন নুরুলের মাকে নিয়ে রাজনীতি করেছেন। আজকে রাইটার্সের ঠান্ডা ঘরে বসে কি এইকথা আপনাদের মনে পড়ে? আপনারা তো বলেছিলেন জিনিসপত্রের দাম কমবে, রাজীব সরকারের আগে পতন করাও, পশ্চিমবাংলাকে তারা বঞ্চনা করছে। আপনারা তো সেদিন বলেছিলেন তাই বলব রাজীব সরকারের আমলে এবং বিশ্বনাথ প্রতাপ সিংয়ের আমলে জিনিসপত্রের দাম কি ছিল এবং কত হয়েছে, যদি বেড়ে থাকে তাহলে কত বেড়েছে সেটা আজকে বলবেন। আজকে আপনাদের বিবেক বলে কিছু নেই, বিবেক থাকলে দেখতে পেতেন সাধারণ মানুষকে কোথায় নিয়ে এসেছেন, তাদের আজকে নাভিশ্বাস উঠেছে। আজকে জ্যোতিবাবু দিল্লি, হিল্লি, চীন, আমেরিকা, কাঠমান্ডু, ভুটান করছেন, অথচ তার এদিকে দেখার সময় নেই।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী ননী কর এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রী অপূর্বলাল মজুমদার মহাশয় আজকে দুটি বে-সরকারি প্রস্তাব উত্থাপন করেছেন মূল্যবৃদ্ধির ব্যাপারে। আমি এখন শ্রী ননী করের প্রস্তাবকে সমর্থন

করে দু, এককথা বলতে চাই আমাদের বিরোধীপক্ষর মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখলেন, তাতে মূল্যবৃদ্ধি দূর করবার কোনও ইতিবাচক পদক্ষেপ আমি দেখতে পেলাম না। বাইরে তারা যে আন্দোলন করছেন তাতে মূল্যবৃদ্ধি কমার কোনও আন্দোলন নেই, প্রস্তাব নেই, পদক্ষেপ নেই। কারণ তারা ৪০ বছর ধরে মূল্যবৃদ্ধি বাড়িয়ে গেছেন। রেশনে গমের দাম যেটা বেড়েছে সেটা কংগ্রেস এর কৃতিত্ব। চিনির দাম যে জায়গায় আছে এটাও তাদের কৃতিত্ব। কেরোসিনের দাম যেটা বেড়েছে সেটাও কংগ্রেস আই এর কৃতিত্ব। নিত্যপ্রয়োজনীয় সামগ্রির কথাগুলি বলি, ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের যে দাম বেড়েছে সেটাও কংগ্রেস আই এর কৃতিত্ব। কংগ্রেস দলের কথা তারা যে আজকে মূল্যবৃদ্ধির নাম করে বাইরে যে আন্দোলন করছেন বাস, ট্রাম, ট্রেন পোড়াচ্ছে তাতে মূল্যবৃদ্ধি কতটুকু কমবে জানিনা, তারা এখন সরকারে না থেকে মূল্যবৃদ্ধি ঘটাবার সুযোগ নিচ্ছে। এতে মূল্যবৃদ্ধি না তাতে ভরতুকি দিতে গিয়ে বাস, ট্রাম, ট্রেনে এতে আরও মূল্যবৃদ্ধি ঘটবে বলেই আমার আশঙ্কা। কাজেই বিষয়টা হচ্ছে তারা বাইরে একরকম আন্দোলোন করছেন আর ভেতরে যে বক্তব্য রাখছেন তাতে কোনও ইতিবাচক পদক্ষেপ দেখতে পেলাম না। আমি যে কথা বলতে চাই, যে আমাদের বামপন্থীদের দীর্ঘদিনের ঐতিহ্য আছে, মূল্যবৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করেছি, ধর্মঘট করেছি। কিন্তু অতিতে কংগ্রেস আই কে নিয়ে মূল্যবৃদ্ধি রোধ করাতে পারিনি। দিল্লিতে কংগ্রেস এর বিকল্প সরকার এসেছে, সেই সরকারের কাছেও আমরা বক্তব্য তুলে ধরেছি, কিন্তু তাদের দিয়েও মূল্যবৃদ্ধি রোধ করাতে পারিনি। এই বিধানসভার বামপন্থী দলের সদস্যরা তাদের পক্ষ থেকে আমরা কয়েকজন যাচ্ছি দিল্লিতে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবার জন্য। আমরা গিয়ে মূল্যবৃদ্ধির প্রতিবাদ আনবো, আমরা মেমোরান্ডাম দেব, এবং মূল্যবৃদ্ধির ফলে পশ্চিমবঙ্গের জনগণের যে শোচনীয় অবস্থা তার চিত্র তুলে ধরবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসল কথা হচ্ছে কেন্দ্রের পূর্বতন সরকার রাজীব গান্ধীর পূর্বপুরুষ ১৪ হাজার কোটি টাকার ঘাটতি বাজেট করে রেখে গেছে তারই ফলশ্রুতিতে এইসব হয়েছে। এই মূল্যবৃদ্ধির জন্য যে কংগ্রেস আই সরকার দায়ী সেটা আমরা ভুলতে পারি না। পেট্রোল, ডিজেল, কেরোসিনের যে মূল্যবৃদ্ধি ঘটেছে কেন্দ্রের সরকারই তার বড় কারণ। আমরা শুধু পশ্চিমবঙ্গে নয়, গোটা ভারতবর্ষে গরিব মানুষকে বাঁচানোর জন্য নিত্যপ্রয়োজনীয় সামগ্রি সরবরাহ করবার জন্য আমরা দাবি করেছি, আন্দোলন করেছি, চিঠি লিখেছি। আমরা ডেপুটেশন চাচ্ছি, মেমোরান্ডাম দিয়েছি কেন্দ্রীয় সরকারের কাছে। ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস, যা না হলে সাধারণ গরিব মানুষকে বাঁচানো যাবে না এবং এটা কেন্দ্রীয় সরকারকে সারা ভারতবর্ষে সংগ্রহণ করতে হবে এবং কেন্দ্রীয় সরকারকে বন্টন ব্যবস্থার মাধ্যমে বিলিবন্টন করতে হবে। তাহলে গরিব মানুষ সীমিত আয়ের মধ্যে জীবন কাটাতে পারবেন এবং বেঁচে থাকতে পারবেন। এই মূল দাবি, আজকে আমরা প্রস্তাবের মধ্যে রেখেছি। বাস্তবতার দিক দিয়ে মূল্যবৃদ্ধি ঘটেছে। অর্থাৎ প্রস্তাব হচ্ছে, এবং এটা বাস্তব যে ভারত সরকারকে কিছু ভরতুকি দিয়ে গরিব মানুষের স্বার্থ রক্ষা করতে হবে। ১৪টি নিত্য প্রয়োজনীয় সামগ্রিকে পৌঁছে দিতে হবে। তা না হলে গরিব মানুষকে বাঁচানো হবে না। আগামী দিনে এই প্রস্তাবকে সামনে রেখে এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী তুহিন সামন্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুঃখ লাগে একটা দলের রাজনৈতিক দৈন্যদশা দেখে। এদের দুটো গুণ, প্রথম গুণ হচ্ছে নিজেদের অপদার্থতা, অক্ষমতা সব সময় এরা অপরের ঘাড়ে চাপাবার চেষ্টা করে। আর দ্বিতীয় গুণ হচ্ছে এরা সব সময় দুমুখো নীতি গ্রহণ করে। একটা হাত গায়ে, একটা হাত পায়ে। ১৩ বছর সরকার পরিচালিত হওয়ার পর কখনও কোনও সময় আমরা শুনলাম না ওদের বলতে দ্রব্যমূল্য বৃদ্ধি কি কি কারণে হচ্ছে এবং সেই কারণগুলিকে বন্ধ করার জন্য তারা সরকারের তরফ থেকে কি কি কর্তব্য পালন করেছে। ওরা শুধু একটা সরকারের ঘাড়ে দায়িত্ব চাপিয়ে দিয়ে, একটা রাজনৈতিক দলের ঘাড়ে দায়িত্ব চাপিয়ে দিয়ে সস্তায় বাজিমাত করেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন কোন জিনিসের দাম বেড়েছে তার সামান্য কয়েকটি উদাহরণ আমি দিচ্ছি। ১৪টা নিত্য প্রয়োজনীয় জিনিসের মধ্যে কয়েকটা জিনিসের কথা বলছি, কাগজ আগে ৪২ টাকা রিম ছিল, আর এখন ৬৮ টাকা রিম হয়েছে; বঙ্গলিপি-আগে যেখানে ১২ টাকা ডজন ছিল, এখন সেখানে ২৪ টাকা ডজন হয়েছে; একটা ছোট কালি আগে যেখানে ৪ টাকা ২৫ পয়সা দাম ছিল, এখন সেটার দাম হয়েছে ৫ টাকা ৫০ পয়সা; চায়ের দাম আগে যেখানে ৪০ টাকা কেজি ছিল, এখন সেটা ৮০ টাকা কেজি হয়েছে। সাবান যেটা পশ্চিমবঙ্গে হয়, আমি অন্যান্য সাবানের কথা বলছি না, কালো বাটি সাবান, সাদা বাটি সাবানের দাম আজ দ্বিগুণ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনারা বড় বড় কথা বলেন, কয়লা আগে যেখানে ৩১ টাকা মন ছিল এখন সেটা ৫১ টাকা হয়েছে। ওনারা এখানে দাঁড়িয়ে চালের দাম কমানোর কথা বলেন, আর পাঞ্জাবে গিয়ে তাদের সমর্থন পাবার জন্য গমের দাম বাড়াতে হবে বলে পার্লামেন্টে চিৎকার করেন। আসল ব্যাপারটা হচ্ছে, আখেরে তাদের পার্টির লাভ কিভাবে করানো যায় সেই চেষ্টা ওনারা করছেন। তাই আজকে দীর্ঘদিন সরকার চালানোর পর, তাদের চাতুরি লোকে ধরে ফেলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী এখানে আছেন, তিনি অনুগ্রহ করে বলবেন যে চাল কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আসে সে রাজীব গান্ধীর সরকারই হোক, আর ভি.পি.সিং-এর সরকারই হোক সেই চাল রেশনে সঠিকভাবে বিলি হয় কিনা। পশ্চিমবঙ্গে যে চাল উৎপন্ন হয়, সেই চাল পশ্চিমবঙ্গ, থেকে কালোবাজারে, মুনাফাখোর ও মজুতদারদের হাত হয়ে নেপাল ও বাংলাদেশে পাচার হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেরোসিন তেল যা আসে, সেই তেল ডিলারদের কাছে যায়, কিন্তু সাব-ডিলারদের কাছে যায় না। সুষ্ঠ বন্টন ব্যবস্থা যদি থাকত তাহলে এই ঘাটতি দেখা দিত না, সরকারের সঙ্গে মজুতদার ও কালোবাজারিদের অশুভ আঁতাত আছে বলেই এই অবস্থার সৃষ্টি হচ্ছে। তাই কেরোসিন তেল সাব-ডিলারের কাছে পৌঁছাচ্ছে না, এলাকায় পৌঁছাচ্ছে না, চলে যাচ্ছে কালোবাজারিদের হাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী কি আজকে বলবেন নুনের লাইসেন্স কাকে কাকে দেওয়া হয়েছে? কেরোসিন তেলের সাব-ডিলার জেলাওয়ারি কারা কারা আছে সেটা কি বলবেন? চাল এবং গমের হোলসেলার উনি কাদের কাদের করেছেন সেই লিস্ট কি উনি দেবেন। উনি দেবেন না, কারণ দিলে সব ধরা পড়বে। এই সমস্ত জিনিসগুলো কিভাবে ডিস্ট্রিবিউশন হয় সেটা আমরা প্রতিনিধি হয়েও জানতে পারিনা, সাধারণ মানুষতো দুরের

কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ননীবাবু ১৪ হাজার কোটি টাকার কথা বললেন, এবারে সর্বসাকুলে যদি বাজেটে ২৪ হাজার কোটি টাকা ঘাটতি হয়, তাহলে আজ ১৪ হাজার কোটি টাকা উনি কোথা থেকে পেলেন। তাই আজকে বলব যে আজকে যে অবস্থা এসে দাঁড়িয়েছে, এই অবস্থায় সরকার একটা সঠিক ভূমিকা নিন এবং সঠিক একটা নীতি বলুন। আগে কংগ্রেসের বিরুদ্ধে গালিগালাজ করতেন. রাজনৈতিক মুনাফা লুটবার জন্য। আজকে তাই আমাদের আন্দোলন ঠিক পথেই চলতে থাকবে।

(এই সময় লাল লাইট জ্বলে ওঠে ও মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মিঃ স্পিকার, স্যার, ননী কর এবং আদার্স যে প্রস্তাব এনেছেন তার সমর্থনে আমি কিছু বলছি। দ্রব্যমূল্য বৃদ্ধির কথা বলছেন, কি কি দ্রব্যের মূল্য বৃদ্ধি হয়েছে - স্যার, কয়লা, খবরের কাগজ, খবরের কাগজের দাম এখন ২ টাকা, ট্রেনের ভাড়া, পেট্রোল, ডিজেল এই সবের দাম বাড়ার ফলে জিনিসপত্রের দাম বেড়ে গেছে। এই বৃদ্ধিগুলি রোধ করতে পারলে জিনিসপত্রের দাম কমবে। আমাদের দেশে ১০০ টাকা ধানের মন অর্থাৎ ৫ টাকা কে.জি. চাল, তাহলে কি করে ৪ টাকা কে.জি. খাওয়াবে? সারের দাম ৩৫০ টাকা কুইন্টাল, এগুলি কমানো হচ্ছে না, ধানের উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। লেবারের দৈনিক রেট ২০ টাকা। কাজেই চাল সস্তার খাওয়াবার উপায় নেই। যদি সারের দাম বাড়ে, ডিজেলের দাম বাড়ার জন্য পাম্প মেশিনের খরচ বেশি হয় তাহলে উৎপাদন খরচ বেশি হয়ে যাবে। কাজেই এই জিনিসগুলির দাম প্রথমে কমানো উচিত। সরষের দাম পাড়াগাঁয়ে ১৬ শো টাকা কুইন্টাল, স্বাভাবিকভাবে সরষের তেলের দাম ৩০ টাকা হবে। রেপসিড যদি আমদানি করা হয় তাহলে তেলের দাম কমত। কিন্তু বাজারে রেপসিড দেখছি না। কেরোসিন তেল পাড়াগাঁয়ে পরিবার পিছু হাফ লিটার কলকাতায় ঢালাও কেরোসিন তেল। পরিবার পিছু কেরোসিন তেলের কার্ড হয় না, সেজন্য সাপ্লাই দিলেও মানুষ কেরোসিন তেল পাবে না। যদি তেলের দাম চড়ে তাহলে তারজন্য দায়ী হবে আমাদের যারা ডিস্ট্রিবিউশন করছে তারাই। ১৪ টি নিত্য প্রয়োজনীয় জিনিস যেগুলি আমাদের লাগে তারজন্য কংগ্রেস আমল থেকে আমরা আন্দোলন করেছি, জেল খেটেছি, এখনও পর্যন্ত তার দাম কমল না। নিত্য প্রয়োজনীয় জিনিস দেশলাই তার দাম ২০ পয়সা। নিত্য প্রয়োজনীয় জিনিসের মধ্যে খবরের কাগজকে ইনক্লুড করতে হবে, তার দাম বাড়িয়ে দিচ্ছে। যারা প্রচার করছে দ্রব্য মূল্য বৃদ্ধি হচ্ছে সেই খবরের কাগজের দাম কমানো উচিত। আগে বঙ্গ লিপি কাগজ দেখতাম, এখন আর দেখতে পাওয়া যায় না। কাজেই আমাদের আন্দোলন মূলত হবে ট্রেনের ভাড়া বৃদ্ধি, ডিজেল, কেরোসিন, পেট্রোল, গম, কয়লা, সার এইগুলির দাম বৃদ্ধির বিরুদ্ধে। এই জিনিসগুলির মূল্য বৃদ্ধি যদি বন্ধ করতে পারি আন্দোলন করে তাহলে জিনিসপত্রের দাম নেমে আসবে। দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য মানুষ যে খুব কষ্টে আছে তা আমি মনেকরি না। যারা দ্রব্যমূল্য বৃদ্ধির কথা বলছেন তাদের স্বাস্থ্যের দিকে তাকিয়ে দেখুন, তারা ভাল খাচ্ছেন পয়েন্টে পয়েন্টে ডি.এ বাড়ছে, তারা ভালই আছেন। পাড়াগাঁয়ে যারা লেবার যারা পরিশ্রম করে ফসল উৎপাদন করছে তাদের ডি.এ. নেই, টি এ নেই। অবশ্য তাদের মজুরি বেড়েছে, মজুরি বাড়ার ফলে তারা ভালই আছে। সুতরাং আমাদের আন্দোলন হবে তেলের দাম বৃদ্ধির বিরুদ্ধে, ডিজেল, কেরোসিন,

কয়লা, ট্রেনের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে, সেই আন্দোলনের দিকে আমাদের লক্ষ রাখতে হবে।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রবীন সদস্য এবং প্রাক্তন স্পিকার অপূর্ববাবু ১৮৫ নং ধারায় যে মোশন এনেছেন আমি তাকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। দেশ স্বাধীন হবার পরে ৪৩ বছর পার হয়েছে এবং এই ৪৩ বছরের মধ্যে এই প্রথম বোধ হয় একটি গণতান্ত্রিক সরকারের আমলে রাজ্য এবং দেশের সর্বত্রই সর্বরকম জিনিসের দাম আজকে লাগাম-ছাড়া হয়ে গেছে। আজকে হু হু করে জিনিসের দাম বেড়ে চলেছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ১৪ বছর ক্ষমতায় আছেন। আমাদের অর্থমন্ত্রী প্রত্যেক বছর একবার করে হিসাব দেন। সেই হিসাবে দেখা যাচ্ছে গত ৭ বছরে খাদ্য সষের উৎপাদন সর্ব ক্ষেত্রে পশ্চিমবঙ্গে সব সময় বৃদ্ধি হয়েছে এটা তিনি দেখিয়েছেন। কিন্তু তাসত্বেও কেন আজকে পশ্চিমবঙ্গে প্রত্যেকটি জিনিসের দাম আকাশ-ছোঁয়া হয়ে গেছে? গ্রামাঞ্চলে ভাল চালের কেজি ৬.৫০ টাকা। সরষের তেল ৩৩ টাকা কেজি। গত সপ্তাহে আমি দেশের বাড়িতে গিয়েছিলাম। সেখানে দেখলাম তেল ৭.৫০ টাকা করে লিটার বিক্রি হচ্ছে। এই দামে তেল কিনতে হয়েছে। তাও আবার এক লিটার তেল দিল না, অত তেল ছিল না। তাই হাফ লিটার নিতে হয়েছে। কাঁচা আনাজের দাম প্রচন্ড বেড়ে গেছে। পটল, বেগুন উচ্ছে, ঝিঙে, ডাল, চিনি, তেল ইত্যাদি প্রত্যেকটি জিনিসের দাম আজকে প্রচন্ড বেড়ে গেছে। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় অনেক সময় অনেক প্রস্তাব উত্থাপন করে আবার প্রত্যাহার করে নেন। খানিকটা মহম্মদ বিন তুঘলকের ভূমিকায় কাজ করছেন। এই বিন তুঘলকী মনোবৃত্তির পরিবর্তন যদি না হয় তাহলে পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর রসাতলে যাবে। গত বছর পুজোর আগে তিনি বলেছিলেন ক্ষেত মজুরদের ২.২৫ টাকা দরে দু মাস চাল খাওয়াবো। এবারে তিনি বলছেন ২.২৫ টাকা হবে না, ২.০০ টাকা দিতে হবে এবং দু মাস পারব না, এক মাস মাত্র দেব। তিনি যে পার্টির মন্ত্রী হিসাবে বিধানসভায় বিবৃতি দিচ্ছেন সেই পার্টিরই নেতা সেক্রেটারি অশোক ঘোষ বললেন দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে রাজ্য জুড়ে আন্দোলন করতে হবে এবং তিনিই প্রথম বামফ্রন্টের মধ্যে রাজ্য জুড়ে আন্দোলন করার কথা বললেন। আমি জানি না (ফরোয়ার্ড ব্লক) তারা কি আন্দোলন করবেন, এটা মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় হয়ত জানেন। বাংলাদেশে লোক সংখ্যা ১০ কোটির উপর হয়েছে এবং লোক সংখ্যা বেড়ে গেছে। প্রত্যেকদিন লক্ষ লক্ষ মানুষ এপারে কাজ করতে আসছে এবং সন্ধ্যাবেলায় বাড়ি ফেরার সময় চাল নিয়ে চলে যাচ্ছে। তারফলে কালোবাজারি, চোরাবাজারি, মুনাফাখোরের সংখ্যা ভীষণ ভাবে বেড়ে গেছে। খাদ্যমন্ত্রীর ক্ষমতা নেই যে, এই সমস্ত কালোবাজারি, মুনাফাখোর, চোরাবাজারিদের বিরুদ্ধে হোডারস, প্রফিটিয়ারস, ব্ল্যাকমার্কেটিয়ারদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন। তিনি এখানে তথ্য দিয়ে বলুন, তার ১০ বছর খাদ্যমন্ত্রী থাকাকালিন ক'জন প্রফিটিয়ারস, ব্ল্যাকমার্কেটিয়ারস, হোডারসকে ধরেছেন। সর্বদিক থেকে তিনি আজকে খাদ্য দপ্তরকে ডুবিয়ে ছেড়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডিলাররা ধর্মঘট করেছিল বলে পশ্চিমবঙ্গের ৬ কোটি মানুষ রেশনে মাল পেল না। তারফলে কি অবস্থা সৃষ্টি হয়েছিল সেটা আপনারা সকলেই জানেন। ডিলার আর মন্ত্রীর তর্কাতর্কিতে ২ মাস কেটে গেল। পশ্চিমবঙ্গে রেপসিড পাওয়া গেলে সরষের তেলের

দাম এত উঠতো না। উনি পাম অয়েল দেবেন বললেন। তাও পাওয়া গেল না। দুর্গাপুজো এসে গেছে। অথচ প্রতিটি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আকাশ ছোঁয়া।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

**ডাঃ ওমর আলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আমরা আন্দোলন করছি এবং মোর্চা সরকার যাতে থাকে সেইজন্য এই সরকার তাকে সমর্থন করছে। এটা কিন্তু কংগ্রেসি বন্ধুরা বুঝতে পারছেন না। আমরা মনেকরি এই সরকারের পতন ঘটা উচিত নয় আর সেই পতন ঘটার মানেই হচ্ছে আবার স্বৈরতন্ত্রী কংগ্রেস সরকারের পুনরাগমন ঘটা, সাম্প্রদায়িক শক্তি আবার মাথা চাড়া দিয়ে ওঠা। তাই আমরা মনেকরি এই সরকার অনেক গণতান্ত্রিক সরকার এবং এই সরকারের স্বৈরতান্ত্রিক চরিত্র নেই, এর কিছু দাবি করা যায়। আমরা বিশ্বাস করি সেইরকম গণআন্দোলন গড়ে তুললে নীতির কিছু পরিবর্তন ঘটানো যায়। তবে এটা ঠিক যে, এই সরকারের আমলে লাগামছাড়া কিছু মূল্য বৃদ্ধি ঘটেছে। এই সরকার মূল্য বৃদ্ধির জন্য পুরোপুরি দায়ী নয়। ঘাটতি বাজেট আছে, বৈদেশিক ঋণ ছিল এক লক্ষ কোটি টাকার। কাছাকাছি এটা রাজীব সরকার এই সরকারের ঘাড়ে চাপিয়ে রেখে গিয়েছিলেন। এখন সেটা আরও বেড়ে গেছে। পৌনে দু লক্ষ কোটি টাকার কাছে চলে গেছে। তারা বেহিসাবি খরচ চালিয়ে গেছেন। তিনি ভুল দিকে অর্থনীতিকে চালিয়ে গেছেন। তারই অনিবার্য কারণে এই মূল্যবৃদ্ধি ঘটেছে। আমরা আশা করেছিলাম রাষ্ট্রীয় মোর্চার সরকার রাজনৈতিক পদক্ষেপ নিলে'ও অর্থনৈতিক ক্ষেত্রে নতুন পদক্ষেপ নেবেন। নির্বাচনি প্রতিশ্রুতি তারা রক্ষা করবেন কিন্তু খুবই দুঃখের বিষয় সেই প্রতিশ্রুতি তারা রক্ষা করতে পারেন নি। আমরা এটাও আশা করেছিলাম যে কর নীতির মধ্যে তারা একটা পরিবর্তন আনবেন—পরোক্ষ করের অনুপাতটা কমাবেন এবং প্রত্যক্ষ করের অনুপাতটা বাড়াবেন এবং প্রকৃত ধনীদের কাছ থেকে টাকা সংগ্রহ করে সরকারের ব্যয় নির্বাহ করবেন, ঘাটতি পূরণ করার চেষ্টা করবেন কিন্তু সেটাও তারা করতে পারেন নি। আমরা এটাও চেয়েছিলাম যে, মজুতদারি যেহেতু মূল্যবৃদ্ধির একটি কারণ সেইহেতু মজুত উদ্ধার করার জন্য একটি কার্যকর পদক্ষেপ তারা গ্রহণ করবেন। অন্ততপক্ষে একচেটিয়া পুঁজিপতিদের ব্যাঙ্ক ঋণ দেওয়াটা তারা বন্ধ করবেন। কারণ এই একচেটিয়া পুঁজিপতি, মজুতদার, ব্যবসায়ীরা জনগণের সঞ্চিত টাকা নিয়ে মজুত করে এবং তারফলে মূল্যবৃদ্ধি ঘটে। কিন্তু রাষ্ট্রীয় মোর্চা সরকার সে পদক্ষেপও গ্রহণ করেন নি। রাষ্ট্রীয় মোর্চা সরকার তাদের নির্বাচনি ইস্তাহারে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সরকারি বন্টন ব্যবস্থাকে দৃঢ় এবং প্রসারিত করার মধ্যে দিয়ে মূল্যবৃদ্ধিকে মোকাবিলা করা হবে। স্যার, তৃতীয় দুনিয়ার এই সমস্ত দেশ যেখানে অর্ধেকেরও বেশি লোক দারিদ্র সীমার নিচে বাস করে সেখানে সরকারি বন্টন ব্যবস্থাই মূল্যবৃদ্ধিকে মোকাবিলা করার একমাত্র রাস্তা বলে আমরা মনেকরি যদিও আমরা জানি যে এই ব্যবস্থাকে চালু করতে গেলে ভরতুকি দেবার প্রয়োজন আছে। কিন্তু এই ভরতুকির বিরুদ্ধে একটা জনমত গড়ে তোলার চেষ্টা চলছে। আলুওয়ালিয়ার মতোন অর্থনীতিবিদ, যারা আই.এম.এফ এবং বিশ্বব্যাঙ্ক মদত দিতে চায়, আবিদ হোসেন-এর মতোন অর্থনীতিবিদ, যিনি মুক্ত বানিজ্যনিতির প্রবর্তক বা সমর্থক তারা নানাভাবে চেষ্টা করে যাচ্ছেন যাতে ভরতুকি দেওয়া বন্ধ করা যায় অথচ আমরা দেখছি প্রায় প্রতি বছর বেসরকারি শিল্প এবং বানিজ্যকে

২।। হাজার কোটি টাকা অনুদান দেওয়া হচ্ছে যা ভরতুকির সামিল। ১০০ কোটি টাকা ঋণ দিচ্ছে ব্যাঙ্ক। এটা যদি চলে তাহলে ভরতুকি দেওয়ার ব্যাপার কিছু আছে বলে আমি মনে করি না। তবে আমাদের রাজ্য সরকারেরও একদম কিছু করার নেই তা কিন্তু নয়, রাজ্য সরকারেরও করণীয় আছে। রেশনে যে জিনিসপত্র আমরা পাই তা আমরা কম পাই কিন্তু তা যাতে সুষ্ঠুভাবে বন্টন করা হয় এবং তা যাতে কালোবাজারি এবং মস্তানদের দখলে চলে না যায় সে ব্যাপারে রাজ্য সরকারের অবশ্যই দায়িত্ব আছে। কিন্তু খুবই দুঃখের বিষয় এ ব্যাপারে জনসাধারণের অভিজ্ঞতা খুব আশাব্যঞ্জন নয়। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও এমন পদক্ষেপ গ্রহণ করা দরকার যাতে জনসাধারণের দুঃখ-কষ্ট খানিকটা লাঘব হতে পারে। শুধু চেষ্টা করছি বললেই হবে না।

(এই সময় মাইক বন্ধ হইয়া যায়।)

[2-20 — 2-30 P.M.]

**শ্রী সুহৃদ বসুমল্লিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫-এ অপূর্ব্ববাবু যে মোশন এনেছেন তাকে সমর্থন জানিয়ে এবং ননীবাবুর প্রস্তাবের শেষ অংশকে সমর্থন করে দ্রব্যমূল্যস্তরের বৃদ্ধির বিরুদ্ধে কিছু বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন, ভারতবর্ষে মোট দ্রব্য সামগ্রির যোগান সরকারের দিক থেকে দেওয়া হয়ে থাকে বিভিন্ন ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে এবং অপর দিকে বেসরকারি দিক থেকেও ভারতবর্ষে দ্রব্য সামগ্রির যোগান দেওয়া হয়ে থাকে। স্যার, আমরা লক্ষ করেছি যে বিগত ৮ মাস ধরে কেন্দ্রীয় সরকারের দিক থেকে দ্রব্যমূল্য স্তর বৃদ্ধি রোধ করার জন্য প্রশাসনিক কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। প্রধানমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং বার বার ঘোষণা করেছেন যে আমরা দ্রব্যমূল্যস্তরের বৃদ্ধি রোধ করবো। তিনি বলেছিলেন, সরকারের তরফ থেকে দ্রব্যমূল্যের দাম বেঁধে দেওয়া হবে। স্যার, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার রয়েছেন। আজকে এই এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট ভারতবর্ষে প্রহসনে পরিণত হয়েছে। এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্টের মাধ্যমে ক্ষমতা প্রয়োগ করে অসাধু ব্যবসায়ী এবং মজুতদারদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণ করা যায়, একটা জায়গায় বেঁধে দেওয়া যায়। সে ব্যাপারে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের তরফ থেকে কোনও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। আজকে ভারতবর্ষে এই আইনের কোনও মূল্য নেই। মজুতদার, কালোবাজারিরা জানে যে সরকারের কোনও হিম্মত নেই তাদের স্পর্শ করার। যা খুশি দাম তারা বাড়াচ্ছেন এবং জিনিসপত্রের দাম হু হু করে বেড়ে চলেছে। ভোজ্যতেল সারা ভারতবর্ষে আগে আমদানি করা হত। সম্প্রতিকালে আমদানি করা বন্ধ হয়ে গেছে। আগে স্টেট ট্রেডিং কর্পোরেশন এই ভোজ্যতেল আমদানির ব্যাপারে কন্ট্রোল করতো। এখন ন্যাশানাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড এটা নিয়ন্ত্রণ করছে। ডাঃ ভার্গিস কুরিয়ান, যিনি এই ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান, তার কাছে বার বার সরকারের তরফ থেকে চাপ সৃষ্টি করা হয়েছে যে ভোজ্যতেলের স্টক পজিশন জানান কিন্তু এটা কখনও জানানো হয়নি। ক্যাবিনেট মিটিংয়ে আলোচনা হয়েছে যে ভোজ্যতেলের ভান্ডারে কি আছে। সরকারি মজুত ভান্ডারের সেই গোপন খবর ফাঁস হয়ে যায় যে প্রায় ৭০ হাজার মেট্রিক টন ভোজ্যতেল রয়েছে। এটা যখন ব্যবসায়ীরা জানতে পারে তখন হুহু করে একদিনে ভোজ্যতেল, সরষের তেল ২৬ টাকা থেকে ২৮ টাকা বেড়ে

গেছে। আজকে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত স্টক আছে, ভান্ডারে যে সমস্ত স্টক আছে, ভান্ডারে যে সমস্ত ভোজ্যতেল, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি আছে সেগুলি নিয়ন্ত্রণ করে ফুড কর্পোরেশন, স্টেট ট্রেডিং কর্পোরেশন এবং ন্যাশানাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডও নিয়ন্ত্রণ করে। আজকে সমস্ত কিছু লিক আউট হয়ে গেছে এই সমস্ত বেসরকারি ব্যবসায়ীদের কাছে। তারা জানে যে বর্তমান কেন্দ্রীয় সরকার একটা দেউলিয়া সরকার। এখনকার কেন্দ্রীয় ভোজ্যতেল মন্ত্রী বলেছেন যে আমাদের বৈদেশিক মুদ্রার সঙ্কট রয়েছে, আমরা আমদানি বন্ধ করেছি। অতএব ভোজ্যতেলের উৎপাদন, চিনির উৎপাদন-এর পরিমাণ তারা মোটামুটি জেনে গেছে। তারা জানে যতদিন এই সরকার থাকবে জিনিস পত্রের দাম হুহু করে বাড়ালেও এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্টে আমাদের কাউকে গ্রেপ্তার করবে না। প্রশাসন দাম বেধে দেয় এবং সেটাকে কার্যকরি করার জন্য এনফোর্সমেন্ট ব্রাঞ্চ যেটা আছে, সেই এনফোর্সমেন্ট ব্রাঞ্চ দেখে যে স্থিরীকৃত মূল্যস্তর বৃদ্ধি পাচ্ছে কিনা। সরকার যে দাম বেধে দিয়েছে সেই দামে সাধারণ মানুষ পাচ্ছে কিনা। কালোবাজারি, ব্যবসায়ীদের গ্রেপ্তার করা এগুলি দেশের প্রচলিত আইনে আছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, কেন্দ্রীয় সরকার বলুন, রাজ্য সরকার বলুন, এই ধরনের কোনও প্রশাসনিক ব্যবস্থা বর্তমানে নেই। দেবিলাল, অরুন নেহেরু আরিফ খান, বিশ্বনাথ এরা পরস্পর পরস্পরের মধ্যে ঝগড়া করছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের কালোবাজারিদের ধরার জন্য এখানে কোনও প্রশাসনিক ক্ষমতা নেই, কাউকে আটক করা হচ্ছে না। সেজন্য এখানে জিনিস পত্রের দাম বেড়ে যাচ্ছে।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী বিমলানন্দ মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ননী কর এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব এনেছেন, যার মূল কথা হচ্ছে ১৪টি নিত্য প্রয়োজনীয় দ্রব্য ন্যায্য দামে সরবরাহ করা, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। মূল্যনীতির দুটো দিক থেকে বিচার হয়। যাদের দৃষ্টিভঙ্গী শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত অধিকাংশ মানুষের স্বার্থ রক্ষা করা, তাদের দিকে চেয়ে একান্ত প্রয়োজনীয় দ্রব্যগুলি যাতে সঠিকভাবে তাদের ক্রয়-ক্ষমতা অনুযায়ী সরবরাহ করা হয় তারজন্য কর্মসূচী বা নীতি নির্ধারিত করা। আর যারা ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করতে চান তারা বড় ব্যবসায়ী, মিলমালিক, কলকারখানার মালিক, কন্ট্রাক্টর তাদের স্বার্থের দিকে তাকিয়ে তাদের মুনাফা বাড়াবার দিকে লক্ষ রেখে নীতি নির্ধারণ করেন। এখানে মূল বেসিক পলিসিতে যেটা বলা হয়েছে, এটাই যুক্তফ্রন্টের, বামফ্রন্টের সমবায় আন্দোলনের দীর্ঘদিনের নীতি যে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত জনসাধারণের জন্য ন্যায্য দামে কয়েকটি জিনিস সরবরাহ করা। কিয়োদাই সাহেব যখন খাদ্যমন্ত্রী ছিলেন তখন রেশন ব্যবস্থা উঠিয়ে দিতে চেয়েছিলেন। আমরা সেটাকে রক্ষা করেছি এবং শুধু রক্ষা করিনি, তাকে বিস্তৃত করেছি এবং আমরা চেষ্টা করেছি যাতে বিভিন্ন সামগ্রি এর মাধ্যমে দেওয়া যায় এবং এই নীতিটা সারা ভারতবর্ষে যাতে প্রয়োগ করতে পারে কেন্দ্রীয় সরকার। এই পরিকাঠামো যেটা পশ্চিমবাংলায় আছে তা অন্য কোনও রাজ্যে নেই, শুধু মাত্র কেরলে কিছু আছে। সুতরাং এখানে যেটা বক্তব্য, কেন্দ্রীয় সরকার সম্পর্কে যে কথা বলেছেন, হ্যাঁ, একজন বলেছেন বিরোধী পক্ষের, আপনারা কেন্দ্রীয় সরকারের প্রতি সমর্থন প্রত্যাহার করে নিন। আমরা কংগ্রেসকে কেন্দ্রে থাকতে দিইনি, তেমনি বর্তমানে যে সরকার আছে,

সেই সরকার যদি নিরন্তর জনবিরোধী কার্যকলাপ চালিয়ে যায়, তাদের প্রতিশ্রুতি অনুযায়ী যদি তারা কাজ না করে তাহলে তাদের বিরুদ্ধেও নিশ্চয়ই আমাদের যেতে হবে। কিন্তু কংগ্রেস বন্ধুরা এটা ভাববেন না, কোনদিন আমরা কংগ্রেসের পক্ষে যাবো। নুতন পথে বামপন্থীরা তাদের পক্ষে যাবে, জনগণের পথে চলবে। এখন এটা ঘটছে যে আমাদের একটা নীতি নেওয়া হয়েছে কংগ্রেস বড়লোকের দল, যারা আছেন বর্তমানে, তারা বড় লোকের দল। এখন তারা কাজ করছেনটা কি? তারা খরচটা বাড়াচ্ছেন, মুনাফার স্বার্থ দেখে যারা, তাদের দিকে যাচ্ছেন। তা নাহলে খরচ কমানোর কথাটা তারা ভাবতেন। যে বিদেশ ভ্রমনের মধ্যে দিয়ে, মন্ত্রী থেকে আরম্ভ করে অনেক টাকা, কোটি কোটি টাকা খরচ করে রাজীব গান্ধী বাইরে গেছেন, কোটি কোটি টাকা খরচ হয়েছে, এইরকম অনেক অপচয় হয়, সেই অপচয়গুলো বন্ধ করা দরকার এবং যেটুকু ভর্তুকি দিতে হয়, ভর্তুকি বেশি দেওয়া যায় না, কিন্তু জনসাধারণের জন্য ভর্তুকিটা দিতে হয়। খরচ কমানোর যে নীতি, সেই খরচটা কমানোর যে ন্যায্য পথ, সেই নীতি গ্রহণ করা হচ্ছে না, কত অপচয় হচ্ছে ধরুন আমাদের পক্ষের একজন মাননীয় সদস্য বললেন যে চাষিরা কি করে সস্তা দামে জিনিস দেবেন? দেওয়া মুস্কিল, কিন্তু চাষি মানে ধনি চাষি বা কুলাক যাদের বলা হয়, তারা নয়। সংগ্রহ মূল্যটা কৃষিজাত পণ্যের যদি ধনিদের হাত থেকে কেনা হয়, ধনি চাষির হাত থেকে, তাদের স্বার্থ দেখে মূল নীতিটা গ্রহণ করা হয়। সাধারণ গরিব চাষির কাছ থেকে এইগুলো কেনার ব্যবস্থা করতে হবে, অর্থাৎ একটা পরিকাঠামো সেই অনুযায়ী তৈরি করতে হবে। সেটা না হলে আমরা যে পথে যেতে বলছি জনসাধারণের, সাধারণ মানুষের জন্য ন্যায্য নীতি, ন্যায্য দামে জিনিস সরবরাহ করা, সেই জায়গায় যাওয়া যাবে না। যে নিত্য প্রয়োজনীয় সামগ্রি ১০টা হোক, ১৪টা হোক, যতটা সম্ভব মানুষকে দিতে হবে এবং খরচটা কমাতে হবে, যেগুলো অপচয় হচ্ছে বিদেশে গিয়ে বা এখানে দেশের ভেতর যে অপচয়গুলো হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশনে বহু টাকা খরচ হচ্ছে, সেইগুলোকে কমাতে হবে। ১০ পার্সেন্ট ২০ পার্সেন্ট সেইগুলোকে কমাতে হবে। অ্যাডমিনিস্ট্রেশনে খরচ কমাতে হবে। এই রাস্তাতে গেলে তবে আমরা সেই জায়গায় খানিকটা অগ্রসর হতে পারবো। ডেস্ট্রাকটিভ চিন্তা নিয়ে যদি বলেন তাহলে কিছু করা যাবেনা। ভাংচুর হবে। কংগ্রেসকে মানুষ পছন্দ করছে না, আমরা এই কথা বলি না যে মানুষের কোনও অসন্তোষ নেই, অসন্তোষ প্রচন্ডভাবে আছে। মূল্য বৃদ্ধির ফলে সবচেয়ে নাজেহাল হচ্ছে মানুষ এই কথা আজকে কেউ অস্বীকার করতে পারবেন না। সাধারণ মানুষ ভয়ঙ্কর বিক্ষুব্ধ হয়েছে, সেদিকে তাকিয়ে সকলকে সচেতন হতে হবে। তাদের প্রত্যেকের কর্মসূচিকে পরিবর্তন করতে হবে জনসাধারণের দিকে তাকিয়ে এবং আচার আচরণেরও বদল আনতে হবে। এইকথা বলে ননী কর মহাশয় যে প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**श्री देवकीनन्दन पोद्दार** : मिस्टर स्पीकर सर, माननीय सदस्य अपूर्वलाल मजुमदार ने जो प्रस्ताब सदन में लाया हैं, अस प्रस्ताब के समर्थन में मैं आपके माध्यम से कुछ बाते हाउस में रखना चाहता हूँ। प्रश्न ये है कि द्रव्य मूल्य की वृद्धि विगत आट महीने से होती जा रही हैं। उसका मूल कारण क्या-क्या है, उसपर हमारे सरकारी पक्ष के बन्धु आलोचना करके वेराज नीति से प्रेरित होकर अपना वक्तव्य रख रहे हैं। अगर

उत्पादन सुचारुरुप से उत्पन्न नदोने। मूल्य वृद्धि होना स्वाभाविक होगा। उत्पादन सुचारु रुप से हो यह देखना राज्य सरकार का काम है। अगर इसके लिए राज्य सरकार जब खुद विद्युत उत्पादन नहीं कर सकती तो उद्योग को–व्यबसाय को विद्युत कैसे दे सकती हैं? सरकार उत्पादन के बैगर विद्युत दे नहीं सकती हैं, तो उत्पादक उत्पादन कैसे करेगा? जब उत्पादक उत्पादन नहीं करेगा तो उत्पादित बस्तुओं के कास्ट में बृद्धि होना स्वाभाबिक है। और फिर द्रब्य मूल्य का बदनामी आबश्यक हैं ?

राज्य सरकार की बन्धु सरकार केन्द्र में हैं। रेल फ्रेट-पिट्रोल और डीजल के दामों में बृद्धि हुई हैं। यातायात द्वारा खाद्य इस राज्य से दूसरे राज्यों में ले जाने पर उसके मूल्य में बृद्धि हुई हैं। दुसरे राज्यों से इस राज्य में यातायात द्वारा खाद्य आता हैं अतएव मूल्य में बृद्धि होगी ही। आप लोग देखेंगे कि बिगत साल की उपेक्षा इस साल तेल के दाम में आट रुपया कि०ग्रा की बृद्धि हुई हैं। खाद्य तेल दुसरे प्रदेशों से हमारे प्रदेश में आता हैं। रेलभाड़ा और पिट्रोल के दाम में बृद्धि होनेकी बजह से जो खाद्य तेल दूसरे राज्यों से हमारे राज्य में आता हैं, उसके दाम में बृद्धि हो रही हैं।

बिगत १२-१३ साल में राज्य सरकार के मार्क्सवादी कम्युनिस्ट पार्टी मूल्य बृद्धि को लेकर केन्द्रीय सरकार-कांग्रेस सरकार को उलाहना देती रही, उसकी भर्त्सना करती रही हैं। लेकिन अबतो केन्द्र में बन्धु सरकार हैं, उसकी आलोचना आपलोग कैसे करें गे उसकी आलोचना अण्य लोग क्यों नहीं करते हैं? बन्धु सरकार जो केन्द्र में हैं, उसकी खिलाफत मार्क्सवादी क्यों नहीं करते हैं? अबतो सब वस्तुओं का दाम बढ़ता ही जा रहा हैं। इसके जनसाधारण क्या अनुभव नहीं कर रहा हैं क्या जनसाधारण इसके नहीं देख रहा हैं? मगर राज्य सरकार ने डीजल-पिट्रोल के मूल्य में बृद्धि का सहारा लेकर चालिस प्रतिशत–एक सौ प्रतिशत बस भाढ़ा में बृद्धि की हैं। यह कौन से गड़ित में पढ़ाया गया हैं? अगर दश पैसा भाड़ा बढ़ाया जाता तो एक बस को एक बर्ष में ५४-५५ हजार रुपये का लाभ हो सकता था।

यह सरकार तो असाधु सरकार हैं। इसके मुख्यमंत्री की असाधु हैं क्यों कि इन्होंने आहूजा का आतिथ्य ग्रहण करके पश्चिम की जतता का रीढ़ तोड़ा हैं। सरकारी पक्ष के एक बन्धु ने अभी अपने बक्तव्य में उल्लेख किया हैं कि हमलोग राजीब सरकार पुनः केन्द्र में नहीं आने देंगें। केन्द्र में बन्धु-सरकार–भी०पी० की सरकार कायम हुई हैं। धिक्कार हैं आप लोगों को, इस सरकार को और मार्क्सबादी कम्युनिस्ट पार्टी को।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী ননী কর এবং অন্যান্য মাননীয় সদস্যগণ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করে

যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে অর্থনীতি এবং অন্যান্য প্রশ্ন জড়িত থাকে। সামগ্রিকভাবে অর্থনৈতিক প্রেক্ষাপটকে বিচার না করে, তার সংশোধন করার চেষ্টা না করে যদি কেবলমাত্র বিচ্ছিন্নভাবে দ্রব্য-মূল্য বৃদ্ধিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করার কথা ভাবা যায় তাহলে ভুল পথে যাওয়া হবে। এটা স্মরণ রাখা যেতে পারে একটা গণতান্ত্রিক শাসনব্যবস্থার মধ্যে একটা সরকার নির্বাচনের মধ্যে দিয়ে পরিবর্তন হয়। যখন পরবর্তী সরকার বা নতুন সরকার প্রতিষ্ঠিত হয় তখন বিগত সরকারের আমলে যেসব ভ্রান্ত নীতি, ভুল নীতির ফলে যেসব সঙ্কট সৃষ্টি হয়, যে সমস্ত সামাজিক, অর্থনৈতিক প্রতিক্রিয়া দেখা দেয়, সেই সমস্ত সামাজিক, অর্থনৈতিক প্রতিক্রিয়া নতুন সরকারকে বহন করতে হয়। একথা ঠিক যে কেন্দ্রের জাতীয় মোর্চা সরকার-এর নির্বাচন অন্যতম প্রতিশ্রুতি ছিল যে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার চেষ্টা করবেন। কিন্তু ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়ে বিগত কংগ্রেস সরকারের আমলের ভুল অর্থনৈতিক নীতির ফলে যে পরিস্থিতির সম্মুখীন হলেন তাতে দেখা গেল কেন্দ্রের কোষাগারে বিপুল পরিমান ঘাটতি তারা সৃষ্টি করে গেছেন। বিরাট বৈদেশিক ঋণের বোঝা দেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। সেই সাথে বিরাট আভ্যন্তরীণ ঋণ সংগ্রহ করার ফলে সমগ্র দেশকে অর্থনৈতিক সঙ্কটের মুখে ফেলে দেওয়া হয়েছে। এইসব কিছুর প্রতিক্রিয়ার যে প্রভাব সেই প্রভাব আমাদের অর্থনীতিতে পড়তে বাধ্য। এইরকম একটা অর্থনৈতিক পরিস্থিতিকে সামাল দেওয়ার জন্য সাধারণত সরকার যে পদ্ধতিগুলি গ্রহণ করে থাকেন তাহলো রাজস্ব সংগ্রহ করার জন্য রেলের উপর মাসুল বৃদ্ধি করা পেট্রোল, ডিজেলের দাম বাড়ানো, অন্যান্য জিনিসের উপর প্রত্যক্ষ কর আরোপ করা হয়। এইসব কিছুর প্রভাবের ফলে জিনিসপত্রের দাম লাফাতে-লাফাতে বাড়তে শুরু করেছে। উন্নয়নশীল দেশগুলিতে দ্রব্য-মূল্য বৃদ্ধি স্বাভাবিক ঘটনা, কিন্তু আমাদের দেশে যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটতে শুরু করেছে তাতে আমি মনে করি যে শুধু অর্থনৈতিক দিকটা দেখলেই সমস্যার সমাধান সম্ভব নয়, প্রশাসনিক দিক থেকেও অনেক ব্যবস্থা গ্রহণ করা দরকার দ্রব্যমূল্যবৃদ্ধিকে নিয়ন্ত্রণ করার জন্য। আপনারা সকলেই জানেন, কেন্দ্রীয় রেলমন্ত্রী জর্জ ফারনানডেজ কিছুদিন আগে মন্তব্য করেছেন প্রতি বছর লোকসান এবং অপচয়ের মাধ্যমে রেলের ২ হাজার কোটি টাকা কম রোজগার হচ্ছে। অথচ রেল প্রশাসনকে যদি সঠিকভাবে পরিচালনা করা সম্ভবপর হত এই ২ হাজার কোটি টাকার ক্ষতি রদ করা সম্ভব হত এবং এরফলে অপচয় বন্ধ হত। রেল ভাড়া এবং মাসুল বৃদ্ধির মাধ্যমে যে ৩০০। ৪০০ কোটি টাকা আদায়ের ব্যবস্থা করা হয়েছে তার প্রয়োজন হত না এবং এই জনিত দ্রব্য-মূল্য বৃদ্ধি রদ করা সম্ভব হত। এরফলে, প্রত্যক্ষ করের মাধ্যমে জনগণের কাছ থেকে অর্থ সংগ্রহ করার প্রশ্ন আসতো না। দ্রব্যমূল্য বৃদ্ধি যেভাবে বেড়েছে তা নিয়ন্ত্রণ করা সম্ভবপর হত। রেলের এই প্রসঙ্গটা একটা উদাহরণ হিসাবে আমি উল্লেখ করলাম। এইরকম একইভাবে সরকারের সমস্তরকম সংগঠন, সংস্থার যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে, প্রশাসনিক দুর্নীতি আছে, অধিক ব্যয় করার প্রবনতা আছে, সেগুলিকে যদি নিয়ন্ত্রণ করতে পারা যায় তাহলে দ্রব্যমূল্য বৃদ্ধি এই পরিস্থিতিতে নামিয়ে আনা সম্ভব হবে-এ বিষয়ে কোনও সন্দেহ নেই। তাই যে প্রস্তাব এখানে এসেছে আমি আপনার মাধ্যমে তাকে সমর্থন করছি এবং গণবন্টন যাতে জোরদার হয় এবং ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস ন্যায্য মূল্যে সরবরাহ করা

হয় তারজন্য বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের মাননীয় সদস্য শ্রী অপূর্বলাল মজুমদার মহাশয় যে ১৮৫-র মোশনটা এনেছেন তাকে সমর্থন করছি এবং শ্রী ননী কর মহাশয় ১৮৫ ধারায় মোশনটা এনেছেন আমি তার প্রথম প্যারাগ্রাফের বিরোধিতা করছি এবং আমি সেটার একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি ওটা বাদ দিয়ে গ্রহণ করার জন্য অনুরোধ করব। আমি প্রথমে প্রশ্ন করি যে, যারা বামফ্রন্টের তরফ থেকে কয়েকটি নিত্য প্রয়োজনীয় জিনিসের জন্য যে ১৮৫ ধারার মোশন এনেছেন তাদের সেটা আনার অধিকার আছে কিনা? তাদের কোনও নৈতিক অধিকার নেই, কারণ পার্লামেন্টে ৫২ জন এম.পি. যখন বসে সেখানকার বাজেট পাশ করার জন্য সাহায্য করেছেন এবং তারপর যেখানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতিবাবু পত্রাঘাত করে নামমাত্র এম.এল.এ.দের একটা প্রতিনিধি পাঠিয়ে দায় সারার জন্য যাতে পশ্চিমবঙ্গে থাকতে পারে তারজন্য চেষ্টা করেছেন তারজন্য নীতিগতভাবে যে রেজলিউসন এনেছেন তার বিরোধিতা করা ছাড়া আর কোন গত্যন্তর নেই। আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দিল্লি গেলেন, মাননীয় বিশ্বনাথ প্রতাপ সিংয়ের সঙ্গে রাত্রে ডিনার করবেন, প্রতি সপ্তাহে বি.জে.পি. এবং সি.পি.এম একসঙ্গে ডিনার করেন, এটা বিশ্বনাথ প্রতাপ সিংহ মহাশয়ের একটা কাজ, এবং সরকারে না থাকলেও কেন্দ্রীয় সরকারের দৈনন্দিন রাজ্য চালনার কাজে দিন রাত্রি যার পরামর্শ দরকার সেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয় আজকে ১৮৫ ধারা মোশন এনে প্রমাণ করতে চেয়েছেন যে, তিনি পশ্চিমবঙ্গের লোকের সাথে বিশ্বাসঘাতকতা করেন নি। কেন, পরিষ্কার করে বলতে পারছেন না যে, ৭ দিনের মধ্যে ব্যবস্থা না হলে মাননীয় বিশ্বনাথ প্রতাপ সিংয়ের উপর থেকে আমরা সমর্থন তুলে নেব। না, বিশ্বনাথ প্রতাপ সিংকে চটানো যাবে না, তার সমস্ত সুযোগ সুবিধা নিতে হবে এবং বিধানসভায় রেজলিউসন আনতে হবে। আজকে কারা বলছে? গণতান্ত্রিক আন্দোলন হচ্ছে, মমতা ব্যানার্জি শুধু কংগ্রেস কর্মী নয়, যখন সারা পশ্চিমবঙ্গ ঝাঁপিয়ে পড়েছিল বিদ্যুৎ ঘাটতি এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে মানুষের সেই গণতান্ত্রিক আন্দোলনকে খর্ব করার জন্য যে সমস্ত রাজনৈতিক দল নিজেদের ক্যাডার দিয়ে, পুলিশ বাহিনী দিয়ে গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করার জন্য চেষ্টা করেছিল, আজকে বিধানসভায় ১৮৫ ধারার মোশন এনে পশ্চিমবঙ্গের মানুষের প্রতি বিশ্বাসঘাতকতা করার কোনও অধিকার নেই। আজকে পশ্চিমবঙ্গে বিশ্বাসঘাতক হিসাবে ওরা চিহ্নিত হয়ে থাকবেন। কংগ্রেস রাস্তায় আন্দোলন করছে, সেই আন্দোলনে তাদের সাহায্য করা তো দূরের কথা, তাকে ধ্বংস এবং প্রতিহত করার চেষ্টা করেছেন। আপনাকে সভাপতি করে এরমধ্যে পার্টি থাকবে না সমস্ত দলের এম.এল.এ. নিয়ে আমরা মাননীয় বিশ্বনাথ প্রতাপ সিংয়ের কাছে যাব, জানব কেন পেট্রোল, ডিজেলের দাম বাড়ল? কেন মজুতদার, মুনাফাখোরদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবেনা? নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। কংগ্রেস তার বিরুদ্ধে আন্দোলন করছে। পশ্চিমবঙ্গের মানুষ এই গণ আন্দোলনে অংশ গ্রহণ করছেন। আজকে গ্রামে-গঞ্জে এই আন্দোলন ছড়িয়ে পড়েছে। সি.পি.এম. আজকে মানুষজনের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে।

আমরা তাদের আরও বিচ্ছিন্ন করে দেব এবং বিধানসভার মধ্যেই তাদের সীমিত করে রেখে দেব। এটা লজ্জার কথা, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বলেছে, আমার চেয়ার কেউ কেড়ে নিতে পারবে না।' চেয়ার আমরা কাড়বো না, মানুষই তা কেড়ে নেবে। সেদিন রাইটার্স এর সামনে দাঁড়িয়ে কাঁদবেন এবং ভাববেন, 'মানুষ আমার চেয়ার কেড়ে নিলো!' আজকে সর্ষের তেলের দাম বেড়েছে, অন্যদিকে খাদ্যমন্ত্রী মহাশয় প্রভুদয়াল গুপ্ত, যিনি ভূষি কেলেঙ্কারির নায়ক, তারসঙ্গে চুক্তি করে তার ১৬ জনকে তেলের হোলসেল এজেন্সি দিয়েছেন। তিনি ১৬ লক্ষ ৮০ হাজার টাকার তেলের ব্যারেল কিনেছেন এবং সেটা সেইসব লোকদের দিয়েছেন। রমেন্দ্রনাথ গুপ্ত, সোল এজেন্ট - আমার কাছে চিঠির কপি আছে - ব্যারেল রিসিভ করে নিয়েছেন এডিবেল অয়েলের। রাজ্য সরকার ১৬ লক্ষ ৮০ হাজার টাকার ভোজ্য তেল কিনে এইভাবে ডিস্ট্রিবিউট করেছেন। ভূষি কেলেঙ্কারির নায়ক, আজকে তাকে এইভাবে সঙ্গে করে নিয়ে চলছেন! নিত্য প্রয়োজনীয় জিনিসের ডিস্ট্রিবিউশন আমরাও চাই, কিন্তু অত্যন্ত লজ্জার কথা, আপনারা এতদিন পর্যন্ত ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের সরবরাহ সম্পর্কে যে শ্লোগান তুলতেন সেটা আজও পূরণ করতে পারেন নি। কিন্তু আমি বলবো, কংগ্রেস পশ্চিমবাংলার মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেনি বলেই আজকে তারা আমাদের সঙ্গে যুক্ত হয়েছেন এবং আপনাদের ত্যাগ করেছেন, আপনাদের বিচ্ছিন্ন করে দিয়েছেন।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় জিনিসপত্রের দাম বাড়ার ব্যাপারে শ্রী ননী এবং অন্যান্য সাতজন যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। আজকে দুটি প্রস্তাব একসঙ্গে আলোচিত হচ্ছে। আজকে অন্তত একটা জিনিস প্রতিষ্ঠিত যে, প্রত্যেকটি দল বুঝতে পেরেছেন জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে তাতে মানুষের অসুবিধা হচ্ছে, তাদের দুঃখকষ্ট বাড়ছে। আমি প্রথমে বিরোধী কংগ্রেস দলকে অভিনন্দন জানাবো এইজন্য যে, অন্তত ৪০ বছর পরে তারা বুঝেছেন যে জিনিসপত্রের দাম বাড়লে মানুষের অসুবিধা হয়। ৪০ বছর পর কংগ্রেস দলের সেন্স এসেছে, বোধদয় হয়েছে যে, জিনিসপত্রের দাম বাড়লে অসুবিধা হয় সেজন্য তাদের অভিনন্দন জানাবো। বুঝেছেন যে, এরজন্য আন্দোলন করতে হয়, এজন্যও অভিনন্দন জানাবো। আমি সামগ্রিকভাবে যে বিষয়টা আনতে চাই সেটা হচ্ছে, জিনিসপত্রের দাম বেড়েছে এবং বাস্তব ক্ষেত্রে তারজন্য মানুষের অসুবিধা হচ্ছে এ-বিষয়ে দ্বিমত নেই। কিন্তু কোন কোন কারণে জিনিসপত্রের দাম বাড়ে? এই দাম বাড়ার সঙ্গে অ্যাডমিনিস্ট্রেটিভ ম্যানেজমেন্টের প্রশ্ন জড়িত। জিনিসপত্রের দাম কমবে কি বাড়বে এটা সরকারের দক্ষতার উপর নির্ভর করে। এক্ষেত্রে সরকার কি ধরনের অ্যাডমিনিস্ট্রেটিভ মেজার নিয়েছেন সেটা একটা ফ্যাক্টর, কিন্তু প্রধান ফ্যাক্টর সেটা নয়। কোনও দেশের অর্থনৈতিক ভিতের সামগ্রিক অবস্থার সবচেয়ে সেন্সেটিভ ইন্ডিকেটর হচ্ছে প্রাইস। অর্থনৈতিক অবস্থা খারাপ হল কি ভাল হল সেটা ধরা পড়বে জিনিসপত্রের দাম উর্দ্ধমুখি বা নিম্নমুখি হবার মধ্যে দিয়ে। সত্যরঞ্জন বাপুলি মহাশয় বলেছেন যে, ১৪ হাজার কোটি টাকা ঘাটতির হিসেব আমরা কোথা থেকে পেলাম সেটা তিনি বুঝতে পারছেন না। তার স্মৃতি হাতড়ালে তিনি জানতে পারবেন যে, রাজীব গান্ধী

যখন চলে যান তখন দেশের বাজেট ঘাটতি ছিল ১৩,৭৯০ কোটি টাকা। এটা সত্যবাবুর খেয়াল থাকা দরকার। কতগুলো কারণে জিনিসপত্রের দাম বাড়ে, যারমধ্যে রয়েছে ডেফিসিট ফিনান্স এবং তারসঙ্গে ট্যাক্স প্রপোজাল। এর উপর সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক অবস্থাটা নির্ভর করে। আমি কংগ্রেস দলের কাছ থেকে জানতে চাইবো, নতুন সরকার কত নতুন ট্যাক্স চাপিয়েছেন? পেট্রোল ডিজেলের দাম বেড়েছে, রেলের ভাড়া বেড়েছে, আমরা সমালোচনা করেছি এই কাজের জন্য, নূতন সরকার, নূতন কেন্দ্রীয় সরকার যে কাজ করছে। এবং আমাদের সুনির্দিষ্ট বক্তব্য হচ্ছে এই যে দেশের অর্থনৈতিক অবস্থা খারাপ রাজনৈতিক বক্তব্য সেখানে নয়। অধ্যাপক সুখময় চক্রবর্তী গত পরশুদিন মারা গেছেন, আমরা সবাই মর্মাহত, আমিও মর্মাহত, মর্মাহত চিত্তে তার অন্যতম শেষ কাজ ইকনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের রিপোর্ট, তার কথা আমি আপনাদের স্মরণ করিয়ে দেব। গত এক দশকে ভারতবর্ষের অর্থনীতি সম্পর্কে মন্তব্য করতে গিয়ে যে কথা সেই রিপোর্টে বলা হয়েছে আমি আমার কংগ্রেসি বন্ধুদের সেটা একটু মনে করতে বলবো। অপূর্বলালবাবু ৮ মাসের কথাটা লিখেছেন। আমি বলছি যে ৮ মাস নয় গত ১০টা বছরের হিসাবটা করুন। ১৯৮০-৮১ সালে ২০ হাজার কোটি টাকা বিদেশি ঋণ ছিল সেটা এখন ১ লক্ষ কোটিতে পৌঁচেছে। বলুন একটা দিল্লির সরকার এখন যদি ভি.পি.সিং-এর সরকারের বদলে রাজীব গান্ধীর সরকার আবার ফিরে আসে জেনে রাখুন এই রাস্তায় যাওয়া ছাড়া আর কোনও পথ নেই। কারণ গত ১০ বছরে একটা চূড়ান্ত সর্বনাশ আমরা করে দিয়ে চলে এসেছি। ১৪ হাজার টাকা ঘাটতি, বিদেশি মুদ্রার সঞ্চয় ছিল তার প্রায় শেষ এবং ১৪ হাজার কোটি টাকা শুধু সুদ দিতে চলে যায়। বাড়তি অর্থ, সম্পদ কেন্দ্রীয় সরকারকে সংগ্রহ করতে হবে। আমরা আপত্তি জানাচ্ছি সংগ্রহ করার প্রক্রিয়াকে যে পেট্রোল ডিজেলের দাম বাড়িয়ে, সাধারণ মানুষের উপর ট্যাক্স বাড়িয়ে বাড়তি সম্পদ আনা যাবে না। বলছি ইনকাম ট্যাক্স বাড়াও, আমরা বলছি কর্পোরেশন ট্যাক্স বাড়াও, বলছি ওয়েলথ ট্যাক্স বাড়াও, বলছি এলিট কনজিউমার গুডসের দাম বাড়াও, কালার টেলিভিসনের দাম বাড়াও। কালার টেলিভিসনের দাম ৫০০ টাকা বাড়ালে কালার টেলিভিসনের বিক্রির সংখ্যা কমবে না। কিন্তু চালের দাম ৫০ পয়সা বাড়ালে কয়েক লক্ষ মানুষের কাছে আসবে সেটা অনাহার, অর্ধাহারের চেহারা হিসাবে। ১০ পারসেন্ট মটোর এক্সাসাইজ ডিউটি বেড়েছে, আমরা অভিনন্দন জানাচ্ছি, সমর্থন জানাচ্ছি। আমরা বলছি স্মল সেভিং-এর ক্ষেত্রে বাড়ানো আপনার লক্ষমাত্রা। যেটা ৭১২৫ কোটি টাকা ছিল নূতন কেন্দ্রীয় সরকার সেটা ৫৫০০ কোটি টাকাতে নামিয়ে আনলেন। আমরা বলছি এই কাজ অন্যায়, আপনাদের বাড়ানো উচিত স্মল সেভিংসের টারগেট। আমরা কতকগুলি বিকল্প ব্যবস্থা এই আন্দোলনে আনছি। আমি সমস্ত কংগ্রেসি সদস্যদের বক্তব্য শুনেছি শুধু অপূর্বলালবাবুর বক্তব্য শোনা বাকি। আমি এখন পর্যন্ত আপনাদের বক্তব্য থেকে এটা জানতে পারিনি যে জিনিসপত্রের দাম বাড়ছে আমরা সবাই উৎকণ্ঠিত কিন্তু জিনিসপত্রের দাম কমবে কি করে? হোয়াট ইজ ইয়োর অলটারনেটিভ প্রপোজাল? আপনাদের অলটারনেটিভ প্রপোজাল একটা আছে আমরা এক গুচ্ছ অলটারনেটিভ প্রপোজাল দিচ্ছি এই এই কাজ করলে জিনিসপত্রের দাম কমবে। আপনাদের একটাই অলটারনেটিভ প্রপোজাল আছে যে ভি.পি.সিং-এর সরকারকে সরিয়ে রাজীব গান্ধীকে বসিয়ে দাও তাহলেই জিনিসপত্রের দাম কমবে। আপনারা দাঁড়িয়ে বুকে হাত দিয়ে একটু বলুন গত ৫ বছরে আপনাদের সরকার

কি কাজ করেছে। রেলের ভাড়া বাড়াতে আপনারা এত উৎকণ্ঠিত, সাধারণ যে মাসুল বেড়েছে গত পাঁচটা বছরে আমি আপনাদের তার হিসাব দিতে পারি। স্যার, ১৯৮৫ সালে সাড়ে ১২ পারসেন্ট বাড়লো, ১৯৮৮ সালে ৬ থেকে ১০ পারসেন্ট বাড়লো এবং ১৯৮৯ সালে ১১ পারসেন্ট রেলের মাসুল বাড়লো। তারা মনে করেন যে ঐ নীতি অনুযায়ী জিনিসপত্রের দাম কমবে। আসলে আপনাদের যে আন্দোলন সেই আন্দোলন জনগণের দুঃখ-দুর্দশার কথা ভেবে নয়, রাজীব গান্ধীর দুঃখ-দুর্দশার কথা ভেবে। যদি মানুষের অসুবিধার কথা আপনাদের মাথায় থাকতো তাহলে ৪০টা বছর আপনারা মুখে কুলুপ এঁটে বসে থাকতেন না। সুদীপবাবু এখানে বক্তৃতা দিয়ে গিয়ে বলেছেন আপনারা বন্‌ধ ডাকুন আমরা সমর্থন করবো। ২ বছর আগে আপনাদের এই বিবেক কোথায় ছিল? তখন কেরোসিনের দাম বাড়লে মানুষের অসুবিধা হত না। আমরা তখন বন্‌ধ করলে আপনারা তখন রাস্তায় নামতেন বন্ধ ব্যর্থ করার জন্য। তখন পেট্রোলের দাম বাড়লে মানুষের অসুবিধা হত না। আসল উদ্দেশ্য হচ্ছে রাজীব গান্ধীকে বসানো। আপনাদের এই আন্দোলন একটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত, আপনাদের আন্দোলনের পথে মানুষ নেই, মানুষ ক্ষুব্ধ, মানুষের ক্ষোভের প্রকাশ ঘটছে। সেইজন্য কংগ্রেসের রাস্তা রোখো আন্দোলনে ১০০ জনের বেশি লোক হচ্ছে না। কারণ মানুষ কংগ্রেসের সঙ্গে নেই। আন্দোলন করছেন বলে সমস্ত মানুষ কংগ্রেসের সঙ্গে আছে এই দিবা স্বপ্নে ভুগবেন না।

**(এ ভয়েস :— মানুষ যে আপনাদের সঙ্গে নেই সেটা অনেক আগেই বোঝা গেছে)** আজ বিকালে যাবেন তাহলে ১০ হাজার লোক জড় করে দেখিয়ে দেব, আর সামনের ইলেকশনে আপনাদের ক্যানডিডেটকে ১০ হাজার ভোটে হারাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি এইকথা বলবো যে ওদের আন্দোলনের কথা মানুষের দূর্দশার কথা ভেবে নয়, রাজীব গান্ধীকে ফিরিয়ে আনার প্রচেষ্টা ছাড়া আর কিছু নয়। এই অবস্থাকে আরও বিপর্যস্ত করে দেবার চেষ্টা চলছে। আজকে কলকাতা এবং অন্যান্য অঞ্চলে তথাকথিত ধর্মঘট ঘটানো হচ্ছে। বি.জে.পি.র সরাসরি হস্তক্ষেপে এটা হচ্ছে। এই ব্যাপারে কংগ্রেস কখনও ধর্মঘটের পক্ষে, কখনও বা দর্শক। কাজেই এই ধরনের অবস্থা সৃষ্টি করে মানুষকে দুঃখ-দূর্দশার মধ্যে টেনে নিয়ে অসহায় অবস্থার মধ্যে ফেলছে। আমি ওদের প্রস্তাবকে বিরোধিতা করি এবং ননী করের প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যাবশ্যাক পণ্যের মূল্য বৃদ্ধিতে রাজ্যের জনজীবন বিপর্যস্ত এবং এই মূল্যবৃদ্ধির মূল কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের অনুসৃত বাজেট নীতি এবং তাদের কর-নীতি। এই ক্ষেত্রে কি অতীত, কি বর্তমান কেন্দ্রীয় সরকার, উভয়ের মধ্যে কোনও পার্থক্য নিরূপন করার সুযোগ নেই। কে কম প্রগতিশীল, কে বেশি প্রতিক্রিয়াশিল; এইভাবে পার্থক্য নিরূপণ করার কোনও সুযোগ নেই। আমরা যদি বস্তুনিষ্ঠ দৃষ্টিভঙ্গি দিয়ে দেখি তাহলে দেখবো যে পার্থক্য নিরূপণ করার কোনও সুযোগ নেই। ফলে মূল্যবৃদ্ধির পক্ষে আজকে বর্তমান রাষ্ট্রীয় মোর্চা সরকারের যে ত্রুটি লঘু করে দেখাবার জন্য এই প্রস্তাবে ১৪০০০ টাকার ঘাটতি বাঁজেট, এইসব কথা বলা একটা অজুহাত মাত্র। এই এক্সকিউজ রাষ্ট্রীয় মোর্চা সরকারের পক্ষে খাড়া করার চেষ্টা হয়েছে, এইসব কথাবার্তা সত্যের একটা অপলাপ ছাড়া আর কিছুই নয়। কারণ তারা যদি জনমুখি নীতি নিয়ে

চলতেন, জনমুখি নীতি অনুসরণ করতেন তাহলে প্রত্যক্ষ কর বৃদ্ধির প্রশ্ন নিয়ে আসতেন বা অন্যান্য জনমুখি নীতি তারা নিতেন। এটা তারা করেন নি। ফলে পার্থক্য নিরূপণ করার ব্যাপার এখানে নেই। সেইজন্য আমি এখানে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি। এখানে সকলেই এই সমস্ত কথা বলছেন, অথচ আমার অ্যামেন্ডমেন্ট তারা গ্রহণ করবেন না কেন তা আমি জানি না। গোটা দেশে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি ঘটছে। এইরকম অবস্থায় সাধারণ মানুষের বিকল্প ভরসা হচ্ছে সরকারি বন্টন ব্যবস্থা তথা রেশন ব্যবস্থা, সেটা আজকে যেভাবে ভেঙে পড়েছে তা সকলেই জানেন। সেই রেশন ব্যবস্থাকে বন্টন ব্যবস্থাকে জোরদার করে করতে হবে এবং তারজন্য কেন্দ্রীয় সরকারের যা করণীয় তা তাদের কাছে দাবি করার যে কথা বলছেন সেটা সমর্থনযোগ্য। এরই সাথে সাথে এই ক্ষেত্রে রাজ্য সরকারের যে ত্রুটি-বিচ্যুতি রয়েছে, সেদিকে নজর দিতে হবে। কেন্দ্রীয় সরকার যেটুকু দিচ্ছেন তা সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে সুষ্ঠুভাবে বিলি বন্টন হচ্ছে কিনা- ননীবাবু আজকে হয়ত স্বীকার করবেন না, কিন্তু মুখ্যমন্ত্রী কিছুদিন আগে বিদেশ থেকে ঘুরে এসে বলেছিলেন, রেশন ব্যবস্থা যে বিপর্যস্ত তা ঠিক। কিন্তু যেটা সরবরাহ হচ্ছে তা কালোবাজারি, চোরাকারবারি এবং মস্তানদের মাধ্যমে অন্যত্র পাচার হয়ে যাচ্ছে। চাল, গম ইত্যাদি চোরাপথে, পাচার হয়ে যাচ্ছে। রাজ্য সরকারের এই ক্ষেত্রে যে দায়িত্ব ছিল তা তারা পালন করছেন না। আমার অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে এই কথা আনতে চেয়েছি। মূল্যবৃদ্ধির প্রশ্নে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতিই হচ্ছে মূল কারণ। তবে এই ক্ষেত্রে রাজ্য সরকারের দায়-দায়িত্ব কম নেই। রাজ্য সরকারও কিন্তু কেন্দ্রীয় সরকারের মতো তাদের এক্তিয়ারে রয়েছে সেগুলোর দাম বাড়াচ্ছেন - বিদ্যুতের দাম দফায় দফায় বাড়িয়েছেন, দুধের দাম বাড়িয়েছেন, বাসের ভাড়া নতুন করে বাড়িয়েছেন। বিদ্যুতের এবং দুধের দাম বাড়াবার প্রস্তাব সরকারের কাছে রয়েছে, ফাইল রেডি হয়ে আছে, আপাতত আন্দোলনের মুখে চাপা আছে মাত্র। এটা আমরা জানি যে, দুধের দাম লিটার প্রতি বেড়ে যাবে। গ্রামীণ ক্ষেত মজুরদের ক্ষেত্রে গোটা দেশে এইরকম মূল্যবৃদ্ধির ফলে অসহনীয় হয়ে পড়েছে গোটা জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। সমাজের সবচাইতে দরিদ্র মানুষ গ্রামীণ ক্ষেত-মজুর। আমরা তাদের জন্য দাবি করেছিলাম যে সরকার যখন গতবার ঘোষণা করেছিলেন, তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে দু'মাস ভরতুকি মূল্যে রেশন সরবরাহ করা হবে সারা বছর যাতে সুলভ মূল্যে তাদের রেশন সরবরাহ করা হয়। তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে দু'মাস দেওয়া হবে, অথচ আমরা এবারে দেখলাম যে তারা একমাস করেছেন!

[3-00 — 3-10 P.M.]

অথচ চোখের সামনে কালকের কাগজে দেখলাম যে উড়িষ্যার রাজ্য সরকার আদিবাসিদের সুবিধার জন্য ২ টাকা কিলো দরে চাল রেশনে দেবার ব্যবস্থা করেছেন। সেখানে আপনি আড়াই টাকা কিলোদরে চাল দেবেন বলেছেন। আজকে কালোবাজারি, মজুতদাররা কেরোসিন তেল বন্টন নিয়ে এমন একটা সঙ্কট সৃষ্টি করেছেন যে এতে আইনশৃঙ্খলার প্রশ্ন এসে দাঁড়িয়েছে। এই ব্যাপারে যুবক খুন হয়ে যাচ্ছে, মানুষ খুন হয়ে যাচ্ছে। কেরোসিন তেলের ডিলার অ্যাসোসিয়েশন বলেছেন যে এই কেরোসিন তেলের সঙ্কটের সবচেয়ে বড় কারণ হচ্ছে পুলিশ মস্তানদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করছে না।

পুলিশের এই ব্যর্থতার জন্য আজকে এই অবস্থা। সুতরাং এই ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্যে এই অ্যামেন্ডমেন্ট এনেছি এবং আমি আশা করবো সেই অ্যামেন্ডমেন্টকে গ্রহণ করবেন। সবচেয়ে বড় কথা হচ্ছে যে, গোটা রাজ্যে এইরকম মূল্যবৃদ্ধির সঙ্কট, প্রতিটি জিনিসের, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়েই চলেছে, খোলা বাজারে ৭ টাকা ৮ টাকা কিলোদরে চাল বিক্রি হচ্ছে। ভোজ্যতেল ৩০ টাকা ৩২ টাকা দরে বিক্রি হচ্ছে, কেরোসিন তেল মস্তানরা নিয়ে যাচ্ছে এবং সেই তেল ৮-৯ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে। এইরকম একটা অসহনীয় অবস্থা, গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা আরও বিপর্যয়ের মুখে, অধিকাংশ মানুষ অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। গোটা দেশের আইনশৃঙ্খলার প্রশ্ন জড়িত হয়ে পড়েছে। এইরকম একটা অবস্থায় আপনাদের জনসাধারণের প্রতি দায়িত্ববোধ, কর্তব্যবোধ থাকার দরকার এবং সেইভাবেই বিষয়টা দেখা উচিত ছিল। রেশন ব্যবস্থার সবকিছু দেবার জন্য শুধু একটা প্রস্তাব গ্রহণ করা হয়, তারজন্য দিল্লিতে দরবার করা দরকার। আপনাদের এইটুকু গণতান্ত্রিক মূল্যবোধ নেই যে এই ব্যাপারে সবাই মিলে সর্বদলীয় কমিটি করে সেই সর্বদলীয় ডেলিগেটস নিয়ে দিল্লিতে যাবার, সেইরকম গার্ডস আপনার নেই। বন্ধু সরকার হোক না কেন, আমরা তো জনগণের কথা বলবো, আমরা তো ন্যায্য দামের কথা বলবো। তারজন্য সবাই মিলে যাবো। আমরা তো আগে বহুবার বহু বিষয়ে সর্বদলীয় কমিটি করে দিল্লিতে গেছি। সুতরাং সেইদিকের থেকে আপনি যা করলেন তা একটা নজির সৃষ্টি করলেন। এই অ্যামেন্ডমেন্টটি অত্যন্ত যুক্তিগ্রাহ্য এবং সকলেই সম্মতি দেবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী ননী কর, শ্রী কৃপাসিন্ধু সাহা, শ্রী সুভাষ গোস্বামি, শ্রী কামাখ্যা ঘোষ, শ্রীমতী শান্তি চ্যাটার্জি, শ্রী হরিপদ জানা, শ্রী সুনির্মল পাইক এবং শ্রী সুমন্তকুমার হীরা যে প্রস্তাব এখানে রেখেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা নিবেদন করতে চাই। এই বিষয়ে কোনও সন্দেহ নেই যে দ্রব্যমূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি ঘটেছে এবং এই মূল্যবৃদ্ধির ফলে জনজীবন বিপর্যস্ত। কিন্তু এর কারণ কি এর কারণ হচ্ছে বিগত কংগ্রেস সরকার যে নীতি গ্রহণ করেছিলেন তারই ফলে আজ এই অবস্থা। যে বিপুল পরিমাণে ঘাটতি দীর্ঘ ৭-৮ বছর ধরে করে গেছেন এবং যে পরিমাণ বাড়তি নোট ছাপিয়েছেন তারই ফলে দাম বাড়তে বাধ্য। আমি এই ব্যাপারে বিস্তৃত বলতে চাই না, আমার সময় কম, পরে সময় পেলে বুঝিয়ে দেব। কিন্তু পরবর্তীকালে এই নতুন সরকার আসার পরে আমরা আশা করেছিলাম এবং তাদের কাছে আমার প্রস্তাবও ছিল যে জিনিসের দাম কমাতে হবে। কারণ এই ব্যাপারে সাধারণ মানুষকে রেহাই দিতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে, আমরা দেখলাম এমন সব তারা কাজ করলেন যে তাতে দাম কমাতো দুরের কথা ক্রমাগত দাম বেড়েই চলেছে। পেট্রোল ডিজেলের দাম বাড়ার ফলে জিনিসের দাম বাড়বেই। এরফলে ট্রাকের ভাড়া বাড়বে এবং জিনিসের দাম স্বাভাবিকভাবেই বাড়বে। তারপরে রেলে মাশুল শতকরা ৭ ভাগ বাড়ানো হল এবং আগামী অক্টোবর মাসে আরও ৩ ভাগ বাঁড়বে। তারফলে জিনিসের দাম সমানেই বেড়ে চলেছে এবং গ্রামের দরিদ্র মানুষের খুবই শোচনীয় অবস্থা হচ্ছে। তারপরে কেন্দ্রীয় সরকার গমের দাম মার্জিনে কুইন্টাল প্রতি ৩৩ টাকা বাড়িয়েছেন এবং সঙ্গে সঙ্গে এফ সি আই মার্জিনে গমের দাম কিলো প্রতি ৩৩ পয়সা বাড়িয়েছে। এরফলে বাজারে গমের যে দাম তার

থেকে বেশি হয়ে গেছে রেশনে। বাজারে ২.৬০ পয়সা করে গম পাওয়া যাচ্ছে, সেই গম রেশনে ২.৭০ পয়সা করে দেওয়া হচ্ছে। চালের দাম ২৫শে জুন থেকে কুইন্টাল প্রতি ৪৫ টাকা বেড়েছে এবং সেটা এফ সি আইয়ের মার্জিনে কিলো প্রতি ৪৯ পয়সা বেশি করে বাড়িয়েছে। ওরা বলেন কি করে, ওরা তো ওদের আমলেই কত থেকে চালের দাম ৭১ পয়সা বাড়িয়েছিল, এইভাবে রেশনে যদি চালের ক্রমেই দাম বাড়ে তাহলে বাজারে তো বাড়তে বাধ্য। এই জিনিসের উপর তো আমাদের নিয়ন্ত্রণ নেই, একি আজকে হচ্ছে? ভোজ্য তেলের আমাদের তৈল বীজ কম হয়েছে উৎপাদন কম, তার উপর বৈদেশিক মুদ্রা নেই বলে রেপসিড তেল যেটা আমদানি করা হত সেটাও বন্ধ। এখন আবার পামলিন দিচ্ছেন, এটা সবে পৌঁচেছে তাই এটাকে আমরা সব জায়গায় এখনও পৌঁছে দিতে পারিনি। তবে কলকাতার ৬০ ভাগ রেশন দোকানে এটা দেওয়া সম্ভব হয়েছে তাই কলকাতার বাজারে সর্ষের তেলের দাম ৩২, ৩৩ থেকে এখন কমে ২৯, ৩০ টাকা, কোথাও ২৮ টাকা কে.জি. দরে বিক্রি হচ্ছে। এই তেল পৌঁছানোর ব্যাপারে অনেক জায়গায় ট্যাঙ্কারের অসুবিধা আছে সেইজন্য সর্বত্র এখনও এটা পৌঁছাতে পারেনি। তবে কিছু অন্য জিনিসও হচ্ছে, কিছু রেশন ডিলার তারা বাধা দিচ্ছেন তাদের আমরা শায়েস্তা করছি। আমরা যদি সব জায়গায় এটা দিতে পারি তাহলে ভোজ্য তেলের দাম কমবে; এই সমস্ত কারণেই জিনিসপত্রের দাম বেড়েছে। চিনির দাম যখন দিল্লিতে মহারাষ্ট্রে ১২ টাকা কে.জি., ১১টাঃ কে.জি. তখন এখানে সাড়ে ৯ টাকা কে.জি.তে বিক্রি হয়েছে, কোথাও কোথাও ১ টাকা ২৫ পয়সায় পাওয়া যাচ্ছে-খোলা বাজারে এটা ঘটনা। সাড়ে ৯ টাকায় চিনি আজকে বাজারে পাওয়া যাচ্ছে, আমার সঙ্গে চলুন কিনে দেব, যদিও আজকে কিছু দোকান বন্ধ। আগের সরকার রেশনে চালের দাম কিভাবে বাড়িয়েছিল আমরা প্রথম চাল পেতাম ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন, সেটা কমিয়ে ৬৪ হাজার মেট্রিক টনে দাঁড় করিয়েছিল, এবারে এই সরকার সেটাকে ১০ হাজার মেট্রিক টন বাড়িয়ে দিয়ে ৭৪ হাজার মেট্রিক টন করেছেন। গম দেওয়া হত ১ লক্ষ ২৬ হাজার মেট্রিক টন, সেটাকে কমিয়ে ৮০ হাজার মেট্রিক টনে দাঁড় করিয়েছিল, এই সরকার সেটাকে ৯০ হাজার করেছেন। এইসব হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলা তো ভারতের বাইরে নয়, কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে যদি দাম বাড়ে পশ্চিমবাংলা তো ভারতবর্ষের একটি অবিচ্ছেদ্য অঙ্গ তাহলে এখানেও দাম বাড়বে; তথাপি বড় বড় শহরগুলির মধ্যে কলকাতায় এই মুহূর্তে সবচেয়ে দাম কম। এবং সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবাংলায় এই মুহূর্তে সবচেয়ে কম, এটা ভারত সরকারের তথ্য। দিল্লিতে জিনিসপত্রের দাম কত সেটা একটা রেস্তোরায় খেতে গেলে বোঝা যায় সেখানে কত লাগে আর এখানে কত লাগে। এই জিনিস হয়েছে কেন তার প্রধান কারণ কিছু ত্রুটি-বিচ্যুতি আছে। কিন্তু এই গণবন্টন যে বর্তমানে সর্ব ব্যাপক এবং সর্বত্র আছে সেটা মোটামুটি দেখলে বোঝা যায়। আজকে যে গণবন্টন ব্যবস্থা এটা কংগ্রেসি রাজত্বে কোথায় ছিল অধিকাংশ রাজ্যে গেলে দেখতে পাবেন সেখানে গ্রামে গ্রামে রেশন দোকান খুঁজে পাবেন না। কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত জিনিস যেটা যায় সেটা কালোবাজারিদের হাতে চলে যায়। কিন্তু আমরা এখানে গণবন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে সেটাকে দূর করতে পেরেছি। আজকে এখানে বলা হচ্ছে যে চোরা বাজারি, মজুতদারদের বিরুদ্ধে আমরা নাকি কোনও ব্যবস্থা গ্রহণ করিনি। গতকাল একজন সদস্য বলছিলেন একজনও চোরাকারবারি গ্রেপ্তার হয়নি বলার জন্য মুখের তো কোনও ট্যাক্স নেই, তাই যা খুশি বলা যায়, আমি তো দায়িত্ব

নিয়ে বলেছি, বারে বারে তথ্য দিয়েছি কিন্তু আমাদের তথ্য যে অসত্য এটা প্রমাণ করুন। আমি এখানে বলেছি এসেনসিয়াল কমডিটিস অ্যাক্টে অল্পদিনের মধ্যে কত জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি ১লা জানুয়ারি থেকে ১৫ই জুন পর্যন্ত সাড়ে ৬ মাসে কলকাতা ছাড়া পশ্চিমবঙ্গে ৮৭৭ জন ব্যবসায়িকে গ্রেপ্তার করা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** এটা ৩.১২ মিঃ শেষ হয়ে যাবার কথা, কিন্তু এই সময়ের মধ্যে শেষ হবেনা, তাই আধঘন্টা সময় আমি বাড়িয়ে দিচ্ছি।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী নিমলকুমার বোস ঃ** পশ্চিমবঙ্গে আমরা নাকি এসেনশিয়াল কমডিটিস অ্যাক্ট ব্যবহার করিনি। মাল বাজেয়াপ্ত করা হয়েছে ২ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার ৩১ টাকার। আর কলকাতায় গত ১ বছরে ১১৯ জন ব্যবসায়িকে গ্রেপ্তার করা হয়েছে। এবং মাল বাজেয়াপ্ত করা হয়েছে ১৮ লক্ষ ৮০ হাজার ২৪৯ টাকার। কোন কংগ্রেস শাসিত রাজ্যে এতজনকে গ্রেপ্তার করা হয়েছে? এই হিসাব উনি দেখাতে পারবেন? অন্যান্য রাজ্যে এই হিসেবের চেয়ে অনেক বেশি। ভোজ্য তেলের ব্যাপারে গত ১ বছরে ১৬৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। মাল বাজেয়াপ্ত হয়েছে ৮৭৪.৮৬ কুইন্টাল। কেরোসিন তেলের ব্যাপারে গত ১ বছরে ১১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। আর মাল বাজেয়াপ্ত করেছি ৩৯ লক্ষ ৯৩ হাজার ৫২৪ টাকার। এটা কি ফালতু হয়ে গেল? আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি। শুনুন, যদি কোনও কংগ্রেস শাসিত রাজ্যে এরচেয়ে বেশি থাকে তো দেখাবেন। দেখাতে পারবেন? কোনও রাজ্যে নয়। পশ্চিমবঙ্গে আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি। ব্যবস্থা গ্রহণ করেছি। কেরোসিন তেলের ব্যাপারে আমি পরশুদিন বিস্তৃত বিবৃতি দিয়েছি। তেল সঙ্কটের কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকার প্রয়োজনের চেয়ে কম বন্দ দেন। বিদ্যুতের সমস্যা আছে। সেই কারণে অসুবিধা হচ্ছে। আমরা ব্যবস্থা নিয়েছি। পুলিশ কঠোর ব্যবস্থা নিয়েছে। অবস্থা কিছুটা নিয়ন্ত্রণে এসেছে। কেরোসিন তেলের ব্যাপারে, আমরা রেশন কার্ডে ছিপি এঁটে দেবার ব্যবস্থা করেছি। এরফলে নিয়ন্ত্রণ করতে পারবো এই আশা আছে। এই প্রস্তাবে মূল উদ্দেশ্য হচ্ছে, বর্তমানে যে অবস্থা তাতে ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যকে কম দামে সারা ভারতবর্ষে যাতে দেওয়া যায়, তাহলে মানুষ কিছু কম দামে জিনিস পাবেন এবং তারা উপকৃত হবে না তার চেয়েও বড় কথা খোলা বাজারে চাপ কমবে। কেন্দ্রীয় সরকার বলেছেন ভরতুকি কোথায় পাবো? তখন আমরা বলেছি ভরতুকি যদি সারের জন্য দেওয়া যায়, কৃষিরিণের মুকুবের ব্যাপারে যদি দেওয়া যাবে তাহলে এখানে দেওয়া কেন যাবে না? যে ব্যাপারে কোটি কোটি মানুষ উপকৃত হবেন। কংগ্রেস দলের সদস্যরা একবারও ১৪টি নিত্য ব্যবহার্য দ্রব্যের কথা বললেন না। আজকে প্রস্তাবের ওপরে ১০।১২ জন সদস্য বক্তৃতা করলেন, তাঁরা কিন্তু একটি শব্দও উচ্চারণ করলেন না। ওদের প্রস্তাবে নেই। আমরা এটা মনেকরি যে এই জিনিস যদি করা যায় তাহলে অনেকে উপকৃত হবেন। এই আমাদের প্রস্তাবের মূল কথা। কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি, যে অন্যান্য বক্তব্যের সঙ্গে সঙ্গে যদি এই কাজ করা যায় তাহলে আমরা কিছুটা মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে পারবো। এর সঙ্গে সঙ্গে বন্টন ব্যবস্থাকে জোরদার করতে হবে। আমরা সেই কাজ করছি। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অপূর্বলাল মজুমদার :** স্যার, আমি একটু বেশি আশা করেছিলাম যে কংগ্রেসের যেসব বক্তব্য তারা বলেছেন তাদের বিরুদ্ধে বক্তব্য রাখতে গিয়ে অন্ততপক্ষে ভি.পি.সিংয়ের নীতিগুলি পরিষ্কার করে বলবেন। ভ্রান্ত নীতি তারা বলছেন, উল্লেখ করেছেন। একটা প্রশ্ন আমি জিজ্ঞাসা করি যে, সেই ভ্রান্ত নীতির বিরুদ্ধে আপনারা কোনও পলিটিক্যাল অ্যাকশান নিয়েছেন?

**Mr. Speaker :** Mr. Majumdar, one moment please. You have given one amendment on Mr. Nani Kar's motion which is in order. Please, therefore, move your amendment.

[3-20 — 3-30 P.M.]

**শ্রী অপূর্বলাল মজুমদার :** আমি যে অ্যামেন্ডমেন্টটা এনেছি, ননীবাবুর প্রস্তাবের উপর সেটা আমি এখানে মুভ করে নিচ্ছি। Sir, I beg to move that para 1 of the motion be omitted. আমি বলেছি যে ননীবাবুর মোশনের প্রথম প্যারাটা বাদ দিয়ে বাকি অংশটুকু গ্রহণ করতে আমার কোনও আপত্তি নেই। ভ্রান্ত নীতির কথা নিশ্চয় আপনাদের মনে আছে, এই ভ্রান্ত নীতিগুলো আপনারা জেনে নিন। রেলওয়ে প্রাইস আনপ্রিসিডেন্টেড ওয়েতে অনেকখানি হাই রাইজ হয়েছে এবং রেলওয়ে বাজেটে ভাড়া এবং মাশুল দুই বাড়ার ফলে রি-অ্যাকশন আরম্ভ হল বাজারে। রেলের মাশুল বাড়ার জন্য হুইটের দাম ৪৮ পারসেন্ট, সুগার ১৭.৭ পারসেন্ট, জিরা ১৬৭ পারসেন্ট, কাবলি চানা ৩৮.৫ পারসেন্ট, অড়হর ডাল ৩০ পারসেন্ট এবং মুগ ১৮ পারসেন্ট, অর্থাৎ প্রত্যেকটা জিনিসের দাম বেড়ে গেছে। এটার বিরুদ্ধে আপনারা কোনওরকম ভাবে সোচ্চার হলেন না, শুধু ভ্রান্ত নীতির কথা বলে গেলেন। তারপর মনিটারিং পলিসির জন্য আজকে সারা ভারতবর্ষে ইনফ্লেশনটা বেড়ে গেছে। তার বিরুদ্ধে আপনারা কোনও কথা বললেন না, বি.জে.পি এবং আপনাদের পার্টি নিল্লর্জভাবে সেই ইনফ্লেশন নীতিকে সমর্থন করলেন, লজ্জা হওয়া উচিত আপনাদের। অ্যাডমিনিস্ট্রেটিভ ইন ডিসিশন হচ্ছে, গ্রস ইকনমিক মিসম্যানাজমেন্ট হচ্ছে এবং গ্যাপিং পলিসি ভ্যাকুয়াম হচ্ছে এবং এরজন্য ইনফ্লেশনের পার্সেন্টেজ বেড়ে গেছে, এই ইনফ্লেশনের বিরুদ্ধে আপনারা কোনও কথা বললেন না। যে ইনফ্লেশন প্রাইজ রাইজ অ্যান্ড ইনফ্লেশন গোজ টুগেদার এই দুটো পাশাপাশি এক সঙ্গে যায় সেই ইনফ্লেশনের বিরুদ্ধে আপনারা কোনও কথা বললেন না, কেউ একটা কথাও বললেন না, নির্লজ্জভাবে সমর্থন করে গেলেন। তারপর It contradicts the industrial policy outlined in approach paper of 8th plan. তা সত্ত্বেও সেই ইন্ডাস্ট্রিয়াল পলিসি সম্বন্ধে পার্লামেন্টে ঐ পলিসি বিরোধিতা করে একটাও কথা বললেন না। এটা সত্যিই দুঃখ লাগে, এটা একটু বোঝবার চেষ্টা করুন। ওয়ার্নিং অফ ইকনমিক অ্যাডভাইসারি কাউন্সিল যে প্রস্তাব দিয়েছিল, যে হুশিয়ারি দিয়েছিল, তারা বলেছিল to reduce the budgetary deficit, non essential expenditure. সেই হুঁশিয়ারিকে আপনারা পায়ে দলে চলে গেছেন, আর আপনারা আন-কন্ডিশনাল সাপোর্ট দিয়ে ভি.পি.সিং-এর মাথা তুলে ধরে আছেন। Warning of the Economic Advisory Council. আপনারা শুনতে চাইলেন না। তারপর, ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড ভোজ্য তেলের দাম কোথায় নিয়ে গেছে। যে ভোজ্য তেলের দাম ১,৮৬০ টাকা প্রতি কুইন্টাল ছিল, সেটা বেড়ে জুলাই মাসে হল ২,৫২০ টাকা প্রতি

কুইন্টাল এবং বর্তমানে সেটা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ২,৮৫০ টাকা প্রতি কুইন্টাল। এই ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড তো একটা সরকারি সংস্থা, তাহলে এর দাম বেড়ে চলেছে কেন। এ ব্যাপারে আপনাদের নিজেদের লজ্জা হওয়া উচিত ছিল। ওরা মাস্টার্ড অয়েলের দাম বাড়িয়ে দিয়ে গেল আর আপনারা চুপ করে রইলেন। আপনারা মনে করলেন ওদের সাপোর্ট না করলে হয়ত রাজীব গান্ধী ক্ষমতায় এসে যাবে। রাজীব গান্ধী আট তারিখে যে বক্তৃতা পার্লামেন্টে দিয়েছেন সেটা একবার পড়ে দেখবেন, সেখানে তিনি বলেছেন — ওরা পাঁচ বছর ধরে রাজত্ব করুক। এখন থেকে ওরা ৫ বছর রাজত্ব করলে ওদের চেহারার সাথে সাথে বি জে পি এবং আপনাদের চেহারা ভারতবর্ষের মানুষের কাছে পরিষ্কার হয়ে যাবে। সেজন্য আমরা চাই আপনারা থাকুন ওদের কাঁধে কাঁধ মিলিয়ে, আপনাদের চেহারা বি জে পি'র রঙে রঙিন হয়ে উঠুক। সেজন্য আপনারা কোনও ব্যবস্থা করতে পারছেন না। তারপর আপনাদের কাছে আরও কিছু পয়েন্ট দিতে চাই যেমন ধরুন রেলওয়ে স্টেট, মানি সাপ্লাই নিয়ে কথা হল। কিছুদিন আগে যখন রেলওয়ে বাজেট, ন্যাশনাল বাজেট, মানি পলিসি সমস্ত নিয়ে কথা হল সঙ্গে সঙ্গে সেখানে মানি সাপ্লাই নিয়ে কথা উঠল, ১৫ টু ২০ পার্সেন্ট মানি সাপ্লাই এক্সেস হল। এই মানি সাপ্লাই এক্সেস হবার সঙ্গে সঙ্গে ইনফ্লেশন দেখা দিল। এই মানি সাপ্লাই আমাদের ভারতবর্ষে বেশি বেড়ে গেল ২৫ পার্সেন্ট হল। তার বিরুদ্ধে আপনাদের কণ্ঠস্বর পার্লামেন্টে শোনা যায়নি। এই মানি সাপ্লাইয়ের জন্য জিনিসপত্রের দাম বেড়ে গেছে। এক একটা ভ্রান্ত নীতি ধরে তার বিরুদ্ধে বক্তব্য রেখে সেই সরকারকে আপনারা চেক করার ব্যবস্থা করেননি। এখানে বসে চিৎকার করে কোনও লাভ নেই, পার্লামেন্টে মুখ সিল করে বসে থেকেছেন অন্যায় ভ্রান্ত নীতিকে সমর্থন করেন। মন্ত্রী মহাশয় যে কথা বলে গেছেন সে সম্পর্কে কিছু কিছু কথা বলা দরকার। আপনি এতে চিৎকার করে এটার সমর্থন জানিয়েছেন, কিন্তু আমি দেখলাম কয়েকদিন আগে সি পি এমের প্রধান, চেয়ারম্যান, শৈলেন দাশগুপ্ত স্ট্রংলি ক্রিটিসাইজ করেছেন আপনাকে এবং আপনার ডিপার্টমেন্টকে যে আপনি সম্পূর্ণ অপদার্থ। আপনি তার বিরুদ্ধে একটা কথাও বলেননি। শৈলেন বাবু স্ট্রংলি ক্রিটিসাইজড Your department for the failure of supply of kerosene oil and other essential commodites. এই কথা তিনি বলেছেন এবং শুধু উনি নন, মুখ্যমন্ত্রী জ্যোতি বাবুও কয়েকদিন আগে এই সম্পর্কে সচেতন করে বলেছেন আপনার ডিপার্টমেন্ট অত্যন্ত খারাপ চলছে, আপনি রেশন কার্ড দিয়ে কেরোসিন তেল ডিস্ট্রিবিউশনের কোনও ব্যবস্থা করেননি। আপনার দপ্তর বলেছে ২ বছরের আগে রেশন কার্ড হবে না। তখন চিফ মিনিস্টার বলেছেন আপনার ডিপার্টমেন্ট অযোগ্য ডিপার্টমেন্ট। তিনি ১ বছরের মধ্যে রেশন কার্ডের ব্যবস্থা করতে হবে এই কথা আপনার ডিপার্টমেন্টকে বলেছেন। এই কথা যদি আপনার ডিপার্টমেন্ট সম্পর্কে মুখ্যমন্ত্রী, শৈলেন বাবু বলেন তাহলে আপনার দপ্তর সম্পর্কে সাধারণ মানুষের ধারনা কি হবে? সেজন্য আমি ভেবেছিলাম এই সম্পর্কে আপনি কিছু বক্তব্য রাখবেন, কিন্তু কিছুই রাখতে পারলেন না। আপনি বলেছেন সেন্ট্রাল গভর্নমেন্ট রেশনের দাম বাড়িয়েছে। আপনি রেশনে ৩০ পয়সা পার কেজি গমের দাম বাড়িয়েছেন এবং ৪৫ পয়সা বেশি চালের দামে বাড়িয়ে দিলেন। আপনি আগে বলেছেন এখানকার ভূমিহীন কৃষকদের ২ মাসের জন্য সাবসিডাইজড রেটে চাল দেবার ব্যবস্থা করবেন, এখন বলছেন ২ মাসের জন্য দিতে পারব না, ১ মাসের

জন্য দিচ্ছি। কর্ণাটক এই ব্যাপারে ৩৫০ কোটি টাকা খরচ করছে। আপনি সামান্য টাকা ১ মাসের জন্য দিয়ে বাহবা নিতে চাইছেন, আর কর্ণাটক কত টাকা খরচ করছে সেই কথা আপনার একবার বলা উচিত। আপনি বললেন খরচ আমার মতো কেউ করতে পারেনি, সেখানে কর্ণাটক কি করছে, কর্ণাটক ৩৫০ কোটি টাকা ব্যয় করছে। আমার সময় শেষ হয়ে এসেছে। আপনাদের মোশনের প্রথম স্ট্যানজাটা বাদ দিয়ে বাকিটা গ্রহণ করতে আমাদের কোনও আপত্তি নেই। আপনারা এগ্রি করলে সর্ব সম্মতিক্রমে সেটা গ্রহণ করা যেতে পারে। আমি আশাকরি আমাদের এই মোশনটিকে সমর্থন করতে আপনারা সবাই এগিয়ে আসবেন এবং আমাদের এই মোসানটিকে সবাই মিলে সাপোর্ট করবেন। আমি বেশি আঘাত হানিনি। আমি শুধু বলছি মিনিস্টার হ্যাজ ফেইল্ড। গরিব মানুষের কাছে তিনি খাবার পৌঁছে দিতে পারেন নি স্বল্প মূল্যে থ্রু পাবলিক ডিস্ট্রিবিউশন সিসটেম আমি শুধু এইটুকুই বলছি। আশাকরি আপনারা এটা সমর্থন করবেন। আপনারা যদি প্রথম স্ট্যানজাটি তুলে নেন তাহলে আপনারা যে প্রস্তাব এনেছেন সেটিকে আমাদের পার্টির তরফ থেকে আমরা সমর্থন করব। এই কথা বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** ননীবাবু, আপনি কি দেবপ্রসাদ সরকারের ৪টি অ্যামেন্ডমেন্ট গ্রহণ করছেন?

**শ্রী ননী কর ঃ** না, স্যার আমি গ্রহণ করতে পারছি না।

**মিঃ স্পিকার ঃ** আপনি কি অপূর্ববাবুর অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করছেন?

**শ্রী ননী কর ঃ** না, স্যার, এটা'ও আমি গ্রহণ করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপূর্ববাবু যে অ্যামেন্ডমেন্টটি দিয়েছেন সেটা সত্যিই অপূর্ব। সেইজন্য আমি এটাকেও গ্রহণ করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপূর্ববাবু খুব জোরালো ভাষায় বক্তৃতা করলেন। সত্যিই আমার খুব ভয় হচ্ছিল। কেন না তিনি অসুস্থ লোক, ঐভাবে না বললেই পারতেন। তিনি বলতে বলতে আমাদের নেতা, বামফ্রন্টের চেয়ারম্যান শৈলেনবাবুর নাম উল্লেখ করে তাঁর মুখে উনি এমন কথা ব্যবহার করলেন, যে কথাগুলি তিনি বলেন নি। শৈলেনবাবুর লেখা চিঠি আমার কাছে আছে। অপূর্ববাবু আমার বন্ধু লোক। উনি যদি অনুগ্রহ করে আমার কাছে আসেন তাহলে আমি সেটা ওঁকে দেখিয়ে দেব। আমরা শুধু বলছি আজকে ভি.পি.সিং-এর গভর্নমেন্টের অনেক ভাল কাজ আছে, তার খানিকটা ত্রুটি'ও আছে। সেইজন্য আমরা গণ-আন্দোলন করব, লড়াই করব। এটা আমরা করব, কিন্তু ওরা আর কখনই ফিরবে না। আমি ওঁদের ধন্যবাদ জানাই যে, ৪০ বছর ধরে ওদের যে কথা শেখানো যায়নি — আমরা দাবি করলে ওঁরা গুলি করেছে, জেলে দিয়েছে। এটা হচ্ছে আগস্ট মাস। ৩১শে আগস্টের কথা আপনাদের নিশ্চয় মনে আছে। ৩১শে আগস্ট এসপ্ল্যানেড ইস্টে খাদ্যের দাবি করতে এসেছিল বলে ওঁরা শুধু লাঠি পেটা করে ৮০ জন মানুষকে খুন করেছিল। খাদ্যের দাবি করলে ওরা লাঠি মারতো, গুলি চালাতো। আর আজকে ওঁরা বলছেন খাদ্যের দাবি ওঁদের'ও দাবি। তবে এইকথা ঠিকই বলেছেন যে, ওঁদের দাবি হচ্ছে গদি পাওয়ার দাবি, আমাদের সেটার প্রয়োজন নেই। আমরা জনগনের জন্য লড়াই করে গদিতে আছি, জনগণকে নিয়েই থাকব। আর সেই জনগণ ওঁদের পরাজিত

করেছেন। ভারতবর্ষে কংগ্রেস পরাজিত হয়েছে। আর ঠিক সেই পথেই ওঁরা গুন্ডামি, বদমায়েসি শুরু করেছেন। সত্যবাবুর অসত্য ভাষণকে তাই সবাই পর্যুদস্ত করে দেবে, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি শুধু এই সাবধানবানিটুকুই উচ্চারণ করে যেতে চাই। স্যার, আমি শুনেছি ওদের নাকি হাতে হ্যারিকেন দিয়েছে। আমাদের গ্রাম দেশে অন্ধকারে হাতে হ্যারিকেন দিতে হয়। লোকেরা ওদের হাতে হ্যারিকেন দিয়েছে। ওরা কোথায় যাবে জানি না। সেইজন্য আমি এখানে যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাবকে অনেক মাননীয় সদস্য সমর্থন করেছেন। ৪০ বছর বাদে ওদের যখন চেতনার এতটুকু উদ্রেক হয়েছে তখন হয়ত শেষ পর্যন্ত ওরা আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন। ওরা বারে বারে বলছিলেন গণতন্ত্র বিনষ্ট হয়ে যাচ্ছে বামফ্রন্টের এম.এল.এ.রা কেন দিল্লি যাচ্ছেন। আমি শুধু ওদের একটি কথা বলতে চাই যে, আপনাদের নির্দেশে বামফ্রন্টের এম.এল.এ.রা দিল্লি যাচ্ছে না, বামফ্রন্টের নির্দেশেই দিল্লি যাচ্ছে। তাতে ওদের কি বলার আছে? ওরা তো অকাজ, কুকাজে'ও যায়। কাজেই সেই প্রশ্ন ওঠে না। ওদের যদি এটা রাখতে হয় তাহলে আমাদের প্রস্তাবের সঙ্গে একমত হয়ে এইকথাগুলি বলার আছে—রাজীব গান্ধী যে সর্বনাশ করেছিল, ইন্দিরা গান্ধী যে সর্বনাশ শুরু করেছিল সেই সর্বনাশের বিরুদ্ধে কথা বলার জন্য যদি ওরা যেতে চান তাহলে সেই প্রস্তাব আনুন—আজকে কংগ্রেস যে সর্বনাশ দেশের করেছে সেই সর্বনাশকে ঠেকাবার জন্য যে প্রচেষ্টা বামফ্রন্ট করছে, যে পথে আগামী দিনে ভারতবর্ষ এগিয়ে যাবে, সেই পথে যদি যেতে চান তাহলে চলুন দিল্লি, কোনও ক্ষতি নেই। পরিশেষে আমি শুধু এইকথা আবার বলব যে, ৪০ বছরের অভিজ্ঞতা এদের সম্পর্কে জনগণের এবং আমাদের আছে। এরা কোনওদিন আসবে না। এইকথা বলে এই প্রস্তাবকে সমর্থন করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 4-15 P.M. (including adjournment)]

## PRESENTATION OF REPORT

### 64th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 64th Report of the Business Advisory Committee which met in my Chamber Yesterday and recommended the following programme of business for the 27th August, 1990.

Monday, 27-8-90 : City Civil Court (Amendment) Bill 1990 introduction, consideration and passing - 1 hour

Now, the Minister-in-Charge of Home (Parliamentary Affairs) Department may please move the motion for acceptance of the House.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the 64th Report of the Business Advisory Committee be agreed to by the House.

The motion was then put and agreed to.

## MOTION UNDER RULE 185

The motion Shri Apurbalal Majumdar, that

This House expresses its grave concern at the continuous pirce hike of almost all essential commodities during the last 8 months, causing untold miseries and sufferings to the people at large and the dismal failure of the Government to supply the essential commodities through public distribution system at fair price subsidised rate;

This House, therefore, emphatically urges upon the State Government to take up the issue with right earnest and to impress the Central Government to supply immediately necessary quantum of the essential commodities for distribution amongst the suffering people of the State, at a fair price was then put and a division was taken with the following results :

**NOES**

Abul Basar, Shri

Abdul Quiyom Molla, Shri

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Atahar Rahaman, Shri

Bagchi, Shri Surajit Swaran

Bagdi, Shri Bijoy

Bal, Shri Shakti Prasad

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Nihar Kumar

Bauri, Shri Haradhan

Bauri, Shri Madan

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Binoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Chaki, Shri Swadesh

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhyay, Shrimati Sandhya

Choudhuri, Shri Subodh

Chowdhury, Shri Bansa Gopal

Das, Shri Ananda Gopal

Das, Shri Nirmal

Das Gupta, Shrimati Arati

Deb, Shri Saral

Dey, Shri Narendra Nath

Duley, Shri Krishna Prasad

Dutta, Dr. Gouri Pada

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shri Satyendranath

Ghosh, Shri Susanta

Goppi, Shrimati Aparajita

Habib Mustafa, Shri

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Konar, Shrimati Maharani

Kujur, Shri Sushil

Kunar, Shri Himansu

Let, Shri Dhirendra

Majumdar, Shri Sunil Kumar

Mamtaz Begum, Shrimati

Mandal, Shri Prabhanjan Kumar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Shri Rampada

Minj, Shri Prakash

Mohammad Faraque Azam, Shri

Mohammad, Shri Shelim

Moitra, Shri Birendra Kumar

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sailendra Nath

Mondal, Shri Sudhansu Sekhar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Sankar

Najmul Haque, Shri

Naskar, Shri Subhas

Oraon, Shri Mohan Lal

Paik, Shri Sunirmal

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Rai, Shri Mohan Singh

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Narmada

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Hemanta

Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sailen

Sarkar, shri Sunil

Satpathi, Shri Abani Bhusan

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Dhiren

Sen, Shri Sachin

Sengupta, Shrimati Kamal

Sengupta, Shri Prabir

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Tudu, Shri Bikram

**AYES**

Bandyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Amar

Bapuli, Shri Satya Ranjan

Basu, Shri Supriya

Basu Mallick, Shri Suhrid

Bhunia, Dr. Manas

Fazle Azim, Molla Shri

Ghosh, Shri Asok

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahaman, Shri

Majumdar, Shri Apurbalal

Nurul Islam Chowdhury, Shri

Pande, Shri Sadan

Poddar, Shri Deokinandan

Roy, Dr. Sudipto

Roy, Shri Saugata

Samanta, Shri Tuhin

**Abstention**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being-17, and the Noes-94 the motion was lost.

At this stage Congress(I) M.L.A. Staged a walk out.

The amendments of Shri Deba Prasad Sarkar that :-

1. In para 1, lines 1 to 3, for the words "সরকার শেষ বছরের নয় মাসে কেন্দ্রীয় তহবিলে ১৪,০০০ কোটি টাকা প্রকৃত ঘাটতি রেখে যায় এবং সেই ঘাটতি মেটাবার জন্য" the words "সরকারের অনুরূপ ঘাটতি বাজেট এবং কর-দর ও মাশুল বৃদ্ধির নীতি অনুসরণ করে" be substituted.

2. After pare 2 the following new para be added :-

"এই সভা মনে করে যে, চাল-গম-কেরোসিন তেল প্রভৃতি রেশন সামগ্রী সরবরাহে ঘাটতির পাশাপাশি যতটুকু পরিমাণ কেন্দ্র সরবরাহ করছে তাও সুষ্ঠুভাবে বিলিবন্টন না হওয়া এবং প্রচুর পরিমাণ চাল গম কেরোসিন তেল কালোবাজারে চলে যাওয়ার ফলে এই রাজ্যের রেশন ব্যবস্থাকে বিপর্যস্ত এবং কেরোসিন তেলের সঙ্কটকে আরও তীব্রতর করে তুলেছে।"

3. In the last line of last para after the words "বিলি করা হোক" the following words be added :-

"এবং বর্তমান সরকার কর্তৃক ধার্য রেলের বর্ধিত মাশুল, ডিজেল, পেট্রল ও চাল-গমের বর্ধিত দাম প্রত্যাহার করে নেওয়া হোক।"

4. After the last para the following new para be added :-

"সাথে সাথে এই সভা আরও দাবি করছে যে, রাজ্য সরকার এই রাজ্যে চাল-গম সহ বিভিন্ন রেশন সামগ্রি ও কেরোসিন তেলের কালোবাজার বন্ধ করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করুক।" Were then put and a division was taken with the following results :-

**NOES**

Abdul Quiyom Molla, Shri

Adak, Shri Gourhari

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Athar Rahaman, Shri

Bagchi, Shri Surajit Swaran

Bagdi, Shri Bijoy

Bal, Shri Shakti Prasad

Basu, Shri Nihar Kumar

Bauri, Shri Madan

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Binoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri .Nirmal Kumar

Chaki, Shri Swadesh

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shri Anjan

Chattopadhyay, Shrimati Sandhya

Choudhuri, Shri Subodh

Chowdhury, Shri Bansa Gopal

Das, Shri Ananda Gopal

Das, Shri Nirmal

Dasgupta, Shrimati Arati

Deb, Shri Saral

Deb Sharma, Shri Ramani Kanta

Dey, Shri Narendra Nath
Duley, Shri Krishna Prasad
Dutta, Dr. Gouri Pada
Ganguly, Shri Santi Ranjan
Ghatak, Shri Santi Ranjan
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Susanta
Goppi, Shrimati Aparajita
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kunar, Shri Himansu
Let, Shri Dhirendra
Majumdar, Shri Sunil Kumar
Mamtaz Begum, Shrimati
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mohammad Faraque Azam, Shri
Mohammad, Shri Shelim
Moitra, Shri Birendra Kumar
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sailendra Nath
Mondal, Shri Sudhansu Sekhar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shrimati Mamta

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Sarkar

Naskar, Shri Subhas

Nazmul Haque, Shri

Omar, Ali, Dr.

Oraon, Shri Mohan Lal

Paik, Shri Sunirmal

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Rai, Shri Mohan Singh

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Narmada

Ray, Shri Subhas Chandra

Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sailen

Sarkar, Shri Sunil

Satpathi, Shri Abani Bhusan

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Dhiren

Sen, Shri Sachin

Sengupta, Shrimati Kamal

Sengupta, Shri Prabir

Shish Mohammad, Shri

Sinha, Shri Nirmal Kanti

Sinha, Shri Prabodh Chandra

Tudu, Shri Bikram

**AYES**

Sarkar, Shri Deba Prasad

**Abstention**

Basu, Bimal Kanti, Shri

The Ayes being-1 and Noes-92 the motion was lost.

The motion of Shri Apurbalal Mujumdar that para 1 of the motion be omitted, was then put and lost.

The motion of Shri Nani Kar that

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পূর্বতন কেন্দ্রীয় সরকার শেষ বছরের নয় মাসে কেন্দ্রীয় তহবিলে, ১৪,০০০ কোটি টাকা প্রকৃত ঘাটতি রেখে যায় এবং সেই ঘাটতি মেটাবার জন্য বর্তমান সরকার রেলের সকল প্রকার মাশুল শতকরা ৭ ভাগ লিটার প্রতি ডিজেলের দাম ৫৪ পয়সা ও পেট্রোলের দাম ১ টাকা ২৫ পয়সা এবং কুইন্টাল প্রতি গমের দাম ৩০ টাকা ও চালের দাম ৪৫ টাকা বৃদ্ধি করেছে;

এই সভা আরও লক্ষ্য করছে যে, এই রাজ্যে পরিশোধিত রেপসিড তেল, চিনি ও কেরোসিন তেলের যোগান কমে যাওয়ার ফলে ঐসব জিনিসের মূল্য বৃদ্ধির মাত্রা বেড়েছে এবং কেরোসিন তেল বন্টনের সঙ্কট সৃষ্টি হয়েছে;

এই সভা মনে করে যে, নিত্য প্রয়োজনীয় সমস্ত পণ্যের মূল্য বৃদ্ধি সাধারণ মানুষের সীমাহীন দুঃখ দুর্দশার সৃষ্টি করেছে;

সুতরাং এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে, অবিলম্বে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস (চাল, গম, চিনি, ভোজ্য তেল, কেরোসিন, জ্বালানি কয়লা, সাধারণ বস্ত্র, চা, বেবিফুড, সাবান, কাগজ, ঔষধ এবং দিয়াশলাই) কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে নিয়ন্ত্রিত দামে সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করা হোক, Was then put and agreed to

(At this State the House was adjourned till 4.15 P.M.)

(After Adjournment)

[4-15 — 4-25 P.M.]

**Motion under Rule 185**

**Shri Saugata Roy :** Sir, I beg to move that

"This House notes with serious concern that the State has been suffering from tremendous power shortage for the last thirteen years causing emmense suffering to the common people and great loss in production in industry;

This House further notes that the power crisis has become particularly acute in Calcutta and its surroundings in the last two months and the daily deficit crossed 100 MW on almost every day;

This House deplores the present dismal power situation and urges upon the State Government to take immediate steps to remedy the same.

স্যার, লেনিন বলেছিলেন, 'কমিউনিজম ইন Soviet power and electrification in the country side লেনিন ছিলেন প্রথম সমাজবাদি স্টেটের নেতা। আর এই পশ্চিমবাংলার মূর্খ অপদার্থ কমিউনিস্টরা বলেন, 'কমিউনিজম in cadre power and loadshedding in the country side সুতরাং ওরা লেনিন'কে কোথায় নিয়ে গেছে তা আপনি বুঝতে পারছেন। আজকে স্যার, বিদ্যুতের অবস্থা যে কত খারাপ তাও আপনি জানেন। আধুনিক সভ্যতার সবচেয়ে গুরুত্বপূর্ণ অবদান হচ্ছে বিদ্যুৎ। সেই বিদ্যুৎ না দিতে পেরে বর্তমান বামফ্রন্ট সরকার এবং অপদার্থ বিদ্যুৎমন্ত্রী পশ্চিমবাংলাকে প্রাগৈতিহাসিক যুগে নিয়ে যাবার চেষ্টা করছেন। আজকে বিদ্যুতের অভাবে কারখানায় উৎপাদন মার খাচ্ছে, চাষে জল দেওয়া মার খাচ্ছে, ছাত্রছাত্রিদের লেখাপড়া মার খাচ্ছে, পুজোর আগে ব্যবসায়ীদের ব্যবসা মার খাচ্ছে। বিদ্যুতের অভাবে ট্রেন, ট্রাম বন্ধ হয়ে যাচ্ছে, খবরের কাগজের মতো অত্যাবশ্যক জিনিস বন্ধ হয়ে যাচ্ছে। বিদ্যুতের অভাবে হাসপাতাল চলছে না। আর আমরা দেখছি মন্ত্রী বিবৃতি দিচ্ছেন এবং এমন হাস্যকর বিবৃতি যে শোনা যায় না। উনি বলছেন,—বিদ্যুতের অভাব হচ্ছে, তার কারণ চাহিদা বাড়ছে, রাজ্যে শিল্প বাড়ছে। অথচ আমরা দেখছি বিদ্যুতের অভাব পশ্চিমবাংলার শিল্প, অর্থনীতিতে সর্বনাশ ডেকে আনছে। এই সর্বনাশ মন্ত্রী মূর্খের স্বর্গে বাস করে উপলব্ধি করতে পারছেন না। এটা অত্যন্ত লজ্জার বিষয় এবং ততোধিক লজ্জার বিষয় হচ্ছে, এমন একজন ব্যক্তিকে বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান করা হয়েছে, যিনি বিদ্যুৎ সম্বন্ধে কিছুই জানেন না। একজন অর্থনীতিবিদকে চেয়ারম্যান করে পাঠিয়ে দিয়েছেন। তিনি বললেন, বর্তমানে লোড-শেডিং এত বেশি হচ্ছে, তার কারণ টি.ভি.তে ওয়ার্ল্ড কাপ দেখাবার সময়ে বেশি বিদ্যুৎ খরচ হয়ে গেছে। এই ধরনের মূর্খ লোককে চেয়ারম্যান করে বসিয়ে দেওয়া হয়েছে রাজ্য বিদ্যুৎ পর্ষদে। এটা আমাদের কাছে অত্যন্ত লজ্জার। তাই আমি রাজ্যের ভয়াবহ খারাপ বিদ্যুৎ পরিস্থিতির নিন্দা

করে প্রস্তাব এনেছি। রাজ্য সরকার অবিলম্বে এই পরিস্থিতির উন্নতি করুন, এই দাবি আমি জানাচ্ছি। স্যার, বিদ্যুতমন্ত্রী স্বীকার করেছেন পুজোর সময় লোড-শেডিং হবে, এই বিদ্যুৎ পরিস্থিতি ১৯৯৫ সালের আগে উন্নতি হবার সম্ভাবনা নেই। তবে ততদিন বিদ্যুতমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ক্ষমতায় থাকবেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। এই রাজ্যের মানুষ শুধু বিদ্যুতের অভাবে ওদের ছুঁড়ে ফেলে দিতে পারেন। সুতরাং ওরা তখন পর্যন্ত ক্ষমতায় থাকবেন কিনা সে বিষয়ে আমার গভীর সন্দেহ আছে। তাই আমি এই হাউসের সামনে এই প্রস্তাব রাখছি এবং আশাকরি বামফ্রন্ট সরকারের অন্যান্য সদস্যরা রাজ্যের এই মন্ত্রীর চূড়ান্ত অপদার্থতার বিরুদ্ধে আমার সঙ্গে গলা মিলিয়ে চূড়ান্ত খারাপ বিদ্যুৎ পরিস্থিতির নিন্দা করবেন। এইকথা বলে আমি প্রস্তাব পেশ করছি, আবার আমি পরে জবাবি ভাষণের সময় বিস্তারিতভাবে বলবো।

**Mr. Speaker :** There are two amendments to this motion. Both the amendments are in order. Now, I request Shri Deba Prasad Sarkar to move his amendments.

**Shri Daba Prasad Sarkar :** Sir, I beg to move that in paragraph 1 line 1 after the words ''serious concern that'' the folllowing words be inserted ''just like the previous Congress(I) regime during the regime of Leftfront'';

(ii) Sir, I beg to move that in paragraph 1 line 2 after the words ''has been suffering'' the words ''has been suffering equally'' be inserted. স্যার, আমি আজকে এই দুটি অ্যামেন্ডমেন্ট এই কারণে এনেছি যে সত্যিই পশ্চিমবাংলায় আজকে বিদ্যুৎ সঙ্কট বলা-বাহুল্য নজিরবিহীন এবং রাম রাজত্বে জন-জীবন বিপর্যস্থ। আমি আশা করেছিলাম, কংগ্রেসি আমলে যেভাবে বিদ্যুৎ সঙ্কট ঘটেছিল, পশ্চিমবাংলার মানুষ বিপর্যস্থ হয়েছিল, বামফ্রন্ট সরকারের আমলে তার থেকে মানুষ অব্যাহতি পাবে। কিন্তু কংগ্রেসি আমলে যে বিদ্যুৎ সঙ্কট দেখেছি, বামফ্রন্ট সরকারের আমলেও পশ্চিমবাংলায় বিদ্যুৎ সঙ্কটের সেই একই অবস্থা। যাহোক, অতিতের বিদ্যুৎ সঙ্কট-এর কথা লিপিবদ্ধ ছিল না, সেটা আমি যুক্ত করলাম। বিদ্যুৎ সঙ্কট এখন এমন একটি অবস্থায় পৌঁছেছে তার একটি দৃষ্টান্ত দিলেই বুঝতে পারবেন, গত ১১ আগস্ট অ্যানিম্যাল হ্যাসবান্ড্রির অ্যাকাউন্টান্ট মিঃ ওয়ালি হোসেন ১০ তলায় তার অফিসে যাচ্ছিলেন। বিদ্যুৎ নেই বলে লিফট চলেনি। তিনি ১০ তলায় উঠে হঠাৎ হার্টফেল করেন। এইরকম মর্মান্তিক ঘটনা প্রায়ই ঘটে থাকে। আমাদের মাননীয় বিদ্যুতমন্ত্রী বলেছেন পশ্চিমবাংলায় যে লোডশেডিং হচ্ছে তারজন্য তিনি গর্বিত এবং এটা নাকি অগ্রগতির সূচক, বিদ্যুতের চাহিদা বেড়েছে। অদ্ভুত তথ্য। আজকে এই বিদ্যুৎ সঙ্কটের ফলে ক্ষুদ্র, মাঝারি শিল্প থেকে শুরু করে, ব্যবসা-বাণিজ্য, চিকিৎসা, চাষবাস সমস্ত শেষ হয়ে যেতে বসেছে। তাই আমি মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয়কে বলছি, ক্ষ্যামা দিন, পশ্চিমবাংলায় অগ্রগতির আর দরকার নেই, অনেক অগ্রগতি হয়েছে, লোড-শেডিং-এর হাত থেকে পশ্চিমবাংলার মানুষকে মুক্তি দেবেন এই আবেদন আমি করবো। বিদ্যুৎ দপ্তরের দুরাবস্থার কথা মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত স্বীকার করেছেন। সেইজন্য বিশেষ মনিটরিং-এর ব্যবস্থা করেছেন। কিন্তু মনিটরিং করে সমস্যার

সমাধান হবে না, যদি না কাজের পরিবেশ সৃষ্টি করা যায়। সাঁওতালডিহি বিদ্যুৎ কেন্দ্রে কাজের পরিবেশ নেই। রাজনীতির অনুপ্রবেশ এবং দলীয় সঙ্কীর্ণ রাজনীতির জন্য কাজের পরিবেশ নষ্ট করে দেওয়া হয়েছে। এর দ্বারা বিদ্যুৎ সমস্যার সমাধান করা যাবে না। আমার অ্যামেন্ডমেন্ট যাতে গ্রহণ করেন এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-25 — 4-35 P.M.]

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়, শ্রী সৌগত রায় এবং ডাঃ মানস ভুঁইয়া যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের মূল বক্তব্য হচ্ছে পাওয়ার ক্রাইসিস। গতকাল এই সম্পর্কে দীর্ঘ আলোচনা, সমালোচনা এবং তর্ক-বিতর্ক হয়ে গেছে। আমি দেখলাম তারমধ্যে সপ্তরথীর আক্রমণে আক্রান্ত হয়ে আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী খুব বলিষ্টভাবে তার বক্তব্য পেশ করেছেন। যাইহোক, আমরা কি ব্যক্তি জীবনে, কি জাতীয় জীবনে দেখতে পাই যে, একজনের কৃত পাপ অপরকে বহন করতে হয়। তার জন্য প্রায়শ্চিত্ত করতে হয়। আমার মনে হয় পূর্ববর্তি সরকারের পাপের জন্য আমাদের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে এবং এই সরকারের দুজন মন্ত্রীকে সবচেয়ে বেশি প্রায়শ্চিত্ত করতে হচ্ছে। একজন হচ্ছেন মাননীয় বিদ্যুতমন্ত্রী এবং আর একজন হচ্ছেন খাদ্যমন্ত্রী। আমার প্রথম বক্তব্য হচ্ছে আজকে ১৩ বছর, ওরা যে বলেছেন থার্টিন ইয়ারস এই ১৩ বছরে আমাদের বিদ্যুৎ উৎপাদন কিরকম হয়েছে? ১৩ বছরে আমাদের পাওয়ার ক্রাইসিস চলছে এটা ঠিক এবং দিনের পর দিন সেটা বেড়ে যাচ্ছে এটা খুবই সত্য; আমরা সত্যকে সর্বদা স্বীকার করি। ১৩ বছরে প্রোডাকশন হয়েছে ১৩০০ মেগাওয়াট। এই কথা মাননীয় বিদ্যুতমন্ত্রী তার ভাষণে বলেছেন। দ্বিতীয় ব্যাপার হচ্ছে মাঝখানে ১৯৮৬ এবং ১৯৮৮ সালের মধ্যে এই ২ বছর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হয়েছে। কিন্তু সেই বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হবার কারণ কি? কি সাঁওতালডি, কি কোলাঘাট কি মূলাজোড় যে কোনও একটা জায়গায় বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হয়েছে। তার কারণ, এ.বি.এল. বয়লার তৈরি করলেন, তেমন প্রোডাকশন দিতে পারলেন না এবং প্রায় এক বছরের উপর সেখানে স্ট্রাইক চলছিল, কাজেই এখন আমাদের বিরোধী সদস্য মহাশয়দের প্রশ্ন করি আজকে কাঁকে মেরামতের জন্য, কোনও কনট্রাকটার অ্যাপয়েন্ট করা হবে? এ.বি.এল. একটা বড় প্রতিষ্ঠান তাদের দিয়ে কাজ করানো এবং বয়লার করানো হচ্ছে। তৃতীয় ব্যাপার হচ্ছে টাকা-পয়সা। আপনারা জানেন আমাদের সরকারের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও ম্যাকসিমাম বিদ্যুতে খরচ করছেন। এটা তো একটা সাইকেল বা স্কুটার মেরামত নয়, এর সরঞ্জাম, একটা মেশিন ভেঙ্গে গেলে কোটি কোটি টাকা দিয়ে তবে রিপেয়ার করাতে হয়। এই এ.বি.এল প্রতিষ্ঠানকে দিয়ে রিপেয়ার করা হচ্ছে। তাহলে কি ফরেনে যেতে হবে? তা ছাড়া আমার দেশে এতবড় প্রতিষ্ঠান থাকতে ফরেনে যাব কেন? আমার বক্তব্য অত্যন্ত লিমিট করব। একটা কথা বলতে চাই যে আমাদের ক্যালকাটার মধ্যে যে গোলমালটা হচ্ছে আপনারা দেখেছেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই টাইম শিডিউল করে দিয়েছেন, ১০ দিনের মধ্যে শিডিউল আপনারা দেখতে পাবেন। গতবার ১৯৮৮ তে যে সিডিউল করা হয়েছিল তাতে ডিফেক্ট ছিল। তাতে ৭৫ মেগাওয়াট ধরে করা হয়েছিল, এবারে ১৫০ মেগাওয়াট সিডিউল ধরে করা হচ্ছে। মাননীয় বিদ্যুতমন্ত্রীকে অনুরোধ করব পূজার সময় ট্যাপিং হয়,

আমাদের হাওড়া ইনডাসট্রিয়াল বেল্ট ট্যাপিং হচ্ছে, চুরি হচ্ছে, এটাকে ধরতে হবে। বিদ্যুত চুরি না হলে যতই বিদ্যুৎ প্রোডাকশন করুন না কেন তাহলে লেস সাপ্লাই হয়ে যাবে। এই ডিফিসিয়েন্সি মেকাপ করা যাবে না। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের কর্মীদের একটু অ্যাকটিভ করতে হবে মাঝে মাঝে বিভিন্ন জায়গায় গিয়ে ইনসপায়ার করতে হবে। কর্মীরা অ্যাকটিভ না হলে অনেক কংগ্রেস কর্মি রিক্রুটেড হয়ে আছে, কাজ করছে না। কাজেই এই দুটি দিকে লক্ষ দেবেন পাওয়ার ক্রাইসিস সম্বন্ধে বিরোধী সদস্যরা একটা কথা বলেছেন, আই এগ্রি আমরা এবং আপনারা সকলে চেষ্টা করব এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই প্রসঙ্গে মাননীয় সদস্য সত্যেনবাবুর বক্তব্য শুনছিলাম। সরকারি দলের একজন বক্তা তিনি, কিন্তু তার বক্তৃতার ধরণ দেখে বোঝা গেছে যে, কি তীব্র যন্ত্রণায় তাকে আমাদের প্রস্তাবের বিরুদ্ধে বলতে হচ্ছে এবং মন্ত্রী মহাশয়কে সমর্থন করবার একটা ইঙ্গিত রাখতে হচ্ছে। আজকে প্রবীরবাবু যদি তার নেতৃত্বে পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন, বিদ্যুৎ পর্ষদ, সি.ই.এস.সি., ডি.পি.এল. সহ ডি.ভি.সি. থেকে আরও বেশি বিদ্যুৎ নিয়ে আসতে পারেন, ঐসব জায়গায় যদি আরও বেশি উৎপাদন করতে পারেন, পশ্চিমবঙ্গকে যদি অন্ধকারে নিমজ্জিত হবার হাত থেকে বাঁচাতে পারেন তাহলে তারজন্য তিনি নিশ্চয়ই প্রশংসা পাবেন, কারণ বিদ্যুতকে রাজনীতির অংশ করতে কংগ্রেস চায় না। আমরা দেখতে চাই, প্রবীরবাবু স্বার্থক বিদ্যুতমন্ত্রী হিসাবে মন্ত্রী সভায় স্থান করে নিয়েছেন, কিন্তু বাস্তবে পশ্চিমবঙ্গ অন্ধকারে ডুবে গেছে এবং তার সেই ব্যর্থতাকে ঢাকবার জন্য প্রয়াস চালানো হচ্ছে। এখানে ১৮ই মে, ১৯৯০ এর লিখিত প্রশ্নোত্তরে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কতগুলো নির্দেশ দিয়েছেন তিনি। তাতে বলেছেন (১) "উচ্চ ক্ষমতা সম্পন্ন শিল্প সংস্থাগুলি সন্ধা ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত কোনও বিদ্যুৎ নিতে পারবে না।" কয়টি জায়গায় এটা স্মুদলি মেনটেন করতে পেরেছেন? (২) "বাণিজ্যিক সংস্থা, ব্যাঙ্ক এবং গার্হস্থ বিদ্যুৎ গ্রাহকগণ সন্ধা ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্রাদি চালু রাখতে পারবেন না।" কয়টি জায়গায় তা করতে পেরেছেন? (৩) "নিয়ন বা মার্কারি জাতীয় উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক আলোর রোশনাই সন্ধা ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত বিজ্ঞাপনের জন্য ব্যবহার করা চলবে না।" সমগ্র এসপ্লানেড ইস্ট এবং মেট্রোর সামনে দাঁড়ালে বা সিধু কানহু ডহরে দাঁড়ালে আলোর রোশনাই দেখতে পাবেন। এতবড় ভ্রষ্টাচারি পাষন্ড আর পশ্চিমবঙ্গে জন্ম নিয়েছে কিনা ভেবে দেখতে হবে। (৪) কৃষকদের প্রতি আবেদন করে বলা হয়েছে যে, সন্ধা বেলা বিদ্যুৎ নেওয়া চলবে না। এতো মহম্মদ বীন তুঘলকের দ্বিতীয় না চতুর্থ সংস্করণ সেটা ভাবতে হচ্ছে! আজকে সমগ্র পশ্চিমবঙ্গে নিষ্ঠুর মার্কসবাদি চিন্তাধারার অনুসরণে এর অর্থনৈতিক বুনিয়াদকে ভেঙে নষ্ট করে দেওয়া হচ্ছে। উদ্দেশ্য হল, এখানে সার্বিক সমস্যা জীইয়ে রাখা, কারণ তা নাহলে মেকি বামপন্থী রাজনীতিকে এই রাজ্যে প্রতিষ্ঠিত করা যাবে না। তাই প্রবীরবাবুর বিদ্যুৎ না দেওয়াটা প্রবীরবাবুর ব্যাপার নয়; তিনি যে রাজনৈতিক দলের সদস্য, এটা সেই রাজনৈতিক দলের চিন্তাধারার একটা স্বার্থক ফলপ্রসু প্রয়াস মাত্র।

আমরা দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী নাকি রেগে-টেগে যান। কেন যে তিনি রেগে যান তা আমরা জানি না, তিনি যে কখন কোথায় থাকেন আমরা জানি না। বিদ্যুতের এই হালের জন্য যদি পশ্চিমবাংলার কাউকে আসামির কাট গড়ায় দাঁড় করাতে হয় তাহলে প্রথমে মাননীয় জ্যোতি বসুকে দাঁড় করানো উচিত। যে কয়েক বছর বিদ্যুৎ দপ্তরে ছিলেন চূড়ান্ত নৈরাজ্য সৃষ্টি করে গেছেন। তিনি আবার অংশুমান ঘটককে নিয়ে এসেছেন, প্রবীরবাবুর সঙ্গে ঝগড়া হবার পর চলে গিয়েছিলেন, আবার তাকে ফিরিয়ে এনে এডভাইসার করা হয়েছে। প্রবীরবাবুকে রিপোর্ট না দিয়ে সরাসরি মুখ্যমন্ত্রীকে রিপোর্ট করতে বলা হয়েছে। সি.ই.এস.সি এক্স ম্যানেজিং ডিরেক্টর অসিত মিত্রকে অ্যাডভাইসারি কমিটির মেম্বার করে আনা হয়েছে। দ্বি-মুখি রাজনৈতিক অবস্থার চাপে পড়ে, দ্বিমুখি প্রশাসনের চাপে পড়ে পশ্চিমবাংলার ৬ কোটি মানুষ ধুঁকছে, পশ্চিমবাংলার কৃষি ধুঁকছে এবং পশ্চিমবাংলার অগ্রগতি ধুঁকছে। পশ্চিমবাংলার অর্থনৈতিক বুনিয়াদ ভেঙে পড়েছে, একটা ভাবের ঘরে চুরি করছে। শুধু চুরি নয় তারা পশ্চিমবাংলাকে খুন করছে, পশ্চিমবাংলার মানুষকে খুন করছে। এরজন্য মন্ত্রী মহাশয়কে ফাঁসির আসামি হিসাবে দাঁড় করিয়ে ফাঁসি দেওয়া দরকার। তাই আমি বলবো আমাদের এই প্রস্তাবকে শুধু সমর্থন করা নয়, সমস্ত ট্রেজারি বেঞ্চের সদস্যদের আবেদন করবো আপনাদের বিবেকের কথা চিন্তা করে সামগ্রিকভাবে পর্যালোচনা করে মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে মন্ত্রী সভা থেকে মন্ত্রী মহাশয়কে তাড়িয়ে দিন। আপনারা আমাদের এই প্রস্তাবকে সমর্থন করুন।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধী দলের পক্ষ থেকে বিদ্যুৎ সঙ্কটের উপরে যে প্রস্তাব আনা হয়েছে প্রথমেই আমি মনেকরি আসলে ওরা ভাবের ঘরে চুরি করছেন। আমরা সকলেই জানি প্রকৃতপক্ষে বিদ্যুৎ সঙ্কট এটা আজকের নয়, ১৩ বছরের নয়। কংগ্রেস পক্ষ থেকে বলা হচ্ছে ১৩ বছরের এই বিদ্যুৎ সঙ্কট এবং তারজন্য বামফ্রন্ট সরকারকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছেন। আমরা জানি দুই ধরনের ব্যবস্থা আছে, একটা হচ্ছে স্বল্প মেয়াদি এবং আর একটা হচ্ছে দীর্ঘ মেয়াদি। দীর্ঘ মেয়াদি পরিকল্পনার ক্ষেত্রে পূর্বতন সরকার যে সমস্ত ঘটনা ঘটিয়েছিল তা আমরা জানি। প্রকৃত সঙ্কট কোথা থেকে সৃষ্টি হয়েছে সেটা আমরা জানি। আজকে বিধানসভায় আমরা কলিকাতার ৩০০ বছর পূর্তি উপলক্ষে আলোচনা করছি। ৪৩ বছর আগে যখন কংগ্রেস ভারতবর্ষে এসেছিল তারা যে নীতি এবং আদর্শকে ভিত্তি করে আমাদের দেশের উৎপাদন ব্যবস্থা, আমাদের দেশের শিল্প কারখানা গড়ে তোলার ক্ষেত্রে যে নীতি নির্ধারণ করেছিলেন তারমধ্যে সৃষ্টি নিহিত ছিল। সেই নিহিত ব্যবস্থার জন্যই আজকে পশ্চিমবাংলাকে উত্তরাধিকার সূত্রে নানারকম অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। আজকে পর্যন্ত এখানে যা ঘটনা ঘটছে নিশ্চয়ই সেটা দীর্ঘ মেয়াদি পরিকল্পনার মধ্যে বিষয়ের ফলে হয়েছে। স্বল্প মেয়াদি পরিকল্পনা বামফ্রন্ট সরকার করছে, দীর্ঘ মেয়াদি পরিকল্পনা সঠিকভাবে করতে পারছে না সীমাবদ্ধতার জন্য। আপনারা সকলেই জানেন ১৯৭২ সালে যে সমস্ত অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল এটাও একটা অন্যতম কারণ। আজকে ইউনিয়ন রাইভেলরির নামে বিভিন্ন ইউনিয়ন বিশেষ করে আই.এন.টি.ইউ.সি-র লোকজন বিভিন্ন জায়গায় স্যাবোটেজ করছে। এই ক্ষেত্রে আমি নিশ্চয়ই বলবো তারমধ্যেও যাতে করে স্বল্প মেয়াদি ব্যবস্থা নিয়ে বিদ্যুৎ সমস্যার সমাধান করা যায় সেটা আমাদের করা

দরকার। আমি মনেকরি উত্তরবঙ্গে যে তিস্তা প্রকল্প রয়েছে সেই তিস্তা প্রকল্পে হাইড্রো-ইলেকট্রিকের বিরাট সম্ভাবনা রয়েছে। পূর্বতন সরকার যেটা কেন্দ্রে ছিলেন তারা তিস্তা নিয়ে রাজনীতি করেছেন। বর্তমান সরকার আসার পর সেখানে উপযুক্ত ব্যবস্থা নিয়েছেন। আশাকরি এখানে হাইড্রো ইলেকট্রিক উৎপাদন সম্ভব হবে এবং এটা হলে দক্ষিণবঙ্গ থেকে শুরু করে উত্তরবঙ্গেও হাইড্রো-ইলেকট্রিকের সমস্যা মেটানো যাবে। তারসঙ্গে পাশাপাশি রাজ্য থেকে কিছুটা বিদ্যুৎ নিয়ে যে সমস্ত এসেনসিয়াল সারভিস আছে, যেমন দুগ্ধ সরবরাহ, হাসপাতাল, খবরের কাগজ এবং অন্যান্য যে সমস্ত এসেনসিয়াল সারভিস রয়েছে দেবার ব্যবস্থা করলে ভাল হয়। ন্যাশনাল গ্রিড থেকে নিয়ে এবং বাইরের রাজ্যের কাছ থেকে উদ্যোগ নিয়ে বিদ্যুৎ নিয়ে এসেনসিয়াল সারভিস গুলোতে ঠিকমতো যাতে দেওয়া যায় তার ব্যবস্থা আপনি নিশ্চয়ই নেবেন। বিশেষ করে সামনে বাংলার পূজার উৎসবের আগে এখানে যে ধরনের প্রস্তাব এসেছে তাতে আমাদের আশঙ্কা যে নানা ধরনের স্যাবোটেজ করার চেষ্টা করা হবে। সাধারণ মানুষ চান মিনিমাম কমফোর্ট। বিদ্যুৎ আজকে জনজীবনে এসেনসিয়াল। স্বাধীনতা লাভের পরে বিগত কংগ্রেস সরকার দীর্ঘমেয়াদি ও জনবিরোধী নীতির জন্য আমাদের আজকে বিদ্যুৎ নিয়ে নতুন করে চিন্তা-ভাবনা করতে হচ্ছে। বামফ্রন্ট সরকারের যে সমস্ত কর্মসূচি আছে, চাষের কাজে বিদ্যুতের ব্যবস্থা করা, পরিবহনের ব্যবস্থা করা ইত্যাদি তারা করবেন। কংগ্রেস এখানে যে দোষারোপ করছেন এটা রাজনীতি করার জন্যই রাজনীতি মাত্র। বিদ্যুতের সমস্যা সমাধানের ব্যবস্থা সরকার গ্রহণ করবেন এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় স্পিকার স্যার, শ্রী সৌগত রায়, সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং ডাঃ মানস ভুঁইয়া যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, বিদ্যুৎ এমন একটা জিনিস যেটা বাজারে গেলে কিনতে পাওয়া যায় না। টাকা খরচ করলে এক বছরের মধ্যে বিদ্যুৎ তৈরি হয়না। এখানে বিদ্যুতমন্ত্রী আছেন, আমি তাকে শুধু দোষ দিতে চাই না, এরাজ্যে যারা যারা বিদ্যুতমন্ত্রী হয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী এর আগে বিদ্যুতমন্ত্রী ছিলেন আমি গতকাল তাকে একটা প্রশ্ন করেছিলাম। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানের উপরে আমি একটি প্রশ্ন তুলেছিলাম, তিনি বলেছিলেন কোনও টাকা ফেরত যায়নি। আমি জানতে চাই, এখানে মাননীয় সদস্যরা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের পাপের ফল আমাদের বইতে হচ্ছে, সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে আপনাদের যে প্ল্যান অ্যালোকেশন ছিল সেই প্ল্যান অ্যালোকেশনে যে টাকা সেন্ট্রাল ম্যাচিং গ্রান্ট আপনাদের দেবার কথা ছিল সেই ম্যাচিং গ্রান্ট আপনারা দিয়েছিলেন? আপনারা প্ল্যান অ্যালোকেশন সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে কমিয়ে এনেছেন। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে বিদ্যুতের ক্ষেত্রে যে টাকা খরচ করার কথা ছিল তা আপনারা খরচ করেন নি। আজকে যে পরিমাণে বিদ্যুৎ চাইছেন তা পাওয়া সম্ভব হত, যদি কিনা প্ল্যানে টাকা ইনভেস্ট করতে পারতেন। সেটা যেহেতু করেন নি তাই আজকে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সমস্যা। একটা বিদ্যুৎ প্লান্ট তৈরি করতে গেলে ৫।৭ বছর সময় লাগে। আমরা ইনভেস্ট করিনি, প্ল্যান অ্যালোকেশন যেটা ছিল তার থেকে কম টাকা খরচ হয়েছে জ্যোতিবাবু যখন বিদ্যুতমন্ত্রী ছিলেন তখন কম টাকা ব্যয় করা হয়েছে। আজকে আপনি যদি ইনভেস্ট করেন তাহলে '৯৫ সালে বিদ্যুৎ পাওয়া যাবে। অর্থাৎ

আপনাকে ৫।৭ বছর অপেক্ষা করতে হবে। কিন্তু ৫।৭ বছর আগে এটা ইনভেস্ট করলে পশ্চিমবঙ্গবাসিকে এই অবস্থার মধ্যে পড়তে হত না। হোয়াট ইজ দি জেনারেশন ক্যাপাসিটি প্ল্যান্ট লোড ফ্যাক্টর? মধ্যপ্রদেশ, ইউ.পি.তে তাদের প্ল্যান্ট লোড ফ্যাক্টর আর পশ্চিমবঙ্গে এস.ই.বি.র প্ল্যান্ট লোড ফ্যাক্টর কি? আমি মাননীয় মন্ত্রীকে বলছি, এখানে প্রবলেম হচ্ছে টিউনিং আপ'এর, মেনটেন্যান্সের এবং ম্যানেজমেন্টের। এখানে বিদ্যুৎ যেটা পাওয়া সম্ভব ছিল সেটা টিউনিং আপ, মেনটেন্যান্স এবং ম্যানেজমেন্ট যদি ঠিকভাবে হত তাহলে হতে পারতো। কিন্তু এটা হয় না। কনট্রাক্টররা পার্টি লেভেলে আজকে ঢুকে পড়েছে। আমরা খবরের কাগজে লক্ষ করছি যে বিভিন্ন প্ল্যান্টের মধ্যে কনট্রাক্টররা কিভাবে ঢুকে পড়েছে। আমি এটা জানতে চাইছি, মাননীয় মুখ্যমন্ত্রী বল্লেছেন যে ডি.এস.পি. এবং 'ইসকোকে এক্সপানসন করবেন, কিন্তু এক্সপানসন কিভাবে হবে? উনি বলছেন যে পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনা হবে, পশ্চিমবঙ্গের মানুষ বেকার ছেলেরা কাজ পাবে। কিন্তু আমরা বাস্তব অবস্থাটা কি তা তো দেখতে পাচ্ছি। আজকে হাওড়ার শিল্প নগরীর অবস্থা কোথায় চলে গেছে? কোটি কোটি টাকা আজকে পশ্চিমবঙ্গের বাইরে চলে যাচ্ছে, পশ্চিমবঙ্গের শিল্প পড়ে পড়ে মার খাচ্ছে। বিদ্যুতের ব্যবস্থা করতে না পারলে এক্সপানসন তো দূরের কথা, পশ্চিমবঙ্গে এখন যে শিল্পগুলো আছে সেগুলো মার খাবে। এইভাবে কি কোন কারখানা বাঁচানো যায়? আজকে আমরা কি দেখছি আজকের খবরের কাগজে বেরিয়েছে যে রেকেট অ্যান্ড কোলম্যান তাদের হেডকোয়ার্টার শিফট করছে। কর্পোরেট হেড কোয়ার্টার্সগুলি সিফট করছে কারণ তারা সবাই এক্সপ্যানসন চান, কিন্তু এখানে তা হবে না। কারণ এখানে বিদ্যুৎ নেই, টেলিফোন নেই। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয় যে, পশ্চিমবঙ্গের ইতিহাসে স্বাধীনতার পরে এই প্রথম একজনও কেন্দ্রে বাঙালি মন্ত্রী নেই। একমাস ধরে জ্যোতিবাবু বলছেন এবং কিছু না হওয়ার ফলে তিনি একাই প্রতিনিধিত্ব করছেন। তিনিই পশ্চিমবঙ্গের হয়ে এখন দিল্লিতে প্রতিনিধিত্ব করছেন। কিন্তু তিনি কি পারবেন ছিনিয়ে আনতে দিল্লির ক্যাবিনেট পেপার? তিনি পারবেন কি ওই পেপারগুলো পার্টি অফিসে পাঠাতে? বিশ্বনাথ প্রতাপ সিং যে ক্যাবিনেট মিটিং করেন সেই ক্যাবিনেট মিটিংয়ের পেপার কি তিনি বাংলায় আনতে পারবেন? মাননীয় মুখ্যমন্ত্রী তো দিল্লিতে বসে আছেন, তিনি পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থ আজকে দেখবেন কি করে? মাননীয় বিদ্যুতমন্ত্রীকে বলছি, তিনি শুনে রাখুন দু' মাসের মধ্যে বা দেড় মাসের মধ্যে ফারাক্কা বিকল হয়ে যাবে কারণ কয়লা যা যাচ্ছে সেই কয়লা পাথরে ভর্তি। এরফলে ফারাক্কার প্রোডাকশন বন্ধ হয়ে যাবে, আপনি আর চালাতে পারবেন না। আমি আপনাকে একটা কনস্ট্রাকটিভ পয়েন্ট বলতে চাই যে, আপনাকে একটু খুলে বলতে হবে এই প্রাইভেট সেক্টরকে পাওয়ার প্ল্যান্ট দেবার নীতি ঘোষণা করেছেন কি? আপনারা প্রাইভেট সেক্টরকে পাওয়ার প্ল্যান্ট সত্যি দেবেন কিনা এবং একমাত্র সি ই এস সি ছাড়া অন্য কোনও প্রাইভেট সেক্টরকে পাওয়ার প্ল্যান্ট করতে দেবেন কিনা তাহলে সেইরকম ইন্ডাস্ট্রিয়ালিস্ট আসবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতা শেষ করতে বলেছেন কিন্তু মাননীয় মন্ত্রী তো সব শেষ করেই দিয়েছেন।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** স্যার, মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং সৌগত রায় প্রমুখ যে মোশন এনেছেন সেই মোশনের বিরোধিতা করছি। আমি এর বিরোধিতা করে কয়েকটি

কথা বলতে চাই। স্যার, বিদ্যুৎ পরিস্থিতি সত্যিই খারাপ। লোডশেডিংয়ের ফলে খুব খারাপ অবস্থা, কাগজ খুললেই দেখা যাবে অমুখ জায়গার প্ল্যান্টে এত মেগাওয়াট সর্টেজ হওয়ার ফলে লোডশেডিং বাড়বে। এইসব পড়ে লোকে আরও বিরক্ত হয়ে পড়ছে। কিন্তু তা সত্ত্বেও আমি বিরোধী পক্ষের কাছে আবেদন করবো যে বিরোধী দলে আছেন বলেই বিরোধিতা করবো এই মনোভাব নিয়ে সমালোচনা করবেন না। কারণ এটা একটা জাতীয় সঙ্কট, এর বিরোধিতা করলে সঙ্কট থেকে মুক্তি পাবেন না বরং আরও অসুবিধার সৃষ্টি হবে। আমি শুধু আবেদন করবো এই সঙ্কট জাতীয় সঙ্কট, এই জাতীয় সঙ্কট আগামীদিনেও দেখা যাবে। দীর্ঘদিনের প্রসেস ঠিকমতো না হওয়ার ফলে আজকে এই ঘটনা ঘটছে। সুতরাং কারুর ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে পার পেতে পারেন না। পাওয়ারের রিয়ালি ক্রাইসিসের জন্য পরীক্ষার্থিরা পড়া করতে পারে না। বিশেষ করে গ্রামাঞ্চলে একটা দারুণ সঙ্কট চলছে চাষের ক্ষেত্রে লোডশেডিংয়ের ফলে একটা দারুণ ক্রাইসিস চলছে। পরীক্ষার্থিরা পড়াশুনা করতে পারছে না। তারপরে হলদিয়া যেটা একটি গ্রোয়িং ইন্ডাস্ট্রিয়াল সিটি তার প্রোডাকশন কতখানি হতে পারছে। সুতরাং এইসব জিনিস ভাবতে হবে। সেইজন্য আমার আবেদন এই বিষয়ে একটু ভাবুন, এরজন্য হুকিং বন্ধ করার দরকার আছে, কনট্রাকটারি সিসটেম কমিয়ে আনতে হবে এবং ওয়াকার্সদের উপরে নির্ভরশিলতা বাড়াতে হবে। বয়লারের মেনটেনেন্সের ব্যাপারে আপনি বেশি জানেন। প্রত্যেকটি বয়লার ঠিকমতো মেনটেনেন্স করতে হবে। কন্টিনিউয়াস প্ল্যান্ট চলার ফলে বয়লার ক্যাজুয়ালি বা ফ্রিকয়েন্টলি ডাউন হয়ে যাচ্ছে। এরফলে ব্রেকডাউন বেড়ে যাচ্ছে। যদি ঠিকমতো মেনটেনেন্স না করা যায় তাহলে ভবিষ্যতে আরও খারাপ অবস্থার সৃষ্টি হবে। ম্যানেজমেন্টে কোনও টাইমবাউন্ড প্রোগ্রাম নেই। একটা টাইমবাউন্ড প্রোগ্রাম করে কি করে এই অবস্থা উতরানো যেতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই পাওয়ার ক্রাইসিস বন্ধ করার জন্য প্রত্যেকটি পাওয়ার সেন্টারে সার্ভে করার জন্যে দায়িত্বশীল একজন অফিসার নিযুক্ত রাখতে হবে। ওয়ার্কাস এবং টেকনিসিয়ান্সদের নিয়ে একটি বাহিনি গঠন করে প্ল্যান্টগুলি চালু করা দরকার। প্ল্যান্টের মর্ডানাইজ করা দরকার। এবং তারজন্য পরিকল্পনা গ্রহণ করা দরকার। এই ব্যাপারে মনিটারিং করার জন্য একজনকে দায়িত্ব দিতে হবে। টোটাল ব্যাপারটা মনিটারিং করার জন্যে যেকোনও দলের প্রতিনিধি যথা আই এন টি ইউ সি বা সিটু ইউনিয়নের লিডারের সহযোগিতা নেওয়া যেতে পারে। এই ব্যাপারে সকলের কো-অপারেশন দরকার। এইরকম একটা পাওয়ার ক্রাইসিসে সকলকে বিষয়টা দেখতে হবে। এমন একটা সময় এসেছে যে, এই পাওয়ার নিয়ে সকলকে ভাবতে হবে, ওয়েস্ট বেঙ্গলে এই ক্রাইসিস তীব্র আকারে দেখা দিয়েছে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করবো এই ব্যাপারে একটু লিবারেল হয়ে এই ক্রাইসিসের জন্য একটা পরিকল্পনা গ্রহণ করুন।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় সদস্য শ্রী সৌগত রায়, মানস ভুঁইয়া এবং সুদীপ বন্দ্যোপাধ্যায় আনিত প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। পশ্চিমবাংলার সাধারণ মানুষের মধ্যে একটা ধারনা হয়ে গিয়েছে যে পশ্চিমবাংলার সরকার বোঝে বিদ্যুৎ উৎপাদন করা দরকার কিন্তু প্রয়োজনীয় নয় তাই তারা বিদ্যুৎ নিয়ে দীর্ঘ মেয়াদি রাজনীতি করতে চাইছেন। আর নূতন যদি বিদ্যুৎ কেন্দ্র তৈরি হয় সেটাকে চালু রাখার জন্য যেটা দরকার সেটা হচ্ছে রাজ্য সরকারের উদ্যোগ, কিন্তু আমি দুঃখের সঙ্গে

*লক্ষ করছি রাজ্য সরকারের সেই উদ্যোগ নেই। ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সি যেটা বলা হয় সেটা রাজ্য সরকারের নেই। আজকে পশ্চিমবাংলার সাধারণ মানুষের মধ্যে একটা কথা* চালু হয়ে গিয়েছে বিদ্যুৎ কেন্দ্রর বিষয়ে নূতন করে চিন্তা-ভাবনা ইমাজিনেশন নেই, ইমাজিনেশনের অভাবে আজকে পশ্চিমবাংলার বিদ্যুতমন্ত্রী ভুগছেন। পশ্চিমবাংলায় যে সমস্ত বিদ্যুতকেন্দ্র রয়েছে সেখানে কাজের পরিবেশ নেই, সেখানে কাজের পরিবেশের জন্য যে সমস্ত ম্যানেজেরিয়াল পাওয়ার দরকার সেইগুলি নষ্ট হয়ে গিয়েছে। কলকাতায় সি.ই.এস.সি.-র বিদ্যুতকেন্দ্রগুলির কাজের সমীক্ষা দেখলে বোঝা যাবে বিদ্যুত্‌কেন্দ্রগুলি পুরনো হয়ে গিয়েছে, উৎপাদন কমে গিয়েছে। কলকাতার সি.ই.এস.সি.-র রিপোর্ট দেখলে বোঝা যাবে মূলাগোড়ের জেনারেটিং সেন্টারের- যেটি ১৯৩৯ সালে তৈরি হয়েছে প্ল্যান লোড ফ্যাকটারের ক্যাপাসিটি হচ্ছে ৫১ শতাংশ, এবং নিউ কাশিপুরে-যেটি তৈরি হয়েছিল ১৯৪৯ সালে প্ল্যান লোড ফ্যাক্টর হচ্ছে ৭৭ শতাংশ। ফলে রাজ্য সরকারের যে সমস্ত চালু বিদ্যুৎ কেন্দ্রগুলি রয়েছে সেখানে প্ল্যান লোড ফ্যাক্টর হচ্ছে ৪০ ভাগ। আজকে আমরা বিদ্যুৎ ঠিকমতো পাচ্ছি না, চিকিৎসা হচ্ছে না, রক্ত নষ্ট হয়ে যাচ্ছে, পরীক্ষা কেন্দ্রগুলিতে পরীক্ষার্থিরা পরীক্ষা দিতে পারছে না, ছোট ছোট কুটির শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে, ৩০ হাজার কলকারখানা বন্ধ, ট্রেন বন্ধ হয়ে যাচ্ছে, তাই আজকে সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায়, মানস ভুঁইয়ার আনিত প্রস্তাবকে সমর্থন করছি এবং পশ্চিমবাংলার এই বিদ্যুতের বেহাল অবস্থার জন্য তাকে ভৎর্সনা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে সুদীপ বন্দ্যোপাধ্যায়ের আনিত মোশনকে সমর্থন করছি।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের উপর যে প্রস্তাব আজকে এসেছে তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। একটা কথা হচ্ছে, আজকে এই যে বিদ্যুতের সঙ্কট এটা একটা সার্বিক সমস্যা, এই সমস্যার সমাধানের জন্য সকলের চেষ্টা করা দরকার। এই সমস্যাটা কিন্তু আজকে নূতন নয়, বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার উপর দাঁড়িয়ে দীর্ঘদিনের যে সমস্যা পূর্বের সরকার আরোপ করে গিয়েছিলেন তাকে সমাধান্ করার জন্য চেষ্টা করে এসেছেন। এটা ঠিকই বিদ্যুৎ-র সঙ্কট আছে; কিন্তু তাকে সমাধানও করতে হবে। আজকে সঙ্কটের পাশাপাশি যেটা চেষ্টা করা হচ্ছে সেটা কিন্তু আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকেই করা হচ্ছে, এটাও ভেবে দেখা দরকার। আজকে বিদ্যুৎ উৎপাদন করবার জন্য ন্যাচারাল রিসোর্সকে কাজে লাগানো হচ্ছে এটা একটা লক্ষনীয় পদক্ষেপ এবং একটা নূতন ধারা প্রবর্তন করেছে। যেমন সৌরশক্তিকে কাজে লাগানো হয়েছে। আজকে বায়োগ্যাস প্ল্যান্টের যে প্রচেষ্টা এটা খুব ভাল পদক্ষেপ, পূর্ববর্তী সরকারের চেয়ে বামফ্রন্ট সরকারের বায়োগ্যাস প্ল্যান্টের অর্থনৈতিক পরিকল্পনা এটা কি অনস্বীকার্য নয়? আজকে সৌরশক্তি থেকে বিদ্যুৎ উৎপাদন করার ক্ষমতা, যেটা আমাদের বিদ্যুতমন্ত্রী করার চেষ্টা করেছেন, এটা তো আজকে একটা উল্লেখযোগ্য বিষয়। আজকে যে প্রচেষ্টা তিনি চালাচ্ছেন এবং ছোট ছোট নদী থেকে, খরস্রোতা নদী থেকে তার বিদ্যুৎ উৎপাদনের প্রচেষ্টা সেটা উল্লেখ যোগ্য। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55 — 5-05 P.M.]

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলতে চাই যেটা, সেটা হচ্ছে, বিদ্যুতের যে সমস্যা বা সঙ্কট দেখা দিয়েছে এবং তারজন্য জনসাধারণ যে অসুবিধার মধ্যে পড়েছেন, তারজন্য আমি দুঃখিত। কিন্তু আজকে এই যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তারজন্য দায়ী কে? প্রথমত আমি অনেকবার বলেছি, আপনারা সকলেই জানেন যে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ পরিস্থিতির জন্য কেন্দ্রীয় সরকার দায়ী, যারা এতকাল সরকারে ছিল। পশ্চিমবঙ্গ একটা সময়ে বিদ্যুৎ উৎপন্ন করবার ক্ষেত্রে প্রথম স্থানে ছিল, এখন এটা সপ্তম রাজ্যে পরিণত করেছেন। বিদ্যুৎ উৎপন্ন করবার ক্ষেত্রে যা যা দরকার, তা সবই আছে, কয়লা আছে, জল আছে, কিন্তু করতে দেওয়া হয়নি। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকার আসার পর ১৩০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করতে পেরেছে। আমরা জানি বিদ্যুতের চাহিদা বাড়বে, চাহিদা বাড়াটা অস্বাভাবিক নয়। বিদ্যুতের চাহিদা ইউরোপে মাথাপিছু যা হয়, পশ্চিমবঙ্গ তার চেয়ে অনেক পিছিয়ে আছে। চাহিদা যত বাড়বে, বুঝতে হবে অগ্রগতি তত ঘটছে। চাহিদা বাড়ার জন্য পরিকল্পনা আমরা এমনভাবে করেছিলাম যে প্রতি বছর যাতে একটা করে ইউনিট আসে। পরিকল্পনা ছিল ২১০ মেগাওয়াটের। কিন্তু কি হল? এ.ভি.এল., তাদের কোনও অর্ডার দিচ্ছিলেন না ভারত সরকার। তারা শেষ পর্যন্ত বাধ্য হয়ে বোম্বে হাইকোর্টে গেলেন এবং বললেন যে আমাদের যে শিল্প আছে সেটাকে বন্ধ করবার অধিকার দেওয়া হোক, আমরা ক্লোজার করতে চাই। আমাদের কোনও অর্ডার নেই। কিন্তু ভারত সরকার যেটা ২২ দিনে সিদ্ধান্ত করতে পারতেন কেন্দ্রে রাজীব গান্ধীর নেতৃত্বে যে দায়িত্বজ্ঞানহীন সরকার ছিল তারা ২২ মাস সময় লাগিয়ে দিলেন। ২২ মাস নষ্ট করলেন, এবং তারপর বললেন যে এ.ভি.এল.কে অর্ডার দেওয়া হবে। এরফলে পশ্চিমবঙ্গে কি হল? কোলাঘাটে যেসব ইউনিট এ.ভি.এল.কে করেছিল সেটা করতে তাদের ২২ মাসের চেয়ে বেশি সময় লাগলো। আমাদের অভিজ্ঞতায়, আমরা দেখেছি যে, এক একটা ইউনিট আসতে অনেক সময় নিয়ে নিচ্ছে। ৪ বছরে ১টি, ৫ বছরে ৩টি। বিদ্যুতের যেহেতু প্রয়োজন, বিদ্যুতের চাহিদা আছে, ভেল (বি.এইচ.ই.এল.) কে আমরা বলেছিলাম যে টার্ণ কি বেসিসে চার বছরে একটা, পাঁচ বছরে তিনটে করতে হবে। তাদের আমরা ৭০ থেকে ৮০ কোটি টাকা বেশি দিতে রাজি ছিলাম যেহেতু বিদ্যুতের চাহিদা আছে এবং সেটা দরকারও আছে। সেখানে আমাদের যা ছিল দেখুন, তার একটা তথ্য দিচ্ছি চার নম্বর ইউনিট মার্চ ৮৯তে আসার কথা ছিল, পাঁচ নম্বর ইউনিট সেপ্টেম্বর ৮৯তে আসার কথা ছিল, এবং ছয় নম্বর ইউনিট মার্চ ৯০তে আসার কথা ছিল। কিন্তু বাস্তবিক কি হল ইউনিট চার ডিসেম্বর ৯১তে আসবে, ইউনিট পাঁচ নভেম্বর ডিসেম্বর আসবে এবং ইউনিট ছয় ৯১-১২ সালে আসবে। কিন্তু এই যে ৩৩ মাস, ১৪ মাস, ১৯ মাস আমরা পিছিয়ে গেছি এরজন্য আমরা দায়ী নয়। ভারতবর্ষের একটা বড় সংগঠনকে আমরা টার্ণ কি ভিত্তিতে অর্ডার দিয়েছিলাম, যদি এইগুলি ঠিকমতো আসত তাহলে আজ এই অবস্থা হত না। সুতরাং আমি মাননীয় সদস্যদের বলব এবং জনসাধারণকেও বলব পশ্চিমবঙ্গ সরকার পরিকল্পনা করে এই অবস্থার মোকাবিলা করছে। যেভাবে অগ্রসর হলে অবস্থার উন্নতি হত এ.বি.এল এবং বি.এইচ.ই.এল টার্ণ কি ভিত্তিতে সেগুলো না দেওয়ার ফলে এই অবস্থার সৃষ্টি হল। শুধু তাই নয় এখানে

আমাদের বলা হয়েছে যে পুরানো ইউনিট সম্পর্কে। এটা ঠিকই কারিগরি দিক থেকে এবং প্রশাসনিক দিক থেকে আমাদের যেমন অগ্রগতি ঘটার দরকার ছিল, সেইরকম অগ্রগতি ঘটেনি। তবে ১৯৭৭ সালে যে অবস্থাটা ছিল, সেই অবস্থার আজ উন্নতি হয়েছে। তখন চেয়ারম্যান যেখানে বসেন, সেখানে তার টেবিলের উপর দাঁড়িয়ে নাচা যেত, কিন্তু চাকরি যেত না, কেউ ছাঁটাই হত না, কেউ সাসপেন্ড হত না। তখন ইঞ্জিনিয়ারকে ঘেরাও করা হত, তখন একটা অরাজকতা অবস্থার সৃষ্টি হয়েছিল। কিছু লোককে তখন টেকনিক্যাল-এ ঢুকিয়ে দেওয়া হয়েছিল। ১৯৭৭ সালে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, আজ সেই পরিস্থিতির অনেকটা উন্নতি ঘটেছে। সেটা কারিগরি দিক থেকেই বলুন, আর প্রশাসনিক দিক থেকেই বলুন। তবে এতে আমরা সন্তুষ্ট নই, কারিগরি দিক থেকে এবং প্রশাসনিক দিক থেকে আমাদের অনেক ত্রুটি-বিচ্যুতি আছে। কারিগরি দিক থেকে এবং প্রশাসনিক দিক থেকে আমাদের নিশ্চয় আরও উন্নতি করা দরকার ছিল এবং সেটা আমাদের করতে হবে। কিন্তু মনে রাখতে হবে, যে ১৯৭৭ সালে যে অবস্থা ছিল সেই অবস্থার আজ পরিবর্তন হয়েছে। শুধু তাই নয়, বিদ্যুৎ কর্মচারিদেরও আমরা পরিবর্তন করতে পেরেছি। শুধু তাই নয়, কর্মচারিদের বিরুদ্ধে আমরা শাস্তিমূলক ব্যবস্থাও নিয়েছি এবং শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে আমরা ইঞ্জিনিয়ারদেরও ছাঁটাই করেছি। যে সমস্ত ইউনিয়ন আছে যেমন আই.এন.টি.ইউ সদস্যদের আমরা কমিটির সদস্য করেছি এবং তাদের পরামর্শ গ্রহণ করেছি এবং জেলাস্তরেও যে কমিটি করা হয়েছে সেখানেও এই ইউনিয়নের সদস্যদের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এরা সব জায়গায় সহযোগিতা করেছে। আপনারা শুধু বিদ্যুৎ উৎপাদনের কথাই বললেন, কিন্তু বিদ্যুৎ পরিবহন ও বন্টনের ব্যাপারটা আরও সাংঘাতিক। মাকড়সার জালের মতো তারগুলি রয়েছে, ঐ তারের ওপর একটা কিছু পড়লে, সে পাখি হোক আর যাই হোক তাতে বিদ্যুৎ বন্টনে ডিস্ট্রাব হয় এবং তার প্রতিক্রিয়া অনেক দূর পর্যন্ত প্রসারিত হয়। এখানে অনেক ত্রুটি আছে, এটা আমাদের দূর করতে হবে। কারণ আগামী দিনে আমরা যে বিদ্যুৎ উৎপাদন করার চেষ্টা করছি তার পরিবহন ও বন্টনটা ঠিকমতো করতে হবে এবং মানুষের কাছে ঠিকমতো বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। আপনারা জানেন সাঁওতালডির ব্যাপারটা। ব্যান্ডেল ও কোলাঘাট সর্বভারতীয় গড় বিদ্যুৎ উৎপাদন করে প্রাইজ পাচ্ছে, কিন্তু সাঁওতালডি কোনও প্রাইজ পাচ্ছে না। সমস্ত ভারতবর্ষে গড় বিদ্যুৎ উৎপাদন কম বেশি হয়, ধরুন ডি.ভি.সি, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ, পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন এদের থেকে কিন্তু সি.ই.এস.সি বেশি বিদ্যুৎ উৎপাদন করতে পারছে। কারণ এর চাহিদা সীমাবদ্ধ আছে, বেড়ে যাচ্ছে না। আমাদের কোনও কোনও সময় বিদ্যুৎ উদ্বৃত্ত হয়, সেইজন্য বিদ্যুৎ উৎপাদন কমিয়ে দিতে হয়, আর দেখা যায় সেদিনই কোনও একটি জায়গায় বিদ্যুতের ঘাটতি হচ্ছে, লোডশেডিং হচ্ছে। কাজেই এই সমস্যাটা হচ্ছে, এবং এটা আমরা দূর করবার চেষ্টা করছি। আমরা অযোধ্যা পাহাড়ে পাম্প ওয়াটার স্কীম করেছি, ওখানে অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদনের সময় জলটাকে উপরে তুলে রাখা হবে, আর যখন ঘাটতি হবে তখন ঐ জল দিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হবে এবং ২৩০ থেকে ৯০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যাবে। এইরকম একটা পরিকল্পনা আমরা করেছি এবং এই বিষয়ে জাপানের সাথে আমাদের কথা হয়েছে এবং চুক্তিও হয়েছে। এছাড়াও আমরা পাশের রাজ্য উড়িষ্যা থেকে পিক আওয়ারে বিদ্যুৎটা আনার জন্য আমরা কথাবার্তা বলেছি।

[5-05 — 5-15 P.M.]

আমি সাঁওতালডির ব্যাপারে বলি। এখানে অনেকে বলবেন অমুককে চাই, তোমুককে চাই। ইঞ্জিনিয়ারদের ত্রুটি থাকলে করার কি আছে। যারা টার্বাইন তৈরি করছে কেন তাদের বলা হয়েছে টার্বাইন ঠিক কর। বয়লার খারাপ হচ্ছে, বয়লারের ওভারহলিং-এর জন্য এ বি এলকে দেওয়া হচ্ছে। সুতরাং তাদের মধ্যে যোগ্য ইঞ্জিনিয়ার আছে, ভাল ইঞ্জিনিয়ার আছে, তাদের নিয়োগ করা হচ্ছে। এখানে কোনও ব্যক্তির সমস্যা নয়, কোনও ব্যক্তি বেশি আনতে পারেন, কোনও ব্যক্তি কম আনতে পারেন, বিদ্যুৎ উৎপাদনের জন্য টিম ওয়ার্ক দরকার। যারা কাজ করেন তাদের দিয়ে একটা কো-অর্ডিনেটেড ওয়েতে কাজ করতে হবে, কোনও ব্যক্তি প্রশাসনিক দিক থেকে পণ্ডিত হতে পারেন, কারিগরি দিক থেকে পণ্ডিত হতে পারেন, সেইরকম একজন ব্যক্তি এসে রাতারাতি ঠিক করে দিতে পারেন এই বিশ্বাস আমি করি না। যারা আছেন তাদের উদ্বুদ্ধ করতে হবে, সাহায্য করতে হবে টেকনিক্যালি এবং প্রশাসনের দিক থেকে। আমি এটা বলতে পারি যেভাবে সমস্ত জিনিসটা আছে তাতে সেপ্টেম্বর মাসের মাঝামাঝি থেকে বিদ্যুতের পরিস্থিতি আরও ভাল হবে, বর্ষা চলে যাওয়ার জন্য বিদ্যুতের উৎপাদন বাড়বে। ফরাক্কায় ২৭ হাজার মেট্রিক টন কয়লা আছে, সেই কয়লা ব্যবহার করা যাচ্ছে না, তারমধ্যে জল মিশে আছে। তারজন্য ফরাক্কায় একটা ইউনিটকে বন্ধ করে রাখতে হয়েছে। ভি পি এসে কাদা যুক্ত কয়লা ঢুকে যাচ্ছে, তারজন্য উৎপাদন করতে পারছে না। বর্ষাকালে আমরা কি করব, কোল মাইনস থেকে সোজাসুজি কয়লা নিয়ে ফিড করা হত, এখন তা হতে পারছে না। আমাদের স্টকে বেশি কয়লা নেই। সেজন্য ভাল কয়লা সেপ্টেম্বরের মাঝামাঝি থেকে আসবে। কোলাঘাটে এখন ৩২৫ মেগাওয়াট উৎপাদন হচ্ছে, এরসঙ্গে ২১৩ মেগাওয়াট যুক্ত হবে। কোলাঘাটে চতুর্থ এবং ষষ্ঠ ইউনিটের আগে পঞ্চম ইউনিট ১৯৯৪ সালে ডিসেম্বর মাসে সিনক্রোনাইজ করবে এবং আগামী বছর মার্চ মাসের মধ্যে ২১৩ মেগাওয়াটের ইউনিট চালু হবে। কলকাতার সাদার্ন ইতিমধ্যে বিদ্যুৎ দিচ্ছে এবং পুরো বিদ্যুৎ দেবে ৬৭.৫ মেগাওয়াট ১ মাসের মধ্যে। এই বছরে প্রায় ৪৮৭.৫ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত হচ্ছে। তারপর ১৯৯১-৯২ সালে কোলাঘাটের চতুর্থ এবং ষষ্ঠ ইউনিট থেকে ৪২৩ মেগাওয়াট, সাদার্ন থেকে ৬৭.৫ মেগাওয়াট পাওয়া যাবে। তারপর ১৯৯১-৯২ সালে রাম্মাম থেকে ২.৭৫ মেগাওয়াট জল বিদ্যুৎ পাব। তারপর ধরুন ১৯৯১-৯২ সালে ফরাক্কার চতুর্থ ইউনিট থেকে ৫৩০ মেগাওয়াট আসবে। ১৯৯২-৯৩ সালে তিস্তা থেকে ৬৭.৫ মেগাওয়াট আসবে, আর একটা পঞ্চম ইউনিট ফরাক্কা থেকে ৫০০ মেগাওয়াটের আসবে। ডি ভি সি'র মেজিয়ায় যে প্রথম ইউনিট ১৯৯২-৯৩ সালে হবে ২১০ মেগাওয়াট বিদ্যুৎ মেজিয়া থেকে আসবে। ১৯৯৩-৯৪ সালে মেজিয়া দ্বিতীয়, তৃতীয় ইউনিট আসবে। এছাড়া বিহারের ডি.ভি.সি.র বিদ্যুৎ আসবে। উড়িষ্যার এন.টি.পি.সি.র বিদ্যুৎ আসবে। ফরাক্কা থেকে তারা'ও যেমন সাপ্লাই পাবে, আমরা'ও তেমনি সেখান থেকে সাপ্লাই পাব। আমরা এখন সঙ্কটের মধ্য দিয়ে যাচ্ছি। ঠিকই এবং জনসাধারণের অনেক অসুবিধা হচ্ছে এটা ঠিক। কিন্তু আগামী সেপ্টেম্বর মাসের মাঝামাঝি থেকে পরিস্থিতির পরিবর্তন হবে এবং পুজোর আগেই হবে। পুজোর সময় আলো দেখতে পাবেন। আপনাদের খুশি করার জন্য আলো চলে যাবে না। এছাড়া ডিসেম্বর মাসের মধ্যে আরও দুটি ইউনিট আসছে। অর্থাৎ এই বছরের মধ্যে ২১০ মেগাওয়াটের দুটি ইউনিট আসবে। সুতরাং বর্তমানে যে পরিস্থিতির

সৃষ্টি হয়েছে এরজন্য কেন্দ্রীয় সরকার দায়ী এবং তাদের নীতি'ই দায়ী। তারা আজকে বড় বড় কথা বলছেন। বক্রেশ্বরের ব্যাপারটা আপনারা জানেন। বক্রেশ্বর ওরা দেন নি। ওদের যিনি প্রধানমন্ত্রী ছিলেন তিনি এখানে এসে ধাপ্পা দিয়ে গিয়েছিলেন। তিনি বলেছিলেন ৩ মাসের মধ্যে করে দেব। তারপর আর দিলেন না। আমাদের কাজ শুরু করতে হয় জনসাধারণের পয়সা দিয়ে, জনসাধারণের সমর্থন নিয়ে। তারপর ঐ সরকারের পরিবর্তন হল। যা করেছিলেন তাতে জনসাধারণ তাদের বিতাড়িত করেছেন। তাদের ত্যাগ করার ফলেই নতুন সরকার এল। নতুন সরকার আসার পরে সোভিয়েতের সঙ্গে কথা বলে ব্যবস্থা করা হল। লজ্জায় ওদের বিধানসভায় মাথা নিচু করে থাকা উচিত। হলদিয়া প্রকল্প আমরা এতদিন ধরে পাইনি। এখন পাচ্ছি। সম্পূর্ণ অবস্থার পরিবর্তন হয়েছে। পশ্চিমবঙ্গে একটা নতুন পরিস্থিতির সৃষ্টি হয়েছে যাতে এখানে কলকারখানা হয়। এখানে কলকারখানা হলে বিদ্যুতের কোনও অভাব হবে না। কৃষিতে যে বিদ্যুতের দরকার হবে, তার কোনও অভাব হবে না। সেইজন্য আমাদের সমস্ত পরিকল্পনা চিন্তা করে করা হয়েছে। সুতরাং যারা আজকে খুব উতফুল্ল হয়ে উঠছেন বিরোধী দলের পক্ষ থেকে তারপর এখানে এসে আর কোনও কথাই বলতে পারবেন না। এরজন্য তাদের পরে দুঃখ করতে হবে।

**মিঃ স্পিকার :** এই আলোচনার জন্য যে সময় ধার্য করা ছিল সেই সময়ের মধ্যে আলোচনা শেষ করা সম্ভব হবে না। সেইজন্য আমি হাউসের অনুমতি নিয়ে আধ ঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি। আশাকরি আপনাদের সকলের সম্মতি আছে। অতএব আধ ঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হল।

[5-15 — 5-25 P.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি এখানে বিদ্যুৎ পরিস্থিতির নিন্দা করে প্রস্তাব রেখেছিলাম। আমি মূলত চেয়েছিলাম একটা নিন্দা প্রস্তাব আনতে। কিন্তু আমাদের হাউসে নিন্দা প্রস্তাবের সুযোগ নেই, যেমন পার্লামেন্টের আছে, তাই শুধু বিদ্যুৎ পরিস্থিতির নিন্দা করতে হয়েছে, বিদ্যুতমন্ত্রীর নিন্দা করতে পারিনি। অর্থাৎ যে কাজ যাকে দিয়ে হয় যে লোকের হওয়া উচিত সিটু ইউনিয়নের অফিস ক্লার্ক, তাকে যদি বিদ্যুতমন্ত্রী করা হয় তাহলে যেভাবে বিদ্যুৎ চলার কথা সেইরকমই চলছে। এই অপদার্থ অজুহাত ১৩ বছর ক্ষমতায় থাকার পরে'ও যে দিতে পারেন এটা আমি বুঝতে পারিনা। ১৯৭৭ সালে ক্ষমতায় এসেছিলেন। সেইভাবে প্ল্যান করলে ১৯৮১ সাল থেকে ৪ বছরের মধ্যে নতুন বিদ্যুৎ কেন্দ্র আসতে পারত। ৯ বছর ২০০ মেগাওয়াট করে হলে ১৮০০ মেগাওয়াটের নতুন বিদ্যুতের ক্যাপাসিটি হতে পারত। কিন্তু হয়েছে কত? ১৩০০ মেগাওয়াট। এটা জেনে রাখা উচিত যে, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা হচ্ছে সেভেন। ১৯৮৭ সালের হিসাবে দেখা যাচ্ছে মহারাষ্ট্রের হচ্ছে ৭ হাজার মেগাওয়াট, সেখানে পশ্চিমবঙ্গের মাত্র ২ হাজার ৬১৯ মেগাওয়াট। তার মানে হচ্ছে এক তৃতীয়াংশ আমরা কোথায় দাঁড়িয়ে আছি সেটা আপনাদের জানা দরকার। আরও একটা হিসাব আপনাদের কাছে তুলে ধরছি। পশ্চিমবাংলায় আমরা বাড়িতে লোড সেডিং পাচ্ছি কেন? এখানে পার ক্যাপিটা অব ডোমেসটিক কনজামসন অব ইলেকট্রিসিটি কত? সারা দেশে হচ্ছে ২৭.৪%, আর ওয়েস্ট বেঙ্গলে ডোমেসিটক কনজামসন ইজ বিলো দি অল ইন্ডিয়া অ্যাভারেজ ২৪.৮% পার ক্যাপিটা ইউনিট হচ্ছে ভারতবর্ষে ২৭.৪% আর

পশ্চিমবাংলায় হচ্ছে ২৪.৮%। সেই জায়গায় মহারাষ্ট্রের হচ্ছে ৫৩.৩%। এই কথা বলতে মন্ত্রীর লজ্জা হয়না? পার-ক্যাপিটা ডোমেসটিক কনজামসন মিজোরামের মতো ছোট্র রাজ্যের থেকে'ও পশ্চিমবাংলার কম। সেই জায়গায় উনি নিয়ে গেছেন মানুষকে বিদ্যুৎ না দিয়ে দিয়ে। আর এখন বড় বড় কথা বলছেন। ইন্ডাস্ট্রিয়াল কনজামসন কত? অল ইন্ডিয়া ইন্ডাস্ট্রিয়াল কনজামসনের অ্যাভারেজ ৯০.৯ কিলোওয়াট আওয়ার ধরলে এখানে ওয়েস্ট বেঙ্গল ইজ বিলো দি অল ইন্ডিয়া অ্যাভারেজ ৭০.৪।

সুতরাং পশ্চিমবাংলা আজকে বিদ্যুতের ক্ষেত্রে ওদের আমলে ডিপ্রাইভড। আমি পাওয়ার বাজেটের সময় বলেছিলাম, মন্ত্রী স্বীকার করে আজকে আবার কথা ঘুরিয়ে নিলেন যে, বিদ্যুৎ পরিস্থিতির এইরকম অবস্থা তার কারণ ৭ম পঞ্চবার্ষিকি পরিকল্পনার প্রথম তিন বছরে বিদ্যুতে কোনওরকম ইনভেস্টমেন্ট করেন নি। এটা বাই হিজ ওন অ্যাডমিসন এবং আমিও এটা চার্জ করেছিলাম যারজন্য আজকে পশ্চিমবাংলায় বিদ্যুতের সঙ্কট হচ্ছে। মন্ত্রী একটা হিসাব দেবার চেষ্টা করেছেন এবং বলেছেন ভবিষ্যতটা ভাল। আমি স্যার, আপনাকে একটা একটা করে প্ল্যান্ট নিয়ে আলোচনা করে দেখাবো যে নতুন প্ল্যান্ট এলেও এবং পশ্চিমবঙ্গে যদি ডিমান্ড রেজ ২০ পারসেন্ট, ইভেন ১০ পারসেন্টও ধরি তাহলেও পশ্চিমবঙ্গে ১৯৯৫ সালে বিদ্যুৎ ডেফিসিট থাকবে। আমি একটি একটি করে ইউনিট ধরে বলছি। প্রথমে ব্যান্ডেলের কথা। ব্যান্ডেলে ৮০ মেগাওয়াটের ৪টি ইউনিট আছে এবং ২১০ মেগাওয়াটের একটি ইউনিট আছে। ব্যান্ডেলের ইউনিটগুলি ভাল ছিল কিন্তু ৮০ মেগাওয়াটেরগুলি এক/দু বছরের মধ্যে খারাপ হয়ে যাবে কারণ এগুলির ২৬ বছর হয়ে গিয়েছে। ২১০ মেগাওয়াটের ব্যান্ডেলের ইউনিটটি আগে ভাল চলতো কিন্তু গত ৬ মাস ধরে সেই ইউনিটটিও খারাপ হয়ে গিয়েছে। প্রবীরবাবুর বাড়ির কাছে, কি করেছেন জানি না। ব্যান্ডেলের ইউনিটগুলি খারাপ হয়ে গিয়েছে-ইরাটিক। আর ব্যান্ডেলের পলিউশন সবচেয়ে বেশি। ওদের ইলেকট্রোটেটিক প্রিসিপিটেটর নেই। এর ফলে সারা ব্যান্ডেল এলাকায় পলিউশন হচ্ছে। সুতরাং ব্যান্ডেলটা খারাপ হয়ে যাবার পথে। উনি এসব স্বীকার করেন না কিন্তু ব্যান্ডেলের ৪টি ইউনিট লকড আপ হয়ে যাচ্ছে, আর থাকছে না। এরপর আমি ডি.পি.এল-এর কথায় আসি। ডি.পি. এলের অপদার্থতার কথা উনি বললেন না। ডি.পি.এলে ৩০ মেগাওয়াটের দুটি ইউনিট আছে আর ৭৫ মেগাওয়াটের তিনটি ইউনিট আছে। এগুলি থেকে প্রাকটিক্যালি কোনও প্রডাকশন হয়না। আর ১১০ মেগাওয়াটের একটা ইউনিট আছে কিন্তু সেটা ইর‍্যাটিক্যালি কোনও সময় প্রডাকশন করে, কোনও সময় করেনা। ডি.পি.এল. থেকে কয়লা চুরি হচ্ছে। ডি.পি.এলের রিভ্যামপিং-এর কোনও পরিকল্পনা এখনও পর্যন্ত উনি রাখতে পারেন নি। উনি বললেন যে আমাদের অবস্থাটা ভালো হবে। কিন্তু আমরা দেখছি, নতুন ইউনিট এলেও এগুলি আস্তে আস্তে খারাপ হয়ে যাবে। এরপর আমি সাঁওতালডির কথায় আসছি। সাঁওতালডিতে ১২০ মেগাওয়াটের ৪টি ইউনিট আছে। আজকাল আর কোথাও ১২০ মেগাওয়াটের ইউনিট বানায় না। এরমধ্যে দুই এবং তিন নং ইউনিটগুলি গত কয়েক বছর ধরে খারাপ, কোনওদিন বিদ্যুৎ দিচ্ছে না। সাঁওতালডি আস্তে আস্তে আউট অব কমিশনের দিকে চলে যাচ্ছে। আপনি বলছেন নতুন ইউনিট আসছে। আমি বলি, ব্যান্ডেলের ৪টি, ডি.পি.এলের ৫টি আউট অব কমিশনে চলে যাবে। সাঁওতালডির দুটি তো অলরেডি গিয়েছে এবং আর দুটি যাবার পথে। তারপর কোলাঘাটের কথায় আসি। কোলাঘাট নিয়ে

আপনারা খুব গর্ব করেন। কোলাঘাট ওয়ারস ম্যানেজমেন্ট। সেটা সিটুর ম্যানেজমেন্টে চলছে। সেখানে আবার সিটুর মধ্যে দুটি ফ্যাকসন-একটা প্রবীর সেনগুপ্তর গ্রুপ এবং অপরটি ছায়া বেরার গ্রুপ। ওখানে কেদার মুখার্জি বলে একজন আছেন যিনি কোলাঘাটটা চালান। শ্রী মনমোহন সিং, যিনি ভারতবর্ষের একজন বেস্ট পাওয়ার ইঞ্জিনিয়ার ছিলেন তিনি ওখানে জেনারেল ম্যানেজার ছিলেন কিন্তু কেদার মুখার্জির ধমকে মনমোহন সিংকে চলে যেতে হয়েছে। তারফলে কোলাঘাটের কি হয়েছে? কোলাঘাটের এক নং ইউনিট ডিলেড, ডিসেম্বরের আগে রেডি হবে না। দু নং ইউনিট ৬০ পারসেন্ট প্রডাকশন করছে, এর পরে শাট ডাউন করতে হবে নভেম্বর মাসে। তিন নং ইউনিট আগস্টের ২৩ থেকে উৎপাদন শুরু করেছে কিন্তু ৪নং ইউনিট-এ ৯২ সালের মার্চ মাসের আগে উৎপাদন হবেনা। ৫নং ইউনিটে ৯১ সালের মার্চের আগে উৎপাদন হবে না। ৬নং ইউনিটে ৯২ সালে উৎপাদন হবে। সুতরাং ৯২ সালের আগে কোলাঘাট is not going to its full capacity. এরমধ্যে এর টেকনিক্যাল ম্যাটারও—অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার কোথায় যাবে সিটু সেটা কোলাঘাটে ডিসাইড করছে। তারফলে কোলাঘাট যেটা আমাদের ব্রাইট স্পট হতে পারতো সেটা আর ব্রাইট স্পট নেই। উনি সিটুকে ঢুকিয়ে কোলাঘাটকে নষ্ট করে দিয়েছেন। আজকে অবস্থা কি? অ্যাভারেজ ডেফিসিট হচ্ছে ২০০ মেগাওয়াট একদিন কম ডেফিসিট হয়েছিল, ছুটির দিন, ১৭ই আগস্ট, সেদিন ১৪০ মেগাওয়াট ডেফিসিট হয়েছে। তারমধ্যে কোথা থেকে উনি কি বিদ্যুৎ পেয়েছেন সেটা বলি। ৩০ মেগাওয়াট উড়িষ্যা থেকে, ৩০ মেগাওয়াট অনুন্নত মনিপুর থেকে, লোকটাক থেকে, সাঁওতালডির ৪৮০ মেগাওয়াট ক্যাপাসিটি, দিয়েছে ১০৭, ব্যান্ডেলের প্রায় ৫২০ মেগাওয়াট ক্যাপাসিটি দিয়েছে ৩০৫, কোলাঘাটের ২৬০ মেগাওয়াট, ডি.পি.এলের ক্যাপাসিটি ৪২০ মেগাওয়াট, দিয়েছে ২০ মেগাওয়াট, ডি.ভি.সি দিয়েছে ৩০ মেগাওয়াট। তারফলে রেজাল্টটা কি হচ্ছে? আমি একদিনের কথা বলি। আগস্টের ১২ তারিখে কতক্ষণ লোডশেডিং হয়েছে? ভবানিপুরে ৮।। ঘন্টা, বৌবাজার ৮ ঘন্টা, লেক টাউন ৭।। ঘন্টা, পার্ক স্ট্রিটে ৪ ঘন্টা, ফ্রি স্কুল স্ট্রিটে ৭ ঘন্টা, যাদবপুর ৪ ঘন্টা, কলকাতার মধ্যস্থ ৮ ঘন্টা লোডশেডিং। আমরা কি আধুনিক যুগে আছি, না প্রাগৈতিহাসিক যুগে চলে গেছি? এই অপদার্থমন্ত্রী বলছেন যে কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। কেন্দ্রীয় সরকার দিয়েছে বলে আপনারা বেঁচে গেছেন। রাজীব গান্ধী আপনাদের কি দিয়েছেন? ইন্দীরা গান্ধী আপনাদের ফারাক্কা দিয়েছে, তারপরে মেজিয়া দিয়েছে। এটা আপনারা ভাল বলেছেন। মেজিয়া, ডি.ভি.সি করছে ২১০-এর ৩টি। ১৯৯২ থেকে ৯৩ সালে কমপ্লিট হবে। সবই ১৯৯২-৯৩ সালে যখন হচ্ছে তখন ব্যান্ডেল, সাওতালড়ি ডি.পি.এল, এর পুরানো ইউনিটগুলি আউট অব কমিশন-য়েতে চলে যাবে। আপনার প্রাকটিক্যালি থাকবে কোলাঘাটের ফাংসানিং ইউনিট। ডিমান্ড বেড়েছে ১০ পারসেন্ট। তারফলে ১৯৯৩ সালের এন্ডে পাওয়ার ক্রাইসিস হবে। এগুলি রিডানডেন্ট হয়ে যাবে যদি নতুন না করেন। ওনার একমাত্র আশা কোথায়? ওনার আশা হচ্ছে এন.টি.পি.সি বলে একটা সংস্থার উপরে। এন.টি.পি.সি কেন্দ্রীয় সংস্থা। কংগ্রেসের সময়ে এন.টি.পি.সি ফারাক্কায় ৫ শত মেগাওয়াটের ২টো ইউনিট স্যাংশন করেছিল। কেহলগাওতে ২১০ মেগাওয়াটের ৪টি, আর তালচেরে ৫শত মেগাওয়াটের ২টো। পশ্চিমবঙ্গ যদি বাঁচে তাহলে আপনার অপদার্থতা সত্ত্বেও বাঁচবে কংগ্রেস সরকার এন.টি.পি.সি করেছিল বলে। আপনার প্লান্ট লোড ফ্যাক্টর হচ্ছে ৩৮ থেকে ৪০ পারসেন্ট। এন.টি.পি.সি'র প্লান্টে

লোড ফ্যাক্টর হচ্ছে ৭০ পারসেন্ট। তারফলে এন.টি.পি.সি শুধু প্রোডাকশন করছে না, এন.টি.পি.সি বেশি জেনারেশন করছে। তার ক্যাপাসিটি অনুযায়ী বেশি জেনারেশন করছে। সেজন্য পশ্চিমবঙ্গে টোটাল কোলাপস এখনও হয়নি। আপনারা বক্রেশ্বরের কথা বলেছেন। ১৯৮৮ সালে বসন্ত সাঠে বলেছিলেন এটা এন.টি.পি.সি করবে। তখন এরা এগ্রি করলে বক্রেশ্বরের কাজ ১৯৯২ সালের এন্ডে কমপ্লিট হয়ে যেত। ওরা কি করলেন? ওরা বললেন যে ডি.সি.পি.এলকে কনসালটেন্সি দিতে হবে। সেজন্য রক্ত দিয়ে আমরা বক্রেশ্বর করবো এই শ্লোগান দিয়ে একটা নাটক করলেন। এখন রক্ত দেওয়ার বদলে সোভিয়েত ঋণেও চলবে। সোভিয়েত ঋণ দিয়ে করবো বক্রেশ্বর, এখন এই শ্লোগান হচ্ছে। কবে হবে বক্রেশ্বর, ১৯৯৫ সালে? আপনি ভাবতে পারেন, মুখ্যমন্ত্রী বলেছেন যে এই পশ্চিমবঙ্গে শিল্পের উন্নয়ন করবেন। এইসব দেখে পশ্চিমবঙ্গে শিল্পপতিরা আসবে? হাওড়ার শিল্পগুলি এখন বন্ধ হয়ে যাচ্ছে। ছোট শিল্পগুলির সবচেয়ে বেশি মার খাচ্ছে। তার কারণ তারা জেনারেটর রাখতে পারছে না। কেরোসিন বাজারে পাওয়া যাচ্ছে না, ডিজেলের দাম বেড়ে গেছে। সুতরাং এই যে অন্ধকারময় পরিস্থিতি, এই পরিস্থিতিতে দরকার প্লান্টগুলির সঠিক মেনটেনেন্স।পাওয়ার ডিপার্টমেন্টকে টেকনিক্যাল লোক দিয়ে চালানো দরকার। তিনজন লোক আছেন প্রবীর সেনগুপ্ত, রানুঘোষ, এবং কুমার বোস-এরা কেউ পাওয়ার ডিপার্টমেন্ট সম্পর্কে জানেন না। এরা বইপড়ে পাওয়ার ডিপার্টমেন্ট চালাচ্ছেন। সুতরাং এক্সজিস্টিং ক্যাপাসিটি যেটা আছে সেটাকে ইউটিলাইজ করার চেষ্টা করতে পারছেন না। ফলে পশ্চিমবাংলা আজকে চূড়ান্ত সঙ্কটের মধ্যে পড়েছে। তার মধ্যে আবার ট্রান্সমিশন লস হচ্ছে ২১.৫ পারসেন্ট। প্লান্টগুলিতে কয়লা চুরি হচ্ছে। আপনি বলছেন বিহার বিদ্যুৎ টেনে নিয়ে গেছে। আপনি একটা আইসোলেটর পর্যন্ত লাগাতে পারলেন না। অথচ বলছেন বিহার পাওয়ার টেনে নিয়ে গেছে। ইস্টার্ণ রিজিওন্যাল গ্রিড আছে বলে পশ্চিমবঙ্গ উড়িষ্যা লোকতাপ থেকে বিদ্যুৎ পাচ্ছে। অথচ তারজন্য রাজীব গান্ধীকে একবারও ধন্যবাদ দিলেন না। গোটা ইস্টার্ণ রিজিওন্যাল গ্রিড কংগ্রেস আমলে তৈরি হয়েছিল। সেজন্য পিক আওয়ারে বিদ্যুৎ দিয়ে আপনাদের বাঁচাচ্ছে। আমি বার বার বলেছি এবং আবার বলছি যে এই রাজ্যের জন্য ড্রাস্টিক্যালি নতুন চিন্তা করতে হবে। ২ বছরের মধ্যে আউট অব টার্ন দেবে এইরকম পাওয়ার প্লান্ট বসাতে হবে যাতে শিল্প বাঁচতে পারে। তার আগে পশ্চিমবঙ্গের এই অপদার্থ বিদ্যুতমন্ত্রীর পদত্যাগ করতে হবে। তিনি না গেলে এই দপ্তরে সিটুর যে দালালি সেটা বন্ধ হবেনা। বিদ্যুৎ নিয়ে রাজনৈতিক কথা বলে মানুষের জীবন দুর্বিসহ হওয়া সত্ত্বেও মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এই করে এই পরিস্থিতি দুর হবেনা। আমরা জানি যে বামফ্রন্ট সরকারের যিনি পাওয়ার রেশনিংয়ের কথা বলেন তিনি কখনই পাওয়ার রেশনিং করতে পারবেন না। সি.ই.এস.সি'র উপরে ওর কোনও কন্ট্রোল নেই। সি.ই.এস.সি ৩৯০ মেগাওয়াট জেনারেশন করছে। ওকে দিয়ে বেশি জেনারেশন করাতে পারবেননা। আর.পি.গোয়েঙ্কা হচ্ছে এর মালিক, তিনি মুখ্যমন্ত্রীর বন্ধু লোক। সুতরাং তাকে দিয়ে বেশি জেনারেশন করাতে পারবেন না। আর ইলেকশনের আগে পলিটিক্যাল রিজনে আপনারা ব্যান্ডেলকে বেশি চালিয়ে সেটাকে খারাপ করে দিয়েছেন।

[5-25 — 5-35 P.M.]

The amendment of Shri Deba Prasad Sarkar that

In para 1, line 1, after the words "serious concern that" the following words be inserted :–

"Just like the previous Congress regime during the regime of Left Front"

In para 1, line 2, after the words "has been suffering" the word "has been suffering equally" be inserted

Was then put and a division was taken with the following result:

**NOES**

Abul Basar, Shri

Abdul Quiyom Molla, Shri

Adak, Shri Nitai Charan

Atahar Rahaman, Shri

Bagchi, Shri Surajit Swaran

Bagdi, Shri Bijoy

Bauri, Shri Haradhan

Bauri, Shri Madan

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Nirmal Kumar

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Anjan

Chowdhury, Shri Bansa Gopal

Das, Shri Ananda Gopal

Dasgupta, Shrimati Arati

Deb Sharma, Shri Ramani Kanta

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narenda Nath

Duley, Shri Krishna Prasad

Ghatak, Shri Santi Ranjan

Goppi, Shrimati Aparajita

Habib Mustafa, Shri

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Konar, Shrimati Maharani

Majumdar, Shri Sunil Kumar

Mandal, Shri Rabindra Nath

Mandi, Shri Rampada

Mohammad Faraque Azam, Shri

Mohammad, Shri Shelim

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Sarkar

Nanda, Shri Kiranmoy

Naskar, Shri Subhas

Paik, Shri Sunirmal

Pramanik, Shri Sudhir

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Narmada

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Hemanta

Saha, Shri Kripa Sindhu

Sengupta, Shrimati Kamal

Sengupta, Shri Prabir

Shish Mohammad, Shri

Sinha, Shri Nirmal Kanti

Tudu, Shri Bikram

**AYES**

Sarkar, Shri Deba Prasad.

**Abst.**

Bapuli, Shri Satya Ranjan

Basu Mallick, Shri Suhrid

Bhunia, Dr. Manas

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahaman, Shri

Pande, Shri Sadan

Poddar, Shri Deokinandan

Roy, Dr., Sudipto

Roy, Shri Saugata

Samanta, Shri Tuhin

The Ayes being 1 and the Noes 59

The motion was lost.

The motion of Shri Saugata Roy that,

This House notes with serious concern that the State has been suffering from tremendous power shortage for the last thirteen years causing immense suffering to the common people and great loss in

production in industry;

This House further notes that the power crisis has become particularly acute in Calcutta and its surroundings in the last two months and the daily deficit has crossed 100 MW on almost every day.

This House deplores the present dismal power situation and urges upon the State Government to take immediate steps to remedy the same''

Was then put and lost.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই, আজকে ২৪শে আগস্ট কলকাতা শহর ৩০০ বছরে পদার্পন করেছে। এই গুরুত্বপূর্ণ মুহূর্তে কলকাতার শহরবাসি হিসাবে এই বিধানসভার পক্ষ থেকে এই কলকাতার উন্নয়নের জন্য রাজ্যের বামফ্রন্ট সরকার যে ১৮ শত কোটি টাকা দাবি করেছিলেন, এই সমস্যা সঙ্কুল কলকাতা সম্পর্কে কেন্দ্রের বন্ধু সরকারের কাছে যথাযথ দাবি উত্থাপন করা হয়েছে। আমরা আমাদের সমর্থন তাদের পেছনে দেব। কলকাতা শহরে নানা বিধ সমস্যা, কলকাতায় বিদ্যুৎ সঙ্কট রয়েছে, কলকাতায় কেরোসিন তেলের সঙ্কট রয়েছে, দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্কট রয়েছে, এই সবের মধ্যেও প্রানবন্ত শহর এই কলকাতা আমাদের গর্ব। আপনার মাধ্যমে আমরা কলকাতা শহরবাসির কাছে এই আবেদন রাখতে চাই যে শহর কলকাতার উন্নয়নের জন্য যৌথভাবে এবং ঐক্যবদ্ধভাবে আসুন আমরা উদ্যোগ গ্রহণ করি। সকলের চেষ্টাতে কলকাতাকে কল্লোলিনী তিলোত্তমা হিসাবে গড়ে তুলতে পারা যাবে আশা করি।

**মিঃ স্পিকার :** মিঃ বন্দ্যোপাধ্যায়, আমাদের কলকাতা শহর ৩০০ বছরের পুরনো হয়েছে। আপনার নিশ্চয়ই সেই কামনা আছে যে এই শহর আরও ৩০০, ৩০০০ বছর থাকুক? কিন্তু কলকাতার একটা ইতিহাস আছে এবং আপনি নিশ্চয়ই জানেন-বিভিন্ন পুরোনো পত্র-পত্রিকায় মাঝে মাঝে একটা করে কলম প্রকাশিত হয় কলকাতার হান্ড্রেড ইয়ার্স এ বা সেভেন্টি ফাইভ ইয়ার্স এর সম্বন্ধে। আজকে 'স্টেটসম্যান' পত্রিকায় কলকাতার ১০০ বছর আগের একটা চিত্র প্রকাশিত হয়েছে - বৃষ্টির সময় কলকাতার রাস্তাঘাট প্লাবিত হয়ে যেত ঘোড়ার গাড়ি করে সাহেব মেমরা সব যাতায়াত করত এবং সেরকম একটা চিত্র দিয়ে দেখানো হয়েছে যে, মেম-সাহেবকে তক্তায় করে পার করা হচ্ছে, আর সাহেব জলে পড়ে গেছে। অর্থাৎ কলকাতা এরকম ছিল, কলকাতা আছে এবং কলকাতা থাকবে। এটাই কলকাতার ঐতিহ্য। কলকাতার কোনও পরিবর্তন হয়নি। আমাদের বাঙালিদের চরিত্রের পরিবর্তন হয় না। এটা নিশ্চয়ই আপনি জানেন। সুতরাং কলকাতার লোক এটাও নিশ্চয়ই চাইবে যে, কলকাতার ৩০০ বছরের সময় যে সরকার ছিল সেই সরকার আরও ৩০০ বছর থাকবে। Now I call upon Shri Jayanta Kumar Biswas to move your motion.

## Motion under rule 185

[5-35 — 5-45 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহোদয়, আমি যে প্রস্তাবটি উত্থাপন করছি

তা আমি আর এখানে পড়ে দিচ্ছি এই সভা ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে যে, লালগোলা-শিয়ালদহ্ সেক্‌সনের নসীপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশন পর্যন্ত প্রাক্-স্বাধীনতাকালে দুই কিলোমিটার দীর্ঘ যে রেলপথ ছিল স্বাধীনতার পর মুর্শিদাবাদ জেলার ভাগীরথী নদীর উভয় পাড়ে সমান্তরালভাবে চলা রেলপথ দুটির সংযোগকারী সেই রেলপথটি বন্ধ করে দেওয়া হয় ;

এই সভা মনে করে যে, এই দু কিলোমিটার রেলপথটি পুনরায় চালু হলে তা শিয়ালদহ-কৃষ্ণনগর, বহরমপুর-নসীপুর ও আজিমগঞ্জ থেকে আসাম-মেঘালয় পর্যন্ত ভারতে অন্যতম বৃহৎ রেলপথ হতে পারে এবং উত্তরবঙ্গের পরিবহণ সমস্যাও বহুলাংশে মিটতে পারে;

সুতরাং পশ্চিমবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের মধ্যে যোগসূত্র রচনা আরও সুগম করার ও তীব্র পরিবহণ সমস্যার সমাধানের জন্য এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব করছে যে লালগোলা লাইনের নসীপুর স্টেশন ও হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশনের মধ্যবর্তী দুই কিলোমিটার রেলপথটি, যা বর্তমানে 'ডেড লাইন' হিসাবে ঘোষিত পুনরায় সংস্কার ও চালু করা হোক। আমার প্রস্তাবটির বিষয়-বস্তু হচ্ছে, স্বাধীনতা পূর্ব অবস্থায় লালগোলা-শিয়ালদহ সেক্সনের নসীপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশন পর্যন্ত মাঝের দু কিলোমিটার রেলপথ ছিল। স্বাধীনতার পরবর্তী সময়ে সেই রেলপথ বন্ধ হয়ে যায়। এই দু কিলোমিটার দীর্ঘ রেলপথ তৈরি করতে গঙ্গা বক্ষে একটা ব্রিজ করার দরকার আছে। ব্রিজটি করলে একদিকে শিয়ালদহ-লালগোলা — ডেড লাইন বলে যেটি ঘোষিত, সেই লাইনটি আবার জীবন্ত হবে। অপরদিকে উত্তর-বঙ্গের সঙ্গে আসাম-মেঘালয় থেকে শুরু করে নর্থ ইস্ট ইন্ডিয়ার একটা যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে। এটাই হচ্ছে প্রস্তাবের বিষয়-বস্তু। আমার মনে হয় এই সভার সকল পক্ষের বক্তারাই এই আলোচনায় অংশ গ্রহণ করে এই প্রস্তাবকে সমর্থন করবেন এবং এরমধ্যে বিতর্কের কোনও অবকাশ নেই। কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে আমরা পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে এই জাতীয় রেলপথ সম্পর্কে এবং রেলপথ বৈদ্যুতিকরণ সম্পর্কে যেসব প্রস্তাব উত্থাপন করি — জনস্বার্থে জরুরি হিসাবে উত্থাপন করি - কোনওটাই কার্যকর হয়না। আমার অভিজ্ঞতায় দেখছি, এখনও পর্যন্ত একটাও কার্যকর হয়নি। আজকের সকালের সংবাদপত্রে দেখলাম রেলমন্ত্রী জর্জ ফার্ণান্ডেজ বলেছেন, - স্বাধীনতার পর ৪৩-৪৪ বছরে ভারতবর্ষে মাত্র ২০০ কিলোমিটার নতুন রেলপথ তৈরি হয়েছে। স্যার, এর আগে যখন কংগ্রেস কেন্দ্রে ক্ষমতাসীন ছিল তখন ঘটনাচক্রে পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত সংসদ সদস্য গনীখান চৌধুরি রেলমন্ত্রী ছিলেন। তিনি বহুবার বহু জায়গায় রেল লাইনের শিলান্যাস উদ্বোধন করেছেন। কিন্তু ঐ শিলান্যাস পর্যন্তই সমস্ত কিছু থেকে গেছে, তারপর আর কিছুই হয়নি। তিনি নির্বাচনের পূর্বে শিলান্যাস উদ্বোধন এবং ঘোষণা করে সব সময় একটা প্রচার রেখেছিলেন। অথচ সে সময়ে পশ্চিমবাংলার স্বার্থে যেগুলি জরুরি রেলপথ ছিল সেগুলি তৈরি হয়নি। আজকে খুব সামান্য একটা প্রস্তাব আমি এখানে রাখছি, লালগোলা শিয়ালদহ সেক্সনের নসীপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশন পর্যন্ত মাত্র দু কিলোমিটারের একটা যোগসূত্র স্থাপন করা হোক। প্রাক-স্বাধীনতা কালে যা ছিল তা পুনরায়

স্থাপন করার জন্য পশ্চিমবঙ্গ বিধানসভার মাধ্যমে কেন্দ্রের বন্ধু সরকারের কাছে আমি এই আবেদন রাখছি। যদিও আমাদের অভিজ্ঞতা হচ্ছে কেন্দ্রে যখন যে সরকারই প্রতিষ্ঠিত হচ্ছে সে সরকারিই তাদের ঘোষিত প্রতিশ্রুতি কোনও সময়ই রক্ষা করছেন না। তবুও নতুন সরকারের কাছে আমাদের অনেক প্রত্যাশা এবং সে কারণে এই প্রস্তাবকে তারা অনুমোদন করবেন, এই প্রত্যাশা আমাদের থাকবে। সঙ্গে সঙ্গে বলছি যে, আজকে অনেকে এটা বুঝতে পারছেন না যে, এই ধরনের প্রস্তাবের ক্ষেত্রে মাত্র ২ কিলোমিটার রেলপথের ক্ষেত্রে বাধা কোথায়! বাধা হচ্ছে ২ কিলোমিটার। এই ২ কিলোমিটার রেলপথ হয়ে গেলে একটা বিরাট ব্যাপার হয়ে যায়। কিন্তু মাঝখানে গঙ্গা আছে, ব্রিজ তৈরি করা দরকার, এটা বড় ব্যাপার নয়, আমরা দেখেছি, এই ব্রিজ তৈরি করতে গেলে খুব বেশি টাকা লাগে না, বড় জোর ৭।৮ কোটি টাকা লাগতে পারে, ব্যয়-বহুল নয়। পশ্চিমবাংলার প্রতি সর্বক্ষেত্রে দেখছি অতীতেও দেখেছি, বর্তমানে দেখবো কিনা জানি না বিমাতৃসুলভ যে ঘটনাগুলি ঘটে থাকে পশ্চিমবাংলার ন্যায্য পাওনা, ন্যায্য প্রাপ্যর ক্ষেত্রে - এক্ষেত্রে ঘটবে কিনা জানি না, তবে আমি সমস্ত সদস্যদের কাছে আবেদন রাখবো, আপনারা এই প্রস্তাব নির্দ্বিধায় সমর্থন করবেন। দরকার হলে সরকারি উদ্যোগে হোক আর বেসরকারি উদ্যোগেই হোক রেলমন্ত্রকের কাছে যেতে হবে। আমার কথা হচ্ছে, এই প্রস্তাব গ্রহণ করে আমাদের করণীয় কাজ যেন শেষ না হয়ে যায়, আমরা যাতে এই প্রস্তাব বাস্তবায়িত করতে পারি সেইদিকে চেষ্টা করতে হবে। মুর্শিদাবাদ জেলায় সর্বস্তরের নাগরিকদের নিয়ে এই ব্যাপারে বহু কনভেনশন হয়েছে, বহু আলোচনা হয়েছে, দাবি পত্র এবং স্মারকলিপি পাঠানো হয়েছে রেলমন্ত্রকের কাছে। আমি জানি না তার কি গতি হয়েছে, তবে আমার মনে হয়, পশ্চিমবাংলার গণতন্ত্রের সর্বোচ্চ পীঠস্থান হচ্ছে এই বিধানসভা, সেখান থেকে উত্থাপিত নিশ্চয়ই স্বীকৃতি দেবেন এবং আমাদের নিজেদেরও এই ব্যাপারে ভূমিকা গ্রহণ করতে হবে। গণ-আন্দোলনের মাধ্যমে, সরকারি, বেসরকারি যে কোনও উদ্যোগেই হোক না কেন রেলমন্ত্রকের সঙ্গে দেখা করতে হবে। এই সদ-ইচ্ছা, প্রস্তাব সমর্থনের সাথে সাথে আমি সকল সদস্যদের কাছে রাখবো। আমি প্রারম্ভিক বক্তব্য রাখলাম। যারা এই প্রস্তাবে অংশগ্রহণ করবেন তাদের বক্তব্য শোনার পর জবাবি ভাষণে আবার আমি বক্তব্য রাখবো।

[5-45 — 5-55 P.M.]

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী জয়ন্তকুমার বিশ্বাস মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন, লালগোলা-শিয়ালদহ সেক্সনের নসীপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশনের কাছে, আজিমগঞ্জ ও নসীপুর ভাগিরথি বা গঙ্গার উপর দিয়ে প্রাক স্বাধীনতাকালে ২ কিলোমিটার যে রেলপথ ছিল অস্থায়ীভাবে সেই রেলপথ যাতে আবার চালু হয় তারজন্য যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই প্রস্তাবে রেলপথ করার কথা বলা হয়েছে একথা ঠিকই, কিন্তু আজকে মুর্শিদাবাদ জেলায় রেলপথের অবস্থা অত্যন্ত খারাপ। একদিকে গোটা কান্দি মহকুমার খড়গ্রাম বড়োয়া, কান্দি এই সমস্ত এলাকায় রেলপথের কোন ব্যবস্থা নেই, তেমনি অপরদিকে বহরমপুর থেকে জলঙ্গী, করিমপুর পর্যন্ত এই সমস্ত বিরাট এলাকায় রেলপথের যে সুযোগ-সুবিধা থাকা উচিত সেই সুযোগ-সুবিধা থেকে ওখানকার মানুষ বঞ্চিত হয়েছে। এই প্রস্তাবের মধ্যে ঐ কথাগুলি যদি উল্লেখ থাকতো তাহলে আমার মনে হয় আরও ভাল

হত। আপনি নিশ্চয়ই জানেন, মুর্শিদাবাদ জেলা রেলপথের দিক থেকে অত্যন্ত ডিপ্রাইভড। শিয়ালদহ থেকে কৃষ্ণনগর যেতে যে সময় লাগে, কৃষ্ণনগর থেকে লালগোলা যেতে তার চেয়ে অনেক সময় লাগে। তেমনি অপরদিকে হাওড়া-ফরাক্কা লাইনেরও একই অবস্থা। কারণ সেখানে ডাবল লাইনের কোনও ব্যবস্থা হয়নি এবং ইলেকট্রিফিকেশন হয়নি। সেখানে হাওড়া থেকে ফরাক্কা, শিয়ালদহ থেকে লালগোলার ইলেকট্রিফিকেশনের, ডবল লাইন হবার প্রস্তাব এরসঙ্গে উল্লিখিত হলে আরও ভাল হত। আমরা জানি যে, মাননীয় জয়ন্তবাবু বললেন এবং এই প্রস্তাব গ্রহণ করা হল। কিন্তু আমরা অনেক সময় দেখেছি যে, সমস্ত দলের বিধানসভার সদস্যদের নিয়ে এই সভায় প্রস্তাব গৃহীত হবার পরেও তা কার্যকর হয়নি। একটা ক্ষেত্রে আমার মনে আছে আজকে যিনি প্রস্তাব নিয়ে এসেছেন তিনি কিছুদিন আগে কলকাতার দমদম বিমান বন্দরকে নেতাজির নামে করার প্রস্তাব দিয়েছিলেন, পরবর্তীকালে সেই বিমান বন্দরের নাম নেতাজির নামেই করা হয়েছে, কিন্তু অনেক সময় যেমন, বন্যা প্রতিরোধে সুচারু ত্রাণ ব্যবস্থা, গঙ্গা এবং পদ্মার ভাঙন নিয়ে বিধানসভায় সর্বদল নির্বিশেষে প্রস্তাব গ্রহণ করার পর দিল্লিতে ডেপুটেশন দিলে মন্ত্রী ভরসা দেবার পরও তা কার্যকর হয়না। বিধানসভার সর্বদল নিয়ে যে কমিটি হয়েছে সেই কমিটি সেখানে গিয়েও খুব একটা ভাল রেজাল্ট পাওয়া যায় নি। তাছাড়া আজকে আমরা যে রেল পথের প্রস্তাব নিয়ে দিল্লিতে যাব, সেখানে কার কাছে যাব? দিল্লিতে পশ্চিমবঙ্গের যে ধরনের প্রতিনিধি থাকা দরকার এটা এমন একটা রাজ্য যে সেখানে পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত কোনও মন্ত্রী নেই। কাজেই কেন্দ্রে কোনও মন্ত্রী না থাকার জন্য আমরা সর্বসম্মতি ক্রমে একটা বিশেষ প্রস্তাব নিয়ে গেলে দিল্লিতে সেটা কতটা কার্যকর হবে আমার তাতে সন্দেহ আছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে দিল্লি গিয়েছিলেন পেট্রোল এবং ডিজেলের দাম যাতে কমানো হয় সেই ব্যাপারে, কিন্তু আমরা সংবাদপত্রে দেখেছি যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সেই আবেদনকে ডাস্টবিনে ছুঁড়ে ফেলে দেওয়া হয়েছে। আজকে বিধানসভার মাননীয় সদস্যরা একটা প্রস্তাব গ্রহণ করলেও দিল্লির সরকার সেই প্রস্তাব মানবেন কিনা তাতে সন্দেহ আছে। কিছুদিন আগে আমাদের মাননীয় বরকত গণি খান চৌধুরি মহাশয় ভারত সরকারের রেলমন্ত্রী ছিলেন, তিনি পশ্চিমবঙ্গের প্রত্যেকটি জেলায় জেলায় রেলের সম্প্রসারণ ঘটিয়েছিলেন। নূতন নূতন ট্রেনের ব্যবস্থা করেছিলেন। তাই আজকে কলকাতায় চক্র রেল, মেট্রো রেল চালু হয়েছে। আমাদের মুর্শিদাবাদ জেলা থেকে এই প্রস্তাব এসেছে। আমাদের জেলার উপর দিয়ে ভাগিরথী, কাঞ্চনজঙ্ঘা, গৌড় এক্সপ্রেস এই ধরনের ট্রেনগুলি মাননীয় এ.বি.এ. গণি খান চৌধুরি মহাশয় চালাবার ব্যবস্থা করেছেন। তাছাড়া মুর্শিদাবাদের বহরমপুর থেকে কাঁদি মহকুমা দিয়ে রামপুরহাট বহরমপুর, জলঙ্গী করিমপুর রেলপথ করার জন্য তিনি চিন্তা ভাবনা করেছিলেন এবং সেজন্য প্রস্তাব দিয়েছিলেন, কিন্তু আজকে কেন্দ্রের বন্ধু সরকার আপনারা সর্বসম্মতি ক্রমে যে প্রস্তাব গ্রহণ করলেন সে সম্বন্ধে কি করবেন জানিনা। আপনারা বলতেন যে, কেন্দ্রে ইন্দিরা সরকার থাকবার জন্য আপনারা পশ্চিমবঙ্গে রেলপথ সম্প্রসারণ করতে পারছেন না, কেন্দ্রে আজকে আপনাদের বন্ধু সরকার, কিন্তু দেখলাম, রেল দপ্তরের যে বাজেট পেশ করা হল তাতে পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে, পশ্চিমবঙ্গ বিধানসভার প্রতিনিধি হিসাবে আমরা অত্যন্ত লজ্জা পেলাম, পশ্চিমবঙ্গে রেলপথ সম্প্রসারণের জন্য ভারতবর্ষের রেলমন্ত্রী মাত্র এক হাজার টাকা রাখলেন। যদি একটি কালভার্ট করতে হয়, সামান্য একটি রাস্তা করতে হয়, সেটাও এক হাজার টাকায় হয়না,

কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের সঙ্গে প্রহসন করে রেলপথ সম্প্রসারণের জন্য আপনাদের কেন্দ্রের বন্ধু সরকার মাত্র এক হাজার টাকা রাখলেন। আজকে আমরা এখানে এই প্রস্তাব নিয়ে এসেছি, কিন্তু সেদিন আমাদের রাজ্যের কোনও সংসদ সদস্য এর বিরুদ্ধে প্রতিবাদ করেননি। কাজেই মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাস মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন এর বিরোধিতা করবার কারণ নেই। মাত্র দুই কিলোমিটার রাস্তা হবে এবং সেটাও হলে নিশ্চয়ই মুর্শিদাবাদ জেলার সুযোগ-সুবিধা বাড়বে। কিন্তু সঙ্গে সঙ্গে মুর্শিদাবাদ জেলায় যেখানে রেলপথ নেই সেখানে রেলপথ সম্প্রসারণের কথা, কান্দি মহকুমা থেকে জলঙ্গি পর্যন্ত রেলপথ সম্প্রসারণের কথা যদি এতে উল্লেখ থাকতো তাহলে ভাল হত। তবে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। ওখানে প্রাক স্বাধীনতা কালে একটি রেল ব্রিজ ছিল। সেটা অস্থায়িভাবে ছিল। কিন্তু স্বাধীনতা প্রাপ্তির পর সেই রেল ব্রিজ নষ্ট হয়ে গেছে সরকারের গাফিলতির জন্য। বর্তমানে ঐ লাইনের কিছু অবশিষ্ট নেই। তাই নতুন করে পরিকল্পনা গ্রহণ করে যাতে ঐ সংযোগ পুনরায় স্থাপিত হয় সেই উদ্দেশ্যে যে প্রস্তাব এসেছে সেটা সর্বসম্মতভাবে গৃহীত হোক হাউসের কাছে এই আবেদন রাখছি। আবার প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আতাহার রহমান ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, এই ব্যাপারে খুব একটা আলোচনা করবার কিছু নেই। সমস্যাটা জটিল আমাদের জেলায়। ঐ রেল-লাইন দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রস্তুতি হিসাবে তৈরি হয়েছিল। আর একটি ব্রিজ পূর্ব বাংলার সারার ব্রিজও ঐভাবেই তৈরি হয়েছিল। সাম্রাজ্যবাদী শক্তি চলে গেছে, তাই ব্রিজ দুটির কাজও শেষ হয়ে গেছে। ঐ ব্রিজ যখন তৈরি হয় তখন রেললাইনও তৈরি হয়। আজকে ওখানে প্রয়োজনীয় জমি আছে, লাইন আছে। ওটা সংস্কার করলে শিয়ালদা-লালগোলা সেকশন এবং হাওড়া-ফরাক্কা সেকশনকে একসঙ্গে যুক্ত করা যায় এবং সেটা করতে পারলে পূর্ব ভারতের সঙ্গে ঐ জেলার যোগাযোগ ভালভাবে করা যায়। কাজেই আশা করবো, এই কাজটা করা হবে। মুর্শিদাবাদ জেলা প্রধানত কৃষিপ্রধান জেলা, কিন্তু ভাল যোগাযোগ ব্যবস্থা নেই বললেই চলে। কাজেই ঐ দুই কিলোমিটার রেললাইন করতে পারলে হাওড়া-ফরাক্কা এবং শিয়ালদা লালগোলা সেকশনকে যুক্ত করা যায়। মান্নান সাহেব যে কথা বলছিলেন আমরা বিধানসভায় দাঁড়িয়ে অনেক প্রস্তাব গ্রহণ করেছি এবং সেগুলো সর্বসম্মতভাবেই নেওয়া হয়েছে। যেমন, কান্দি-রামপুরহাট সংযোগ প্রস্তাব এবং অন্যান্য প্রস্তাব। এসব প্রস্তাব অনেকদিন আগে নেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কোনও প্রতিফলন দেখতে পাচ্ছি না। তার আগে আজিমগঞ্জ-নসিবপুর রেল সংযোগের বিষয়ে বীরেন রায় মহাশয় তদানিন্তন রেলমন্ত্রী গনিখান সাহেবকে চিঠি দিয়েছিলেন। সার্ভে করে দেখা গিয়েছিল তাতে কয়েক কোটি টাকা খরচ হবে। আমি আশা করবো এই ব্যাপারে একবার সার্ভে হয়েছে, দরকার হলে আবার সার্ভে করে এই রেল লাইন স্থাপন করলে মুর্শিদাবাদ জেলার লোকের ক্ষেত্রে সুবিধা হতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাবিবুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয় ভাল প্রস্তাব নিয়ে এসেছেন। এটা একটা মুখোরোচক প্রস্তাব এবং সমর্থন যোগ্য প্রস্তাব। আমি যে কথা বলতে চাই তা হল জয়ন্ত বিশ্বাস আতাহার রহমান এবং মান্নান হোসেন আশঙ্কিত, তারা আশঙ্কা প্রকাশ করেছেন। আমিও সেই আশায় আশঙ্কিত।

আমি আরও আশঙ্কিত এবং আমার দৃঢ় বিশ্বাস বিধানসভায় যতই ভাল প্রস্তাব গ্রহণ করা হোক না কেন এই ব্যর্থ বামফ্রন্ট সরকার যতদিন থাকবে এবং মাথার উপর অপদার্থ কেন্দ্রীয় সরকার যতদিন থাকবে ততদিন পর্যন্ত কোনও ভাল কাজ, উন্নয়ন মূলক কাজ হবে না। এই ব্যাপারে আমি পরবর্তীকালে আসছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের জয়ন্তবাবু তার মোশনে একটা বেঠিক কথা বলেছেন। একটা রেল লাইন ছিল শারার ব্রিজের উপর দিয়ে। বৃটিশ পিরিয়ডে সেটা বন্ধ হয়ে যায়। ভাগিরথী নদীর উপর কাঠের ব্রিজের উপর দিয়ে একটা ছোট রেল লাইন ছিল। স্বাধীনতার পরে সেটা বন্ধ হয়ে যাবার কোনও প্রশ্নই আসে না। স্বাধীনতার পরে তদানিন্তন কংগ্রেস সরকার দীর্ঘ কর্মসূচি গ্রহণ করে উত্তরবঙ্গে যোগসূত্র স্থাপন করবার জন্য যে সমস্ত যোগাযোগ ব্যবস্থা করেছিল, এন.এইচ-৩৪, স্টেট হাই ওয়ে, সেইগুলি এই বামফ্রন্ট সরকারের ১৩ বছরের শাসনে সেই যোগাযোগ ব্যবস্থা একেবারে বিপর্যস্ত হয়ে গেল। এই সমস্ত রাস্তাঘাটে আর যানবাহন চালানো যাচ্ছে না। জঙ্গীপুর থেকে বহরমপুর মাত্র ৪০ কিলোমিটার রাস্তা, বাসে আসতে ৪ ঘন্টা লাগছে এই বামফ্রন্ট সরকারের অপদার্থতার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রী বাস ভাড়া বাড়ানোর ব্যাপারে বলতে গিয়ে তিনি বলেছেন বাসের আরও রুট বাড়ানো দরকার এবং আরও বাস বাড়ানো দরকার। বাস ভাড়া বাড়ানো দরকার হত না যদি কংগ্রেস সরকার যে যোগাযোগ ব্যবস্থা রক্ষার জন্য যে রাস্তাঘাট করে গিয়েছিল সেইগুলি সংস্কার করতে পারতো, চলাফেরার যোগ্য করতে পারতো এই বামফ্রন্ট সরকার। দ্রুত গতিতে যদি বাস চালানো যেত, বাসের যদি দুর্ঘটনা না ঘটতো তাহলে এই অবস্থাতেই বাসের ব্যবসা লাভ জনক হয়ে উঠত। অতিরিক্ত বাসের প্রয়োজন হত না, বাস ভাড়া বৃদ্ধিরও প্রয়োজন হত না। আজকে মানুষকে সব জায়গাতেই বাদুড় ঝোলা হয়ে চলাফেরা করতে হয়। এখানে যদি এই রেল লাইন করা হয় তাহলে যোগসূত্র ভাল হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের এখানে অপদার্থ বামফ্রন্ট সরকার যতদিন থাকবে এবং মাথার উপর অপদার্থ কেন্দ্রীয় সরকার যতদিন থাকবে ততদিন কোনও ভাল কাজ হতে পারে না। যতই আমরা প্রস্তাবকে সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করিনা কেন কোনও কাজ হবে না। ওদের সেইরকম কোনও চিন্তাধারার প্রকাশ আমরা দেখিনি। প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রগতিশীল ছিলেন, তার আমলেই পশ্চিমবাংলার গর্ব পাতাল রেল হয়েছে। বামফ্রন্ট সরকার যদি সহযোগিতা করতেন তাহলে আরও তাড়াতাড়ি পাতাল রেল হত এবং আরও ভালো ভাবে হত। এইভাবে অনেক উন্নয়ন মূলক কাজ ব্যহত হচ্ছে। বিপ্লবী চিন্তা-ভাবনা ছিল এ.বি.এ. গনিখান চৌধুরির। যখন তিনি পশ্চিমবাংলার সন্তান কেন্দ্রের রেলমন্ত্রী হয়েছিলেন তখন এই চক্ররেল তার চিন্তা ভাবনা থেকেই হয়েছে। আজকে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয়কে বলি কিছুদিন আগে জর্জ ফার্নাণ্ডেজ বলেছেন যদি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সহযোগিতা করতেন তাহলে এই চক্র রেল ৬ মাস আগে কমপ্লিট হতে পারতো। এটা আমার কথা নয়, এটা কোনও রাজনীতির কথা নয় বা বামফ্রন্ট সরকারকে আক্রমণ করার কথা নয় এরজন্যই মন্ত্রীসভা এই প্রস্তাব গ্রহণ করছে। কেন্দ্রীয় রেলমন্ত্রী বলেছেন যে বামফ্রন্ট সরকারের যদি সহযোগিতা থাকত তাহলে চক্ররেল ৬ মাস আগেই সম্পন্ন করা যেত। এটা হতে পারলে কলকাতার বুকে যানবাহনের জট যেটা দেখা দিচ্ছে তার সমাধান হত। বামফ্রন্ট সরকারের এইতো চিন্তা-ভাবনা। শুধু কি তাই, এ.বি.এ. গনিখান চৌধুরি যে সমস্ত প্রকল্প নিয়েছিলেন

সেই সমস্ত আজকে কোথায়? আজকে দিঘা, তমলুক, বালুরঘাট এবং চব্বিশ পরগনায় যে সমস্ত প্রকল্প গনিখান নিয়েছিলেন, বামফ্রন্ট সরকারের নন-কো-অপারেশনের জন্য, জমি সংগ্রহ করে না দিতে পারার জন্য ঐ সমস্ত প্রকল্পের কাজ শুরু করা যায় নি, কিংবা অগ্রগতি কিছু হয়নি। আমরা এই সরকারের কাছ থেকে কি আশা করতে পারি? যে সময়ে রাজ্য সরকারের কোনও আর্থিক দায়-দায়িত্ব ছিল না, এই সমস্ত প্রকল্প যেগুলো গৃহীত হয়েছিল তখন সমস্ত অর্থ কেন্দ্রীয় সরকার বহন করতে প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন এইরকম প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য বামফ্রন্ট সরকার এগিয়ে আসেন নি। অথচ এগুলো করতে পারলে পশ্চিমবাংলার মানুষ উপকৃত হতেন। এতে যানবাহন চলাচলের ক্ষেত্রে সুবিধা হত, দ্রব্যমূল্য বৃদ্ধির ক্ষেত্রে একটা স্থিতিশিলতা আসতো। আমাদের আজকে আশঙ্কা, যে সময়ে আমরা এটার উপরে সিদ্ধান্ত নিতে যাচ্ছি আজকে জর্জ ফার্নান্ডেজ বলেছেন যে রেল প্রকল্প কার্যকর করার জন্য অর্দ্ধেক দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হবে। তিনি বলেছেন কঙ্কন প্রকল্পের মডেলে রাজ্য সরকার জনসাধারণের কাছ থেকে অর্থ সংগ্রহ করে করবে। যেখানে আর্থিক দায়িত্ব কোনও কিছু ছিল না, কেন্দ্রীয় সরকার আর্থিক দায়িত্ব বহন করতে প্রতিশ্রুতি বদ্ধ ছিলেন, সেই সময়ে উন্নয়নমূলক কাজে বামফ্রন্ট সরকার কোনওরকম সহযোগিতা করেন নি। বামফ্রন্ট সরকার সব সময়ে বলেন যে সীমিত ক্ষমতার মধ্যে কাজ করছেন, যতটা করার ইচ্ছা ততটা তারা করতে পারছেন না। ঘন্টায় ঘন্টায় এই তাদের বানী। এই সরকার নিজে দায়িত্ব ঘাড়ে নিয়ে সেই প্রকল্পের কাজ কার্যকর করবেন কিভাবে আমরা তা ভেবে পাচ্ছি না? তাই আমি জয়ন্তবাবুকে বলছি যে, তিনি এখানে মুখরোচক কথা অনেক কিছু বলেছেন, তাকে জিজ্ঞাসা করি, এটা কি রাজনৈতিক প্রস্তাব? রাজনৈতিক মুনাফা লাভের জন্য আপনারা কিছু করবেন, না ভাঁওতাবাজির জন্য মানুষ আপনাদের ছেড়ে দিয়েছে। আজকে রেল ব্যবস্থার কি অবস্থায় দাঁড়িয়েছে? লালগোলা থেকে শিয়ালদহ এই ২২৬ কি.মি. রাস্তা আসতে ৭।৮ ঘন্টা সময় লাগে। ট্রেনে যাত্রীদের কোনও নিরাপত্তা নেই। জলের কোনও ব্যবস্থা নেই, পাইপের প্যাঁচ কাটা, ট্যাপগুলো সব ভাঙা অবস্থায় থাকে। যাত্রীদের নিরাপত্তার জন্য জানালাটুকুও পর্যন্ত নেই ট্রেনগুলোর আজকে এই হাল। এই অবস্থায় কতটা কাজ হবে তা আমি জানিনা? তবে এটা একটা ভাল প্রস্তাব, আমরা একে সমর্থন করছি। জয়ন্তবাবুকে বলি, আপনি শরিক দলের, সি.পি.এম. এখানে মূল ক্ষমতায় রয়েছে, কেন্দ্রে বন্ধু সরকার, আজকে রাজীব গান্ধীকে দোষারোপ করার কিছু নেই। আমি আপনার প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি। এবং সেই সঙ্গে সঙ্গে দাবি এবং আশা করছি এটা যাতে সাথে সাথে কার্যকর হয়। এই বামফ্রন্ট সরকার তার বন্ধু সরকারের কাছ থেকে অনুমোদন আদায়করতে ব্যর্থ হলে জেহাদ ঘোষণা করা হোক। যদিও জয়ন্তবাবু একটা রাজনৈতিক প্রস্তাব এনেছেন তবুও একে সমর্থন করে বলছি এই প্রস্তাবকে বন্ধু সরকারের কাছ থেকে অনুমোদন করিয়ে আনুন এবং যদি অনুমোদন করতে ব্যর্থ হন তাহলে জেহাদ ঘোষণা করুন। সেখানে আপনার নেতৃত্বে সংগ্রামে আমরা আপনাকে সমর্থন করবো। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে বিরোধী দলের সদস্য হাবিবুর রহমান সাহেব অনেক কথা বললেন জয়ন্তবাবু যে ২২

কিলোমিটার রাস্তার প্রস্তাব নিয়ে এসেছেন লালগোলা থেকে শিয়ালদহ হাজারদুয়ারি থেকে আজিমগঞ্জ এই রাস্তাটি পুর্নগঠনের যে প্রস্তাব নিয়ে এসেছেন এটা খুবই প্রয়োজনীয়। কারণ এতে উত্তরবঙ্গ আসামের একটা যোগাযোগ স্থাপনে সুবিধা হবে। তবে এইক্ষেত্রে জয়ন্তবাবুকে মনে করিয়ে দিতে চাই যে, একটুও ভুলে গেলে চলবে না যে স্বাধীনতার ৪০ বছর ধরে যে সরকার কেন্দ্রে ছিল, তারা পশ্চিমবঙ্গের প্রতি উদাসীনতা এবং উপেক্ষা করেছিলেন। তাদের অসম বন্টনের ফলে আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে গোটা পশ্চিমবঙ্গ তথা উত্তরবঙ্গের মানুষ এবং তারই পাশাপাশি কুচবিহারের মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের জনজীবন বিপর্যস্ত হয়েছে এবং উপেক্ষিত হয়েছে। আমি এইজন্য বারে বারে অনুরোধ করছি এবং প্রস্তাবও এনেছি যে পূর্ববর্তী সরকারকে এতটুকু সচেতন করতে পারিনি। তাদের বৈষম্যের জন্য উত্তরবঙ্গে এই ধরনের ঘটনা ঘটেছে। সেখানে স্বাধীনতার পূর্বে যে অবস্থা ছিল, স্বাধীনতার পরেও সেই একই অবস্থা। গোটা উত্তরপূর্ব ভারতে পরিবহন ব্যবস্থা ভেঙে পড়েছে। সেখানে এইরকম বৈষম্যতার জন্য মানুষের মধ্যে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে উঠেছে। একথা জেনে রাখা দরকার যে ২ কিলোমিটার রাস্তা করাটা বড় কথা নয়, যেহেতু দিল্লিতে বন্ধু সরকার এসেছেন তাদের এই সম্পর্কে সচেতন করতে চাই যে মানুষের মধ্যে যদি এইভাবে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে ওঠে আমরা তা সহ্য করবো না। আমরা তা প্রতিহত করতে চাই। রাজনৈতিকভাবে তা প্রতিহত করতে চাই। আমরা বৈষম্যগুলো দূর করতে চাই। যে সমস্ত টাকা দিল্লী মহানগরী, বম্বের জন্য এবং অন্যান্য জায়গার জন্য খরচ করা হয়েছে তার ছিটে ফোঁটা টাকাও পশ্চিমবঙ্গের রাস্তাঘাট তৈরি করা হয়নি। আজ যদি তা হত তাহলে এই ঘটনা ঘটতো না। আমরা উত্তরবঙ্গের মানুষ এই অবহেলার মধ্যে থাকতে হয়, আমরা বুঝি যে আজকে এখানে ডবল লাইন করার একটা বিরাট সমস্যা আছে। এই সমস্যাটা দীর্ঘদিনের সমস্যা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুচবিহারের মানুষ বহুবার বলেছি এবং আপনারাও জানেন যে এখানে যানবাহন ব্যবস্থা বলতে একটি মাত্র ট্রেন যা কামরূপ এক্সপ্রেস, কেবলমাত্র আসামে যায়। সেই ট্রেন যদি ধরতে না পারা যায় তাহলে কুচবিহারে যাওয়া যাবে না। আর যেসব ট্রেন ছিল কাঞ্চনজঙ্ঘা প্রভৃতি সব বন্ধ হয়ে গেছে। ডবল লাইন করবার জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন চলছে কিন্তু আজ পর্যন্ত কেন হয়নি সেটাই আমার প্রশ্ন। আমরা কি তাহলে ভারতবর্ষের বাইরে? সুতরাং রাজনৈতিকভাবে এর মোকাবিলা করতে হবে এবং সেইভাবে চিন্তাভাবনা করতে হবে স্বাধীনতার পর দেশ ভাগ হয়ে যাবার ফলে বাংলা ভাগ হয়ে গেল, এবং এই বাংলাদেশ ভাগ হয়ে যাবার ফলে আজকে পশ্চিমবাংলা কিভাবে বিপর্যস্ত হয়েছে সমস্ত দিক থেকে তার উন্নয়নের ক্ষেত্রে সেটা কলকারাখানাই বলুন, রাস্তাঘাটই বলুন, সমস্ত কিছু বিপর্যস্ত হয়েছে সে ব্যাপারে আমাদের পূর্ববর্তী কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন থেকেও কোনও চিন্তা-ভাবনা করেননি, কেন, এটা আমাদের প্রশ্ন? তাই মাননীয় সদস্য হবিবুর রহমানকে অনুরোধ করবো আপনি তো আমাদের লোক নন একটু চিন্তা করে দেখবেন এই কথাগুলি। আজকে এই বৈষম্যর মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষকে শুধু ক্ষুব্ধ করেছেন তাই নয় এক অনগ্রসরতার অন্ধকারের মধ্যে ফেলেছেন। আজকে উত্তর ভারতের ঘটনা যে কোনও বিচ্ছিন্ন ঘটনা নয় তার কারণ হচ্ছে ওই ঔদাসিন্য। সেজন্য আমি বলব আজকে একটা উপযুক্ত সময়ে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস প্রস্তাব দিয়েছেন সেজন্য তাকে সমর্থন জানাচ্ছি। এবং সঙ্গে সঙ্গে এই কথাও বলব তিনি যদি এটা করতে পারেন তাহলে ভালই হবে, কিন্তু শুধু প্রস্তাব গ্রহণ করলেই হবে

না সেটা যাতে কার্যকর হয় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করবো। আজকে বন্ধু সরকারের রেলমন্ত্রীর কাছে এখান থেকে শুধু ডেপুটেশন দিলে হবে না সেটার ব্যাপারে কার্যকর ব্যবস্থাও গ্রহণ করতে হবে; নাহলে প্রস্তাব প্রস্তাবেই থাকবে। তাই এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে জয়ন্তবাবুকে বলব এটার ব্যাপারে একটু ভেবেচিন্তে দেখবেন একে কতদূর পর্যন্ত নিয়ে যেতে পারবেন। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আপনি জানেন শিয়ালদহ থেকে একটি রেল লাইন লালগোলা পর্যন্ত চলে গিয়েছে। লালগোলার পরে হচ্ছে পদ্মা, রাজশাহি, এখান দিয়ে যোগাযোগ করার উপায় হচ্ছে ফরাক্কা দিয়ে, এবং এখান দিয়ে ভারতবর্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করা যায়। বৃটিশ আমলে পাকুড় থেকে পাথর বয়ে নিয়ে যাওয়ার জন্য কাঠের সেতু করে তার উপর লাইন বসিয়ে দিয়ে পাথর নিয়ে যেত। বর্তমানে এই রেল লাইনটি উঠে গিয়েছে, তাই লালগোলা-শিয়ালদহ সেকশনের নসিপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশনের সঙ্গে যোগাযোগ হলে ভারতের অন্যান্য অংশের সঙ্গে যোগাযোগ করার সুবিধা হবে। অনেক ব্যক্তি এখানে বক্তব্য রাখতে গিয়ে বন্ধু সরকারের নিন্দা করলেন, তাদের উদ্দেশ্যে বলছি সামান্য ২ কি.মি. রাস্তার এই রেল লাইনটি যদি করা যায় তাহলে যাতায়াতের পক্ষে সুবিধা হবে, তাই এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** মাননীয় সদস্য জয়ন্তবাবু যে প্রস্তাব এনেছেন আমি সেটাকে সমর্থন করছি। রাস্তা ছিল কি ছিল না এর মধ্যে আমি যাচ্ছি না। তবে এটা ঠিক স্বাধীনতার পরে আমাদের দেশ দুইভাগ হয়ে যাবার পরে যাতায়াতের ক্ষেত্রে আমাদের উত্তরবঙ্গের সঙ্গে নানা অসুবিধা হচ্ছে, এই কারণে যোগাযোগের জন্য অনেক রাস্তা হওয়া উচিত ছিল; এখানে প্রসঙ্গক্রমে বলা দরকার যেটা আমাদের বিরোধী দলের সদস্য বললেন— এটা অবশ্য ঠিক যে তাদের একটা বোধ হয়েছে। ৪০ বছর পরে আজকে তাদের সবে জ্ঞানের উদ্বেগ হল। এই কথা শুনলে পশ্চিমবাংলার লোক হাসবেন—কেন হয়নি, ৮ মাসের সরকার কেন করবে না, ৪০ বছরে আমরা করিনি, কিন্তু তোমরা কেন করবে না! এই যে বারবার তারা বলছেন ওরা বোঝেনি, এতে তো পশ্চিমবাংলার লোকই হাসছে যে ৪০ বছর পরে তারা আজকে এটা বুঝল। আমরা তো আগে বহু আন্দোলন করেছি, বহু রাস্তার কথা বলেছি, কিন্তু আজকে তারাই বলছেন কোনও বাঙালীমন্ত্রী পশ্চিমবাংলা থেকে কেন্দ্রীয় সরকারে নেই। আগে তো রেলমন্ত্রী ছিলেন গণিখান, কিন্তু তিনি কটা রাস্তা করেছেন? যাইহোক আজকে যে বোধদয় তাদের হয়েছে এটা ভাল। আপনারা পশ্চিমবাংলার লোকেদের অনেক কিছু ভাল করেছেন, সেজন্য কেন্দ্র ও রাজ্য থেকে চলে গিয়েছেন এটাও ভাল কথা। মাননীয় সদস্য রাস্তার সম্পর্কে যে প্রস্তাব এনেছেন এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-15 — 6-16 P.M.]

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এই প্রস্তাবে যারা অংশ গ্রহণ করেছেন তারা সবাই এটাকে সমর্থন করেছেন, সেজন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয়

বিরোধী দলের সদস্য মান্নান সাহেব বিরোধিতার জন্য কয়েকটি কথা বলেছেন। অন্যান্য জেলাতে সাঁইথিয়া থেকে জলঙ্গী পর্যন্ত, লালগোলা ডাবল লাইন বৈদ্যুতীকরণ এরজন্য প্রস্তাব ইতিপূর্বে বিধানসভায় গৃহীত হয়েছে তাই নিয়ে বিভিন্ন সময় আমাদের জেলার প্রাক্তন সংসদ সদস্য এবং বর্তমান রাজ্যসভার সদস্য ত্রিদিব চৌধুরি, মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এরা বার বার রেলমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন। আমরা যখন অন্যান্য ব্যাপারে দিল্লীতে ডেলিগেশনে গিয়েছি সেই সময় তৎকালীন রেলমন্ত্রী গনিখান চৌধুরির সঙ্গে, গায়ে একটু লাগতে পারে তার সঙ্গে এইসব প্রসঙ্গ নিয়ে আলোচনা করেছি বলাও হয়েছে যে কোন কোন প্রস্তাবগুলো কার্যকর করা যায়। তবু যত কথা শুনি কিন্তু কাজের ক্ষেত্রে ততটা দেখিনা। বাস্তব ক্ষেত্রেও আমরা কিছু দেখতে পাইনা। তবে একটা বিষয় এটা ঠিক যে, আজকের এই প্রস্তাবের ক্ষেত্রে মাননীয় পরিষদীয় মন্ত্রীর সঙ্গে কথা বলছিলাম যে কিছু ত্রুটি থেকে গিয়েছে। এই প্রস্তাব নিশ্চয় প্রেরীত হবে কেন্দ্রীয় সরকারের কাছে। রেল মন্ত্রকের কাছে। সঙ্গে সঙ্গে উনি যেটা বলছিলেন যে আরও বিস্তারিতভাবে আলোচনা করে বামফ্রন্টের নেতৃবৃন্দ, মন্ত্রী সভার নেতৃবৃন্দর সঙ্গে কথা বলে, স্পিকারের সঙ্গে কথা বলে, মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে নিয়ে যাতে করে প্রস্তাব পাঠানো যায়। একটা সর্বভারতীয় প্রতিনিধি তারা রেল মন্ত্রকের সঙ্গে দেখা করে কথাবার্তা বলার ব্যাপারে, সেদিকটা থেকে ত্রুটি থেকে গিয়েছে। এখানে পরিষদীয় মন্ত্রী আছেন, উপাধ্যক্ষ মহোদয় আছেন, আমি ব্যক্তিগতভাবে মুখ্যমন্ত্রীর সঙ্গে, স্পিকারের সঙ্গে কথা বলব যাতে করে এই প্রস্তাবের সমর্থনে পরবর্তীকালে দিল্লি যেতে পারি এবং এর যে সার বক্তব্য, যৌক্তিকতা, প্রয়োজনীয়তা রয়েছে এটা আমরা বলতে পারি। মাননীয় সদস্য মান্নান হোসেন বলেছেন, গঙ্গাবক্ষে একটা সেতু দুই কিলোমিটার, এটা এমন একটা বড় প্রস্তাব নয়, এটা মনে হতে পারে কিন্তু যেকথা মাননীয় সদস্য অনুভব করেছেন যে সত্যিকারের এই দুই কিলোমিটার রেলপথ যদি তৈরি হয়ে যায় তাহলে পূর্ব ভারত উত্তরবঙ্গ এবং সবার সাথে একটা ঘনিষ্ঠ যোগাযোগ তৈরি হয়ে যাবে। ভারতবর্ষের একটা বৃহত্তম রেলপথ তৈরি হয়ে যাবে। সেই আসাম হয়ে যোগাযোগ হবে। স্বভাবতই এর গুরুত্ব অপরিসীম। সাধারণ দৃষ্টিভঙ্গীতে খুব ছোট মনে হলেও, প্রস্তাব কেন বিধানসভার মতো গুরুত্বপূর্ণ জায়গায় দুই কিলোমিটার রেলপথের প্রশ্ন আসছে। কিন্তু এই প্রস্তাবের সঙ্গে সঙ্গে সুদূরপ্রসারী যে ফল, ওরা বার বার বলেছেন মুর্শিদাবাদ জেলার কথা, এটা কিন্তু কোনও মুর্শিদাবাদ জেলা ভিত্তিক কোনও প্রশ্ন নয়। পশ্চিমবঙ্গেও হাওড়া থেকে ফরাক্কা পর্যন্ত লাইন আছে এবং বীরভূমকে স্পর্শ করে চলে যাচ্ছে এবং সঙ্গে সঙ্গে উত্তরবাংলা আছে, পূর্ব ভারত আছে। জেলা ভিত্তিক কোনও প্রশ্ন নয়। একটা সর্বভারতিয় ক্ষেত্রে এই রেলপথ একটা নতুন যাতায়াত ব্যবস্থার ক্ষেত্রে যে একটা নতুন দিগন্ত উন্মোচন করবে এবং নতুন অধ্যায় রচনা করবে এটা ঠিক এবং বাস্তব দিক চিন্তা করে আমরা আগেও বলেছি। আজকে রেলমন্ত্রকের তরফ থেকে যে কথা বলা হয়েছে আমাদের বাক্য বিন্যাস এবং প্রতিশ্রুতির ঢক্কা নিনাদ আমরা শুনতাম। প্রাক্তন মন্ত্রী গনিখান চৌধুরির সময় তিনিও ঢক্কা নিনাদ করে অনেক প্রচার করতেন। আমরা আশাহত হতাম। বর্তমান রেলমন্ত্রী তিনি আবার উল্টো কথা বলছেন পরিসংখ্যান দিয়েছেন, রেলপথের দুরবস্থার কথা বলেছেন, ভারতবর্ষের রেলপথ অগ্রসর হয়নি। কিন্তু একটা সময় জানেন, রেলপথের যোগাযোগের ক্ষেত্রে ভারতবর্ষে শিল্প ভিত্তিক সমাজ গড়ে উঠতে যাচ্ছে। আপনি

জানেন মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, যারা একটু মার্কসবাদ, লেনিনবাদ অধ্যয়ন করেছেন, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন একটা দেশের সমৃদ্ধির ক্ষেত্রে জনগণের মানসিক দিগন্তকে বিরাট পরিবর্তন ঘটায় এবং ভারতবর্ষের রেলপথের যখন পত্তন ভারতবর্ষের জনজীবনকে একটা অন্য অধ্যায়ে পৌঁছে দিয়েছিল। সেইসব ইতিহাস আপনার জানা আছে। সেই কারণে আমরা বলেছি, যে আজকে রেলমন্ত্রী ফার্নাণ্ডেজ যে সমস্ত কথা বলছেন যে রাজ্যের উদ্যোগ ইত্যাদি সব নতুন নতুন প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে। রাজ্যের আর্থিক সীমাবদ্ধতা এইসব রেলমন্ত্রী বলছেন। স্বভাবতই কেন্দ্রীয় সরকার বন্ধু সরকার থাকলেও তারা আজকে যে সমস্ত কথা বলছেন এইগুলি অনেক ভাববার আছে। রাজ্যের আর্থিক সীমাবদ্ধতার কথা, আমরা বার বার এইসব কথা বলেছি, অতীতেও বলেছি। কেন্দ্র রাজ্যের আর্থিক সম্পর্কের পুনর্বিন্যাস এর প্রশ্নে এইসব এসে গিয়েছিল। কিন্তু আজকে ওরা বলছেন যে, রেলপথ গড়ার দায়িত্ব রাজ্যগুলিকে নিতে হবে। আজকে রাজ্যের প্রতি বাজেটে টাকা অপ্রতুল, রাস্তাঘাট মেরামতি করার জন্য রাজ্যের পূর্ত দপ্তরে টাকা থাকে না, যারজন্য আজকে রাস্তাঘাটের এই দুর্বিষহ অবস্থা। ন্যাশনাল হাইওয়ে সম্বন্ধে ওনারা অনেক কথা বললেন। ওনারা বললেন যে, ৩৪ নং জাতীয় সড়ক কংগ্রেসি আমলে তৈরি হয়েছিল। তা আমি বলি কংগ্রেস তো জনগণের টাকা থেকে ন্যাশনাল হাইওয়ে তৈরি করেছিল, নিজেদের টাকা দিয়ে তো করেনি। আপনি যদি দিল্লী যান, তাহলে দেখবেন, দিল্লী থেকে পানিপথ পর্যন্ত যে রাস্তাটা আছে সেটা একটা রাজপথ, সেই রাস্তাটা কত সুন্দর। আপনি আমাকে জানাবেন ঐ রাস্তার জন্য কত টাকা ব্যয় করা হয়? আপনারাতো কুপমুন্ডকতার মধ্যে বসে আছেন, আমি আপনাদের বলবো কুপমন্ডুকতার মধ্যে বসে না থেকে বেরিয়ে আসুন এবং এইগুলি আনুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা বলছেন গণতান্ত্রিক আন্দোলন করতে হবে এবং তাতে আমাকে উনি নেতা করতে চান এবং আমাকে নেতা করে উনি ক্যাডার হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা ক্যাডার হলে আবার বাস-ট্রাম ভাঙচুর হবে, জনজীবন বিপর্যস্ত হবে। আমি সবিনয়ে আপনাদের গণতান্ত্রিক আন্দোলনকে সীমাবদ্ধ রাখার কথা বলবো। গণতান্ত্রিক আন্দোলনে আমরা নিশ্চয় বিশ্বাস করি এবং অনেক সময় পরিকল্পনা কার্যকর করতে গেলে গণতান্ত্রিক আন্দোলন দরকার, কিন্তু এই গণতান্ত্রিক আন্দোলন মানে ভাঙচুর নয়। আপনাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি আপনারা এই মোশন ১৮৫-কে সমর্থন জানানোর জন্য এবং ধন্যবাদ জানাচ্ছি মাননীয় পরিষদীয় মন্ত্রীকে বিতর্কে অংশগ্রহণ করার জন্য, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Jayanta Kumar Biswas that -

এই সভা ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে যে, লালগোলা-শিয়ালদহ সেক্সনের নসীপুর স্টেশন থেকে হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশন পর্যন্ত প্রাক-স্বাধীনতা কালে দুই কিলোমিটার দীর্ঘ যে রেলপথ ছিল স্বাধীনতার পর মুর্শিদাবাদ জেলার ভাগিরথী নদীর উভয় পাড়ে সমান্তরাল ভাবে চলা রেলপথ দুটির সংযোগকারী সেই রেলপথটি বন্ধ করে দেওয়া হয়;

এই সভা মনে করে যে, এই দু কিলোমিটার রেলপথটি পুনরায় চালু হলে তা

শিয়ালদহ-কৃষ্ণনগর, বহরমপুর-নসীপুর ও আজিমগঞ্জ থেকে আসাম-মেঘালয় পর্যন্ত ভারতে অন্যতম বৃহৎ রেলপথ হতে পারে এবং উত্তরবঙ্গের পরিবহন সমস্যাও বহুলাংশে মিটতে পারে;

সুতরাং পশ্চিমবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের মধ্যে যোগসূত্র রচনা আরও সুগম করার ও তীব্র পরিবহন সমস্যার সমাধানের জন্য এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব করছে যে লালগোলা লাইনের নসীপুর স্টেশন ও হাওড়া-ফরাক্কা লাইনের আজিমগঞ্জ স্টেশনের মধ্যবর্তী দুই কিলোমিটার রেলপথটি, যা বর্তমানে 'ডেড লাইন' হিসাবে ঘোষিত, পুনরায় সংস্কার ও চালু করা হোক।

- was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-16 p.m. till 1.00 p.m. on Monday, the 27th August, 1990 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 27th August, 1990 at 1.00 P.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair, 6 Ministers, 2 Ministers of State and 150 Members.

## OBITUARY REFERENCE

[1-00—1-10 P.M.]

**Mr. Speaker :** Honourable members before I take up the business of the day I have to perform a melancholy duty to refer to the sad demise of Shri B.B. Gurung.

**Shri B.B. Gurung,** Vice-Chairman of the Darjeeling Gorkha Hill Council, breathed his last in a Calcutta Nursing Home on Saturday the 25th August, 1990 after protracted illness. He was 66.

Shri Gurung was the Vice-President of the Gorkha National Liberation Front.

At his death the people of Darjeeling has lost their beloved leader.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage honourable members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Held Over Starred Questions
## (to which oral answers were given)

### সরকারি গ্রন্থাগারগুলির জন্য বই কেনার পরিকল্পনা

**H.O.*2.** (অনুমোদিত প্রশ্ন নং *২৯।) শ্রী সুমন্তকুমার হীরা : জনশিক্ষা প্রসার

(গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৯০-৯১ আর্থিক বৎসরে রাজ্য সরকার সরকারি গ্রন্থাগারগুলির জন্য কত টাকার বই কেনার পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী সরল দেব ঃ** পরিকল্পনা বহির্ভূত খাতে বই ও পত্রপত্রিকা কেনার জন্য বরাদ্দ ২,২৮,৩০০ টাকা। পরিকল্পনা খাতে এখনও কোনও বরাদ্দ নির্দিষ্ট করা হয় নাই।

**শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি গ্রামীণ গ্রন্থাগারগুলির বই কেনার জন্য কোনও বাড়তি টাকা বরাদ্দ করেছেন কি না?

**শ্রী সরল দেব ঃ** এবারে গত ৭ তারিখে স্টেট কাউন্সিলে একটা সিদ্ধান্ত হয়েছে যে গ্রামীণ গ্রন্থাগারগুলিতে এবং শহরাঞ্চলে প্রাইমারি নিড আগে ছিল ৫ হাজার টাকা সেটা বাড়িয়ে ৬ হাজার টাকা করার সিদ্ধান্ত হয়েছে, শহরের গ্রন্থাগারগুলিতে ১৩ হাজার টাকার পরিবর্তে ১৬ হাজার টাকা করার সিদ্ধান্ত হয়েছে এবং জেলা গ্রন্থাগার যেগুলিতে ৬ হাজার টাকা ছিল সেগুলিতে আরও ১৫ হাজার টাকা বাড়াবার সিদ্ধান্ত হয়েছে।

(এই সময় কিছু কংগ্রেস(আই) সদস্য বলবার জন্য উঠে দাঁড়ালেন।)

(গোলমাল)

(একাধিক কংগ্রেস(ই)র মাননীয় সদস্যরা উঠে চিৎকার করে বলতে শুরু করেন।)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ স্পিকার, স্যার, সুব্রত মুখার্জি একজন সিটিং মেম্বার। তাকে মেরে হাত ভেঙ্গে দিয়ে তার সিপিএম ক্যাডার কি অবস্থা করেছে দেখুন। আপনি জ্যোতিবাবুকে এখানে ডেকে এনে দেখান।

(গোলমাল)

**শ্রী ধীরেন সেন ঃ** এই বছর কতগুলি নতুন গ্রামীণ এবং শহরে লাইব্রেরি খুলছেন, জানাবেন?

**শ্রী সরল দেব ঃ** সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে ১৪৪টি আপগ্রেডেশন করার কথা ছিল, সেটাকে সম্পূর্ণ করবার জন্য এবারে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি তাছাড়া সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে আরও ১০০টি করবার সিদ্ধান্ত ছিল। তার মাত্র ৪৮টির কাগজ পত্র পেয়েছি, ৫২টির কাগজপত্র পাওয়া যায়নি। ৫২টির নতুন কাগজপত্র পেলেই এই ৫২টি লাইব্রেরি করব।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** স্পনসোর্ড গ্রন্থাগার ছাড়াও অনেক নন-স্পনসোর্ড গ্রন্থাগার আছে তাদেরকে উৎসাহ দেবার জন্য কোনও বুক গ্রান্ট দেবার ব্যবস্থা এই বছর করছেন কি?

**শ্রী সরল দেব ঃ** এই ধরনের নন-স্পনসোর্ড ভাল যেসব গ্রন্থাগার আছে, তারা

আবেদন করলে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও তাদের সাহায্য করা হয়। যেমন কলকাতা শহরের চৈতন্য পাঠাগার—তারা অতীতে কোনওদিনও কংগ্রেস সরকার থাকাকালীন আবেদন করেনি এবং ১৯৭৭ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত আমাদের সরকারের কাছেও আবেদন করেনি। গত বছর তারা আবেদন করেছে। আমরা তাদের ৫০ হাজার টাকা দিয়েছি। বঙ্গীয় সাহিত্য পরিষদকে বিল্ডিং গ্রান্ট অনুদান বাবদ ১১ লক্ষ টাকা দিয়েছি। রাজা রামমোহন পাঠাগারকে এই ধরনের ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। পুরুলিয়ার হরিপদ সাহিত্য মন্দির আবেদন করেছিল। তাদেরও ৩৫ হাজার টাকা দেওয়া হয়েছে। এই ধরনের ভাল প্রতিষ্ঠিত লাইব্রেরি আবেদন করলে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে তাদেরকে সাহায্য করার জন্য আমরা এগিয়ে আসি।

**শ্রী নির্মল দাস ঃ** মহকুমা গ্রন্থাগারগুলিকে উন্নত করার জন্য গ্রন্থাগার বিভাগের নতুন কোনও পরিকল্পনা আছে কি? আমি নির্দিষ্ট করে আলিপুর এডোয়ার্ড লাইব্রেরির কথা উল্লেখ করছি। ১০০ বছর ধরে ঐ লাইব্রেরিটি আছে। এই লাইব্রেরির মান উন্নয়নের ব্যাপারে আপনি কী চিন্তা ভাবনা করছেন, জানাবেন?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর হচ্ছে এই, দার্জিলিং জেলা ছাড়া প্রতিটি জেলায় ডিস্ট্রিক্ট লাইব্রেরি অথরিটি আছে এবং প্রত্যেকটিতে ২ জন মাননীয় বিধায়ক সেখানে আছেন। এই ধরনের স্পেসিফিক কোনও লাইব্রেরি সম্পর্কে প্রস্তাব এলে এবং লাইব্রেরি অথরিটির কাছ থেকে প্রস্তাব এলে সেইগুলি আমরা নিশ্চয় বিবেচনা করব।

**শ্রী পুলিশ বেরা ঃ** গ্রামীণ গ্রন্থাগার পরিদর্শন করার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে এবং পাঠক সংখ্যা বেড়েছে কিনা, সেটা দেখার জন্য কী ব্যবস্থা গ্রহণ করেছেন, জানাবেন?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর হল এই—আমাদের ঠিক সেই রকম ব্যবস্থা নেই। কারণ, ১৭ টি জেলার মধ্যে মাত্র ১২টি ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার পোস্টিং দিতে পেরেছি। ১৭টি জেলায় একজন করে ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার থাকার কথা, কিন্তু তাও নেই। ডি.এল.ওর নিচে একজন মাত্র করনিক আছে। স্বাভাবিকভাবে সেই রকম ইনস্পেকশনের ব্যবস্থা নেই। সেই জন্য আমরা এল.এল.এর উপর দায়িত্ব দিয়েছি, সেখানে মাননীয় বিধায়করা আছেন, জেলাপরিষদের নমিনি আছেন, পৌর কমিশনার আছেন, পঞ্চায়েত সমিতির সভাপতি, প্রতিনিধি ইত্যাদি আছেন। স্বভাবতই এইগুলি তাদের করার দায়িত্ব।

[1-10—1-20 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯০-৯১ সালের আর্থিক বছরে মোট কত টাকার বই কেনা হবে সে উত্তর দিয়েছেন। উত্তরটা ঠিকমতন শুনতে পাই নি। আমি জানতে

চাই, যে বই কেনার পরিকল্পনা হয়েছে সেখানে ইতিমধ্যেই ৫ মাস চলে গিয়েছে, ৭ মাস বাকি আছে, ইতিমধ্যে কি পরিমাণে টাকা খরচ হয়েছে জানাবেন কি?

**শ্রী সরল দেব ঃ** প্রথম কথা হচ্ছে, এই প্রশ্নের সঙ্গে এর সঙ্গতি নেই। দ্বিতীয়ত বলি, আমরা এখনও টাকাটা ছাড়ি নি। টাকাটা সাধারণত আমরা ছাড়ি পূজার পরে। তার কারণ, জেলাগুলিতে তখন মেলা শুরু হয়। এটা একটা রেওয়াজ, আইন নেই, পূজার পর থেকে জেলাগুলিতে মেলা শুরু হয়। সেই সময় জেলা থেকে রিক্যুইজিশন আসে, তখন আমরা টাকাটা ছাড়ি।

**শ্রী তরুন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, দূর্গাপুর সিটি লাইব্রেরির জন্য কত টাকা স্যাংশন করেছেন এবং তার স্টাফ-এর অ্যারেঞ্জমেন্ট করেছেন কি না?

**শ্রী সরল দেব ঃ** দূর্গাপুরের জন্য সম্প্রতি আমরা স্টাফের স্যাংশন পেয়েছি এবং অতি শীঘ্র রিক্রুটমেন্টের ব্যবস্থা করছি। স্টাফ স্যাংশন না করে সেখানে বই কেনার জন্য টাকা মঞ্জুর করছি না এই কারণে যে তাহলে কে দেখবে। মাননীয় সদস্য উদ্বোধনের দিন ছিলেন এবং জানেন যে আমরা সম্প্রতি ডিস্ট্রিক্ট লাইব্রেরি অথরিটির চেয়ারম্যান এবং ডি.এল.ও.কে বলেছি যে আপাতত অন্য জায়গা থেকে কিছু স্টাফ এনে এটা অন্তত সপ্তাহে ৪ দিন খোলার ব্যবস্থা করা হোক। সম্প্রতি আমরা সেই মর্মে নির্দেশ দিয়েছে। বর্ধমানের এম.এল.এ. সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা আশা করছি যে ২/৩ মাসের ভেতরে আমরা এখানে কর্মচারী নিয়োগ করতে পারব। বর্ধমানের এল.এল.এ.র চেয়ারম্যান জেলাশাসক। তিনি বর্ধমান জেলায় অবস্থিত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাছে নাম চেয়ে পাঠিয়েছেন। নাম এলে ইনটারভিউ নিয়ে আমরা নিয়োগের ব্যবস্থা করব।

***53 Held over..**

### আলিপুর চিড়িয়াখানায় মরসুমি পাখি

***৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আলিপুর চিড়িয়াখানা সন্নিহিত অঞ্চলে বহুতল হোটেল নির্মাণের ফলে চিড়িয়াখানায় মরসুমি পাখির আগমণ ক্রমহ্রাসমান; এবং

(খ) রাজ্যে নতুন চিড়িয়াখানা স্থাপনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** না এবং প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনাধীন আছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় 'ক' এর উত্তরে বললেন না। তার মানে ক্রমহ্রাসমান নয়। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কিসের ভিত্তিতে তিনি এটা বলছেন? তিনি কি দাঁড়িয়ে থেকে গুণেছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা মোটামুটি যে পাখি আসে তার আনুমানিক একটা হিসাব করি। তাছাড়াও এর একটা বৈজ্ঞানিক ভিত্তি আছে হিসাব করে দেখা গেছে যে ১০/১২ বছর আগে যে পাখি আসত তার চেয়ে কিছু কম এসেছে। কিন্তু গত বছর যে পাখি এসেছিল তা অন্য বছর থেকে বেশি। এটা একটা আনুমানিক হিসাব। যারা বিশেষজ্ঞ তারা এই সম্পর্কে হিসাব করেন একটা বৈজ্ঞানিক ভিত্তি থেকে।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন'খ' প্রশ্নের উত্তরে বললেন যে এই বিষয়ে কেন্দ্রের সঙ্গে কথাবার্তা চলছে। নতুন চিড়িয়াখানা স্থাপনের স্থান নির্বাচন ইতিমধ্যে হয়েছে কি না সেটা জানাবেন কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা এই চিড়িয়াখানার ব্যাপার নিয়ে রাজীব গান্ধী যখন প্রধান মন্ত্রী ছিলেন তখন থেকে আলাপ-আলোচনা করছি। এই ব্যাপারে সোনারপুরের কাছে একটা স্থান নির্দিষ্ট করা হয়েছে ৩২৫ একরের মতো জায়গায়। সেই সময়ে আমাদের জানানো হয় যে নতুন করে কোনও চিড়িয়াখানা করা যাবে না, যে গুলি আছে সে গুলিকে সংস্কার করতে হবে। তখন ডাঃ জেড. আনসারি ছিলেন। তাকে আমরা বলেছিলাম যে এখানে নিয়ার নেচার একটা পরিবেশের মধ্যে প্রাণীগুলিকে যাতে সংরক্ষিত করে রাখতে পারি তার চেষ্টা হচ্ছে। এর উদ্দেশ্য দুটো। তাদের মধ্যে একটা ভিজিলেন্স থাকবে যে বন্যপ্রাণীদের চরিত্র কতখানি নষ্ট হচ্ছে এবং তাদের জেনেটিক কোনও পরিবর্তন আসছে কি না। তখন আনসারী বলেছিলেন যে তাহলে একটা নতুন ধরনের প্রোপোজাল আপনারা আবার আমার কাছে আনুন। যথারীতি আমরা আবার লেখালেখি শুরু করি। এই সময়ে সরকার পাল্টে যায়। তারপরেও নতুন করে আবার মেনকাজীর সঙ্গে কথাবার্তা হয়। মেনকাজী কিছুদিন দায়িত্বে থাকার পরে মিঃ নীলমনি রাউত আসেন। তার সঙ্গেও চিড়িয়াখানা নতুন ধরনের করা সম্পর্কে কথা বলি। তিনি এই সম্পর্কে একমত হন। কিন্তু এখনও পর্যন্ত ডিটেলস্ ওয়ার্ক আউট করা যায়নি। কারণ ফিনান্স কোথা থেকে আসবে ইত্যাদি এসব ব্যাপার আছে। আমরা চিন্তা করছি কোনও বেসরকারি প্রতিষ্ঠান বা অনেক ব্যক্তির সঙ্গে একসঙ্গে করা যায় কিনা। ব্যাপারটা আলোচনাধীন আছে। পরবর্তীকালে এই বিষয়ে আরও আলাপআলোচনা করা হবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবাংলাকে এমনিতেই একটা প্রাকৃতিক লীলাভূমি বলা যায়। এই পক্ষি প্রকল্পের যে প্রস্তাব রয়েছে, এই প্রকল্প সম্পর্কে রাজ্য সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেন নি। এই বিষয়ে নতুন সরকারের সঙ্গে আলোচনা চলছে। আমার প্রশ্ন হচ্ছে, উত্তরবাংলার জলপাইগুড়ি বা আলিপুর দুয়ারের বক্সারে যেখানে অতীতে বিপ্লবীদের বন্ধ করে রাখা হয়েছিল, সেই সমস্ত জায়গায় কোনও চিড়িয়াখানা গড়ে তোলার

পরিকল্পনা আছে কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** প্রথমত চিড়িয়াখানার যে কনসেপ্টটা ছিল সেটা পাল্টে গেছে। আগে যেমন পশুপাখি এগুলিকে খাঁচায় আটকে রাখা হত এবং মানুষ তাদের দেখে আনন্দ উপভোগ করত। এখন এই কনসেপ্টটা পাল্টে গেছে। নর্থ বেঙ্গলে যে প্রোজেক্ট আছে সেখানে হাতি, বাঘ, গন্ডার ইত্যাদি যে সমস্ত হিংস্র জীবজন্তু আছে তাদের একটা নিয়ার ন্যাচারাল কনডিশনে রাখার ইচ্ছা ছিল এবং প্রয়োজন হলে ফুট চেন দিয়ে রেখে কিছু পরীক্ষা নীরিক্ষা করা যায় কি না। কিন্তু কিছু বন্যপ্রাণীর ব্যাপারে একটা ভয়াবহ তথ্য আছে। সেজন্য আমরা ভেবেছিলাম এর মধ্যে দিয়ে এর কারণগুলি চিহ্নিত করতে পারি কি না। সে জন্য কলকাতার কাছাকাছি হলে সুবিধা হবে। কারণ আমাদের যে এনভায়রনমেন্ট অ্যালার্ট গ্রুপ আছে তাদের দিয়ে রিসার্চ করানো যায় কি না। কলকাতার কাছাকাছি করা হচ্ছে বিশেষ করে রিসার্চের দিকে লক্ষ্য রেখে।

[1-20—1-30 P.M.]

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, দার্জিলিং শহরের উপর যে চিড়িয়াখানাটি রয়েছে, তাকে বড় করবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য জানেন, আমরা ওটাকে নিরন্তর উন্নতি করবার চেষ্টা করছি, আমি ঐ চিড়িয়াখানা নিজে গিয়ে দেখে এসেছি। ওখানে একটা ব্রাইট পোজিশন আছে। বিশেষ করে স্নো লেপার্ডের বাচ্চা হওয়ার পর আমরা এই বিষয়ে উৎসাহিত। ওদের জীবনের যে বৈচিত্র, ওদের যে সেক্সচুয়াল লাইফ রয়েছে, ওদের যে প্রোজিনি, এই সম্পর্কে নতুন তথ্য আমরা জানতে শুরু করেছি। কাজেই ইন্টারেস্ট আমাদের আছে। আমরা দেখছি আর একটু ভাল যাতে করা যায়, তার চেষ্টা আমরা করছি।

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি একটা ছোট্ট প্রশ্ন করছি। আপনি যেটা বললেন, সেটা ঠিকই বলেছেন, আগের কনসেপ্ট চেঞ্জ হয়ে গেছে। আমি জানি না আপনি আফ্রিকার জঙ্গলে গেছেন কি না। সেখানে যে বিরাট এলাকাগুলোকে ন্যাচারাল ব্যাকগ্রাউন্ডের মধ্যে রাখার চেষ্টা হয়েছে, সেই রকম কোনও ন্যাচারাল ব্যাক গ্রাউন্ডকে রেখে, বিরাট এলাকা আপনি সিলেক্ট করে, এই ব্যবস্থা আপনি করবেন কি না যাতে মাইলের পর মাইল গাড়ি নিয়ে গেলে প্রকাশ্যে বন্য প্রাণীদের দেখা যাবে, এই ব্যাপারটা আপনি চিন্তা ভাবনা করছেন কি না? কারণ জীব জন্তুদের খাঁচায় রেখে আর কষ্ট দেবেন না। মাইলের পর মাইল এলাকা সিলেক্ট করে আপনি সেই ব্যবস্থা করবেন কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আপনার প্রস্তাবটা সাধু প্রস্তাব। এই রকম এলিফেন্ট করিডোর আছে ভুটান থেকে আরম্ভ করে উত্তরবাংলার নানা জায়গায়। কিন্তু এত বেশি জঙ্গলের ধারে ঘরদোর হয়ে গেছে। অর্থনৈতিক কর্ম কান্ড এত ঘটেছে, মানুষ বস্তি স্থাপন

করেছে, যার ফলে ঐ রকম এরিয়ায় সেই রকম কনসেপ্টে যেতে আমাদের অসুবিধা হচ্ছে। এই রকম প্রোজেক্টের কাজ করতে। দু' নং কথা, আমরা এখন একটা কনসেপ্টে চলে গেছি, আমি আপনাকে জানাই, এটা রাজীব গান্ধীর জমানাতেই শুধু অভিনন্দিত হয় নি, ইন্দিরা গান্ধীর আমলেও আমরা অ্যাওয়ার্ড পেয়েছি, যারা বনের ধারে থাকে, যারা শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস্, তাদের সংগঠিত করে একটা প্রোটেকশন কমিটি করে, জঙ্গলকে রক্ষা করার চেষ্টা করা হচ্ছে। এই রকমভাবে যদি না করা যায় তাহলে জঙ্গল রক্ষা করা যাবে না। আপনি জানেন আরাবাড়িতে এই জিনিস করে ভাল ফল পাওয়া গেছে। পুরুলিয়াতেও এই রকম একটা কমিটি করে ভাল ফল পেয়েছি। হাওড়াতে সোশ্যাল ফরেস্ট্রির এই রকম ব্যবস্থা করা হয়েছে এবং সেখানে মহিলারা চারা গাছ তৈরি করেছে। ফরেস্ট্রি বাই উয়োম্যান করা হয়েছে। এবং ৫০০ টাকা করে পার ফ্যামিলিকে পার মান্থ দেওয়া হয়েছে। এই রকমভাবে একটা ইকনমিক ইন্টারভেনশন করা হয়েছে। সব মিলিয়ে একটা অর্থনৈতিক কর্ম কান্ড চলছে বনাঞ্চলে সৃষ্টির জন্য। এই রকমভাবে নানা রকম ভাবনা চিন্তা শুরু হয়েছে। বড় জায়গায় প্রাণী রক্ষণাবেক্ষণের জন্য আমরা পরীক্ষা নীরিক্ষা শুরু করেছি। যেমন ধরুন এলিফেন্ট মিনেস, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এই তিন জেলার মধ্যে করার চেষ্টা করছি, যাতে তারা অলমোস্ট ন্যাচারাল হোমের মতো থাকতে পারে। ব্যাপারটা পরীক্ষা নীরিক্ষার পর্যায়ে আছে। এটা এখনও ক্রিস্টালাইজ করেনি।

**শ্রী অপূর্বলাল মজুমদার :** কেনিয়াতে যে রাজস্ব আদায় হয়, তার মোর দ্যান ফিফটি পারসেন্ট আদায় হয় তাদের মধ্যে থেকে যারা বিভিন্ন দেশ থেকে এসে ঐ স্থানগুলো পরিদর্শন করে, তাদের থেকে, ক্যান ইউ হ্যাভ কনসেপ্ট অব দ্যাট টাইপ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** প্রকৃতি কেনিয়াকে সাহায্য করেছে এবং দেয়ার ইজ এ ডিপ্রেশন। অনেক জায়গায় ডিপ্রেশন আছে এবং অনেক জায়গা উঁচু মাটির ঢেলা দিয়ে ঘেরা, যার ফলে তাদের আর ইন্টারভেনশন করতে হয় না। কিন্তু আমাদের তো ওরকম করা যাবে না, আমাদের পুরো পাঁচিল দিতে হবে। ওদের মতো আমাদের পশ্চিম বাংলার জিওগ্রাফিক্যাল অ্যাডভান্টেজ নেই। তবে আপনি নিশ্চয়ই জানেন যে, আমরা সুন্দরবনে এরকম প্রয়াস নিচ্ছি। বায়োস্ফেয়ার রিজার্ভ হচ্ছে।

**শ্রী সাত্ত্বিক রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, কিছু দিন থেকে বন্যসৃজনে ইউক্যালিপ্টাস্ গাছ ব্যাপকভাবে লাগানোর ফলে পাখিরা মারা যাচ্ছে কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** মাননীয় সদস্যকে ধন্যবাদ, তিনি এবিষয়ে আমাকে বলার সুযোগ দিয়েছেন। পাখির সংখ্যা কমে যাবার বিষয়ে আমাদের কিছু রিপোর্ট আছে। আপনারা শুধু ডি.ডি.টি.র নাম শুনেছেন, কিন্তু ডি.ডি.টি. ছাড়াও ডি.ডি.ই এবং বাইয়েনড্রাইন, মূলত এই দুটো পাখির শরীরে ঢুকে পড়েছে। আপনারা বোধ হয় জানেন আজকে মায়ের বুকের দুধেও ডি.ডি.টি পাওয়া যাচ্ছে। এবিষয়ে গবেষণালব্ধ তথ্য আমাদের কাছে আছে। এক হচ্ছে, এর

ফলে বন্ধ্যাত্ব, স্টেরিলিটি এসে যাচ্ছে। দুই এর ফলে পাখির ডিমগুলি ফ্র্যাজিল, ভঙ্গুর হয়ে যাচ্ছে। তিন এর ফলে তা দিতে দিতেই মারা যাচ্ছে। এবিষয়ে আজকে অনেকেই উদ্বিগ্ন—বিশেষ করে পেস্টিসাইড, ইনসেকটিসাইড্ বিপুল পরিমাণে ছড়ানো হচ্ছে এবং সস্তার জিনিসগুলি আমাদের এখানে ছড়ানো হচ্ছে যা অন্যত্র ব্যান্ড। এটাও একটা মূল কারণ। ইউক্যালিপটাস্ সম্বন্ধে যে বিতর্ক সেটা ঠিক পাখির ক্ষেত্রে নেই। পাখি সব গাছে বাসা করে না। ইংরাজিতে একটা কথা আছে, What is that to a crow of pineapple ripe. বেল পাকলে কাকের কি? সাধারণত যেসব গাছে তারা বাচ্চা বড় করতে পারে সেসব গাছেই তারা বাসা বাঁধে। সুতরাং ইউক্যালিপটাস গাছের কোনও প্রশ্ন এখানে নেই।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, পুরুলিয়ায় একটা লায়ন সাফারি পার্ক করার কথা শুনেছিলাম। সে বিষয়ে কাজ কি কিছু এগিয়েছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ পার্কের কাজকর্ম কিছু হয়েছে। জায়গা চিহ্নিত হয়েছে এবং বেড়া দেবার কাজ হয়েছে। আমাদের ওখানে একটা ডিয়ার পার্ক এবং একটা শূকর পালন কেন্দ্র করার ইচ্ছেও আছে।

[1-30—1-40 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ চিড়িয়াখানায় পশুর খাদ্য নিয়ে একটা দুর্নীতি চলছে এইরকম একটা খবর স্টেটসম্যান কাগজে বেরিয়েছিল। সেখানে পশুর খাদ্য নিয়ে চুরি-জোচ্চুরি হচ্ছে এবং ঐ খাবার বাইরে বিক্রি হচ্ছে এবং পশুদের কম খেতে দেওয়া হচ্ছে। আপনি কি জানেন এই দুর্নীতির বিরুদ্ধে সরকার কোনও ব্যবস্থা নিয়েছেন কি না?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ এটা দুর্ভাগ্য হলেও সত্য যে এই দুর্নীতি আপনাদের জমানা থেরে শুরু হয়েছে, ইনহেরিট করেছে। এটা দীর্ঘদিনের ব্যাপার। আমি যখন থেকে এসেছি তখন থেকে এই দুর্নীতি বন্ধের চেষ্টা করছি। রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকেছে। সরষের মধ্যে যদি ভুত থাকে তাহলে কি করে তাড়াবেন? সবচেয়ে কম কোটেশন দিতে হবে, তা না হলে অসুবিধা আছে, আবার এমনই মার্কেট কোট্ থাকে যে সেই জিনিস পাওয়া যায় না। এইরকম কতকগুলি ব্যাপার আছে। আমি মাঝে মাঝে খবরের কাগজে দেখেছি, তবে সবই যে ঠিক তা নয়, কখন কখন অতিরঞ্জিত হয়ে থাকে, কখন কখন হেয়ারসে স্টেটমেন্ট আছে। তবে সংবাদপত্রে বেরুলেই তদন্ত করার জন্য যত রকমের ব্যবস্থা আছে তা আমি করি। তবে আমি বলতে পারব না যে একবারেই কিছু হয়নি। তবে আগেকার থেকে অনেক ভাল ব্যবস্থা হয়েছে। ঐ রকম লুঠপাটের ব্যবস্থা আর নেই।

**Mr. Speaker** : Mr. Subrata Mukherjee, please make your statement.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে ১৬ই আগস্ট পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের ডাকে কলকাতায় একটা ধর্মঘট ডাকা হয়েছিল এবং তাকে কেন্দ্র করে যে সমস্ত ঘটনা এবং দুর্ঘটনা হয়েছিল সেই দুর্ঘটনায় অনেকেই শিকার, আমিও তাদের মধ্যে একজন। আমি প্রথমেই আপনার কাছে এবং সমস্ত বিরোধী সদস্যদের কাছে বলে রাখি, সহানুভূতি অথবা প্রচারের জন্য আমি এই বিবৃতি দিচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ যে তিনি নিয়মমাফিক আমাকে বিবৃতি দিতে দিয়েছেন। ঘটনাটি যদি সাধারণ এবং নিয়মমাফিক হত তাহলে এইভাবে এত গুরুত্ব দিয়ে বলবার চেষ্টা করতাম না। ঘটনাটি একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। দক্ষিণ কলকাতায় পরিচিত কংগ্রেস কর্মীরা যাঁরা সেদিন রাস্তায় নেমেছিলেন হয় তারা গ্রেপ্তার হয়েছেন আর না হয় পরিচিত কংগ্রেস কর্মী বলে খুন করবার চেষ্টা করা হয়েছে। আমি সরাসরি অভিযোগ করছি—নাম না করে, কারণ টেক্‌নিক্যাল অসুবিধা আছে—দুইজন তরুন মন্ত্রীর হীন চক্রান্তে আমাকে সেদিন খুন করবার চেষ্টা করা হয়েছিল। আপনারা উত্তেজিত না হয়ে ঘটনাটা শোনবার চেষ্টা করবেন। আমার হাতটি ভাঙেনি, ডিস-লোকেশন হয়েছে। এটা দেখাতে যদি না পারতাম তাহলে আমি খুশি হতাম। আমাকে যেভাবে মারা হয়েছে তাতে আমার দুটো রীব্ সাংঘাতিকভাবে উন্ডস্ হয়েছে। এখন নিশ্বাস নিতে গেলে দুটো রীবে পেইন হয়, সারারাত আমাকে অক্সিজেন নিতে হয়। স্যার, আমাদের এখানকার মাননীয় মন্ত্রী যিনি—পরে সংবাদপত্রে পড়েছিলাম—বলেছিলেন যে আমরা সেই সমস্ত ক্যাডারদের পায়ের নখের যোগ্য নই। কিন্তু তারা আমার পায়ের নখটা মাংস কাটা চপার দিয়ে—পা তুলে দেখাতে পারি, তাতে আপনি অসম্মানিত হবেন এবং সেটা শোভনীয় হবে না—নখ সমেত কেটে উড়িয়ে দিয়েছে, জানি না সেটা সেই মন্ত্রীকে উপহার দিয়েছে কি না। স্যার, ঘটনাটা কি ঘটেছিল। মাননীয় শচীনবাবু এখানে রয়েছেন, উনি জানেন। সাধারণভাবে কোনও দোকান ছিল না যে, দোকান বন্ধ করার জন্য অনুরোধ করতে হবে। বাস, ট্রাম প্রায় ফাঁকাই চলেছিল, সমস্ত কাগজে এমন কি আপনাদের বন্ধু সরকারের টি.ভিতেও তা দেখা গিয়েছিল। কাজেই, এসব ব্যাপার নিয়ে চিৎকার করার ইচ্ছা আমাদের ছিল না। সমস্ত রাস্তাই লাল পতাকায় ভর্ত্তি হয়ে ছিল। আমাদের ডাকে এই বন্ধ হয়েছে বলে আমরা যখন জনগণকে অভিনন্দন জানাবার জন্য দক্ষিণ কলকাতার ৪ জায়গা থেকে মিছিল নিয়ে এসে মূল জায়গায় আসার চেষ্টা করছিলাম—আমার উপর দায়িত্ব ছিল গড়িয়াহাট নিয়ে যাবার—কিন্তু গড়িয়াহাটে সি.পি.এমের কনফ্রন্টেশন চলছিল, সেজন্য আমরা ডোভার লেনের উল্টো দিক দিয়ে—যাঁরা দক্ষিণ কলকাতার পথ চেনেন তাঁরা বুঝতে পারবেন—হাজরায় ঢুকে পন্ডিতিয়া রোড দিয়ে রাসবিহারীতে গিয়ে ওঠার কথা ভাবছিলাম। আমার সঙ্গে মাননীয় বিধায়ক শ্রী গোবিন্দ নস্কর ছিলেন, ৩ জন কাউন্সিলার ছিলেন এবং প্রায় ৭০০/৮০০ জন কর্মী এবং ২৫০/৩০০ জন পুলিশ ছিলেন। গড়িয়াহাটের ও.সি. আমাদের এসকর্ট করে নিয়ে যাচ্ছিলেন। আমরা আক্রমণ কিংবা গন্ডোগোল করব না, বাস পুড়লে পুলিশ লাঠি চার্জ বা ফায়ারিং করতে পারে বলে আমরা ট্র্যাঙ্গুলার পার্কের দিকে যাব না। এটা আমাদের ঠিক ছিল। সংঘর্ষ এড়াবার জন্য আমরা যখন হাজরার দিকে যাবার চেষ্টা করছিলাম সেই সময়ে পুলিশের গাড়ি থেকে অস্ত্র

নামল, পুলিশের আর একটি মিনিবাস এসেছিল সেখান থেকে আমাদের আক্রমণ করা হয়েছি। প্রথমে একটি থান ইঁট আমার বুকে এসে পড়েছিল, পুলিশ নির্বাক, ও.সি. নির্বাক তারা একটি কথাও বলেনি। ইট ইজ এ ব্যাড প্রিসিডেন্ট, ইট জি দি ওয়ার্স্ট প্রিসিডেন্ট। আপনারা কেউ চিরকাল মন্ত্রী হয়ে জন্মাননি, মন্ত্রী হয়ে মরবেন না। স্যার, আমার একটি কথা মনে পড়ে, আমি যখন ছাত্র ছিলাম, প্রথম যুক্তফ্রন্ট ভেঙ্গে যাবার পর বিশ্বনাথ মুখার্জির গায়ে যখন পুলিশের লাঠি পড়েছিল তখন দলমত নির্বিশেষে সাধারণ মানুষ পর্যন্ত তীব্র ধিক্কার দিয়েছিলেন। আপনি অবাক হয়ে যাবেন, ইঁটে আমার রিব কেটে গেছে। আমার সিকিউরিটি, তার নাম শ্রী সৈকত আলি, তাকে চপারের উল্টো দিক দিয়ে মেরে তার হাঁটু এবং গোড়ালি ভেঙ্গে দেওয়া হয়েছে। আমাকে প্রোটেকশন দেওয়ার জন্য এই রকম হল, এরপর দেখবেন আপনাদেরও আর কেউ প্রোটেকশন দেবে না। তাকে রিপোজড নার্সিংহোমে নিয়ে যাওয়া হল, আমি ছাঁড়া পেয়েছি, সে এখনও ছাড়া পায় নি। আমি আমার সিকিউরিটিকে নিয়ে পূর্ণদাস রোডের দিকে আমরা এগিয়ে গিয়েছিলাম, কোনও ক্যামেরাম্যান তখন সেখানে ছিল না। আপনি তদন্ত করুন, যে শাস্তি আপনি আমাকে দেবেন আমি তা মাথা পেতে নেব, কারণ আপনার সে অধিকার আছে। তারপর আমরা একটা ব্লাইন্ড লেনে ঢুকলে সেখান থেকে আমাদের দৌড় করিয়ে একটা লোকের বাড়ির বাথরুম পরিষ্কার করে যেখানে সেখানে জোর করে ঢুকিয়ে আমাকে এবং আমার সিকিউরিটিকে আক্রমণ করা হয়েছিল।

[1-40—1-50 P.M.]

আমার বাব-মা তুলে অকথ্য ভাষায় গালাগাল করে আমাকে প্রথমে বাঁশ দিয়ে মারল এবং তারপর চপার এবং নেপালা বের করল। যখন তারা চপার বের করে আমাকে লক্ষ্য করে চালাল, দেবী বৈদ্য নামে আমাদের এক মহিলা কর্মী সেই চপারকে আটকায় যারফলে সে সাংঘাতিকভাবে আহত হয়। বর্তমানে সে রিপোজ নার্সিং হোমে রয়েছে। তার ১৪টি স্টিচ্ পড়েছে। আজকে তার এক্স-রে হচ্ছে মাথায়। খুব বিরাট রাজনৈতিক পরিচয় নেই বলে সাংবাদিকরা তার সংবাদ রাখেন না। একজন সরকার পক্ষের মানুষ এবং আর একজন আমাদের দলের মহিলা কর্মী আমাকে বাঁচাতে গিয়ে এইভাবে সাংঘাতিকভাবে আহত হয়ে আজকে হাসপাতালের সঙ্গে যুক্ত হয়ে রয়েছেন। শুধু তাই নয়, আজকে আমার সেই সিকিউরিটি গার্ডকে পুলিশ থেকে বলা হচ্ছে, আমরা যে রকম স্টেটমেন্ট করতে বলছি সেইরকম স্টেটমেন্ট কর এবং পুলিশ হসপিটালে যাও। যে মানুষটা প্রাণ দিয়ে আমায় বাঁচিয়েছে, আমি নার্সিং হোমে থাকব আর সে আপনাদের সৃষ্ট ঐ নরক হসপিটালে থাকবে সেটা হতে পারে না। তাই আমরা তাকে রিপোজ নার্সিং হোমে রেখেছি। মানবিকতার প্রশ্নে সে আগে মানুষ, তারপর একজন রাজনৈতিক বা পুলিশ কর্মী। ঐ আক্রমণের ফলে আমার আঙ্গুল বাদ হয়ে গেছে, রিব ভেঙ্গে গেছে, হাত ডিসলোকেশন হয়ে গেছে, বাঁশ দিয়ে সারা শরীরে মারা হয়েছে। এমন অবস্থায় আমরা চারজন ৪০ মিনিট এক দারোয়ানের বাথরুমের মধ্যে ঢুকে দরজা বন্ধ করে লুকিয়ে ছিলাম। তারপরও বের হতে পারি না। তখন একজন পুলিশ

অফিসার—ও.সি., আমি বায়াসড্ নই, লেক থানার ও.সি. দয়া করে আমাদের রেসকিউ করে নিজের গাড়িতে তুলে নিয়ে অয়ারলেসে খবর দেন যা দেবার দায়িত্ব ছিল গড়িয়াহাট থানার ও.সি.র। কিন্তু তিনি খবর পাঠালেন না, পালিয়ে গেলেন। আমাদের উপর মার তিনি আটকালেন না। তিনি সারা দিন আমাদের সঙ্গে হেঁটেছেন। সমাজবিরোধীরা আমাদের মেরেছে সি.পি.এম. এর ঝান্ডা নিয়ে। জানি না তারা সি.পি.এম. এর লোক কিনা। আমি মিথ্যা করে বলতে আসিনি, তারা চপার দিয়ে মেরেছে। আপনারা কোন ধরনের সমাজবিরোধীদের পার্টিতে ঢুকিয়েছেন বুঝুন। এতে আপনারা লজ্জা পাবেন কি না জানি না। আমি তাদের চিনি না, অনেক কিছুর উর্দ্ধে থেকে বলছি যে, তাদের নামও আমি বলতে পারব না। সেদিন তারা আমাকে চিনতে পারেনি যারা একটা রাজনৈতিক দলের কর্মীদের ঝান্ডা নিয়ে মারতে এসেছিল। আমাদের বাঁশ দিয়ে মারছে এবং আমার নাম ধরে বলছে—কোথায় সুব্রত মুখার্জি? এমন অবস্থায় তখন পড়েছিলাম যে, বাড়ির উপর থেকে মেয়েরা হায় হায় করে কেঁদেছে। খবর নিয়ে দেখতে সেখানে একটা টিম্ পাঠান, আমি রাজি আছি স্টেটমেন্ট করতে। আমার কোনও বডি পেতেন না, আপনার শুভেচ্ছায় সেদিন বেঁচেছি। আমার ইনজুরি—সেটা এমন একটা কিছু সাংঘাতিক ব্যাপার নয়। তবে আমাকে পোস্টমর্টেম পর্যন্ত করতে পারতেন না, কারণ যেভাবে নেপালা এবং চপার নিয়ে আক্রমণ করা হয়েছিল তাতে আমাকে যদি তারা চিনতে পারত তো আমার বডি টুকরো টুকরো হয়ে যেত। ফলে মর্গে পর্যন্ত নিয়ে যেতে পারতেন না। এই যে হীন চক্রান্ত—এরপর বলবেন কি আমরা কোন জায়গায় বাস করছি? আমি বিবৃতি দিতে বা সহানুভূতি কাড়তে আপনার কাছে আসিনি। আমি শুধু এটুকু বলতে চাই, আজকে রাজনীতিতে যে ওয়ার্স্ট প্রিসিডেন্ট তৈরি করা হল এরজন্য একটা সর্বদলীয় টিম করা হোক, কারণ এই সভায় এর প্রিসিডেন্ট আছে। একজন মন্ত্রী, তিনি চিৎকার করে বলছেন—বুদ্ধদেববাবু বলেছেন যে, ঐ পুলিশ বাহিনী এবং ক্যাডার বাহিনী যারা আমাদের পিটিয়েছে তাদের জন্য তিনি গর্বিত। ছাত্র জীবনে ওঁরা মার খেয়েছেন যখন তখন কিন্তু আমরা গর্বিত একথা আমরা বলিনি। আজকে কাদের জন্য গর্ব অনুভব করছেন? সংসদীয় গণতন্ত্রে ১৩ বছর বিরোধী দলে রয়েছি, পরশুদিন আমরা রুলিং পার্টিও করতে পারি। এটাই সংসদীয় গণতন্ত্রের নিয়ম। আমরা যদি আসি, এই লোকেরা যদি ভোল পালটে এই ধরনের আক্রমণ করে তখন নিন্দা করবার ভাষা পাবেন আপনারা? রাজনৈতিক মানুষ হিসাবে আমরা একটা জগতের মানুষ অকুপেশনের দিক থেকে। এই যে অকুপেশনাল হ্যাজার্ডস তৈরি করে দিচ্ছেন তার নিন্দা পর্যন্ত না করে এখানে দাঁড়িয়ে সমস্ত রক্তাক্ত আক্রমণ করলেন শুধু মাত্র একটা সুব্রত মুখার্জিকে নয় সমস্ত পশ্চিমবঙ্গ বিধানসভাকে এবং সংসদীয় গণতন্ত্রকে। এটা মন্ত্রীকে উইথড্র করতে না বলেন তাহলে ভয়ঙ্কর পরিণতি হবে। আজকে বুদ্ধদেববাবু চিরকাল বুদ্ধদেববাবু থাকবেন না, যে দিন বুদ্ধদেববাবু এখানে বুদ্ধদেববাবু থাকবেন না সেই ভয়ঙ্কর দিনের কথা আপনাদের ভাবতে হবে। উনি তো পড়াশোনা করেছেন, বাংলায় পড়াশোনা করেছেন, তাঁকে আমি ব্রহ্ম সঙ্গীতের কথা স্মরণ করিয়ে দিতে চাই যে শেষের সেই দিন বড়ই ভয়ঙ্কর। ভয়ঙ্কর শেষের সেই দিনের কথা আপনারা ভাবুন, দেওয়াল লিখন আজকে

আপনারা পড়তে চেষ্টা করুন। নাম বাদ দিন, কোথায় আপনারা চিত্র সাংবাদিক মারবেন, তাদের সঙ্গে আপনাদের একমত হয়ত হচ্ছে না সেই জন্য তাদের ধরে বেপরোয়া পেটাচ্ছেন। যে মানুষ, একটা লাঠি খেয়েছিল বিশ্বনাথবাবু বলে তুলকালাম করেছিল আজকে সেই মানুষ কয়েক প্রজন্ম বাদ দিয়ে বলছে আমরা গর্বিত, আমরা খুন করবার চেষ্টা করেছি, এই ধরনের জঘন্য আক্রমণ করবার চেষ্টা করেছি। আমার সঙ্গে যে দুজন মহিলা এবং সৌকত আলি, সিকিউরিটি ছিল এখনও তারা অসুস্থ অবস্থায় আছে, আমার পা তুলতে পারলে ভাল হত, অসম্মান হবে বলে তুলছি না, আমার রিবে আঘাতের জন্য অক্সিজেন নিয়ে থাকতে হয়। স্যার, আমি নিজে অবাক হয়ে গেলাম যে একটা নিয়ম আছে যে যদি পুলিশ আমাদের গ্রেপ্তার করে—কোনও এম.এল.এ.-কে তাহলে আপনার অফিসে খবর দিতে হয়। পুলিশ আমাকে গ্রেপ্তার না করলেও পুলিশ আমাকে রেসকিউ করেছে। এত বড় ঘটনা হল, চিরকালের কনভেনশন আছে আপনার অফিসকে রিপোর্ট করতে হয় এবং হাউস যদি অন সেশন হয় তাহলে আপনার অফিস থেকে সেটা এখানে রিপোর্টিং হয় ইন অ্যাবসেন্স অফ দি পারসন। এম.এল.এ. ছাড়া এই রকম ঘটনার নজীর এই হাউসে বহুবার আছে, আমরা যখন রুলিং পার্টিতে ছিলাম সেই সময় নজীর আছে, আমরা যখন বিরোধী দলে ছিলাম সেই সময় নজীর আছে। স্যার, পার্টি নয় কি করে বলবেন ওনারা? আমার রক্তাক্ত জামাকাপড় সিজার লিস্টে নাম সই করে জমা দিয়েছি। যখন লাল্লু আলমের মাধ্যমে মমতাদেবীকে মারা হল তখন ছবি বলে দিয়েছিল, ওঁর ক্ষেত্রে শুধু তাই নয় পুলিশ নিজেরা ধরেছে, এখানে কোনও কৌশলী দাঁড়াচ্ছে না। আর এখানে আমার ক্ষেত্রে যাকে গ্রেপ্তার করা হয়েছে, বাপি বলে একজনকে, তার অফিসিয়াল কৌশলী হচ্ছেন সি.পি.এম. নেত্রী। তিনি মেম্বার শুধু নন, তিনি নেত্রী, তিনি নির্বাচনে দাঁড়িয়েছেন, তিনি অফিসিয়াল কৌশলী। কি করে বলবেন যে সি.পি.এম.-এর লোক নয়? কারণ সেই সি.পি.এম. এবং কংগ্রেস ছাড়া তৃতীয় বস্তু ছিল না। বাঘ-ভাল্লুকের দল, নপুংষকের দল বাইরে একরকম বলে ভেতরে একরকম বলে। কমলবাবু চিরকাল বলেছেন যে সি.পি.এম.-এর মধ্যে সমাজবিরোধী কিলবিল করছে। আমি বারে বারে বলেছি এই ঘটনার কথা, দায়িত্ব নিয়ে বলেছি এটা দেখুন। আজকে সমাজবিরোধী যে আপনাদের হাত থেকে বেরিয়ে গিয়েছে সেখানে মানুষকে শুধু খুন করা নয় কিংবা করার মতো অবস্থায় পৌছে দিয়ে গেছে। একটা ভয়ঙ্কর পরিণতি! আপনাদের বলছি যে আমার নামও করতে হবে না, যে ঘটনা হয়েছে তাকে দল হিসাবে প্রোটেকশন দেবেন না। যে তরুন দুজন মন্ত্রী এই হীন চক্রান্তের সঙ্গে যুক্ত, আপনি যে ল্যাংগোয়েজে বলেন যে কোনও কনডিশন নয়, যে মন্ত্রী বলেছেন যে এর জন্য আমরা গর্বিত আপনি স্পিকার হিসাবে যদি একটাও নজীর তৈরি করেন সেই নজীর আমার তৈরি হবে না আপনারই তৈরি হবে। আপনি নাকি ভাল ভাল নজীর তৈরি করেছেন। আপনার গদি কেউ কেড়ে নিতে পারবে না কারণ ওঁরা আপনার প্রোটেকশনেই আছে। হাউস চললে আপনিই মুখ্যমন্ত্রী, আপনিই স্পিকার, আপনিই ডেপুটি স্পিকার, আপনিই এম.এল.এ.।

**মিঃ স্পিকার ঃ** আমি লিডার অফ দি অপোজিশন অলসো।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** সেটা করলেন না। যদি করতেন তাহলে যখন প্রিয়রঞ্জন দাসমুন্সির নামে তাঁর অসাক্ষাতে—আপনাকে বহুবার দেখেছি সমস্ত প্রোটেকশন আপনি দিতেন, আপনার জন্য বলছি, আমি অনেক দিন ধরে হাউসে আছি, আপনার সঙ্গে আছি এবং আগেও ছিলাম, ১৯৭১ সালে যখন ছোট ছিলাম, আপনার কথা বলছি না, আপনি বহু জায়গায় আমাদের গাইড করেছেন, আমাকে গাইড করেছেন এবং অন্যদের করেছেন জানি—প্রিয়রঞ্জন দাসমুন্সি যখন হাউসে নেই তার সম্পত্তির হিসাব চেয়ে পাঠালেন একজন মন্ত্রী।

[1-50—2-00 P.M.]

কৈ, কেউ তো বললেন না এই ব্যাপারে? নিজে থেকে বলতে পারতেন যে-সুয়ো মোটো—দ্যাট মাস্ট বি এক্সপাঞ্জড। আপনি সুয়ো মোটো এর আগে যা বলেছেন, আপনি যদি আমাকে সময় দেন তাহলে আমি কাগজ ঘেঁটে এখানে যা হয়েছে—আপনাকে দেখিয়ে দেব আপনি বহু বার বলেছেন যে, এটা এক্সপাঞ্জড হবে। আপনি সুয়ো মোটো এই রকম বলেছেন, ফ্রম ইওর চেয়ার, ইউ ইওরসেলভ্ বলেছেন। আর সেই ব্যক্তি, তিনি এখানে উপস্থিত নেই, সেটা যাতে বাজারে যেতে পারে তিনি উত্তর দিতে যাতে না পারেন, সেটা রেকর্ড করিয়ে দিলেন। স্যার, আমি যেটা আপনার কাছে চাই, মন্ত্রী গর্ব অনুভব করেছেন—এটা গর্বের জিনিস নয়। এটা বুমেরাং হয়ে দেখা দেবে এবং আমি মনে করি, এটাকে আপনি হীন চক্রান্ত বলে আখ্যা দিন এবং আপনি ঐ মন্ত্রীকে বলুন, যেটা সাধন পান্ডের ব্যাপারে বলেছিলেন একটা সামান্য কথার হেরফের নিয়ে যে, কোনও কন্ডিশন নয়, আনকন্ডিশন্যালি ওঁকে ক্ষমা চাইতে হবে। পার্লামেন্টারি টার্মসে সেই ধরনের, 'আনকন্ডিশনাল' ক্ষমা চাওয়ার নজির আছে। আপনি সেই ধরনের ক্ষমা চাওয়ার নির্দেশ দিন। আমি আপনার কাছে কোনও সহানুভূতি চাই না। আমি চাই এখানকার পবিত্রতা রক্ষা করবার জন্য। আপনি তা না হলে উনি নিজেই এস্টাবলিশড্ হয়ে যাবেন গুন্ডাদের গড ফাদার হিসাবে। আপনি বাসে-ট্রামে পাবলিককে জিজ্ঞাসা করবেন, ঐ ঘটনায় ওঁর মুখ উজ্জ্বল হয়েছে কি না? আমরা সারা ভারতবর্ষে জ্যোতিবাবুকে নিয়ে মুখ্যমন্ত্রী হিসাবে গর্ব করতাম। গত কয়েকদিনের ঘটনা কী প্রমাণ করে দিয়েছে? জ্যোতিবাবুর মান-মর্যাদা কি আরও উঁচু হয়েছে? ছোট করে দিয়েছে। কারা করেছেন এটা? তাঁর মন্ত্রীরা এবং মন্ত্রীদের মধ্যে লড়াইয়ের ফলে আজকে আমাদের সমস্ত মানুষদের মার খেতে হচ্ছে। আজকে কি সাংঘাতিক অবস্থা চলছে এবং এই জিনিস চলতে থাকবে আপনি যদি প্রোটেকশন না দেন। দিস হাউস ইজ ট্রিমেন্ডাস পাওয়ারফুল হাউস, ইউ আর ইকোয়ালি ট্রিমেন্ডাস পাওয়ারফুল চেয়ারম্যান। স্যার, আপনি অবাক হয়ে যাবেন, আমরা প্রদেশ কংগ্রেস থেকে অনেক আগেই জানিয়ে দিয়েছি যে ১২ তারিখে মহাকরণ অভিযান করব এবং পি.সি.সি.(আই) প্রেসিডেন্ট বলে দিয়েছেন সমস্তটাই বলে দিয়েছেন সমস্তটাই অহিংস অভিযান হবে। আর ঠিক ঐ ১২ তারিখেই সি.পি.এম. আউট রাইট পলিটিক্যালি আবার ডাক দিয়েছে যে সল্ট লেক থেকে তাঁরা রাজভবন পর্যন্ত একটা অভিযান করবেন। এটা কি রাজত্ব চলছে? এটা যদি চলতে থাকে তাহলে আবার আমরা

রক্তাক্ত হব, আবার এই রকম মারামারি হবে রাস্তায়। তাহলে কি একটা টোটাল নৈরাজ্যের দিকে, এনার্কিজম এর দিকে আমরা চলে যাব? আর আপনি চুপ করে থেকে এই যে আমরা এনার্কিজম এর দিকে যাচ্ছি তা দেখে বসে থাকবেন? আমি মনে করি, আমরা কিন্তু থাকব না, আমরা এগিয়ে যাব। আমরা একটা রাজনৈতিক দল। আমার যদি একটি হাত ভাঙে ঐ ১২ তারিখে তাহলেও আমি আসব। আমার যদি দুটি হাত ভেঙে যায় আমি ঐ ১২ তারিখে আসব। আমার দুটি হাঁটু যদি ভেঙে যায় তাহলেও আমি ঐ ১২ তারিখে আসবই এবং মানুষ যেভাবে অভিযান চান, সেই রকম ভাবেই যাবে। আমরা এটা দেখিয়ে দেব। হ্যাঁ, আমরা ঠিক করেছি যে আমরা মরব, তবু এই কুকুরের মতো বাঁচতে চাই না। আমরা চাই যে নৈরাজ্য এবং অরাজকতা চলছে তার অবসান ঘটুক—এতে কার একটা হাত ভাঙলো বা দুটো হাত ভাঙলো সেটা কোনও ব্যাপার নয়। আমি আপনার কাছে শুধু প্রোটেকশন আমার জন্য চাইছি না। আমি প্রোটেকশন চাইছি হাউসের ইজ্জতের, আজকের প্রোটেকশন চাইছি সংসদের, গণতন্ত্রের। আমি প্রোটেকশন চাইছি আপনার যিনি নেতা তাঁর সম্মানের জন্য। আমি প্রোটেকশন চাইছি আগামী দিনের ভবিষ্যতের জন্য। আজকে এত উদাসীন যে এই হাউস চলছে এবং এই সমস্ত বার্নিং ইস্যু চলছে—দ্রব্যমূল্য বৃদ্ধি হল, ঠিক এই অবস্থায় উনি দিল্লি চলে গেলেন। আপনি এটা পারলেন না যাতে ওর মধ্যে অল পার্টি থাকে? আমরাও যেতে চাই, আমাদের পক্ষ থেকে এই কথা বলা হয়েছিল। এটাকে কেন অল পার্টি করে করা হল না? এই মুখ্যমন্ত্রী এখানে বহুবার বলেছেন, কিছু কিছু দেশের জন্য একসঙ্গে করুন। দেশের জন্য কিছু কিছু জায়গায় তো আমরা করতে চেয়েছিলাম। আপনারা এটাকে কেন ভেঙে চুরমার করে দিলেন? স্যার, আপনি আমাদের শেষ ভরসা। আজকে শারীরিক কষ্ট নিয়েও এই কথাগুলো আপনার কাছে বলতে এসেছিলাম আপনার মাধ্যমে হাউসকে জানাতে। আপনি শুভবুদ্ধি সম্পন্ন। আপনি এখানে রেস্ট—অবশিষ্ট আছেন। জ্যোতিবাবু বিক্রি হয়ে গিয়েছেন। বুদ্ধদেববাবু নিলাম হয়ে গিয়েছেন। এই বিষয়ে ওঁদের দিয়ে কিছু হবে না। অসীমবাবু চেষ্টা করছেন কবে জ্যোতিবাবু মারা যান এবং সেটা হলে উনি মুখ্যমন্ত্রী হবেন। আপনি শেষ, অবশিষ্ট। আপনিই পারেন কিছু প্রোটেকশন দিতে। আপনি যদি প্রোটেকশন দেন, এটা শুধু আমার প্রোটেকশন হবে না, এই প্রোটেকশন হবে হাউসের, গণতন্ত্রের এবং সংসদের পক্ষে। আপনি কোনও রকম মর্যাদা ক্ষুন্ন না করে ঐ মন্ত্রীকে ডেকে এখানে ক্ষমা চাওয়ান। এবং আপনি এই শব্দ যুক্ত করুন যে ঐ মারধোরের হীন চক্রান্তে ঐ মন্ত্রী যুক্ত ছিলেন। তাঁদের দলাদলির জন্য আমরা মরব? এটা জেনে রাখবেন যে আমরা দীর্ঘদিন বসে এই রকমভাবে মার খাব না। আমাদের কর্মীরা কিন্তু বসে বসে মার খাবে না। তবে কি এই জিনিসই হবে যে ১২ তারিখে আমরা শসস্ত্র অবস্থায় আসব, ওঁরাও শসস্ত্র অবস্থায় আসবেন? ভাবতে পারেন, এটা হলে কলকাতার কি হবে? যাইহোক কলকাতার, আমরা কিন্তু ঐ ১২ তারিখে আসছি—যদি কোটি কোটি সি.পি.এম. শসস্ত্র হয়ে আসে, তবুও আমরা আসব। আমরা মরব। ১২ তারিখের ঘটনা আমরা দেখতে চাই। রুলিং পার্টির উচিত শান্তিশৃঙ্খলা রক্ষা করা। এটা আমাদের দায়িত্ব নয়। এই কথা বলে আপনি বিবৃতি দেবার সুযোগ দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং

যদি আমরা এই প্রস্তাব সার্থক হয় তাহলে খুশি হব এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker** : I can say Mr. Mukherjee that under rules there is no procedure that the police will inform the speaker as regards the admission of a Member into a Nurshing Home or Hospital. But this House has been informed because the Opposition party had moved a motion for discussion regarding the disturbances that took place on that day; an adjournment motion was moved and I admitted that motion inspite of the fact that the Opposition party failed to bring the requisite number of Members. But I admitted the motion by suspending the application of the relevant ruled. There was two-hour debate when this matter was discussed at length. The Opposition party got fair chance to make their submissions. I think as many as ten to twelve members of the Opposition party made their submissions on this matter. So, this matter had been discussed in great details, and the House had been informed fully. This morning when you came to my Chamber and told me that you wanted to make a statement in the House, I felt that you should be given a chance to represent your matter personally in this House and all the Members should hear you and that is why I give you the chance to make your submission. I would like to say you one more thing that I have discussed this matter with the Chief Minister and he is equally very much annoyed with regard to the incident. He has assured that all necessary protection would be given to the Members and strongest measures would be taken regarding the assailants and the assailants would be arrested. Necessary steps would be taken according to the provisions of law. Some arrangements have already been made. The process of law is still going on. Unfortunately, in our state over the years certain things are going on which should not take place. Hemanta Basu was murdered when he was contesting election. This is the history of politics of our state. Nobody supports it. No political party can support it. It is unfortunate that on that day of Bandh some incidents took place. It is very much unfortunate that public leaders have been assaulted. This had been done by some miscreants and this gives no credit to say political party. But unfortunately, it is the history of politics of our State. We are all aware of this fact. Bengal has a glorious past but at the same time it is the dark side of our history. You are also aware of this. When you were the Minister, Chandi Mitra was murdered. Was he not assassinated ? This is the

unfortunate part of the history of our State. This is the black side, dark side of the history of our State which we have to rectify. This should be rectified. These types of incidents will take place and the Members will remain dispassionate—it cannot be expected. This is not a matter of this party or that party. Any body can be assaulted. I may be assaulted, any body can be assaulted. This thing cannot be allowed to go on. Assault on Press, assault on the Members of the House, assault on the political Leaders, assault on the Trade Union Leaders and assault on women, assault on any people cannot be supported. How can we support the murder of a traffic constable? But we have had such enperience in this State. It is the black side of our history. We have to work together against these happenings. The Leaders of all political parties have to work together against these happenings and will have to see that these things may not happen. We have full sympathy to what happened to Shri Subrata Mukherjee, Smt. Mamata Banerjee on that day. This should not happen. But unfortunately, this has happened. We should take note of this so that this type of incident may not take place in future.

....(a voice from the Opposition Benches : You should comment something) ....

I don't want to make any comment on this. Some other Member may also want some comments from me on some other matters. I don't like to discuss that. Standing here, I am not going into the discussion of that. I will only say that this matter has been debated at leangth and now Mr. Mukherjee personally has made his submission. All necessary steps should be taken by the police and we have to see that the anti-socials cannot take the asylum of any political party. They should be arrested and the process of law should be allowed to take its own course independently without any interference, so that the anti-socials will understand that they would not get protection from any political party and only then the democratic activities can be conducted by the political parties in a democratic manner in this State. I am sure, we will all take note of it and the political parties will act in that way.

## ADJOURNMENT MOTION

[2-00—2-10 P.M.]

**Mr. Speaker :** Today I have received four notices of adjournment

Motions. The first one is from Shri A.K.M. Hassan Uzzaman on the subject of demand of reservation for Muslim Community in Government services. The second one is from Dr. Manas Bhunia on the subject of alleged assault on the Congress(I) Leaders on the 16th August, 1990 and inaction of police. The third one is from Shri Saugata Roy on the subject of Trade Bundh in the State and the last is from Shri Sudip Bandyopadhyay on the subject of large number of violent incidents in Calcutta on 17.6.90 during the Calcutta civil poll.

The subject matter of the first motion is not one of urgent public importance and of recent occurrence. The Member may raise the matter in the House as a matter of general public interest. I do not, therefore accept this motion.

As for the second motion, an adjournment Motion was admitted and discussions were held on the same subject on 20th August, 1990. I do not therefore accept this motion.

As for the third motion Trade Bundh in the State has been withdrawn and this motion has lost its nature of urgent public importance and of recent occurence. I do not therefore accept this motion. It may however, be pointed out that the Minister-in-charge of Finance Department has consented to make a statement on the 30th August, 1990 on the same subject.

As for the last motion the subject matter is not of recent occurence. The member has not availed of the earliest opportunity to move the motion in the House. I do not, therefore, accept the motion.

All the motions are, therefore, rejected.

## Calling Attention

**Mr. Speaker** : I have received 6 notices of Calling Attention, namely :-

1. Incomplete construction of the embankment of river Kapaleswari at Lokpith : Dr. Manas Bhunia
2. Trade Bundh' in West Bengal : Shri Sadhan Chattopadhyay

3. Alleged rape of minor girl at Nodakhali P.S. under Satgachhia Assembly constituency : Shri Saugata Roy

4. Alleged murder of one Abulel Molla of Bairanpur under Narayanpur G.P., P.S.Bhangore, South 24 Parganas, on 28.7.90 : Shri Gobinda Chandra Naskar

5. Alleged dismal condition of Alipurduar sub-division Hospital : Shri Nirmal Das

6. Decision of the C.E.S.C. to redetermine the area of loadshedding. : Shri A.K.M.Hassan Uzzaman

I have selected the notice of Shri Nirmal Das on the subject of alleged dismal condition of Alipurduar sub-division Hospital.

The Minister-in-Charge may please make a Statement today, if possible or give date.

**Shri Abdul Quiyom Molla :** On 30th August, 1990.

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of Food and Supplies Department to make a statement on crisis in Rationing system in West Bengal. (Attention called by Shri Mannan Hossain on the 22nd August, 1990.)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী নির্মলকুমার বোস ঃ** পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সদস্য শ্রী মান্নান হোসেন এই রাজ্যে রেশন ব্যবস্থায় সংকট বিষয়ে যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন, সেই প্রসঙ্গে আমি নিম্নলিখিত বিবৃতি বিধানসভার মাননীয় সদস্যদের অবগতির জন্য পেশ করছি ঃ

জানুয়ারি, ১৯৮৮ পর্যন্ত এই রাজ্যের গণবন্টন ব্যবস্থা বা রেশনিং এর জন্য কেন্দ্রীয় সরকারের মাসিক বরাদ্দের পরিমাণ ছিল, চাল-১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন, এবং গম-১ লক্ষ ২৬ হাজার মেট্রিক টন। ফেব্রুয়ারি, ১৯৮৮ থেকে এই বরাদ্দ কমাতে কমাতে নভেম্বর, ১৯৮৯-এই বরাদ্দের পরিমাণ দাঁড়ায়—চাল-৬৪ হাজার মেট্রিক টন ও গম-৮০ হাজার মেট্রিক টন। এইরূপ গুরুতর বরাদ্দ হ্রাসের ফলে রাজ্যের বিধিবদ্ধ ও সংশোধিত রেশন এলাকায় মাথা পিছু চাল ও গমের বরাদ্দ কমিয়ে দিতে হয়। তাছাড়া কেন্দ্রীয় সরকার

কর্তৃক সরবরাহ করা চালের মানও ছিল খুব খারাপ। এই চাল, গমও সর্বত্র নিয়মিতভাবে সরবরাহ করা হত না। প্রকৃত অর্থেই, এই পরিস্থিতিতে, রেশনে সংকটের সৃষ্টি হয়।

ডিসেম্বর, ১৯৮৯-তে কেন্দ্রে নতুন সরকার আসার পর চালের মাসিক বরাদ্দ ৬৪ হাজার মেট্রিক টন থেকে বেড়ে ৭৪ হাজার মেট্রিক টন ও গম ৮০ হাজার মেট্রিক টনের জায়গায় বেড়ে ৯০ হাজার মেট্রিক টন হয়েছে। সরবরাহ করা চালের মানেরও যথেষ্ট উন্নতি হয়েছে এবং সরবরাহ অনেকটা নিয়মিত হয়েছে। এই মুহূর্তে পশ্চিমবঙ্গের সর্বত্র, বিধিবদ্ধ রেশনিং এলাকার ২৭৪৮ টি রেশন দোকানে ও সংশোধিত রেশনিং এলাকার ১৭,১৮৫ রেশন দোকানে, সব জায়গাতেই পর্যাপ্ত পরিমাণ চাল ও গম আছে। তবে রেশনের চাল আতপ হওয়ায়, সম্প্রতি রেশনে কেন্দ্রীয় সরকার কর্তৃক চাল ও গমের দাম বৃদ্ধি করায় এবং রেশনে দেওয়া চাল ও গমের সঙ্গে খোলাবাজারে বিক্রয় করা সাধারণ চাল ও গমের দামের মধ্যে বেশি পার্থক্য না থাকায় কোথাও কোথাও রেশন দোকান থেকে চাল, গম তুলছেন না। কিন্তু সর্বত্র রেশন দোকানে চাল ও গম পাওয়া যাচ্ছে এবং এর মানও কেন্দ্রীয় সরকার—নির্দিষ্ট পরিমাণ অনুযায়ী ভাল। রেশন দোকানে চাল, গমের সরবরাহ অব্যাহত থাকায় খোলা চাল, গমের দাম বেশি বাড়তে পারছে না।

লেভী চিনিও প্রায় সর্বত্র রেশন দোকানে পাওয়া যাচ্ছে। গত সপ্তাহে লেভি চিনি বন্টনে মালদহ, কোচবিহার, বীরভূম, হাওড়া, দার্জিলিং ও মুর্শিদাবাদে জেলায় কিছু অসুবিধা দেখা দেয়। কারণ, আগস্ট মাসে এই রাজ্যে চিনি পাঠাবার জন্য যে ১৪টি রেল রেকের প্রোগ্রাম করা হয়, তার মধ্যে আজ (২৭ শে আগস্ট) পর্যন্ত এসেছে মাত্র ৭টি রেক। তবে, কাছাকাছি অন্য জায়গা থেকে এই চিনি এনে এই সবজেলার রেশন দোকানগুলিতেও চিনি পৌঁছে দেবার ব্যবস্থা হয়েছে।

রেশনে রেপ্‌সিড তেল কম দামে বন্টন করার ফলে খোলা বাজারে ভোজ্য তেলের দাম নিয়ন্ত্রণের মধ্যে ছিল। কিন্তু জনতা মোর্চা সরকার কেন্দ্রে ক্ষমতায় আসার পর, বৈদেশিক মুদ্রা সংকটের কারণে হঠাৎ বিদেশ থেকে রেপ্‌সিড তেল আমদানি বন্ধ করে দেন। ফলে রেশনের দোকানে এই তেল সরবরাহ বন্ধ হয়ে যায় এবং তার ফলে খোলা বাজারে ভোজ্য তেলের দাম বেড়ে যায়। শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকার স্থির করেন, মালোয়েশিয়া থেকে পামলিন তেল এনে রেশনে এই তেল দেওয়া হবে। রাজ্য সরকার পামলিন তেল পাবার সঙ্গে সঙ্গে কলকাতা এবং আরও কয়েকটি জেলায় এই তেল রেশনে দেবার ব্যবস্থা করেছে। কলকাতায় রেশন দোকানের মাধ্যমে পামলিন তেল সরবরাহ করার ফলে খোলা বাজারে ভোজ্য তেলের দাম কমেছে। রাজ্যের সব কটি জেলায় এই পামলিন তেল রেশনিং এর মাধ্যমে দেবার ব্যবস্থা করা হচ্ছে। তবে ট্রেডিং কর্পোরেশন বজবজ থেকে রাজ্যের বরাদ্দমতো পামলিন তেল তুলতে না পারায়, কেন্দ্রীয় সরকারের অধীন হিন্দুস্থান ভেজিটেবল অয়েল কর্পোরেশন রাজ্যের বরাদ্দ অনুযায়ী নির্দিষ্ট প্যাকিং-এ এই তেল তুলতে না পারায় ও সরবরাহের অভাবে না পাবার

জন্য পামলিন তেল সরবরাহের কিছু অসুবিধা হয়েছে। এই সব অসুবিধা কাটিয়ে ওঠার চেষ্টা করা হচ্ছে। এ কথা ঠিক, সরবরাহ ব্যবস্থা ঠিক থাকা সত্ত্বেও কোথাও কোনও কোনও রেশন দোকানে রেশন দ্রব্য সব সময় পাওয়া যায় না, কোথাও বা নিম্নমানের জিনিসও দেওয়া হয়। এই ব্যাপারে খাদ্য ও সরবরাহ দপ্তর ও পুলিশ (এনফোর্সমেন্ট) বিভাগ নজর রাখছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে।

সব দিক মিলিয়ে এই কথা নিশ্চিতভাবেই বলা যায়, এই মুহূর্তে পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থায় বিশেষ কোনও সংকট নেই।

## PRESENTATION OF REPORT

### Presentation of the Second Report of the Committee on Entitlements of the Members, 1990-91.

**Mr. Speaker :** I beg to present the Second Report of the committee on Entitlements of the Members, 1990-91.

Now, Shri Suhrid Basu Mallick.

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিরুদ্ধে মাননীয় সদস্য সুমন্ত হীরা অধিকার ভঙ্গের নোটিশ দিয়েছেন। আমার ভাষণে বা বক্তব্যের মধ্যে আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে সম্মানহানির কোনও কথাবার্তা বলিনি আর আমার ভাষণের মধ্যে সেরকম কোনও ইচ্ছা ছিল না এবং আমি মনে করি অন্য খাদ্য দ্রব্যের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে ব্যর্থ হয়েছেন বা আমাদের পশ্চিমবঙ্গের যে কেরোসিন সংকট রয়েছে এটা ওঁনার ব্যর্থতা। কিন্তু তাই বলে তিনি কোনও রকম দুর্নীতির সঙ্গে যুক্ত আছেন এই রকম কথা বলিনি। আমাদের কাছে কিছু কিছু খবর থাকে সেই সময় বিধানসভায় বলি, সেই খবরগুলি মিথ্যা হলে আমরা খুশি হব। এইটুকু বলে আমি আমার ভাষণ শেষ করছি।

[2-10—2-20 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমাদের হাউসের পার্লামেন্টারি নর্মস, অন্য কোনও সদস্যর বিরুদ্ধে কোনও অভিযোগ করতে গেলে, তাকে নোটিশ দিতে হয়, আপনি সেই নর্মসকে ভায়োলেট করেছেন। আপনি নোটিশ দেননি, কিন্তু নির্মল বাবুর নামে অভিযোগ করেছেন।

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** আমি নির্মলবাবুর নামে অভিযোগ করিনি।

**মিঃ স্পিকার ঃ** নির্মলবাবুর নামে অভিযোগ করেছেন বই কি। আপনি ঐ জায়গাটা পড়ুন।

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রীর পদত্যাগ চাই, তাই খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি, এই রকম খবর আমাদের কাছে আছে।

**মিঃ স্পিকার ঃ** কি রকম খবরটা আছে সেটা বলুন।

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষের অংশটা পড়ছি, ঐ অংশটায় আছে—"পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং খাদ্যমন্ত্রীর সঙ্গে এই সমস্ত কালোবাজারি মজুতদারদের একটা অশুভ আঁতাত আছে এবং তারা পার্টি ফান্ডে টাকা দেয়। খাদ্যমন্ত্রীকে তো জামোরিয়া রাইস মিলের মালিকরা টাকা-পয়সা দেন, ঘুস-টুস দেন। তাই খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি, কারণ এই রকম খবর আমাদের কাছে আছে।"

(গোলমাল)

**Mr. Speaker :** Mr. Basumallik, on the basis of the materials before this House a prima facie case of breach of privilege has been made. As such I am referring this matter to the committee of privileges, subject to the approval of the House.

(The motion was then put and agreed to.)

The matter is referred to the committee of privilege.

## Mention Cases

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বাংলাদেশের ছিটমহল ও দহগ্রামের সঙ্গে যোগাযোগের জন্য কুচবিহার জেলার মেখলীগঞ্জ থানার কুচলিবাড়ি গ্রাম পঞ্চায়েতের তিন বিঘা জমি হস্তান্তর করা হবে, মুখ্যমন্ত্রী মহাকরণে বাংলাদেশকে এই আশ্বাস দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর এই ঘোষণার ফলে কুচবিহার জেলার মানুষদের মধ্যে প্রবল প্রতিক্রিয়া দেখা দিয়েছে। কারণ আপনি জানেন স্যার, এই কুচলিবাড়ি গ্রাম পঞ্চায়েতের লোকসংখ্যা ৩৫ হাজার এবং এই হস্তান্তরের ফলে এই ৩৫ হাজার মানুষের ভবিষ্যৎ কি হবে এই প্রশ্ন আজকে দেখা দিয়েছে। আপনি জানেন স্যার, যখন এই হস্তান্তরের প্রস্তাবটা এসেছিল, তখন এই এলাকার মানুষ তার তীব্র প্রতিবাদ করেছিল এবং কুচলিবাড়ি সংগ্রাম কমিটি থেকে আরম্ভ করে সবাই এর প্রতিবাদ করেছিল। এই রকম হস্তান্তর করে ছিটমহল সমস্যার সমাধান হবে না, বরং নতুন আবার একটা ছিটমহল দেখা দেবে। আমি এই হস্তান্তরের তীব্র প্রতিবাদ করছি এবং আমি বলছি এর দ্বারা আপনার মেখলিগঞ্জ থানা বিপর্যস্ত হবে। আমার প্রশ্ন এই ব্যাপারটা নিয়ে অর্থাৎ তিন বিঘা হস্তান্তরের ব্যাপারে কে সিদ্ধান্ত নিল, ক্যাবিনেট কি সিদ্ধান্ত নিয়েছে? যদি ক্যাবিনেট সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নিয়ে থাকে তাহলে একটা দায়িত্বশীল মন্ত্রী কমল গুহ কেন তার ক্ষোভ প্রকাশ করলেন। তিনি বলেছেন—এই জিনিস চলতে পারে না। ক্যাবিনেটের সিদ্ধান্ত হল, অথচ সেখানকার সাধারণ মানুষের মতামত নেওয়া হল না। এখন এই সিদ্ধান্ত বন্ধ করে, অবিলম্বে

সর্বসম্মত মিটিং ডাকা হোক এবং ঐ এলাকার মানুষের মতামত গ্রহণ করা হোক।

**শ্রী শক্তি প্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, উড়িষ্যা রাজ্যও বাস ভাড়া বৃদ্ধি করেছিল, কিন্তু সেখানে আন্দোলনের ফলে বাস ভাড়া বৃদ্ধি উঠিয়ে দিয়েছেন রাজ্য সরকার। আমি বাস ভাড়া বৃদ্ধি সমর্থন করি। আমি প্রথম দিন বলেছি এই বাস ভাড়া বৃদ্ধির মধ্যে একটা চরম অসঙ্গতি আছে, সেটা নিরসনের জন্য অবিলম্বে প্রতিটি জেলার আর টি এ প্রতিনিধি এবং সমস্ত বামপন্থী প্রতিনিধিদের নিয়ে আলোচনা করা দরকার। আমি এই অসঙ্গতির একটা ছোট্ট নমুনা দিচ্ছি। আমার বিধানসভার নির্বাচন ক্ষেত্রের মেদিনীপুর জেলার নন্দীগ্রামের তেরপেখে যে পয়েন্ট থেকে বাস হাওড়া আসে আগে তার ভাড়া ছিল ১০ টাকা, বৃদ্ধির ফলে তার ভাড়া দাঁড়িয়েছে ১৪.৮০ টাকা। বাস মালিকরা কিন্তু তিন ধরনের ভাড়া নিচ্ছে—আমার কাছে তিন ধরনের টিকিট আছে, কারও কাছ থেকে নিচ্ছে ১৪.৮০ টাকা, কারও কাছ থেকে নিচ্ছে ১৩ টাকা, আবার কারও কাছ থেকে নিচ্ছে ১২ টাকা। আমার বক্তব্য হচ্ছে ১৪.৮০ টাকা অত্যধিক বৃদ্ধি হয়েছে সেই যুক্তি এই কারণে হাজির করলাম যে বাস মালিকরা কারও কাছ থেকে ১২ টাকা ভাড়া নিচ্ছে। এই অসঙ্গতি নিরসনের জন্য আপনার কাছে দাবি করছি অবিলম্বে পরিবহন দপ্তর নির্দেশ দিয়ে প্রতিটি জেলার আর টি এ প্রতিনিধি, সমস্ত বামপন্থী প্রতিনিধিদের নিয়ে আলোচনা করুন, তা না হলে আমার কাছে খবর আছে মেদিনীপুর জেলার মানুষের মধ্যে ভয়ানক বিক্ষোভ দেখা দিয়েছে।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একদিকে বাস ভাড়া বৃদ্ধি, দ্রব্যমূল্য বৃদ্ধি এবং অন্যদিকে সংরক্ষণের দাবিতে শুধু পশ্চিমবঙ্গ নয় সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় আন্দোলন চলছে এবং দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে একটা অস্থিরতা দেখা দিয়েছে। তার উপর ৩০ শে অক্টোবর বিশ্ব হিন্দু পরিষদ সিদ্ধান্ত নিচ্ছে যে বাবরি মসজিদ ভেঙে সেখানে রাম মন্দির করবে। তারা বলছে প্লেস ইজ নট নেগোশিয়েবল, ডেট ইজ নট নেগেশিয়েবল এবং এটার কোনও পরিবর্তন করা যাবে না, এটা নিয়ে আলোচনা করা হবে না। তা নিয়ে ওরা অযোধ্যা থেকে রাম জ্যোতি বের করছে বিশ্ব হিন্দু পরিষদের এই কর্মসূচির উপর সরকারের তরফ থেকে আমি ব্যান দাবি করছি এবং সম্পূর্ণভাবে সেটাকে নিষিদ্ধ করা হোক এবং সব দিক থেকে জনজাগরণ, জনমত গঠন করার জন্য চেষ্টা করা হোক। ৩০ শে অক্টোবর বাবরি মসজিদ ভেঙে রামমন্দির করার ব্যাপারে সেপ্টেম্বরের ৮/৯/৯১ তারিখে পোস্ট কার্ড মারফত প্রধান মন্ত্রীর কাছে দাবি জানানো হোক এবং এখানকার সরকার এই ব্যাপারে যেন সম্পূর্ণ অ্যালার্ট থাকেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পান্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। স্যার, পুরুলিয়া জেলায় ব্যাপকভাবে ডাইরিয়া এবং আন্ত্রিক রোগের কবলে মানুষ পড়েছে। চিকিৎসার অভাবে অনেকে অকালে

প্রাণ হারাচ্ছেন। পুরুলিয়া জেলায় টোটাল উপ-স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা ৪৬, এখন মাত্র ১৩টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার আছে, ৩০টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নেই। এর ফলে মানুষ উপ-স্বাস্থ্য কেন্দ্রের উপর আস্থা হারিয়ে ফেলেছে, সবাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভীড় জমাচ্ছে, প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্রের ক্যাপাসিটির বাইরে রোগী আসছে। তার ফলে ঠিকমতো চিকিৎসা হচ্ছে না, রোগী মারা যাচ্ছে। আমি তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তিনি অতি সত্বর যেখানে ডাক্তার নেই সেখানে ডাক্তার পাঠাবার ব্যবস্থা করুন এবং প্রয়োজনীয় ওষুধপত্র সরবরাহ করার ব্যবস্থা করুন।

[2-20—2-30 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে গণতন্ত্রের একটি বিপদের প্রতি এই বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন কংগ্রেস দলের পক্ষ থেকে বিভিন্ন দাবিতে বিশেষ করে বাস ভাড়া বৃদ্ধি এবং দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আমরা ১লা আগস্ট থেকে আন্দোলন করছি। ১৬ই আগস্ট আমরা সফল এবং স্বতস্ফূর্ত বন্‌ধ করেছি। এই আন্দোলনের ফলশ্রুতি হিসাবে আমাদের দল গত শুক্রবারদিন সভা করে আগামী ১২ই সেপ্টেম্বর মহাকরণ অভিযানের সিদ্ধান্ত নেয়। সিদ্ধান্ত হয়েছে আমাদের দলের চারদিক থেকে মিছিল আসবে মহাকরণ অভিযান করতে। তাতে যদি রাস্তা আটকে যায়, অবরোধ হয়ে যায়, যাবে। কিন্তু আমরা অত্যন্ত আশঙ্কার সঙ্গে লক্ষ্য করলাম যে, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়েছেন, যে কোনও মূল্যে কংগ্রেসি অবরোধ রুখতে হবে।" এবং এই ব্যাপারে প্রশাসনিক সব রকম ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছেন। তাঁর সঙ্গে বামফ্রন্টের প্রধান তিনিও দিল্লি থেকে বিবৃতি দিয়েছেন, "কংগ্রেসি অবরোধ আশঙ্কা সৃষ্টি করার চেষ্টা"—গতকাল একটি কাগজে বেরিয়েছে যে, সি.পি.এম.ও সেদিন একটি মিছিল করার সিদ্ধান্ত করছে। আজকে পশ্চিমবাংলায় কি এই অবস্থা হবে, একটি বিরোধী দল মিছিল বের করলে শাসক দল পুলিশ দিয়ে ভেঙ্গে দেবার চেষ্টা করবে? আগে থেকে ঘোষণা করে প্রোগ্রাম ঠিক করলেও সেদিনই সি.পি.এম. মিছিল বের করবে? পশ্চিমবাংলা গণতন্ত্র থেকে ফ্যাসিস্ট রাজ্যে পরিণত হয়েছে। মুখ্যমন্ত্রী এই ফ্যাসিস্ট রাজত্বের ডিরেক্টর। তাই আমরা আন্দোলন করব বললেই উনি বলেন পুলিশ দিয়ে ভেঙ্গে দেব। এই অবস্থা হলে তো পশ্চিমবাংলা গৃহ-যুদ্ধের দিকে যাবে।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্যাতিতা, লাঞ্ছিতা গৃহ বধূ মহিলার পাশে দাঁড়াবার যে সাধারণ নীতি রাজ্য সরকারের আছে—কৃষ্ণনগর-এর কোতোয়ালি থানা তা কি ভাবে দমন করছে, তার একটি নমুনা আমি আপনার মাধ্যমে সভায় রাখছি। গত ২৭ শে এপ্রিল ঘূর্ণির মঞ্জু চক্রবর্তী নামে এক গৃহবধূকে তার উন্মত্ত স্বামী এবং দেওর কুঠার দিয়ে প্রচন্ডভাবে মারতে শুরু করে। মহিলার আর্ত চিৎকারে প্রতিবেশিরা চারদিক থেকে ছুটে আসে এবং কোনও রকম ভাবে জ্ঞানহারা মহিলাকে হাসপাতালে দেয়। তারপর সমস্ত ঘটনা জানিয়ে কোতোয়ালি থানায় ডায়রি করা হয়। গত ৩০ শে এপ্রিল থেকে এই আগস্ট মাস

পর্যন্ত এই খুনি স্বামী এবং দেওরকে গ্রেপ্তার করার জন্য থানা, এস.পি. এবং উচ্চ প্রশাসনের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হল এই, আজ পর্যন্ত তাদেরকে গ্রেপ্তার করা হয়নি। সেই স্বামী এবং দেওর কৃষ্ণনগরে বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছে এবং নানা ভাবে অত্যাচার করছে। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে সভার সমস্ত সদস্যদের একটি দুঃখজনক ঘটনার কথা জানিয়ে দিতে চাইছি। গত ৮ বছরে এমন একটাও সভা হয়নি যেখানে আমি হাওড়ার শহর সদনের কথা বলিনি। বহু আকাঙ্খিত এই শহর সদনের শিলান্যাস হয়েছে মাত্র কয়েক মাস আগে, যদিও গভর্নমেন্ট-এর পক্ষ থেকে বহু আগেই এটা পাস হয়েছিল। আমি বার বার বলেছিলাম এই হাওড়া ময়দান হচ্ছে হাওড়া শহরের ব্রিদিং স্পেস এবং এটা দখল না করে তার আশপাশেই যে সিভিল ডিফেন্সের জায়গা জঙ্গলাকীর্ণ হয়ে পড়ে আছে সেটা নিয়ে এটা করা হোক। সেই সিভিল ডিফেন্সের জায়গাটি দেবার জন্য প্রয়াত মন্ত্রী রামবাবুও আমাদের বলে গিয়েছিলেন। তিনি ঐ জায়গাটি শরৎ সদনের জন্য দেবেন বলেছিলেন। কিন্তু তা সত্ত্বেও ঐ জায়গাটি না দিয়ে কেন হাওড়া ময়দান দখল করে নেওয়া হল আমি জানি না। তাই অবিলম্বে হাওড়া ময়দান খালি করে দিয়ে সিভিল ডিফেন্সের জায়গায় শরৎ সদন গড়ে তোলার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটি দৈনিক সংবাদপত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা প্রকাশিত হয়েছে। গত ১৩ই আগস্ট আর.জি.কর হাসপাতালে রীনা চক্রবর্তী নামে একজন রোগিনী ভর্তি হন এবং সেখানে তিনি বিনা চিকিৎসায় মারা যান। কিন্তু অভিযোগটা হচ্ছে, সেখানে যে রেকর্ড করা হয় সেই রেকর্ডের মধ্যে তিন রকমের রেকর্ড পাওয়া যায়। সেখানে দেখা যাচ্ছে ডেথ সার্টিফিকেট দেওয়া হয়েছে, ই.আর. ৪৫৭৪৭, যেখানে লেখা আছে ১৪ই আগস্ট ৮টা ৩০ মিনিটে রীণা চক্রবর্তী হাসপাতালে ভর্তি হয় এবং ৮টা ৩৫ মিনিটে মারা যায়। আর একটি রেকর্ডে দেখা যাচ্ছে আউটডোরের টিকিটে দেখা যাচ্ছে রোগিনী ২টার সময় ভর্তি হয় এবং আরও অদ্ভুত ঘটনা যে সেখানে ডাক্তারের প্রেসক্রিপশন রয়েছে—রীণা চক্রবর্তীর প্রেসক্রিপশন করা হয়েছে সকাল ৭টার সময়। অথচ ১৩ই আগস্ট রাত্রি ১টার সময় রীণা চক্রবর্তী আর.জি.কর হাসপাতালে ভর্তি হয়। ভর্তি হবার পর তার স্বামী সুভাষ চক্রবর্তী বারবার ডাক্তারদের কাছে ছুটে ছুটে যান তার চিকিৎসার জন্য। তাকে এমারজেন্সীর বারান্দায় ফেলে রাখা হয় এবং বিনা চিকিৎসায় ভোরবেলা ৮টার সময় সে মারা যায়। স্যার, ডেথ সার্টিফিকেটে আছে ৮টা ৩০ মিনিটে তিনি ভর্তি হয়েছেন, ৮টা ৩৫ মিনিটে তিনি মারা গিয়েছেন। সেখানে ডাক্তারের প্রেসক্রিপশন রয়েছে সকাল ৭টার সময় এবং তার নম্বর দেওয়া হয়েছে— আর ২৭৮৬/৯০, আবার দেখা

যাচ্ছে আউটডোরের টিকিটের নম্বর হয়েছে রীণা চক্রবর্তী ভর্তি হয় ১৪ তারিখে ২ টার সময় এবং তার নং হচ্ছে ২৮৭০/৯০। অদ্ভুত কথা। স্যার, আমি ইতিপূর্বে এই আর.জি.তক হাসপাতালের এই ধরনের অব্যবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং বলেছিলাম যে সেখানে কী ঘটনা ঘটছে। আমি বলেছিলাম ঘটনার তদন্ত করতে কারণ বামফ্রন্ট সরকারকে হেয় করার একটা চক্রান্ত চলছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আজকেও অনুরোধ করছি, দৈনিক সংবাদপত্রে প্রকাশিত এই সংবাদটি আপনি তদন্ত করে দেখুন। কারা ঘটনা ঘটাচ্ছে আপনি দেখুন। এইভাবে বিনা চিকিৎসায় সেখানে মানুষ মারা যাচ্ছে, আপনি এটা তদন্ত করে দেখুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কৃষ্টি সংস্কৃতি এবং ঐতিহ্যকে নষ্ট করে গত ১৪ বছর ধরে এই বর্বর সরকার নারী নির্যাতনের এক ইতিহাস সৃষ্টি করেছেন। এর শেষ ঘটনাটি ঘটেছে ইদানিংকালে ২০শে আগস্ট বেলা ৪টার সময়, খোদ বাংলার নবাব মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কেন্দ্র সাতগাছিয়ার নোদাখালি থানার চন্ডীপুর গ্রামে একটি দরিদ্র মুসলিম পরিবারের আলোমারা খাতুন নামে ১০ বছরের একটি মেয়ে পথের ধারে কলমি শাক তুলছিল, তাকে নিয়ে গিয়ে ধর্ষণ করা হল। এর কয়েক ঘন্টা পরে একটি মাঠের মধ্যে অজ্ঞান, রক্তাক্ত অবস্থায় তাকে ফেলে রাখা হল। তার দরিদ্র বাবা সেখ সাত্তার থানায় গিয়ে অফিসারের হাতে পায়ে ধরে তাকে ডায়রি নিতে বলল কিন্তু ডায়রি নেওয়া হল না। ২০ তারিখে রাত্রে বাঙ্গুর হাসপাতালে তাকে ভর্তি করা হল রক্তাক্ত অজ্ঞান অবস্থায়। তিন দিন ধরে থানায় ঘোরাঘুরি করা সত্ত্বেও পুলিশ অফিসার তার ডায়রি নেয় নি, শেষে ২৩ তারিখে সাধারণ মানুষের চাপে বহু কষ্টে ডায়রি করা হল। অত্যন্ত দুঃখের কথা স্যার, এই নাবালিকা শিশুর উপর যারা ধর্ষণ করেছে সেই আসামীদের একজনকেও গ্রেপ্তার করা হয়নি। এই পবিত্র হাউসে মাননীয় সদস্যদের কাছে আমি বলছি, পশ্চিমবঙ্গের কৃষ্টি, সংস্কৃতি আজ ভূলুণ্ঠিত হচ্ছে। মাতৃজাতির উপর আক্রমণের একের পর এক নজির এখানে সৃষ্টি হচ্ছে। খোদ মুখ্যমন্ত্রীর এলাকায় যদি এই ধরনের ঘটনা ঘটে তাহলে সারা বাংলার বুকে কি হচ্ছে সেটা সহজেই অনুমান করা যায়। আমি এই ঘটনার দোষীদের শাস্তি দাবি করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহনের অব্যবস্থা সম্পর্কে আমি উল্লেখ করেছিলাম কিন্তু কোনও ব্যবস্থা হয়নি। রাষ্ট্রীয় পরিবহনের জনৈক কর্মী, পরেশচন্দ্র অধিকারী, তিনি শিডিউল কাস্ট অ্যান্ড ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কাছে আবেদন করেছিলেন ভাল স্টার হিসাবে তার যে পদোন্নতি এবং তার যে প্রাপ্য সেটা পাবার জন্য। সেটা ওরা রেকমেন্ড করা সত্ত্বেও তারা দিচ্ছেন না। রাষ্ট্রীয় পরিবহনের আলিপুরদুয়ার ডিপোর জনৈক যিনি নাকি মেকানিক্যাল ইনচার্জ তিনি অর্থের বিনিময়ে সার্টিফিকেট দিয়ে রোজগার করছেন।

[2-30—2-40 P.M.]

উদাহরণ হিসাবে এটা আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি আপনার কাছে অনুলিপিও দিচ্ছি। শোনা যাচ্ছে যে এই ভদ্রলোকের আমার অবজেকশনের পরেও প্রোমোশন হয়ে গেছে। এটা আরও মারাত্মক জিনিস। রাজ্য সরকার উত্তরবঙ্গের পরিবহনের ভাড়া বৃদ্ধি করেছেন। এই ভাড়া বৃদ্ধির জন্য মানুষ দুঃখজনক অবস্থার মধ্যে পড়েছে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমার বক্তব্য হচ্ছে, এই ভাড়া কিছুটা কমানো যায় কিনা। অন্তত ছাত্রদের কাছ থেকে যাতে এই অতিরিক্ত ভাড়া না নেওয়া হয়, তারা যাতে আগের ভাড়ায় যাতায়াত করতে পারে সেই রকম একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাদশা আলমকে এখনও গ্রেপ্তার করা হয়নি। আমার কাছে যতটুকু খবর আছে। গতকাল মুখ্য সচিব যে রিপোর্ট দিয়েছেন সেটা সম্পর্কে আমরা অতীতেও বিধানসভায় বলেছি। পশ্চিমবঙ্গে সমস্ত পুলিশ প্রশাসন পলিটিক্যালাইজ হওয়ার ফলে, তারা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করার ফলে তারা সি.পি.এম-এর লোকেদের গায়ে হাত দিতে পারছে না। সি.পি.এম.-এর লোকদের সঙ্গে সমাজবিরোধীরা এমনভাবে মিশে গেছে যে সমাজবিরোধীদের পুলিশ অ্যারেষ্ট করতে পারছে না। আমরা বারবার বিধানসভায় একথা বলেছি কিন্তু আপনারা তা বিশ্বাস করেন নি। গতকাল মুখ্যসচিব দ্ব্যর্থহীন ভাষায় কঠিনভাবে একটা রিপোর্ট দিয়েছেন যাতে পশ্চিমবঙ্গের মানুষের মনে আলোড়ন সৃষ্টি করেছে। তিনি বলেছেন যে পুলিশ নিরপেক্ষভাবে কাজ করতে পারছে না রাজনৈতিক দলের হস্তক্ষেপে। মমতা ব্যানার্জির স্টেটমেন্টের পরে ২৪ ঘন্টা হয়ে গেল এখনও পর্যন্ত বাদশা আলম কেন গ্রেপ্তার হল না সেটা আমরা আপনার মাধ্যমে জানতে চাচ্ছি। পুলিশ যদি নিরপেক্ষভাবে কাজ করত তাহলে তার বাড়ি রেড করে তাকে অ্যারেস্ট করে লালবাজারের লক আপে রাখা হত। কাজেই আপনার মাধ্যমে যেটা রাখতে যাচ্ছে সেটা হচ্ছে চীফ সেক্রেটারি যে রিপোর্ট দিয়েছেন সেটা এই হাউসে রাখা হোক, আমরা হাউসে আলোচনা করতে চাই। আজকে সি.পি.এম এবং সমাজবিরোধী এক হয়ে গেছে।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একটা কথা আছে যে বললে মায়ের মার খাই, আর না বললে বাবা কুকুর খায়। আমার অবস্থা হয়েছে সেই রকম কারণ না বললে নয়, আবার বললে সাত-পাঁচ কথা উঠতে পারে। স্যার, আমার স্কুলে ক্লাশ ফাইভে নব গণিত মুকুল', ৫ম ভাগ এই বইটি পঃ বঃ শিক্ষা অধিকার থেকে দেওয়া হয়েছে। এই বইয়েতে দেখুন ২ পৃষ্ঠা থেকে ১০ পৃষ্ঠা পর্যন্ত আছে তারপরে ৭৫ পৃষ্ঠা, মাঝখানের কোনও পাতাই নেই। তারপরে আবার ৭৫ পৃষ্ঠা থেকে ৯০ পৃষ্ঠা আছে। আবার ৯০ পৃষ্ঠার পরে ৭৫ পৃষ্ঠা থেকে ৯০ পৃষ্ঠা আছে। তারপরে আবার ৭৫ পৃষ্ঠা থেকে শুরু

হল এবং ৯০ পৃষ্ঠা পর্যন্ত আছে। তারপরে ৭৫ পৃষ্ঠা থেকে শুরু হয়ে ৯০ পৃষ্ঠা পর্যন্ত আছে। তারপরে আবার ৭৫ পৃষ্ঠা থেকে শুরু হয়ে ৯০ পৃষ্ঠা পর্যন্ত আছে। এর পরে আর কোনও পাতা নেই, অসমাপ্ত রয়ে গেছে, এই জিনিস চলছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি একটু দেখুন। বললে বলবেন যে বাইন্ডিংয়ের দোষ। কিন্তু সবই এই রকম হয়েছে। আমার স্কুলে এই রকম অবস্থা হয়েছে, আমি জানি না অন্য স্কুলে হয়েছে কি না।

**শ্রী তুহিনকুমার সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে আমরা কোন জায়গায় গিয়ে পৌছেছি? আজকে আমি একথা বলতে চাই যে আমাদের কি নিদারুণ লজ্জা এবং এই লজ্জা আমরা কিভাবে প্রকাশ করব তার ভাষা নেই। বর্ণালী দত্ত থেকে শুরু করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় নারীদের উপরে নির্যাতন হচ্ছে, তারা অত্যাচারিত হচ্ছে এবং পাশবিক অত্যাচারের শিকার হচ্ছেন। মাতলা নদীর কাছে মা জানকীর উপরে শারিরীক নির্যাতন এবং পরবর্তীকালে বানতলার রাণু ঘোষ, উমা ঘোষ এবং অনিতা দেওয়ানের উপরে পাশবিক অত্যাচার হল। বিরাটি, বেলেঘাটা এবং অশোক নগরে মা, বোনেদের উপরে অত্যাচারের মতো অজস্র অত্যাচার সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে পড়েছে। পশ্চিমবঙ্গের মানুষ কি এটাই চেয়েছিল যে মাতৃ জাতির উপরে এইভাবে পাশবিক অত্যাচার হোক? খবরের কাগজে হয়ত ২৭১ টা পাশবিক অত্যাচারের কথা বের হয়। কিন্তু গ্রামেগঞ্জে এই ধরনের কত অত্যাচারিত হচ্ছে তার হিসাব কে রাখে? সকলের খবর কাগজে বলতে পারে না। হয়তো খবরের কাগজের রিপোর্টার তাদের কাছে পৌঁছতে পারে না, আবার অনেকে লজ্জায় এই কথা বলতে পারে না, কিন্তু ব্লকে ব্লকে খোঁজ করলে দেখা যাবে আজকে মা বোনেরা ধর্ষিতা হচ্ছে, মা বোনেদের উপর অত্যাচার চলছে। আজকে খোদ মুখ্যমন্ত্রীর কেন্দ্রে আলমারা, মাত্র ১১ বছরের মেয়ে রেপড্‌ হল, পুলিশের কাছে তিন দিন ধরে ডায়রি করার চেষ্টা করা সত্ত্বেও ডায়রি করা গেল না, পুলিশ কাউকে গ্রেপ্তার করল না। আজকে মুখ্যমন্ত্রী জ্যোতি বাবু না হয়ে আজকে যদি বিধান রায় ঐ জায়গায় মুখ্যমন্ত্রী হতেন তাহলে তিনি কাঁদতে কাঁদতে সেই মেয়ের বাপ মায়ের কাছে গিয়ে বলতে পারতেন, মা, তুমি আমাকে ক্ষমা কর, আমি তোমার অধম সন্তান। আমি শীঘ্রই অপরাধীকে গ্রেপ্তার করার চেষ্টা করব। সুতরাং দৃষ্টিভঙ্গির তফাত্‌ আছে—

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সপ্তাহ থেকে প্রতিদিন এই বানতলা, বিরাটি, বারাসাত, অশোক নগর এর ঘটনার কথা শুনে আসছি। এখনও আবার কংগ্রেস বেঞ্চ থেকে সেই একই কথা তারা বললেন। আমি আপনার দৃষ্টিতে আনতে চাই যে বানতলা, অশোকনগর, বিরাটি, বারাসাতে যে দুঃখ জনক ঘটনাগুলো ঘটেছে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এরা বোঝাবার চেষ্টা করছেন, এই ঘটনার জন্য সি.পি.এম., বামপন্থীরা দায়ী। আমি আপনাকে বলছি যে বানতলার ঐ ঘটনার পর কর্পোরেশন নির্বাচন হয়ে গেল, সেখানে সি.পি.এম., বামপন্থীরা ৮৫ ভাগ ভোট পেলেন। বানতলার লোক বিশ্বাস করে না,

সি.পি.এম. এই ঘটনার জন্য দায়ী। আপনি অশোক নগরে যান, সেখানে ঘটনা ঘটার পর, অশোক নগরে কমিউনিস্টরা, বামপন্থীরা সেই লোকেদের ধরেছে, একটু গণ বিচার করে তাদের থানায় দিয়েছে, যারা গ্রেপ্তার হয়েছে, তাদের পক্ষে জামিন করার চেষ্টা করছে ওখানকার কংগ্রেসিরা। ওখানে অশোকনগরের কোনও কথা নেই, কথা বলছেন এই অ্যাসেম্বলিতে। আপনি বারাসাতের ঘটনা দেখুন, বারাসাতে আপনার নির্বাচন কেন্দ্রের কাছে এই ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে যখনই খবর পেয়েছে, তাদের নাম পেয়েছে, তাদের জড় করে সি.পি.এম.-এর লোক, বামফ্রন্টের লোকেরা পঞ্চায়েতের নেতৃত্বে তার ফয়সালা করার চেষ্টা করেছে। পুলিশের হাতে তাদের তুলে দিয়েছে, এটাই হচ্ছে ঘটনা। এই রকম ঘটনা অতীতেও ঘটেছে। কেন বলেন না ওরা, এই ঘটনাটা তো বলতে পারতেন যে ওদের আমলে ওদের রাজীব গান্ধী যখন প্রধান মন্ত্রী, তখন ওদের এক কেন্দ্রীয় মন্ত্রী, তাঁর অফিস চেম্বারের মধ্যে উত্তর প্রদেশের এক সমাজ সেবীর সঙ্গে কি আচরণ করেছিলেন, এই বিষয়টা বললেন না তো, বললেন না তো সোনারপুরে গীতা চ্যাটার্জির উপর যে পাশবিক অত্যাচার করেছিল স্বামীর সামনে দাঁড় করিয়ে, কংগ্রেসিরা, সেই সম্পর্কে বললেন না তো? আমি শুধু আপনাকে এই কথা বলব, বিষয়টা হচ্ছে এই ভাবে ওরা সমস্ত কথাবার্তা বলেন। এর থেকে শুধু একটা কথাই বেরিয়ে আসে, সেটা হচ্ছে ওরা পারভারশনে ভুগছে। ওদের কথা যখন খবরের কাগজে লেখে, এমন ভাবে তারা লেখে, ঘটনাটা এমন দাঁড়ায়, যেন সাংবাদিক সামনে দাঁড়িয়ে আছেন, ঘটনা ঘটে চলেছে। শুধু বাধা দিলেন না, কেন না কাগজে লেখা হবে। কাগজগুলো একেবারে পর্ণগ্রাফিক হয়ে গেছে। পর্ণগ্রাফিক করছে কারা, এখানে এই সবগুলো করছেন, ওদের হয়ে এই সব কথা ওরা বলছেন। আমি বলি স্থানীয়ভাবে ঘটনা ঘটে, কমিউনিস্টরা বামপন্থীরা চিরকাল এর ফয়সালা করেছে, এখনও করবে। কংগ্রেসিদের আমলে কংগ্রেসিরা করেছে, একটা মামলাও হয়নি। গীতা চ্যাটার্জির প্রশ্নে একটা মামলাও হয়নি। আর এই ঘটনার প্রশ্ন কমিউনিস্টরা ধরে দিয়েছে। আর একে প্রচার করে, সেই এলাকায় কিছু হবে না, আপনারা পারভার্টেড মানুষ, সেদিক থেকে পারভারশনকে সাহায্য করতে পারেন। কিন্তু কোনও জায়গায় সেই সব অঞ্চলের মানুষ, তারা কিন্তু আমাদের পক্ষে কমিউনিস্টদের পক্ষে থাকছে।

[2-40—2-50 P.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, অবাক হয়ে লক্ষ্য করছি যে, পার্টির বেতনভুক্ত কর্মচারী হলে তাঁদের বিবেক বলে কিছু থাকে না। একটু আগে মাননীয় সদস্য ননী কর মহাশয় যা বললেন তা শুনে লজ্জা লাগছে, মাথা হেঁট হয়ে যাচ্ছে। আজকে এই সরকার সারা ভারতবর্ষের কাছে পশ্চিম বাংলার মাথা হেঁট করে দিয়েছেন। পশ্চিমবাংলায় নারী জাতির সম্মান আছে কিনা আজকে মানুষ তা বুঝতে পারছে। প্রতিটি বাড়ির মা বোনেরা আজকে তা বুঝতে পারছেন। বানতলায় এরকটা বিরাট ঘটনা ঘটে গেল। ইউনিসেফের মহিলা কর্মচারিরা সকালবেলা সেখান দিয়ে কাজে গেলেন, তখন তাঁদের মোটর বাইক্ নিয়ে ফলো করা হল এবং বিকেলবেলা তাঁরা ফিরছিলেন তখন তাঁদের আক্রমণ করা হল। মহিলারা

নানাভাবে লাঞ্ছিত হলেন, দু'জন মারাও গেলেন। আজকে জ্যোতিবাবু বলুন যে সেদিন ওখানে মোটর বাইক্ আরহীটি কে ছিল? তাকে তিনি আইডেনটিফাই করেছেন কি? সৎসাহস থাকলে সেটা জানান, মানুষের কাছে প্রচার করুন। বিরাটিতে গণধর্ষণ হয়েছে। পারভারশন আমাদের হয়নি, সি.পি.এম.-এর যুব সমাজের পারভারশন হয়েছে। তারা পশ্চিমবাংলায় একের পর এক এই সমস্ত ঘটনা ঘটাচ্ছে, মানুষের মাথা হেঁট করে দিচ্ছে। আমরা এসবের তীব্র প্রতিবাদ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যান্ডেল একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রেলওয়ে জংশন। অথচ ওখানে যে সাব-ওয়েটি আছে সেটি অল্প বৃষ্টিতেই এক কোমর জলের নিচে চলে যায়, ফলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। ওখানে একটি বাস রুট আছে, সেই রুটের বাস চলাচল বন্ধ হয়ে যায়। ফলে ওখানে শহরের সঙ্গে গ্রামের মানুষের যোগাযোগের আর কোনও পথ থাকে না। অবর্ণনীয় কান্ড হয়। ওখানে শিশুদের এবং মহিলাদেরও বাধ্য হয়ে রেল লাইন হয়ে যাতায়াত করতে হয়। গত জুন মাসে আমি, ওখানকার সাংসদ এবং চুচুড়া-হুগলি পৌরসভার পৌর প্রধান এবিষয়ে ডিভিসন্যাল রেলওয়ে ম্যানেজারের সঙ্গে সাক্ষাত করেছিলাম এবং অবিলম্বে ঐ দুরবস্থার নিরশনের দাবি জানিয়েছিলাম। স্যার, ব্যান্ডেল স্টেশনের প্ল্যাটফর্মের নিচের সাবওয়েতে যে জল জমছে তা আগে জমত না, ইদানিংকালেই এটা জমছে। এই জন্যই এটা আমি এখানে উল্লেখ করলাম। কিন্তু শুধু ওখানেই জল জমছে না, আরও কয়েকটি সাবওয়েতেও জল জমছে। আমাদের ঐ লাইনের রিষড়া, শ্রীরামপুর, চন্দননগর, চুচুড়া প্রভৃতি স্টেশনেরও একই অবস্থা। ঐ সমস্ত জায়গার মানুষদের যাতায়াতের খুবই কষ্ট হচ্ছে। ঐ সমস্ত সাবওয়েগুলির দুরবস্থা, বিশেষ করে ব্যান্ডেল স্টেশনের সাবওয়েটির দূরবস্থা অবিলম্বে দূর করার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি। রাজ্য সরকার অবিলম্বে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে সাবওয়েতে যাতে জল না জমতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। ওখানে খুবই অল্প বৃষ্টিতেই জল জমছে। গত শনিবারের সামান্য বৃষ্টিতেই ওখানে সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছিল। আর যাতে এই অবস্থা না হয়, বৃষ্টিপাতের পর জল যাতে তাড়াতাড়ি ওখান থেকে সরে যায় তার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন, এই দাবি আমি করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগেই অশোকনগরের বিধায়ক যে বক্তব্য রাখলেন তা খুবই লজ্জাকর। স্যার, আপনি নিশ্চয়ই জানেন গত বিধানসভা অধিবেশনের পর বানতলায় একটা লজ্জাকর ঘটনা ঘটে গেছে এবং সেটা বাংলার লজ্জা, বাঙালির লজ্জা, তথা সমগ্র দেশবাসীর লজ্জা। আরও বেশি লজ্জা হচ্ছে, এই ঘটনা ঘটার পর আমাদের মুখ্যমন্ত্রী বললেন, এমন ঘটনা ঘটতেই পারে। নারী জাতির ওপর অত্যাচারের ঘটনার পর এই অসভ্য উক্তি করার জন্য আমি আপনার কাছে অনুরোধ রাখছি, এখনই

মুখ্যমন্ত্রীকে সভায় ডাকা হোক এবং এই রকম উক্তি করার জন্য সর্বসমক্ষে তাঁকে ধিক্কার দেওয়া হোক। শুধু বানতলার ঘটনাই শেষ নয়, তারপর বিরাটিতে, বারাসতে, ক্যানিং-এ এবং আরও কয়েকটি জায়গায় রেপ্ বা নারী ধর্ষণের ঘটনা ঘটেছে। আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় গত দু' সপ্তাহে ক্যানিং-এ এবং সাতগাছিয়াতে দুটি ঘটনা ঘটেছে। ক্যানিং-এ মালতী দাস এবং সাতগাছিয়ায় নোদাখালিতে আরা মোল্লাকে রেপ করা হয়েছে। ১১ বছরের মেয়েকে রেপ করা হল। দক্ষিণ ২৪-পরগনা, মুখ্যমন্ত্রীর কেন্দ্রের মধ্যে এই ঘটনা ঘটল, তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী কোনও ব্যবস্থা গ্রহণ করলেন না। বানতলায় ফ্যামিলি প্ল্যানিং-এর অফিসাররা আক্রান্ত হলেন, চারজনকে লাঞ্ছিত করা হল এবং তাঁদের মধ্যে দুজন—অনিতা দেওয়ান, অবনী নাইয়া—মারা গেছেন। সি.পি.এম.-এর ২৫/৩০ জনের গুন্ডা বাহিনী রেড্ ক্রস লাগানো ফ্যামিলি প্ল্যানিং-এর অফিসারদের ইউনিসেফের গাড়ি আক্রমণ করে দুজনকে মেরে ফেলল। মুখ্যমন্ত্রী বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন। কিন্তু আমরা সি.বি.আই.কে দিয়ে তদন্তের দাবি জানাচ্ছি। যে ঘটনা ঘটেছে তাতে পশ্চিমবাংলার প্রতিটি মানুষের মাথা হেঁট হয়ে গেছে। তা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ক্ষমা চাইতে হবে, তা না হলে তিনি ধিকৃত হবেন।

**শ্রী সাত্ত্বিক কুমার রায় ঃ** আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার কাছে আবেদন করছি, কারণ আমি এই বিষয়টি নিয়ে অনেক জায়গায় বলেছিলাম, কিন্তু কোনও ফল হয়নি। কলকাতা পুলিশের অনেক সুনাম বরাবর শুনেছি, কিন্তু বর্তমানে এর সুনাম কোথায় গেল তা বোঝা যাচ্ছে না। গত ৫-৭-৮৯ তারিখে আমার একটি প্যাকেট চুরি হয় ট্যাক্সিতে। সেই ট্যাক্সি নাম্বার দিয়ে লেক্ থানায় ডায়রি করি এবং এরপর হোম সেক্রেটারি, হোম মিনিস্টার পুলিশ কমিশনার থেকে আরম্ভ করে সবার দুয়ারে-দুয়ারে ঘুরেছি, এখন আপনার আশ্রয়ে এসেছি। এখন আপনি এর ব্যবস্থা করুন। কলকাতা পুলিশের বহু নাম শুনেছি, কিন্তু এখন তার মান কোথায় নেমে গেছে এটা চিন্তা করার বিষয়। আমার যে প্যাকেটটি হারিয়ে গেছে লেক্থানায় এর ডায়রি নাম্বার হচ্ছে ২৯২, ডেটেড ৫-৭-৮৯। অত্যন্ত দুঃখের কথা হচ্ছে, এম.এল.এ.র যদি কোনও জিনিস হারিয়ে যায় এবং ট্যাক্সি নাম্বার দেওয়া সত্ত্বেও পুলিশ যদি উদ্ধার করতে না পারে তাহলে কি ভাবব যে পুলিশ প্রশাসন ব্যর্থ? আমি আপনার কাছে আবেদন রাখছি, আপনি এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**श्री शलिब टाप्पो :** मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से पश्चिमबंगाल के माननीय स्वास्थ मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। आज भी उत्तर बंगाल आवहेलित इलाक हैं। बंहा पर प्राईमरी हेल्थ सेन्टर, सबसीडीयरी हेल्थ सेन्टर में भेकसिन का अभाव हैं। मेरी कांस्टिटयून्सी में बहुत से लोगों को जिन्हे पागल कुत्ते काट लेते हैं, वे दवा के अभाव में भर जाते हैं। सलाइन की व्यबस्था नहीं हैं। अगर बाहर से खरीद कर लाई जाती हैं तों दवा उपलब्ध हो जाती हैं। उत्तर बंगाल का यह इलाका सबतरह से वंचित हैं। डाइरिया होने पर सलाइन नहीं मिलता हैं, कह दिया जाता हैं। किन्तु बाहर

से खरीद कर लेने पर मिल जाता हैं। हालत यह हैं कि उस इलाके के लोग तवाह और परेशान हैं। वहाँ के लोगों को हस्पीटल में दवा तक नहीं मिलती हैं। मैं विधायक की हैसियत से स्वास्थ मंत्री से अनुरोध करता हूँ कि वे इधर ध्यान दे और वहाँ के लोगों के लिए दवा की व्यबस्था करें।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতার ৩০০ বছর পূর্তি উৎসব হয়ে গেল। আমরা দেখলাম, কলকাতার ৩০০ বছর পূর্তি উৎসব উপলক্ষ্যে কলকাতাবাসীদের জন্য ২/৩টি ফাংশন হল এবং পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী ঘোড়ায় টানা ট্রামে চেপে সঙ সেজে ঘুরে বেড়ালেন। এই দু-একটি চমক দেওয়া ছাড়া কলকাতাবাসীদের আর কিছু দেখাতে পারলেন না। কলকাতার ৩০০ বছর উপলক্ষ্যে কলকাতায় একটা ইউনিভার্সিটি, একটা মেডিক্যাল কলেজ কিম্বা নতুন কিছু গঠনমূলক প্রতিশ্রুতি দিতে পারলেন না। কলকাতার ৩০১ বছর পূর্তি উৎসব যখন হচ্ছে তখন কলকাতা শহরের ৯০ ভাগ রাস্তা দাঁত বের করে পরিহাস করছে। রাস্তাগুলোর বেহাল অবস্থা, জরাজীর্ণ হয়ে গেছে। কোনও রাস্তা দিয়ে মানুষ চলাচল করতে পারে না। কোনও রাস্তা দিয়ে যদি কোনও ট্রাফিক যায় এবং সেই রাস্তার পাশ দিয়ে যদি কোনও ভদ্রলোক পাশ করেন তাহলে তাঁর. সমস্ত কাপড়-চোপড় নোংরায় ভরে যাবে।

[2-50—3-00 P.M.]

এই অবস্থার সৃষ্টি তাঁরা করেছেন। আর কি করেছেন, না কলকাতার মহিলা এবং মা বোনেদের ইজ্জত শেষ করে দিলেন। তাঁরা বিশ্বের দরবারে এইভাবে কলকাতা শহরকে নতুন করে উপহার দিলেন। আজ আলো নেই, রাস্তা নেই, কেরোসিন নেই, রেশন সংকট এমন কি মা, বোনেদের সম্ভ্রমও নেই, কলকাতার মানুষদের নিয়ে পরিহাস করা হচ্ছে। এই ৩০০ বছর পূর্তি উপলক্ষ্যে দুটো ফাংশন হল, গোটা সল্টলেক ময়দানকে আলোকের ঝরণা ধারায় ভরিয়ে দেওয়া হল। এইভাবে কলকাতা শহরকে উপহার এবং ব্যঙ্গ করা হচ্ছে। তাই কলকাতার অগণিত জনসাধারণের পক্ষ থেকে এঁদের বিদ্রুপ, অভিশাপ এবং ধিক্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Now, I call upon Shri Sadhan Panday.

**শ্রী সাধন পান্ডে ঃ** উপস্থিত ছিলেন না।

(Now I call upon Shri Amar Ali.)

**ডাঃ ওমর আলি ঃ** উপস্থিত ছিলেন না।

Again I call upon Shri Debanarayan Chakraborty.

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** উপস্থিত ছিলেন না।

**শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলেই দৃষ্টি আকর্ষণ করি, তবে তাতে কাজের কাজ কিছু হয় না। সারা পশ্চিমবঙ্গে আজকে নারী নির্যাতন এবং ধর্ষণ একটা যেন নিত্য নৈমিত্তিক ঘটনা হিসাবে বিবেচিত হতে চলেছে। সবথেকে দুঃখ এবং কষ্টের বিষয় যে মাননীয় মুখ্যমন্ত্রী যে কেন্দ্র থেকে নির্বাচিত সেই সাতগাছিয়া কেন্দ্রের চন্ডীপুর গ্রামের নদারখাল পি.এস.-এর অন্তর্ভুক্ত আলমোড়া খাতুন মাত্র ১১ বছরের কুমারি, তার উপর ধর্ষণের অত্যাচার করা হয়েছে। সে এখন বাঙ্গুর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এফ.আই.আর-এ যাদের নাম পাওয়া গেছে তারা ঐ সমস্ত এলাকার সমাজবিরোধী, কিন্তু বামপন্থী বলেই পুলিশ তাদের গ্রেপ্তার করছে না। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর বিধানসভা কেন্দ্রে যদি নারী ধর্ষণ হয় তাহলে এর থেকে লজ্জাকর বিষয় আর কি হতে পারে?

(মাইক বন্ধ হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন।)

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার হাওড়া শহরের জন্য ২০ কোটি টাকা স্যাংশন করেছেন তাতে বিদ্যালয়, রাস্তাঘাট, ড্রেনেজ সিস্টেমগুলি রয়েছে। কিন্তু এখনও বহু কাজ বাকি আছে, অবিলম্বে ফ্লাইওভারের কাছের রাস্তা জি.টি.রোড পঞ্চানন তলা রোড সারানো দরকার। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অন্তত আরও ৫ কোটি টাকা হাওড়া শহরের উন্নতির জন্য মঞ্জুর করুন।

**শ্রী সুপ্রিয় বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নারী মুক্তি আন্দোলনে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের ইতিহাস অতি প্রাচীন এবং প্রতিষ্ঠিত। রাজা রামমোহন রায় এ জন্য তাঁর জীবন উৎসর্গ করেছিলেন এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় বিধবা বিবাহ প্রচলন করেছিলেন। কিন্তু দুঃখের বিষয় সেই পশ্চিমবাংলায় আজকে নারী নির্যাতিত। আজকে বানতলা, বিরাটি, অশোকনগর, বারাসত একটা বিক্ষিপ্ত ঘটনা নয়। আজকে রক্ষকরা ভক্ষক হয়ে দাঁড়িয়েছে। এক দিকে বানতলা, বিরাটিতে সি.পি.এম.র ক্যাডারদের অত্যাচার, অন্যদিকে পুলিশের থানাতে মহিলারা নির্যাতিত প্রশাসন এবং রুলিং পার্টি আজকে পশ্চিমবঙ্গেকে কোথায় নিয়ে যাচ্ছেন এইসব ঘটনা ঘটার পরও মাননীয় মুখ্যমন্ত্রী নীরব রয়েছেন, সি.পি.এমের ক্যাডাররা অ্যারেস্ট হচ্ছে না। তাই বলি যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ব্যর্থ, মহিলাদের প্রোটেকশন দিতে পারেন না। তাই এর বিরুদ্ধে প্রতিকারের দাবি জানিয়ে এবং মুখ্যমন্ত্রীকে ধিক্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রি-মার্জার পেনশনারদের কতগুলো বিশেষ সমস্যার কথা মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই। চন্দননগরে প্রি-মার্জার পেনশনারদের সংখ্যা ১২৫ জনের বেশি নয়। এরা যখন রিটায়ার করেন তখন সার্ভিস রুল অনুযায়ী তাঁদের পেনশন ছিল ৩৫৫ টাকা। পরবর্তীকালে জি.ও. নম্বর ৭৫৩৩-এফ, তারিখ ৬.৭.৮৮ অনুযায়ী তাঁদের পেনশন ফিক্স হল ২৮৩.৫০ টাকায়।

অর্থাৎ তাঁদের পেনশন কমে গেল। বর্তমানে বামফ্রন্ট সরকার নতুন পে-স্কেল চালু করেছেন এবং সরকারি কর্মচারী, শিক্ষকদের পেনশন রুলে বহু সুযোগ-সুবিধা দিয়েছেন। ঠিক এই অবস্থায় ১২৫ জন প্রি-মার্জার পেনশনারস্ মাত্র ৩৩২.৫০ টাকা পেনশন পাচ্ছেন যেখানে বেঙ্গল সার্ভিস পেনশন রুল অনুযায়ী মিনিমাম পেনশনের হার ৩৭৫ টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ জানাতে চাই, ঐ পেনশন ড্রয়াররা একটি আবেদন করেছেন যাতে তাঁরাও বেঙ্গল সার্ভিস পেনশন রুল অনুযায়ী পেনশন দিতে পারেন এবং ন্যূনতম পেনশন পেতে পারেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার অভ্যন্তরে কয়েক দিন আগে মাননীয় বুদ্ধদেববাবু আমাদের দলের নেতা প্রিয়রঞ্জন দাশমুন্সির সম্পত্তির হিসাব সম্পর্কে বক্তব্য রেখেছিলেন। আজকে আমি তাঁর সম্পত্তির হিসেব নিয়ে উপস্থিত হয়েছি, সরকারিভাবে আমি তা এই হাউসে উপস্থিত করতে চাই। পাশাপাশি বুদ্ধদেববাবু এবং সরকারের কাছে দাবি করব, মুখ্যমন্ত্রীর পুত্র চন্দন বসুর সম্পত্তির হিসেবও একই দিনে এই সভায় উপস্থিত করা হোক, ১৯৭৭ থেকে ১৯৮৯ পর্যন্ত সি.পি.এম. দলের স্থাবর এবং অস্থাবর সম্পত্তির একটা বিস্তারিত বিবরণও এই সভায় উপস্থিত করা হোক। স্বভাবতই ওঁরা উত্তেজিত হবেন, কিন্তু আমাদের নেতা তো চ্যালেঞ্জ গ্রহণ করেছেন এবং চ্যালেঞ্জ গ্রহণ করে কাগজপত্র দিয়ে আমাকে সভায় পাঠিয়েছেন। আমি আশা করব, বৃহত্তর গণতন্ত্রের স্বার্থে এই চ্যালেঞ্জ গ্রহণ করে রাজ্যের মানুষকে সন্দেহের উর্দ্ধে উঠতে সাহায্য করুন। মানুষের স্বার্থে একটা দৃষ্টান্ত স্থাপন করুন। পাশাপাশি প্রশান্তবাবুর ছেলে সম্পর্কে নানারকম উক্তি যা সভার মধ্যে এবং সভার বাইরে বিভিন্ন সময় উত্থাপন করেছি, আজকে আমি আশা করব, সেই সম্পর্কেও বিস্তারিত বিবরণ ও হিসেব এই সভায় উপস্থিত করা হোক।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৯ই ডিসেম্বর ১৯৮৯ ধান কাটার মরশুমে আমার কেন্দ্রের মৈপিট গ্রামে ধান কাটার সংঘর্ষে আমাদের দুইজন কর্মীকে সমাজ বিরোধীরা গুলি করে হত্যা করে যারা সুন্দরবনের জলদস্যু ডাকাত বলে চিহ্নিত। যারা খুন হন তাদের মধ্যে একজন হলেন পঞ্চায়েত সমিতির কর্মী, নাম সুশেন মাইতি এবং আর একজন দিলীপ গিরি। ঐ ঘটনার পর সমাজবিরোধীরা সেখানকার ৩২টি পরিবারের ঘরবাড়ি সব জ্বালিয়ে শেষ করে দিয়েছে, বাড়ি লুট করেছে, হাজার হাজার বিঘার ধান কেটে নিয়েছে এবং মানুষজনকে গ্রামছাড়া করে দিয়েছে। সেখানে ৫ জনকে গুম-খুন করা হয়েছে যাদের মধ্যে আদিবাসীও রয়েছে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্র সচিব এবং চিফ সেক্রেটারিকে জানিয়েছিলাম, কিন্তু সেখানে সন্ত্রাস চলছে। সেখানে পুলিশ ক্যাম্প বসেছে, কিন্তু পুলিশ সেখানে তাদের কথামতো ওঠা-বসা করছে। এই ব্যাপারে সত্বর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

## ZERO HOUR

**মিঃ স্পিকার ঃ** প্রথমে সাধন পান্ডে বলুন।

(এই সময় শ্রী পান্ডেকে সভায় অনুপস্থিত দেখতে পাওয়া যায়।)

এবার থেকে জিরো আওয়ার মেনশনে নাম দিয়ে সভায় উপস্থিত না থাকলে সেই সেশনে আর জিরো আওয়ার মেনশনের সুযোগ তিনি পাবেন না।

[3-00—3-10 P.M.]

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর এবং পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাওড়া জেলায় ইন্ডিয়া মেশিনারি যে ফ্যাক্টরিটা রয়েছে সেটা আপনি জানেন ১৯৭২ সালের ২৫ শে নভেম্বর কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করেছেন এবং অধিগ্রহণ করেন ১৯৫১ সালের ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট অনুযায়ী। সেই অনুযায়ী গত ২৪শে নভেম্বর ১৯৮৯ তারিখে তার মেয়াদ শেষ হয়ে গেছে। এই ব্যাপার নিয়ে অনেক সভা হয়েছে। বি.এইচ.ই.এল.এর সঙ্গে আলোচনা করে 'ভেল' তার অ্যানসিলারী হিসাবে ব্যবহার করতে পারে ইন্ডিয়া মেশিনারিকে। এই ফ্যাক্টরি ১৭ বছর অধিগ্রহণ করা ছিল। অর্থ সচিব গোপী অরোরার সঙ্গে আলোচনা হয়েছে ইন্ডিয়া মেশিনারিকে ভেল অ্যানসিলারী হিসাবে ব্যবহার করবে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে ২ বার কেন্দ্রীয় শিল্পমন্ত্রী অজিত সিং মহাশয়কে চিঠি পাঠিয়েছেন যাতে ইন্ডিয়া মেশিনারি নিয়ে চিন্তা ভাবনা করা হয় এবং ইন্ডিয়া মেশিনারিকে অ্যানসিলারী হিসাবে 'ভেল' ব্যবহার করে। এই ব্যাপারে দু-বার চিঠি পাঠানো হয়েছে কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় এই দুটো চিঠির কোনও সদোত্তর কেন্দ্রীয় শিল্পমন্ত্রী পাঠান নি। বিগত ৮ মাস যাবৎ এখানকার কর্মচারিরা বর্তমান ম্যানেজমেন্ট নিয়ে কারখানা চালাচ্ছে, ই.এস.আই.এর টাকা জমা দিচ্ছে, প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে এবং সামান্য প্রফিট হচ্ছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের ডুয়ার্স অঞ্চলে গত ১ বছর ধরে ম্যালেরিয়া মহামারি আকার ধারণ করেছে। কিছু দিন আগে স্থানীয় ভাবে সি.এম.ও.এইচ.-কে বলেছি, এখানে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখামে ম্যালেরিয়া নিবারণের জন্য ডি.ডি.টি. স্প্রে করার যে ব্যবস্থা আছে সেটা ঠিকভাবে করা হচ্ছে না। ফলে বিশেষ করে ফরেস্ট এরিয়ায় ডি.ডি.টি স্প্রে না করার জন্য ম্যালেরিয়া মারাত্মক আকার ধারণ করেছে, বেশ কিছু লোক সেখানে মারাও গিয়েছে। আসলে দেখা গেছে উত্তরবঙ্গে ডি.ডি.টি স্প্রে করার জন্য যে কর্মচারী আছে তার মধ্যে ১৬০ জন হচ্ছে জলপাইগুড়িতে এবং তাদের মধ্যে ৬ জন করে একটি করে গ্রুপ করে ডি.ডি.টি স্প্রে করে, সেই সমস্ত কর্মচারিরা আন্দোলন করছে। আন্দোলনের মূল কারণ হল বর্তমান পে-কমিশন তাদের সম্বন্ধে যা রেকমেন্ডেশন করেছেন তাতে ডিসক্রিমিনেশন আছে। তাতে তাদের ক্ষতি হয়েছে বলে আন্দোলন

করছে। এই ক্ষেত্রে ডি.ডি.টি স্প্রে করার স্বার্থে, সাধারণ মানুষের স্বাস্থ্য রক্ষার স্বার্থে ম্যালেরিয়ার কর্মচারী যারা আন্দোলনে নেমেছে তাদের আবেদন খতিয়ে দেখার জন্য অনুরোধ করছি। তাদের কি ধরনের সুযোগ আছে, কি ধরনের সুযোগ দেওয়া হয় সেটা খতিয়ে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। তাদের যাতে নিয়মিত করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। তারা দীর্ঘদিন ধরে কাজ করে আসছে, প্রায় ১৪-১৫ বছর ধরে এই কাজ-কর্ম করছে। তাদের স্পেশ্যাল কেস হিসাবে চিন্তা করে, তাদের অর্থ থেকে বঞ্চিত করা হচ্ছে এই কথা ভেবে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যালেরিয়া বিভাগের কর্মচারী জলপাইগুড়িতে ১৬০ জন আছে, তার মধ্যে থেকে ৬ জন করে নিয়ে একটি গ্রুপ করা আছে। তাদের বক্তব্য যাতে গুরুত্ব সহকারে দেখা হয় ডি.ডি.টি স্প্রে যাতে নিয়মিত হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এই সমস্ত ক্যাজুয়াল কর্মীকে যাতে নিয়মিত করা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ফরেস্ট এলাকায় বিশেষ করে চা-বাগিচা এলাকায় ডি.ডি.টি স্প্রে করার যে গ্যাং আছে তাদের পারমানেন্ট হিসাবে রেখে দেওয়া দরকার। এই সমস্ত কর্মচারী ১৪-১৫ বছর ধরে এক নাগাড়ে কাজ করে যাচ্ছে, এদের পারমানেন্ট কর্মচারী হিসাবে ঘোষণা করা হোক। যেমন জেল দপ্তরে, ইরিগেশন দপ্তরে এবং পূর্ত দপ্তরে কর্মচারিদের যেভাবে রেগুলার করা হয়েছে সেই ভাবে এদেরও রেগুলার করা হোক এবং ডি.ডি.টি স্প্রে করে ম্যালেরিয়া নিবারণে সাহায্য করা হোক। এই ব্যাপারে আমি স্বাস্থ্য মন্ত্রীকে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, ভবানীপুর থানার ও.সি.কে ভয় দেখানোর অভিযোগে সি.পি.এম.এর কলকাতা জেলা কমিটির নেতা বাদশা আলমকে গ্রেপ্তার করার দাবি আগে আমাদের পক্ষ থেকে সভায় তোলা হয়েছিল। গত শনিবার এই ভয় দেখানোর ঘটনা ঘটেছে এবং শনিবারই সেই সি.পি.এম. নেতা ভবানীপুর থানা উড়িয়ে দেবার ভয় দেখিয়েছিলেন। কিন্তু এখনও পর্যন্ত তাঁকে গ্রেপ্তার করা হয়নি। গত ১৬ই আগস্ট বন্ধের দিন আহত কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি পুলিশের কাছে ১৬১ ধারা অনুযায়ী বিবৃতি দিয়েছেন এবং তিনি বলেছেন যে তাঁকে যখন মারা হচ্ছিল তখন বাদশা আলম সেখানে দাঁড়িয়ে ছিলেন। স্বভাবতই মমতা ব্যানার্জিকে মারা বা হত্যা করার চক্রান্ত অনুযায়ী ক্রিমিন্যাল কনস্পিরেসি অনুযায়ী ১০৭ মতে পুলিশ যে কেস করেছে, সেই অনুযায়ীও বাদশা আলমকে গ্রেপ্তার করা হয়নি। অথচ তাঁকে গ্রেপ্তার করা উচিত ছিল। আমরা লক্ষ্য করছি যে, পুলিশ তাঁকে গ্রেপ্তার করার কোনও চেষ্টাই করেনি। তিনি ঘুরে বেড়াচ্ছেন, সি.পি.এম. নেতাদের সঙ্গে ঘুরে ঘুরে মিটিং করছেন প্রকাশ্য ভাবেই। যখন লাল্লু আলমকে কোর্টে আনা হয়েছিল তখন তিনি এবং তাঁর স্ত্রী, লাল্লু আলমকে যাতে ছেড়ে দেবার ব্যবস্থা হয় তারজন্য মুখ্যমন্ত্রীর কাছে তদ্বির করে বেড়িয়েছেন। স্যার, আপনি আজকে এখানে বললেন, মমতা ব্যানার্জি বা সুব্রত মুখার্জির উপরে আঘাত হানা অন্যায় কাজ। আপনি আজকে এই হাউস থেকে বলুন তাঁকে গ্রেপ্তার করা হোক। তাহলে দক্ষিণ কলকাতার বুকে যে সন্ত্রাস চলছে তা বন্ধ হবে এবং এতে আপনাদের বামফ্রন্টের পক্ষে নতুন করে প্রতিষ্ঠা লাভ সম্ভব হবে। এই কথা বলে আমি

বাদশা আলমকে আবার গ্রেপ্তার করার দাবি জানাচ্ছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহরমপুরের মতো এতবড় শহরে সড়ক পরিবহন ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে আছে কয়েক সপ্তাহ ধরে। কারণ সেখানে শ্রমিক কর্মচারিরা বাস ধর্মঘট করেছেন। এরসঙ্গে বাসের ভাড়া বৃদ্ধির কোনও সম্পর্ক নেই। তাঁরা নিজেদের দাবি-দাওয়া নিয়ে সেখানে ধর্মঘট করেছেন এবং এরফলে সড়ক পরিবহন ব্যবস্থা শুধু বিপর্যস্ত হচ্ছে তাই নয়, এই ব্যাপারে প্রশাসন হস্তক্ষেপ করলেন কি করলেন না সেটা প্রাসঙ্গিক প্রশ্ন নয়। তার কারণ কয়েক সপ্তাহের মধ্যেও এই সমস্যার সমাধান হয় নি, এটা আমরা দেখছি। এটা খুব সুখের কথা যে এখানে ঐ জেলার একজন মন্ত্রী উপস্থিত আছেন, তাঁর সামনে আজকে এই সভায় এই প্রসঙ্গটি উল্লেখ করছি। আমার অনুরোধ হচ্ছে, এটা শুধুমাত্র একটা মহকুমার বিষয় নয়, গোটা জেলায় আনুষঙ্গিক ভাবে পরিবহন ব্যবস্থা বিপর্যস্ত, এই অবস্থায় এখান থেকে পরিবহন মন্ত্রী বা দরকার হলে শ্রমমন্ত্রীর এই ব্যাপারে হস্তক্ষেপ করা দরকার। ঐ জেলার মন্ত্রী যিনি এখানে উপস্থিত আছেন তাঁর কাছে দাবি জানাচ্ছি যে এই ধর্মঘটের ফলে হাজার হাজার নরনারীর যে আকর্ষণীয় কষ্ট হচ্ছে তার অবসানের জন্য আশু ব্যবস্থা গ্রহণ করুন।

(স্যার, অমলবাবুর প্রস্তাবকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। পরিবহন মন্ত্রী এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দিন।)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ডল কমিশনের রিপোর্ট নিয়ে সারা ভারতবর্ষে সংরক্ষণপন্থী এবং সংরক্ষণ বিরোধী এনিয়ে একটা ়ল বোঝাবুঝি হয়েছে। মন্ডল কমিশনের রিপোর্ট আজ পর্যন্ত আমরা জানতে পারিনি।

[3-10—3-20 P.M.]

সমাজের পিছিয়ে পড়া মানুষদের শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের সংরক্ষণ থাকা উচিত। কংগ্রেস সরকার যখন ছিলেন তারা এটাকে সংবিধানে করে রেখেছিলেন এবং তাতে কোনও আপত্তি থাকে নি। কিন্তু আজকে প্রশ্ন হচ্ছে এই অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষদের জন্য যে সংরক্ষণ হচ্ছে এটাতে কি বোঝাচ্ছে? আজ রাজ্য সরকারের বক্তব্য এই সংরক্ষণের পক্ষে না বিপক্ষে আজ পর্যন্ত তা জানতে পারলাম না। এখন বিধানসভা চলছে, পশ্চিমবঙ্গের মন্ত্রীরাও আছেন, আমি আপনাদের কাছে বলব সারা ভারতবর্ষে যেখানে বর্ণবিদ্বেষ চলছে, এমন একটা অবস্থায় গিয়ে পৌঁছেছে যে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষদের তোলার দরকার আছে, এবং সেইদিক থেকে কাদের দেওয়া হবে এই অধিকার সেকথা আমাদের বামফ্রন্ট সরকার আজ পর্যন্ত বিধানসভায় কিছু বলল না। আমি আপনার কাছে অনুরোধ করব মন্ডল কমিশনের রিপোর্ট সামনে রেখে আলোচনার জন্য সুযোগ দেওয়া হোক এবং এতে বামফ্রন্ট সরকারের মনোভাব কি আমরা জানতে পারব।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনা সভার সামনে উপস্থিত করতে চাই। এবং এই বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করবেন এই আশা করছি। গত ১১ ই আগস্ট কলকাতার চিৎপুরে একটি ভয়ংকর ঘটনা ঘটেছে। ওমরাৎ রাজ নামে একজন যুবকের গায়ে অ্যাসিড ঢেলে দেওয়া হয় এবং সর্বাঙ্গ ভয়ংকর আহত অবস্থায় পি.জি. হাসপাতালে ভর্তি করা হয়। গত ২৪ তারিখে ওমরাৎ রাজ মারা গেছে। আজকে এখানে সভায় সুব্রত মুখার্জির আক্রমণকারীর বিরুদ্ধে তীব্র নিন্দা করেছি, মমতা ব্যানার্জির আক্রমণের নিন্দা করেছি। যদি রাজনৈতিক দলের নেতাকে আক্রমণ করলে আমরা নিন্দা করি তাহলে একজন সাধারণ মানুষের আক্রমণ হলে সামগ্রিকভাবে নিন্দা হবার কথা। ওমরাৎ রাজ যেহেতু সিপিএম কর্মী তাকে হত্যা করল কংগ্রেসি সমাজবিরোধীরা। সুব্রত মুখার্জিকে যে দৃষ্টিভঙ্গিতে বলা হয়েছে, তিনি যেহেতু নেতা তাঁকে আক্রমণ হলে এত কান্ড আর একজন সিপিআই এম কর্মীকে ঘুমন্ত অবস্থায় তার গায়ে অ্যাসিড ঢেলে পুড়িয়ে মারা হল এই সম্পর্কে বিরোধীদলের সদস্যদের দৃষ্টিভঙ্গি কী এটা জানতে চাই। এই কংগ্রেসিরা তো গণতন্ত্র সম্পর্কে গণতান্ত্রিক ফোরাম সম্পর্কে এবং গণতান্ত্রিক পরিবেশ সম্পর্কে অনেক কথা বলেন। ওরা কতটুকু সচেতন? সুব্রতবাবু যখন স্টেটমেন্ট দিলেন তখন চুপ করে বসে শুনলাম। আরেকজন যেহেতু সাধারণ মানুষ সেহেতু তার ক্ষেত্রে চেঁচাতে হবে? এই আপনাদের গণতান্ত্রিক পরিবেশ সম্পর্কে অভিমত যে কংগ্রেসের একজনের গায়ে হাত দিলে গণতন্ত্র রসাতলে যাবে আর ওমারৎ রাজের হত্যাকারিদের যে এখনও অনেককে গ্রেপ্তার করা হয় নি তার ক্ষেত্রে গণতন্ত্র নেই। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে রাজ্য সরকারকে অনুরোধ জানাব এই সমাজবিরোধীদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে অবাক হয়ে যাচ্ছি যে মন্ত্রী মহাশয়দের একটা যৌথ দায়িত্ব আছে, কালেকটিভ রেসপনসিবিলিটি আছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গত শুক্রবার বলেছেন যে আনোয়ার সাহেবকে ৩ বিঘা জমি দিয়ে দেওয়া হবে। অথচ আমরা গতকাল কাগজে দেখলাম যে ফরোয়ার্ড ব্লকের নেতা এবং মন্ত্রী কমল গুহ বলেছেন যে আমরা রক্ত দেব, জীবন দেব কিন্তু ৩ বিঘা জমি দিতে দেব না। সুতরাং এঁদের মন্ত্রীরা কি বলতে চান বুঝতে পারছি না। এই প্রসঙ্গে আমার রবার্ট লিংটের লেখা একটি ফরগেটিং গল্পের কথা মনে পড়ছে। গল্পটিতে আছে যে দুজন মন্ত্রী মন্ত্রিসভা থেকে বেরিয়ে দুজন দুরকম বক্তব্য রাখলেন। হায়রে ভগবান আজ পর্যন্ত রাজনীতিবিদ তৈরি হয় নি। সুতরাং বামফ্রন্ট মন্ত্রিসভার চেহারা থেকেও ঠিক রবার্ট লিংটের ফরগেটিং গল্পটি মনে পড়ছে। এই ব্যাপারে জ্যোতি বাবু তাঁর স্টেটমেন্টে স্পষ্ট করে বলেছেন যে দিয়ে দেবেন অথচ কমল বাবু অন্য কথা বলেছেন। আমাদের শ্রীমতী ইন্দিরা গান্ধী জীবিতকালে এই ৩ বিঘার ব্যাপারে লিজ চুক্তির কথা বলেছিলেন। অথচ জ্যোতিবাবু বললেন যে আমরা ওড়ালপুল করেছি, কুচবিহার নিয়ে আমাদের এরশাদের সঙ্গে কথা হয়েছে এবং সুপ্রিম কোর্ট

যে রায় দিয়েছে সেই রায় মেনে নিয়েই জ্যোতি বাবু ওই ৩ বিঘা জমি ছেড়ে দিতে চাইছেন। অথচ কমল বাবু বলেছেন যে সুপ্রিম কোর্টের ঠিকমতো সেই তথ্য পেশ করা হয়নি, আমরা এটা মানব না। কুচবিহারের সমস্ত মানুষ এর বিরোধিতা করবে এবং ছিট মহল নিয়ে আলোচনা করা হোক।

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার স্যার, আমার বিষয়টা হচ্ছে আপনাকে জানানো এবং আপনার মাধ্যমে কংগ্রেসের বন্ধুদের কাছে অনুরোধ করা। এখন বিষয়টা হচ্ছে ১২ই সেপ্টেম্বর নিয়ে আমাদের বন্ধু সুব্রতবাবু তিনি তার দীর্ঘ বক্তৃতার সময়ে বললেন যে শেষ পর্যন্ত ১২ই সেপ্টেম্বর কংগ্রেসের মিছিলকে সি.পি.এম. সেই মিছিল ভাঙানোর জন্য মিছিল করবে। এখানে অধ্যাপক সৌগত রায় তিনি বললেন যে সি.পি.আই.(এম) ১২ তারিখে কংগ্রেসের ডাকা মিছিলকে বানচাল করার জন্য মিছিল করবে। আমি আপনাকে বলি—গণশক্তি থেকে বলব না—আমি সি.পি.এম.-র লোক, বামফ্রন্টের লোক, কিন্তু আমি এখানে পার্টির সিদ্ধান্তের কাগজ পড়ছি না, গতকাল স্টেটসম্যানে যেটা বলেছে সেটা বলছি, The decision to organise the rally to Raj Bhawan had been announced by Mr. Amitava Bose, Convener of the North 24-Parganas District Front Committee in a statement issued on Thursday. The Congress(I) announced on Saturday its plan to march to the secretariat on that day. স্যার, আপনি সৌগতবাবুর কথা শুনেছেন, উনি নিজেও বলেছেন যে শুক্রবার মিটিং করে সিদ্ধান্ত করেছেন, শনিবার সেটা জানানোর কথা। এটায় কোনও দোষ নেই। আমরা অনেক আগেই সিদ্ধান্ত করেছি আর বৃহস্পতিবার প্রেস স্টেটমেন্টও করা হয়েছে। আমি শুধু ওদের কাছে অনুরোধ করব যে, আপনারা তো গণতন্ত্রের জন্য মিছিল করতে চাইছেন, মিছিল আপনারা করবেন, একটু পিছিয়ে দিন না। আমরা ভোট করেছি আগেই কবে ভোট করেছি সেটা আপনাদেরই কাগজে বেরিয়েছে। সবই তো আপনারা জানেন। কেন বলছেন এটা বামফ্রন্টের, এটা কোনও স্টেট কমিটির বিষয় নয়, সমস্ত বিষয়টা হচ্ছে উত্তর ২৪ পরগনা জেলার, তাই বলছি সিদ্ধান্তটি কার সেটাও আপনারা খোঁজ রাখেন না। আমি সেইজন্য আপনার মাধ্যমে বলছি, যেহেতু আপনি ওপাশের বন্ধুদের কথা শোনেন, তাই আপনার কথা ওরা শুনবেন। কিন্তু আমার ভয় আছে, ওদের কথা ওদের কংগ্রেস নেতা হয়ত শুনবেন না, তবুও অনুরোধ করব অযথা অশান্তি করবেন না। ১২ তারিখটা আমরা অনেক আগেই ঘোষণা করেছি। আমি এখানে পুরোটা বললাম, আপনি ডাক্তার মানুষ ইংরাজি জানেন আশা করি, বারে বারে পড়াটা ভাল নয়, তাই আর পড়ছি না, দয়া করে পড়ে নেবেন। খবরের কাগজ দেখে আপনারা এত কিছু মেনশন করেন, এত কিছু শুনলাম কিন্তু যেখানে আপনাদের প্রয়োজন সেখানের বিষয়টা দেখলেন না। আপনাদের বিবেচনা তো কিছু নেই, তাই শুনুন শেষ পর্যন্ত আমাদেরই হয়ত পিছতে হবে। কিন্তু এটাও শুনে রাখুন যত লোক একটি রাজ্য থেকে জড় করবেন তার অনেক বেশি লোক আমরা উত্তর ২৪ পরগনা থেকে জড় করব। এটাইতো আপনাদের ভয়। যখন আপনারা হামলা করেন অত্যাচার করেন তখন কিছু বলা যাবে না, আমার বাড়িতে

যখন আগুন লাগানো হয়েছিল তখনও কথা হয়নি, ওখানে গিয়ে ও.সি.-র চেয়ার দখল করেন, তখনও আইনশৃঙ্খলার প্রশ্ন ওঠে না। আপনারা আইনশৃঙ্খলা ভাঙেন তাই এই কথা বলেছি, আমরা সব সময় গণতন্ত্র রক্ষা করার চেষ্টা করি, সেইজন্য আমার স্বনির্বন্ধ অনুরোধ ঐ তারিখে আপনারা অযথা অশান্তি ডেকে আনবেন না।

[3-20—4-00 P.M. including adjournment]

**শ্রী সুপ্রিয় বসু :** স্যার, কলকাতাতে ওয়ান ওয়ে ট্রাফিক কিছুদিন আগে ইন্ট্রোডিউস করা হয়েছে। নিশ্চয় কোনও কোনও জায়গায় সুবিধা হয়েছে, একেবারে লাভ হয়নি তা নয়। তবে এই কথা বলব যে অনেক আগে লাভ হয়েছে। কিন্তু ইনসাফিসিয়েন্ট পুলিশ, এবং ইনসাফিসিয়েন্ট পুলিশ অফিসার থাকবার কারণে অনেক জায়গাতে অসুবিধা হচ্ছে। স্যার, রিসেন্টলি কিছুদিন আগে হাওড়া ব্রিজ থেকে কলকাতায় আসার জন্য ব্রাবোর্ণ রোডকে ওয়ান ওয়ে করা হয়েছে এবং যাবার সময় স্ট্র্যান্ড রোডকে ওয়ান ওয়ে করা হয়েছে। আমরা অনেকেই হাওড়া থেকে আসি। শুধু কলকাতা হাওড়া কানেকটিং নয়, দক্ষিণবঙ্গেরও কানেকটিং। সারা ভারতবর্ষের ব্যাপার আছে। প্রতিদিন ওয়ান ওয়ে করবার যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফল হচ্ছে না কারণ ইনসাফিসিয়েন্ট পুলিশ অফিসার এবং ইনএফিসিয়েন্ট পুলিশ অফিসার থাকবার ফলে। জ্যাম হয়ে যাচ্ছে। আর এক এক সময় এমনই জ্যাম হয় যে আমরা ঠিকমতন সময়ে বিধানসভায় আসতে পারি না। স্যার, আমার বন্ধু অশোক ঘোষ, অমর ব্যানার্জি হাওড়া থেকে আসেন। তাই আপনার মাধ্যমে বলি, ব্যাপারটা কোনও রাজনৈতিক দলের ব্যাপার নয়, লক্ষ লক্ষ মানুষের ব্যাপার এবং বিধানসভার অনেক কাজের ব্যাপার। তাই আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীকে এবং পুলিশকে আমার বক্তব্য হচ্ছে অবিলম্বে ওয়ান ওয়ে কার্যকর করবার জন্য সাফিসিয়েন্ট নাম্বার অফ পুলিশ অফিসারকে দিয়ে যাতে সঠিকভাবে চালানো যায় তার বন্দোবস্ত করুন।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। ভালোই হল, উনি সভায় আছেন। কলকাতা ৩০০ বছর পূর্তি উৎসবের পরে পশ্চিমবঙ্গের মহানগরীকে কি উপহার দিয়েছেন আমাদের অনেক সদস্যই তা বলেছেন। কোনও ব্যাঙ্গাত্মক বক্তব্য নয়। ভারতবর্ষের মধ্যে কলকাতাতেই প্রথম মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল। আমি তাঁর কাছে আবেদন করব যে একটা গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে ভারত সরকারের কাছে, এজন্য আবার বলছি নতুন করে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স প্রতিষ্ঠিত করবার জন্য কলকাতাতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা খবর পেয়েছি উদ্যোগ গ্রহণ করেছেন। জানিনা তাঁর সহকর্মীরা, মন্ত্রিসভায় অনুমোদন করবেন কি না? বিরোধী দলের পক্ষ থেকে তাঁর এই উদ্যোগকে মদত যোগাই। ঐতিহাসিক কলকাতা শহর বাংলা থেকে প্রায় কোটি কোটি টাকা বম্বে এবং মাদ্রাস দেওয়া হচ্ছে চিকিৎসার জন্য। গবেষণার জন্য। তাই কলকাতার বুকে কলকাতার ৩০০ বছরের পূর্তি উৎসবে দাঁড়িয়ে

আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাংলার বুকে একটি অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স প্রতিষ্ঠিত করবার জন্য সরকারের কাছে সর্বদলীয় প্রতিনিধি নিয়ে এ.আই.আই.এম.এস. গড়ার জন্য আবেদন রাখছি। আমি স্যার, আপনার মাধ্যমে একটা সর্বদলীয় প্রতিনিধি স্বাস্থ্যমন্ত্রীর নেতৃত্বে ভারত সরকারের কাছে যেতে চাই। এবং এই দাবি রাখছি কলকাতায় একটা অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স প্রতিষ্ঠিত হোক।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, চিফ সেক্রেটারি একটা সার্কুলার ইস্যু করেছেন ১০ তারিখে এবং সেই সার্কুলার প্রত্যেকটি থানাতে পাঠানো হয়েছে। নোটে বলা হয়েছে বিভিন্ন পুলিশ স্টেশনগুলির পুলিশ অফিসাররা ঠিকভাবে দায়িত্ব পালন করছেন না। উপর মহলের অফিসাররা ঠিকমতন কেস তদারকি করছে না। প্রভাবশালী রাজনৈতিক দল এর সঙ্গে যুক্ত থাকবার ফলে বিভিন্ন সমাজবিরোধীদের পুলিশ ধরতে চাইছে না। একজন মুখ্য সচিব অনাস্থা উত্থাপন করেছেন রাজ্য সরকারের বিরুদ্ধে, আমার মনে হয়েছে এই ধরনের একটা নোট যথেষ্ট প্রমাণ করবার পক্ষে যে এই রাজ্যে সরকারের আমলে আইন-শৃঙ্খলা কতখানি রক্ষিত হচ্ছে। আমরা স্যার, এখানে দাবি করছি, মুখ্য সচিবের এই নোট অবিলম্বে সভায় উপস্থাপিত করা হোক। কারণ এখন বিধানসভা চলছে, সভাতে এই নোট সম্পর্কে মুখ্যমন্ত্রীর বিবৃতি আমরা দাবি করছি। কারণ চিফ সেক্রেটারি একটা নোট দিলে রাজ্যের সাধারণ মানুষের কাছে তার ফল এক সুদুরপ্রসারী হতে পারে। থানায় পুলিশরা ডায়রি নিচ্ছে না, হায়ার অফিসিয়ালরা গড়িমসি করে, তারা কাজকর্ম দেখে না, পলিটিক্যাল লিডাররা অ্যাডমিনিস্ট্রেটিভ কাজে ইন্টারফেয়ার করছে, এই ধরনের একটা বর্বরতা অবস্থা আজ সৃষ্টি হয়েছে। একটা রাজ্যের আইন-শৃঙ্খলা জনিত পরিস্থিতি আজকে কোন পর্যায়ে নেমেছে সেটা আজকে চিফ সেক্রেটারির নোট দেখলেই বোঝা যায়। কারণ চিফ সেক্রেটারি রাজ্যের চোখ, কান বলে পরিচিত। আমাদের এই সভা আর তিনদিন চলবে, সুতরাং মুখ্য সচিবের এই নোট অবিলম্বে সভায় উপস্থাপিত করা হোক এবং এই রকম একটা আলোচনার সুযোগ আমাদের দেওয়া হোক। কারণ আমরা আজকে জানি, কলকাতা সহ সারা রাজ্যে থানাগুলিতে আজকে ক্যাডাররা নিয়ন্ত্রণ করছে, প্রশাসন বলতে আজ আর কিছু নেই। সমস্ত গড্ডালিকায় ভেসে চলেছে, যেমন তেমন ভাবে আজ প্রশাসন চলছে। সেজন্য মুখ্য সচিবের এই নোট এই হাউসে উপস্থিত করবার দাবি আমি জানাচ্ছি।

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় সভার কাছে রাখতে চাইছি। স্যার, আপনি অবগত আছেন আগামী ১২ সেপ্টেম্বর কংগ্রেসের পক্ষ থেকে মহাকরণ অভিযানের ডাক দেওয়া হয়েছে। আমরা সংবাদপত্র পড়ে জানতে পারলাম যে আগামী ১২ সেপ্টেম্বর সি.পি.এমের একটা মিছিল রাজভবনে যাবে। জ্যোতিবাবু যখন ক্ষমতা দখল করেছিল তখন আমরা কাগজে দেখেছিলাম, উনি বলেছিলেন গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ যাবে না। আর এখন জ্যোতিবাবু সে কথা ভুলে গেলেন। গত ১৬ তারিখে যে ভয়াবহতা কলকাতার বুকে ঘটেছে, ক্যাডাররা ঘটিয়েছে তা আপনার মনে আছে।

১২ তারিখে ঐ ক্যাডাররাই কংগ্রেসের মিছিলের উপর হামলা করতে চায়। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসুকে আমরা অনুরোধ করছি যে ভারতবর্ষে জাতীয় কংগ্রেস হচ্ছে বৃহত্তর রাজনৈতিক দল এবং পশ্চিমবাংলার বৃহত্তর বিরোধী দল, তাদের পূর্ব ঘোষিত নীতি অনুযায়ী তারা মহাকরণ অভিযান করবে। সেই অভিযানকে রুখতে যদি সি.পি.এমের ক্যাডাররা রাস্তায় নামে তাহলে তার ফল কিন্তু ভয়ঙ্কর হবে এবং পশ্চিমবাংলা রক্তাক্ত হবে, একটা বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি হবে এবং এই কথা আজকে আমি পরিষ্কার ভাবে বলতে চাই ও হুঁশিয়ার করে দিতে চাই। তাই ১২ তারিখের আন্দোলন আপনারা পিছিয়ে দিন, তা না হলে ১২ তারিখের আন্দোলন রক্তাক্ত হয়ে যাবে।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য ননী কর মহাশয় যে বিষয়ের উপর বলেছেন, আমি সেই বিষয়ের উপরই বক্তব্য রাখছি। আমাদের ১২ তারিখে যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে, এই কর্মসূচিতে আমাদের এক লক্ষ লোক সুসজ্জিত হয়ে মিছিল করবে। আপনারা দেখেছেন যখন পাহাড়ে আন্দোলন হচ্ছিল, তখন কংগ্রেস সমতলে আন্দোলন করার সিদ্ধান্ত নিয়েছিল। বিভিন্ন জায়গাতে বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা তারা করেছে, ১২ তারিখে সুসজ্জিত মিছিলের উপর হামলা হতে পারে বলে আমাদের আশঙ্কা। আমি পুলিশ প্রশাসনের বিশেষ করে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে মহাকরণ অবরোধের নামে ওরা কলকাতায় একটা বিশৃঙ্খলা সৃষ্টি করবার চেষ্টা করবে। এই ব্যাপারে পুলিশ প্রশাসনকে সতর্ক থাকতে হবে এবং গণতন্ত্রপ্রেমী মানুষকেও সতর্ক থাকতে হবে। আমরা ১৯৭২ সালে দেখেছি ঐ ওদের ক্যাডারবাহিনী থানা দখল করে রাখত, এখন সেই কায়দাতেই ওরা অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করছে। আমরা এসব কথা বললেই তো ওদের গাত্রদাহ হয় তাই আমি অন্যভাবে বলতে চাই, ১২ তারিখের ব্যাপারে পুলিশ প্রশাসনের ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আমরা আকর্ষণ করতে চাই, যদি আমরা সতর্ক থাকি তাহলে কংগ্রেসের সমস্ত রকম বিশৃঙ্খলা, সমস্ত রকম অপপ্রচেষ্টা স্তব্ধ করে দেওয়া যায় এবং জনজীবনে যাতে তারা বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব।

(At this stage the House was adjourned till 4 p.m.)

**(After Adjournment)**

[4-00—4-10 P.M.]

## LEGISLATION

### The City Civil Court (Amendment) Bill, 1990.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to introduce the City Civil Court (Amendment) Bill, 1990,

(Secretary then read the Title of the Bill)

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the City Civil Court (Amendment) Bill, 1990, be taken into consideration.

আমার বক্তব্য আমি পরে বলব।

**শ্রী অপূর্বলাল মজুমদার :** মিঃ স্পিকার, স্যার, একটা ছোট্ট বিলের উপর ছোট্ট অ্যামেন্ডমেন্ট মন্ত্রী মহাশয় এনেছেন। আমি এই অ্যামেন্ডমেন্টের উপর ছোট্ট ছোট্ট ৩টি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এই বিল আনার সময় উনি রিজিনস যা দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি উনি ১ লক্ষ থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত পিকিউনিয়ানরী জুরিসডিকশন বাড়িয়ে দিয়েছেন যাকে টেন টাইমস বলা চলে। যদি পারসেন্টেজ বলেন তাহলে ওয়ান থাউজ্যান্ড পারসেন্ট। এখন এই ওয়ান থাউজ্যান্ড পারসেন্ট বাড়ানো যুক্তি সঙ্গত কিনা সেই সম্পর্কে যুক্তিতে গিয়ে বলেছেন যে ইন মানি ভ্যালু অন্যান্য জিনিসের সঙ্গে তুলনামূলক বিচারে টাকার ভ্যালু কমে যাওয়ায় সিটি সিভিল কোর্টে পিকিউনিয়ারী জুরিসডিকশন বাড়ানো দরকার, হাইকোর্ট থেকে সেগুলি আসা দরকার। স্যার, এই বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমে আমার বলতে ইচ্ছা করে হাইকোর্টের জুরিসডিকশন উনি কিছু কাটছেন। গত ১৯৮০ সালে উনি যে এ্যামেন্ডমেন্ট এনেছিলেন সেই অ্যামেন্ডমেন্টে ৫০ হাজার ছিল তার থেকে ১ লক্ষ করেছিলেন, তবুও বেশি বাড়াননি, ডবল করেছিলেন। এখন উনি তার ১৫ গুণ করলেন। উনি যে যুক্তি দিয়েছেন তাতে এই ১০ বছরে মানি ভ্যালু টেন টাইমস কমেছে কিনা এটা আমি তাঁকে চ্যালেঞ্জ দিচ্ছি। সেজন্য আমি এটাকে ৫ লক্ষ করতে বলেছি, ফাইভ পারসেন্ট কমেছে। আপনি বলছেন ওয়ান থাউজ্যান্ড পারসেন্ট কমেছে এটা ঠিক নয়। ১৯৮০ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত মানি ভ্যালু কমেছে এটা স্বীকার করি কিন্তু নট ওয়ান থাউজ্যান্ড পারসেন্ট বা ফাইভ হানড্রেড টাইমস, ফাইভ হানড্রেড পারসেন্ট, এর কমে নয়। এটা আপনি একটু চিন্তা করুন। এটা করার পিছনে হয়ত আপনি বলবেন যে, হাই কোর্টে অনেক কেস জমা হয়ে গেছে, সেখানে গরিবদের পক্ষে যাওয়া সম্ভবপর নয় এবং দীর্ঘদিন সেই কেসগুলির বিচার না হয়ে পড়ে আছে। আপনার সিটি সিভিল কোর্টের কথা আমি এবার একটু বলি। এই সিটি সিভিল কোর্টে ক'জন হাকিম আছে? সেখানে মোট ১৩ জন জাজ আছে। একজন রেজিস্ট্রার আছে। সব মিলিয়ে দেখা যাচ্ছে, ১২ জন জাজ, একজন চিফ জাজ, একজন রেজিস্ট্রারার নিয়ে মোট ১৪ জন হচ্ছে। এটাকেই ম্যাক্সিমাম বলতে পারেন। গত ১০ বছর ধরে এই সংখ্যক জাজই সেখানে আছে, এর চেয়ে বাড়েনি। ১৯৮০ সাল থেকে ১৯৯০ সালের মধ্যে আপনি সেখানে জাজের সংখ্যা বাড়ালেন না। এই সম সংখ্যক বিচারক নিয়ে সিটি সিভিল কোর্ট চলছে এবং এই সিটি সিভিল কোর্টের উপর ১০ লক্ষ টাকা পর্যন্ত সমস্ত মামলার পিকিউনিয়ারী জুরিসডিকশন নিয়ে আসার চেষ্টা করছেন। এটা হলে কি তাদের পক্ষে বিচারগুলি তরান্বিত করা সম্ভবপর হবে? তারা কি তাড়াতাড়ি বিচারগুলি শেষ করতে পারবেন? আজকের দিনে সিটি সিভিল কোর্টে কত মামলা জমা হয়ে আছে। হাইকোর্টেও অনেক জমা হয়ে আছে। আপনি নিশ্চয় সেই ফিগার দেবেন। কিন্তু সিটি সিভিল কোর্টে বিচার করতে গেলে আপনি

দেখবেন সেখানে বহু মামলা স্তূপীকৃত হয়ে পড়ে আছে এবং যে স্যুটগুলি পড়ে আছে তার পরিমাণ ২৬ হাজারের মতো। দীর্ঘদিন ধরে এই স্যুটগুলি পড়ে আছে এবং এখনও পর্যন্ত এই স্যুটগুলির বিচার করা সম্ভব হয়নি। এছাড়া আরও মিস কেস আছে। এই মিস কেসের সংখ্যা হল ৬ হাজার। এই এত হাজার কেস সিটি সিভিল কোর্টে পড়ে আছে। এছাড়া আরও অনেক মামলা আছে আপনি অ্যামেন্ডমেন্ট এনে যদি বলতেন সিটি সিভিল কোর্টে ৫ জন আরও জাজ বসিয়ে দেব যাতে তাড়াতাড়ি বিচার পাওয়া যায় তাহলে আমরা বুঝতাম—কিন্তু তা তো হচ্ছে না। বিচার ডিলে হলেই এ ডিনায়াল অব জাস্টিস হয়। কিন্তু তাদের ঘাড়ের উপর এমনিতেই চাপ আছে ৩২ হাজার স্যুটের এবং তার সঙ্গে আরও কেস যুক্ত হচ্ছে। এছাড়া মিস কেস আছে। প্যারাফার্নেলিয়া কি ঠিক আছে? গতবারে আমাদের অনারেবল স্পিকার এখানে ছিলেন এবং তিনি ১৯৮০ সালে ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করে দিয়েছিলেন। সেই স্যুটে কি কি জিনিস দেওয়া হয়েছিল? হাইকোর্টের এক্সক্লুসিভ জুরিসডিকশন থেকে অনেক কেস বের করে নিয়ে আসা হল। হাইকোর্ট থেকে এই কেসগুলি বের করে নিয়ে সিটি সিভিল কোর্টে দেওয়া হল এবং এদের জুরিসডিকশন নিয়ে আসা হল। যেমন ধরুন, গার্জেন অ্যান্ড ওয়ার্ডস অ্যাক্ট ১৯৯০—এই আইনের সমস্ত কেস হাই কোর্ট করত। সেইগুলি আপনি হাইকোর্টের জুরিসডিকশন থেকে নিয়ে এসে সিটি সিভিল কোর্টের হাতে তুলে দিলেন। ২ নং হল, প্রেসিডেন্সি টাউনস ইনসলভ্যান্সি এ্যাক্ট ১৯০৯ এটা আগে একমাত্র হাইকোর্টের জুরিসডিকশন ছিল। হাই কোর্টের জুরিসডিকশন থেকে সিটি সিভিল কোর্টের জুরিসডিকশনে এসে গেছে। তৃতীয় হচ্ছে, ইন্ডিয়ান লুন্যাসি অ্যাক্ট ১৯৯২ এক্সক্লুসিভ জুরিসডিকশন ছিল হাইকোর্টের সেই এক্সক্লুসিভ জুরিসডিকশন তুলে দিয়ে সিটি সিভিল কোর্টের এক্তিয়ারে নিয়ে আসা হয়েছে। এছাড়া ইন্ডিয়ান সাকসেশন অ্যাক্ট, ১৯২৫ এরও এক্সক্লুসিভ জুরিসডিকশন ছিল হাইকোর্টের, সেটাকেও এখানে নিয়ে আসা হল। এই সব কেসগুলি পেনডিং আছে, ফাইলগুলি পেন্ডিং আছে। এইগুলি শেষ হয়নি। তাছাড়া স্যুট অ্যাপিল, মিস কেস ইত্যাদি আছে। স্পেশ্যাল অ্যাক্টে হাইকোর্টের জুরিসডিকসন কাটিয়ে নিয়ে সিটি সিভিল কোর্টের হাতে আছে। ১৯৮০ সালে সেখানে যে জাজের সংখ্যা ছিল এখনও কিন্তু সেই সংখ্যাটাই দাঁড়িয়ে আছে। তাহলে ডিসপোজাল হবে কি করে?

[4-10—4-20 P.M.]

ডিসপোজাল করতে গেলে এমন কিছু অস্ত্র আপনার হাতে নেই যাতে ডিসপোজাল তাড়াতাড়ি করে দেবেন। আপনি নিশ্চয় বোঝেন যে সিটি সিভিল কোর্ট বা সিভিল কোর্ট সে গাইডেড হবে সিভিল প্রসিডিওর কোডে। সিভিল প্রসিডিওর কোডে যে সমস্ত আইন-কানুন আছে তার ভিতর দিয়েই এগুলি করতে হবে। তাই সিটি সিভিল কোর্টে যে সমস্ত মামলা আছে বা সিভিল কোর্টে যে সমস্ত মামলা আছে সেখানে সিভিল কোর্টের আইনের মধ্যে যেতে হবে এবং তারজন্য টাইম লাগবেই, আপনি তা ঠেকাতে পারবেন না। যদি বলেন ট্রাইব্যুনালের হাতে তুলে দিলাম আর ট্রাইব্যুনালকে বলে দিলাম তুমি ৬ মাসের মধ্যে শেষ করে দাও

*সেটা আলাদা কথা। ট্রাইব্যুনাল ক্যান ডু ইট। কিন্তু যেখানে সম্পূর্ণভাবে সিভিল কোডকে* ফলো করতে হবে সেই ফলো করতে গেলে নিশ্চয় অপেক্ষা করতে হবে। সেই জন্য বলছি, আপনারা গতবার যা বাড়িয়েছিলেন সেটা সাধারণভাবে অ্যাকসেপ্টেড হবে কারণ ১০০ পারসেন্ট বাড়িয়েছিলেন। এবারেও যদি ১০০ বা ২০০ পারসেন্ট বাড়াতেন তাহলে আমি এত কথা বলতাম না। সেইজন্যই কোর্টে একবার একবার বলেছিলাম আপনি ৫০০ পারসেন্ট করুন—অ্যাট লিস্ট আপ টু ফাইভ লাক্স। বাড়াবার বিরুদ্ধে আমি নই কিন্তু এই প্রসঙ্গে আমি বলব, আবার ৫০/৬০/৮০ হাজার মামলা জমে যাবে, নথিপত্র উই পোকাতে খাবে, নষ্ট হবে—এটা কিন্তু ঠিক হবে না। আর সিভিল প্রসিডিওর কোডটা ফলো করতেই হয়। তাহলে আপনি জানেন তা ফলো করতে গেলে যে সমস্ত প্যারাফারনেলিয়া আছে সেটা বিরাট ব্যাপার। আইনের ঐ সমস্ত কুট পদ্ধতি ফলো করে চলতে গেলে ঐ সম সংখ্যক জাজ দিয়ে আপনি ঐ ১০ লক্ষ টাকা পর্যন্ত কেস যদি নিয়ে আসেন তাহলে সেটা তাদের পক্ষে জাস্টিস হবে একথা বলতে পারবেন না। আপনি বলতে পারবেন না কোনও রকম হেয়ারিং না দিয়ে আপনি রায় লিখে দিন। সেখানে সমস্ত প্রসিডিওর আপনাকে ফলো করতেই হবে। নোটিশ জারি করে সার্ভ করতে হবে। নোটিশ না পেলে আবার নোটিশ জারি করতে হবে। তারপর রিটিন স্টেটমেন্ট সাবমিট করার জন্য তাকে টাইম দিতে হবে। সাবমিট করবার আগে তিনবার টাইম দিতে হবে। সেখানে টাইম পাবেই, কেউ আটকাতে পারবে না। টাইম দেবেন না সে চলবে না। সেখানে সুপ্রিম কোর্ট এবং হাইকোর্টের কনভেনশন রয়েছে সিটি সিভিল কোর্টে সেই কনভেনশন এতদিন মেনে চলা হচ্ছে সেখানে হঠাৎ করে সেগুলি বাদ দিয়ে একদিনও টাইম দিলেন না, রিজেক্ট করে দিলেন, তা হবে না। কাজেই সেখানে হেয়ারিং এর পর্যায়ে আসতেই অনেক সময় লেগে যাবে। তারমধ্যে আবার মিসকেস হয়ে যাবে। ধরুন একটা মিস কেসে এমন অবস্থা দাঁড়াল যে, যে কেসটা ফাইল করা হয়েছে সেখানে একটা ছোট্ট ম্যাটারে হেরে গেলেন, হেরে যাবার পর সেই ছোট্ট ম্যাটারটা নিয়ে হাইকোর্টে চলে যাবেন। একটা ছোট্ট ম্যাটারেও হেরে গেলে আমি হাইকোর্টে যেতে পারি, সুপ্রিম কোর্টেও যেতে পারি। কাজেই এখানে সিভিল কোর্টে এটা তরান্বিত করতে পারছেন না। সেইজন্য বলছি, সিভিল প্রসিডিওর কোডকে যদি বলেন সম্পূর্ণ চেঞ্জ করে ফেলব তাহলে একটা কথা হতে পারে। কিন্তু সিভিল কোড, তা তো আপনি হাত দিতে পারবেন না, এভিডেন্স অ্যাক্ট, আপনি হাত দিতে পারবেন না। ১৮৭২ সালের যে এভিডেন্স অ্যাক্ট তা সংশোধন করে নতুন করে লিখবেন এমন ব্রেনি লোক আজ পর্যন্ত ভারতবর্ষে কেউ জন্মায় নি। এটা আপনিও জানেন, আমরাও জানি। তবে সিভিল প্রসিডিওর কোডের কিছু কিছু জায়গায় হাত দেওয়া সম্ভব হয়েছে কিন্তু তা হলেও তার মেন স্ট্রাকচার যেটা আছে—সেখানে হেয়ারিং না দিয়ে শেষ করতে পারবেন না। আজকাল আবার নতুন আইন হয়ে গিয়েছে, ন্যাচারাল ল, সেখানে ন্যাচারাল ল টাও ভায়োলেট করতে পারবেন না। সিভিল কোর্টের প্রসিডিওরও ভায়োলেট করতে পারবেন না। এগুলি সব সঙ্গে নিয়ে ঐ ১৩ জন জাজ আর একজন চিফ আজকে দিয়ে আপনাকে সব করতে হবে। আপনার মাথার উপর অলরেডি ৩২ হাজার কেস জমে

আছে এবং এ ছাড়া আরও কিছু কিছু ছোটখাট কেস আছে। এগুলি সব যদি আসে তাহলে আপনি কি করে অতি সত্ত্বর সমস্ত মামলাকে ডিসপোজাল করে ফেলবেন এবং লোককে রিলিফ দেবেন জানি না। সেখানে রিলিফ দিতে গেলে ঐ যে ট্রাইব্যুনাল যেটা সেদিন বিনয়বাবু বলছিলেন সেটা দিয়ে হয়ত কাজ কিছুটা এগুনো যায়। সেটা সম্পর্কে পরে আমরা আলোচনা করব। কিন্তু যে আইন মেনে চলতে হবে, এটা যদি করেন, আপনি যদি ইনসিস্ট করেন, ১০ লক্ষ টাকা বা যেটা টেন টাইমস বা ওয়ান থাউজেন্ড টাইমস করেন তাহলে আপনার কাছে হাউসে নিশ্চয়ই জানতে চাইব যে আপনি কতজন জাজ বাড়াচ্ছেন? এখন যে ১৩ জন আছেন সেই জায়গায় কি ২৬ জন করছেন বা ২০/২৫ জন করছেন? এটা যদি করতেন তাহলে নিশ্চয়ই নিচে লিখতেন যে এতগুলি জাজ বাড়াতে হবে, এত টাকা খরচ বেড়ে যাবে। কিন্তু সেই খরচের তালিকা দেওয়া নেই। কাজেই সেটা বাড়ানো হচ্ছে না। একজনকে ট্রান্সফার করে আর একজনকে আনতে পারেন, কিন্তু আইনের এমনই বেড়াজাল, সেই বেড়াজালগুলি দূর না করলে আপনি এটাকে আটকাতে পারবেন না, সিভিল প্রসিডিওর কোডে যেটা আছে তাতে আপনি পেরে উঠবেন না। তার জন্য বিনয়বাবু ট্রাইবুন্যাল বসাবার চেষ্টা করেছেন ঐ মামলাগুলি যাতে দ্রুত নিষ্পত্তি করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ছোট্ট বিল নিয়ে আমি এখানে আর বেশি কিছু বলতে চাচ্ছি না, তবে জুরিসডিকশন অব সিটি সিভিল কোডের যেটা এনহেন্স করলেন, অন্তত আমরা যদি দেখতাম যে সিটি সিভিল কোর্টে বাড়তি মামলা ঘাড়ের উপরে চেপে নেই, মামলাগুলির দ্রুত নিষ্পত্তি হচ্ছে তাহলে আমাদের আপত্তি করার কিছু থাকত না। আপনি জানেন যে ওখানে এই রকম জমে থাকা মামলার সংখ্যা প্রায় ৩২ হাজারের মতো। সেই দিকে লক্ষ্য রেখে আপনি জাজ বাড়াবেন তাহলে আপত্তি থাকবে না। আপনি জাজ বাড়ান ডাবল জাজ করুন। যদি এই জাজদের দিয়ে চালাতে চান তাহলে এগুলি পড়ে থাকবে, কার্যকর হবে না। আমি সেই দিকে লক্ষ্য রেখে এই অ্যামেন্ডমেন্ট এনেছি। আমরা নীতিগতভাবে জুরিসডিকশন বাড়ার, পিকিউনারি জুরিসডিকশন বাড়ার বিরোধী নই। তবে মামলাগুলি স্থগিত থাকবে, মক্কেলরা বসে থাকবে, আর তারিখের পর তারিখ তারা ফি দিয়ে যাবে এটা ঠিক নয়। সেই কারণে এগুলি কমাবার জন্য অনুরোধ করছি। আমি আশা করব যে আমার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মজুমদার, জাজ বাড়ালেই কি মামলার দ্রুত নিষ্পত্তি হয়ে যাবে? হোল সিস্টেমটাই পুনর্বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে। জুডিশিয়াল সিস্টেম শুড বি চেঞ্জড। আর একটা কথা আছে, দি হোল সিস্টেম অব ট্রায়াল অ্যান্ড আদার সিস্টেমস শুড বি চেঞ্জড। এর জন্য গভর্নমেন্ট অব ইন্ডিয়াকে একটা জুডিশিয়াল কমিশন বসাতে হবে এবং একটা জুডিশিয়াল রিভিউ কমিটি করা দরকার টু রিভিউ দি হোল জুডিসিয়াল সিস্টেম। বিলেতে, আমেরিকায় কিছু কিছু ক্ষেত্রে কেউ সরাসরি কোর্টে যেতে পারে না। সেখানে প্রথমে ইউ হ্যাভ টু গো থ্রু এ কমিটি। তারা বিচার করে দেখবেন যে আপনি কোর্টে যেতে পারবেন কিনা। কোর্টে যাবার প্রয়োজন না থাকলে তারাই আউট করে দেবেন। আমাদের এখানে

অধিকাংশ মামলাই সেই রকম কোনও মামলা নয়। অ্যাফলুয়েন্ট সোসাইটির লোকেরা, যাদের টাকা পয়সা থাকে তারা কোর্টে যায় দুর্বল শ্রেণীর লোকেদের হয়রানি করার জন্য। কাজেই আমার মনে হয় এখানে যে কেসগুলি হয় তার অধিকাংশই কোনও কেস নয়। কাজেই হোল সিস্টেম শ্যুড বি চেঞ্জড। এখানে উনি কি করবেন? আর ওনার কি ক্ষমতা আছে, আপনার কি ক্ষমতা আছে, হাউসের বা কি করার আছে এই ব্যাপারে।

## PRESENTATION OF REPORT

### 65th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 65th Report of the Business Advisory Committee. The committee met in my chamber on 24th August 1990 and today and recommended the following programme of Business for the 28th to 31st August, 1990.

Tuesday, 28.8.90 ... i) Motion under rule 185 regarding reception of Nelson Mandela-Notice given by Shri Sachin Sen and others.

... 1hour

ii) Motion under rule 185 regarding atrocities on women in West Bengal—Notice given by Shri Saugata Roy and Others.

...1 hour

iii) Motion under rule 185 regarding funeral ashed of Netaji—Notice given by Smt. Aparajita Goppi and Others.

...1 hour

iv) Motion under rule 185 regarding development of Calcutta and Haldia Port—Notice given by Shri Lakshman Chandra Seth.

... 1hour

v) Motion under rule 185 regarding increase of Transport fare—Notice given by Shri Apurbalal Majumdar and others.

.... 1/2 hour

vi) Motion under rule 185 regarding increase of Tram and Bus fare—Notice given by Shri Deba Prasad Sarkar.

.... 1/2 hour

| | | |
|---|---|---|
| Wednesday, 29.8.90 ... | | The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1990. (Introduction, Consideration and Passing). ... 4 hours |
| Thursday, 30.8.90 ... | i) | The Calcutta University (Amendment) Bill, 1990. (Introduction, Consideration and Passing). ... 1 hour |
| | ii) | The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1990 (Introduction, consideration and Passing). ... 2 hours |
| | iii) | The Bengal Municipal (Amendment) Bill, 1990.(Introduction, Consideration and passing). ... 1 hour |
| Friday, 31.8.90 ... | i) | The West Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990 (Introduction, Consideration and Passing). .... 1 hour |
| | ii) | The West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990 (Introduction, Consideration and Passing). ... 1 hour |

There will be no Question for Oral Answer and Mention Case on the 28th August, 1990.

I now request the Minister-in-Charge of Home (Parliamentary Affairs) Department to please move the motion for acceptance of the House.

[4-20—4-30 P.M.]

**Shri Abdul Quiyom Molla** : Sir, I beg to move that the 65th Report of the Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

## LEGISLATION

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সিটি সিভিল কোর্ট অ্যামেন্ডমেন্ট যেটা এনেছেন সেটাকে সমর্থন করে দু' একটা কথা বলব। প্রথম হচ্ছে এটা হচ্ছে সংরক্ষিত অ্যামেন্ডমেন্ট এবং সংক্ষিপ্ত হলেও গুরুত্বপূর্ণ। আমি বুঝতে পারলাম না অপূর্ব বাবু বর্হুদিনের অভিজ্ঞ এবং এক্সপার্ট ল'ইয়ার, উনি কি করে বললেন যে আজকে সিভিল কোর্টের জুরিসডিকশন যদি কেসগুলো চলে যায় তাহলে কেসের সংখ্যা বেড়ে যাবে। ব্যাপারটা তা নয়। ২৬ হাজার কেস পেন্ডিং রয়েছে, এটা আলাদা ব্যাপার, তার জন্য ফাইন্যান্সিয়াল লায়েবিলিটি অনেক হবে, তার জন্য আইন করতে হবে। সমস্ত স্ট্রাকচার বদলাতে হবে, জাজ অ্যাপয়েন্ট করতে হবে, এখানে সেই প্রশ্ন নেই। এখানে প্রশ্ন হচ্ছে টাকার ভ্যালু কমে গেছে, অপূর্ব বাবুর বক্তব্য মেনে নিলেও আজকের দিনে যে অর্থনৈতিক স্ট্যাটিসটিক্স, সেখানে টাকার ভ্যালু ১৯ পয়সা, সেখানে ৫ পারসেন্ট না হলে ৮ পারসেন্ট করা সম্ভব ছিল, এই কথা যদি বলতেন তাহলে ভাল হত। মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন ১০ লক্ষ টাকা পর্যন্ত সিটি সিভিল কোর্টে পিকিউনিয়ারী জুরিসডিকশন বাড়িয়ে দিয়েছেন, এই বিলটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুপ্রিয় বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সিটি সিভিল কোর্টের জুরিসডিকশন বৃদ্ধি করার যে বিল এখানে উত্থাপিত হয়েছে, সেখানে বিরোধিতা করার কিছু আছে বলে মনে করি না। কারণ হাইকোর্টের যে সিভিল অরিজিন্যাল জুরিসডিকশন, সেখানে মানুষের দুর্দশা বেশি। কারণ হাইকোর্টে কোনও কেস অরিজিন্যাল সাইডে করতে গেলে যে পরিমাণ অসুবিধা ফেস করতে হয়, সলিসিটার, ব্যারিস্টার, তাদের নিয়ে এটা একটা দুর্বিসহ ব্যাপার। এই জুরিসডিকশনের মধ্যে ক্যালকাটা সিটি সিভিল কোর্টের জুরিসডিকশন বাড়িয়ে দিলে সাধারণ মানুষের নিশ্চয়ই সুবিধা হবে কোনও সন্দেহ নেই। এবং এতে আমরা ডিস্ট্রিক্ট কোর্টের সাব জাজের যে রকম কিউমিলিয়েটেড পিকিউনিয়ারী জুরিসডিকশন আছে, সেটা করতে হয়ত আরও ভাল হত উইদিন দিস জুরিসডিকশন। আমি মনে করি, ঐ কারণে কলকাতার লোয়ার কোর্ট হচ্ছে সিটি সিভিল কোর্ট। হাইকোর্টের বন্ধন থেকে মুক্ত হওয়ার নিশ্চয়ই এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ। কিন্তু যে কথা অপূর্ব বাবু বলেছেন, সেটা আমি বলছি, আর বেশি করে ইনফ্রাস্ট্রাকচার না করে আপনি মামলার পিকিউনিয়ারী জুরিসডিকশন যদি বাড়ান, আমার মনে হয় সুবিধার চেয়ে অসুবিধা হয়তো কিছুটা বেশি হবে। যে মুহূর্তে এক লক্ষ থেকে ১০ লক্ষ টাকা জুরিসডিকশন বাড়াবেন তাতে লিটিগেশন এর সংখ্যা বাড়বে, তাতে ল'ইয়ারের সংখ্যা বাড়বে, এবং অন্যান্য প্যারাফারনেলিয়া যা বাড়বে তাতে কাজের পরিমাণ বেড়ে যাবে। ফলে প্রেজেন্ট স্ট্রাকচারে সেটাকে কভার আপ করা যাবে না। কারণ জায়গা নেই। আমি অনুরোধ করব যে এই অল্প জায়গার মধ্যে, অল্প জাজ নিয়ে পিকিউনিয়ারি জুরিসডিকশন যদি বাড়িয়ে দেন তাহলে আমার মনে হয় আপনার যতই সৎ উদ্দেশ্য থাকুক, সেটা বাস্তবে রূপায়িত হবে

না। সেই জন্য বলছি গভর্নর হাউসের পাশে বিচার বিভাগের কিছু জায়গা আছে সেখানে বাড়ি করে বড় জায়গা যদি করেন, উকিলের চেম্বার করার ব্যবস্থা করেন, ক্লার্কদের বসার জায়গা করেন, লিটিগেন্টদের বসার জায়গা করেন তাহলে কিন্তু একটু সুবিধা হবে। আমরা জানি কেস ডিসপোজালে দেরি হচ্ছে এবং এর জন্য সিভিল প্রোসিডিওরের টোটাল অ্যামেন্ডমেন্ট দরকার, কিন্তু সেটা এখন হয়ত সম্ভব নয়। তথাপি মানুষের মনে কোর্টের প্রতি আস্থা সৃষ্টি করার দায়িত্ব আমাদের আছে। অথচ আমরা দেখছি সিভিল কোর্টের মামলার রায় অনেক রাজনৈতিক পার্টির চাপে একজিকিউশন হচ্ছে না। আমি দায়িত্ব নিয়ে বলছি, কোর্টের রায় ফেবারে যাবার পরেও, পক্ষে ডিগ্রি থাকার পরেও সমন এবং পেয়াদা নিয়ে যাবার পরেও পুলিশে টাকা জমা দেবার পরেও পার্টির দখল নেওয়া যাচ্ছে না, রায় একজিকিউট করা যাচ্ছে না। ফলে কোর্টের প্রতি মানুষের আস্থা নষ্ট হয়ে যাচ্ছে এবং নষ্ট হয়ে যাচ্ছে দুটো কারণে, একটা ডিলে আর একটা রাজনৈতিক প্রেশার। আমরা জানি আপনারা রাজনৈতিক প্রেশার কাটাতে পারবেন না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে,কুইক্ ডিসপোজাল অব স্যুটস করতে গেলে নিশ্চয়ই জজের সংখ্যা বাড়াতে হবে। যদিও তাতে সবটা হবে না, কিন্তু কিছুটা হবে। অল্প জজের ফলে ডিসপোজাল ক্রমশ পিছিয়ে পড়ছে। অপূর্ববাবু সংখ্যার উল্লেখ করেছেন, কত হাজার বাকি আছে, এরপর পিকিউনিয়্যারি জুরিসডিকশন বাড়লে সংখ্যাটা আরও বেড়ে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যদি জজের সংখ্যা বাড়ান তাহলে আমি মনে করি কিছুটা সুবিধা হবে। পিকিউনিয়্যারি জুরিসডিকশন বাড়াবার যে পরিকল্পনা আপনি নিয়েছেন, এটা আমি মনে করি আনলিমিটেড জুরিসডিকশন হওয়া উচিত। ১০ লক্ষ নয়, আরও বেশি বাড়া উচিত। কিন্তু এর জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেটা না হলে আপনার উদ্দেশ্য সফল হবে না, সমস্যার সমাধান হবে না। মাননীয় বিচারমন্ত্রী, আপনার উদ্দেশ্য হয়ত একটা আছে, কিন্তু উদ্দেশ্যটা বাস্তবে রূপায়িত করতে গেলে আপনাকে একদিকে ইনফ্রাস্ট্রাকচার বাড়াতে হবে, অপর দিকে এটাকে আনলিমিটেড জুরিসডিকশন করতে হবে। আপনি যেখানে প্র্যাকটিস করেন সেই আলিপুর কোর্টে উকিলদের বসার একটু জায়গা করে দিয়েছেন, ছোট ঘর করে দিয়েছেন। কিন্তু আমাদের হাওড়ায় কোনও জায়গা নেই। সেখানে ল'ইয়াররা খুবই অসুবিধার মধ্যে আছেন। হাইকোর্টের বদলে এখানে যখন কেসগুলি আসবে—ক্যালকাটার লোয়ার কোর্ট হচ্ছে সিটি সিভিল কোর্ট—তখন এখানে অনেক অসুবিধা বাড়বে। এখানে ল'ইয়ার্স এবং লিটিগেন্টসদের বসার মতো কোনও জায়গা নেই। সুতরাং তাদের সুবিধা বাড়াবার কথাটাও আপনাকে মনে রাখতে হবে। বিচার ব্যবস্থার প্রতি রাজ্যের মানুষের মনে যদি আস্থা ফিরিয়ে আনতে হয় তাহলে পার্টিবাজি বন্ধ করতে হবে। কে এভিকটেড হবে, কি হবে না তা এল.সি ঠিক করবে, লোকাল কমিটি ঠিক করবে, এগুলি বন্ধ করতে হবে। তাহলেই কোর্টে মানুষ আসবে এবং মানুষের আস্থা বাড়বে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার উদ্দেশ্য ভাল, তাতে কোনও সন্দেহ নেই, কিন্তু ইনফ্রাস্ট্রাকচার ঠিক না করে এটা চালু করলে আমি মনে করি আপনার উদ্দেশ্য সফল হবে না। তাই বিরোধিতা না করেও বলছি আগে ইনফ্রাস্ট্রাকচার ঠিক করুন এবং আনলিমিটেড জুরিসডিকশন দিন। এই

প্রস্তাব আপনাকে দিচ্ছি।

**শ্রী গণেশচন্দ্র মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী আজকে বিধানসভায় সিটি সিভিল কোর্টের জুরিসডিকশনের সংশোধনের জন্য যে সংক্ষিপ্ত প্রস্তাব এনেছেন আমি পুরোপুরি তাকে সমর্থন করছি। আমরা জানি এই বিধানসভায় ১৯৫৩ সালে যখন এই আইন নিয়ে আসা হয়েছিল তখন সেই বিলের উদ্দেশ্য ছিল হাই কোর্ট থেকে কলকাতা এলাকার কিছু কিছু বিষয়কে সম্পূর্ণ পৃথক করে সিটি সিভিল কোর্টের আওতায় আনা এবং সেক্ষেত্রে ১০ হাজার টাকা পর্যন্ত তার জুরিসডিকশন ছিল। পরবর্তীকালে টাকার অবমূল্যায়নের সঙ্গে সঙ্গে ধীরে ধীরে এর জুরিসডিকশনও বাড়াতে হয়েছে। সেটাই আজকে ১০ লক্ষ টাকা পর্যন্ত করতে হচ্ছে এবং সেই উদ্দেশ্য নিয়েই মাননীয় মন্ত্রী মহাশয় এই প্রস্তাব পেশ করেছেন। সুতরাং এই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

[4-30—4-40 P.M.]

এইজন্য আজকে টাকার মূল্য সেদিন যা ছিল সেই টাকার মূল্য নেমে গিয়ে বাস্তবক্ষেত্রে প্রত্যেকটা জিনিসের যেখানে দাম বেড়েছে সেটা নির্ধারণ করতে গিয়ে এই জুরিসডিকশন বাড়ানো হয়েছে এবং এই বিলের আজকে এটাই উদ্দেশ্য। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই, প্রত্যেকটি ক্ষেত্রে বিচারের অভাব বা আইনগত জটিলতার জন্য মামলা পাহাড় প্রমাণ জমে আছে। শুধু কলকাতার সিটি সিভিল কোর্টের নয়, অন্য কোর্টেও আছে। সুতরাং সামগ্রিকভাবে এটা একটা বিরাট সমস্যা। এই সমস্যা শুধু এখানে নয়, সর্বত্র আছে। এটা তরান্বিত করতে হলে পুরো ব্যবস্থাকে হয়তো ঢেলে সাজানোর প্রয়োজন আছে এটা ঠিকই কিন্তু এই মুহূর্তে সেটা সম্ভব না হলে এই স্ট্রাকচারের মধ্যে থেকেই কতটা দ্রুততার সঙ্গে মামলাগুলি নিষ্পত্তি করা যায় এবং যাঁরা বিচার প্রার্থনার জন্য কোর্টে যান তারা যাতে ন্যায় বিচার পান সেটা দেখার প্রয়োজন আছে। সরকার যেন মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য ব্যবস্থা গ্রহণ করেন। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল কায়েম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যদ্বয় কিছু কিছু সমর্থন করলেন আবার কিছু কিছু নানা প্রশ্ন তুলেছেন। আসল কথা হল, আমাদের ইংরেজ শাসিত দেশে যে বিচার ব্যবস্থা স্বাধীনতার পরও দীর্ঘ ৪২ বছর ধরে আমাদের ঘাড়ে চেপে বসে আছে যার পরিবর্তনের প্রয়োজন অনেক আগেই ছিল কিন্তু তারা তা করেননি। এটা রাজ্য সরকারের পক্ষে পরিবর্তন করা খুবই অসম্ভব। অতএব সমস্যাগুলির পরিবর্তন শীঘ্রই হয়ে যেতে পারে বলে আমরা ভাবতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেই কথাই বলেছেন যে আমরা ভাবলেও কিছু করা যাবে না। বিভিন্ন জেলা আদালতে তার যে বিচারের সুযোগ জনসাধারণ পেয়ে থাকেন কলকাতার সিটি সিভিল কোর্ট ও কলকাতার জেলা আদালত। কলকাতার জনসাধারণ সেই সুযোগটা পাচ্ছেন না, তাঁদের সুযোগ-এর বৃহৎ

অংশ কলকাতার হাইকোর্টের অরিজিন্যাল সাইডে বিচার হয়ে থাকে। তারফলে অতি সাধারণ মানুষ নিয়মিত হাইকোর্টে যেতে পারে না। অরিজিন্যাল সাইডে যারা কৌশিলী আছেন তাদের কাছে কলকাতার সাধারণ মানুষের পক্ষে উপস্থিত হওয়া কঠিন হয়ে দাঁড়ায়, কলকাতার সাধারণ মানুষের পক্ষে অসুবিধা হয়ে দাঁড়ায়। সেই অর্থে এটা কলকাতার জেলা আদালত। অন্য জেলার আদালতে জনসাধারণ যে সুযোগ-সুবিধা পায় কলকাতার জেলা আদালতে সেই সুযোগ-সুবিধা থাকা উচিত। পিকিউনিয়ারি জুরিসডিকশন আন্-লিমিটেড হওয়া উচিত। মাদ্রাজ হাইকোর্টের অরিজিন্যাল সাইড অ্যাবলিশ্ করা হয়েছে। বোম্বে হাইকোর্ট অ্যাবলিশন করার দিকে যাচ্ছে। কলকাতায় সেই ভাবনা-চিন্তা করা হচ্ছে না। সেইজন্য কলকাতার জনসাধারণের যাতে কিছু উপকার হয় সেইদিকে লক্ষ্য রেখে এই বিল আনা হয়েছে। আপনারা সবাই জানেন, আমাদের অর্থের মূল্য যতই কমে যাক, কিন্তু কলকাতায় যে বিভিন্ন সম্পত্তির মূল্য বৃদ্ধি ঘটেছে সেটা আমরা ভাল করেই জানি। এর অবশ্য নানা কারণ আছে। চোরাকারবারিরা এসে বিভিন্নভাবে দাম বাড়িয়ে দিচ্ছে। সুতরাং কলকাতার সম্পত্তির মূল্য সেই অর্থে ১০ লক্ষ টাকা কিছুই নয়। সেখানে ১ লক্ষ টাকা—মাননীয় সদস্য অপূর্ববাবু বললেন ১ লক্ষ টাকার কত পারসেন্ট টাকা ম্যানি ভ্যালু কমে গেছে। আমি বলছি, তখন ১ লক্ষ টাকার যে সম্পত্তি ছিল এখন সেটা কত লক্ষ টাকায় হয়েছে চিন্তা করুন? সেটা ১০ লক্ষ টাকার অনেক বেশি হয়ে গেছে। এখন এই সমস্ত মানুষ নিয়মিত হাইকোর্টে না গিয়ে জেলা আদালতে যাতে বিচারের সুযোগ পায় তারজন্যই এই বিল। উনি বললেন, আপনি জজ বাড়ান, জজ্ না বাড়ালে আপনি কেমন করে পারবেন। জাজ না বাড়িয়ে কেমন করে পারা যাবে সে কথা মাননীয় অধ্যক্ষ মহাশয় বিশেষ করে বলেছেন—জাজ বাড়ালেই যে মোকর্দ্দমা দ্রুত গতিতে নিষ্পত্তি হবে তার কোনও মানে নেই। অনেক রকম অসুবিধার জন্য দ্রুত গতিতে নিষ্পত্তি হচ্ছে না। জুরিসডিকশন বাড়িয়ে যদি মনে হয় জাজ বাড়ানো দরকার নিশ্চয়ই চেষ্টা করা হবে। জাজ বাড়ানো সরকারের উদ্দেশ্য থাকলে হবে না, যে সমস্ত নিয়মে জাজ বাড়ানো হয় সেগুলি দেখতে হবে। কিন্তু জাজ বাড়িয়ে দিয়ে জুরিসডিকশন বাড়াবার প্রয়োজনীয়তা আছে কি না আছে সেটা না দেখলে বা সে কথা বললে কেউ আমাদের সমর্থন করবে না। আমরা প্রয়োজন ভিত্তিতে বাড়াব, সে চিন্তা আমাদের আছে। যে কারণে মোকর্দ্দমা বৃদ্ধি লাভ করে এবং তা যাতে দ্রুত গতিতে নিষ্পত্তির অসুবিধা না হয় সেই প্রচেষ্টা করেই কলকাতার সম্পত্তির যে মূল্য বেড়েছে তাতে এক লক্ষ টাকার জায়গায় ১০ লক্ষ করা হয়েছে। বেশি কিছু বাড়ানো হয় নি। আরও কিছু বাড়াতে পারলে ভাল হত। কলকাতার জনসাধারণ ক্যালকাটা হাইকোর্টে না গিয়ে যাতে সিটি সিভিল কোর্টে মোকর্দ্দমা নিষ্পত্তি করতে পারে সেজন্য এই বিল আনা হয়েছে। আশা করি সমস্ত মাননীয় সদস্যই একে পূর্ণ সমর্থন করবেন।

The motion of Shri Abdul Quiyom Molla that the City Civil Court (Amendment) Bill, 1990 be taken into consideration was then put and agreed to.

### Clause 1

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2

**Shri Apurbalal Majumdar :** Sir, I beg to move that in clause 2, lines 3, for words "rupees ten lakhs" the words "rupees five lakhs" be substituted.

আই মুভ মাই অ্যামেন্ডমেন্ট। আমি যে কথা বলতে চাইছি সেটা হল মাননীয় অধ্যক্ষ মহাশয় ঠিকই ধরেছেন, আমরা এর বিরোধী নই, যদি বলতাম ৫ লক্ষ টাকা বাড়িয়ে দিয়েছে, সেটা বাড়াবার পক্ষে বেড়েছে। আপনাদের কাছে এটুকু জানতে চাইছি যে, ইনফ্রাস্ট্রাকচার করার জন্য যা যা ব্যবস্থা করা দরকার তা করবেন সেখানে ৫০০ পারসেন্ট বাড়িয়ে দিয়েছেন, আমার অ্যামেন্ডমেন্টের মধ্যে ৫০০ পারসেন্ট বাড়ানো হচ্ছে। আমি শুধু এটুকু শুনতে চেয়েছিলাম যে প্রয়োজনে জাজ বাড়ানো হবে সেই দৃষ্টিভঙ্গি কি নিয়েছেন? জুরিসডিকশন বাড়বে সেজন্য খুশি হয়েছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** আমি ভেবেছিলাম আপনি ১০ লাখের জায়গায় ৫ লাখ বলবেন। আপনি কি অ্যামেন্ডমেন্টটা অ্যাকসেপ্ট করছেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** না।

The motion of Shri Apurbalal Majumdar that in Clause 2 lines 3, for the words "rupees ten lakhs" the words "rupees five lakhs" be substituted was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 3

**Shri Apurbalal Majumdar :** Sir, I beg to move that in clause 3(a) lines 1 and 2, for the words "rupees ten lakhs" the words "rupees five lakhs' be substituted.

Sir, I beg to move that in clause 3(b), lines 1 and 2, for the words "rupees ten lakhs" the words "rupees five lakhs" be substituted.

আই মুভ মাই অ্যামেন্ডমেন্ট। আমি এটা প্রিন্সিপ্যালি অপোজ করছি না। যে জন্য অপোজ করছি, সেটা হল আপনার কোনও স্ট্রাকচার নেই। আপনি প্রথমে বলেছেন যে, ১৩

জন জাজ আছে, তাঁরা ১০ বছর ধরে কাজ করতে পারছেন না। একজন ডাক্তারকে যদি আপনি একদিনে ৫০০ রোগী দেখার কথা বলেন, তিনি কি পারবেন? ইনফ্রাস্ট্রাকচারের সঙ্গে সঙ্গে পাওয়ার বাড়ানো হচ্ছে। সেজন্য আমার আপত্তি, কমাতে পারা যাবে না। আমি যে ৫ লক্ষের কথা বলেছি, ওটা বইবার ক্ষমতা নেই। সেটা বইতে গেলে মারা যাবে।

[4-40—4-41 P.M.]

লিমিটেড পাওয়ার দেবেন, লিমিটেড মামলা দেবেন এবং তারজন্য যাতে অ্যাকশন নেন্ সেজন্য আই অ্যাম ইনসিস্টিং অন ইউ।

**মিঃ স্পিকার ঃ** আপনি কি এটা গ্রহণ করলেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** না।

The motion of Shri Apurbalal Majumdar that in clause 3(a) lines 1 and 2, for the words "rupees ten lakhs" the words "rupees five lakhs" be substituted, and in clause 3(b) lines 1 and 2, for the words "rupees ten lakhs" the words "rupees five lakhs" be substituted were then put and lost.

## Clause 4 and preamble

The question that clause 4 and preamble do stand part of the bill was then put and agreed to.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the City Civil Court (Amendment) Bill 1990, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.41 P.M. till 1 P.M. on Tuesday the 28th August 1990, at the Assembly House Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 28th August, 1990 at 1.00 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair 7 Ministers, 4 Ministers of State and 162 Members.

### Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motions. One is from Shri A.K.M. Hassan Uzzaman on the subject of acute power crisis in the State and the other is from Shri Sudip Bandyopadhyay on the subject of deplorable condition of Calcutta in its Tercentenary Year.

As for the first motion under rule 185 it was discussed in the House on 24th August, 1990. I do not, therefore, accept this motion.

As for the other motion most of its issues have either been discussed in details or the Minister concerned has made and is going to make a statement in the House. I do not, therefore, accept this motion.

On the last occasion of discussion of motions under rule 185, I pointed out that as a congention no notice of Adjournment Motion is given by any Member on the day of such discussion. But on that day three notices of Adjournment Motions were received. Today also I have received two such motions. This is becoming a distinct departure from the standing convention.

### Calling Attention to Matters of urgent Public Importance

**Mr. Speaker :** I have received 2 notices of Calling Attention namely—

| | |
|---|---|
| (1) Mis-action of Police in Alipurduar Sub-Division | Shri Nirmal Das |
| (2) Unwillingness of the doctors of Nadia Zilla Hospital in doing postmortem | Shri Sadhan Chattopadhyay |

I have selected the notice of Shri Sadhan Chattopadhyay on the subject of the Unwillingness of the doctors of Nadia Zilla Hospital in doing Postmortem.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** Sir, on the 30th August, 1990.

## Presentation of the Seventh Report of the Committee of Privileges, 1990-91

**Shri Dhirendra Nath Chatterjee :** Sir, with your permission, I beg to present the Seventh Report of the Committee of Privileges. 1990-91.

## The Annual Reports and Statements of Accounts of the Basumati Corporation Ltd., for the years 1981-82 and 1982-83.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Annual Reports and Statements of Accounts of the Basumati Corporation Ltd., for the years 1981-82 and 1982-83.

## The Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority for the year 1987-88.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority for the year 1987-88.

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, আমি একটা বিষয়ে আপনার কাছে নিবেদন করতে চাই। একটা ভয়ানক এবং ভয়ঙ্কর বিষয় আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টিতে আনতে চাই। ব্যাপারটা আপনাকে ইতিমধ্যেই বলেছি, এটা আমি প্রিভিলেজ আকারে আনতে চাই, আপনার সামনে উপস্থিত করতে চাই। ইতিমধ্যে আপনাকে বলেছি, আজকে আমাদের জনপ্রতিনিধিদের, মন্ত্রীদের ওঁরা চরম ভাবে ম্যালাইন করার জন্য চেষ্টা করছে, সংবাদপত্রে সেটা দেখতে পাচ্ছি। আমাদের এই সভার মাননীয় মন্ত্রী আছেন, প্রশান্ত শূর আছেন, সুভাষ চক্রবর্তী আছেন, শ্যামল চক্রবর্তী আছেন, আমাদের চিফ হুইপ যিনি আছেন শচীন সেন মহাশয় তিনি আছেন, আমাদের এম. এল. এ লক্ষ্মীকান্ত দে আছেন এবং আমাদের পার্টির রাজ্য কমিটির নেতা শ্রী লক্ষ্মী সেন মহাশয় আছেন। ওঁদের ম্যালাইন করার জন্য রেড মাফিয়া হিসাবে সংবাদপত্রের সামনে সেটা হাজির করেছে। তাঁরা সকলেই জনপ্রতিনিধি, এই ব্যাপারটা আপনাকে ইতিমধ্যেই জানিয়েছি।

**Mr. Speaker :** You fill a notice, then, I will hear you. Not now.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে সুভাষ চক্রবর্তী মহাশয়কে ধন্যবাদ দিতে চাই। কারণ ১২ তারিখে আমাদের যে মহাকরণ অভিযান আছে সেদিন সি.পি.এম.'এর প্রস্তাবিত একটি অভিযান আছে বলে গণশক্তিতে ওঁরা বলেছেন। সুভাষবাবু একটি বিবৃতিতে বলেছেন যে, ঐদিন কংগ্রেস যদি মহাকরণ অভিযান করেন তাহলে তাঁরা দিনটি পরিবর্তন করবেন। তাই এটি অত্যন্ত আনন্দের কথা এবং এর জন্য আমি তাঁকে ধন্যবাদ না দিয়ে পারছি না। বিকজ রুলিং পার্টিতে থেকে তাঁর দায়িত্ব সম্বন্ধে তিনি সচেতন। বিরোধী দলের গণ-আন্দোলনকে আরও পরিস্ফুট করার দায়িত্ব সম্বন্ধে তিনি সচেতন। সেজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনার মাধ্যমে তাঁকে আমাদের পার্টির তরফে কৃতজ্ঞতা জানাচ্ছি।

**শ্রী ননী কর ঃ** স্যার, আমাদের মাননীয় বন্ধু সত্য বাপুলি মহাশয় আপনার কাছে ১২ তারিখের বিষয়টি তুলেছেন সেজন্য আমি খুশি। কিন্তু সুভাষবাবুর নামে যেটি বললেন, সেই ঘটনাটি ঠিকভাবে রিপ্রেজেন্ট করলেন না। উত্তর ২৪ পরগনা জেলা কমিটি ১২ তারিখের ঐ অভিযান সম্পর্কে অনেক আগেই সিদ্ধান্ত নিয়েছেন। কংগ্রেস পরে ঠিক করেছেন। এটা দেখার পর বামফ্রন্টের কনভেয়র অমিতাভ বসু গণি খান সাহেবের কাছে চিঠি লিখেছিলেন এই বলে যে, ঐ তারিখে আমরা করছি, আপনারা পরে করুন। কংগ্রেস পরে তারিখ ঠিক করে অহেতুক একটা গোলমাল সৃষ্টি করতে চাইছেন। আমাদের মাননীয় মন্ত্রী সুভাষবাবু কংগ্রেসের গোলমাল বাধাবার প্রচেষ্টায় পা না বাড়াবার জন্য বলেছেন যে, ওঁরা যদি জেদ করে থাকেন, তাহলে তার ব্যবস্থা সরকার গ্রহণ করবেন। কিন্তু আমরা ওটা করব না। তিনি পরিষ্কার বলেছেন যে ঐদিন হাজার হাজার মমতা আসবে। এইসবের জন্য শুধু ধন্যবাদের নাম করে হাউসকে মিসলিড করা নয়। আমরা আগে ঐ অভিযানের সিদ্ধান্ত নিয়েছিলাম। কংগ্রেস গোলমাল করার জন্য পরে এটা ঠিক করেছে। এই ব্যাপারে চিঠিও লেখা হয়েছে ওঁদের সভাপতির কাছে।

**মিঃ স্পিকার ঃ** নো ডিবেট অন দিস। মিঃ বাপুলি, ওঁরা পোস্টপন করেছেন বলে আপনি ধন্যবাদ দিলেন। আপনারা ১২ তারিখে পোস্টপন করে দিন, ওঁদেরকে ধন্যবাদ দেবার সুযোগ করে দিন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, কংগ্রেস দল সবচেয়ে বড় দল, এই দলই সারা ভারতবর্ষকে অখন্ড রাখতে পারে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, অ্যাডজর্নমেন্ট মোশনে মেম্বার্স ডে-তে রাখা যায় না, এটা বলে আপনি ঠিকই বলেছেন। কিন্তু আজকে আমরা দেখছি যে, গভর্নমেন্ট বিজনেস আপনি ইনকর্পোরেট করেছেন এবং বুদ্ধদেববাবু রিপোর্ট লে করেছেন। আমি এর আগের দিন অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছিলাম, আপনি সেটা হাউসের ট্রেডিশন বিরোধী বলে সেটা তুলতে

দেননি। লোকসভাতেও এই ট্রেডিশন আছে যে প্রাইভেট মেম্বার্স ডে-তে গভর্নমেন্ট রিপোর্ট লে করা যায় না। যাইহোক আজকে বুদ্ধদেব বাবু এসেছেন, আশাকরি তিনি আজকে এখানে ক্ষমা প্রার্থনা করবেন—আগের দিন ক্যাডারদের নিয়ে যে কথা বলেছিলেন তার জন্য উনি ক্ষমা চান।

[1-10—1-20 P.M.]

**Mr. Speaker :** The other part of the Statement is not recorded.

I would only like to remind Mr. Saugata Roy that each House follows its own precedents and convention. This House has its own convention that on a 'non-official business' day the Minister could lay reports and that the Calling Attention matter may also be taken. We follow our own convention. You were a Member of the Lok Sabha and had been affected by the convention that was followed there. Now you are a member of this House and you should follow the rules and convention that are followed by this House. I hope that you will understand the difference.

Now I call upon Shri Sachin Sen to move his motion under Rule 185.

## Motion under Rule 185

**শ্রী শচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাবটি পড়ে শোনাচ্ছি, বক্তব্য দরকার হলে বলব। স্যার, আই বেগ টু মুভ—

এই সভা অত্যন্ত আনন্দিত যে, ঔপনিবেশিকদের সর্বশেষ দুর্গে সাম্রাজ্যবাদের মতদপুষ্ট বর্ণবৈষম্যবাদি সরকারের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকায় মানুষের বীরত্বপূর্ণ লড়াই এর সববাদীসম্মত নেতা এবং সাম্রাজ্যবাদ বিরোধী মুক্তিকামী মানুষের আন্দোলনের ও বর্ণ বৈষম্যবাদের অবসানের প্রতীক নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর পর বর্ণ বৈষম্যবাদি সরকারের কারাগার থেকে মুক্তি পাওয়ার পর আমাদের দেশে আসার ইচ্ছা প্রকাশ করেছেন এবং ভারত সরকার তাকে ভারত ভ্রমণে হার্দিক আমন্ত্রণ জানিয়েছেন।

সাম্রাজ্যবাদী বিরোধী আন্দোলনের উজ্জ্বল কেন্দ্র এবং বিগত দুই শতাব্দী জুড়ে রক্তের বিনিময়ে সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের ঐতিহ্যবাহীকে পশ্চিমবাংলার জনগণের পক্ষ থেকে এই সভা নেলসন ম্যান্ডেলাকে ভারত সফর অভ্যর্থনা এবং বর্ণ বৈষম্যবাদী সরকারের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার মানুষের সংগ্রামের প্রতি সমর্থন এবং সহমর্মিতা জ্ঞাপন করছে।"

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য শচীন সেন প্রমুখ

আজকে গোটা বিশ্বের স্বাধীনতা সংগ্রামের প্রতীক নেলসন ম্যান্ডেলার ভারতবর্ষে তার আমন্ত্রণ এবং তাঁর ভারতবর্ষে পদার্পণের ব্যাপারে যে স্বাগত প্রস্তাব এনেছেন আমি আমার দলের পক্ষ থেকে তাকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। তবে এমন একটা প্রস্তাব যেখানে নেলসন ম্যান্ডেলার মতো মানুষের ভারতবর্ষে পদার্পণ করার ক্ষেত্রে স্বাগত জানানো বা অভ্যর্থনার প্রশ্নে কোনও বিতর্কের অবকাশ নেই। তবে এমন একটি বিষয়ে এই হাউসের থেকে একটা সর্বদলীয় প্রস্তাব আসবে এটাই বাঞ্ছনীয় ছিল। কিন্তু এখানে শুধুমাত্র সরকারি দলের পক্ষ থেকে যেভাবে প্রস্তাবটি আনা হয়েছে তাতে এই প্রস্তাবের গুরুত্বটা একটু লঘু হয়ে গেছে বলে আমি আশা করি। আজকে নেলসন ম্যান্ডেলার মতো মানুষ গোটা বিশ্বে গণতন্ত্রপ্রিয়, স্বাধীনতাকামী মানুষ, মেহনতি মানুষ, শোষিত মানুষের স্বপ্ন। কোনও একটি বিশ্বের বিশেষ দেশের ন্যায়সঙ্গত আন্দোলনটি আজকে গোটা বিশ্বের আন্দোলন, তাই ছোট একটি দেশ দক্ষিণ আফ্রিকার নেলসন ম্যান্ডেলা আজকে বিশ্ববন্দিত, তিনি আজকে বিশ্বের স্বাধীনতা সংগ্রামের প্রতীক। ২০০ বছর সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে সংগ্রামের যে ঐতিহ্যবাহী ভারতবর্ষ নেলসন ম্যান্ডেলাকে সাদর অভ্যর্থনা জানায়। এই নেলসন ম্যান্ডেলা একাধারে বর্ণবিদ্বেষের বিরুদ্ধে সংগ্রামী এবং দক্ষিণ আফ্রিকার স্বাধীনতাকামী মানুষ এই বর্ণবিদ্বেষের বিরুদ্ধে আন্দোলন করে যাবে যতদিন পর্যন্ত না দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষী শাসন ব্যবস্থার অবসান হবে এবং সেখানে পূর্ণ সার্বভৌম রাষ্ট্র তৈরি হবে। এবং ততদিন পর্যন্ত দক্ষিণ আফ্রিকায় সেই সংগ্রামের পাশে ভারতবর্ষের জনগণ থাকবে এই আশা রেখে নেলসন ম্যান্ডেলার ভারতবর্ষে আমন্ত্রণকে স্বাগত জানিয়ে, গোটা বিশ্বের মেহনতি মানুষের পক্ষ থেকে এই প্রস্তাব সমর্থন করবে এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষে ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি প্রথমেই আজকের এই প্রস্তাবকে এই প্রস্তাব আনার জন্য আমার ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। নেলসন ম্যান্ডেলা এমন একটি নাম সেই নামের পরিচয় করিয়ে দেবার মতো অবকাশ এখন আর নেই এবং এই বিধানসভার বাইরেও তা নেই। নেলসন ম্যান্ডেলা সারা জীবন ধরে সাম্রাজ্যবাদবিরোধী ও বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে যেভাবে সংগ্রাম করে গিয়েছেন, সেই সংগ্রাম পৃথিবীর ইতিহাসে সংগ্রামী হিসাবে এবং বীর হিসাবে চিরদিন স্বর্ণাক্ষরে লিখিত থাকবে বলে আমার বিশ্বাস। অত্যন্ত আনন্দের কথা কয়েক মাস আগে আমরা কলকাতায় তার মুক্তির জন্য সর্বদলমত নির্বিশেষে সমাবেশ করেছিলাম এবং সমস্ত মানুষ কামনা করেছিল যাতেঅবিলম্বে তাঁকে মুক্তি দেওয়া হয়। সেইজন্য অত্যন্ত আনন্দ হচ্ছে যে, তিনি ভারতবর্ষে আসবেন এবং সেই ব্যাপারে আসবার দিনও ঠিক হয়েছে। তিনি ভারতবর্ষে আসবার পর যাতে পশ্চিমবাংলায় আসেন সেইজন্য আমাদের পক্ষ থেকে তাঁকে আহ্বান জানানো হবে। নেলসন ম্যান্ডেলাকে কলকাতায় বা পশ্চিমবাংলায় পেলে আমরা অত্যন্ত আনন্দিত হব। কলকাতা বা পশ্চিমবাংলা চিরদিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে এবং দেশের জন্য দেশের বাইরে বিভিন্ন আন্তর্জাতিক ব্যাপারে প্রগতির সমস্ত সংগ্রামে পশ্চিমবঙ্গ একটা নতুন পথ দেখিয়েছে। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে পশ্চিমবাংলার জনগন দীর্ঘদিন ধরে সংগ্রাম করেছে এবং সংগ্রামের মধ্যে দিয়ে অভিজ্ঞতা পেয়েছে, সেই

অভিজ্ঞতার ভেতর দিয়ে যে জীবন যে দিক ও তিতিক্ষা করেছিল আজকে নেলসন ম্যান্ডেলার মধ্যে সেই প্রবর্তিত রূপ দেখে আমরা সত্যিকারের মুগ্ধ, কাজেই এই প্রস্তাবকে আমরা সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেলসন ম্যান্ডেলার সম্বন্ধে যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে এই প্রস্তাবকে আমি সমর্থন করি। বর্তমানে সাম্রাজ্যবাদ বিরোধী নেলসন ম্যান্ডেলা অত্যন্ত সুপরিচিত নাম এবং আন্দোলনের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। ইতিপূর্বে আমাদের এই বিধানসভায় তাঁর সম্পর্কে আমরা একটা রেজলিউশন করেছিলাম এবং সেই রেজলিউশন সর্বদলীয় সম্মতিতে সেখানে পাশও হয়েছিল। তিনি ভারতবর্ষে আসবেন এটা অত্যন্ত আনন্দের কথা এবং তিনি যখন ভারতবর্ষে আসবেন তখন তিনি যাতে কলকাতায় আসেন তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করে বলা দরকার। দিল্লিতে আসার পর যাতে কলকাতায় আসেন—এবং কলকাতার মানুষ যাতে তাঁকে অভিনন্দন জানানোর সুযোগ পায়। তাই এই বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যরা যে প্রস্তাব এখানে রেখেছে আমি সেটাকে সমর্থন করছি। নেলসন ম্যান্ডেলা মুক্ত হয়েছেন এতে সারা পৃথিবীর সাম্রাজ্যবাদের বিরুদ্ধে শক্তি তাতে জোরদার হয়েছে। এই মহান স্বাধীনতা সংগ্রামী ভারতবর্ষে যে আসবেন সেটা প্রায় ঠিকই হয়ে গিয়েছে এবং এটাও আমরা আশা করি তিনি ভারতবর্ষে আসার সঙ্গে সঙ্গে কলকাতাতেও আসবেন।

[1-20—1-30 P.M.]

সেই ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হবে। আজকে নেলসন ম্যান্ডেলাকে মুক্ত করেছেন বলে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সারা পৃথিবীতে যে সংগ্রাম চলছে সেই সংগ্রাম যে শেষ হয়ে গেল তা আমরা মনে করি না। বরং এই মহান নেতা মুক্ত হয়ে আসার পরে যেমন দক্ষিণ আফ্রিকায় অ্যাপারথেট শেষ হবে বলে আমরা আশা করছি। যে অ্যাপারথেট এখনও দক্ষিণ আফ্রিকায় যারা কালো মানুষ তাঁদের বিরুদ্ধে সমভাবে প্রযোজ্য হয়ে চলেছে। আজকে সেখানকার সামাজিক জীবন, অর্থনৈতিক জীবন, রাষ্ট্রীয় জীবন, এমনকি ব্যক্তিগত জীবন পর্যন্ত বর্ণবৈষম্যের যে জের তাতে সম্ভব হবে। কোনও কিছু আজকে সেখানে গড়ে তোলা সম্ভবপর নয়। সারা পৃথিবীর মানুষ এখন, বিশেষ করে যখন একে মুক্ত করতে বাধ্য হয়েছেন এবং বলা চলে বাধ্য হয়ে তাঁরা তাঁকে ছেড়ে দিয়েছেন। সঙ্গে সঙ্গে আজকে শুধু দক্ষিণ আফ্রিকার সরকার নয়, তাঁর পেছনে পৃথিবীতে যে সাম্রাজ্যবাদী শক্তিগুলি রয়েছে—প্রেসিডেন্ট বুশ, এবং মার্গারেট থ্যাচার এর নেতৃত্বে এবং অন্যান্য দেশে যে সাম্রাজ্যবাদী শক্তি আজকে এখনও অ্যাপারথেটকে শেষ করবার পথে যেভাবে এগোনো দরকার, দেশকে এগোতে দিচ্ছেন না। সেইসব শক্তি যতই চেষ্টা করুক না কেন, আমরা জানি এই মহান নেতা জেল থেকে বেরিয়েছে তখন আমরা এও জানি যে, দক্ষিণ আফ্রিকায় অ্যাপারথেট শেষ হবে। শুধু

তাই নয়, এই নেতা যদি সামনে থাকেন, আজকে যে ভারতবর্ষে তিনি আসবেন বলে ঠিক হয়েছে, ভারতবর্ষে সাম্রাজ্যবাদী, সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের যাঁরা প্রতিনিধি এবং দক্ষিণ আফ্রিকার নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে সাম্রাজ্যবাদ বিরোধী যে শক্তি সেই উভয় শক্তির অটুট ঐক্যের প্রয়োজন আছে। কিন্তু এখনও সাম্রাজ্যবাদী শক্তি মাথা তুলে দাঁড়িয়ে আছে। এমন কি এই ভারতবর্ষে এই ঐক্যের দরকার এইজন্যই আছে, ভারতবর্ষ এখন আমরা স্বাধীন হয়েছি বটে কিন্তু এখনও সাম্রাজ্যবাদী খেলা চলছে। এখনও বন্ধ হয়নি। এবং আমরা দেখেছি যে, আমাদের এই স্বাধীন দেশে, যে শাসক গোষ্ঠী আমাদের দেশের যে সরকার দিল্লিতে শাসনব্যবস্থা করায়ত্ব করেছেন। আজ সেইসব সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে হাত মিলিয়ে চলেছে। কাঁধে কাঁধ মিলিয়ে চলেছে, আজকে তিনি মুক্ত হয়ে এসেছেন এটা খুবই আনন্দের। এবং এই বিষয়ে কোনও সন্দেহ নেই। নেলসন ম্যান্ডেলা সারা পৃথিবীতে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে দেশে দেশে যে সংগ্রাম চলছে সেই সংগ্রাম যদি জোরদার হয়, তার জন্য আমরাও তার সঙ্গে পায়ে পা মিলিয়ে চলতে চাই। সুতরাং সেই ঐক্য যাতে গড়ে ওঠে পৃথিবী জুড়ে তার জন্য আমরাও তাকে আমাদের দেশে চাই। আমাদের দেশ দেখাতে চাই যে অ্যাপারথেটের বিরুদ্ধে এখানেও সংগ্রাম প্রয়োজন রয়েছে এবং আমরা সেই সংগ্রামের সাথী হিসাবে তার সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে লড়তে চাই এবং শুধু অ্যাপারথেটের বিরুদ্ধে নই সারা পৃথিবী জুড়ে যে সাম্রাজ্যবাদী শক্তি আছে, যারা দেশে দেশে স্বাধীনতা অক্ষুণ্ন করতে চলেছে, আমরা সেইসব দেশে স্বাধীনতা সংগ্রামকে জোরদার করে আমরা এই লড়াই চালিয়ে যেতে চাই। এইদিক থেকে আজকে নেলসন ম্যান্ডেলার ভারতবর্ষ আগমন একটা গর্বের মতো অনুষ্ঠান বলে আমি মনে করি। এইভাবে আমাদের ঐক্য গড়ে উঠলে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে যে সংগ্রাম গড়ে উঠছে, যে সংগ্রাম চলছে, সেই সংগ্রাম ভারতবর্ষের মাটিতে যেমন জোরদার হবে, তেমনি দক্ষিণ আফ্রিকার মাটিতেও জোরদার হবে। সারা পৃথিবী এখন সাম্রাজ্যবাদীদের নিয়ন্ত্রণে, যে সমস্ত দেশে এই সাম্রাজ্যবাদী শক্তিরা আছে সেখানে স্বাধীনতা সংগ্রাম এবং সাম্রাজ্যবাদী বিরোধী সংগ্রাম জোরদার হবে। সুতরাং তাঁকে শুধু একটা সাদর অভ্যর্থনা জানানোর জন্য আমরা জাই না, আমরা চাই সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইকে জোরদার করার জন্য। তার সাথে কাঁথে কাঁধ মিলিয়ে, পায়ে পা মিলিয়ে আমরা চলতে চাই। এইজন্য আজকে তাঁকে আমরা অভ্যর্থনা জানানোর জন্য উদগ্রীব হয়ে আছি, আমরা আশা করি, তিনি যখন এখানে আসবেন, আমরা তার সঙ্গে ভাব বিনিময় করতে পারব, তার সঙ্গে বসে আলোচনা করতে পারব, কিভাবে আগামী দিনে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সংগ্রাম চালাতে হবে এবং সেই সম্পর্কে আমরা আমাদের কর্মসূচি নিতে পারব। সেইসব দিক থেকে তার এই ভারতবর্ষ সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে আমরা মনে করি। আজকে এখানে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনার কাছে দুঃখ প্রকাশ করছি যে, ২৮-শে আগস্ট আমাদের ছাত্রপরিষদের একটা কর্মসূচি থাকার জন্য আমি সময় মতো উপস্থিত হতে পারিনি বলে। স্যার, আমি প্রথমেই বলি, আজকে যে মোশন নিয়ে আসা

হয়েছে, যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে, তার একটা অক্ষর, একটা লাইনেরও আমরা বিরোধিতা করছি না। এবং বিরোধিতা করার কোনও প্রশ্নও ওঠে না। পরন্তু আজকে যে সমস্ত রেজলিউশন আনা হয়েছে, তারমধ্যে এটি অন্যতম এবং রাজনৈতিক তাৎপর্যপূর্ণ এবং ঠিক ঠিক মূল্যায়ন আনা হয়েছে, তার মধ্যে এটি অন্যতম এবং রাজনৈতিক তাৎপর্যপূর্ণ এবং ঠিক ঠিক মূল্যায়ন করলে রাজনৈতিক দিক থেকে এটি একটি সার্থক প্রস্তাব। আজকে এই প্রস্তাবটা আমাদের ঐতিহ্যের সাথে সঙ্গতি রেখেই আনা হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি, একটু আগে আমাদের অমলেন্দু বাবু খুব ভাল কথা বললেন, তিনি বললেন—আমাদের দেশের মধ্যে আমাদের আরও বেশি ঐক্য রাখা দরকার, যাতে সাম্রাজ্যবাদি শক্তির বিরুদ্ধে আমরা লড়াই করতে পারি, আর এর বিরুদ্ধে আন্দোলনে আমরা লড়াই করতে পারি, আর এর বিরুদ্ধে আন্দোলন আমরা জোরদার করতে পারি—আমরা যারা বিরোধী দলে আছি, আমরা যারা একটা লাইনের বিরুদ্ধে, একটা কমা বা একটা ফুলস্টপের বিরুদ্ধে আমরা বিরোধিতা করছি না, তাদেরকে নিয়ে একটা সর্বদলীয় প্রস্তাব করা যেত না? এটা কি আমরা একসঙ্গে বলতে পারতাম না, পশ্চিমবঙ্গের মানুষ নেলসন ম্যান্ডেলার এই আগমনকে সাদর সম্বর্ধনা জানাচ্ছে।

[1-30—1-40 P.M.]

সুতরাং একদিকে যেমন আমি সমর্থন করি আমাদের দলের পক্ষ থেকে তেমনি অপরদিকে এই সংকীর্ণতা ক্ষুদ্রতা এবং অত্যন্ত গোঁড়ামি মিননেস যাকে বলে আমি তার তীব্র ভাষায় নিন্দা করছি। এতে আমাদের মাথা হেঁট করেছেন। নেলসন ম্যান্ডেলা যদি একথা জানেন যে, রুলিং পার্টি এবং বিরোধী দল একসঙ্গে রেজলিউশন নিয়ে আমাকে অভিনন্দন জানাতে পারেনি, তাহলে এটা কি আমাদের কাছে খুব গর্বের কথা হচ্ছে? কালকে যখন সংবাদপত্র জানবে যে, আমরা বিধানসভায় নেলসন ম্যান্ডেলাকে একসঙ্গে অভিনন্দন জানাবার জন্য প্রস্তাব আনতে পারিনি তখন এটা কি আমাদের কাছে গর্বের ব্যাপার হবে? সুতরাং আমি মনে করি এখনও সময় এবং সুযোগ আছে, সমস্ত দলমত নির্বিশেষে একই প্রস্তাব যদি আনা যায় তাহলে আমি আরও স্বাগত জানাতাম। শারীরিক কারণে আমি বেশি কথা বলছি না, আমাদের দল বিশেষ করে ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী থেকে শুরু করে পরবর্তীকালে রাজীব গান্ধী পর্যন্ত সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই-এর ক্ষেত্রে শুধুমাত্র ধনতান্ত্রিক দেশগুলি নয় তৃতীয় বিশ্বের নেতৃবৃন্দ নয় সারা পৃথিবীর মানুষ, সেখানকার নেতারা উচ্ছসিত প্রশংসা করেছেন তাঁদের ভূমিকাকে কেন্দ্র করে। রাজীব গান্ধী সম্পর্কে অনেক কথা বলা সত্ত্বেও আমরা দেখেছি বারে বারে আমাদের মুখ্যমন্ত্রী আন্তর্জাতিক ক্ষেত্রে বিশেষ করে অ্যান্টি অ্যাপাথাইট মুভমেন্টের ক্ষেত্রে এবং সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তাঁর ভূমিকাকে অত্যন্ত প্রশংসা করেছেন। জ্যোতি বাবু যদি রাজীব গান্ধীকে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই-এর ক্ষেত্রে প্রশংসা করেন এবং মিশল কাস্ত্রো যদি প্রশংসা করেন তাহলে তারপর নতুন করে আমাদের বক্তব্য প্রতিষ্ঠিত করবার আর দরকার আছে কি না একথা আমরা ভাবব। আমি শুধু মনে করিয়ে দিতে চাই সাম্রাজ্যবাদের মৃত্যু হয় না, সাম্রাজ্যবাদীদের মৃত্যু হয় না। পৃথিবীতে শয়তান চিরকাল বেঁচে থাকে, তেমনি

সাম্রাজ্যবাদ বিভিন্ন ভূমিকায় ভঙ্গিমায় বেঁচে থাকে। ভিয়েতনামে যখন মার্কিন সাম্রাজ্যবাদ পর্যুদস্ত হয়ে গেল, অ্যাঙ্গোলায় ধাক্কা খেল, পর্তুগালে ধাক্কা খেল, তারপরও একই ব্লু-প্রিন্ট নিয়ে আমাদের দক্ষিণপূর্ব এশিয়ায় ঘাঁটি গাড়ল। পৃথিবীর বৃহত্তম গণতন্ত্রের মন্দির এই ভারতবর্ষকে টুকরো টুকরো করে ঐ সাম্রাজ্যবাদী চক্রান্তকে সার্থক করবার চেষ্টা করুন। আজকে কি ভয়ানক অবস্থার মধ্যে আমরা আছি। আমাদের চারপাশের দেশগুলি যেমন পাকিস্তানে সেমি মিলিটারি শাসন আরম্ভ হয়ে গেছে সাম্রাজ্যবাদী চক্রান্তের জন্য, ঐ সাম্রাজ্যবাদী চক্রান্তে বাংলাদেশেও সামরিক শাসন চলছে, থাইল্যান্ড, ইন্দোনেশীয়াতেও একই অবস্থা, সিংহল একেবারে ক্রীতদাস হয়ে আছে মার্কিন সাম্রাজ্যবাদীদের কাছে। সুতরাং সাম্রাজ্যবাদের মৃত্যু হয় না। ম্যান্ডেলার মুক্তির মানে এই নয় যে, আমরা সাম্রাজ্যবাদের হাত থেকে মুক্তি পেয়েছি, ম্যান্ডেলার মুক্তির মধ্য দিয়ে আমরা অনুপ্রাণিত হয়েছি যাতে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আরও বেশি লড়াই করতে পারি। যুগে যুগে এটা প্রমাণিত যে ভারতবর্ষ পাশ্চাত্যের বহু জিনিস নকল করেছে। ভাল জিনিসের নকল করতে এমনকি রবীন্দ্রনাথ পর্যন্ত কুণ্ঠা বোধ করেননি। রামমোহন পর্যন্ত প্রাচ্য এবং পাশ্চাত্যের ভাল জিনিসের সংমিশ্রণে নতুন ভারতবর্ষ গড়বার স্বপ্ন দেখেছিলেন। একদিন তাদের বিরুদ্ধে বিপ্লব হয়েছিল, তার থেকে আমাদের স্বাধীনতা সংগ্রামীরা অনুপ্রাণিত হয়েছিলেন, তদানিন্তন যুগান্তর এবং অনুশীলন পার্টির সংগ্রামী কর্মীরা ত্যাগ এবং তিতিক্ষার মধ্য দিয়ে এগিয়ে গিয়েছিলেন প্রত্যেক মহাপুরুষ একথা স্বীকার করেছেন। আজকের দিনে আমাদের প্রজন্মের কাছে নেলসন ম্যান্ডেলা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই-এর প্রতীক। সুতরাং তিনি এলে আমরা যে অনুপ্রাণিত হব নতুন করে সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু আজকে যাঁরা নেলসন ম্যান্ডেলাকে মুক্তি দিয়েছেন বিশেষ করে গণতান্ত্রিক দেশ পাশ্চাত্যের যারা অর্থনৈতিক বিনিয়োগ করে বসে আছে তারা কিন্তু তাদের থাবা তুলে নেয়নি। তাই মুক্তি দিলেও এমনভাবে মুক্তি দিয়েছে যে, মুক্তির সার্থক রূপায়ন আমরা চোখে দেখতে পাচ্ছি না। মুক্তি সেদিন হবে, যেদিন একেবারে সংখ্যাগরিষ্ঠ লোকের হাতে ক্ষমতা যাবে। তা কিন্তু যায়নি। সরকার পক্ষ থেকে আমাদের অনেকগুলি দাবি করা হয়েছিল। বর্তমান কেন্দ্রীয় সরকার সেই দাবিগুলি উপেক্ষা করছেন। আমি সেভেন্টি ফিফথ সেশনে গিয়েছিলাম এবং সেই সময় গভর্নমেন্টের পক্ষ থেকে কতকগুলি প্রস্তাব দেওয়া হয়েছিল। জেনারেল সেশনে সেটা অ্যাকসেপ্টেড করা হোক, তা নাহলে অ্যান্টি-অ্যাপারথাইক মুভমেন্ট সাকসেসফুল হবে না এবং বর্ণ বৈষম্যের বিরুদ্ধে সংগ্রাম সফল হবে না, নেলসন ম্যান্ডেলার মুক্তি সার্থক হবে না। এই জরুরি দাবিগুলি করতে হবে, শুধু নেলসন ম্যান্ডেলা কমিটি করলে হবে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল এই নেলসন ম্যান্ডেলা কমিটিতে জাতীয় কংগ্রেসকে সংযুক্ত করা হয়নি। ঐক্য কোথায় হচ্ছে? নেলসন ম্যান্ডেলাকে প্রতি পদক্ষেপেই ছোট করছেন। জাতীয় স্তরে অ্যাসেম্বলির ভিতর, বাইরে কোথাও ঐক্য হচ্ছে না, কেবল শুধু নিজেদের মধ্যে অনৈক্য হয়ে ম্যান্ডেলার ইচ্ছাকে অনুপ্রাণিত করবার চেষ্টা করছেন। এই সংকীর্ণতা দূর করতে হবে। হাউস এই প্রস্তাবগুলির প্রতি গুরুত্ব দিক এবং সমর্থন করুক। যে পাঁচটি প্রস্তাব সরকারি ভাবে বলা হয়েছিল, বেসরকারি ভাবে নয়, সেইগুলি হল 1. To serve political, military,

cultural, sporting and deplomatic relations with the South African Government, in so far as such relations with South Africa are maintained.

2. To stop trade and Commercial relations with and to prohibit new public and private investment in South Africa, as well as the export of the nuclear and other technology to the South African Government. In addition, to prohibit loans, trade credits and gold exchanges by banks to and with South Africa.

3. To discourage emigration of their nationals and the promotion of tourism to South Africa, by such means as banning advertising and cutting air and sea links with South Africa.

4. To give material and moral support to the liberation movements, to the Independent black trade union movement and to popular movements struggling for the establishment of human rights in South Africa and Namibia.

5. To lift all impediments preventing Trade Unions from participating in solidarity action with the workers engaged in the anti-apartheid struggle. সরকারি এই দাবিগুলিকে কেন্দ্রীয় সরকার বারে বারে চাল দিয়ে এসেছেন। আমি এই কথা হাউসে বলতে চাই যে, এখন কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার আছে। কিন্তু সেই বন্ধু সরকার আজকে নির্লিপ্ত এবং অ্যান্টি-অ্যাপারথাইক মুভমেন্ট ভারতবর্ষের বর্তমান নেতৃত্ব অনেক দূরে সরে গেছে যে গর্ব, অনুভূতি, মানসিকতা নিয়ে বারে বারে বিদেশে গিয়ে আমরা দেখেছি—উই আর ওয়ান অব দি পাইওনিয়ার যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করছি এবং ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ হচ্ছে পাইওনিয়ার। আপনারা তখন করেছেন। আমরা ছিলাম, কি ছিলাম না—জানি না। কিন্তু আপনারা ভিয়েতনাম যুদ্ধের সময় রক্ত পাঠিয়ে দিয়েছিলেন। আমরা বক্রেশ্বরের প্রতিবাদ করি। ওটা বদ রক্ত করেছেন। ভিয়েতনামে আপনারা রক্ত পাঠিয়েছেন, সমর্থন করি। ওটা সাম্রাজ্যবাদ বিরোধী ছিল। কিন্তু এখন আপনারা বাবু কমিউনিস্ট হয়ে গেছেন। ফলে সর্বনাশ হয়েছে। আপনারা নিজেরাই আপনাদের শ্রেণী শত্রু হয়েছেন। যার জন্য সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করতে চূড়ান্ত দৈন, অনৈক্য আপনাদের মধ্যে প্রকাশ পাচ্ছে, সেটা আপনারা উপলব্ধি করছেন। সর্বশেষে আমি এই কথা বলতে চাই যে, শচীনবাবু এই প্রস্তাব এনেছেন। আমি শচীনবাবুকে অনুরোধ করব যে, এখনও সময় আছে, আমাদের দলের নেতৃবৃন্দের সাথে কথা বলে ঐক্যমত করে প্রস্তাব আনুন। এর চেয়ে ভাল জিনিস আর কিছু হবে না। তাই আমি মনে করি নেলসন ম্যান্ডেলা যখন এখানে আসবেন তখন আমরা এমন একটা ভাব দেখাই—আমাদের মধ্যে যতই মত পার্থক্য থাকুক—তাঁকে অভিনন্দন জানানোর যেন ত্রুটি না হয়, আমাদের মন থেকে, বিবেক থেকে যেন বেরিয়ে আসে এই অভিনন্দন এবং এটা যেন নিছক দেবার জন্য না হয়। কাউকে বড় করে বা কাউকে বাদ দিয়ে বিশেষ

করে কাউকে প্রোজেক্ট করবার জন্য এটা যেন না হয়। ভারতবর্ষের মাটিতে পা দিয়েই ম্যান্ডেলা যেন মনে করেন যে, সত্যিই ভারতবর্ষের মাটির একটা স্বাদ আছে এবং তার মধ্যে পশ্চিমবঙ্গের মাটির একটা আলাদা স্বাদ আছে। তিনি এমন কথা যেন বলে যান যে, ভারতবর্ষে যে রিসেপশন পেয়েছি, তার সঙ্গে পশ্চিমবঙ্গের মাটির বিসেপশনের তুলনা হয় না সেই প্রস্তুতি সরকার নিন, যেকোনও রকম সহযোগিতা আমরা করব। আমরা যে দলেরই রাজনীতি করি না কেন, ম্যান্ডেলার ব্যাপারে আমাদের সকলের মিলিত প্রচেষ্টা যেন এক হয়। আপনি দলমত নির্বিশেষে সমস্ত মানুষদের আহ্বান করুন। তাহলেই এটা সমস্ত মানুষের গর্বের ক্ষেত্রে হবে।

[1-40—1-50 P.M.]

আমরা বারবার বলেছি যে, সাম্রাজ্যবাদী শক্তি, তারা আজও মরে যায়নি। তার কারণ ইরাক দুর্বল কুয়েত দখল করেছে এবং তারা চেষ্টা করছে সৌদি আরব দখল করে নেবার। তারা আমাদেরও ব্লকেড করে দিচ্ছে এবং ভয়ঙ্কর আমাদের অর্থনৈতিক সংকট চলে আসবে। এসবই সাম্রাজ্যবাদের কুফল। মার্কিন সাম্রাজ্যবাদ চায় যে, তাদের অস্ত্র বিক্রির যে রাজনীতি সেটাকে টিকিয়ে রেখে অস্ত্র বিক্রি করার। যত তাদের অস্ত্র বিক্রির কারবার ফলাও হবে তারা ততই ফলাও করে ধনতান্ত্রিক চিন্তা বাবনা বাড়াতে থাকবে এবং তাদের অর্থনীতি আরও মজবুত হবে। অপর দিকে মার্কিন সাম্রাজ্যবাদ আজও আমাদের মুক্তি দেয়নি। বারবার আমরা বলেছি, এই সরকার কেন বলছেন না, বন্ধু সরকার আপনাদের, দিয়াগো গারসিয়ার বুক থেকে সেভেন্থ ফ্লিট এখনও তারা সরিয়ে নেয়নি। আজও পাকিস্তানকে তারা অল টাইম রেকর্ড ব্রেক করে কোটি কোটি ডলারের সামরিক সম্ভার দিচ্ছে ভারতবর্ষকে আক্রমণ করার জন্য। শ্রমতী ভুট্টো, তিনি কংগ্রেসের লোক নন, কিন্তু শুধুমাত্র ভারতবর্ষকে আক্রমণ করেননি বলে জবরদস্তি কায়দায় তাকে সরিয়ে দেওয়া হয়েছে। সেখানে এমন কায়দা করছে যে, কয়েকদিনের মধ্যে হয়ত তাকে ফাঁসিও দিয়ে দেবে তার বাবার মতোন। এসব আমাদের ঘরের পাশেই হচ্ছে সুতরাং আমাদের সচেতন হতে হবে। নেলসন ম্যান্ডেলার ত্যাগ ও তিতিক্ষা আমি মনে করি আমাদের নতুন করে ভাবতে শেখাবে। কিন্তু নেলসন ম্যান্ডেলাই আমাদের কাছে সবচেয়ে বড় জিনিস এবং সবচেয়ে নতুন জিনিস নয়। স্বাধীনতা যুদ্ধ আমাদের চোখের সামনে হয়েছে এবং এখনও তা ৫০ বছর পেরিয়ে যায়নি। অনেকেই আছেন যারা সরাসরি স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন। তার চেয়েও যদি পুরোনো দিনের চান তাহলে আমি ঋক্‌বেদের সেই মূল দর্শনের কথা বলব। ঋক্‌বেদের সেই মূল দর্শনের উপর ভিত্তি করে আমরা যেন ম্যান্ডেলাকে অভিনন্দিত করি। ঋক্‌বেদের সেই অনুবাদ ইংরাজি করে বলা হয়েছে, আমি সেটা বলছি, "May our aim be common, our Assembly common, Common the minds and the thoughts of these united.

A Common-purpose do play before you, and worship with our common oblation. Common be our aim and our hearts united, our minds

be one so that all may happily live together." নেলসন ম্যান্ডেলার জন্য প্রস্তাব যদি সত্যিই নিতে হয় তাহলে এই মূল ঋক্‌বেদের দর্শনকে ভিত্তি করে তাকে সাদর অভিনন্দনের ব্যবস্থা করা হোক। এই বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Mr. Mukherjee, I think, you have a proposal that a resolution should be adopted at the all party level.

**Shri Subrata Mukherjee :** Yes, Sir.

**Mr. Speaker :** Mr. Sachin Sen, I think, it is reasonable. There is no controversy on this. You should agree to it.

**শ্রী শচীন সেন ঃ** আমরা স্যার, রাজি আছি, একশ বার রাজি আছি জয়েন্ট প্রস্তাব করার জন্য।

**Mr. Speaker :** Then, Mr. Gyan Singh Sohanpal, you give one name of your members.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I propose the name of Shri Subrata Mukherjee.

**Mr. Speaker :** So, Mr. Subrata Mukherjee, you will be one of the signatories.

[1-50—1-50 P.M.]

**শ্রী স্বদেশ চাকি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকায় শুধু নয়, সারা বিশ্বের নেতা নেলসন ম্যান্ডেলার ভারত আগমন উপলক্ষে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলব। স্যার, আমরা গর্বিত যে দীর্ঘদিন ধরে দক্ষিণ আফ্রিকার জনগণ সাম্রাজ্যবাদী, বর্ণ বৈষম্যবাদী সরকারের বিরুদ্ধে তারা সংগ্রাম করে চলেছেন। সেই সংগ্রাম শুধু তাদের দেশের মানুষকেই অনুপ্রাণিত করেনি, তা বিশ্বের মানুষকে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই-এ অনুপ্রাণিত করেছেন। নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার অন্ধ কারাগারে দীর্ঘ ২৭ বছর নানান নির্যাতনের মধ্যে দিয়ে তার জীবন যৌবন কাটিয়েছেন। তিনি মাথা উঁচু করে দাঁড়িয়েছিলেন তাই গোটা বিশ্বের মানুষ তার মুক্তি কামনা করেছে, তার জন্য দাবি করেছে। গোটা বিশ্বের মানুষ আজকে দক্ষিণ আফ্রিকার মানুষের সঙ্গে একাত্মবোধ করছে। আমরা ভারতবাসী, এই পশ্চিমবঙ্গের মানুষ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে যারা লড়াই করেছেন, সেই দেশের লড়াকু জনগণের ঐ নেতার এই লড়াইয়ে আমরা নিজেরা গর্ববোধ করি। সেই গর্ববোধ হিসাবে নেলসন ম্যান্ডেলা যখন ভারতবর্ষের মাটিতে আসবেন তখন আমরা আরও গর্ববোধ করব। সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে লড়াইয়ের পীঠস্থান এই পশ্চিমবাংলায় যখন নেলসন ম্যান্ডেলা আসবেন তখন আমরা পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে তাকে অভ্যর্থনা করতে

পারব। এই আশা রেখে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের কাছে অত্যন্ত গর্ব ও আনন্দের বিষয় যে, ভারতবর্ষের মাটিতে মুক্তিকামী মানুষের প্রতিক নেলসন ম্যান্ডেলা আমন্ত্রিত হয়েছেন। ভারতবর্ষ দীর্ঘদিন ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির শিকার হয়েছিল এবং আমাদের ভারতবর্ষের মানুষ মহাত্মা গান্ধীর নেতৃত্বে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে লড়াই করেছেন। সেই ঐতিহ্য এবং ইতিহাস আমাদের আছে। সাউথ আফ্রিকাতে কালো মানুষের প্রতি অন্যায়, অবিচার এবং শোষণের বিরুদ্ধে নেলসন ম্যান্ডেলা সংগ্রাম করেছিলেন। সেই দেশের কালো মানুষের অধিকার প্রতিষ্ঠা করার জন্য, কৃষ্ণাঙ্গদের গণতান্ত্রিক অধিকার, অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠা করার জন্য নেলসন ম্যান্ডেলা সংগ্রাম করেছিলেন এবং মানুষকে সংগঠিত করেছিলেন। তার জন্য শ্বেতাঙ্গ সরকার তাকে অন্ধকার কারাগারে ২৭ বছর বন্দি করে রেখেছিলেন। কিন্তু নেলসন ম্যান্ডেলার যে লড়াই, যে সংগ্রাম বিশ্বের মানুষ তার প্রতি সমর্থন জানিয়েছিলেন। আমরা নৈতিক দিক থেকে অত্যন্ত সোচ্চার এই কারণে যে, মহাত্মা গান্ধী সাউথ আফ্রিকা থেকে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে তার লড়াই শুরু করেছিলেন এবং শেষ করেছিলেন ভারতবর্ষের মাটিতে। পন্ডিত জওহরলাল, তারপরে ইন্দিরা গান্ধী এবং সর্বশেষে রাজীব গান্ধী বর্ণ বৈষম্যের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন। রাজীব গান্ধী যখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন তখন অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করেছিলেন সাউথ আফ্রিকা সরকারের বিরুদ্ধে এবং আপনি জানেন যে, আফ্রিকা ফান্ড তিনি তৈরি করেছিলেন। ৫ শত কোটি টাকার ফান্ড মুক্তিকামী মানুষের জন্য তৈরি করা হয়েছিল। ভারতবর্ষের একটা ঐতিহ্য আছে এবং আমরা সেজন্য গর্বিত। কেন্দ্রীয় সরকার পরিবর্তিত হয়েছে কিন্তু জাতীয় কংগ্রেস ভারতবর্ষে আছে, যে জাতীয় কংগ্রেস তেরাঙ্গা ঝান্ডা নিয়ে বন্দেমাতরম ধ্বনির মাধ্যমে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছে। ভারতবর্ষের কোটি কোটি মানুষ মুক্তিকামী সংগ্রামে গান্ধীজীর নেতৃত্বে আন্দোলন করেছে এবং সেই ঐতিহ্য নিয়ে আমরা আজও ভারতবর্ষে আছি। আজকে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে রয়েছে। আজকে ম্যান্ডেলাকে আমরা দলমত নির্বিশেষে সকলে মিলে ভারতবর্ষের মানুষ হিসাবে, পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে বিশ্বের মানবিকতার প্রতিক, সংগ্রামের প্রতিক, বঞ্চনা এবং বৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ের প্রতিক নেলসন ম্যান্ডেলাকে আমরা এখানে এলে অভিনন্দন জ্ঞাপন করব।

[1-50—2-10 P.M.]

এবং ভারতবর্ষের মানুষ, পশ্চিমবাংলার মানুষ এই সংগ্রামের সঙ্গে দীর্ঘদিন ছিলেন এবং ম্যান্ডেলার সঙ্গে অর্থনৈতিক দিক থেকে, মানসিকতার দিক থেকে আমরা ছিলাম, এটা আমরা প্রমাণ করব। আমি আশা করব ম্যান্ডেলার সংবর্ধনা অনুষ্ঠানে আমরা সকলে যাব এবং ম্যান্ডেলাকে ভারতবর্ষের এবং পশ্চিমবাংলার মানুষেরা যে উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করবেন, সেটা যেন ঐতিহাসিক হয়। কারণ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে শেষ লড়াই আফ্রিকার বুকে তিনি লড়েছেন এবং বর্তমানে তিনি মুক্ত। তিনি কোটি কোটি কৃষ্ণাঙ্গ মানুষের সংগ্রামের প্রতীক, এই রকম একজন মানুষ ভারতবর্ষে আসছেন, এর জন্য আমরা গর্বিত এবং আনন্দিত।

এমন ভারতবর্ষের মাটিতে তিনি আসছেন, যে ভারতবর্ষের মানুষ ১৫০/২০০ বছর ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছে এবং তৃতীয় বিশ্বের নেতা হিসাবে ভারতবর্ষ, আমরা মুক্তিকামী মানুষের নেতৃত্ব দিয়েছি এবং আমাদের কংগ্রেসের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, পন্ডিত জওহরলাল নেহেরু এবং রাজীব গান্ধী, তাঁরা তৃতীয় বিশ্বের নেতৃত্ব দিয়েছেন এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠা করার জন্য, বর্ণ বৈষম্যের বিরুদ্ধে সব রকম ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিশ্ব জনমত গঠন করার জন্য আমরা সকলে মিলে যে ভূমিকা পালন করেছি, অতীতেও করেছি এবং বর্তমানেও করছি, এটা অত্যন্ত আনন্দের এবং গর্বের। স্যার, নেলসন ম্যান্ডেলা, তিনি বিশেষ কোনও রাজনৈতিক দলেন নন, তিনি সমগ্র সমাজের প্রতীক। বিশ্বে তিনি একটা রেকর্ড স্থাপন করেছেন, ২৭ বছর একটানা কারাগারে তিনি বন্দি ছিলেন. অন্ধকারে তিনি দিন কাটিয়েছেন। এই অবস্থা থেকে তিনি জয়ী হয়েছেন এবং বিশ্ব মানবতা প্রতিষ্ঠা করার জন্য, সমাজ থেকে, বিশ্ব থেকে বর্ণবৈষম্য, অসাম্য, অন্যায়, অবিচার এইসব এর বিরুদ্ধে তিনি লড়াই করেছেন এবং তিনি জয়ী হয়েছেন। আমরা সকলে মিলে পশ্চিমবাংলার মাটিতে, তথা ভারতবর্ষের মাটিতে তাঁকে আহ্বান জানাব, তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করব, তাঁর সংগ্রাম, তাঁর যে লড়াই এর মানসিকতা, তাঁর সঙ্গে একমত হয়ে আমরা ভারতবর্ষের বুকে যে বঞ্চনা, বৈষম্য, নারী নির্যাতন, এই সবের বিরুদ্ধে আমাদের সংগ্রাম করতে হবে। যেকোনও সমাজ ব্যবস্থায় অবিচার থাকে, তার বিরুদ্ধে মানুষকে আমরণ লড়াই করতে হয়। অতীতেও হয়েছে, আগামী দিনেও হবে। পৃথিবীর কোনও সমাজ ব্যবস্থাই ত্রুটি মুক্ত নয়। যে সমাজ ব্যবস্থায়, সে গণতান্ত্রিক হোক, স্বৈরতান্ত্রিক হোক বা রাজতন্ত্র হোক, যেকোনও ব্যবস্থার মধ্যেই ত্রুটি থাকে, বঞ্চনা থাকে, বৈষম্য থাকে, অন্যায়-অবিচার থাকে। মানুষের মুক্তির জন্য লড়াই করতে হয়। বিংশ শতাব্দীর শেষে ৯০ এর দশকে আমরা ম্যান্ডেলার কাছে আবেদন করব, আগামী দিনে মানুষ যেন একটা সুন্দর পৃথিবী, একটা বৈষম্য বিহীন পৃথিবী গঠনে তাঁর কাছ থেকে প্রেরণা পায়। আজকে ইতিহাসের পাতায় যেরকম আব্রাহাম লিঙ্কনের নাম, মহাত্মা গান্ধীর নাম যেভাবে লিপিবদ্ধ হয়ে রয়েছে, নেলসন ম্যান্ডেলার নাম সেইরকম ভাবে লিপিবদ্ধ হয়ে থাকবে। আগমী দিনে পৃথিবীর যেকোনও দেশে সমাজ ব্যবস্থার মধ্যে যদি কোনও অন্যায় থাকে, তার বিরুদ্ধে লড়াই করবার আমাদের প্রস্তুত থাকা দরকার। সেই জন্য আজকে বিংশ শতাব্দির শেষ দশকে নেলসন ম্যান্ডেলার ভারতবর্ষে আগমন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং আমি আশা করব, দলমত নির্বিশেষে আমরা তাঁকে সাদর সংবর্ধনা জানাব। সাউথ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের বিরুদ্ধে আমরা আমাদের লড়াই চালাব, যতদিন না এর অবসান হয়।

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেলসন ম্যান্ডেলাকে কেন্দ্র করে আজকে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবের উত্থাপকদের মধ্যে আমিও একজন। এবং আমি প্রস্তাবটিকে আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলেই জানি যে, সারা পৃথিবীতে, বিশেষ করে দক্ষিণ আফ্রিকায় যে বর্ণবৈষম্যমূলক আন্দোলন পরিচালিত হয়েছে, সাম্রাজ্যবাদবিরোধী এবং উপনিবেশিকতাবাদ বিরোধী যে আন্দোলন পরিচালিত হয়েছে সেই আন্দোলনের সাথে ভারতবর্ষের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। সেই আন্দোলনের প্রতিটি

ক্ষেত্রে, প্রতিয়ি পর্যায়ে ভারতবর্ষের জনগণ, ভারতবর্ষের সরকার সেই আন্দোলনকে সমর্থন করেছে এবং তাকে সাফল্যের সর্বোচ্চ সীমায় পৌঁছে দেওয়ার জন্য সর্বশক্তি দিয়ে যে সহযোগিতা করা দরকার সেই সহযোগিতা করেছে। সেই আন্দোলনের অন্যতম প্রাণপুরুষ হলেন নেলসন ম্যান্ডেলা। তিনি ২৭ বছর জেলে থেকে জীবনের নানা ত্যাগ ও লাঞ্ছনার মধ্যে দিয়ে দেশের স্বাধীনতার জন্য ঔপনিবেশিকতাবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন এবং তার মাধ্যমে তিনি সত্য ও প্রেমের এক উজ্জ্বল দৃষ্টান্ত তৈরি করেছেন। একথা ঠিকই যে, অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম শেষ পর্যন্ত জয়ী হয় এবং তাঁর সংগ্রামও যে জয়যুক্ত হবে, তা নেলসন ম্যান্ডেলা প্রমাণ করেছেন। দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সরকার নানাভাবে, নানা দমন-পীড়নমূলক নীতির মাধ্যমে জনগণের গণতান্ত্রিক অধিকারকে পদদলিত করার চেষ্টা করেছে, ন্যায়সঙ্গত আন্দোলনকে স্তব্ধ করার চেষ্টা করেছে এবং ঔপনিবেশিকতাবাদকে কায়েম করার চেষ্টা করেছে। বিংশ শতাব্দীর শুরু থেকেই সারা পৃথিবীতে ঔপনিবেশিকতাবাদের বিরুদ্ধে আন্দোলন জেগে উঠেছিল। প্রতিটি দেশের মানুষ নিজেদের দেশকে স্বাধীন করবার জন্য, স্বাধীনতা অর্জন করবার জন্য, গণতান্ত্রিক অধিকারকে সুরক্ষিত করার জন্য সর্বস্ব পণ করে সংগ্রামে অবতীর্ণ হয়েছিল। শেষ পর্যন্ত দক্ষিণ আফ্রিকাও সেই সংগ্রামে অবতীর্ণ হয়েছিল। সেই দক্ষিণ আফ্রিকার সংগ্রামী নেতা নেলসন ম্যান্ডেলা ভারতবর্ষে আসছেন, তাঁকে নিশ্চয়ই আমরা আমাদের সমস্ত বিশ্বাসের মধ্যে দিয়ে আন্তরিক এবং উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করব। আগামী দিনের তরুণরা নেলসন ম্যান্ডেলার জীবনের আদর্শে অনুপ্রাণিত হয়ে নিজেদের জীবনের ক্ষেত্রে তা কাজে লাগিয়ে সমাজ গঠনের ক্ষেত্রে অগ্রনি ভূমিকা পালন করবেন, এই বিশ্বাস আমি করি। শুধু কোনও নেতাকে সম্মান দেখালেই আমাদের দায়িত্ব শেষ হয়ে যায় না। তাঁর যে নীতি, আদর্শ, মূল্যবোধ যা তিনি সমাজে প্রতিষ্ঠা করার জন্য সংগ্রাম করেছেন, ত্যাগ স্বীকার করেছেন তাকেও আমাদের গ্রহণ করতে হবে। এই কথা বলে এই প্রস্তাবকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্পিকার স্যার, আজকে এখানে শেষ পর্যন্ত সর্বদলীয় প্রস্তাব আকারে নেলসন ম্যান্ডেলার মুক্তিকে স্বাগত জানিয়ে এবং তাঁর কলকাতা আগমনকে কেন্দ্র করে যে প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করছি। প্রথমেই আমাদের জানা দরকার যে, দক্ষিণ আফ্রিকার মূল লড়াইটা কি নিয়ে? পৃথিবীতে সবচেয়ে বেশি হীরে দক্ষিণ আফ্রিকার খনিগুলিতে রয়েছে এবং সেখানকার শ্বেতাঙ্গ ব্যবসায়ীরা দক্ষিণ আফ্রিকার হীরের সাহায্যে গোটা পৃথিবীর বাজার দখল করে রেখেছে। সেই হীরেকে কেন্দ্র করেই সাম্রাজ্যবাদী শক্তিগুলি দক্ষিণ আফ্রিকার দখল নিতে আগ্রহী। ডি. বি. আর কোম্পানি নামে একটা কোম্পানি সেখান থেকে সমগ্র পৃথিবীকে হীরে সাপ্লাই করে থাকে। ফলে তারা কোনও অবস্থাতেই দক্ষিণ আফ্রিকার শাসন ভার কালো চামড়ার মানুষদের হাতে তুলে দেবে না এবং তারা শেষ পর্যন্ত চেষ্টা করবে যেকোনও শর্তে, যেকোনও ভঙ্গিমায় দক্ষিণ আফ্রিকার শাসন ক্ষমতাকে নিজেদের হাতে ধরে রাখতে। নেলসন ম্যান্ডেলা ২৭ বছর কারাগারে অন্তরীণ ছিলেন এবং আমরা দেখেছি তাঁর মুক্তিতে সারা পৃথিবীর মানুষ আনন্দে আহ্লাদিত হয়েছে। এই প্রসঙ্গে নামিবিয়ার

স্বাধীনতার কথা উল্লেখ না করলে ঠিক হবে না। আমার মনে হয় এখানে নামিবিয়ার স্বাধীনতার কথাও সমান ভাবে উল্লিখিত হওয়ার প্রয়োজন ছিল। কারণ দক্ষিণ আফ্রিকার বুকে এখনো সাম্রাজ্যবাদের যে শেষ স্তম্ভ, সেই স্তম্ভকে সমূলে উৎপাটিত করতে হবে এবং সেই লক্ষ্যে পৌছবার ক্ষেত্রে নামিবিয়ার স্বাধীনতা পৃথিবীর বুকে দৃঢ় পদক্ষেপ হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। নামিবিয়ার স্বাধীনতার মধ্য দিয়ে আমরা আশার আলো দেখতে পাচ্ছি। দক্ষিণ আফ্রিকার বোধা সরকার নেলসন ম্যান্ডেলাকে মুক্তি দিতে চায়নি। পরবর্তীকালে ডি-ক্লার্ক আলোচনার মাধ্যমে সমগ্র বিশ্বের জাগ্রত জনমতের চাপে নেলসন ম্যান্ডেলাকে মুক্তি দিতে বাধ্য হয়েছে। বর্ণবিদ্বেষী প্রিটোরিয়া সরকারকে ডি-ক্লার্ক এর সঙ্গে একটা সমঝোতায় আসতে হয়েছে। কিন্তু আমাদের মনে রাখতে হবে দক্ষিশ আফ্রিকায়, নেলসন ম্যান্ডেলার দেশে আজকে নিজেদের মধ্যে আবার নতুন করে লড়াই শুরু হয়েছে সেটা অবিলম্বে বন্ধ যদি না হয় তাহলে সামগ্রিকভাবে দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে লড়াই তাতে একটা বড় আঘাত আসবে। আমি তাই মনে করি নেলসন ম্যান্ডেলার সংগ্রাম সারা পৃথিবীতে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। তিনি কলকাতায় আসুন, আমরা সর্বদলীয় ভাবে তাকে স্বাগত জানানোর জন্য প্রস্তুত থাকব।

[2-00—2-10 P.M.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, শ্রী শচীন সেন এবং অন্যান্য বিধায়করা যে প্রস্তাব উত্থাপন করেছেন সেটা এখন সর্বদলীয় প্রস্তাবে পরিমত হয়েছে। আমি সেই সর্বদলীয় প্রস্তাবকে সমর্থন করছি এবং দক্ষিণ আফ্রিকার মুক্তি আন্দোলনের নেতা নেলসন ম্যান্ডেলা আমাদের ভারতবর্ষে আসবেন, আমরা তাঁকে স্বাগত জানানোর জন্য প্রস্তুত। আমাদের এই প্রস্তাবে যা বলা হয়েছে তাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি এই কারণে নেলসন ম্যান্ডেলা যখন আসবেন তখন তিনি একজন ব্যক্তি হিসাবে আসবেন না, তিনি আসবেন একটা আন্দোলনের প্রতিনিধি হিসাবে, একটা সংগ্রামের প্রাণপুরুষ হিসাবে। গোটা দক্ষিণ আফ্রিকার মানুষের, গোটা সাম্রাজ্যবাদ বিরোধী মানুষের আন্দোলনের প্রধান প্রতীক হিসাবে আসবেন। কাজেই যে ভারতবর্ষের মানুষ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ঐতিহ্যগুলি লড়াই করে নিজেদের স্বাধীনতা অর্জন করেছেন সেই ভারতবর্ষের মানুষ স্বাভাবিক ভাবেই নেলসন ম্যান্ডেলাকে সংবর্ধনা জানানোর জন্য, সাদর আমন্ত্রণ জানানোর জন্য প্রস্তুত হয়ে আছে। এর বাইরেও দক্ষিণ আফ্রিকার সংগ্রাম সম্পর্কে আমাদের কিছু বাড়তি অনুভূতি আছে। সেই বাড়তি অনুভূতি থাকবার কারম হচ্ছে, দক্ষিণ আফ্রিকার জাতীয় মুক্তি আন্দোলনের সাথে আমাদের দেশের জাতীয় মুক্তি আন্দোলনের যোগ চিরকাল আছে। মহাত্মা গান্ধী যিনি আমাদের জাতীয় আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন তিনি এক সময়ে দক্ষিণ আফ্রিকার সাধারণ মানুষের স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন। কাজেই দক্ষিণ আফ্রিকার সংগ্রামের সাথে আমরা চিরকাল আত্মীক যোগাযোগ অনুভব করি। সেইদিক থেকে নেলসন ম্যান্ডেলাকে আমন্ত্রণ জানানোর বিষয়ে ভারতবর্ষের ৮০ কোটি মানুষের অন্তরের যোগাযোগ থাকবে, এটাই প্রত্যাশা, এটাই স্বাভাবিক।

কিন্তু নেলসন ম্যান্ডেলাকে আমরা যখন সংবর্ধনা জানাব তখন আমরা সেই ব্যক্তিকে সংবর্ধনা জানাব না, তাঁর আন্দোলনকে আমরা সংবর্ধনা জানাব, তার আন্দোলনের নীতিগুলিকে আমার সংবর্ধনা জানাব। আমরা জানি, দক্ষিণ আফ্রিকায় নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর জেলে ছিলেন। রিভোনিয়া ট্রায়ালে তার জেল হয়েছিল। আমরা সবাই জানি, যে অভিযোগে তাঁকে জেলে রাখা হয় সেটা প্রধানত আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস যখন অহিংস আন্দোলনের পাশাপাশি সশস্ত্র আন্দোলনের পথে যায় তখন আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের সশস্ত্র সংগঠনের সংগঠক উপকান্ত উইসিজোয়ে এবং লেনসন ম্যান্ডেলাকে গ্রেপ্তার করা হয়। কাজেই নেলসন ম্যান্ডেলার সংগ্রামকে যে ৮০ কোটি ভারতবর্ষের মানুষ শ্রদ্ধায় আনত হবে বা শ্রদ্ধায় তিনি মিশে থাকবেন এটাই স্বাভাবিক এবং সঠিক নীতি। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করবার প্রয়োজনে অহিংস এবং সশস্ত্র দুটো রাস্তাকে সমানভাবে মিশিয়ে না দিলে সাফল্য আসতে পারে না। কাজেই নেলসন ম্যান্ডেলা যখন এখানে আসবেন তখন তিনি এই আন্দোলনের প্রতিনিধি হিসাবে আসবেন। দক্ষিণ অফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকার টিকে আছে স্রেফ মার্কিন যুক্তরাষ্ট্র এবং ব্রিটেনের জন্য। তাদের অর্থনৈতিক স্বার্থ যদি না থাকত, যদি মার্গারেট থ্যাচার এবং রেগন বুশের প্রশাসন না থাকত তারা যদি দক্ষিম আফ্রিকার বর্ণবিদ্বেষী সরকারকে টিকিয়ে না থাখত তাহলে আমরা শুধু মুক্ত ম্যান্ডেলাকে পেতাম না, গোটা মুক্ত দক্ষিণ আফ্রিকাকেই আমাদের সামনে পেতাম। আমরা জানি সুদীপ বাবু যে কথা বললেন, শুধু হীরেই নয়, পৃথিবীর সবচেয়ে বেশি সোনা দক্ষিণ আফ্রিকায় উৎপন্ন হয়। প্রকৃতপক্ষে পেট্রোলিয়াম বাদ দিয়ে প্রকৃতি দেবী অকৃপণ হস্তে আফ্রিকার মাটির নিচে সম্পদ পুলিয়ে রেখেছেন। কতকগুলি মাল্টি ন্যাশনাল কোম্পানি দেখছে যে, যদি দক্ষিণ আফ্রিকার উপর থেকে এদের মালিকের হাত চলে যায় তাহলে নিঃসন্দেহে লন্ডন পৃথিবীতে তৃতীয় শ্রেণীর শহরে পরিণত হবে। কারণ ওটা দক্ষিণ আফ্রিকার আন্তর্জাতিক বাজার। কার্যত যদি দক্ষিণ আফ্রিকার লন্ডনের বাজার না যায় অর্থনৈতিক কেন্দ্র লন্ডন তার প্রতিষ্ঠা হারাবে। এই সমস্ত সাম্রাজ্যবাদী দেশের স্বার্থেই বর্ণ বিদ্বেষকে অমানবিক এবং ঐতিহাসিকভাবে বাতিল করে এবং সেখানে সর্বদলীয় এবং রাজনৈতিক বিশেষ জায়গা থেকে তাকে সমর্থন করছি। মাননীয় সুব্রতবাবু বলবার শেষে উদারতার কথা বলেছেন, মাননীয় শচীন বাবু তার পরিচয় দিলেন। সুব্রত বাবু যা বললেন জানি না সেটা জাতীয় কংগ্রেসের অভিমত কি না, এরকম অভিযোগ মাননীয় রাজীব গান্ধীও করেননি। সরকার পাল্টানোর সঙ্গে সঙ্গে নতুন সরকারের অ্যাপারথেট বিরোধী আন্দোলন নাকি নিচে চলে গেছে। কোন তথ্য হিসাবে একথা বললেন। ঐক্য একটা, গোটা ভারতবর্ষ এক হয়ে তাঁকে সংবর্ধনা জানাব। সুব্রত বাবু রাজনৈতিক ভাবে সরকারকে আক্রমণ করলেন। এই রকম আক্রমণের জন্য তিনি খুব উদার মনোভাবের পরিচয় দিলেন না বলেই আমার ধারণা। আমি আশা করি মাননীয় প্রধানমন্ত্রীকে চেয়ারম্যান করে একটি কমিটি তৈরি হয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী ইতিমধ্যে আমন্ত্রণ জানিয়েছেন। তথ্য মন্ত্রী কলকাতায় তিনি যা করার করবেন। তবে নতুন কেন্দ্রীয় সরকারের কাছে আমি একটি দাবি রাখি। কাগজে দেখলাম ভারতীয় শিল্পীরা টাকার বিনিময়ে গান গাইতে গিয়েছিলেন। আমি দাবি করি যে এইসব

শিল্পীদের দূরদর্শন এবং অন্য কোনও সরকারি মিডিয়াতে যেন সুযোগ না দেওয়া হয়। এজন্য কেন্দ্রীয় সরকার ব্যবস্থা নেবেন, এবং রাজ্য সরকারের তথ্যমন্ত্রী উপস্থিত রয়েছেন তিনি যেন তাঁর অভিমত জানান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা হয়েছে। প্রথমেই মাননীয় সদস্য সুব্রত মুখার্জি যে দাবি উত্থাপন করেছেন আমি আগেই সেটা স্বীকার করে নিয়েছি। প্রথমেই যদি একসহেগ এই প্রস্তাব দিতে পারতাম তাহলে এটার প্রয়োজন হত না। কারণ সৌগত বাবু অন্য ব্যাপারে ব্যস্ত। এটা যখন হাজির করা হয় তিনি এখানে ছিলেন না। অত্যন্ত আনন্দের সঙ্গে এটাকে সর্বদলীয় বিষয় হিসাবে গ্রহণ করতে চাইছি। কারণ নেলসন ম্যান্ডেলা প্রথম সাম্রাজ্যবাদী বিরোধী আন্দোলনের মূর্ত প্রতীক। সে বিষয়ে কারো কোনও সন্দেহ নেই। যারা সাম্রাজ্যবাদ বিরোধী সেদিক থেকে আমি মনে করব এই প্রস্তাবে শ্রী সুব্রত মুখার্জি, শ্রী দেবপ্রসাদ সরকার এবং শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান এই তিনটি নাম যুক্ত হবে। এইভাবে প্রস্তাবটি যেরকম আছে সেটা গ্রহণ করা হোক।

মিঃ স্পিকার ঃ এতে যাঁরা বক্তব্য রাখলেন, শ্রী মানবেন্দ্র মুখার্জি, শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়, সব এই মোশনে সিগনেটরি হিসাবে থাকবেন। শ্রী বিমলানন্দ মুখার্জির নামও থাকছে। এটা অল পার্টি মোশন থাকছে তো?

The motion of Shri Sachin Sen that

বর্ণবৈষম্যবাদের অবসানের প্রতীক নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর পর বর্ণবৈষম্যবাদী সরকারের কারাগার থেকে মুক্তি পাওয়ার পর আমাদের দেশে আসার ইচ্ছা প্রকাশ করেছেন এবং ভারত সরকার তাকে ভারত ভ্রমণে হার্দিক আমন্ত্রণ জানিয়েছেন।

সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের উজ্জ্বল কেন্দ্র এবং বিগত দুই শতাব্দী জুড়ে রক্তের বিনিময়ে সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের ঐতিহ্যবাহী পশ্চিমবাংলার জনগণের পক্ষ থেকে এই সভা নেলসন ম্যান্ডেলাকে ভারতে সাদর অভ্যর্থনা জানাচ্ছে এবং বর্ণবৈষম্যবাদী সরকারের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার মানুষের সংগ্রামের প্রতি সমর্থন এবং সহমর্মিতা জ্ঞাপন করছে।

[2-10 – 2-20 P.M.]

## MOTION UNDER RULE 185

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I beg to move that.

This House notes with serious concern that a number of atrocities and assaults on Women have taken place in the State in recent months and some of these atrocities have place on Women in Police custody.

This House condems these incidents of rape and assault on Wom-

en which is against the culture of Bengal and urges on the State Governent to take proper steps to punish the guilty and prevent the recurrence of such incidents.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সঙ্গে সৌগত রায়, সুদীপ বন্দ্যোপাধ্যায়, মানস ভুঁইয়া এরা অনেকেই আছেন। আমরা একসঙ্গেই এটা দিয়েছি। আমি এটা মুভ করে প্রথমে শুরু করতে চাই, আজকে পশ্চিমবঙ্গের সম্মান বানতালার ঘটনার পর থেকে কয়েক মাসের মধ্যে যেসব ঘটনা ঘটেছে তার ফলে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মানুষ বা বিশ্ববাসীর কাছে শুধু ছোট হওয়াই নয়, আজকে সবাইকে আমাদের ঘৃণার চোখে দেখছেন। আজকে যেসব ঘটনাগুলি ঘটেছে, স্বাধীনতার পর এত অল্প দিনের মধ্যে এই রকম দুর্ঘটনা, এই রকম নারী নির্যাতন, নারী ধর্ষণ, অমানুষিক অত্যাচার নারীদের উপর আর হয়নি। এর মূল কারণ হিসাবে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বলতে চাই, জ্যোতিবাবু, যিনি পুলিশ মন্ত্রীও বটে, তিনি গত ১৩ বছরে পুলিশ বাহিনীকে সম্পূর্মভাবে পলিটিকালাইজড্ করে দিয়েছেন। এইভাবে পলিটিকালাইজড্ করে সম্পূর্ণ পুলিশ বাহিনীকে নিজেদের দলভুক্ত করবার ফলে পুলিশের সঙ্গে সমাজবিরোধীদের একটা সম্পর্ক গড়ে উঠেছে এবং তার ফলে পশ্চিমবঙ্গ আজকে সমাজবিরোধীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। পুলিশ যদি আইন মাফিক কাজ করতে পারত তাহলে অবস্থা অন্যরকম হত, কারণ পশ্চিমবঙ্গের পুলিশ বাহিনীর দক্ষতা ভারতবর্ষের অন্যান্য পুলিশ বাহিনীর দক্ষতা থেকে অনেক বেশি। আজকে উপর তলার আই. পি. এস. অফিসাররা তাঁদের নিজেদের প্রমোশন এবং সুযোগ আদায়ে ব্যস্ত থাকায় লালবাজার থেকে আরম্ভ করে থানা পর্যন্ত সর্বত্র পুলিশ বাহিনীর মোরেল, তাদের নৈতিকতাবোধ শেষ হয়ে গেছে। ফলে রাজ্যে আইনের শাসন বলতে আর কিছু নেই। গত ১৩ বছর ধরে যিনি পুলিশ মন্ত্রী হয়ে বসে রয়েছেন একমাত্র তিনিই এরজন্য দায়ী। তিনিই এটা করতে সাহায্য করেছেন। আপনি প্রশ্ন করতে পারেন যে কেন একথা বললাম। তার কারণ হল, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী, তিনি বলেছেন—'আমি পুলিশকে বাঁচাব'। এরপর পুলিশ কি করবে? তিনি কনফারেন্সে বলেছেন—'আমি পুলিশকে বাঁচাব'। আজকে পুলিশ সমাজ বিরোধীদের সঙ্গে মিলে এমন একটা জায়গায় পৌঁছেছে যে, পুলিশের পক্ষে সমাজ বিরোধীদের ধরবার ক্ষমতা নেই। চিফ সেক্রেচারি এ-সম্পর্কে যে রিপোর্ট দিয়েছেন সেটা অত্যন্ত হৃদয়বিদারক। অত্যন্ত লজ্জার কথা সেটা। সেই রিপোর্টে দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গের পুলিশ প্রশাসনে সি. পি. এম. অঙ্গুলিহেলন করছেন। চিফ সেক্রেটারি বলেছেন পশ্চিমবাংলায় সি. পি. এম.-দের গায়ে হাত দেবার ক্ষমতা পুলিশ প্রশাসনের নেই। এই অবস্থা হল কেন? আজকে দুঃখের কথা যে, আমরা একটার পর একটা দেখেছি। পুলিশকে ক্যাডারদের সঙ্গে নামিয়ে দিয়ে—ইতিহাসে হয়নি। তিনি কারও একার মুখ্যমন্ত্রী নন, তিনি সকলের মুখ্যমন্ত্রী, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, তাঁর সম্মান কোথায় আছে সেটা আমি আপনার কাছে জানতে চাইছি। তিনি বিদেশ থেকে ফিরে এসে বললেন বাংলা বন্‌ধ প্রশাসনিক ভাবে তাকে মোকাবিলা করা হবে। তার পরের দিন ওনাদের পার্টির ক্যাডারদের চাপে, নেতাদের চাপে এবং আলিমুদ্দিন স্ট্রিটের চাপে তাঁকে বাধ্য হয়ে বলতে

*হচ্ছে সেখান থেকে সরে এসে যে ক্যাডার দিয়ে বন্ধ করব। তার ফল দাঁড়িয়েছে কি? দেখিয়ে দিলেন, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী দেখিয়ে দিলেন পুলিশ প্রশাসনের পাশাপাশি সমাজ বিরোধীরা* রাইফেল নিয়ে, রিভলভার নিয়ে ঘুরবে, তাদের কিছু বলতে পারবে না, মমতা ব্যানার্জিকে মারা হবে, সুব্রত মুখার্জিকে মারা হবে, পঙ্কজকে মারা হবে।

Mr. Speaker: Mr. Bapuli, your motion is on the atrocities on Women.

[2-20 – 2-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এই কথা ঠিকই বলেছেন, ভাল কথাই বলেছেন, খুব ভালই করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ছোট্ট দৃষ্টান্ত দিয়ে বলি, বানতলার ঘটনা ঘটল, বানতালর ঘটনা ঘটার পরে দেখলাম সিঙ্গুরের ঘটনা। কুচবিহারে ঘটনা ঘটল।এখানে মন্ত্রী নেই, কমলবাবু পশ্চিমবাংলার মন্ত্রী সভার একজন মন্ত্রী, তিনি বললেন যে, সমাজবিরোধী এবং পুলিশ এক হয়ে গেছে। মন্ত্রী আক্ষেপ করে বলছেন, আমরা তো বিধানসভায় বিরোধী দলের লোক বলছি! সিঙ্গুরের ঘটনা ঘটল, কুচবিহারের ঘটনা ঘটল, আশোকনগরের ঘটনা ঘটল, নদীয়ার ঘটনা ঘটল, বিরাটির ঘটনা ঘটল, পৌরসভার ঘটনা ঘটল। মহরমের দিন কলিকাতায় যে ঘটনা ঘটল তা আপনারা সকলেই জানেন। আরো লজ্জার কথা দেখলাম হাওড়ায় মহিলা কর্মীকে ক্লোজ রেঞ্জে গুলি করা হল এবং তার পা ধরে টেনে নিয়ে যাওয়া হচ্ছে। হাওড়ায় বিমলাদেবীকে গুলি করা হল। তারপর দেখলাম বর্ধমানে পুলিশ মহিলাদের উপর লাঠি চার্জ করেছে, অত্যাচার করেছে এবং তাদের পা ধরে টেনে নিয়ে যাচ্ছে। এই সমস্ত ঘটনা ঘটল এক বছরে শুধু। কেন হচ্ছে। তার একটা মাত্র কারণ যে, পশ্চিমবাংলার পুলিশ সম্পূর্ণ ভাবে একটা রাজনৈতিক দলকে সমর্থন করে, একটা রাজনৈতিক দল তাদের কুক্ষিগত করে রেখেছে বিবেক, বুদ্ধি বিবেচনা সমাজবিরোধীদের হাতে বিসর্জন দিয়ে। তাই আজ সাধারণ মানুষের জীবন, সাধারণ মানুষের ধনসম্পদ এবং সাধারণ মহিলাদের সম্মান ভুলিণ্ঠিত। পশ্চিমবাংলার বিধানসভা সংস্কৃতি সবচেয়ে বড় পিঠস্থান, পশ্চিমবাংলার বিধানসভায় আজকে বলতে হচ্ছে মহিলাদের রক্ষা করার ব্যাপারে মুখ্যমন্ত্রীর সম্পূর্ণ ব্যর্থতা নয় একটা কলঙ্কময় ইতিহাস, একটা কলঙ্কজনক অধ্যায় তৈরি করেছেন ১৩ বছর ধরে পশ্চিমবাংলার বুকে। মাননীয় অধ্যক্ষ. মহাশয়, যদি ছোট একটা উদাহরণ দিই তাহলে বুঝতে তপারবেন। ১৯৮০-৮২ সালে ৪২৬টি রেপের ঘটনা ঘটল আর ১৯৮৮-৮৯ সালে ৫২৮টি রেপের ঘটনা ঘটল আর ১৯৯০ সালের জানুযারি টু এপ্রিল ১৯০টি। অর্থাৎ প্রতিদিন গড়ে দেড়টা করে রেপের ঘটনা, রেপ হচ্ছে। রেকর্ড হয়নি এমন অনেক ঘটনা আছে, আমাদের অনেক মা-বোনেরা থানায় যান না, বলতে চান না, বলতে পারেন না, আর বললেও রেকর্ড হয় না। তাই আমরা দেখতে পাচ্ছি প্রতিদিন একটা করে রেপ হচ্ছে। এটা আমার কথা নয়, পুলিশ নিজে স্বীকার করেছেন, প্রতিদিনের ঘটনা এটা। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সেদিন এমন ঘটনা তো হয়েই থাকে। যদি এমন ঘটনা হয়েই থাকে, এই মহিলা জাতীর

উপর যে অপমান—মহিলা জাতীর উপরে তিনি যে অপমান করেছেন তা আমার মনে হয় পশ্চিমবাংলার মানুষ কখনও সহ্য করতে পারেন না। এটা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর মুখ থেকে বেরিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা গান গেয়ে বেড়ায়, গণ সঙ্গীত গেয়ে বেড়ায়। প্রত্যেকটি ক্ষেত্রে এই গণ সঙ্গীত গায়কের দল গণ ধর্ষনের নায়ক। তারা গণ ধর্ষনের নায়ক হয়ে পশ্চিমবাংলার প্রত্যেকটি জায়গায় রেকর্ড সৃষ্টি করছে। আজ পর্যন্ত যতগুলি ঘটনা লিপিবদ্ধ হয়েছে, প্রতেকটি ক্ষেত্রে দেখা গেছে মাকর্সবাদী কমিউনিস্ট পার্টির অত্যাচারের কথা পুলিশ বলতে পারেনি। যদি তা বলতে পারত, যেমন মুর্শিদাবাদের এস. পি. বলেছিলেন, তাঁকে রাতারাতি ট্রান্সফার করে দেওয়া হয়েছে। এই রকম বলার জন্য নদীয়া জেলার ডি. এস. পি.-কে রাতারাতি ট্রান্সফার হতে হয়েছে। কেউ যদি নির্ভিক ভাবে, নিরপেক্ষ ভাবে কাজ করতে চেয়েছেন দেখা গেছে, তাহলে তাঁকে হয় সাসপেন্ড করে রাখা হয়েছে অথবা ট্রান্সফার করা হচ্ছে। আমি এই ধরনের কাজকে কখনও সমর্থন করছি না। ওঁদের যদি বিবেক থাকে তাহলে অনুরোধ করব যে, আমার প্রস্তাবকে ওঁরা সমর্থন করুন।.....(মাইক অফ)

**Mr. Speaker :** There is one Amendment to the motion. The amendment is in order. I would request Shri Deba Prasad Sarkar to move his motion.

Shri Deba Prasad Sarkar: Sir, I beg to mofe that at the end of para I, the following be added:

"Which have marred the records of the atrocities and assaults committed on women even in Congress regime."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সৌগত রায় এবং অন্যান্য সদস্যরা আজকে এখানে যে প্রস্তাবটি এনেছেন—পশ্চিমবাংলার নারী নিগ্রহের প্রসঙ্গে উদ্বেগ প্রকাশ করে—আমি এই প্রস্তাব সম্পর্কে আমাদের দলের পক্ষ থেকে বক্তব্য রাখতে গিয়ে অত্যন্ত বেদনার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, পশ্চিমবাংলায় ইদানিংকালে একের পর এক নারী নিগ্রহ এবং গণ ধর্ষনের ঘটনা যেভাবে ঘটে চলেছে তা এমনকি কংগ্রেস রাজত্বকালের নারী নিগ্রহের যে চিত্র তার রেকর্ডকেও পর্যন্ত ম্লান করে দিয়েছে। এটি উদ্বেগের। আজকে বলতে বাধ্য হচ্ছি, একথা ঠিক যে, কংগ্রেসি রাজত্বে সেখানে নারী নিগ্রহের ঘটনা, মায়া ত্যাগীর ঘটনা, অসীমা পোদ্দারের ঘটনার কথা ভারতবর্ষের মানুষ, এই রাজ্যের মানুষ সকলেই জানেন। সম্প্রতি ত্রিপুরাতে আদিবাসী মহিলাদের নিগ্রহের ঘটনাও আমরা জানি। এইসব ঘটনা নিশ্চয়ই আছে, কিন্তু পশ্চিমবাংলাকে ঘিরে আমাদের অন্ততপক্ষে যেটা গর্ব ছিল, যে পশ্চিমবাংলা একদিন সারা ভারতবর্ষে নারীমুক্তি আন্দোলনের পথিকৃত ছিল, যে বাংলায় স্ত্রী শিক্ষার অগ্রগতি ঘটেছিল, যে গোটা ভারতবর্ষকে নেতৃত্ব দিয়েছিল, সেই পশ্চিমবাংলায় আজকে যে চিত্র সেটি খুবই মর্মান্তিক। একের পর এক ঘটনা যেগুলি ঘটছে, বানতলার ঘটনা থেকে শুরু করে বিরাটি, অশোকনগর, বারাসাত, সিঙ্গুর এবং তারকেশ্বরের ঘটনা বহুজনকথিত এবং সকলেরই জানা,

এটা অত্যন্ত রোমহর্ষক এবং উদ্বেগজনক। ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ট্রেনিং তাঁদের পরিসংখ্যান বলেছেন '৮১ সাল থেকে '৮৯ সালে পশ্চিমবাংলায় ৪,৫৬৯টি গণ ধর্ষনের ঘটনা ঘটেছে। অ্যাভারেজ বছরে ৫০৭টি ধর্ষনের ঘটনা এই পশ্চিমবাংলায় ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আপনি জানেন যে, সরকারি এই তথ্য প্রকৃত তথ্য বা পরিসংখ্যান থেকে অনেক কম। আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, এই গণ ধর্ষনের তালিকা পশ্চিমবাংলায় ভারতবর্ষের মধ্যে চতুর্থ স্থান অধিকার করেছে। অন্ধ্রপ্রদেশ, বিহার, মধ্যপ্রদেশ তারপরেই পশ্চিমবঙ্গের স্থান। এটা অত্যন্ত দুঃখের বিষয় যে, এই গণ ধর্ষনের যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তা বছরে ৫০০ উপরে এবং ৪ ভাগের ১ ভাগ সেটা আদালতে অভিযুক্ত হয়ে অভিযোগী হিসাবে আসে। অর্থাৎ যে সংখ্যা আসে তার ৪ ভাগের ১ ভাগের সাজা হয়ে থাকে। এইরকম একটা ভয়ঙ্কর ঘটনা নারী নিগ্রহ, নারী ধর্ষনের ঘটনা ঘটছে এ অবস্থা কেন ঘটল সেটা আমাদের দেখতে হবে। যে বাংলা একদিন নারী মুক্তি আন্দোলনের পথিকৃত ছিল আজকে সেখানে এইরকম দৃষ্টিভঙ্গি কেন? এটা অত্যন্ত বেদনার কথা যে, বানতলাতে যে ঘটনা ঘটল তারপরে আমাদের মুখ্যমন্ত্রী এইরকম একটা মন্তব্য করলেন। বিরাটিতে এইরকম একটা ঘটনার পরে মহিলা নেত্রী বামফ্রন্ট দলের সি. পি. আই. এমের যে মন্তব্য করলেন যে ধর্ষিতা নারীর চরিত্র সম্পর্কে, সেটা ঠিক হয়নি। এইরকম একটা কটুক্তি করা তাঁর মতো মহিলার কাছ থেকে ঠিক হয়নি। সুতরাং এই যে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে এতে আজকে মহিলাদের নিরাপত্তার প্রশ্ন জড়িত রয়েছে এবং অবিলম্বে এর কার্যকর পদক্ষেপ নেওয়া দরকার।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে যেভাবে দেবপ্রসাদ বাবু পরিসংখ্যান দিলেন যে, ৪ হাজার ৬০০ জন ধর্ষিতা হয়েছেন, এই সংখ্যাটি উনি পেলেন কোথা থেকে? কোন সোর্স থেকে এই পরিসংখ্যান পেলেন? আমি যদি বলি দেবপ্রসাদ বাবু এই অভিযোগের সঙ্গে যুক্ত রেকর্ডেড আছে। সুতরাং তিনি সোর্স কোথা থেকে পেলেন এবং সভাকে এইভাবে মিসলিড করার অধিকার কে দিয়েছে? যদি এই সংখ্যা অথেন্টিসিটি না থাকে তাহলে এগুলো এক্সপাঞ্জড করে দেওয়া হোক।

(গোলমাল)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ট্রেনিং।

Mr. Speaker: Mr. Subrata Mukherjee, what is your point of order?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাউল অ্যান্ড সাকদার এবং মেজ পার্লামেন্টারি প্র্যাক্টিশে বলা আছে যে, কনভেনশন আছে যে, যদি কোনও সদস্য বক্তৃতা করেন বা যখন মন্ত্রী বক্তৃতা করেন তখন তিনি যদি কোনও ভুল বক্তৃতা করেন তা তিনি পরিবর্তন করে

নিতে পারেন। আপনি বিষয়টা পিভিলেজে পাঠাতে পারেন, বা এই সম্পর্কে রুলিং দিতে পারেন কিন্তু এই প্রিভিলেজে পাঠানোর ব্যাপারে নট নেসেসারি আদার দ্যান মিঃ স্পিকারস চেয়ার। যতীন চক্রবর্তী মন্ত্রী থাকাকালীন এইরকম একটা প্রিভিলেজের ঘটনা ঘটেছিল এবং সেখানে সোর্স সম্পর্কে আপনি জিজ্ঞাসাবাদ করবেন এবং আমরা বলতে বাধ্য কিন্তু আদার দ্যান ইয়োরসেল্ফ ফ্রম ইয়োর চেয়ার আমরা বলতে বাধ্য নই। আর কারুর কাছে আমরা বলতে বাধ্য নই। দেবপ্রসাদ বাবু আমাদের দলের লোক নন কিন্তু তবুও বলছি রবীন বাবুকে উনি কেন সোর্স জানাতে যাবেন। উনি কোনও সোর্স হাউসকে দেখাতে বাধ্য নন। কাউল অ্যান্ড সিকদার এবং মেজ পার্লামেন্টারি প্র্যাক্টিশটা একটু রবীনবাবুকে পড়তে বলুন।

**Mr. Speaker :** Mr. Subrata Mukherjee and Mr. Rabindra Nath Mandal, please take your seats. I would again like to remind the honourable members that no member is bound to disclose his source. When any Honourable member is making any statement in the House he is making this in his own responsibility. That is understood. If any one makes any allegation or makes serious charges against another member in the House which may apparently appear to be false or true yet he is not bound to disclose the Source. He is making this in his own responsibility. In the case of Dr. Manas Bhunia nobody compelled him to disclose the source of his information. He was alleged to have done this. The matter went to the Privilege Committee. He was heard there and he had not called for the disclosure of the source. The Committee found that he had no basis over which he made a statement. The Committee came to the conclusion that no member is bound to disclose the source on which he makes his statement. But the responsibility of making a statement lies on him.

[2-30 - 2-40 P.M.]

(গোলমাল)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমি তো আপনাকে বক্তৃতার মধ্যে সোর্স বলেছি, সেটা হচ্ছে ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ট্রেনিং, ওরা যদি বক্তৃতা ভাল করে না শোনেন তাহলে আমি কি করতে পারি।

**Mr. Speaker :** Mr. Sarkar, please do misunderstand what I have said. I have not commented on what you said. I have only commented on the principles of Parliamentary practice.

Now Shrimati Anju Kar Please.

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বিরোধী দলের সদস্য শ্রী সৌগত রায় এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব আজকে এনেছেন নারী নিগ্রহের উপর সেই ব্যাপারে আমার মনে হচ্ছে যে, এই ধরনের একটি গুরুত্বপূর্ণ প্রস্তাবের ব্যাপারে গুরুত্বটা যদি আপনারা বিবেচনা করতেন তাহলে বিকৃত তথ্য দিয়ে এবং সেটা হাউসে পরিবেশন করে আজকে শুধু হাউসের সদস্যদের নয়, গোটা পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষকে আপনারা বিভ্রান্ত করেছেন। সেইজন্য আপনাদের এই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে বিরোধিতা করছি। এবং সঙ্গে সঙ্গে বলতে বাধ্য হচ্ছি এই প্রস্তাবের ব্যাপারে আমরা উদ্বিগ্ন। আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি আজকে শুধু পশ্চিমবাংলায় নয় যেভাবে আপনারা এই ঘটনাকে দেখাতে চাইছেন যেভাবে পশ্চিমবাংলায় নারী নির্যাতন হচ্ছে, বিচ্ছিন্নভাবে নারী নির্যাতন ঘটছে কার্যত এটা ঠিক নয়। আজকে যে ঘটনাগুলি ঘটছে তার মূল কারণ আমাদেরকে খুঁজে বের করতে হবে। আজকে যে সমাজ ব্যবস্থায় আমরা বাস করছি এই আর্থ সমাজতান্ত্রিক পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় নারী পণ্য হিসাবে গণ্য হচ্ছে। জমিজমা, ঘরবাড়ি, যেভাবে আজকে ব্যক্তিগত সম্পত্তি হিসাবে ব্যবহার হয় আজকে সমাজে নারীকেও সেইভাবে ব্যক্তি সম্পত্তি হিসাবে ব্যবহার করা হচ্ছে। আর সেই ব্যবস্থাকে আপনারাই টিকিয়ে রেখেছেন। যার ফল হিসাবে আপনারা শুধু পশ্চিমবাংলায় নয়, গোটা ভারতবর্ষের দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখতে পাবেন আপনাদের শাসনকালে প্রত্যেকটি রাজ্যে, হরিজন মহিলাদের উপর, আদিবাসী মহিলাদের উপর, উপজাতি মহিলাদের উপর প্রত্যেকটি অংশে মা-বোনের উপর কি ধরনের সাংঘাতিক নির্যাতন চলেছে। আজকে আপনারা যেভাবে ঘটনাগুলিকে এখানে বলতে চাইছেন সেই ধরনের ঘটনার কথা আপনাদের মুখে উচ্চারণ করার শোভা পায় না। নারীর মর্যাদাকে কিভাবে রক্ষা করতে হয় আপনারা সেটা জানেন। '৭০-'৭৭ সাল অবধি আপনারা এখানে অন্ধকারের রাজত্ব কায়েম করেছিলেন এই কথা কি মনে নেই? আপনাদের আমলে অনিমা, গীতা, জ্যোতি, প্রতিভাদের উপর কিভাবে আপনারা অত্যাচার চালিয়েছিলেন সেই কথা কি আপনাদের মনে নেই? আপনারা আমাদের গণতান্ত্রিক মহিলা সভানেত্রির রক্তে কলকাতার রাজপথকে রক্তে ভাসিয়ে দেননি, সেদিন আমাদের সভানেত্রী জ্যোতি চক্রবর্তীকে কি ধরনের প্রহার করেছিলেন সেই কথা কি আপনাদের মনে নেই? আমাদের বর্ধমান জেলার পূর্ণিমা ব্যানার্জিকে কিভাবে আপনারা গলাটিপে হত্যা করেছিলেন, সেই কথা কি আপনাদের মনে নেই, এই কথা নিশ্চয় আপনাদের মনে থাকা উচিত। ভারতী তরফদারকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন, গীতা চ্যাটার্জির স্বামীকে খুন করে পুলিশের সামনে পুলিশকে দিয়ে ধর্ষণ করিয়েছেন, আজকে ভুলে গিয়েছেন সেই ঘটনাগুলি? আপনাদের আমলে পুলিশের সামনে থানা লকআপে মহিলাদের পোরা হয়েছে, এবং পুলিশ দিয়ে, গুন্ডা, বদমাইস, মস্তানদের দিয়ে তাদের উপর অত্যাচার করানো হয়েছে। আজকে ত্রিপুরায় কি ধরনের গণধর্ষন হচ্ছে? আজকে সরকারের কথা বলচেন। প্রশাসনের কথা বলছেন, পুলিশের কথা বলছেন। আজকে ত্রিপুরায় পুলিশ আছে বলে মনে হয় না। আজকে ত্রিপুরায় প্রশাসন আছে বলে মনে হয় না। আপনারা দেখেননি, একদিনে ২৫ জন আদিবাসীকে ধর্ষন করা হয়েছে পুলিশ বাহিনী দিয়ে। আজকে নারীর কথা

বলছেন? কোথাও, কোথাও এখনও আপনাদের রাজত্ব আছে। বোম্বে যান, কর্নাটকে যান, আজেকে সেখানে কি ধরনের গণধর্ষন চলছে। কই সেগুলিতো একবারও উল্লেখ করলেন না। আর সেই জায়গায় পশ্চিমবাংলার নারীদের প্রতি আপনাদের বড্ড দরদ। তাই না? কোন নারীর কথা বলছেন আজকে? ১৯৭৪ সালে জয়প্রকাশ নারায়ণের গাড়িতে উঠে তান্ডব নৃত্য করেছিলেন। এই কথা আপনাদের মনে নেই? আজকে আমাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। তার জন্য আজকে সাফাই গাইছেন? আপনাদের লজ্জা করা উচিত। আজকে এই কলঙ্ক আমরা উপলব্ধি করতে পারছি। এই সমস্ত নারীর সম্মান আজকে কোথায় যাচ্ছে? দেশের মানুষ চিন্তাভাবনা করতে শিখেছে। কোন নারীর লজ্জার কথা বলছেন? আজকে আপনারা শান্তিপূর্ণ আন্দোলনের নাম করে ও. সি.-র চেয়ারে গিয়ে বসে পড়ছেন। তার মাথা থেকে হেলমেট খুলে নিয়ে চলে যাচ্ছেন, তার গালে চড় মারছেন। আজকে নারী জাতির সম্মান সম্পর্কে কথা বলছেন? আজকে আমাদের নারী জাতির লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। আমরা মনে করি সামগ্রিকভাবে নারী সমাজের আজকে কলঙ্ক। সেই জায়গায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার নারীর অধিকারকে প্রতিষ্ঠিত করবার জন্য, সম্মান প্রদর্শন করবার জন্য, মর্যাদা প্রদর্শন করবার জন্য সমস্ত ক্ষেত্রে অধিকার দিচ্ছে। নারী সমাজের আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য তাঁরা সর্বক্ষেত্রে অধিকার দিচ্ছেন। আজকে দেখুন তো সতীদাহ প্রথা—এটা কাদের তৈরি? এই সতীদাহ ১৫০ বছর কুপ্রশা শেষ হয়ে গিয়েছে কিন্তু আপনারা এখনও এই প্রথাকে টিকিয়ে রেখেছেন। মুসলিম মহিলাদের সংবিধানে যেটুকু অধিকার দেওয়া আছে, সেটুকুও অধিকার রক্ষার নামে কেড়ে নেবার চেষ্টা করছেন তৎকালীন প্রধানমন্ত্রী। আপনাদেরই নেতা। আজকে লজ্জা হওয়া উচিত। আজকে আমরা মনে করি যে পশ্চিমবাংলার নারী সমাজের সম্মান, মর্যাদা, প্রতিষ্ঠিত করবার জন্য নারীদের আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে। শুধু পশ্চিমবাংলায় নয়, গোটা ভারতবর্ষের নারী সমাজ—আজকে বানতলা, বিরাটি, সিঙ্গুর, ক্যালকাটা কর্পোরেশনের ঘটনা এই সমস্ত তথ্য তুলে ধরে মানুষকে বিভ্রান্ত করতে পারবেন না। এমনকি পুরুষকে তো নয়। কোনও গণতান্ত্রিক কে সচেতন মানুষকে আজকে বিভ্রান্ত করতে পারবেন না। এই সমস্ত বিকৃত তথ্য দিয়ে, বিভ্রান্তিমূলক তথ্য দিয়ে মানুষকে পরিচালিত করতে পারবেন না। এই প্রস্তাবের আমরা যেমন বিরোধিতা করছি তেমনি আশা করছি পশ্চিমবঙ্গের সমস্ত মানুষও এর বিরোধিতা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাদের কাছে বলতে চাই যে সদস্য অঞ্জু কর তিনি একটু আগে যে বক্তব্য রেখেছেন সেই সম্পর্কে আমি বলতে চাই যে, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। ওঁদের অঞ্জু কর যে বক্তব্য রেখেছেন যে, পশ্চিমবাংলায় আমাদের একটা কৃষ্টি এবং সংস্কৃতি আছে। আজকে সেই কৃষ্টি এবং সংস্কৃতি চতুর্দিক থেকে শেষ হতে চলেছে। এটা খুবই পরিতাপের বিষয় যে, আজকে পশ্চিমবাংলায় এই পবিত্র হাউসে এই বিধানসভায় আমরা এখানে বসে নারী জাতির সম্মান হানিতে আমরা লজ্জাবোধ

করছি। আপনি নিশ্চয় জানেন, স্যার, পশ্চিমবাংলার কৃষ্টি এবং ঐতিহ্য আছে। গভির এবং পরিতাপের বিষয়, দুঃখের বিষয় পবিত্র হাউসে উল্লেখ করা হয়েছে। মাননীয় সদস্য অঞ্জু কর—আমি ভেবেছিলাম যে উনি কংগ্রেস, সি. পি. এম. সম্পর্কে যাই বলুন না কেন তিনি অন্তত নারীর পক্ষাবলম্বন করে বলবেন। কিন্তু অত্যন্ত লজ্জিত এবং বিস্মিত হলাম উনি নারী জাতির পক্ষাবলম্বন করে কোনও কথা বললেন না।

[2-40 – 2-50 P.M.]

আমাদের পশ্চিমবঙ্গ কৃষ্টি এবং সংস্কৃতির দিক থেকে ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ। আর আজকে সেখানে এইভাবে একটার পর একটা ঘটনা ঘটছে। গত দু'মাস প্রায় ৫০টা রেপের ঘটনা এখানে ঘটেছে। স্যার, আপনি নিশ্চয় জানেন প্যাট্রিসিয়া যখন পুরুলিয়ায় আনন্দমার্গীদের আশ্রয় এসেছিল তখন সি. পি. এমের বন্ধুরা বল্লম দিয়ে খুঁচিয়ে মারল, বানতলা দিয়ে যখন স্বাস্থ্য বিভাগের কর্মরত কর্মীরা আসছিল তখন তাদের উপর আক্রমণ করা হল এবং ঐ গুন্ডাবাহিনীর আক্রমণে অনিতা দেওয়ানের মৃত্যু হয়, তাদের উপর রেপ করা হয় এবং রানু ঘোষ ভীষণভাবে আহত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিঙ্গুরের ঘটনা আপনি জানেন, সেখানে পুলিশ লকআপে কাকলি নামে এক যুবতিকে পুলিশরা থানার মধ্যে পরপর তিনবার রেপ করে, বিরাটিতেও এই এইই রকম ঘটনা ঘটেছিল। প্রথমে ওরা বানতলার ঘটনাকে ছেলেধরা বলে চালিয়েছিল, পরে বিরাটির ঘটনাটাকে দেহ ব্যবসায়ীদের ঘটনা বলে চিহ্নিত করতে চেয়েছিল। ওদের নেতারা বললেন বিরাটির ঘটনার সঙ্গে জড়িত সমস্ত মেয়েরাই খারাপ। কিন্তু সি. পি. আই.-এর গীতা মুখার্জি অন্য কথা বলেছিলেন—তিনি বলেছিলেন—কোনও মেয়ে খারাপ কি না, ধর্ষনের ক্ষেত্রে সে প্রসঙ্গ ওঠে না। বিরাটিতে এক রাত্রে ঝুপড়িতে সাত জন মহিলার উপর পর পর রেপ করা হয়, অশোকনগরে এক নাবালিকাকে রেপ করা হল, ক্যানিংএ মালতী দাসকে রেপ করা হল, সর্বোপরি মুখ্যমন্ত্রীর কেন্দ্র সাতগাছিয়ায় ১১ বছরের মেয়ে আলোমাড়াকে রেপ করা হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌগত রায় এবং অন্যান্য কংগ্রেসিরা যে প্রস্তাব এনেছেন, এই পবিত্র হাউসে এই রকম একটা আলোচনা খুবই গর্বের। এটা আমরা কোনও দিনই ভাবতে পারিনি। ত্রিপুরায় নারী ধর্ষন হচ্ছে বলে ওরা আজকে ত্রিপুরা সরকারের পদত্যাগ দাবি করছে, তাহলে পশ্চিমবাংলায় আজকে নারী ধর্ষন হচ্ছে বলে, কেন জ্যোতিবাবু পদত্যাগ করবে না?

**শ্রী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সৌগত রায় এবং আরও কয়েকজন মিলে নারী নির্যাতনের উপরে যে প্রস্তাব এই বিধানসভায় এনেছেন, সে সম্পর্কে বলতে গিয়ে, আমি মনে করেছিলাম যে, এই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং এই সম্পর্কে আলোচনা করে এর মূল সমস্যাটা কোথায় সেটা ওনারা বলবেন। কিন্তু তারা নিজেরা যেভাবে আলোচনা করছেন, তাতে এই প্রস্তাবের গুরুত্ব কমে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যে, আজকে তারা বারবার যে কথাটা হাউসে বলছেন এবং হাউসে যতবার আসছেন ততবারই একই কথা বলছেন, ঐ বানতলা, বিরাটি এই সম্পর্কে ওনারা

বলছেন। আমার কথা হচ্ছে যে, আজকে যেকোনও মহিলার উপর আঘাত, যেকোনও মহিলার উপর নির্যাতন নিন্দনীয় এবং সেটা আমরা সব সময় বলি এবং প্রতিবাদ করি। কিন্তু বিরোধী দলের সদস্য সৌগত রায় মহাশয়কে আমি ইতিহাস স্মরণ করিয়ে দিতে চাই যে, আজকে আপনারা ১৩ বছরের একটা ইতিহাস নিয়ে বলছেন, সীমাবদ্ধ কয়েকটা ঘটনার কথা উল্লেখ করছেন। দীর্ঘদিনের রাজনৈতিক প্রেক্ষাপটে আমরা ভুলে যেতে পারি না সেই ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের ঘটনা। আপনারা বারবার বলচেন আজকে কেন এই ঘটনা ঘটছে এবং এটাকে আপনারা প্রাধান্য দিচ্ছেন। কিন্তু তা তো নয় ; ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালে এই পশ্চিমবঙ্গের বুকে যেসব ঘটনা ঘটেছে, যে নির্মম অত্যাচার মেয়েদের উপর ঘটেছে, লালবাজারের লকআপে যেসব ঘটনা ঘটেছে আমরা কি সেইসব ঘটনা ভুলে যেতে পারি? আমরা কি ভুলে যেতে পারি পশ্চিমবঙ্গে কংগ্রেসি রাজত্বে গণতান্ত্রিক আন্দোলনে যেখানে মেয়েরা নেতৃত্ব দিয়েছে সেখানে মেয়েদের উপর কি অত্যাচার হয়েছে? আজও ভুলতে পারিনি ১৯৫১ সালের কুচবিচারে খাদ্য আন্দোলনের সেই মিছিলের কথা যে মিছিলে নেতৃত্ব দিয়েছিলাম আমরা। সেই মিছিলের উপর আমার সামনে পুলিশ বন্দুক তুলে গুলি চালিয়েছিল, তাতে আমার বান্ধবী কবিতা, বনশনা মারা গিয়েছিল। ১৯৫৯ যখন সারা পশ্চিমবঙ্গকে দুর্ভিক্ষের করাল ছায়া গ্রাস করেছে সেদিন আমরা নারী সমাজ ভুখা মিছিল দিয়ে কার্জন পার্কে এসে জমা হয়েছিলাম। সেই মহিলাদের মিছিলের মধ্যে আমিও একজন ছিলাম। সেদিনের ঘটনা জালিয়ানওয়ালা বাগের ঘটনাকে স্মরণ করিয়ে দেয়। চারিদিক থেকে পুলিশ দিয়ে অবরোধ করে সেখানে গুলি চালিয়ে ক্ষান্ত হয়নি, সেই মিছিলের উপর ঘোড়সওয়ার চালিয়ে দেওয়া হয়েছিল, আমি সেই ঘোড়ার পায়ের চাপে আহত হয়েছিলাম এবং ৮০ জন মারা গিয়েছিলেন। কংগ্রেস আমলের সেই অত্যাচারের কাহিনী আজও ভুলতে পারিনি। গোটা ভারতবর্ষে যে আর্থ সামাজিক অবস্থার মধ্যে কংগ্রেস দীর্ঘদিন দেশকে নিয়ে এসেছে তাতে নারী সমাজের গমতান্ত্রিক অধিকার নেই, মর্যাদা নেই। পুরুষ শাসিত সমাজ ব্যবস্থায় নারীকে পণ্য হিসাবে ব্যবহার করা হয়। আমাদের দেশের অধিকাংশ নারী সমাজ নিরক্ষরতায় ডুবে রয়েছে। আজকে তাদের মধ্যে একটা বৈষম্য টেনেছেন যেকথা অঞ্জু কর বলেছেন। এই বিধানসভায় সেদিন মুসলিম বিলের বিরোধিতা করেছিলাম এইজন্য যে স্বাধীন ভারতবর্ষে সমস্ত জাতিকে সমান ভাবে দেখবেন। কিন্তু আপনাদের আমলে মহিলাদের গণতান্ত্রিক অধিকারকে খর্ব করার চেষ্টা করেছেন। তাই আজকে আপনাদের মুখে নারী নির্যাতন, নারী সম্পর্কে কোনও কথা শোভা পায় না। আপনাদের চেহারা আমরা জানি। একথা নিশ্চয়ই বলব যেকোনও নারী নির্যাতনের আমরা প্রতিবাদ করি, সেই সম্পর্কে আমরা কথা বলি, নারী নির্যাতন কখনও হওয়া উচিত নয়। আপনারা ১২ তারিখের ঘটনার কথা বলেছেন, বিরাটি, বানতলার কথা বলছেন, আমরা তার প্রতিবাদ করেছি। যে আর্থ সামাজিক অবস্থার মধ্য দিয়ে দেশ চলছে তাতে এই সমাজে মেয়েরা পণ্য হিসাবে ব্যবহৃত হচ্ছে। মেয়েদের উলঙ্গ ছবি, সিনেমা, ভি. ডি. ও.-তে দেখান হচ্ছে তাতে যুব সমাজ, নারী সমাজকে অবমাননা করা হচ্ছে। তার প্রতিবাদ করেছি। সুতরাং যতদিন না নারী নির্যাতনের অবসান হয়, নারী সমাজের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত না হয় ততদিন

নারী সমাজকে সম্মান দিতে পারবেন না। এই বলে এই প্রস্তাবের বিরোধিতা করছি।

[2-50 – 3-00 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে কোনও সন্দেহ নেই যে, বানতলা, বিরাটি, আরো কোনও কোনও জায়গায় বিক্ষিপ্ত ভাবে কিছু দুঃখজনক ঘটনা ঘটে গেছে এবং এই ব্যাপারে আমরা নিঃসন্দেহ হতে পারি, যেসব সংবাদ দেখি তাতে দারিদ্র সীমার নিচে যে মানুষ বসবাস করছে সেইসব পরিবারের মেয়েই পশ্চিমবাংলা থেকে অন্যত্র পাচার হয়। পশ্চিমবাংলায় নারী পাচারকারী চক্র অত্যন্ত সক্রিয়, এইসব আমরা দেখেছি। আমাদের মুর্শিদাবাদ জেলা এবং অন্যত্র এইসব আমরা দেখেছি। কিন্তু এই প্রশ্নটিকে একেবারে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে সবটা দেখলে চলবে না। সামগ্রিকভাবে আর্থ সামাজিক ব্যবস্থার অনিবার্য ফলশ্রুতি হচ্ছে নারী নির্যাতন, নারীর উপর অত্যাচার, বলাৎকার ইত্যাদি—এইসব ঘটনা ঘটছে। আমি অবাক হয়েছি, বিস্মিত হয়েছি যে, এখানে দেবপ্রসাদ সরকার পরিসংখ্যান তুলে বললেন কংগ্রেস আমলের চেয়ে বামফ্রন্ট সরকারের সময়ে নারী নির্যাতন বেড়েছে। এইসব পরিসংখ্যানের কথা তিনি বললেন। তিনি এই কথা বলতে পারলেন না, কংগ্রেস আমলে অর্চনা গুহর কথা এবং লালবাজারের হাজতে যেসব অমানুষিক অত্যাচার হয়েছিল। সেইসব কথা উনি বলতে পারলেন না। এখানে একজন বক্তা বললেন—তিনি অতীত ভুলে গেছেন! ঐ ক্যানিং-এ ১৯৭৪ সালে এই বিধানসভার সদস্য এবং বাইরের শ্রীমতী মায়া রায়কে নিয়ে তদন্ত করতে গিয়েছিলেন। ক্যানিং-এর দুর্গাপুর গ্রামে। ঐ মাননীয় সদস্য মহাশয় খুব ভালই জানেন যে, সেখানে অভিযুক্ত সেদিন কে ছিলেন। সেখানে ৩৬ জন রমনীর উপর বলাৎকার করা হয়েছিল। বিধানসভায় উপস্থাপিতও হয়েছিল, পুরানো কার্যবিবরণীটি একটি দেখুন। সেদিন কার প্রতি অঙ্গুলি নির্দেশ করা হয়েছিল, অভিযোগ কার বিরুদ্ধে ছিল? এইসব কথা এত সহজে ভুলে যাচ্ছেন! ভুলে যাচ্ছেন ১৯৭২ থেকে ১৯৭৭ সালের ঘটনাগুলি! একের পর এক আপনারা বিভিন্ন পরিবারকে ধ্বংস করেছেন। গ্রামের পরিসংখ্যানের যদি তদন্ত হত তাহলে ধরা পড়ত। কিভাবে অত্যাচার হয়েছিল। কংগ্রেস একদিনে ক্ষমতা থেকে চলে যায়নি, শুধু আন্দোলনের মধ্য দিয়ে যায়নি। যে অত্যাচার একের পর এক চালানো হয়েছে, যেসব পরিবার ভাঙা হয়েছে, যে ধরনের ঘটনা হয়েছে—ধর্ষন, বলাৎকারের সেইসব ঘটনা একনাগাড়ে চলেছিল। মানুষ প্রতিবাদহীন ছিল, মানুষ নির্বাক ছিল। মানুষ মুক, বধির হয়ে গিয়েছিল। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত গোটা পশ্চিমবাংলায় মানুষ অত্যাচারে নির্বাক হয়ে গিয়েছিল এবং তাদের প্রতিবাদের ফলেই আজকে কংগ্রেসের এই দশা হয়েছে। সেইজন্য যে প্রস্তাব ওরা এখানে উত্থাপন করেছেন সেটা শুধুমাত্র উদ্দেশ্য প্রণোদিত হয়ে রাজনৈতিক মুনাফা লোটার জন্যই করেছেন। আজকে এই ব্যবস্থার ভিতর পশ্চিমবাংলার ৬ কোটি ২০ লক্ষ মানুষ বাস করছে। এই কথা কেউ বলতে পারবে না—কেউ দায়িত্ব নিয়ে বলতে পারবে না যে, এইসব মানুষের ভিতর সমাজ বিরোধী মানুষ নেই। এর মধ্যে খারাপ মানুষ নেই, এই সমস্ত জঘন্য প্রবৃত্তির মানুষ নেই, যারা বিভিন্ন সময়ে এইসব কান্ড ঘটায়।

প্রশ্নটা হচ্ছে এই যে, সেখানে প্রশাসন নিরপেক্ষতা পালন করছে কি না, প্রশাসন কোনও ব্যবস্থা গ্রহণ করছে কি না, প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি না—এটাই হচ্ছে বিচার্য বিষয়। বিচার্য হচ্ছে এইটা যে, ঐসব কাজ যারা করছে তাদের পিছনে রাজনৈতিক মদত থাকছে কি না, রাজনৈতিক নেতারা তাদের পিছনে দাঁড়াচ্ছে কি না। এই রকম ঘটনা তো তারা উত্থাপন করতে পারবেন না যেখানে জুলুম হয়েছে মেয়েদের উপর, অত্যাচার হয়েছে—অত্যাচার হচ্ছে, সেখানে প্রশাসনকে শক্ত ভাবে ধরতে বলা হচ্ছে। বানতলা, বিরাটি আজকে সংবাদপত্রে এসেছে বলেই এত আলোচিত হচ্ছে। এই রকম বহু ঘটনা আমরা দেখেছি যেখানে প্রশাসন তৎপরতার সঙ্গে মোকাবিলা করেছে। সঙ্গে সঙ্গে এটা আজকে অত্যন্ত নিন্দনীয় ঘটনা হবে যদি রাজনৈতিক প্রশ্রয় থাকে, যদি রাজনৈতিক আশ্রয়ে পেয়ে যায়। মাননীয় স্পিকার মহাশয়, আমি বিধানসভার পুরানো কার্য বিবরণীটা একটু পড়ে দেখলাম সেখানেও এই ধরনের একটি ঘটনা নিয়ে আলোচিত হয়েছিল। অতীতে সোমনাথ লাহিড়ী মহাশয়, বিরোধী পক্ষের ঐখানে বসতেন। তিনি এই ধরনের একটি বিষয়বস্তু নিয়ে আলোচনা করেছিলেন, একের পর এক পরিসংখ্যান দিয়ে। সেদিন কংগ্রেস ট্রেজারি বেঞ্চে ছিলেন। সেদিন একটি শব্দ ব্যবহার করেছিলেন। পরিসংখ্যানের এত নজির, নারীদের উপর অত্যাচার, জুলুম, বলাৎকার শেষে তিনি বলেছিলেন—"ওরা জননীর গর্ভের লজ্জা"। আমি আবার পুনরুক্তি করছি—যারা এইসবের নেতৃত্ব দেয়, সমাজবিরোধী নেতৃত্ব দেয়, তারাই আজকে উচ্চকণ্ঠে কথা বলছেন—"ওরা জননীর গর্ভের লজ্জা"।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে বক্তৃতা করেছেন আমার বলার কিছু নেই। বক্তব্যটা ইররেলেভ্যান্ট হয়েছে কি না সেটা আপনি দেখবেন। কিন্তু যে শব্দটা উনি ব্যবহার করেছেন—অতীতে কেন ব্যবহার হয়েছিল, এখন কেন ব্যবহার হয়েছে। আমি জানি না। কিন্তু আপনি এর গুরুত্বটা উপলব্ধি করুন, এর মানেটা কি বোঝায়, উনি বলেছেন—আমরা জননীর গর্ভের লজ্জা। উনি যদি এটা উইথড্র না করেন তাহলে আমি আমার দলকে আমরণ অনশন করতে বলব, আমিও আমরণ অনশন করব।

**মিঃ স্পিকার ঃ** উনি আপনাকে বলেননি। উনি বলেছেন যারা এটার নেতৃত্ব করেন তারা হচ্ছেন জননীয় গর্ভের লজ্জা। কথাটা আপনার বোঝা উচিত ছিল। আই অ্যাম স্যরি। আই হ্যাভ হার্ড ইট। আপনি বসুন।

**শ্রী স্বদেশ চাকি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নারী নির্যাতনের উপর যে প্রস্তাব বিরোধীপক্ষ থেকে আনা হয়েছে তার তীব্র বিরোধীতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমেই বিরোধীপক্ষকে স্মরণ করিয়ে দিতে চাই যে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এবং খোদ দিল্লিতে যখন ওরা রাজত্ব করতেন তখন কি অবস্থা ছিল সেটা একটু চিন্তা করুন। দিল্লিতে রাত্রে মেয়েরা রাস্তায় বেরোতে পারত না। শুধু দিল্লি নয়,

উত্তরপ্রদেশ এবং বিহারে যেসব নারী নির্যাতনের ঘটনা ঘটেছে তার কি কোনও প্রতিবাদ তারা করেছেন? আমরা জানি, কোনও প্রতিবাদ তারা করেননি। আজকে পশ্চিমবঙ্গের মাটিতে সামান্য কয়েকটি বলে তারা দরদ দেখাচ্ছেন অথচ ওদের সময় ১৯৭২-৭৭ সালে লালবাজারের লকআপে এবং বিভিন্ন থানার হাজতে নারী নির্যাতনের কত ঘটনা ঘটেছে। তাছাড়া সেই সময় গণতান্ত্রিক আন্দোলনের আমরা জানি কত নারীর উপর নির্যাতন করা হয়েছে। ইদানিংকালে এখানে যে কয়েকটি ঘটনা ঘটেছে আমাদের বামপন্থী নেতারা তার প্রতিবাদ করেছেন এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ এইজন্য যে, তিনি প্রশাসনিক অর্ডার দিয়েছেন দোষীদের খুঁজে বার করে কঠোর শাস্তিবিধান করার জন্য। আজকে এখানে যারা এই প্রস্তাব এনেছেন আমি স্যার, সেই বিরোধীপক্ষকে একটু আত্মসমালোচনা করতে বলি। আমরা জানি, তাদের রাজত্বেনারীদের উপর নির্যাতন হয়েছে। যদি সেই আত্মসমালোচনা করতে পারতেন তাহলে বুঝতাম তারা নারী জাতিকে শ্রদ্ধা করেন। কিন্তু আমরা দেখলাম তা না করে তাদের আমলের ঘটনাগুলি লুকিয়ে রেখে এখানে সামান্য যে ঘটনাগুলি ঘটেছে তা নিয়ে চিৎকার করছেন। স্যার, যে ঘটনা ঘটেছে বামপন্থীরা তার নিন্দা করেছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রশাসনিক নির্দেশ দিয়েছেন দোষাদের খুঁজে বার করে শাস্তিবিধান করার জন্য। এই কথা বলে এই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় সদস্য শ্রী সৌগত রায় সহ অন্যান্য বিরোধী সদস্যরা মিলে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবে তাদের বক্তব্যের শুরুতেই যা শোনা গিয়েছে তাতে দেখা যাচ্ছে এটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। স্বভাবতই আমি এই প্রস্তাবে বিরোধিতা করে কিছু বক্তব্য রাখ চাইছি। স্যার, এই প্রস্তাব সম্পর্কে প্রথমেই বলতে চাই, যে প্রস্তাব এসেছে সেটাকে আদৌ প্রস্তাব হিসাবে বিবেচনা করা যায় কি না দেখুন। কারণ এই প্রস্তাবে নির্দিষ্ট করে কিছু বলা হয়নি। কোন সময়? তাহলে পশ্চিমবঙ্গে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত, বা কোন পিরিয়ড কিভাবে বলতে চেয়েছেন, কোন মেয়ের উপর এবং কোন লকআপে, কিছুই নির্দিষ্ট করে বলা নেই। তথাপি আমি এই প্রস্তাব সম্পর্কে একথা বলতে চাই যে নারীদের উপর অত্যাচার সেটা সাধারণত আমরা দেখি সমাজে দু রকমের অত্যাচার হয়ে থাকে। একটা হচ্ছে সামাজিক এবং অর্থনৈতিক কারণে এবং আর একটা হচ্ছে সমাজবিরোধীরা ঘটিয়ে থাকে। স্যার, সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে আজ পর্যন্ত সামাজিক, অর্থনৈতিক কারণে অপেক্ষাকৃত নিম্নবর্ণের মহিলাদের উপর বিশেষ করে তফসিলি ও আদিবাসী এই সমস্ত মহিলাদের উপর সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যে অত্যাচার নেমে এসেছে।

[3-00 – 3-10 P.M.]

পশ্চিমবাংলায় সেই তুলনায় একেবারে নেই বললেই চলে। আজকে পশ্চিমবাংলায় আদিবাসী মহিলা হলে তার উপরে অত্যাচার করার সাহস কারোর নেই, এটা আপনারা

জেনে রাখুন। আজকে পশ্চিমবঙ্গে তফসিলি জাতির মেয়ে বা নিম্ন বর্ণের মেয়ে হলে তার ওপরে অত্যাচার করার এই রকম ঘটনা এখানে খুবই কম দেখা যায়। অন্য রাজ্যের তুলনায় আর্থ সামাজিক কারণে সমাজবিরোধীদের দ্বারা আক্রান্তের সংখ্যা এখানে অনেক কম। আমাদের যে শোষণ ভিত্তিক সামাজিক ব্যবস্থা, যে শ্রেণীভিত্তিক সমাজ ব্যবস্থা, নারীকে ভোগ্যপণ্য হিসাবে ভোগ করার জন্য বিয়ের যে ব্যবস্থা, সেই ব্যবস্থাকে স্বাধীনতার পর থেকে আপনারাই টিকিয়ে রেখেছিলেন। সেই যে ব্যবস্থা যা আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ৪৩ বছর ধরে তৈরি করেছিলেন সেখানে নারী শোষণ থেকে একেবারে মুক্ত হয়ে যাবে পশ্চিমবঙ্গ, এটা হতে পারে না। আমাদের মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস বলেছেন যে পশ্চিমবঙ্গে আমরা সরকার গঠন করার পরে এই বামফ্রন্ট সরকার কি প্রক্রিয়ায় চলছে, প্রশাসন কিভাবে চলছে সেটা দেখার কথা। আমরাও উদ্বিগ্ন। কারণ সমাজবিরোধীরা নারীদের উপরে এইভাবে অত্যাচার করে যাবে আর আমরা মুখ বুজে বসে থাকব এই জিনিস আজ হয় না। আপনারা দেখেছেন যে, বামফ্রন্ট সরকার নারীদের উপরে অত্যাচারের ঘটনায় দোষীদের সাজা দেবার জন্য সব রকম প্রচেষ্টা গ্রহণ করেছেন। কিন্তু বানতলার ঘটনাই বলুন, বিরাটির ঘটনা বলুন, সিঙ্গুরের ঘটনাই বলুন, অপরাধ চিরকালই অপরাধ। সমাজবিরোধীদের কোনও জাতপাত, ধর্ম সম্প্রদায় নেই, তারা অত্যাচার করে, অপরাধ করে। আমরা শুধু প্রশাসনের দিক থেকেই নয়, পশ্চিমবঙ্গে আমরা গণতান্ত্রিক আন্দোলনে বিশ্বাসী জনগণও এদিকে নজর রেখেছি এবং সমাজবিরোধীদের সাজা দেবার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। বানতালার কেসে ২৬ জন অপরাধী। এদের মধ্যে ২১ জনকে ধরা হয়েছে। এই সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত হচ্ছে। আমার কাছে যতটুকু খবর আছে বিচারকের কাছে ৩ জন কনফেস করেছেন। আপনারা জানেন এইসব ঘটনা। আমি আপনাদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। আজকে আপনাদের নারী জাতির উপরে এত মমতাবোধ হল কেন, এটাই আমার কাছে প্রশ্ন! আপনারা ভুলে যাবেন না এই হাউসের ঘটনা। এখানে মাননীয় সদস্য সাধন পান্ডে তাকে চলে যেতে হয়েছিল। তিনি এই সভায় কোনও নারীর মর্যাদা রেখেছিলেন? তিনি মহারানী কোঙারের প্রতি অশালীন মন্তব্য করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় তাকে সাজা দিয়েছিলেন কিন্তু আপনারা তাকে বাঁচাবার জন্য এগিয়ে এসেছিলেন। সেইসব কথা ভুলে যাবেন না। আপনারা যদি নারীর মর্যাদা রক্ষার জন্য সচেতন থাকতেন তাহলে বুঝতাম। আমি জানি না, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় কোথা থেকে এটা এনেছেন। আমার কাছে যেটুকু খবর আছে তাতে ১৯৮৫ সাল থেকে ১৯৮৯ সাল পর্যন্ত যে রেপ কেস হয়েছিল সেটা আমি বলছি। কিন্তু আপনি এটা উদ্দেশ্য প্রণোদিত ভাবে এনেছেন। এটা কেন বলছি? আপনি জানেন যে, ১৯৮৫ সালে গোটা পশ্চিমবঙ্গে ৪৮৫টি রেপ কেস হয়েছিল।

(এ ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চঃ কোন সোর্স থেকে বলছেন?)

সোর্স হচ্ছে স্বরাষ্ট্র দপ্তর। ১৯৮৬ সালে ৬৭৪ জন, ১৯৮৭ সালে ৪৬১ জন, ১৯৮৮ সালে ৫৪৭ জন এবং ১৯৮৯ সালে ৪৬৯ জন। আপনারা যদি নারীর মর্যাদা রক্ষার জন্য,

নারীদের অত্যাচারের প্রতি শঙ্কিত হতেন তাহলে আপনাদের ভূমিকা এই রকম হত না। আমরা ১৯৮৬ সালে গণতান্ত্রিক মহিলা সমিতির পক্ষ থেকে আন্দোলন করছি। আপনারা দেখেছেন যে, আমাদের গণতান্ত্রিক মহিলা সমিতির নারীরা গণতান্ত্রিক ভাবে যে আন্দোলন করেছিলেন তাতে তারা ১৯৮৬ সালে পথে নেমে আন্দোলন করেছিলেন। সেই সময়ে অর্থাৎ ১৯৮৬ সালে রেপ কেস হয়েছিল ৬৭৪টি এবং আপনারা জানেন যে, ১৯৯০ সালের জানুযারি থেকে জুলাই পর্যন্ত যে রেপ কেস হয়েছিল এখন তার সংখ্যা কম আছে। তা সত্ত্বেও আজকে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে এটা আনা হয়েছে। আমাদের নিশ্চয়ই বাংলার যে সংস্কৃতি, সুস্থ সংস্কৃতির উপর একটা আঘাতে আমরাও তো শঙ্কিত। আমরা চাই আমাদের প্রশাসনকে দিয়ে আমরা এমন নজীর সৃষ্টি করতে চাই, যেন দ্বিতীয় বানতলার ঘটনার কোনও পুনরাবৃত্তি না ঘটে। এটা তো বড় কথা। আমরা সেই জন্য চাই, আপনারা সজাগ হোন, সকলে মিলে সজাগ হোন, কারণ জানেন এই আর্থ সামাজিক কাঠামোর মধ্যে যে শ্রেণী বিভক্ত সমাজ ব্যবস্থা আছে, এখানে যদি আমরা রাজনৈতিক দলের—আপনারা বুকে হাত দিয়ে বলুন তো এগোতো পারবেন তো এই নারী নির্যাতন রক্ষার ক্ষেত্রে? আমরা তো দেখি নারীর মর্যাদা রক্ষার ক্ষেত্রে আপনারা এমন এমন ভূমিকা পালন করেন, এখানে আজকে এই বিধানসভার একটা অত্যন্ত গুরুত্বপূর্ম বিষয় বলে আলোচনাতে দিয়েছেন, কিন্তু আমি দেখলাম যেখানে আমাদের মাননীয় সদস্য অঞ্জু কর বলতে উঠলেন, তখন তাঁর সঙ্গে কি ব্যবহার করলেন। কাজেই এইগুলো একটু ভাববার দরকার আছে। সারা ভারতবর্ষের কথা যদি বলেন, আপনারা জানেন ১৯৮৯ সাল, যদি গত বছরের ঘটনা দেখেন তাহলে পশ্চিমবঙ্গে যেখানে রেপ কেস মাত্র ৪৪২, সেখানে মহারাষ্ট্রে দেখুন ৭৮৬. কই আপনাদের কণ্ঠস্বর তো সেখানে উঁচু হয় না? মধ্যপ্রদেশে ২ হাজার ৪৫, অন্ধ্র প্রদেশে ৫৪৮। মলেস্টেশন পশ্চিমবাংলায় যদি বলেন, সবচেয়ে কম ২৩৬ আর ২ হাজার ৫৯৬ মহারাষ্ট্রে। মধ্য প্রদেশে ৫ হাজার ৯১০ আর অন্ধ্র প্রদেশে ৮৮৫। নারীকে অপহরণ করে নিয়ে যাওয়া, আমাদের পশ্চিমবাংলায় ৩১৫, আর মহারাষ্ট্রে ৭৮৮, মধ্য প্রদেশে ৯৬৪ আর অন্ধ্র প্রদেশে ৪৬১, আমাদের কম আছে। কিন্তু তা সত্ত্বেও আমরা কিন্তু শান্তিতে নেই। আমাদের মনে রাখতে হবে নারীর মর্যাদা সম্পর্কে যদি বামফ্রন্টকে বলেন, নারীর মর্যাদা আমাদের শেখাতে হবে না। আমরা নারীর মর্যাদা রক্ষার জন্যই দেখেছেন আজকে ত্রিস্তর পঞ্চায়েতে নারীর সেই মর্যাদা আমরা দিয়েছি, বিভিন্ন জায়গায় প্রশাসনিক ক্ষেত্রে আরও বেশি করে আসে মেয়েরা। এবং আমরা আজকে আমাদের প্ল্যানিং এর যে দপ্তর আছে, সেখানে মহিলাদের জন্য আলাদা একটা সেল গঠন করেছি, মহিলাদের ব্যাপারটা দেখবার জন্য, আমরা এইগুলো করছি। এখানেও আপনারা দেখেছেন পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নেবার আগে এখানে সকলে মিলে পাস করাচ্ছেন পৌরসভায় মহিলা প্রতিনিধিত্ব করা, এইগুলো নারীর মর্যাদা রক্ষার জন্য করেছেন। কিভাবে অর্থনৈতিক দিক থেকে তারা এগিয়ে আসতে পারে, এইগুলো আমরা দেখবার প্রচেষ্টা করেছি। আজকে এই কারণে বলব, নারীর উপর যে সমস্ত অত্যাচার এর ঘটনাগুলো ঘটছে, যেসব সমাজ বিরোধীরা এইসব ঘটাচ্ছে এই সমাজবিরোধী সম্পর্কে আমাদের দলমত নির্বিশেষে

সকলকে সজাগ হবার দরকার আছে তাই আপনাদের কাছে আমাদের আবেদন, যে আমরা শুধু সরকার পক্ষের নয়, আপনারা বিরোধী পক্ষের সদস্য, এখনও আপনাদের পাশে গরিব মানুষ কিছু আছেন, জানি না, জেনে হোক, না জেনে হোক, তারা আপনাদের ভোট দেন। কাজেই সেইজন্য আপনাদের উচিত নারীদের পাশে থেকে নারীদের মর্যাদা রক্ষার জন্য সংগ্রামে এগিয়ে আসা, তাই কোনও সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি না রেখে, এর গুরুত্ব বুঝে নিয়ে আমি বলব আজকে পশ্চিমবাংলার যে সুস্থ পরিবেশ—এই যে প্ল্যাটফর্মে রাজনীতি করেন, কিন্তু পশ্চিমবাংলার সুস্থ সংস্কৃতি রক্ষার দায়িত্ব পশ্চিমবাংলার সুনাম রক্ষার দায়িত্ব আমাদের সকলের, কাজেই আমি আসা করছি, আপনারা যখন এই প্রস্তাব রেখেছেন, এই প্রস্তাবের গুরুত্ব আপনারা উপলব্ধি করবেন, যদিও আমরা এই প্রস্তাবের বিরোধিতা করছি রাজনৈতিক উদ্দেশ্য আছে বলে। বিরোধিতা করে পশ্চিমবাংলার নারীদের মর্যাদা রক্ষার ব্যাপারে বলছি, আমাদের সরকার সচেতন এবং আমরা ভবিষ্যতে এই বিষয়ে সচেতন হয়ে এই কাজে প্রশাসনকে সেইভাবে সজাগ রেখেছি এবং রাখব, এইটুকু আমরা প্রতিশ্রুতি দিচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এই আলোচনা শেষ হওয়ার কথা ছিল ৩টে দশ মিনিটে। কিন্তু আরও সময় লাগবে। সেইজন্য আধঘন্টা সময় বাড়িয়ে দেওয়ার জন্য হাউসের কাছে আবেদন করছি (পজ) আধ ঘন্টা সময় বাড়ল।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, পশ্চিমবাংলায় নারীদের উপর সাম্প্রতিক কাজে অত্যাচারের উপর আমি এবং অন্যান্যরা যে প্রস্তাব এসেছিলাম, সেই প্রস্তাবের বিতর্কের উপর জবাব আমি দিতে উঠেছি। প্রথমে মাননীয়া মন্ত্রী ছায়া বেরার দৃষ্টি এড়িয়ে গেছে, তিনি ভাল করে কিছু পড়েননি। এটা নির্দিষ্ট ব্যাপার আমি বলেছি রিসেন্ট মান্থস, আর উনি বলেছেন ১৯৪৭ সাল থেকে। না, গত কয়েক মাসে যে নারী নির্যাতনের ঘটনা ঘটেছে, তার উপর আমার প্রস্তাব সীমাবদ্ধ। মন্ত্রী মহাশয়া বললেন, ওঁরা খুব গুরুত্ব দিয়ে এটা বিচার করছেন। কিছু গুরত্ব দিচ্ছেন, সেটা বোঝা যায় যে, পশ্চিমবাংলায় মেয়েদের উপর অত্যাচার হচ্ছে, তা নিয়ে আলোচনা এখানে হচ্ছে, অথচ পশ্চিমবাংলার যিনি স্বরাষ্ট্রমন্ত্রী, মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তিনি বিধানসভায় নেই, তিনি পালিয়ে গিয়ে দিল্লিতে শলাপরামর্শ করছেন।

[3-10 – 3-20 P.M.]

পশ্চিমবাংলার যিনি স্বরাষ্ট্রমন্ত্রী, মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তিনি বিধানসভায় নেই। তিনি পালিয়ে গিয়ে দিল্লতে শলাপরামর্শ করছেন। নারী জাতির সম্মানকে যে তিনি কত গুরুত্ব দেন তা এর থেকেই স্পষ্ট হয়ে গেছে। স্যার, দুর্ভাগ্যবশত এই আলোচনায় অংশ গ্রহণ করে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস এমন কিছু নির্লজ্জ নক্কারজনক উক্তি করেছেন যে, তাতে তিনি বিধানসভার মর্যাদা ক্ষুন্ন করেছেন। স্যার, এই সভায় বলার অধিকার আছে বলে আমি যদি কাউকে পরকীয়া প্রেমের সন্তান বলি কিম্বা জারজ বলি, তাহলে ভাল হয় না। কিম্বা কাউকে যদি বলি বরাহনন্দন, তাহলে বিধানসভার সম্মান বাড়ে না। সুতরাং জয়ন্তবাবু যা বলেছেন

তাতে বিধানসভার সম্মান বাড়েনি। আমি এখানে শাসক দলের সদস্যদের বক্তব্য শুনে আশ্চর্য হয়ে গেলাম যে, [illegible] এই রকম নির্লজ্জ ওকালতি কেউ করতে পারেন তা ভাবতে পারি না। দুজন মহিলা সদস্যা, অপরাজিতা গোপ্পী এবং অঞ্জু কর এর বক্তৃতা শুনলাম। তাঁদের বক্তব্যের মধ্যে বানতলা, বিরাটির ঘটনার তীব্র নিন্দা করে একটাও সেনটেন্স নেই। এই হচ্ছে ওঁদের চরিত্র। ওঁরা আজকে আর্থ-সামাজিক ব্যবস্থাকে দোষ দিয়ে ধর্ষনের এড়াবার চেষ্টা করছেন। বর্তমানে আর্থসামাজিক অবস্থায় নারী ধর্ষন হবেই, এটা ওঁরা ধরে নিয়েছেন। তাই যদি ধরে নিয়েছেন তাহলে এই ব্যবস্থার মধ্যে ক্ষমতায় এসেছেন কেন? এই ব্যবস্থার মধ্যে কেন পুলিশমন্ত্রী রয়েছেন? কেন নারী ধর্ষন হচ্ছে না, আর্থসামাজিক অবস্থা খারাপ! ওঁরা ওঁদের এই উক্তির মাধ্যমে নারী ধর্ষনে উস্কানি দিচ্ছেন। আপনাদের সরকার নারী ধর্ষনে উস্কানি দিয়েছে বলেই আমরা মনে করি। আপনারা ১৯৭২-৭৭ সালের কথা এখানে বলেছেন। কিন্তু আপনারাও তো আস্তে আস্তে ১৩ বছর ধরে ক্ষমতায় আছেন এবং এখন আর আপনাদের মুখে ওকথা সাজে না। বহু ঘটনার কথা দেবপ্রসাদ বাবু এখানে উল্লেখ করেছেন। ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ট্রেনিং এর ফিগার এখানে দিয়েছেন। তাতে তাঁরা বলছেন, ১৯৮৬ সালে ৬৫০টি, ১৯৮৭ সালে ৪৪০টি, ১৯৮৮ সালে ৫৬০টি, ১৯৮৯ সালে ৫০০টি নারী ধর্ষনের ঘটনা ঘটেছে। পশ্চিমবাংলায়। তারমানে পশ্চিমবাংলায় গড়ে প্রতি দিন দেড়টা করে নারী ধর্ষনের ঘটনা ঘটছে। এই হচ্ছে, জ্যোতিবাবুর আমলে নারী জাতির কি সুন্দর অবস্থা! শুধু এই নয়, পশ্চিমবাংলায় বধূ হত্যার ঘটনা ক্রমশ বাড়ছে এবং একথা মুখ্যমন্ত্রী আমার প্রশ্নের উত্তরে স্বীকার করেছেন। সুতরাং আজকে পশ্চিমবাংলায় নারীদের মর্যাদা লুণ্ঠিত। আজকে এখানে আমরা মাত্র চারটি ঘটনা স্পষ্টভাবে উল্লেখ করছি এবং তার মধ্যে বিশেষ করে দুটি ঘটনার কথা উল্লেখ করছি যা আমাদের বিবেককে নাড়া দিয়েছে। গত ৩১শে মে তারিখে বানতলায় তিন জন মহিলার ওপর অত্যাচার হয়েছে এবং তাঁদের মধ্যে একজন অনিতা দেওয়ান মারা গিয়েছেন। দ্বিতীয় ঘটনা ঘটল গত ১২ই জুন সিঙ্গুর থানায় কাকলী সাঁতরার ওপর পুলিশ লকআপে ধর্ষণ হল, তাই নিয়ে বন্‌ধ হল, একজন গুলিতে মারা গেলেন। গত ১৭ই জুন বিরাটিতে সাবিত্রী দাস, রেবা সেন এবং আরও ৫ জন মহিলার ওপর গণধর্ষন হল, সেই ঘটনার প্রকৃত অপরাধীরা ধরা পড়ল না। তারপরে অশোকনগরে, বারাসাতে আবার নারী ধর্ষনের ঘটনা ঘটল। গত ২০শে আগস্ট নোদাখালি থানায় মুখ্যমন্ত্রীর বিধানসভা কেন্দ্রের চন্ডীপুর গ্রামে ১১ বছরের একটি নাবালিকা আলোমারার ওপর ধর্ষন হল পুলিশ এফ. আই. আর নিল না। এই ঘটনাগুলো আমাদের চিন্তিত করছে। কিন্তু এটা ঠিক যে, এই ঘটনাগুলি ছাড়াও আরও ঘটনা ঘটছে। এগুলি আমাদের দৃষ্টিতে এসেছে তাই আমরা চিন্তা করছি। অবশ্যই সমাজবিরোধীরা কে আধটা অন্যায় কাজ করতেই পারে। পৃথিবীর সব দেশেই রেপিস্ট আছে—সে যে দেশের যে আর্থসামাজিক কাঠামো হোক না কেন। সোভিয়েত ইউনিয়নেও রেপ হয় এবং রেপিস্টরা ধরা পড়ে, তার প্রমাণ আছে কিন্তু সেখানে প্রশাসন দায়িত্ব নেয়। তবে এই সমস্ত ক্ষেত্রে প্রশাসন ইন্ডিভিজুয়ালি কি করেছে, না করেছে, তাই সব নয়। এখানে প্রশাসন চালাচ্ছে যাঁরা সেই সরকারি দল এসব ক্ষেত্রে কি মনোভাব নিয়েছে,

সেটাই সব চেয়ে বড় প্রশ্ন। আমার কাছে গণশক্তি আছে, আমার কাছে আনন্দবাজারও আছে। বানতলার ঘটনার পর প্রশাসনের পক্ষ থেকে কি বলা হয়েছে? মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বললেন, 'ঐ জায়গাটা সমাজবিরোধীদের আখড়া, মহিলাদের ওখানে যাওয়া উচিত ছিল না।' স্যার, মহিলাদের যাওয়া উচিত ছিল না, সমাজবিরোধীদের কোনও দোষ নেই! নারী ধর্ষনকারীদের কোনও দোষ নেই, যত দোষ মহিলাদের, কেন তাঁরা সন্ধ্যাবেলা ওখানে গিয়েছিলেন! মুখ্যমন্ত্রী কি বলেছিলেন? তিনি বলেছিলেন এইরকম কতই তো হয়। সমাজ বিরোধী কাজ, ডাকাতি, মারধোর তাতে আইনশৃঙ্খলার অবনতি হচ্ছে কেন? এতে ধর্ষনকারীরা উৎসাহিত হবে না? ৩ জন মহিলার উপর অত্যাচার হল, তারমধ্যে ১ জন মহিলাকে পিটিয়ে মারা হল, মুখ্যমন্ত্রী বলেছেন এই রকম কতই তো হয়। যেসমস্ত সমাজবিরোধীরা এইরকম কাজ করে তারা তাতে উৎসাহিত হবে না? তারপর বিরাটির ঘটনা ঘটল। সি. পি. এমের গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী শ্রীমতী [**] তিনি সেখানে গেলেন। তিনি কি বললেন? তিনি বললেন ধর্ষিতা সাবিত্রী দাসের চরিত্র খারাপ ছিল এবং সেই বিরাটির যিনি নায়ক বিল্লু দাস সেই বিল্লু দাস বিরাটির বন্‌ধের দিন বন্‌ধ বিরোধী মিছিল করেছে, তাকে এখনও গ্রেপ্তার করা হয়নি। আমি নাম করতে চাই না, এই রাজ্যের একজন সর্বোচ্চ ব্যক্তি সেদিন আমাদের এক নেতাকে বলেছিলেন এখনও বিল্লু গ্রেপ্তার হয়নি। আমি বললাম গ্রেপ্তার হবে কি করে, উত্তর ২৪-পরগনার একজন প্রভাবশালী মন্ত্রীর আশ্রয়ে বিল্লু রয়েছে, ওকে কে গ্রেপ্তার করবে? তাই স্যার, এটা চিন্তার ব্যাপার, আজকে মূল শাসকদল তাদের বাঁচাবার চেষ্টা করছে, যুক্তিজাল বিস্তাব করছে। (গোলমাল) ধর্ষন এই আর্থসামাজিক ব্যবস্থায় ছেলেরা করছে আর [**] গিয়ে বলছেন মহিলার চরিত্র খারাপ ছিল। এরপর মহিলাদের সি. পি. অফিসে গিয়ে সার্টিফিকেট নিতে হবে চরিত্রের, আর সার্টিফিকেট না থাকলে বলে দিচ্ছে চরিত্র খারাপ মহিলার, ধর্ষন করলে কোনও দোষ নেই। এটাই সি. পি. এমের বক্তব্য। ওঁরা কি জানেন না রেপ আইন চেঞ্জ হয়েছে? আগে ছিল মহিলার চরিত্র খারাপ হলে এবং সেটা প্রমাণ হলে রেপ বলে ধরা হত না, সেই আইন পরিবর্তিত হয়েছে, পরিবর্তিত হয়ে ১৯৮৫ সালে গ্যাঙ রেপ কংগ্রেস আমলে আইনের মধ্যে এসেছে, সি. আর. পি. সি.-র মধ্যে এসেছে ঐ আইন সংশোধন করে, উনি সেটা জানেন না। তবু ভাল যে, শ্রীমতী গীতা মুখার্জি তাঁকে জানিয়ে দিয়েছেন যে, ধর্ষিতা মহিলার বিচার চলে না। স্যার, আমি খুব চিন্তিত, অনিতা দেওয়ানের মৃত্যুর জন্য তো কেউ এক ফোটা চোখের জল ফেললেন না? আপনাদের ঘরে অনিতা দেওয়ালের মতোন মা-বোন নেই? আপনাদের কি দুঃখ হয় না? এই ধরনের যে ঘটনা ঘটল, অনিতা দেওয়ানের একটা ছেলে আছে, মহিলার উপর এত নির্মম অত্যাচার হল—কোথায় সেই নির্মম অত্যাচারের কথা বললেন না? শ্রীমতী অপরাজিতা গোপ্পী চলে গেলেন জালীয়ানওয়ালাবাগে। আজকে বামফ্রন্টের মনোভাব মহিলা বিরোধী, মহিলা বিদ্বেষী। ধর্ষনের ব্যাপারে আপনাদের মনোভাব নারী বিরোধী মনোভাব। তার জন্যই আজকে মহিলাদের উপর পুলিশ অত্যাচার করছে। পুলিশ লকআপে

Note : [*Expunged as ordered by the chair]

মহিলা ধর্ষন দ্বিগুণ অপরাধ, যাবজ্জীবন কারাদন্ড হতে পারে অথচ কাকলী সাঁতরাকে সিঙ্গুর থানার মধ্যে ধর্ষন করা হল এবং আপনি দেখেছেন, মহিলাদের বিরুদ্ধে পুলিশকে খেপিয়ে দিচ্ছে। আমরা দেখলাম, বিমলা দে-কে পুলিশ গুলি করল, কই, বিমলা দে-র জন্য শ্রীমতী অপরাজিতা গোপ্পী চোখের জল ফেললেন না? তিনি একজন প্রাথমিক শিক্ষিকা, মহিলা আন্দোলন করতে গিয়ে পুলিশের গুলিতে মারা গেলেন। তারপর আরও শুনলাম, মমতাকে আক্রমণ করা হল, মমতা আহত হল, একবারও বললেন না তো কেউ মমতাকে আক্রমণ করা অন্যায়? আপনি বলেছেন স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, কিন্তু এই মুর্খের দল, এই ভেড়ার দল একবারও বললেন না মমতার উপর আক্রমণ অন্যায় হয়েছে। সি. পি. এম. পার্টির এক নেতা, কলকাতার জেলা কমিটির নাকি সেক্রেটারি, যার তিনকাল গিয়ে এককালে ঠেকেছে, তিনি বলছেন, "মমতা এত নোংরা, তাঁর গায়ে হাত দিতে আমাদের লজ্জা হয়। " আমি ঐ বুড়ো কলকাতার জেলা কমিটির সেক্রেটারিকে বলি, "আপনি এত নোংরা, আপনাকে থুতু দিতে আমাদের ঘৃণা হয়। আপনি মহিলাদের উপর আক্রমণকে প্রশ্রয় দিয়েছেন। আপনি এত নোংরা যে আপনাকে থুতু দিতে ঘৃণা হয়।" আমি এই কথাটা তাঁর সম্বন্ধে বলতে চাই। আজকে মহিলাদের সম্বন্ধে এই ধরনের কথা যাঁরা বলেন তাঁরা মহিলাবিরোধী, নারী বিদ্বেষী লোক। আমরা তাঁদের বিরুদ্ধে।

[3-20 – 4-00 P.M. including Adjournment]

স্যার, আমি দেখলাম যে, মাননীয়া শ্রীমতী ছায়া বেরা অন্যান্য কোনও রাজ্যে কি হয়েছে সেইসব কথা বললেন। তিনি বলেছেন মধ্যপ্রদেশে অনেক বেশি ধর্ষন হয়েছে। তাহলে এটাই কি আপনাদের বক্তব্য যে, মধ্য প্রদেশে ধর্ষন বেশি হলে পশ্চিমবঙ্গে ফ্রন্টের মতে ধর্ষনটা জাস্টিফায়েড, সেটা যুক্তিযুক্ত হয়ে যায়? একবারও তো বললেন না মধ্য প্রদেশের দুজন খ্রিস্টান সন্ন্যাসিনীর কথা। মধ্য প্রদেশের গাজুরিতে সারা ভারতবর্ষের খ্রিস্টান কমিউনিটি আন্দোলন করছে, সেকথা তো আমাদের মুখ থেকে বেরোল না। একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। বানতলায় সমাজবিরোধীরা কি করছে সে সম্বন্ধে আমরা খুবই চিন্তিত। বানতলায় সন্ধ্যা ৭টার সময় ঘটনাটা ঘটেছে। একটা ভরা বাজার থেকে মাত্র ৫০ গজ দূরে ঘটনা ঘটল, ১০০ গজ দূরে পুলিশ চৌকি রয়েছে। আধঘন্টা ধরে মহিলাদের উপর পাশবিক অত্যাচার হয়েছে, তাঁদের আর্ত চিৎকার শুনে তো পুলিশ ছুটে আসেনি, কোনও মানুষ ছুটে যায়নি। কারণ ধর্ষনের সামনে যারা ছিল তারা সি. পি. এমের ক্যাডার। সব সোনার, হীরের টুকরো, যাদের পায়ের নখের যোগ্যও নাকি আমরা নই। পুলিশ ওখানে যায়নি। এই ঘটনা আমাদের মাথা তো নিচু করে দিয়েছে। আপনাদের লজ্জা ঢাকার একটিই উপায় যে, আমার প্রস্তাব সমর্থন করুন। মহিলাদের শ্রদ্ধা করতে শিখুন। তবেই আপনাদের পাপস্খলন হবে, নতুবা নয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার:** শ্রীমতী অপরাজিতা গোপ্পী, হোয়াট ইজ ইওর পয়েন্ট অব অর্ডার?

**শ্রী মতী অপরাজিতা গোপ্পী:** স্যার, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় যেকথা বললেন

মমতা দেবী এবং বিরাটির কথা, সে সম্পর্কে—উনি বোধহয় কাগজ পড়েননি—আমরা প্রতিবাদ করেছি এবং এ ঘটনার আমরা তীব্র নিন্দা করেছি।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** নো পয়েন্ট অব অর্ডার।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, একটা বেসরকারি প্রস্তাবের উপর আলোচনা হচ্ছে। উভয় পক্ষের বিপরীত মন্তব্য থাকতে পারে। বিধানসভা ভবনের মধ্যে দাঁড়িয়ে নূন্যতম সভ্য মানুষ.......

(গোলমাল)

এখানে দাঁড়িয়ে অনুপস্থিত তদুজন এবং লক্ষ্মী সেন, এঁদের সম্বন্ধে যে বক্তব্য রেখেছেন আমি দাবি করি যে, তা সভার কার্যবিবরণী থেকে বাদ দেওয়া হোক। একজন বয়স্ক নেতার সম্পর্কে এই মন্তব্য করতে পারে, বাবার বয়সী একজন মানুষ সম্পর্কে যে মন্তব্য করলেন তাঁরা আবার মহিলাদের শ্রদ্ধা করবেন? শুধু অসভ্য নয়, অসাংস্কৃতিক। সামান্য পারিবারিক শিক্ষাটুকুও নেই।

**মিঃ স্পিকার ঃ** শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, আপনার বক্তব্য বলুন। শ্যামলী গুপ্তার নামটা বাদ যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, আমি যখন বক্তব্য রাখছিলাম সেই সম্পর্কে আমার ধারণা হয়েছে যে, আমার বক্তব্য যাঁরা যথাযথভাবে শুনতে পাননি এর ফলে ওখানে পরবর্তী সময়ে যেভাবে ব্যাখ্যা করলেন তা বিধানসভার কলঙ্ক, এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। বিধানসভার মান রক্ষার করার দায় দায়িত্ব আমাদের সকলের। আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা আবার বলছি। ওঁরা অহেতুক উত্তেজিত হয়েছেন। আপনি বিধানসভার কার্যবিবরণীতে দেখতে পাবেন, অনেক দিন আগে এক জন খ্যাতনামা নেতা শ্রী সোমনাথ লাহিড়ী মহাশয়ের বক্তব্য শুনেছিলাম, উনি সে সময় বলেছিলেন। সেটা কোনও পার্টিকুলার ব্যক্তি বা দলবিশেষের সম্বন্ধে নয়। তিনি বলেছিলেন সমাজবিরোধীরা জননীর গর্ভের লজ্জা। আজকে বলছি, আজকে এই ৬ কোটি ২০ লক্ষ মানুষ সবাই ভাল হয়ে গেছে সেটা ভাবার কোনও কারণ নেই। আমি সেই কথাটা সমাজবিরোধীদের উদ্দেশ্যে বলেছিলাম। যেহেতু ওদিকে মুখ করে বলেছিলাম ওঁরা কি ধরেছেন জানি না, আমি বলেছিলাম এইসব সমাজবিরোধীরা জননীর গর্ভের লজ্জা।

Mr. Speaker: I have already made my submission on this.

---

Note: [*Expunged as ordered by the chair]

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় তাঁর প্রস্তাবের বিষয়বস্তু তুলে ধরতে গিয়ে, ব্যাখ্যা করতে গিয়ে, অবতারণা করতে গিয়ে উত্তর ২৪ পরগনার বিরাটির একটি ঘটনা এবং তাকে কেন্দ্র করে মন্ত্রীসভার সদস্য এক প্রভাবশালী ব্যক্তি সম্পর্কে যে বক্তব্য তিনি রেখেছেন সে বিষয়ে আমি পরিষ্কার বলতে চাই, দুবৃত্তদের ধরবার জন্য যে নির্দেশ পুলিশকে দেওয়া আছে নিশ্চয়ই সেই কর্তব্য তাঁরা পালন করবেন। মাননীয় সদস্যরাও নিশ্চয়ই এই ব্যাপারে সরকারকে সাহায্য করবেন। কোন মন্ত্রী তাকে আশ্রয় দিয়ে রেখেচেন বলুন এবং দেখিয়ে দিন, আমি দায়িত্ব নিয়ে বলছি, তাকে ধরবার ব্যবস্থা করব। .....(গোলমাল)...... আমাকে বলুন না, আমি ধরবার ব্যবস্থা করব। এইরকম একটা অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে এতক্ষণ বলে গেলেন।

(গোলমাল)

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় তার বক্তৃতার মধ্যে বলেছেন যে, পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক আন্দোলনের একজন নেতা, সংগ্রামী নেতা লক্ষ্মী সেন মহাশয়ের গায়ে থুতু ছুঁড়ে দেবেন। এই কথা তাঁকে উইথড্র করতে হবে, আপনাকে এটা এক্সপাঞ্জ করতে হবে।

দ্বিতীয়ত, গতকাল তিতুমির গেস্ট হাউসে কিছু লোক ধরা পড়েছে যাদের মধ্যে ছাত্র এবং প্রফেসরও রয়েছেন। এ-বিষয়ে পুলিশকে ইনভেস্টিগেট করতে বলব। লক্ষ্মী সেন মহাশয়কে থুতু দেবার বিষয়টা আবার এক্সপাঞ্জ করতে বলছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডারটি অত্যন্ত গুরুত্বপূর্ম। মাননীয় মন্ত্রী উত্তেজিত হয়ে আমাদের বলছিলেন যে, তিনি ধরবার ব্যবস্থা করবেন। ওনার সেটা জানা থাকলে পুলিশকেই তা বলে দিন!

**Mr. Speaker :** No point of order. Please take your seat. The question here is that there will be heated debate and there will be differences of opinion. There will be acrimonious debate. But the members have to behave as a responsible people's representative. You cannot reduce yourself to a street level. You should not do it. Don't do it because if this place is reduced to a street level then this House does not remain. It is our responsibility to maintain the dignity and decorum of the House. I hope everybody will understand this. I will go through the records and if any part of it is found unparliamentary I will delete it. I have already expunged some remarks. I would only request the members that parliament is a place for debate. There will be heated debate and there will be acrimonius debate. But don't reduce it to a personal level. Now I again repeat and remind you that don't reduce

the debate to a personal level. Your debate should be in the interest of the people. You don't have any personal interest other than the interest of the people. If you make any personal debate, then the interest of the people will be hampered and this House shall not remain. It will become something else. Keep this in mind for your future guidance.

The motion of Shri Deba Prasad Sarkar that at the end of para I, the following be added :

"Which have marred the records of the atrocities and assaults committed on women even in Congress regime." was then put and lost.

The motion of Shri Satya Ranjan Bapuli.

That This House notes with serious concern that a number of atrocities and assaults on women have taken place in the State in recent months and some of these atrocities have taken place on women in Police custody.

This House condems these incidents of rape and assault on women which is against the culture of Bengal and urges on the State Government to take proper steps to punish the guilty and prevent the recurrence of such incidents."

was the put and a division taken place with the following results :

Adak, Shri Gourhari

Adak, Shri Kashinath

Anisur Rahaman Biswas, Shri

Bagdi, Shri Lakhan

Bal, Shri Shakti Prasad

Basu, Shri Subhas

Bauri, Shri Gobinda

Bauri, Shri Haradhan

Bera, Shrimati Chhaya

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Binoy Krishna
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bouri, Shri Nabani
Chaki, Sri Swadesh
Chakraborty, Shri Subhas
Chakraborty, Shri Surya
Chatterjee, Shri Anjan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shrimati Sandhya
Chowdhury, Shri Bansa Gopal
Das, Shri Ananda Gopal
Das, Shri Jagadish Chandra
Dasgupta, Shrimati Arati
De, Shri Bibhuti Bhushan
Deb, Shri Gautam
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Narenda Nath
Dolo, Shri Shiba Prasad
Dutta, Dr. Gouri Pada
Ganguly, Shri Santi Ranjan
Ghosh, Shri Satyendranath
Ghosh, Shri Tarapada
Goppi, Shrimati Aparajita
Halder, Shri Krishna Chandra
Hajra, Shri Sachindranath
Hajra, Shri Haran
Jahangir Karim, Shri Sk.
Joarder, Shri Denesh

Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Laksmi Ram
Kisku, Shri Upen
Konar, Shrimati Maharani
Let, Shri Dhirendra
Mohato, Shri Satya Ranjan
Maity, Shri Hrishikesh
Maity, Shri Sukhendu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Sreedhar
Mamtaz Begum, Shrimati
Mandal, Shri Sukumar
Mitra, Shrimati Jayashree
Mohammad, Shri Shelim
Moitra, Shri Birendra Kumar
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Biswanath
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Manabendra
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Mohan Lal
Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya
Pradhan, Shri Prasanta
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raha, Shri Sudhan
Rai, Shri H. B.
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Tapan
Saren, Shri ananta
Sayed Md. Masih, Shri
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Sinha, Shri Khagendra
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar
Tudu, Shri Durga

**Ayes**

Bandyopadhyay, Shri Sudip
Banerjee, Shri Amar
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Mritunjay
Bapuli, Shri Satya Ranjan
Basu, Dr. Hoimi
Basu Mallick, Shri Suhrid
Bhunia, Dr. Manas
Fazle Azim, Molla Shri
Ghosh, Shri Asok
Gyan Singh Sohanpal, Shri

Majumdar, Shri Apurbalal
Mukhopadhyay, Shri Subrata
Naskar, Shri Gobinda Chandra
Nurul Islam Chowdhury, Shri
Roy, Shri Saugata

**Abst.**

(i) Sarkar, Shri Deba Prasad
(ii) Purkait, Shri Probodh

The ayes 17, the Noes 97 and the Abstention 2

The motion was lost.

(At this stage the House was Adjourned till 4.00 P.M.)

[4-00 – 4-10 P.M.]

**(After Adjournment)**

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাবটি এনেছি, এখানে লেখা আছে, মানীয় সদস্যরা নিশ্চয়ই তা পড়েছেন। আমি এটি এখানে মুভ করছি—

'এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, ভারত সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত তদন্ত কমিশনের রিপোর্টে তথাকথিত তাই হোক বিমান দুর্ঘটনায় নেতাজী সুভাষচন্দ্র বসুর মৃত্যু প্রমাণিত না হওয়া সত্ত্বেও কিছু ব্যক্তি উদ্দেশ্য প্রণোদিত ভাবে টোকিওর রেনকোজি মন্দিরে রক্ষিত চিতাভস্মকে নেতাজীর চিতাভস্ম বলে চালাবার চেষ্টা করছে এবং টোকিও থেকেএই চিতাভস্ম ভারতে নিয়ে এসে নেতাজীর মর্যাদাকে নষ্ট করতে উদ্যত হয়েছে যা দেশবাসীকে ক্ষুদ্ধ ও উত্তেজিত করে তুলেছে।

এই সভা তাই ভারত সরকারের নিকট অনুরোধ করছে যাকে রেনকোজি মন্দিরে রক্ষিত নেতাজীর এই তথাকথিত চিতাভস্ম ভারতে আনা না হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা তাঁরা গ্রহণ করুন।'

আমার যে বক্তব্য সেটা সবার বক্তব্য শুনে পরে বলব।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** স্যার, এই সভায় আজকে মোটামুটি ভাবে সর্বদলীয় ভাবে বেসরকারি একটি প্রস্তাব ১৮৫ ধারা মতে এসেছে। আমি এই প্রস্তাবকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে এই প্রসঙ্গে আমাকে কয়েকটি কথা বলতে হবে, সেটি হচ্ছে এই যে, রেনকোজি মন্দিরে নেতাজীর যে চিতাভস্ম রয়েছে তা ভারতবর্ষে আনার ব্যাপারে কিছু কিছু মানুষ উদ্যোগ গ্রহণ করেছেন। তাঁদের কিছু কিছু মানুষ আছেন যাঁরা ব্যক্তিগত জীবনে নেতাজী সুভাষচন্দ্র বসুর

পরমআত্মীয় বলে দাবি করেন। এর পিছনে আবার কোনও চক্রান্তও আছে, আমরা তার নিশ্চয়ই নিন্দা করব। এই প্রসঙ্গে একটি কথা আমি বলতে চাই যে, নেতাজী ভারতবর্ষের কোনও একটি পরিবারের কুক্ষীগত সম্পদ নয়। নেতাজী ভারতবর্ষের সম্পদ। নেতাজী শৌয-বীর্য যৌবনের মূর্ত প্রতীক। স্বাধীন অখন্ড মানবাত্মার প্রতীক হিসাবে আমরা নেতাজী সুভাষচন্দ্র বসুকে মনে করি। নেতাজী সুভাষচন্দ্র বসুকে মনে করি। নেতাজী সুভাষচন্দ্র বসুর মৃত্যুর ব্যাপারে দুটি যে তদন্ত কমিশন হয়েছিল—শাহ্-নাওয়াজ কমিশন এবং খোসলা কমিশন—সেই কমিশনে যাঁরা সাক্ষী দিয়েছিলেন, যাঁরা সেখানে নিজেদের ব্যক্তিগত কথা লিপিবদ্ধ করার সুযোগ পেয়েছিলেন. তাঁদের পরস্পর বিরোধী বক্তব্য থেকে এখনও ভারতবর্ষের মানুষ, পশ্চিমবঙ্গের মানুষ সঠিক কোনও সিদ্ধান্তে এসে পৌঁছতে পারেননি যে নেতাজী মারা গিয়েছেন কি না? তিনি মারা গিয়েছেন কি না তা পরের কথা, রেনকোজি মন্দিরে নেতাজীর চিতাভস্ম আছে বলে যাঁরা প্রচার করছেন—তাইহোক বিমান দুর্ঘটনায় তিনি মারা গিয়েছেন কি না তার কোনও প্রমাণ তাঁদের কাছে আছে কি না তা নিয়ে সন্দেহ আছে। তাই যদি হয়ে থাকে, তাহলে তথাকথিত এইসব প্রচার যাঁরা করছেন, বলছেন যে রেনকোজি মন্দিরে নেতাজীর চিতাভস্ম রয়েছে, সে সম্পর্কে দাবি প্রমাণ, যাঁরা কমিশনের কাছে সাক্ষী দিয়েছিলেন, তাঁদের পরস্পর বিরোধী বক্তব্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে পরিষ্কার ভাবে তুলে ধরতে চাইছি। নেতাজী সুভাষচন্দ্র বসুর শেষ যাত্রার ভারতবর্ষের একমাত্র মানুষ যিনি তাঁর সঙ্গী ছিলেন—হাবিবুর সাহেব—তাঁর পরস্পর বিরোধী বক্তব্যের কথা আমরা সবাই জানি। তিনি কখনও সঠিক কথা বলেননি। কোনও কোনও সময়ে বলেছেন নেতাজীর পায়ের অংশ পুড়ে গিয়েছিল, আবার কোনও কোনও সময়ে বলেছেন যে, আর বলব না। নেতাজীর শেষ যাত্রায় একজন ভারতীয় সাক্ষী হাবিবুর রহমান শানোয়ার কমিশনের সামনে বলেছিলেন যে, বিমানটি ধ্বংস হয়ে গেল এবং দুটুকরো হয়ে গেছিল। সেই বিমানে জাপানি অফিসার ছিলেন তারাও সবাই এই বিমান ধ্বংসের ব্যাপারে একমত হননি। যেমন কর্নেল নোনোগাকি ক্যাপ্টেন আরাই মেজর ভারোকোনো এরা হাবিব সাহেবের মত পোষণ করেছিলেন কিন্তু অন্যান্যরা অন্য মত পোষণ করেছিলেন। ক্যাপ্টেন নাকামুরা অন্যমত পোষণ করেন। তিনি বলেন যে, না বিমানটি দুটুকরো হয়নি, অল্প একটু আগুন লেগেছিল। অর্থাৎ কর্নেল নোনোগাকী, এবং ক্যাপ্টেন আটাই হাবিব সাহেবের মত সমর্থন করেছিলেন কিন্তু না ক্যাপ্টেন নাকামুরা বলেছিলেন যে বিমানটি দু-টুকরো হয়নি। অতএব শানোয়ার কমিশনের কাছে তারা পরস্পর বিরোধী কারুর যদি গুণগত উৎকর্ষ যদি থাকে সেই গুণগত উৎকর্ষের জন্য তাকে নক্সায় কোথাও বিমান ধ্বংসের এক চিত্র হয়নি। পরস্পর বিরোধী নক্সা হয়েছিল। কর্নেল নোনোগাকী, ক্যাপ্টেন আটাই, মেজর তারাকোনো এবং ক্যাপ্টেন নাকামুরা এদের নক্সার মধ্যে যথেষ্ট গরমিল ছিল, এক ধরনের নক্সা হয়নি। এঁদের কেউ কেউ বলেছেন যে বিমানটি দু-টুকরো হয়ে ভেঙে পড়েছিল আবার কেউ কেউ বলেছেন যে, দু-টুকরো হয়নি। ১৯৪৫ সালে হাবিবুর ব্রিটিশ গোয়েন্দাদের কাছে বলেছিলেন যে, বিমানটি মুখ থুবড়ে পড়েছিল। মেজর ও একমত খোসলা কমিশনের কাছে পেশ করেছিলেন। কিন্তু কর্নেল সাকগাই

ওই একই খোসলা কমিশনের কাছে বলেছিলেন যে বিমানটি বাঁদিকে কাত হয়ে পড়েছিল। কর্নেল নোনোগাকি বলেছিলেন যে, ডানদিকে কাত হয়ে পড়েছিল। অর্থাৎ তিনি অন্য মত পোষণ করেছিলেন। ভারতবর্ষের মানুষ নেতাজীকে অন্যচোখে দেখেন। রেনকোজি মন্দিরে নেতাজীর চিতাভস্ম আছে বলে আমরা বিশ্বাস করি না। ওই চিতাভস্ম নেতাজীর কি না সেই বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। এই সম্পর্কে নেতাজীর স্ত্রী এমিলি সেঙ্কল বোস তিনিও তীব্র প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলেছেন যে, রেনকোজি মন্দিরে যে চিতাভস্ম আছে সেটা নেতাজীর নয়। নেতাজীর পিতৃতুল্য দাদা শরৎচন্দ্র বসু মানেননি। আপনারা যখন এই প্রস্তাব সম্পর্কে বলতে উঠবেন তখন বিগত কংগ্রেস সরকারের সম্পর্কে অনেক বিরূপ মন্তব্য করবেন, আমাদের সরকারের পরিচালনায় ভুল হতেই পারে এবং তার সম্পর্কে আপনারা অনেক কটাক্ষ মন্তব্য করবেন জানি। কিন্তু এটাও জেনে রাখবেন যে, ইতিহাস কারুর মুখপত্র হয়ে থাকে না, ইতিহাস আপন গতিপথে চলবে। সুতরাং ভুলভাল কোনও কোনও ক্ষেত্রে হয়ে থাকতেই পারে, যেকোনও দেশের নেতারই হতে পারে। আমাদের দেশের পঞ্চম শ্রেণীর একটি ছেলেকে যদি প্রশ্ন করা হয় নেতাজী সুভাষচন্দ্র বসু কে ছিলেন? তার উত্তরে সে বলবে দেশের বীর ছিলেন। অথচ আমাদের পশ্চিমবঙ্গের নেতাদের নেতাজীকে চিনতে ৪০ বছর কেটে গেছে। সুতরাং এই প্রস্তাব সম্পর্কে সহমত পোষণ করে কেন্দ্রীয় সরকার যে তার হীনতার পরিচয় দিচ্ছেন তার প্রচেষ্টার বিরোধিতা করে এই প্রস্তাবকে সমর্থন করে বলতে চাই যে, ভারতবর্ষের মানুষ তথাকথিত রেনকোজি মন্দিরে নেতাজীর চিতাভস্মকে গ্রহণ করবে না। নেতাজীর ওই চিতাভস্ম সম্পর্কে কোনও শ্রদ্ধা বা কোনও মোহ বা কোনও মমতা ভারতবর্ষের মানুষের বা পশ্চিমবঙ্গবাসীর নেই। এবং ওই চিতাভস্ম যদি আনা হয় তাহলে আমি অন্তত মনে করব যে, ভারতবর্ষের মানুষকে অপমান করা হবে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামী মানুষ যারা ত্রিবর্ণ পতাকাকে ভারতবর্ষের জীবনের চিরন্তন মূর্তির প্রতীক হিসাবে চিহ্নিত করেন তারা কেন্দ্রের কাছে এই নিন্দাসূচক প্রস্তাব পাঠিয়ে প্রতিবাদ এবং বিক্ষোভ জানাবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 – 4-20 P.M.]

**শ্রী তারাপদ ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্যা শ্রীমতী অপরাজিতা গোপ্পী এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করে আপনার সামনে দু-চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে, নেতাজীর মৃত্যু নিয়ে অনেক ঘটনা ঘটেছে, কিন্তু সেই মৃত্যু আদৌ হয়েছিল কি না, বিমান দুর্ঘটনা যেটা ঘটেছিল এটা সত্য কি না সেইসব আদৌ সুপরিচিত নয় এবং তার কনক্লুসিভ রিপোর্টেও পাওয়া যায়নি। এই নিয়ে বিভিন্ন সময়ে অনেক তদন্ত কমিটি গঠন করা হয়েছে, পূর্ববর্তী সরকার এই তদন্ত কমিটি গঠনের ব্যাপারে অনেক টালবাহনা করেছিলেন, সাহানাজ কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টেও অনেক গোলমাল ছিল। এখন আবার দেখা যাচ্ছে জাপানের রেনকোজি মন্দিরে রক্ষিত চিতাভস্মকে নেতাজীর চিতাভস্ম বলে চালানো হচ্ছে, এবং

সেই চিতাভস্মকে ভারতবর্ষে আনার চেষ্টা চলছে। এই ভস্ম আনার ব্যাপারে কথা ওঠায় সঙ্গে সঙ্গে নেতাজীর সহধর্মীনি এমিলি বসু এবং তাঁর কন্যা অনিতা বসু ও পরিবারের সমস্ত লোক প্রতিবাদ জানিয়েছেন। এটা ন্যাশনাল প্রপার্টি নয়, এটা তাঁর ব্যক্তিগত ব্যাপার নেতাজী আমাদের দেশের লোক ছিলেন, এটা আমাদের গৌরবের ব্যাপার, তাই আসল জিনিসটি কি সেটা আমাদের জানতে হবে—এটা কি সত্যিই নেতাজীর চিতাভস্ম তা নাহলে নেতাজীর চিতাভস্ম বলে যদি অন্য কোনও ভস্মকে আনা হয় তাহলে আমি মনে করি নেতাজীর যে আদর্শ এবং দেশপ্রেম তাঁর প্রতি অপমান করা হবে। আজকে নেতাজীর চিতাভস্ম বলে যদি ঐ ভস্মকে চালানো হয় কিম্বা ঐ ভস্মকে যদি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এখানে আনা হয় তাহলে জনমানবে একটা বিক্ষোভ হবে। আজকে নেতাজীর এই ভস্ম সত্যিকারের ভস্ম কি না এবং বিমান দুর্ঘটনা ঘটেছে কি না এই ব্যাপারে যথেষ্ট সন্দেহ আছে। নেতাজী যিনি আমাদের স্বাধীনতা সংগ্রামের প্রধান ছিলেন এবং যার আদর্শকে কেন্দ্র করে আজকে লক্ষ লক্ষ আবাল-বৃদ্ধবনিতা এগিয়ে চলেছে, এবং দেশের সকল মুক্তিকামী জনগণ যে আদর্শকে কেন্দ্র করে এগিয়ে চলেছে তাদের স্বার্থ রক্ষা করতে হলে তাদের কথা আজকে মানতে হবে। তাই এমন কোনও কাজ করা উচিত হবে না যাতে জনগণ বিচলিত হন, বিক্ষুব্ধ হন। তাই আজকে নকল জিনিসকে আসল জিনিস বলে চালানো উচিত হবে না বা সমীচিন কাজ হবে না। তাছাড়াও খোসলা কমিশনের যে রিপোর্ট আছে সেখানে তারাও দেখা গিয়েছে যে সঠিক করে কিছু বলতে পারছেন না। এমতাবস্থায় শ্রীমতী অপরাজিতা গোপ্পী যে প্রস্তাব এনেছেন সেটাকে সর্বান্তকরণে সমর্থন করে এবং চিতাভস্ম আনার যে প্রস্তাব তাকে সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অপূর্বলাল মজুমদার :** মাননীয় স্পিকার মহোদয়, আজকে যে প্রস্তাব মাননীয়া সদস্য অপরাজিতা গোপ্পী এখানে উত্থাপন করেছেন সেই ব্যাপারে আমি প্রথমেই নিবেদন করছি যে, এই প্রস্তাবটি উল্লেখযোগ্য। আমারও একটু কষ্ট হচ্ছে, কারণ নেতাজীকে যেভাবে আমি দেখেছি, দীর্ঘদিন তাঁর আদর্শে উদ্বুদ্ধ হয়ে পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের অনেক জায়গায় ছুটে বেড়িয়েছি, গ্রামের মধ্যে কাজ করেছি। এবং জীবনের প্রত্যুষে যখন আমি ক্লাস টেনে পড়ি তখন একবার মাত্র আমার তাঁকে দেখবার সৌভাগ্য হয়েছিল। বরিশাল জেলাতে তাঁর বক্তব্য শুনেছিলাম দূর থেকে কাছে যাবার সাহস পাইনি, দূর থেকে তাঁকে নমস্কার করেছিলাম। তাঁর বক্তব্য হয়তো ভাল করে বুঝতে পারিনি। সেই বয়েসে দূর থেকে তাঁকে প্রণাম করে চলে গিয়েছিলাম। আমি তাঁর প্রতিভা, তাঁর বক্তব্য দূর থেকে প্রণাম জানিয়েছিলাম। তাঁর সহকর্মীদের সান্নিধ্যে আমি দীর্ঘদিন তাঁদের মধ্যে কাজ করবার সুযোগ পেয়েছিলাম। নেতাজীর প্রতি তাঁর বিরাট প্রতিভা, সাধারণ মানুষ হিসাবে, সাধারণ ছাত্র হিসাবে যেভাবে আমি তাঁকে অন্তর দিয়ে গ্রহণ করে প্রণাম জানিয়েছিলাম, তাঁর প্রতি সেই শ্রদ্ধা থেকে আজও এতটুকু দূরে সরে আসিনি। তিনি ভারতবর্ষের মণীষি শ্রেষ্ঠ ব্যক্তি। তাঁর বক্তব্যে ব্রিটিশ সাম্রাজ্যবাদ কেঁপে গিয়েছিল। তিনি সমস্ত শক্তি দিয়ে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের জন্য লড়েছিলেন।

সেই মহান উদ্দেশ্যের প্রতি, সেই মহান মানুষটির প্রতি আমার নিষ্ঠা আজও অবিচল রয়েছে। আজকে যে প্রশ্ন উঠেছে, সেই প্রশ্ন জটিল প্রশ্ন। কারণ এইজন্য জটিল বলছি, সরকারি তরফ থেকে পরপর দুটি কমিশন নিযুক্ত হয়েছিল। সেই দুটি কমিশনের যাঁরা সভাপতি ছিলেন, যাঁদের নেতৃত্বে এই কমিটি গঠিত হয়েছিল তাঁরা একটা সিদ্ধান্তে এসেছেন, যে সিদ্ধান্ত ভারতবর্ষের মানুষরা গ্রহণ করতে পারেননি। সেই সিদ্ধান্তের মধ্যে যেসব কথাগুলি আছে সেই কথাগুলি পরস্পর বিরোধী। যাঁরা সেই সিদ্ধান্ত পড়েছেন বা দেখেছেন তাতে অনেক পরস্পর বিরোধী কথা আছে। নেতাজী সুভাষচন্দ্রকে ২ বছর আগে ১৮ই আগস্ট তারিখের ঘটনাকে কেন্দ্র করে, পরে এটা সঠিক কি না দেখবার জন্য কমিশন নিযুক্ত হয়েছিল। তাঁরা মার্চ মাসের সেই ১৮ তারিখে আর একটি ঘোষণা করেছিলেন। পরবর্তীকালে কমিশন বলে এটা সম্পূর্ণ মিথ্যা। কারণ অনেকে তাঁর বক্তব্য শুনেছেন বা তাঁকে দেখেছেন। ১৯৪২ সালের মার্চ নয় এটা আগস্ট মাসে। এটা নিয়ে মতবিরোধ আছে। পরপর দুটি কমিশনের সাক্ষরিত সিদ্ধান্ত ভারতবর্ষের মানুষ মেনে নিতে পারেননি। এই কমিশনের যেসব সদস্যরা ছিলেন তাঁরা অনেকে ছিলেন নেতাজীর সহকর্মী। তাঁদের এই সিদ্ধান্ত গ্রহণ করতে না পারার ফলে পরবর্তীকালে আর একটি কমিশন নিযুক্ত হয়। এই কমিশন থেকে যে রিপোর্ট এল সেই রিপোর্টও সাধারণ মানুষ গ্রহণ করলেন না। যার ফলে অনেক মানুষের মধ্যে দ্বিধা-দ্বন্দ্ব আছে। সঠিকভাবে একটা নির্দিষ্ট সিদ্ধান্তে পৌছতে পারছেন না অনেক মানুষ। অগণিত দেশপ্রেমিক, তাঁর পরিবারের একাংশ এমনকি আবার একাংশ তাঁর পরিবারের নয় তাঁরাও বিরুদ্ধে রয়েছেন। একটা বিষয়ের প্রতি যদি আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়, নেতাজী সর্বজন শ্রদ্ধেয় স্বাধীনতা সংগ্রামী ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে বিদগ্ধ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। ভারতবর্ষের আপদে, বিপদে তিনি পাশে এসে দাঁড়িয়েছিলেন। তিনি এমন একজন মানুষ, যিনি স্বাধীন ভারতের প্রথম পতাকা তুলেছিলেন। যখন আমরা একমত হতে পারছি না, কারণ দুটো কমিশনে পরস্পর বিরোধী বক্তব্য রয়ে গেছে। একজন মানুষের চিতাভস্ম বলে যেটা আনার চেষ্টা করা হচ্ছে এটা মানুষ অ্যাকসেপ্ট করতে পারছেন না কারণ অনেকে মনে করছেন যে তিনি জীবিত আছেন, তাঁকে হয়তো একদিন দেখা যেতে পারে। কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করে কেউ একমত হতে পারছেন না, জুরিস্টরাও একমত হতে পারছেন না, দেশপ্রেমিকরাও একমত হতে পারছেন না, ভারতবর্ষের অগণিত মানুষও একমত হতে পারছেন না। চিতাভস্ম নিয়ে এলে একজন সমর্থন করবেন, আর একজন সমর্থন করবেন না, কারণ অনেকেই দ্বিধা-দ্বন্দ্বের মধ্যে রয়েছেন। তাঁর প্রতি যে শ্রদ্ধা আমাদের, বিনম্র প্রণাম রয়েছে সেই মানুষকে যেন দুর হতে দেখবার চেষ্টা না করি।

[4-20—4-30 P.M.]

এখানে চিতাভস্ম বলে একটা জিনিসকে নিয়ে আসা ঠিক হবে না বলে আমার মনে হয়। এর আগে দু'বার কমিটি হয়েছিল এ ব্যাপারে, দরকার হলে আবার একটা কমিটি হবে এবং তারা সমস্ত সন্দেহ নিরসন করে জ্যুরিস্ট করে বলতে পারে যে এটা ফুল প্রুফ রিপোর্ট

এবং এর একটা স্ট্যান্ডার্ড আছে, যাতে সমস্ত সন্দেহের নিরসন হয়। তার কাছের লোক বলে পরিচিত হাবিবুর রহমানকে নিয়ে একটি কমিটি গঠিত হল, তিনি এখানে এক রকম কথা বললেন, আর পাকিস্তানের লাহোরে যখন গেলেন তখন তিনি অন্যরকম কথা বললেন। তিনি বলছেন আমি সোলজার মাত্র, আমি শুধু কমান্ডারের অর্ডার পালন করেছি। পরবর্তীকালে তিনি বললেন নেতাজী মারা গেছে, আবার পরবর্তীকালে তিনি বললেন নেতাজী মারা গেছে, আবার পরবর্তীকালে তিনি বললেন নেতাজী বেঁচে আছে। সুতরাং হাবিবুর রহমানই একমাত্র ভারতীয় সদস্য যিনি এই রকম কথাবার্তা বলেছিলেন। একমাত্র যারা জাপানে রয়েছে তারাই একমাত্র বলতে পারেন সঠিক কথাটা। আজকে কেউ সাহস করে বলতে পারবে না, হ্যাঁ এটাই নেতাজীর আসল চিতাভস্ম, এটা কেউ আজকে প্রমাণ করতে পারবে না। আমরা ভারতবর্ষের সমস্ত মানুষ তাঁকে শ্রদ্ধা করি, আমরা তার চিতাভস্ম নিশ্চয় গ্রহণ করব এবং মর্যাদা দিয়েই গ্রহণ করব। কিন্তু যতক্ষন পর্যন্ত না এটা প্রমাণ হতে পারছে এবং সে সম্পর্কে মানুষ নিশ্চিত হতে পারছে ততক্ষণ পর্যন্ত আমরা এটা গ্রহণ করতে পারছি না। স্যার আপনার কাছে আমি নিবেদন করতে চাই, কৈশর থেকে আজ পর্যন্ত ভারতবর্ষের এই জ্বলন্ত ভালবাসার প্রতীক, এবং স্বাধীনতার যে প্রদীপ তিনি প্রজ্জ্বলিত করেছিলেন ব্রিটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে, সেই প্রদীপের শিখা আজও পর্যন্ত নেভেনি। সেই প্রদীপের শিখা ভারতবর্ষকে এগিয়ে নিয়ে গিয়ে স্বাধীনতা এনে দিয়েছিল। তাই শুধু উন্মাদনার বশে ভুল পদক্ষেপ নিয়ে এটা ঠিক হবে না, তাই আজকে আমি এখানে বলতে চাই, আমার সেই ছোটবেলার দেখা সেই মানুষটিকে আমি কোনওদিন ভুলতে পারব না, মর্যাদা ও বিনম্র শ্রদ্ধা সহকারে আজকের দিনে তাই এই হাউসে যারা আছেন তাদের কাছে বলতে চাই, সেদিন আমরা হয়ত তাকে ঠিক অ্যাসেসমেন্ট করতে পারিনি, কিন্তু পরবর্তীকালে আমরা সেটা বুঝে তাকে ঠিকভাবে গ্রহণ করতে পেরেছিলাম এবং ভারতবর্ষের সকল মানুষ তাকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করেছিল। তাই আজকে এই প্রস্তাবকে একটা সার্বজনীন প্রস্তাব রূপায়িত করা হোক, যেমন প্রথম প্রস্তাবটিকে আমরা সবাই একমত হয়ে গ্রহণ করেছিলাম এবং আজকে এই প্রস্তাবটিকে সর্বজনগ্রাহ্য প্রস্তাবে রূপায়িত করা হোক। আমি কংগ্রেসের তরফ থেকে বলতে চাই, তিনি কোনও পার্টিকুলার রাজনীতির লোক নন। তিনি আজকে কাছে নেই, ৪৫ বছর আগে দেখা ঐ মানুষটিকে আজও সর্বজনপ্রিয় মানুষ, এই হাউসের প্রতিটি মরমী মানুষ দেশপ্রেমপ্রীতি মানুষ আজ তার প্রতি শ্রদ্ধা জানিয়ে এই প্রস্তাব গ্রহণ করেছে। তার প্রতি আমাদের যে ঋণ, সেই ঋণ আমরা কোনওদিন শোধ করতে পারব না। ভালবাসার প্রতীক হিসাবে এই মানুষটাকে স্মরণ করতে চাই যে, মুহুর্তের জন্য এই লোকটাকে যেন আমরা কোনওদিন না ভুলি, এই কটি কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রীমতী অপরাজিতা গোপ্পীর এই প্রস্তাবটি সমর্থন করতে দাঁড়িয়ে আমি হাউসের কাছে দু'একটি কথা নিবেদন করতে চাই। দীর্ঘদিন পরে আবার কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম টোকিওর রেনকোজি মন্দির

থেকে তথাকথিত নেতাজীর চিতাভস্ম আনার প্রস্তাব একটা মহল থেকে করা হচ্ছে। মাঝে মাঝে এইরকম কাজ করার একটা প্রয়াস কিছু সংখ্যক লোকের মধ্যে দেখা দেয়। নেতাজী তথাকথিত তাইহোকু বিমান দুর্ঘটনায় মারা গেছেন এই প্রমাণ করবার জন্য ভারতবর্ষে বারে বারে চেষ্টা হয়েছে, কিন্তু সেই চেষ্টা ফলপ্রসু হয়নি। এর জন্য দুটি কমিশন কেন্দ্রীয় সরকার নিয়োগ করেছিলেন—একটা শাহনওয়াজ কমিশন, আর একটা খোসলা কমিশন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেকটি কমিশনের যা রিপোর্ট, সেখানে সাক্ষ্য যাঁরা দিয়েছেন সমস্ত জায়গাতে কনট্রাডাক্টরি স্টেটমেন্ট এবং কেউ প্রমাণ করতে পারেননি যে নেতাজী তাইহোকু বিমান দুর্ঘটনায় মারা গেছেন। কিন্তু জোর করে একটা রিপোর্ট দেওয়া হয়েছে এবং সেই বিমান দুর্ঘটনায় তাঁর মৃত্যু হয়েছে বলা হয়েছে। মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয় এই কমিশনের পরস্পর বিরোধী রিপোর্টের কথা বলেছেন, এজন্য তাঁকে ধন্যবাদ। হয়ত মুহূর্তে অতীতের কথা তাঁর মনে হয়েছে, সেই কথা তিনি স্মরণ করেছেন, তিনি সত্য কথা বলেছেন। এই ভারতবর্ষে একটা অপপ্রয়াস চলছে, অতীতের মতো এখনও বেঁচে আছে সেই অপপ্রয়াস এটাও স্বীকার করেছেন। তাঁকে ধন্যবাদ যে আর একটা কমিশন করার কথা তিনি উল্লেখ করেছেন, আমি তাঁকে সমর্থন করি, সত্য উদ্ঘাটন করতে আর একটা কমিশন নিয়োগ করা হোক, তাঁর অন্তর্ধান রহস্য মানুষ জানতে চায়। ভারতবর্ষের ৮০ কোটি মানুষ আসমুদ্র-হিমাচল আজকে জানতে চাই সেই নেতাজীর অন্তর্ধান রহস্য, কোথা থেকে তিনি কোথায় গেলেন, কোথায় আছেন এটা মানুষ জানতে চায়। কেন কেন্দ্রীয় সরকার এই সত্য উদ্ঘাটন করবেন না? আজকে হাউসে এই যে প্রস্তাব উঠেছে উনি বলেছেন এটা সর্বজন সম্মত প্রস্তাব হিসাবে গৃহীত হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কিছুদিন আগে কাগজে দেখেছেন যে, রাজস্থান হাইকোর্ট থেকে একটা ইনজাংশন দেওয়া হয়েছে যাতে করে ওখান থেকে চিতাভস্ম কেন্দ্রীয় সরকার না আনেন এবং নেতাজী রিসার্চ ফাউন্ডেশন, জয়পুর, তাঁরা মামলা করেছেন রাজস্থান হাইকোর্টে এবং হাইকোর্ট এই ইনজাংশন দিয়েছেন। হাইকোর্টের এই ইনজাংশন সত্ত্বেও এই ধরনের প্রয়াস হাইকোর্টের অবমাননা স্বরূপ। আমার মনে হয় কেন্দ্রীয় সরকার হাইকোর্টকে অবমাননা করে উপেক্ষা করে এই তথাকথিত চিতাভস্ম আনার প্রয়াস পাননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ব্রিটিশের যে হোয়াইট পেপার—স্বর্গীয় অমরপ্রসাদ চক্রবর্তী, খোসলা কমিশনে যখন সওয়াল করেছিলেন তখন তিনি দেখিয়েছিলেন কে. পি. এস. মেননের ট্রান্সফার অব পাওয়ার এই বইটির একটা জায়গা উদ্ধৃত করে যে ১৯৪৫ সালে ১৮ই আগস্ট তাইহোকু বিমান দুর্ঘটনার এক বছর পরে ১৯৪৬ সালের ১৮ই সেপ্টেম্বর ব্রিটিশ ক্যাবিনেটে আলোচনা হচ্ছে হাউ টু ট্রাই রেকো সুভাষ। তাইহোকু বিমান দুর্ঘটনায় যদি তিনি মারাই যান তাহলে ১ বছর পরে সেই ব্রিটিশ সরকার কিভাবে ক্যাবিনেটে আলোচনা করছেন যে, বিদ্রোহী, বিপ্লবী সুভাষের বিচার করব, ফাঁসি দেব? সুতরাং ব্রিটিশ হোয়াইট পেপার প্রমাণ করে সুভাষচন্দ্র সেদিন তাইহোকু বিমান দুর্ঘটনায় মারা যাননি। সেইজন্য আমরা বলছি, সমস্ত বিষয়গুলি বিবেচনা করে কেন্দ্রীয় সরকার আমাদের এই প্রস্তাবটিকে সমর্থন করুন এবং এই প্রস্তাবটিকে কার্যকর করুন। কংগ্রেস থেকেও বলেছেন যে, আগের একটি প্রস্তাবের মতো

এবং এর একটা স্ট্যান্ডার্ড আছে, যাতে সমস্ত সন্দেহের নিরসন হয়। তার কাছের লোক বলে পরিচিত হাবিবুর রহমানকে নিয়ে একটি কমিটি গঠিত হল, তিনি এখানে এক রকম কথা বললেন, আর পাকিস্তানের লাহোরে যখন গেলেন তখন তিনি অন্যরকম কথা বললেন। তিনি বলছেন আমি সোলজার মাত্র, আমি শুধু কমান্ডারের অর্ডার পালন করেছি। পরবর্তীকালে তিনি বললেন নেতাজী মারা গেছে, আবার পরবর্তীকালে তিনি বললেন নেতাজী মারা গেছে, আবার পরবর্তীকালে তিনি বললেন নেতাজী বেঁচে আছে। সুতরাং হাবিবুর রহমানই একমাত্র ভারতীয় সদস্য যিনি এই রকম কথাবার্তা বলেছিলেন। একমাত্র যারা জাপানে রয়েছে তারাই একমাত্র বলতে পারেন সঠিক কথাটা। আজকে কেউ সাহস করে বলতে পারবে না, হ্যাঁ এটাই নেতাজীর আসল চিতাভস্ম, এটা কেউ আজকে প্রমাণ করতে পারবে না। আমরা ভারতবর্ষের সমস্ত মানুষ তাঁকে শ্রদ্ধা করি, আমরা তার চিতাভস্ম নিশ্চয় গ্রহণ করব এবং মর্যাদা দিয়েই গ্রহণ করব। কিন্তু যতক্ষন পর্যন্ত না এটা প্রমাণ হতে পারছে এবং সে সম্পর্কে মানুষ নিশ্চিত হতে পারছে ততক্ষণ পর্যন্ত আমরা এটা গ্রহণ করতে পারছি না। স্যার আপনার কাছে আমি নিবেদন করতে চাই, কৈশর থেকে আজ পর্যন্ত ভারতবর্ষের এই জ্বলন্ত ভালবাসার প্রতীক, এবং স্বাধীনতার যে প্রদীপ তিনি প্রজ্জ্বলিত করেছিলেন ব্রিটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে, সেই প্রদীপের শিখা আজও পর্যন্ত নেভেনি। সেই প্রদীপের শিখা ভারতবর্ষকে এগিয়ে নিয়ে গিয়ে স্বাধীনতা এনে দিয়েছিল। তাই শুধু উন্মাদনার বশে ভুল পদক্ষেপ নিয়ে এটা ঠিক হবে না, তাই আজকে আমি এখানে বলতে চাই, আমার সেই ছোটবেলার দেখা সেই মানুষটিকে আমি কোনওদিন ভুলতে পারব না, মর্যাদা ও বিনম্র শ্রদ্ধা সহকারে আজকের দিনে তাই এই হাউসে যারা আছেন তাদের কাছে বলতে চাই, সেদিন আমরা হয়ত তাকে ঠিক অ্যাসেসমেন্ট করতে পারিনি, কিন্তু পরবর্তীকালে আমরা সেটা বুঝে তাকে ঠিকভাবে গ্রহণ করতে পেরেছিলাম এবং ভারতবর্ষের সকল মানুষ তাকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করেছিল। তাই আজকে এই প্রস্তাবকে একটা সার্বজনীন প্রস্তাব রূপায়িত করা হোক, যেমন প্রথম প্রস্তাবটিকে আমরা সবাই একমত হয়ে গ্রহণ করেছিলাম এবং আজকে এই প্রস্তাবটিকে সর্বজনগ্রাহ্য প্রস্তাবে রূপায়িত করা হোক। আমি কংগ্রেসের তরফ থেকে বলতে চাই, তিনি কোনও পার্টিকুলার রাজনীতির লোক নন। তিনি আজকে কাছে নেই, ৪৫ বছর আগে দেখা ঐ মানুষটিকে আজও সর্বজনপ্রিয় মানুষ, এই হাউসের প্রতিটি মরমী মানুষ দেশপ্রেমপ্রীতি মানুষ আজ তার প্রতি শ্রদ্ধা জানিয়ে এই প্রস্তাব গ্রহণ করেছে। তার প্রতি আমাদের যে ঋণ, সেই ঋণ আমরা কোনওদিন শোধ করতে পারব না। ভালবাসার প্রতীক হিসাবে এই মানুষটাকে স্মরণ করতে চাই যে, মুহুর্তের জন্য এই লোকটাকে যেন আমরা কোনওদিন না ভুলি, এই কটি কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রীমতী অপরাজিতা গোপ্পীর এই প্রস্তাবটি সমর্থন করতে দাঁড়িয়ে আমি হাউসের কাছে দু'একটি কথা নিবেদন করতে চাই। দীর্ঘদিন পরে আবার কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম টোকিওর রেনকোজি মন্দির

নেতাজী শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত হয়ে আছেন। তাই তথাকথিত রেনকোজি মন্দির থেকে নেতাজীর চিতাভস্ম না আনলে নেতাজী ভারতবর্ষের জনগণের কাছে উজ্জ্বল হয়ে থাকবেন। এই চিতাভস্ম না আনার জন্য অনুরোধ করছি। সুতরাং যে ঘটনাকে কেন্দ্র করে ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষের মধ্যে নানান সংশয় রয়েছে, নানান প্রশ্ন রয়েছে, নানান দ্বিধা-দ্বন্দ্ব রয়েছে সেই রকম একটা বিতর্কিত বিষয়ে বর্তমান ভারত সরকারের অগ্রসর হওয়া উচিত নয় বলেই আমি মনে করি। তাই আজ এই সভায় যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করতে চাই যে, ভারতবর্ষের জনগণের সেন্টিমেন্টের প্রতি মর্যাদা দিয়ে এবং সহানুভূতি জ্ঞাপন করে স্বাধীনতা আন্দোলনের বীর নেতাজী সুভাষচন্দ্র বসুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে যেন এই বিতর্কিত চিতাভস্ম না আনা হয়। স্যার, এই প্রসঙ্গে এর সাথে সাথে আমি আর একটি কথা বলব। আমার দাবি, স্বাধীনতা সংগ্রামী নেতাজী সুভাষচন্দ্র বসুর ভাগ্যে প্রকৃত কি ঘটেছিল তা জানার ব্যবস্থা করা হোক। তার সম্বন্ধে নানান কথা সোনা যায় এবং তাঁর সম্বন্ধে নানান তথ্য সংবাদপত্র এবং বই-এর মাধ্যমেও আমরা দেখতে পাই। আমার দাবি, প্রয়োজনে আর একটি কমিশন করে নেতাজীর প্রতি সম্মান দেখানোর জন্য প্রকৃত তথ্য বার করা উচিত। তার রহস্যজনক অন্তর্ধান সম্বন্ধে প্রকৃত তথ্য নিরূপণ করা সম্ভব নয় এটা ঘটনা নয়। পরিশেষে আমি এই প্রস্তাবকে সমর্থন করে বলছি, চিতাভস্ম যাতে ভারতবর্ষে না আনা হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব আজ সভায় নিয়ে এসেছি সেই প্রস্তাবে যারা সই করেছেন এবং বক্তব্য রেখেছেন, তাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি কয়েকটি কথা বলছি। স্যার, এই ধরনের প্রস্তাব করে আমাদের প্রতিবাদ জানাতে হবে এটাই আমাদের কাছে অত্যন্ত বেদনার কথা। ভারতবর্ষে স্বাধীনতা আন্দোলনে নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদানের কথা আমরা সকলেই জানি। নেতাজী সুভাষচন্দ্র বসু কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন এবং মহাত্মা গান্ধীর সঙ্গে তাঁর রাজনৈতিক মত পার্থক্যের মধ্যে দিয়ে তিনি বিশ্বাস করতেন যে, আপোষের মধ্যে দিয়ে নয়, ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সশস্ত্র সংগ্রামের মধ্যে দিয়েই স্বাধীনতা অর্জন করতে হবে। সেদিন তিনি ভারতবর্ষ থেকে চলে গিয়েছিলেন। আমরা জানি যে, নেতাজী সুভাষচন্দ্র বসু আত্মগোপন করে অত্যন্ত দুর্গম পথ পার হয়ে ভারতবর্ষ থেকে চলে গিয়েছিলেন এবং তিনি প্রথমে জার্মানী এবং পরে জাপানে যান। স্যার, অত্যন্ত দুঃখ ও বেদনার কথা যে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের অন্যতম শ্রেষ্ঠ বিপ্লবী নেতা, তিনি কোথায় গেলেন, তার কি হল আজও ভারতবর্ষের স্বাধীন সরকার সেটা প্রকাশ করতে পারলেন না। সেখানে তদন্ত করে সঠিক ঘটনাটা তারা নিরূপণ করতে পারলেন না। এর থেকে লজ্জা, দুঃখ, বেদনার কথা আর থাকতে পারে না। স্যার, ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের মধ্যে দিয়ে যে স্বাধীনতা আন্দোলনের শুরু নেতাজী সুভাষচন্দ্র বসু সেই ব্রিটিশ এবং আমেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। সমস্ত পৃথিবী

এটা দেখে চমকে উঠেছিল। তারা চিন্তাও করতে পারেনি যে, ভারতবর্ষের বিশেষ করে একজন বাঙালি তরুন যুবক এইভাবে আত্মগোপন করে চলে এসে নিজের জীবনকে তুচ্ছ করে লড়াই চালিয়ে যাচ্ছেন ভারতবর্ষকে স্বাধীন করার জন্য। মন্ত্রী হবার জন্য নয়, কোনও সংকীর্ণ স্বার্থ রক্ষার জন্য শুধু নয়, শুধুমাত্র ৪৮ কোটি হিন্দু মুসলমানের ভারতবর্ষকে স্বাধীন করার জন্য সর্বস্ব ত্যাগ করে নিজের জীবন বিপন্ন করে গড়ে তুলেছিলেন স্বাধীন আজাদ হিন্দ সরকার এবং আজাদ হিন্দ বাহিনী। তিনি রানি ঝান্সি বাহিনী গঠন করে দেখিয়ে দিয়েছিলেন সশস্ত্র বাহিনীর মধ্যে দিয়ে স্বাধীনতা অর্জন করতে হয়। সেদিন তিনি সারা বিশ্বকে দেখিয়ে দিয়েছিলেন যে, স্বাধীনতা অর্জন করতে গেলে কিভাবে লড়াই করতে হয়।

[4-40—4-50 P.M.]

নিজের বুকের রক্ত দিয়ে স্বাধীনতা অর্জন করতে হয়। তাই তার আহ্বান ছিল, "তোমরা আমাকে রক্ত দাও আমি তোমাদের স্বাধীনতা দেব, আমি আর কিছু দিতে পারব না।" সেটাই তার শেষ বক্তৃতা ছিল। তিনি বারবার মহাত্মা গান্ধীকে বলেছিলেন, বাপুজী, আপনি তাকিয়ে দেখুন, এই আমাদের ভারতবর্ষের শেষ স্বাধীনতা সংগ্রাম। এই সংগ্রামে যারা লড়াই করেছে তারা হিন্দু, মুসলমান, শিখ এবং খ্রিস্টান। তাদের ঐক্যবদ্ধ সংগ্রামের মধ্যে দিয়ে ভারতবর্ষের শেষ স্বাধীনতা সংগ্রাম শুরু হয়েছে। এই রক্তের মধ্যে কোথাও লেখা যে এটা হিন্দুর রক্ত, এই রক্তের মধ্যে কোথাও লেখা নেই যে এটা মুসলমানের রক্ত। হিন্দু-মুসলমানের ঐক্যবদ্ধ সংগ্রামের মধ্যে দিয়েই ভারতবর্ষ তার স্বাধীনতা অর্জন করবে এবং তিনি হবেন ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ নেতা। তিনি সঠিক পথে ভারতবর্ষের স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন এবং বিশেষ করে আজাদহিন্দ যে সরকার সেই সরকারের ঘোষিত নীতির মধ্যে দিয়েই এই সংগ্রাম শুরু হয়েছিল এবং তার ফলে ব্রিটিশ ভারতবর্ষ থেকে চলে যেতে বাধ্য হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের কথা, স্বাধীনতার পরে যখন সমস্ত মানুষ চাপ সৃষ্টি করলেন ভারত সরকারের কাছে তখন একটা তদন্ত কমিশন হল। শাহনওয়াজকে চেয়ারম্যান করে একটা তদন্ত কমিটি গঠিত হয়েছিল। সেই কমিটির যে রিপোর্ট সেই রিপোর্ট যদি আপনি পড়েন তাহলে আশ্চর্য হয়ে যাবেন যে, কি চক্রান্ত হয়েছে। নেতাজী সুভাষচন্দ্র বোস জীবিত আছেন, কি কোথায় আছেন, একটা স্বাধীন ভারতবর্ষের সরকার সেটা অনুসন্ধান করবেন, না, তাইহোকু বিমান দুর্ঘটনায় নেতাজীর মৃত্যু হয়েছে সেটাই প্রমাণ করবার চেষ্টা করেছিলেন শাহনওয়াজ কমিটি। আপনি জানেন যে, সেই শাহনওয়াজ কমিশনে শ্রদ্ধেয় সুরেশচন্দ্র বোস মহাশয় ছিলেন। তিনি সেদিন বিরোধিতা করে সেই কমিশন থেকে পদত্যাগ করেছিলেন এবং তার রিপোর্টেও আলাদা একটা বইয়ের আকারে প্রকাশিত হয়েছিল সেই বইয়ে আমরা দেখেছি অদ্ভুত সব ঘটনা এবং সেই সমস্ত ঘটনার মধ্যে দিয়ে শাহনওয়াজ বারবার প্রমাণ করবার চেষ্টা করেছেন যে, তাইহোকু বিমান দুর্ঘটনায় নেতাজী সুভাষচন্দ্র ঘোসের মৃত্যু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে একটু সময় দেবেন, আমি ২টো ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই। মাননীয় সদস্যা, আপনারা শুনুন, খোসলা কমিশনের সামনে যে সমস্ত রিপোর্ট দাখিল করা

হয়েছিল, ধরুন—১৮ই আগস্ট ১৯৪৫ সাল, সেদিন যেখানে প্লেন দুর্ঘটনা হয়েছিল বলে তাইহোকর লোকেরা বলেছিলেন, তার পরবর্তীকালে দেখেছি যে, আমেরিকান ইন্টেলিজেন্স ব্রাঞ্চ থেকে গোয়েন্দা দপ্তর খবর দিয়েছে যে, ১৮ই আগস্ট টু ইঞ্জিন বোম্বার সায়গন থেকে আকাশে উঠেছিল। এর মধ্যে ৩ জন লোক প্যারাস্যুটে নামে—হারবিন এবং ভিয়েনসিন নামে তারা বলতে চেয়েছেন যে, এর মধ্যেই নেতাজী সুভাষচন্দ্র বোস ছিলেন একথা তারা জানতেন এবং একথাও তারা বলেছেন যে, আমরা এই প্লেন সম্পর্কে কি করব—একটা বোম্বহার প্লেন উড়ে আসছে। তখন গোয়েন্দা দপ্তর থেকে জানানো হয়েছিল যে, তোমরা ওয়াচ কর এই বোম্বার প্লেনকে, আঘাত কর না। এটা খোসলা কমিশনের কথা। আর একটা হচ্ছে, তাইহোকুর বিমান দুর্ঘটনায় যদি নেতাজীর মৃত্যু হয়ে থাকেও ৭দিন পরে, ব্রিটিশ গোয়েন্দা দপ্তর জানাচ্ছে যে, ব্রিটিশ গোয়েন্দা দপ্তরে সেই সময়ের হোম মেম্বার অব দি ভাইসরয় একজিকিউটিভ কাউন্সিল, স্যার মোদি একটা নোট তৈরি করে ভাইসরয়-এর কাছে লন্ডনে পাঠিয়েছিলেন, তার তারিখ হচ্ছে ২৩-৮-৪৫। তিনি বলেছেন যে, ক্যাম্পুলেজ করা হয়েছে। অর্থাৎ নেতাজী সুভাষচন্দ্র বোস, তার যে চরিত্র, সেই চরিত্র অনুযায়ী তিনি তার কর্মপদ্ধতি ঠিক করে ফেলেছিলেন যে, তিনি কি করবেন। তিনি জানতেন যে, জাপান সারেন্ডার করবে। সেখান থেকে কিভাবে পালিয়ে যাবেন এবং অন্য জায়গায় গিয়ে তিনি তার কাজ চালাবেন। এই পরিকল্পনা তিনি আগেই করেছিলেন এবং সেই পরিকল্পনা অনুযায়ী তাইহোকু বিমান দুর্ঘটনা, এটা একটা ক্যাম্পেুলেজ করা হয়েছিল। আমার কাছে খবর আছে যে, তিনি ঐ সায়গন থেকে মাঞ্চুরিয়ায় গিয়ে নেমেছেন এবং ওখান থেকে বর্ডার ক্রস করে রাশিয়ায় গেছেন। সেখানে তারা অ্যাডলির কাছে খবর পাঠিয়ে বলেছেন যে, আপনি ব্রিটিশ ক্যাবিনেট থেকে আমাদের জানান যে, এই অবস্থায় আমরা নেতাজী সুভাষচন্দ্র বোসকে যুদ্ধবন্দি হিসাবে ঘোষণা করব, না বলব যে আমাদের কাছে ফিরিয়ে দাও, তাদের শাস্তি দেওয়া হোক।

মাননীয় অধ্য মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, এই খোসলা কমিশন, শাহনাওয়াজ কমিশন, এই কমিশনগুলোর মধ্যে কন্ট্রাডিক্টরি সমস্ত কথাবার্তা রয়েছে এবং তার মধ্যে দিয়ে আজ পর্যন্ত প্রতিষ্ঠিত হয়নি যে, তাইহোকু বিমান দুর্ঘটনা ১৯৪৫ সালে আগস্ট মাসের ১৮ তারিখে যা ঘটেছিল, নেতাজী সুভাষচন্দ্র তাতে মারা গেছেন, এটা প্রমাণিত হয়নি। তাঁরা প্রমাণ করতে পারেননি। শুধু তাই নয়, তাঁরা বলছেন এই খোসলা কমিশনের মধ্যে যে ১৮ই আগস্ট কোনও প্লেন দুর্ঘটনা ওখানে হয়নি। একটি বোম্বার উঠেছিল, তার মধ্যে তিন জন প্যাসেঞ্জার ছিলেন এবং তার মধ্যে নেতাজী সুভাষচন্দ্র ছিলেন, হাবিবুর রহমন ছিলেন, এটা একটা গোপন গোয়েন্দা রিপোর্ট, এটা খোসলা কমিশনের কাছে রয়েছে। আমার বক্তব্য হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাধীনতার ৪২ বছর পর ভারতবর্ষের স্বাধীনতার জন্য যে মানুষটা এক বস্ত্রে ভারতবর্ষ থেকে চলে গেলেন, কোনও কিছুর জন্য নয়, প্রধানমন্ত্রী হওয়ার জন্য নয় এবং তিনি কোনও পদের জন্য যাননি, ভারতবর্ষের স্বাধীনতার জন্য, যে স্বাধীনতার জন্য ২০০ বছর ধরে ভারতবর্ষের মানুষ লড়াই করেছে, ১৮৫৭ সাল থেকে সিপাহী বিদ্রোহের

মধ্যে দিয়ে যে লড়াই শুরু হয়েছে, সেই লড়াই এর শেষ লড়াই দক্ষিণ পূর্ব এশিয়ার রণাঙ্গনে নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে সংগঠিত হয়েছিল এবং সেই লড়াই এর মধ্যে দিয়ে ব্রিটিশ সাম্রাজ্যবাদ ভারত থেকে চলে যেতে বাধ্য হয়েছিল। তাই আজকে স্বাধীন ভারতবর্ষে তাঁর খবর প্রত্যক্ষ ভাবে উদঘাটিত হবে না, এর মতো দুঃখ, এর মতো যন্ত্রণা, এর মতো ব্যথা আর কিছু হতে পারে না। তাই আজকে এই প্রস্তাবকে এইজন্য নিয়ে এসেছি, কারণ আজকে বুঝতে পারছি, সারা ভারতবর্ষে নেতাজী সম্পর্কে এখনও ষড়যন্ত্র রয়েছে। এই ষড়যন্ত্রের মধ্যে এটাই হচ্ছে যে, তাঁর ছাই বলে জাপান থেকে যা নিয়ে আসতে চাইছে—যে মানুষটি মারা গেছে কি, মারা যায়নি সেটা বিতর্কিত, সেই বিতর্কিত মানুষের ছাই আনা হবে, তার আমরা প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি সর্বসম্মতিক্রমে আমরা ভি. পি. সিং-এর কাছে জানাব, আবার নতুন করে তদন্ত কমিশন গঠন করা হোক এবং যারা ষড়যন্ত্র করে নেতাজীর আত্মত্যাগ, নেতাজীর আদর্শ, নেতাজীর সেই বীরত্বকে ষড়যন্ত্র করে কলুষিত করবার চেষ্টা করছেন, তাদের সেই ষড়যন্ত্রের মুখোশ খুলে দেওয়া হোক এবং যারা এর সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে আমরা সারা ভারতবাসী তার প্রতিবাদ জানাচ্ছি। এবং আমি অনুরোধ করব আজকে এই সভায় যে প্রস্তাব নিয়ে এসেছি, এই প্রস্তাবটা আপনি ভারত সরকারকে জানান যে, আবার নতুন করে নেতাজী সম্পর্কে তদন্ত কমিশন গঠন করা হোক এবং আসল খবর উদঘাটন করা হোক। এই বলে আমি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, ভারত সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত তদন্ত কমিশনের রিপোর্টে তথাকথিত তাইহোকু বিমান দুর্ঘটনায় নেতাজী সুভাষচন্দ্র বসুর মৃত্যু প্রমাণিত না হওয়া সত্ত্বেও কিথু ব্যক্তি উদ্দেশ্য প্রণোদিত ভাবে টোকিওর রেনকোজি মন্দিরে রক্ষিত চিতাভস্মকে নেতাজীর চিতাভস্ম বলে চালাবার চেষ্টা করছে এবং টোকিও থেকে এই চিতাভস্ম ভারতে নিয়ে এসে নেতাজীর মর্যাদাকে নষ্ট করতে উদ্যত হয়েছে যা দেশবাসীকে ক্ষুব্ধ ও উত্তেজিত করে তুলেছে।

এই সভা তাই ভারত সরকারের নিকট অনুরোধ করছে যাতে রেনকোজি মন্দিরে রক্ষিত নেতাজীর এই তথাকথিত চিতাভস্ম ভারতে না আনা হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা তারা গ্রহণ করুন। was then put and agreed to.

**Mr. Speaker :** Now there are two motions under Rule 185 on the same. The first motion is by Shri Apurba Lal Majumdar and the other is by Shri Deba Prasad Sarkar. Both the motions will be taken together and discussed together. The total time allotted is one hour. So I would now request Shri Apurba Lal Majumdar to move his motion.

**Shri Apurba Lal Majumdar :** Sir, I beg to move that—

This House views with grave concern the recent fare hike of public transport of these days of deepening economic crisis, and urges upon the State Government to refrain from increasing the fare of the public transport and to set up a new "Fare Revision Committee" with equal number of representatives from both the Government and opposition sides in the Assembly, to examine the fare structure of the public transport and to settle the issue.

স্যার, বাসের ভাড়া, সাধারণ বাস ছিল ২০ পয়সা, কংগ্রেস যতদিন রাজত্ব করেছে, সেই পর্যন্ত ছিল ২০ পয়সা। তার চেয়ে বেশি বাড়েনি। স্পেশাল বাস কংগ্রেস যতদিন ছিল, তার ভাড়া ছিল ৫০ পয়সা, তার চেয়ে বেশি বাড়েনি।

[4-50—5-00 P.M.]

যতদিন কংগ্রেস ক্ষমতায় ছিল ততদিন মিনি বাসের ভাড়া ছিল ৬৫ পয়সা, তার চেয়ে বেশি বাড়েনি। যতদিন কংগ্রেস ক্ষমতায় ছিল ততদিন ট্রামের ভাড়া ছিল ২০ পয়সা, তার চেয়ে বেশি বাড়েনি। সি. পি. এম. ক্ষমতায় আসার পর সাধারণ বাসের ভাড়া প্রথম বাড়ালেন ১৯৮০ সালে একবার। তারপর ৮১ সালে একবার বাড়ালেন, তারপর ৮৩ সালে একবার বাড়ালেন, তারপর ৮৫ সালে একবার বাড়ালেন, তারপর ৮৬ সালে আর একবার বাড়ালেন এবং শেষ ৯০ সালে আর একবার বাড়ালেন। বামফ্রন্ট রাজত্বকালে এখন পর্যন্ত মোট ৬ বার সাধারন বাসের ভাড়া বেড়েছে, স্পেশাল বাসের ৪ বার বেড়েছে, মিনি বাসের ৩ বার বেড়েছে, এবং ট্রামের ভাড়া বেড়েছে ৪ বার। সাধারন বাসের ভাড়া ২৫০% বাড়িয়েছেন, স্পেশ্যাল বাসের ভাড়া ১০০% বাড়িয়েছেন, মিনি বাসের ভাড়া ২৫০% বাড়িয়েছেন, স্পেশ্যাল বাসের ভাড়া ১০০% বাড়িয়েছেন। এই হল ওঁদের গরিবের প্রতি দয়া-দাক্ষিণ্য দেখাবার ফল! ওঁরা একটা কমিটি গঠন করেছিলেন, ফেয়ার রিভিশন কমিটি তিন জনকে নিয়ে গঠন করেছিলেন। চেয়ারম্যান শ্রী প্রবুদ্ধনাথ রায়, ভাইস চেয়ারম্যান শ্রী সুমন্ত চৌধুরি, আই. এ. এস. এবং মেম্বার সেক্রেটারি শ্রী বি. সি. ঘোষ ডাবলু, বি. সি. এস. এই তিন জনের যে রিপোর্ট আছে সেই রিপোর্টটা যদি একটু দেখেন তাহলে দেখবেন যে, কিভাবে বাস মালিকদের প্রতি তাঁদের মনোভাব প্রকট হয়ে দেখা দিয়েছে। রিপোর্টের মধ্যে দিয়ে বাস মালিকদের সন্তুষ্ট করবার জন্য কিভাবে তাঁরা প্রচেষ্টা চালিয়েছেন। স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের মাননীয় সদস্যদের কাছে বলছি, তাঁরা একটু লক্ষ্য করে দেখবেন যে সরকারের অপদার্থতা কতখানি নিচে নেমে গেছে। স্যার, সি. এস. টি. সি'র সম্বন্ধে সি. এ. জি. বা ক্যাগের যে রিপোর্ট সেই রিপোর্ট যদি তাঁরা দেখেন তাহলে তাঁদের আর আমাদের প্রতি উষ্মা থাকবে না। সেই রিপোর্টে বলা হয়েছে, বাস প্রতি কর্মচারীর সংখ্যা ১৪ জনে নামিয়ে এনেছেন ঠিকই, কিন্তু ৫০% এর বেশি বাস রাস্তায় বেরুচ্ছে না। ওঁরা বলছেন, ওঁরা বাসের সংখ্যা ৮০% বাড়িয়েছেন, কিন্তু রাস্তাঘাটে ৫০% এর বেশি বেরুচ্ছে কি? সি. এ. জি. বলছেন ৫০% এর

বেশি বেরুচ্ছে না। অ্যাকর্ডিং টু সি. এ. জি. ৫০% এর বেশি বেরুচ্ছে না। সরকারি বাস দুটো সিফটে এবং বেসরকারি বাস একটা সিফটে বের হয় এবং তাতে কত লোক চাপে? সি. এ. জি.-র রিপোর্ট অনুযায়ী সরকারি বাসে ১২০০ করে, আর প্রাইভেট বাসে ১৮০০ করে লোক চাপে। ৫০% যদি বের হয় তাহলে বাকিগুলোর কি হল? ওঁদের অপদার্থতার জন্যই সেগুলি রিজেক্ট হয়ে গেছে। স্যার, যেখানে ৮২% প্রাইভেট বাস রাস্তায় বের হয়, সেখানে সরকারি মাত্র ৫০ থেকে ৫৫% বাস রাস্তায় বের হয়, তার চেয়ে বেশি বের হয় না। যাত্রী বাসে ওঠে না, সেইজন্য লোকসান হচ্ছে এবং সমস্ত লোকসান জনসাধারণের পকেট কেটে, জনসাধারণের কাছ থেকে টাকা ছিনতাই করে তাদের যে লোকসান হয় সেটা পূরণ করবার চেষ্টা করছেন, এটাই হচ্ছে মর্মান্তিক ঘটনা। একে তো গভর্নমেন্টের বাসের কোনও ভেহিক্যাল ট্যাক্স দিতে হয় না, অথচ প্রাইভেট বাস মালিকদের ট্যাক্স দিতে হয়। মোটর ভেহিক্যাল অ্যাক্টে সরকারি বাসকে ট্যাক্স দিতে হয় না, ইনস্যুরেন্স কোম্পানির কোনও টাকা দিতে হয় না। পুলিশের চোখ রাঙানী খেতে হয় না, চাঁদার জুলুম নেই, ট্রাফিক ল্য মানতে হয় না। এতসত্ত্বেও দুঃখের সঙ্গে বলতে হয়, বাস চলে না, বাসে লোক ওঠে না। সেই অপদার্থতা ঢাকবার জন্য জনগণের পকেট কেটে পূরণ করার চেষ্টা করছেন—এটাই আমার সবচেয়ে বড় আপত্তি। সেইজন্য এই ব্যাপারে কমিশন করার জন্য আবেদন করছি। ১ পয়সা যখন ভাড়া বাড়ানো হয়েছিল তখন ট্রাইব্যুনাল হয়েছিল। সেই ট্রাইব্যুনালে হাইকোর্টের জজ শ্রী পি. বি. মুখার্জি—হি ওয়াজ অ্যাপয়েন্টেড ফর দি পারপাস। শ্রী পি. বি. মুখার্জিকে অ্যাপয়েন্ট করা হয়েছিল ট্রাইব্যুনালে, সেখানে রায় দেবার জন্য। আর আপনারা সরকারি কর্মচারী ২ জন আর প্রবুদ্ধ রায়কে নিয়ে কাজ করলেন, কাজটা ফুলপ্রুভ হতে পারেনি। সেইজন্য অপদার্থতার বোঝাটা সাধারণ মানুষের উপর চাপিয়ে দেবেন না। এই কথা বলে আমার প্রস্তাব আমি মুভ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার মোশনটা মুভ করার আগে একটা হাম্বেল সাবমিশন আপনার কাছে রাখছি। আজেক যে বিষয়ের উপর প্রস্তাব আনা হয়েছে—আপনি জানেন—সারা পশ্চিমবাংলায় এটা নিয়ে টারময়েল চলছে। ফলে এই প্রস্তাবের সমর্থনে আমরা যাতে আমাদের বক্তব্য এবং যুক্তিগুলিকে রাখতে পারি তার জন্য প্রয়োজনীয় সময় আপনি অন্তত রিলাকসেশন দেবেন। আমি এই কথা বলে আমার মোশন মুভ করলাম, আই বেগ টু মুভ—

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, অত্যাবশ্যক পণ্যের ভয়াবহ মূল্য বৃদ্ধি ও করবৃদ্ধির চাপে যখন জনজীবন বিপর্যস্ত এমন একটা মুহূর্তে রাজ্য সরকার আর এক দফায় এই রাজ্যে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধি করেছেন এবং সাধারন মানুষ নতুন করে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের বাড়া বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ আন্দোলনের সামিল হয়েছেন,

**এই সভা দাবি করছে যে, জনগণের এই ন্যায় সঙ্গত প্রতিবাদ ও প্রতিরোধ আন্দোলনের মর্যাদা দিয়ে রাজ্য সরকার অবিলম্বে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধির আদেশ প্রত্যাহার করে নিক।**

স্যার, প্রথমত আমার বক্তব্য হচ্ছে, এইরকম দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে সরকারের বাড়তি ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত জনগণের উপর চাপিয়ে দিলেন কেন এটাই আমার জিজ্ঞাস্য? তারা যে ফেয়ার রিভিসন কমিটি করেছেন সেই ফেয়ার রিভিশন কমিটি তাদের রিপোর্টে স্বীকার করেছেন, 'Any upward revision in fare is likely to affect more than 95% of the general public who are already over-taxed due to soaring prices of essential commodities in their daily life.' এই রকম একটা অ্যাডমিশন সত্ত্বেও এইভাবে ভাড়া বৃদ্ধি করলেন কেন? কি যুক্তি, কি প্রয়োজন ছিল? বাসভাড়া বৃদ্ধি না করলে, বাস-ট্রামের ভাড়া বৃদ্ধির বাড়তি বোঝা জনগণের উপর না চাপিয়ে দিলেই কি চলল না? ওরা বলছেন, বাস মালিকদের লোকসান হচ্ছে। আমার প্রশ্ন, সরকার কোথা থেকে প্রমাণ পেলেন যে, বাস মালিকদের লোকসান হচ্ছে? কোনও তথ্য তাদের কাছে আছে যে লোকসান হচ্ছে? আমি তো উল্টো ব্যাপার দেখছি। এই তদন্ত কমিটির রিপোর্টে তাঁরা বলছেন, আমি একটি লাইন পড়ে দিচ্ছি 'The losses incurred in the private sector cannot be quantified in the absence of adequate date.' তাহলে আমার জিজ্ঞাস্য যেখানে তদন্ত কমিটি নিজেই বলছেন প্রয়োজনীয় তথ্য এবং পরিসংখ্যানের অভাবে প্রাইভেট বাসের কতখানি ক্ষাত হচ্ছে তা নিরূপণ করা যাচ্ছে না—প্রাইভেট বাস মালিকদের আদৌ ক্ষতি হচ্ছে কি না সেটা যখন নিরূপণ করা যাচ্ছে না তখন এইরকম একটা জায়গায় সরকার কোথা থেকে সিদ্ধান্ত নিয়ে বসলেন যে, প্রাইভেট বাস মালিকদের ক্ষতি হচ্ছে? আপনি জানেন, ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্টেনটস তার ডেপুটি ডিরেক্টর সিদ্ধার্থ সেন তথ্য পরিসংখ্যানের যে হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে, একটা বাস মালিকের বাসের ভাড়া না বাড়িয়েও বছরে ৪০ হাজার টাকা লাভ হয়। জ্বালানী ২৩ হাজার টাকা, মেরামত, রক্ষণাবেক্ষণ ৪৬ হাজার টাকা, মোবিল, ডিজেল, মজুর, ব্যাটারি চার্জ প্রভৃতি সমস্ত খরচা দেখিয়ে বলছে ২ লক্ষ ৮৪ হাজার টাকা বাসের বছরে খরচ হয়।

[5-00—5-10 P.M.]

বাসের বইয়ে বছরে একটা আয় দেখিয়েছেন, একটা অ্যাভারেজ হিসাব দেখিয়েছেন, সরকারি রিপোর্টে থাকছে তাতে ৬০ পয়সা, যেটা গড় ভাড়া, যেটা আয় হয়। ১৮০০ প্যাসেঞ্জার, হাওড়া, ক্যালকাটায় প্রাইভেট বাস বছরে ৩০০ দিন চলে। তাহলে এই ৬০×১৮০০×৩০০ এই ৩ লাখ ২৪ হাজার বাস ভাড়া বাবদ আয় হয়, আর ২ লাখ ৮৪ হাজার টাকা খরচ হয়। তাহলেই আয় ৩ লাখ ২৪ হাজার, আর খরচা ২ লাখ ৮৪ হাজার হলে নগদ উদবৃত্ত হচ্ছে ৪০ হাজার টাকা, বাসের ভাড়া না বাড়িয়ে। হিসাবটা বাস মালিকদের। অদ্ভুত ব্যাপার, আপনি রিপোর্টে দেখুন, বাস মালিকরা যেমন যেমন তাদের খরচের হিসাব

দেখিয়েছেন তদন্ত কমিটি কোনও বিবেচনা না করে সেই হিসাব মেনে নিয়েছেন। অ্যানেকশ্চার ২, সেখানে Increase of prices of different inputs for operation of passengers transport vehicles. এটা আছে। আমি শুধু একটা দৃষ্টান্ত দিচ্ছি, রিপেয়ার অ্যান্ড মেনটেনেন্স কস্ট। ১৯৮৬ সালে রিপেয়ার অ্যান্ড মেন্টেনেন্স কস্ট ছিল ৩৩১০০ টাকা, ১৯৯০ সালে এদের দাবি অনুযায়ী ৬০ হাজার টাকা হয়েছে। মিনিং দেয়ার বাই ১৩৫ পারসেন্ট ইনক্রিজ। আপনি জানেন স্যার, এই যে রিপেয়ারিং অ্যান্ড মেন্টেনেন্স কস্ট এটা কিসের উপর নির্ভর করে? এটা অ্যাক্সিডেন্ট, ব্রেকডাউন, ফ্রিকোয়েনিস রিপেয়ার মেন্টেনেন্স বাড়বে কি কমবে সেটার উপর নির্ভর করে। স্যার, রিপোর্টে দেখা যাবে অ্যাক্সিডেন্ট, ব্রেক ডাউন ফ্রিকোয়েন্সি নাকি কমে গেছে। আমাদের তথ্য পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে। দ্বিতীয় আর একটা কথা হচ্ছে ক্যাপিটাল কস্ট—মূলধনী খরচ তার জন্য যন্ত্রাংশের খরচ তার সঙ্গে পুরোপুরি যুক্ত। আমরা দেখতে পাচ্ছি ১৯৮৬ সালে মূলধনী সাড়ে ৩ লাখ টাকা, আর ১৯৯০ সালে সাড়ে ৪ লাখ টাকা। ১ লাখ টাকায় ২৯ পারসেন্ট এর জায়গায় ১৩৫ পারসেন্ট।

**Mr. Speaker :** You have been allotted seven minutes' time Mr. Apurbalal Majumdar was allotted eight minutes' time. You have taken more time than your allotted time. No. no I am sorry.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** আমি কারও সঙ্গে তুলনা করতে চাচ্ছি না স্যার, আমি যেটা বলতে চাইছি, সরকারি বাসের সম্পর্কে, বাস ভাড়ার প্রশ্নে প্রাইভেট বাসের ক্ষেত্রে এইবাবে লোকসান হয় না। তারা যে পরিমাণ লোক নিয়ে যায় তাতে লোকসানের পরিবর্তে লাভই হয়। সেই কথা সরকারি বাসের ক্ষেত্রে আপনি জানেন যে, দুর্নীতি, অপচয় এবং ক্ষয়ক্ষতির জন্য যেটা প্রাইভেট ৮২ পারসেন্ট সদ্ব্যবহার করে সরকার মাত্র ৫০ পারসেন্ট বাস বার করে। সুতরাং সরকারি প্রশাসনে দুর্নীতি, অপচয়ের জন্য বাসে লোকসান হচ্ছে। সরকারের অপদার্থতা, এর সঙ্গে জড়িয়ে আছে। তা ছাড়া এটা পাবলিক ইউটিলিটি সার্ভিস, জনসেবামূলক কাজ। কমার্শিয়াল আউটলুক নিয়ে এটাকে দেখলে চলবে না। স্বয়ং মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন যে, এটা তো একটা ব্যবস্থা। আপনাদের দৃষ্টিভঙ্গি নিয়ে যদি চলা হয় তাহলে যথার্থ জনগণের স্বার্থে হচ্ছে বলে কি করে আমরা বিশ্বাস করব? আর একটা কথা, যেখানে সর্বত্র প্রতিরোধ আন্দোলন হচ্ছে সেখানে জনগণের উপর মর্যাদা দিয়ে সরকার ভাড়া বৃদ্ধির আদেশ প্রত্যাহার করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাস-ট্রামের ভাড়া বৃদ্ধির ব্যাপারে কংগ্রেসের অপূর্ববাবু এবং এস. ইউ. সি. আই. পার্টির দেবপ্রসাদ বাবু যে প্রস্তাবটা এনেছেন সেটাকে সমর্থন করা যাচ্ছে না। এ-বিষয়ে দুই-একুটি কথা বলছি। এই হাউসে আগেও শুনেছেন, মুখ্যমন্ত্রী এবং আমাদের পরিবহন মন্ত্রী এ-সম্পর্কে এখানে বলেছেন। এর আগে একটা সর্বদলীয় মিটিং হয়েছিল; মুখ্যমন্ত্রী সেটা ডেকেছিলেন। সেই মিটিং-এ কংগ্রেসের পক্ষ থেকে অপূর্ববাবু এবং এস. ইউ. সি. আই. পার্টির পক্ষ থেকে দেবপ্রসাদ বাবু উপস্থিত ছিলেন। সেই

মিটিং-এ যে বক্তব্য তাঁরা রেখেছিলেন তা এখানে তাঁরা বললেন না। সেটা আলাদা কথা। এখানে আমাদের ট্রান্সপোর্ট মিনিস্টার এবং চিফ মিনিস্টার বিশেষ করে কোনও পরিস্থিতিতে এই সিদ্ধান্তটা নিতে হল সেটা বুঝিয়ে বলেছেন। তবে এটা যে একটা ভাল সিদ্ধান্ত বা আনন্দের ব্যাপার তা নয়। সেকথা কেউ বলেওনি। যেহেতু এটা আমরা বামপন্থীরা বাড়িয়েছি কাজেই এটা কখনই হতে পারে না এই রকম একটা ভাব। সত্যি এটা একটা কষ্টের ব্যাপার। কোনও সন্দেহ নেই, ভাড়া বাড়ায় মানুষের কষ্ট হচ্ছে। সেজন্য মুখ্যমন্ত্রী শুধু বিধানসভাতেই নয়, বাইরেও এ সম্পর্কে বলেছেন। আজকে আমরা বামপন্থীরা মানুষকে বলছি, কোন পরিস্থিতির সামনে দাঁড়িয়ে এইরকম সিদ্ধান্ত নিতে হয়েছে যার জন্য মানুষের কষ্ট হচ্ছে এবং তার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। আমরা ক্ষমা পাচ্ছিও। এটা মুখ্যমন্ত্রীর বক্তব্য—'মানুষের অসুবিধা হচ্ছে, তা সত্ত্বেও তারা যে ভাড়াটা দিচ্ছেন এর জন্য মানুষের কাছে আমরা কৃতজ্ঞ।' এই হচ্ছে আমাদের প্রথম কথা আমাদের এই সিদ্ধান্ত সম্পর্কে। আজকে যখন এই হাউসে আলোচনা করছি তখন দিল্লিতে বিশ্বনাথপ্রতাপ সিং-এর কাছে বামপন্থীদের পক্ষ থেকে সেখানে মিটিং চলছে। ঐ মিটিং-এ আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী আছেন। প্রতিটি বামপন্থী দল সেখানে গেছেন। তবে কংগ্রেসের কথা আলাদা। সেখানে প্রধানমন্ত্রীকে বলা হচ্ছে, বাসভাড়ার বিষয় নয়, চাল, গম, চিনির কথা। বলা হচ্ছে রেশনে জিনিসের দাম বেড়েছে, ট্রেনের ভাড়া বেড়েছে, কেরোসিনের দাম বেড়ে গেছে এসব কথা। বিভিন্ন ক্ষেত্রে যেসব অসুবিধা হচ্ছে সেসব নিয়ে ওখানে কথা বলা হচ্ছে। রাজ্যের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য নেতারা গেছেন। কাগজে দেখেছি, আমাদের রাজ্যে আগস্ট-সেপ্টেম্বর মাসের জন্য চিনি, চাল, কেরোসিন তেলের বরাদ্দ যতটা চেয়েছি ততটা না হলেও কিছু বরাদ্দ প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে বাড়িয়েছেন। এই লড়াইটা আমরা সারা পশ্চিমবঙ্গে লড়ছি। শুধু বিধানসভাতেই নয়, ৩১শে আগস্ট তারিখে এখানে হাজার হাজার মানুষ মিটিং করবেন। জেলায় জেলায় বিশাল বিশাল সমাবেশ হচ্ছে এসব দাবিকে কেন্দ্র করে। নতুন সরকারের যেসব নীতি মানুষের বিরুদ্ধে চলে যাচ্ছে তার বিরুদ্ধে বলতে আমরা এক মুহূর্তেও অপেক্ষা করছি না। কিন্তু কংগ্রেস চায় এই সরকার ভেঙে যাক, কারণ আমরা তো এখন দিল্লিতে যেতে পারব না, ওরা চলে আসবেন। আজকে এমন কোনও পাগল আছে কি যে, বিশ্বাস করে ওঁদের চাইতে কংগ্রেস ভাল? দিল্লির ঐ নতুন সরকার এর মধ্যে অনেক ভাল কাজ করেছেন। তার জন্য বিভিন্ন রাজ্যে, ভারতবর্ষে আমরা লড়াই করেছি। আজকে কংগ্রেস যে তথাকথিত আন্দোলন করছেন সেটা পশ্চিমবঙ্গে সীমিত। ওরা আন্দোলন করছেন বাসভাড়া এবং অন্যান্য দাবির ভিত্তিতে কিন্তু বাকি ২৬টি রাজ্যে ওদের কোনও আন্দোলন আছে কি? রাজীব গান্ধী দিল্লিতে বসে আছেন, কিন্তু কোথায় আন্দোলন? নতুন সরকারের বিরুদ্ধে আন্দোলন তো কোথাও করছেন না। আমাদের শক্তি কম হতে পারে। কংগ্রেসের মতো শক্তিশালী নই আমরা।

[5-10—5-20 P.M.]

এই ব্যাপারে কোনও সন্দেহ নেই। দুর্ভাগ্যের বিষয় ভারতবর্ষে সব মিলিয়ে কংগ্রেসের

লোক বেশি আছে কিন্তু আন্দোলন করছেন কোথায়? আমরা বোম্বেতে আন্দোলন করছি, ম্যাড্রাশে আন্দোলন করছি, সেখানে আমরা মিটিং করছি। নতুন কেন্দ্রীয় সরকারের যে সমস্ত জনবিরোধী নীতি তাকে আমরা সমর্থন করি না। কোথায় কংগ্রেস সব জায়গায় লড়াই করছে? সেই জিনিস তো আমরা কোথাও দেখতে পাচ্ছি না। কোথাও কিছু নেই এখানে শুধু আমাদের বিব্রত করার জন্য এই সমস্ত করছেন, মানুষকে সেবা করার উদ্দেশ্য নিয়ে নয়। দিল্লিতে যে নতুন সরকার এসেছেন সেটা যাতে ভেঙে যায়, আবার যাতে তাঁরা ফিরে আসতে পারেন তার চেষ্টা ওনারা করছেন। মানুষ এটা সমর্থন করে না। আমরা মানুষের কাছে যাচ্ছি, আমাদের বক্তব্য তাদের কাছে রাখছি, এখানকার মতো ১০-১৫ মিনিটেই তো লালবাতি জ্বলে না, আমরা সেখানে ভাল ভাবে মানুষকে বোঝাতে চেষ্টা করছি। আমাদের যা বক্তব্য সেটা খোলাখুলি ভাবে মানুষের কাছে রাখছি, কি পরিস্থিতিতে আমাদের ভাড়া বাড়াতে হয়েছে সেটা আমরা বলছি, কমিটির রিপোর্ট কি সেটা আমরা বলছি। ১৯৮৬ সালের পর থেকে ভাড়া বাড়ানো হয়নি, এখন আমাদের ভাড়া বাড়াতে হচ্ছে। কোথাও কোথাও কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, আমরা পরিবহন মন্ত্রীকে সেটা বলেছি। সরকারি বাসে কোথাও কোথাও ১ টাকা ভাড়া সেটা কোথাও কোথাও ৩ টাকা হয়েছে। আমরা এটা মন্ত্রী মহাশয়কে দেখিয়েছি, মন্ত্রী মহাশয় সাথে সাথে দেখে দুদিন সময় নিয়েছেন। এইভাবে আমরা নানা জায়গা থেকে সংবাদ সংগ্রহ করে জানিয়েছি মন্ত্রী মহাশয়কে যে, এই রকম অ্যানুমালিজ হয়েছে। সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয় কাগজে বিজ্ঞাপন দিয়ে এক টাকার জায়গায় দেড় টাকা ভাড়া করে দিয়েছেন। ভাড়ার ক্ষেত্রে মাইলেজের ক্ষেত্রে সরকারি বাসে যা হয়েছে তার কোথাও কোথাও অ্যানুমালিজ আছে। আমাদের দায়িত্ব হচ্ছে কোথায় কি অসুবিধা আছে সেটা কালেক্ট করা। সেটা আমরা সংগ্রহ করছি এবং সেটা যাতে কারেক্টেড হয় সেই ব্যাপারে আমরা মন্ত্রী মহাশয়ের সাথে আলোচনা করব। এই ব্যাপারে অসুবিধার কিছু নেই। কংগ্রেস কি এখানে বাস ভাড়া বাড়াননি? এই ৯-১০ মাস হল কেন্দ্রে নতুন সরকার এসেছেন। আমরা তো এক বছরও দেখলাম না যে, বছর আপনারা জিনিস পত্রের দাম বাড়াননি। এই সরকার তো নতুন এসেছেন, এখন এদের করার কিছু নেই। ৯ মাস হল ভি. পি. সিং-এর সরকার দেশ শাসন করছেন, আপনারা ৪০ বছর দেশ শাসন করেছেন আপনারা যে জায়গায় দেশটাকে নিয়ে গেছেন তার ফর স্বরূপ এই ঘটনা ঘটছে এটা বলা যাবে না? এই জন্য কংগ্রেস কোনও অধিকার নেই সমালোচনা করার যেকথা মুখ্যমন্ত্রী বারে বারে বলছেন। কোনও কিছু আপনাদের কাছে আমরা শিখব না, মানুষের কাছে শিখব। বামফ্রন্টের ভুল হতে পারে মানুষ যদি সেই ভুল দেখিয়ে দেয় তাহলে আমরা সংশোধন করে নেব, কংগ্রেসের দেখে শিখব না। কংগ্রেস হচ্ছে জনতার শত্রু তাদের কাছ থেকে আমাদের শেখার কিছু নেই। বাসভাড়া বৃদ্ধি হয়েছ এতে মানুষের ক্ষতি হচ্ছে এটা আমরা বলছি, এই ব্যাপারে আমরা ক্ষমাপ্রার্থী মানুষের কাছে। মানুষ আজ কংগ্রেসের প্রচারে বিভ্রান্ত হচ্ছে না। অসুবিধা যেগুলি আছে, ভাড়া বৃদ্ধির ব্যাপারে যে অ্যানোমালিজ আছে, সেইগুলি সরকার নিশ্চয়ই কারেকশন করবেন। তাই আমি কংগ্রেস আনিত প্রস্তাবকে সমর্থন করছি না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আজকে আমাদের অপূর্বলাল মজুমদার আনিত প্রস্তাবের সমর্থনে এখানে কিছু বলতে উঠেছি এবং প্রস্তাবকে সমর্থন করছি। রাজ্যের পরিবহন এই যে বিরাট ঘাটতিতে পরিচালিত হচ্ছে তার মূল কারণগুলি কি? কেন বাস-ট্রামের ভাড়া বাড়াতে হল? আজকে এই দপ্তরের গুরুত্ব মন্ত্রী মহাশয় কতখানি গুরুত্ব সহকারে উপলব্ধি করেছেন সেটা এখানে দেখলেই বোঝা যায়, আজকে এখানে মন্ত্রী মহাশয় অনুপস্থিত। কলিকাতার ট্রাম-বাসের ব্যাপার নিয়ে আলোচনা হচ্ছে সেখানে রাজ্যে পরিবহন মন্ত্রী অনুপস্থিত। তিনি এখানে উপস্থিত না থেকে বিধানসভাকে ছোট করে, বিধানসভার গুরুত্বকে ছোট করে দেখানো হচ্ছে। এরজন্য মন্ত্রী মহাশয়কে বিধানসভার মধ্যে এনে তিরস্কার করা উচিত। তাঁর এই মানসিকতার জন্য তীব্র প্রতিবাদ এবং নিন্দা করা উচিত। এইরকম গুরুত্বপূর্ণ সভাকে অবহেলা করলেন কেন, কেন আলোচনায় অংশগ্রহণ করলেন না এর জন্য নিন্দা করি। এই পরিবহনের সীমাহীন দুর্নীতি র‍্যামপ্যান্ট কোরাপশন, প্রশাসনে গাফিলতি, মিস-ম্যানেজমেন্ট, পরিচালন ব্যবস্থায় ক্রটি-বিচ্যুতি, ইনএফিসিয়েন্ট অ্যাডমিনিস্ট্রেশন, রক্ষণাবেক্ষণে অবহেলা, স্লাকনেস ইন ম্যান্টেনেন্স এবং ক্যালাসনেস এই কতকগুলি কারণের জন্য আজকে রাষ্ট্রীয় পরিবহন সম্পূর্ণ ভাবে ভেঙে পড়েছে। আপনার স্যার জানা দরকার যে, কেন পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেমে ভরতুকি দিতে হচ্ছে। ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, ক্যালকাটা ট্রাম-ওয়েজ, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এবং সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এইগুলিতে বছরে ৪৮ কোটি টাকা সাবসিডি দিতে হচ্ছে। ৪৮ কোটি টাকা ভরতুকি দিতে হয় এই ৪টি সরকারি বাস সংস্থাকে। রাজ্য সরকারের বাজেট বক্তৃতায় এবারে এটা উপস্থাপিত হয়েছ যে, বছরে ৩০ কোটি টাকা লোন দিতে হচ্ছে। আমরা আরও জানি, এক বছরে ক্যালকাটা ট্রামওয়েজ কর্পোরেশনে ১৯৭৬ সালের পর থেকে, ১৯৭৬-৭৭ সাল অ্যাকুইজিশন (আন্ডারটেকিং) অ্যাক্টের পর ক্যালকাটা ট্রামওয়েজ টোট্যাল অ্যাকুমুলেটেড হয়েছে ১০৮ কোটি ৩০ লক্ষ ৮৪ হাজার টাকা। এটা হচ্ছে আপ-টু-ডেট অ্যাকুমুলেটেড লস। এটা কি একটা দপ্তর চলছে? ট্রামের ট্রাক সারাতে ৩০ কোটি টাকা খরচ হচ্ছে বছরে। কলকাতার কোন রুটে রাস্তাঘাটের অবস্থাটা কি তা আমরা সবাই জানি। আমি অ্যানুয়াল প্যাসেঞ্জার টার্নওভারের একটা হিসাব নিয়ে এসে দেখেছি যে, ক্যালকাটা ট্রামওয়েজের প্রতি বছর ৩০ কোটি টাকা খরচ হচেছ। অথচ এইক্ষেত্রে আমরা তুলনামূলক ভাবে যদি দেখি তাহলে দেখব যে, কি প্রচন্ড দুর্নীতি চলছে। ট্রামের ট্রাম লাইন একই রকম থাকছে, কোথায় কোনও উন্নতি নেই। আমরা যদি ফেয়ার রিভিশন কমিটির অ্যানুয়াল প্যাসেঞ্জার টার্নওভার এর দিকে দেখি তাহলে দেখব যে, তারমধ্যে উল্লিখিত আছে ১৯৭৬-৭৭ সালে যখন ক্যালকাটা ট্রামওয়েজ অ্যাকুইজিশন (আন্ডারটেকিং) অ্যাক্ট অনুযায়ী অধিগ-হীত হয়েছিল তখন রোজগার হত প্যাসেঞ্জারদের কাছ থেকে ভাড়া আদায় বাবদ ২৬ কোটি ৩৮ লক্ষ টাকা। আর আজকে, ১৯৮৯-৯০ সালে সেটা নেমে এসে দাঁড়িয়েছে ২০ কোটি ৫৫ লক্ষ টাকায়। বিদ্যুতের জন্য খরচ হছে ৩।। কোটি টাকা। এই দপ্তর থেকে দিল্লিতে একটি প্রস্তাব পাঠান হয়েছে যে, বিশেষ বৈদ্যুতিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে যদি ট্রাম চালানো হয়, সেই প্লানকে যদি কার্যকর করা যেত তাহলে এটা কমানো যেতে পারত। বাস-ট্রামের

ভাড়া কিভাবে বৃদ্ধি পেয়েছে সেই বিষয়ে মাননীয় অপূর্ববাবু বলেছেন। আমি এখানে একটি একজাম্পল দিই। এক লিটার ডিজেলের দাম বেড়েছে ৫০ পয়সা। একটি গাড়ি এক লিটার ডিজেলে চলে চার কি.মি., বাস চার কি. মি. চলে। একজন প্যাসেঞ্জার ফার্স্ট স্টেজে যে গাড়িতে উঠছেন তাঁকে ফার্স্ট স্টেজের জন্য, অর্থাৎ ৪ কি. মি.-র জন্য ভাড়া দিতে হচ্ছে। এই অবস্থা একটা বাসে যদি ৫০ জন ওঠেন তাহলে বাড়তি ১ পয়সা করে নিলেই ডিজেলের দাম উঠে আসার কথা। অর্থাৎ প্রাথমিক পর্যায়ে ১ পয়সা করে ভাড়া বাড়ালে এটা মেকআপ হত। আমি বেঙ্গল বাস সিন্ডিকেটের অফিস থেকে একটি হিসাব সংগ্রহ করেছি। তাঁরা বিস্ময়ের সঙ্গে বলেছেন—উত্তরবঙ্গের বাসের মালিকরা, মিনিবাসের মালিকরা এখনও পর্যন্ত এ ভাড়া বৃদ্ধিকে মেনে নেননি। মিনিবাস অ্যাসোসিয়েশন এবং বাস সিন্ডিকেট বলছেন, যে হারে ভাড়া বাড়ানো হয়েছে তা তাঁদের দরকার নেই। তাঁরা বলছেন, এটা যদি তাঁরা জনসাধারণের কাছ থেকে নিতে যান তাহলে জনসাধারণ ক্ষেপে যাবেন। আমি একটা হিসাব দেখছিলাম সিক রুট এবং গুড রুট সম্বন্ধে। সিক রুটে বাসে ১২০০ প্যাসেঞ্জার ফার্স্ট স্টেজে চলবে, সেকেন্ড স্টেজে ৪০০-৫০০ প্যাসেঞ্জার এবং থার্ড স্টেজে ১০০ প্যাসেঞ্জার যায়। এইভাবে সেকরুটে গত কালকের হিসাব হচ্ছে দৈনিক ১৩০০ টাকা আয় হচ্ছে এবং এক্সপেন্ডিচার হচ্ছে ৬০০ টাকা। অর্থাৎ একটি সিক রুটে বাস মালিকরা প্রতিদিন ৭০০ টাকা করে প্রফিট করছেন। গুড রুটের ক্ষেত্রে যদি ফার্স্ট স্টেজে ২০০০ প্যাসেঞ্জার যান তাহলে ১৪০০ টাকার টিকিট বিক্রি হয় এবং খরচ যদি ধরি ৮০০ টাকা, সেখানে ক্যারেজ কস্ট মিনিমাম। এর উপরে কিছু মাল পরিবহনও যেটা করা হয় তা থেকে ২০০-৩০০ টাকা আয় হয়। উপরে যে লাগেজ যায় তারজন্য ভাড়া নেওয়া হয়। তাহলে দেখা যায় যে, একটা বাস থেকে প্রফিট করছে ৮৫০ টাকা থেকে ৯০০ টাকা। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে এই পরিমাণ লাভজনক ব্যবসার ব্যবস্থা করে দিয়ে আপনারা প্রাইভেট বাস মালিকদের কাছে মাথা বিক্রি করে দিয়েছেন। সেই কারণে আমি বলছি যে, এই বাসের ভাড়া বৃদ্ধি প্রত্যাহার করা হোক এবং এই বিষয়ে অবিলম্বে একটা রিভাইজ ফেয়ার কমিটি তৈরি করা হোক। বাস মালিকদের কাছে যে আপনারা বিক্রি হয়ে গেছেন এতে তো জনজীবনে দুর্বিসহ অবস্থা হয়েছে। এইকথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20 – 5-30 P.M.]

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্বতন বক্তা শ্রী অপূর্বলাল মজুমদার, অমর ব্যানার্জি এবং সাধন পান্ডে এবং দেবপ্রসাদ সরকার মহাশয় পরিবহন ক্ষেত্রে বাস ট্রামের ভাড়া ইত্যাদি ব্যাপারে যে মোশন এনেছেন সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আজকে একথা স্বীকার করতেই হবে যে, আমার এলাকা ঘুরলেই দেখা যাবে যে কিছু টাকা বেড়েছে। যেখানে স্কুলের শিক্ষকদের, কর্মচারীদের মাহিনা বাড়ছে, আগে যেখানে মজুররা ১৫ টাকায় খাটত, তারা এখন ২০ টাকায় খাটছে অর্থাৎ সব কিছুই বাড়ছে সেখানে পেট্রোল, ডিজেলের দর বাড়ার ফলে বাসের ভাড়াও বাড়বে। যেখানে লেবারদের মজুরি বাড়ছে এবং

আই. এন. টি. ইউ. সি এরজন্য আন্দোলন করেন, লৌহ, ব্যবসায়ীরা তাদের যন্ত্রপাতির দাম বাড়িয়েছে সেখানে বাসের ভাড়া বাড়বে এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু কংগ্রেসিরা যা বলে বেড়াচ্ছে যে জনজীবন দুর্বিসহ হয়ে গেছে, জনজীবন স্তব্ধ হয়ে গেছে, ভেঙে পড়েছে এই ভাড়া বৃদ্ধির ফলে একথা আমরা বিশ্বাস করি না। বাস ভাড়া বৃদ্ধির ফলে একথা আমরা বিশ্বাস করি না। বাস ভাড়া বৃদ্ধির জন্য বামফ্রন্ট সরকারের তরফ থেকে বলা হয়েছে যে, একটু বেশি হয়ে গেছে। ট্রামের ভাড়া, বাসের ভাড়া একটু বেশি হয়ে গেছে। কিন্তু তারজন্য তো আমরা বাস-ট্রাম পোড়াতে যাব না বা লোকের হয়রানি করব না। ওঁরাই তো শুধু জনগণের জন্য চিন্তা করেন না, আমরা জনগণের ভোট নিয়ে এসেছি আমাদেরও চিন্তা আছে। আমরা এই ভাড়া বৃদ্ধির ব্যাপারে বিশেষভাবেই চিন্তিত। কিন্তু বাস, ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে নর্থ বেঙ্গলের বাসে দেখেছি যে, বহরমপুরের একটি মেয়েকে খুন করে দেওয়া হল। রোগী নিয়ে আসছে বাস অবরোধ করে রেখে দিলেন। এই অবরোধের ফলে অনেকেই আমাকে বলেছেন যে, মাস্টারমশাই এই ভাড়া বৃদ্ধির ফলে কংগ্রেসিদের এত মাথা খারাপ হয়ে গেল কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, এই বাস ভাড়া বৃদ্ধি প্ল্যানিং বোর্ড থেকে হয়েছে। আসলে যিনি এই ভাড়া বৃদ্ধির সুপারিশ করেছেন তিনি তো আর বাসে চলাফেরা করেন না, তিনি সরকারি গাড়িতে চলাফেরা করেন, সুতরাং বাসের ভাড়া বৃদ্ধি হলে তাঁর কোনও অসুবিধা নেই। এই ব্যাপারে তাঁর কোনও মাথা ব্যাথাও নেই। তবে এটা ঠিক যে বাসের ভাড়া একটু বেশি হয়ে গেছে। এই ব্যাপারে ফ্রন্টে আলোচনাও হয়েছে। যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে সেই হিসাবে বাসের ভাড়া একটু বাড়বেই। কিন্তু ফ্রম টাইম টু টাইম দেখা যাচ্ছে যে, বম্বে, বিহার উড়িষ্যার যে হারে বাসের ভাড়া বাড়ছে সেই হারে আমাদের বাড়ছে না। তবে আমাদের একটু গোলমাল হয়ে গেছে যে, একেবারে একলাফে ৩ টাকা ২ টাকা না বাড়িয়ে অল্প একটু বাড়ান উচিত ছিল। সুতরাং এই বাস ভাড়ার ব্যাপারে কনসিডারেশন করা হোক। তাছাড়া ছাত্ররা যারা বাসে চড়ে তাদের ক্ষেত্রে যাতে ভাড়া বেশি না হয় এবং তাদের ক্ষেত্রে একটু কনসেসন দেওয়ার সুযোগ করে দিন। তাহলে অন্তত ছাত্র-ছাত্রীদের পড়াশুনা করার সুবিধা হবে। শেষকালে আমি একটা কবিতা বলে শেষ করছি—

কি যাতনা বিষে বুঝিবে সে কিসে,
কভু অশীবিষে দংশেনি যারে
যতদিন ভবে না হবে আবার
তোমার অবস্থা আমার সম
ইষৎ হাসিবে বুঝে না বুঝিবে
কি যাতনা মম।

এই কবিতাটি পড়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পান্ডে :** মিঃ স্পিকার স্যার আমাদের সদস্য শ্রী অপূর্বলাল মজুমদার মহাশয়

যে, মোশন এনেছেন আমি সেটার সমর্থনে দু-একটি কথা বলতে চাই। আজকে বাস, ট্রামের ভাড়ার ব্যাপারে জনগণের উপর একটা চাপ দেওয়া হয়েছে সরকারে ব্যর্থতা এবং সমস্ত দায়ের জন্য যা বর্ধিত করেছেন সেটা জনগণের উপর চাপ দেওয়ারই সামিল। আমি মেইন পয়েন্ট গিয়ে আপনাকে দেখাব যে, পেট্রোলিয়াম কনজারভেশন এর একটা বডি আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের কেন ভাড়া বাড়িয়েছেন সে সম্পর্কে এখানে অনেকে বললেন যে জিনিসপত্রে দাম বাড়ছে, জিনিসপত্রের দাম বাড়ার জন্য বাড়ানো হচ্ছে না। আমি এখানে যেটা দেখাব সেটা হচ্ছে, সি. এস. টি. সি. তারা কি অবস্থায় চলেছেন—ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন সেন্টার এটা হচ্ছে আন্ডারটেকিং, তারা অল ইন্ডিয়া অ্যাভারেজে একটা ফিক্স আপ করেছিল যে, ১ লিটার তেলে ৩.২০ কি.মি. চলবে, এটা ন্যাশনাল অ্যাভারেজ। পশ্চিমবাংলায় সি. এস. টি. সি. তারা চালাচ্ছেন ৩ কি. মি. পার লিটারে, যেখানে ন্যাশনাল অ্যাভারেজ ৩.২০ কি. মি. পার লিটারে। সেখানে পশ্চিমবাংলার কলকাতায় আমাদের অ্যাভারেজ হচ্ছে ৩ কি. মি. এবং আমরা জেনেছি—ওদের ডিপোর অফিসাররা জানিয়েছেন—কলকাতা শহরে যে অবস্থায় বাসগুলি চলে তাতে যে অবস্থা হয়েছে ২ কি. মি. পার লিটার চলছে। তাহলে এক্ষেত্রে দেখতে হবে যে, এফিসিয়েন্সি দরকার ছিল সেই এফিসিয়েন্সি না থাকায় আমরা সেই বাসগুলি রানিং-এ দেখতে পাচ্ছি না। কিন্তু এটা কেন হচ্ছে—অর্ধেক বাস হচ্ছে কনডেমড্ বা ২৫ বছরের পুরনো বাস। এখানে ইনভেস্টমেন্ট কোথায়, ইনভেস্টমেন্ট হচ্ছে না। আবার যখন ইনভেস্টমেন্ট হচ্ছে তখন রেকর্ড দেখছি ২৯১ খানা ডাবল ডেকার বাস কনডেমড্ হল। এইগুলি '৮২-র মার্চে কেনা হয়েছে এবং '৮৪-র জানুয়ারি অবধি ২৪ কোটি টাকা লস করায় রাজস্ব ক্ষতি হল ২৪ কোটি টাকা। স্যার, আজকে আমি আপনার মাধ্যমে বলি পশ্চিমবঙ্গে যে বাস চলে সেই বাসগুলি অশোক লেলান্ড থেকে কিনলে চলবে না, জব্বলপুর যেতে হবে যেখানে মিলিটারীরা গাড়ি তৈরি করান, সেখান থেকে যদি বাস কেনা যায় তাহলে কলকাতার রাস্তায় বাস চলবে। আপনারা কোটি কোটি টাকা রাস্তার জন্য খরচ করেছেন সি. ইউ. ডি. পি. স্কীমে, কিন্তু কি হয়েছে-বাসগুলি রাস্তার খাদে পড়ে যাচ্ছে, কোটি কোটি টাকা স্পেয়ারের জন্য খরচ হচ্ছে। আজকে এইভাবে টাকাগুলি চলে যাচ্ছে। পেট্রোলিয়াম কনজারভেশন জানিয়েছে গুড ড্রাইভিং-এর ব্যাপারে, ড্রাইভার যদি ভালভাবে ড্রাইভ করেন তাহলে ২১ শতাংশ ফুয়েল সেভিং হতে পারে। আমি মন্ত্রী জিজ্ঞাসা করছি, কৈ ডেকে পাঠান মন্ত্রীকে, শুনবেন তো কথা এই তো আপনাদের অ্যাডমিনিস্ট্রেশন। আমি সেদিন প্রবীর বাবুকে একটা প্রশ্ন করেছিলাম তখন তিনি নিজেই দাঁড়িয়ে উঠে প্রশ্নে উত্তর দিয়েছিলেন। স্যার, এখানে এক ভদ্রলোক বলছিলেন,

(গোলমাল)

একজন মাননীয় সদস্য মানেই তো ভদ্রলোক—মানুষের অসুবিধা হচ্ছে তারজন্যে ক্ষমা চাইছি, আর মুখ্যমন্ত্রী বলছেন কংগ্রেসিদের আন্দোলন হচ্ছে ঠিকই কিন্তু লোকে তো দেখছি দলে দলে আনন্দ প্রকাশ করে ভাড়া দিচ্ছেন। আমরা বলছি কনডেমড্ হওয়া বাস যদি ৪০০

হাজার কি.মি. চলে তাহলে ৮ বছরে কনডেমে যায় না। তাহলে কনডেম হওয়া বাসগুলি চলছে ? হাওড়ার অর্ধেক বাসই হচ্ছে কনডেমড্ এবং এই অর্ধেক বাস দিয়েই বাস সার্ভিস চলছে। তাই বলছি ১৬ তারিখের ঘটনায় আপনারা দেখেছেন কেন এই সমর্থন, আর কারা এই সমস্ত বলছে যে মানুষ আন্দোলনের বাইরে। ১৯৫৩ সালে, সেই সময় আন্দোলন করতে গিয়েছিলেন। একজন মাননীয় সদস্য বলেছেন ১৯৫৩ সালে তেরো খানা বাস পুড়িয়েছেন। ১৯ খানা ট্রাম পুড়িয়েছেন ১ পয়সা ভাড়া বাড়ানোর জন্য আর তারপর ফুড মুভমেন্টের সময় অর্থাৎ ১৯৬০ সালে কতকগুলি বাস, ট্রাম পুড়িয়েছেন? জাতীয় সম্পত্তি আপনারা পোড়ান, কংগ্রেস এর নামে দোষ দেবেন না। কংগ্রেস এইসব জিনিস করতে চায় না। আমি স্যার বলছি, আমি আবেদন করছি মুখ্যমন্ত্রীর কাছে যে দয়া করে রিভাইজ করুন ভাড়া। আর. এস. পি., সি. পি. আই. বা অন্যান্য পার্টির সদস্য যাঁরা তাঁরাও সমর্থন করছেন না। তাঁরাও বিধানসভায় মেনশন আওয়ারে, জিরো আওয়ারে কনডেম করেছেন।

[5-30 – 5-40 P.M.]

**শ্রী সুভাষ বোস ঃ** আমি অপূর্ববাবুর প্রস্তাব এবং দেবপ্রসাদবাবুর প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আজকে যে কোন পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে এই বাসভাড়া বাড়াতে হয়েছে আগে যেখানে ২ লক্ষ ৬০ হাজার ৮০৫ টাকা চেসিসের দাম ছিল আজকে সেখানে চেসিসের দাম হয়েছে ৩ লক্ষ ৯ হাজার ৩২৯ টাকা। এবং এক লিটার ডিজেলের দাম ছিল ৩ টাকা ৬০ পয়সা আর আজকে সেখানে ৪ টাকা ২০ পয়সা হয়েছে। আগে একটা বডি বিল্ডিং করতে লাগত ৭০ হাজার টাকা আর এখন সেই জায়গায় লাগছে ১ লক্ষ ৪০ হাজার টাকা। বেসরকারি মালিকদের প্রাইভেট বাস চলে ৮২ পারসেন্ট আর সরকারি বাস চলে ১৮ পারসেন্ট। অতএব এই ক্ষেত্রে কোন পরিস্থিতিতে বাসভাড়া বেড়েছে তা বাস্তব অবস্থার দিকে তাকালেই বোঝা যাবে। এরজন্য দায়ী কারা? এই শিল্পে যেসব জিনিস লাগে, শিল্প পরিচালন করতে যেসব জিনিস লাগে এটা কার্যত কেন্দ্রীয় সরকারই দেখাশোনা করেন, এর দাম নিয়ন্ত্রণ করেন এবং মাত্র ৮ মাস আগে এইসব করে গেছেন। বিয়াল্লিশ (৪২) বছরের পাপের বোঝা আজকে ভারতবর্ষের মানুষের উপর চাপিয়ে দিয়ে ভাবছেন পালিয়ে গিয়ে নিষ্কৃতি পাবেন। জনগণ আপনাদের ক্ষমা করবে না। মনে করে দেখুনতো আপনারা কংগ্রেস সরকারের আমলে বেলঘরিয়া ডিপোতে ৪৪ খানা বাসের মধ্যে পেট্রোল ভরে সেই বাসগুলিকে কনডেম দেখিয়ে ওই চোরাকারবারিদের কাছে আপনারা বিক্রি করবার ব্যবস্থা করেছিলেন। ধরা হয়েছিল হাতেনাতে। আগে মাত্র এক হাজার বাস ছিল আর এখন আজকে ১৮০০ বাসের ব্যবস্থা করেছেন বামফ্রন্ট সরকার। আজকে ১৯৫৩ সালের কথা বলছেন—সেদিন কেন বাস পুড়িয়েছিলেন ১ পয়সা ভাড়া বাড়ানোর বিরুদ্ধে সেদিন ট্রাম কাদের—ব্রিটিশ সাম্রাজ্যবাদের তাঁদের দালালি করে আপনারা পুড়িয়েছিলেন। আজকে যে ট্রাম চলছে, বাস চলছে তাতে আপনাদের পয়সা আছে, আমাদের পয়সা আছে। এই বাস, ট্রামের মধ্যে আমার, আপনার প্রত্যেকের পয়সা আছে। আজকে সেজন্য জাতীয় সম্পত্তি পোড়াতে

হয়, মানুষ ধিক্কার জানাচ্ছে। অতএব আপনাদের এই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার ও দেবপ্রসাদ সরকার মহাশয় যে মোশন এনেছেন আমি সেই মোশনের বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। পেট্রোল ডিজেলের দাম যেটা বেড়েছে, সেটা কি বামফ্রন্ট সরকার বিনা প্রতিবাদে মেনে নিয়েছে? না, বামফ্রন্ট সরকার সেটা মেনে নেয়নি, এর প্রতিবাদ আমরা করেছি। কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে যে, পেট্রোল, ডিজেল ও অন্যান্য যন্ত্রাংশের দাম বাড়লে ভাড়াটা বৃদ্ধি পায়। স্যার, আমার সময় অত্যন্ত কম বলে আমি আপনাকে তাড়াতাড়ি কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই বিষয়টা আমি গতকালও বলেছি এবং আজও বলছি, ভাড়া যেটা বৃদ্ধি পেয়েছে, সেটা কিছু কিছু জায়গায় অসঙ্গতিপূর্ণ ভাবে বৃদ্ধি পেয়েছে। স্যার আমি বলতে চাই, প্রত্যেক জেলায় ভাড়ার একটা তারতম্য সৃষ্টি হয়েছে। প্রত্যেকটি জেলার রাস্তাঘাট পি. ডব্লু. ডি. আইন অনুযায়ী এ বি সি এইরকম বিভিন্ন বাগে ভাগ করা ছিল এবং আজও ভাগ করা আছে। ভাড়া যেটা বেড়েছে, সেটা কিছু কিছু জায়গায় অসঙ্গতিপূর্ণ হয়েছে এই কারণে বলছি, আগে যেখানে ভাড়া এক টাকা ছিল, এখন সেই ভাড়া বেড় তিন টাকা হয়েছে এবং এটা হওয়া ঠিক হয়নি। স্যার, আমি একটি ঘটনার কথা আপনাকে ক্যাটাগরিক্যালি মেনশন করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র নন্দগ্রামের অন্তর্গত সেখানে তেরাগাখিয়া থেকে হাওড়ায় আসার বাস ছাড়ে এবং যে বাসে করে আমি আজ হাওড়ায় এসেছি সেই বাসটার নাম হল চারুলতা, নম্বর ডব্লু. বি. আর. ৩২০৮। আগে হাওড়ায় আসতে ঐ বাসের ভাড়া ছিল ১০ টাকা, আর এখন সেই ভাড়া বেড়ে হয়েছে ১৪.৮০ পয়সা। কিন্তু গতকাল তিনজন যাত্রীর কাছ থেকে কন্ডাক্টর তিনরকম ভাড়া নিয়েছে ; একজনের কাছ থেকে নিয়েছে ১৪.৮০ পয়সা, একজনের কাছ থেকে নিয়েছে ১৩ টাকা, আর একজনের কাছ থেকে নিয়েছে ১২ টাকা। একই বাস একই জায়গা থেকে ছেড়ে হাওড়ায় আসতে ভাড়ার কেন এই অসঙ্গতি? আমি এই জন্য অসঙ্গতি বলছি, যে তিনজন যাত্রীর কাছ থেকে কন্ডাক্টর তিনরকম ভাড়া নিয়েছে। স্যার, এই অসঙ্গতিটা দূর হবে কি করে, সেই বিষয়ে আমার একটা প্রস্তাব আছে। প্রস্তাবটা হল প্রত্যেকটি জেলায় আর. টি. এ.-র প্রতিনিধিদের সঙ্গে বামফ্রন্টের প্রতিনিধিরা মিটিং করে আলোচনার ভিত্তিতে এই অসঙ্গতি দূর করা হোক।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি বাস, ট্রাম ভাড়া বৃদ্ধিকে কেন্দ্র করে বিরোধী দলের পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই কথা বলতে চাই। স্যার, এই কথা ঠিক যে এই বাস, ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিভিন্ন স্তরের মানুষের মধ্যে কিছু প্রশ্ন দেখা দিয়েছে, কিছু ক্ষোভ-বিক্ষোভ দেখা দিয়েছে। মাননীয় সদস্য শক্তিপ্রসাদ বল মহাশয় যে কথা বললেন, আমার বক্তব্য ও আমার অভিজ্ঞতাও ঠিক সেই রকম। স্যার গতকাল কলকাতা আসতে গিয়ে ও মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকার খবর সংগ্রহ করে আমি দেখতে পেয়েছি বিভিন্ন

স্থানে ছোটখাট বিরোধ একটা গড়ে উঠেছে এবং যাত্রী পরিবহনে একটা অসুবিধার সৃষ্টি হয়েছে এবং অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে বাসকে দাঁড় করিয়ে অতিরিক্ত ভাড়া ফিরিয়ে দেওয়ার জন্য কন্ডাক্টরকে বাধ্য করা হচ্ছে। আজ কিছু কিছু জায়গায় এইরকম একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সাধারণ মানুষ আগে যে ভাড়া দিত আগে জেলাস্তরে সেই ভাড়াটা আর. টি. এ. ঠিক করে দিত এবং এতটা বৈষম্য থেকে যেত না। কিন্তু এবারে কেন্দ্রীয় স্তরে অর্থাৎ রাজ্য স্তর থেকে এই ভাড়ার ব্যাপারটা ঠিক করা হয়েছে এবং এইজন্য একটা অসঙ্গতি দেখা দিয়েছে। ২৪ পরগনা বা হাওড়া জেলার একজন যাত্রীকে যে ভাড়া দিতে হচ্ছে, সাত কিলোমিটারের জন্য প্রথমে উক্ত জেলাগুলির থেকে মেদিনীপুরের লোকদের অতিরিক্ত ২০ পয়সা দিতে হচ্ছে। এই সমস্ত তথ্যগুলি যখন সাধারণ মানুষের কাছে পৌঁছাচ্ছে তখন স্বাভাবিক ভাবে তাঁরা বিভ্রান্ত হচ্ছে, নানা রকম প্রচারের মাধ্যমে তাঁরা বিপথে চালিত হয়ে আন্দোলনে সহায়তা করছেন। তাই ভাড়ার ক্ষেত্রে যে অসঙ্গতি আছে সেই অসঙ্গতির ক্ষেত্রে আর. টি. এ.-র সহেগ বসে যাতে একটা সমাধান করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি সরকারের কাছে অনুরোধ করছি।

শ্রী অপূর্বলাল মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জবাব দিতে উঠে এখানে দু'একজন সদস্য যে বক্তব্য রেখেছেন তার দু'একটা কথার জবাব দিতে চাই। মোটর ভেহিকল অ্যাক্টের সেকশন ৬৭ অনুসারে ভাড়া কমানো এবং বাড়ানো হয়। কিন্তু এই মোটর ভেহিকল অ্যাক্ট অনুসারে ভাড়া বাড়ানো বা কমানোর ক্ষেত্রে গভর্নমেন্টের একটা নোটিফিকেশন দিতে হয়, সেই নোটিফিকেশন আমরা পাইনি, মন্ত্রীসভা থেকে সেই নোটিফিকেশন বিধানসভায়, সার্কুলেট করা হয়নি। এই যে অসঙ্গতিগুলি গভর্নর যে নোটিফিকেশন দেন সেই নোটিফিকেশনের মধ্যে যদি থাকে তাহলে সেটা দেখে বলতে পারি এগুলি কিভাবে সংশোধন করা যায়। কিন্তু নোটিফিকেশন অব সেকশন ৬৭ অব দি মোটর ভেহিকল অ্যাক্ট, ১৯৮৮ এর কোনও কিছু ব্যাপার নেই, যার যা ইচ্ছা ভাড়া বাড়াচ্ছে, কমাচ্ছে। এই বেআইনি কাজ কি করে করছে আমি বুঝতে পারছি না। এই আইন না দেখেই এইসব জিনিস হচ্ছে। মিঃ স্পিকার, স্যার, এই ব্যাপারে আমাদের নিমন্ত্রণ করা হয়েছিল, আমরা জলপার্টি ওখানে গিয়েছিলাম। ওখানে গিয়ে যখন এই ফিলগারগুলি দিচ্ছিলাম তখন মুখ্যমন্ত্রী বললেন আমরা ডিসিসন নিয়ে নিয়েছি যে, ভাড়া বাড়বে, আপনারা যতই স্ট্যাটিস্টিক্স ডাটা দিন আমরা সিদ্ধান্তও নিয়ে নিয়েছি। তখন আমরা বলি যদি এই সিদ্ধান্ত আগে থেকেই নিয়ে থাকেন যে আমাদের যুক্তি মানবেন না তাহলে আমাদের কি করতে ডেকেছেন? এই বলে আমরা দুজন সেখান থেকে বেরিয়ে এলাম। আজকে দুঃখের সঙ্গে বলতে চাই এরা বাধ্য হয়ে এটা সমর্থন করছেন। ১৯২৫টি বাস আপনাদের আছে, রাস্তায় শতকরা ৫০টি নামান। যাত্রী সংখ্যা বেসরকারি বাসে যেখানে ১৮ শো সেখানে আপনাদের ১২ শোর বেশি যাত্রী উঠতে পারে না এই রকম অবস্থা। আপনারা বছরে ৩০০ দিন বাস চালান, তার বেশি চালাতে পারেন না। ৮২ পারসেন্ট সেখানে বেসরকারি বাস আছে সেখানে আপনারা ৫০ পারসেন্ট বাস নামান, এই রকম অপদার্থ সরকার। এইরকম ভাবে শুধু জনসভায় ক্ষমা চাইছি বললে জনসাধারণ আপনাদের ক্ষমা

করবে না। আপনারা জনসাধারণকে শোষণ করবেন আর জনসাধারণ আপনাদের ক্ষমা করবে এটা হতে পারে না, এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষ জেগে উঠেছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে বক্তব্য রেখেছেন প্রথমত ভাড়া বৃদ্ধির যে সংকট এটা শুধু আমরা বিরোধী দলের পক্ষ থেকে বলছি এমন নয়, বিধানসভা যেদিন থেকে খুলেছে সেদিন থেকেই এই অভিয়োগ তুলছে। আপনি রেকর্ডস প্রোসিডিংস দেখলে দেখতে পাবেন সরকারি দলের এম. এল. এ.-রা প্রতিদিন এই অভিযোগ করেছেন। শরিক দলের সি. পি. আই., ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি.'র সঙ্গে বিশ্বনাথ মুখার্জিও মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন এবং এই অভিয়োগ এসেছেন, এমনকি সি. পি. আই. (এম) এর আনন্দ পাঠক থেকে শুরু করে তাঁরাও ক্ষোভ প্রকাশ করেছেন দার্জিলিং-এ। অথচ মন্ত্রী মহাশয় বলছেন যে, বাড়তি ভাড়া জনগণ মেনে নিয়েছেন। একেবারে কতবড় মিত্যাচার দেখুন পশ্চিমবাংলার চিত্রটি কি দেখছেন? উত্তরবাংলার কোনও জায়গাতেই এই বাড়তি ভাড়ায় প্রাইভেট বাস চালাতে পারেনি। বীরভূম, পুরুলিয়া, মেদিনীপুর ইত্যাদি বিভিন্ন জেলায় সর্বত্রই প্রতিরোধ, বন্‌ধ, বাড়তি ভাড়া বয়কট চলছে। এইভাবে গোটা পশ্চিমবাংলা অচল হয়ে গেছে। অথচ আপনারা বাস্তব অবস্থাকে অস্বীকার করছেন। আপনারা বলছেন জনগণ মেনে নিয়েছে। এইভাবে আপনারা মিথ্যাচার করে চলেছেন। আপনারা লাঠি, টিয়ার গ্যাস, ক্যাডার, গুলি দিয়ে গণ-আন্দোলন স্তব্ধ করার চেষ্টা করছেন। তাতে সারা পশ্চিমবাংলার মানুষ সর্বত্রই আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছে। শিক্ষক, ছাত্র, যুবক, মহিলা, বুদ্ধিজীবি মানুষ রাস্তায় নেমেছে। মহিলাদের উপর নির্মম ভাবে লাঠি পেটা করা হয়েছে, আমার এই ছবিটি তার জ্বলন্ত প্রমাণ। (এই বলে একটি বড় ছবি তুলে ধরেন) এইভাবে আপনারা আজকে গণআন্দোলন দমন করার চেষ্টা করছেন। এই ন্যায়সঙ্গত গণআন্দোলনের স্বার্থে সরকারকে তাদের সিদ্ধান্ত প্রত্যাহার করতে হবে।

The motion of Shri Apurbalal Majumdar that—

This House views with grave concern the recent fare hike of public transport in these days of deepening Economic crisis, and urges upon the State Goernment to refrain from increasing the fare of the public transport and to set up a new "Fare Revision committee" with equal number of representatives from both the Government and Opposition sides in the Assembly, to examine the fare structure of the public transport and to settle the issue,

was then put and a division taken place with the following results

Abdus Sobhan Gazi, Shri

Adak, Shri Gourhari

Adak, Shri Kashinath

Bagdi, Shri Lakhan
Bal, Shri Shakti Prasad
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shri Bishnupada
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Binoy Krishna
biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bouri, Shri Nabani
Chakraborty, Shri Surya
Chatterjee, Shri Anjan
Chowdhury, Shri Bansa Gopal
Das, Shri Nirmal
Dey, Shri Bibhuti Bhushan
Dey, Slhri Sunil
Deb Sharma, Shri Ramani Kanta
Dey, Shri Narenda Nath
Doloi, Shri Shiba Prasad
Ghosh, Shri Tarapada
Halder, Shri Krishnadhan
Hajra, Shri Sachindranath
Hazra, Shri Haran
Jahangir Karim, Shri Sk.
Joarder, Shri Dinesh
Kar, Shri, Ramshankar
Kisku, Shri Laksmi Ram
Kisku, Shri Upen
Konar, Shrimati Maharani
Kumar, Shri Pandab

Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Mahato, Shri Satya Ranjan
Mahamuddin, Shri
Maity, Shri Hrishikesh
Maity, Shri Sukhendu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Sreedhar
Mamtaz Begum, Shrimati
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindranath
Mandal, Shri Sukumar
Mohammad, Shri Selim
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Mir Quasem
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Shashanka Sekhar
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Sundar
Oraon, Shri Mohan Lal
Pradhan,. Shri Prasanta
Pramanik, Shri Sudhir
Raha, Shri Sudhan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali

Roy, Shri Mrinal Kanti

Saren, Shri Ananta

Sarkar, Shri Sailen

Sayed Md. Masih, Shri

Sen, Shri Sachin

Seth. Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Sinha, Shri Khagendra

Sinha, Shri Prabodh Chandra

Sur, Shri Prasanta Kumar

Tudu, Shri Durga

**Ayes**

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Majumdar, Shri Apurbalal

Pandey, Shri Sadhan

Roy, Shri Saugata

The Ayes 7 & the Noes 81. The motion was lost.

(At this stage Members of the SUCI bench walked out of the chamber)

The motion of Shri Deba Prasad Sarkar that—

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, অত্যাবশ্যক পণ্যের ভয়াবহ মূল্যবৃদ্ধি ও করবৃদ্ধির চাপে যখন জনজীবন বিপর্যস্ত এমন একটা মুহূর্তে রাজ্য সরকার আর এক দফায় এই রাজ্যে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধি করেছেন এবং সাধারণ মানুষ নতুন করে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলনের সামিল হয়েছেন,

এই সভা দাবি করছে যে, জনগণের এই ন্যায় সংগত প্রতিবাদ ও প্রতিরোধ আন্দোলনের মর্যাদা দিয়ে রাজ্য সরকার অবিলম্বে বাস-ট্রাম সহ বিভিন্ন যাত্রী পরিবহনের ভাড়া বৃদ্ধির আদেশ প্রত্যাহার করে নিক।"

was then put and lost.

[5-50 – 6-00 P.M.]

## MOTION UNDER RULE 185

Shri Lakshman Chandra Seth : Sir I beg to move that—

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পশ্চিমবঙ্গ তথা পূর্ব ভারতের অর্থনীতির অন্যতম স্তম্ভ কলিকাতা বন্দর এবং এর সহায়ক হলদিয়া বন্দর বিভিন্ন সমস্যায় জর্জরিত। হুগলি নদীতে প্রয়োজনীয় নাব্যতার অভাবে বড় জাহাজ কলিকাতা বন্দরে আসতে পারে না। হলদিয়া বন্দর ও নদীর নাব্যতা সমস্যার সম্মুখীন ;

অতএব এই সভা কলিকাতা ও হলদিয়া বন্দরের পুনরুজ্জীবন ও উন্নয়নের জন্য— (১) স্থায়ীভাবে ড্রেজিং-এর ব্যবস্থা ; (২) বালিয়াড়ি চক, জেলিং হাম ও অকল্যান্ড চক সম্পূর্ণ কাটার ব্যবস্থা করে নদীর নাব্যতা বৃদ্ধি ; (৩) নয়াচরের ক্ষয় রোধ ; (৪) কলিকাতা ও হলদিয়া বন্দরের হ্যান্ডলিং ক্ষমতা অনুযায়ী পণ্যবন্টন ; (৫) হলদিয়া বন্দরের সম্প্রসারণের জন্য অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনাকালেও আরও তিনটি কার্গো বার্থ নির্মাণ ; (৬) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে হলদিয়াতে দ্বিতীয় ডকবেসিন নির্মাণ ; (৭) হলদিয়াতে জাহাজ মেরামতি কারখানা স্থাপন ; (৮) রপ্তানিযোগ্য পণ্য কলিকাতা ও হলদিয়া বন্দর থেকে রপ্তানির ব্যবস্থা ; এবং (৯) বিহার ও উত্তর প্রদেশে সেচের কাজে গঙ্গার জল ব্যবহারে নিয়ন্ত্রণ এবং এ ব্যাপারে সুষ্ঠু জলবন্টন নীতি চালু করার জন্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।

এই সভা এইসঙ্গে আরও প্রস্তাব করছে যে সমগ্র বিষয়টি গুরুত্বের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরার জন্য বিধানসভার একটি সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে পাঠানো হোক।

[5-50 – 6-00 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব ইতিমধ্যেই হাউসে লিখিত ভাবে প্রচারিত হয়েছে, আমি তাই শুধু আনুষ্ঠানিক ভাবে এই প্রস্তাব উত্থাপন করে কয়েকটি কথা বলছি। স্যার, একথা ঠিকই যে আজকে হাউসে অনেকগুলি বিষয় উত্থাপিত হয়েছে এবং তারমধ্যে কিছু কিছু বিষয়ে উত্তপ্ত আলোচনাও হয়েছে। আমার প্রস্তাব নিয়ে উত্তপ্ত আলোচনা হবে না ঠিকই কিন্তু এই প্রস্তাব আমাদের এই রাজ্য তথা পূর্বাঞ্চলের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। কলকাতা এবং হলদিয়া বন্দর এখানকার আমদানি-রপ্তানি বাণিজ্যের প্রাণকেন্দ্র হিসাবে গড়ে উঠেছে। আমাদের রাজ্যে শিল্পের বিকাশ ও প্রসারের পথে ছিল এই কলকাতা বন্দর। পরবর্তীকালে হলদিয়া বন্দর গড়ে ওঠে। হলদিয়ার শিল্পায়ন নির্ভর করছে এই বন্দরের উপর। কিন্তু কলকাতা বন্দর আজ মৃত্যুপথযাত্রী। হলদিয়া বন্দরও একই সমস্যায় জর্জরিত। কলকাতা বন্দর এক সময় সারা ভারতবর্ষের মধ্যে শীর্ষ স্থান অধিকারী বন্দর ছিল। গঙ্গার

মধ্যে অবস্থিত এই বন্দর এককালে ভারতবর্ষের আমদানি-রপ্তানি বাণিজ্যের প্রাণকেন্দ্র হিসাবে গড়ে উঠেছিল। একশো বছরের বেশি এই বন্দরের আয়ু। পরবর্তীকালে ভারতবর্ষে আরও কিছু বন্দর গড়ে ওঠে। কিন্তু কলকাতা বন্দরের অবস্থানগত কিছু সমস্যার ফলে এই বন্দর আজ মৃত্যুপথযাত্রী এবং বিভিন্ন সমস্যায় জর্জরিত। গঙ্গার বুকে জলের অভাবের জন্য পলিমাটি স্তূপীকৃত হবার ফলে নদীর যে গভীরতা সেই গভীরতা ক্রমান্বয়ে হ্রাসমান। সেই সঙ্গে সঙ্গে রয়েছে গঙ্গা দিয়ে বড় বড় জাহাজ কলকাতা বন্দরে প্রবেশ করতে পারছে না। কলকাতা বন্দরের সবচেয়ে বড় বাধা হল বালিয়াড়ির নতুন উদীয়মান চর। সেই চরের ফলে বড় বড় বিশাল সব কারগো বাহী, পণ্যবাহী জাহাজ কলকাতা বন্দরে প্রবেশ করতে পারে না। তাই পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচানোর জন্য কলকাতা বন্দরের সহায়ক বন্দর হিসাবে হলদিয়া বন্দর গড়ে ওঠে। কিন্তু তাদের সামনেও একই সমস্যা দেখা দেয়। নতুন নতুন চরের সৃষ্টির ফলে, গঙ্গার গতিপথ আকস্মিক পরিবর্তনের ফলে, ভাঙনের ফলে এবং জলের অভাবের ফলে সমস্যার সৃষ্টি হচ্ছে, বড় বড় জাহাজ হলদিয়া বন্দরে প্রবেশ করতে পারছে না। স্যার, আপনি জানেন যে, আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রযুক্তির উন্নতির ফলে জাহাজ শিল্পের প্রভুত উন্নতি হয়েছে। আজকের জাহাজগুলি বৃহদাকার জাহাজে পরিণত হয়েছে। স্বভাবতই সেখানে জলের যে গভীরতা থাকা দরকার সেই গভীরতা না থাকার ফলে বড় বড় জাহাজ প্রবেশ করতে পারছে না। এর পাশাপাশি কেন্দ্রীয় সরকার কতকগুলি বৈষম্যমূলক নীতি নির্ধারণ করায় কলকাতা বন্দরকে তারা নিশ্চিত মৃত্যুর পথে ঠেলে দিচ্ছেন। সেখানে কারগো বন্টনের ক্ষেত্রে যে পণ্য বন্টনের ক্ষেত্রে বৈষম্যমূলক নীতি নেওয়া হচ্ছে। যে বন্দরের যা হ্যান্ডেলিং ক্ষমতা বা পণ্য খালাস করার ক্ষমতা সেই অনুপাতে যদি পণ্য বন্টন করা হয় তাহলে কলকাতা এবং হলদিয়া বন্দরকে রক্ষা করা যায়। কিন্তু আমরা দেখছি, কেন্দ্রীয় সরকারের এক্ষেত্রে ইউনিফর্ম কোনও পলিসি নেই। একদিকে বোম্বাই বন্দরে মাসের পর মাস জাহাজগুলি দাঁড়িয়ে থাকছে অপর দিকে কলকাতা বন্দরের বার্থগুলি খাঁ খাঁ করছে। স্যার, তাছাড়া আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে কনটেনারের যুগ শুরু হয়ে গিয়েছে। এখন কনটেনারের মাধ্যমে মাল যাতায়াতের ব্যবস্থা করা হয়। এক্ষেত্রে লুধিয়ানাতে যে ইনল্যান্ড কনটেনারি ডিপো তৈরি হয়েছে সেখান থেকে বোম্বাই আসার মাশুল ঠিক করা হয়েছে। কেন্দ্রীয় সরকার নোটিফিকেশন জারি করে সেটা ঠিক করে দিয়েছেন কিন্তু লুধিয়ানা থেকে কলকাতা বন্দরের মাশুল ঠিক করা হয়নি। ক্যাটিং এর জুট, উলেন যা রপ্তানি করা হয় তা মূলত বোম্বাই বন্দর থেকে রপ্তানির ব্যবস্থা করা হয়েছে নোটিফিকেশন করে। আসাম, পশ্চিমবাংলার চা রপ্তানি করা হয় কান্ডালা বন্দর দিয়ে। পণ্যের ক্রমহ্রাসমানতার ফলে বন্দরের রাজস্ব কমছে। এবং সেই সঙ্গে সঙ্গে সর্বনাসা পদ্ধতি গ্রহণ করেছেন। উত্তরপ্রদেশে, বিহারে গঙ্গার বুক থেকে এক লক্ষ কিউসেক জল তুলে নেওয়া হয়। চাষের জন্য মাটির নিজের জল তারা ব্যবহার করতে পারে। এই এক লক্ষ কিউসেক জল না তুলে তার অর্ধেক জল যদি গঙ্গায় ঢেলে দেওয়া যায় তাহলে কলকাতায় হলদিয়া বন্দরকে বাঁচানো যাবে এবং এই জলের গতি বাড়ালে পলিমাটি জমবে না এবং তার ফলে গঙ্গার ভাঙন রোধ করা যাবে। কাজেই কতকগুলি

বিষয় আছে যেগুলি গ্রহণ করলে হলদিয়া বন্দর, কলকাতা বন্দরকে রক্ষা করা যাবে। হলদিয়া পেট্রোকেমিক্যাল, তেল শোধনাগার, হলদিয়া সার কারখানা এবং এমনকি পূর্বাঞ্চলের ইঞ্জিনিয়ারিং শিল্প, চা শিল্প যা কিছু আছে তার অনেকটা নির্ভর করে কলকাতা বন্দর, হলদিয়া বন্দর ঘিরে। সুতরাং সেই বন্দর যাতে সম্প্রসারিত হয় তার জন্য স্থায়িভাবে ড্রেজিং করতে হবে। দীর্ঘ ষষ্ঠ যোজনাকালে সিদ্ধান্ত হয়েছিল যে, ক্যাপিটাল ড্রেজিং করে নদির চর কাটা হবে। কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকার তার অনুমোদন দিলেন। অথচ দীর্ঘদিন ধরে এই পলিমাটি কাটার কাজ হল না এবং তার ফলে নদীর চর বাড়ছে। আজকে শুধু ক্যাপিটাল ড্রেজিং নয়, স্থায়ীভাবে ড্রেজিং এর ব্যবস্থা করতে হবে। তদানিন্তন কেন্দ্রীয় সরকার ১৯৯০ সালের পরে আর ড্রেজিং-এর জন্য কোনও ভরতুকী দেবেন না। কলকাতা বন্দর এবং হলদিয়া হচ্ছে নদী ভিত্তিক বন্দর। পৃথিবীর যেকোনও নদী ভিত্তিক বন্দরের এই পরিমাটির সমস্যা থাকবে। কাজেই এই সমস্যা সমাধান করতে গেলে এটাকে জাতীয় সমস্যা হিসাবে জাতীয় তহবিল থেকে খরচ করে ড্রেজিং করতে হবে। ড্রেজিং কর্পোরেশন অব ইন্ডিয়া করা হয়। ভারত সরকার যে ড্রেজিং কর্পোরেশন অব ইন্ডিয়া গঠন করেছেন, সেই ড্রেজিং কর্পোরেশন অব ইন্ডিয়ার হেড অফিস হল অন্ধ্র প্রদেশে। হলদিয়া বন্দর, কলকাতা বন্দরও হচ্ছে নদী ভিত্তিক বন্দর। কাজেই এখানেও ড্রেজিং কর্পোরেশন অব ইন্ডিয়া গঠন করা দরকার এবং স্থায়ী ভাবে ড্রেজিং করা দরকার। আজকে কলকাতা বন্দর মৃত্যুপথ যাত্রী এবং তার হাত ধরে হলদিয়া বন্দরও মৃত্যুপথ যাত্রী, নানা সমস্যায় জর্জরিত। আমরা যতই হলদিয়া পেট্রোকেমিক্যাল করি, হলদিয়া তৈল শোধনাগার করি না কেন যদি বন্দরকে বাঁচানো না যায় তাহলে সমস্ত সম্ভাবনা শেষ হয়ে যাবে এবং গোটা পূর্বাঞ্চল থেকে আরম্ভ করে পশ্চিমাঞ্চলের অর্থনীতি ধ্বসে পড়বে। সুতরাং এই বিপর্যয় থেকে যদি আমাদের পশ্চিমবঙ্গকে রক্ষা করতে হয় তাহলে কলকাতা বন্দরের উন্নয়ন করতে হবে, তাকে সম্প্রসারিত করতে হবে। হলদিয়া বন্দরের উন্নয়ন করতে, তার ড্রেজিংয়ের ব্যবস্থা করতে হবে। আমি এই প্রস্তাবে নির্দিষ্ট কর্মসূচির কথা বলেছি। সেই কর্মসূচিগুলি যদি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন তাহলে এই মৃত্যুপথ যাত্রী বন্দরকে তার মৃত্যুর পথ থেকে রক্ষা করা যাবে। আমি এই প্রস্তাব উথাপন করে সকলের দৃষ্টি আকর্ষণ করলাম। আশা করি এটা সকলে সমর্থন করবেন। আমি আর আমার বক্তব্য দীর্ঘ করছি না। মাননীয় সদস্যরা বলার পরে আমি আবার আমার বক্তব্য রাখব।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা এবং হলদিয়া বন্দর সম্পর্কে শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ এই সভায় যে প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করছি। আমি তার মতো বিশ্বাস করি যে, কলকাতা এবং হলদিয়ার উপরে শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা পূর্বভারত যার কলকাতা বন্দর হিন্টারল্যান্ড এবং তার অর্থনীতি এর উপরে নির্ভর করে। আজকে কলকাতার হুগলি নদীর নাব্যতা কমে যাওয়ার ফলে যে সমস্যা উদ্ভূত হয়েছে, কলকাতা বন্দরে বড় জাহাজ আসা বন্ধ হওয়ার ফলে যে সমস্যা উদ্ভূত হয়েছে সেই সমস্যা শুধু পশ্চিমবঙ্গের

সমস্যা নয়, আমার মতে এটা জাতীয় সমস্যা এবং এটা সম্পর্কে সেইভাবে দৃষ্টি দেওয়া দরকার। আপনি জানেন যে, পৃথিবীতে দুই ধরনের বন্দর আছে একটা এস্টারাইন পোর্ট, আর একটা হচ্ছে রিভাইন পোর্ট। এক্ষেত্রে সমুদ্রের খাঁড়ির উপরে যে বন্দর হয় তাকে এস্টারাইন পোর্ট বলে।

[6-00—6-10 P.M.]

আর নদীর উপর যে বন্দর হয় সেটাকে রিভানি পোর্ট বলে। এসটুয়ারাইন পোর্টের সুবিধা হচ্ছে, সেটা নদীর জোয়ার আসার দ্বারা সেখানে পলি পড়ার সম্ভাবনা থাকে না। তার ফলে ড্রাফট বা গভীরতা রক্ষা করা অনেক সহজ। খোলা সমুদ্রে আপনি জানেন যে বন্দর হতে পারে না। তার কারণ খোলা সমুদ্রে বন্দর হলে সেখানে ব্রেক ওয়াটার তৈরি করতে হয়, নইলে প্রত্যক্ষ ভাবে সমুদ্রের ঢেউ বা ঝড়-ঝঞ্ঝা নোংগর করা জাহাজে আঘাত লাগে। তার ফলে সমুদ্রের যদি খোলা জায়গায় বন্দর করতে হয় তাহলে ব্রেক ওয়াটার তৈরি করতে হয়। কলকাতা হচ্ছে একটা প্রাচীন রিভারাইন পোর্ট এবং আমরা গত পরশুদিন কলকাতার ৩০০ বছর সম্পূর্ণ করেছি। জব চার্ণক যখন কলকাতায় এসেছিলেন বা তার আগেও পর্তুগীজরা বা দিনেমাররা যখন কলকাতায় এসেছিলেন, তখন সমুদ্র থেকে এই গঙ্গা নদী পথে কলকাতায় এসে পৌঁছেছিলেন। আজকে সেই কলকাতা কিন্তু বিপদাপন্ন। বিপদাপন্ন এই রকম কলকাতা বন্দরে যে জাহাজ ঢুকবে, সেই জাহাজ ঢোকার চ্যানেলে আস্তে আস্তে পলি পড়ে যাচ্ছে। আপনারা জানেন কলকাতা বন্দরটা তৈরি করা হয়েছে নদী থেকে একটা খাল কেটে নিয়ে দুটো আলাদা ডক তৈরি করা হয়েছে, নেতাজী সুভাষ ডক এবং খিদিরপুর ডক, যাকে কে. জি. ডি., কে. পি. টি. বলা হয় এবং সেখানে লক গেট আছে, সেই লক গেট দিয়ে যখন জল ঢোকানো হয়, সেই লক গেটের মধ্যে যে ডক তার তলের গভীরতা নদীর গভীরতার উপর নির্ভর করে। কলকাতা বন্দর নিয়ে চিন্তা আজকের নয়, প্রায় ১০০ বছর আগে এটা চিন্তা করা হয়েছিল যে, কলকাতা বন্দরকে যদি ভবিষ্যতের জন্য বাঁচাতে হয় তাহলে ভাগীরথীর মেইন চ্যানেলে জল বাড়াবার ব্যবস্থা করতে হবে। পৃথিবীতে দুটো রাস্তা রিভারাইন পোর্ট এর অবলম্বন করা, একটা যে তারা নদীর গভীরতা বাড়াবার কোনও প্রচেষ্টা করা, নদী প্রবাহে বেশি পাঠাবার চেষ্টা করা। না হলে আরও সমুদ্রের কাছে গিয়ে সাবসিডিয়ারি পোর্ট তৈরি করা। কলকাতা বন্দরের জন্য এই চিন্তা দীর্ঘদিন ধরে ছিল। আপনি জানেন লন্ডনে সাউদাম্পটন পোর্ট আছে যা পৃথিবীর এক সময় বৃহত্তর পোর্ট ছিল। কিন্তু যখন সাউদাম্পডন পোর্টের গভীরতা কমে গেল, আস্তে আস্তে আরও আগে গিয়ে সমুদ্রের কাছে টিলমেরীতে নতুন বন্দর তৈরি হয়েছে। কলকাতা বন্দরকে ঠিক এই ভাবে ভাবা হয়েছিল এবং কলকাতা বন্দরের জন্য যে তিনটে চিন্তা সেই সময় নেওয়া হয়েছিল, স্বাধীনতার পর এই নিয়ে কাজ শুরু হয়েছে, কলকাতায় একটা সাবসিডিয়ারি বন্দর বানানো। যার ফলে পরবর্তী কালে হলদিয়া তৈরি হয়েছিল। (২) কলকাতা বন্দরে ড্রেজিং করা। নিয়মিত ড্রেজিং এর মাধ্যমে যাতে কলকাতা বন্দরের জন্য যে পলি পড়ে, সেই পলিকে পরিষ্কার করা যায়

এবং (৩) ফরাক্কা ব্যারেজ। আপনারা জানেন, আপনারা পুরানো লোক, ডাঃ রায় এর চেয়েও একটা অভিনব চিন্তা নিয়েছিলেন। হুগলি থেকে ড্রেজার করে যে পলি তোলে, সেই পলি লবন হ্রদে ফেলে লবন হ্রদে একটা নতুন উপনগরী তৈরি করা হয়েছিল সেই উপনগরীর ইতিহাস এখানে আমি আনতে চাই না। কিন্তু দুর্ভাগ্য বশত আপনারা জানেন যে, ফরাক্কা বন্দরের কাজ ৭১-৭২ সালে শেষ হয়েছিল এবং ফিডার ক্যানেলের কাজ ৭৩ সালে সম্পূর্ণ হয়েছিল। তারপর ১৯৭৫ সালে যখন ইন্দিরা গান্ধী মুজিব চুক্তি হল, তখনও ফরাক্কার জল বন্টন নিয়ে ইন্দিরা গান্ধী এবং মুজিবর রহমন, তারা একমত হতে পারেননি। কিন্তু পরবর্তীকালে ১৯৭৭ সালে কেন্দ্রে জনতা সরকার ক্ষমতায় এল এবং তখন মন্ত্রী হয়েছিলেন কৃষি এবং সেচ বিভাগের, আমার যতদূর মনে পড়ছে বাবু জগজীবন রাম। সেই সময় বাবু জগজীবন রাম ঢাকায় যান ফরাক্কার জল বন্টনের চুক্তি করার জন্য। স্যার, আমি সেই সময় লোকসভায় ছিলাম এবং আমি এক ঘন্টা বক্তৃতা দিয়েছিলাম যে চুক্তি সেই সময়ে জগজীবন রাম করেছিলেন তার বিরুদ্ধে। তার কারণ আমাদের বক্তব্য ছিল যে, কলকাতা বন্দরে যদি শুখা মরশুমে ৪০ হাজার কিউসেকের কম জল আসে তাহলে কলকাতা বন্দরকে বাঁচানো যাবে না। কলকাতা বন্দরে ৪০ হাজার কিউসেকের কম জল যদি ফিডার ক্যানেল দিয়ে ভাগীরথীর মধ্যে প্রবাহিত না করা যায়, তাহলে কলকাতায় যে সময় স্যান্ড বার্জগুলো তৈরি হচ্ছে, নদীর মুখে যে বার্জগুলো তৈরি হয়েছে সেই বার্জগুলো দূর করা যাবে না। কিন্তু রাজনৈতিক কারণে সেই সময়কার জনতা সরকারের প্রয়োজন ছিল দেখানো যে তারা বাংলাদেশের সঙ্গে সম্পর্ক উন্নত করছে। তারা রাজনৈতিক কারণে সেই সময় ৪০ হাজারের অনেক কম প্রায় ২৫ থেকে ৩০ হাজার শুখা মরশুমে গ্রহণ চুক্তি করেন এবং সেই চুক্তি কলকাতা বন্দরের মৃত্যু ঘন্টা নতুন করে বাজিয়ে দিয়েছে। আজকে শুধু কলকাতা বন্দরই বিপন্ন নয়, কলকাতা বন্দরের সাথে হলদিয়া বন্দরও আজকে বিপন্ন হয়ে গেছে। এর সঙ্গে লক্ষ্মণবাবু সঠিক ভাবেই বলেছেন, আমাদের এই গঙ্গাকে ঘিরে সমস্ত চাপ। স্যার, আপনি যদি হরিদ্বারের দিকে যান তাহলে আপনি দেখবেন যে, গঙ্গা ক্যানেল প্রোজেক্ট আছে, 'গঙ্গা নাহার' যাকে বলা হয়। ভাইয়্যাডাক্ট দিয়ে, অ্যাকুইডাক্ট দিয়ে গঙ্গার জল নিয়ে যাওয়া হচ্ছে সেই গঙ্গা নাহারে এবং তার সাহায্যে উত্তর প্রদেশ আর বিহারের একের পর এক সেচ প্রকল্পে গঙ্গা থেকে জল নিয়ে যাওয়া হচ্ছে। তার ফলে এখানে যখন ফরাক্কা পর্যন্ত জল আসছে তখন তারপর জল কমে যাচ্ছে। তারপরে নদী ভাগ হয়ে গেছে। ভাগীরথীর মেইন চ্যানেলে জল আসছে না এবং জল না আসার ফলে আস্তে আস্তে এমন অবস্থা হয়েছে যে, আমরা আজকে এই সংকটে উদ্বিগ্ন হয়ে পড়েছি। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন—আজকে কন্টেনারাইজেশনের যুগ চালু হয়েছে, জাপানে নতুন নতুন সুপার অয়েল ট্যাঙ্কার তৈরি হচ্ছে, সেই সুপার অয়েল ট্যাঙ্কারের সাইজ হচ্ছে ৩ লক্ষ টনের। ৩ লক্ষ টনের জায়েন্ট অয়েল ট্যাঙ্কার তৈরি হয় সমুদ্রের মধ্যে, দুটো ভাগে তৈরি হয়ে, দুটো ভাগ তারপরে জোড়া হয়। আজকে ৩ লক্ষ টনের জাহাজের যুগে আজকে কলকাতা বন্দরে সবচেয়ে কত বড় জাহাজ আসতে পারে জানেন, কলকাতা বন্দর মানে মেইন ক্যালকাটা পোর্টে, সেখানে ৮ থেকে ৯ হাজার টনের বেশি বড়

জাহাজ আসতে পারে না। তার ফলে খুবই ছোট ছোট জাহাজ, কোস্টাল ভেসেল বা সী গোয়িং ভেসেল হলেও খুবই ছোট সাইজের আসে। আমি একটু আন্দাজ দিলে আপনি বুঝতে পারবেন যে, বড় যেগুলি হয়—বড় প্যাসেঞ্জার লাইনার হচ্ছে কুইন এলিজাবেথ এবং কুইন এলিজাবেথ হচ্ছে ৮৭ হাজার থেকে ৯০ হাজার টনের। আর এখনকার সুপার ট্যাঙ্কারগুলির বেশির ভাগই হচ্ছে ১ লক্ষ টনের। অর্থাৎ এগুলি ১ লক্ষ থেকে ২ লক্ষ টনেজের। এগুলি কখনই কলকাতা বন্দরে আসতে পারে না। হলদিয়ায় আমরা একটা অলটারনেটিভ বন্দর করেছিলাম। যখন আস্তে আস্তে দেখা গেল জাহাজে মাল তোলার ব্যবস্থা কন্টেনারাইজেশনের দিকে যাচ্ছে, আর আলাদা আলাদা মাল তোলা নয়, একটা সিঙ্গেল কন্টেনারের মধ্যে ১০ টনের মধ্যে বিভিন্ন ধরনের ব্লাক কার্গো তুলে দেওয়া হবে, তখন হলদিয়া বন্দর গড়ে তোলা হয়েছিল কন্টেনারাইজেশনের উপযোগী করে। এবং হলদিয়ায় যে অয়েল রিফাইনারি হয়েছে, তার কারণ হলদিয়ায় তখনও কিছু বড় জাহাজ আসতে পারত, সেইজন্য হলদিয়ায় অয়েল রিফাইনারি করা হয়েছিল। আজকে আমরা যে পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রিজ বা অন্যান্য উন্নতির কথা হলদিয়াকে ঘিরে ভাবছি সেটা তখনই সার্থক হবে যখন হলদিয়া বন্দরে বড় সাইজের জাহাজে আসতে পারবে। তার কারণ আপনি জানেন স্যার, হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স, রাজ্য সরকার যেটা তৈরি করছে সেটা পুরোপুরি ইমপোর্টেড ন্যাপথার ওপর নির্ভরশীল এবং সেটা খুব ভাল প্রোজেক্ট নয় যে, সেকথা আমি বরাবর বলছি। একটা ভুল প্রোডাক্ট মিনস্। কিন্তু যেকোনও কারণেই হোক ইমপোর্টেড ন্যাপথার ওপরই সেটা হচ্ছে। এখন যদি হলদিয়া বন্দর ঠিকভাবে কাজ না করতে পারে, তাহলে হলদিয়া পেট্রোকেমিক্যালকে ঠিক মতো ন্যাপথা সাপ্লাই দেওয়া যাবে না। ফলে তা ওখানে একটা ক্রাইসিস ক্রিয়েট করবে, একটা সঙ্কট সৃষ্টি করবে। তাহলে দেখা যাচ্ছে কলকাতা বন্দরের যে সমস্যা সেটা হলদিয়া বন্দরেরও সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। হলদিয়া বার্থ কার্গো হ্যাণ্ডেল করে। ওখানে রেল লাইন হয়ে যাবার পরে হলদিয়া একটা আয়ারনওর এবং কোল এক্সপার্টের বড় সেন্টার ছিল। কিন্তু সেই হলদিয়ায় আজকে নতুন নতুন যে বার হচ্ছে এবং লক্ষ্মণবাবু সঠিক ভাবেই বলেছেন, মেইন প্রবলেম হচ্ছে বালিয়াড়ি চকটা। এবং বালিয়াড়ি চককে কাটতে গেলে জিগরখালি ফ্ল্যাটকেও কাটার ব্যবস্থা করতে হবে। নয়াচরে কিছু কাজ হয়েছে, পোর্ট ট্রাস্টে কিছু গাছ লাগিয়েছে। কিন্তু জিগরখালি ফ্ল্যাট এবং বালিয়াড়ি চক না কাটলে সমস্যার সমাধান হবে না। আজকে কলকাতা বন্দরে ড্রেজিং-এর জন্য ৪০ কোটি টাকা খরচ হচ্ছে। কিন্তু এই ৪০ কোটি টাকা একটা রেকারিং এক্সপেন্ডিচার এবং এটা যথেষ্ট নয়। এই টাকার পরিমাণ আরও বাড়াতে হবে। কলকাতা বন্দরের মোট টনেজের পরিমাণ বাড়াতে হবে। আজকে কলকাতা বন্দর হলদিয়ার ওপর নির্ভরশীল। কলকাতা বন্দর গত বছর ৪ মিলিয়ন টন কার্গো হ্যান্ডেল করেছে। আর হলদিয়া বন্দর করেছে ১০ মিলিয়ন টন। কলকাতা বন্দরে এখন সব মিলিয়ে কাজ করে প্রায় ৪০ হাজার লোক। আর হলদিয়ায় কাজ করে ৪ থেকে ৫ হাজার লোক। যেহেতু হলদিয়ায় হাইলি মেকানাইজড পদ্ধতিতে কার্গো হ্যান্ডেল করা যায় সেইহেতু হলদিয়ায় কর্মী সংখ্যা কম। হলদিয়ায় অবশ্য সরকার একটা অ্যাডিশনাল অয়েল জেটি করছে এবং

একটা কার্গো বার্থ এর আগেই করা শুরু হয়েছিল এবং আরও একটা কার্গো বার্থ করা হবে। কিন্তু তার সঙ্গে সঙ্গে লক্ষনবাবু বলেছেন, হলদিয়ায় জাহাজ নির্মাণ, শিপ রিপেয়ারিং-এর কারখানার দাবি আমাদের বহু দিনের। হলদিয়ায় আরও ২-৩টি অ্যাডিশনাল কার্গো বার্থের দাবি এবং একটা অয়েল জেটির দাবি বহু দিন থেকেই করা হচ্ছে। কিন্তু এগুলি পূরণ করে সফল করতে হলে মূলত ফরাক্কা চুক্তিকে রিভশন করতে হবে। ড্রেজিং-এর জন্য খরচ বাড়ানোর সঙ্গে সঙ্গে গঙ্গার মেইন চ্যানেলের জল যদি না আসে তাহলে সমস্যা থেকেই যাবে। এখানে স্যার, সমস্যা হচ্ছে, এখন যে চ্যানেল দিয়ে জাহাজ আসে সেটা একটা সরু চ্যানেল এবং সেটা একমাত্র পাইলটরাই জানেন। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন, স্যান্ড হেডে বিদেশি পাইলটরা জাহাজ ছেড়ে দেয়, কলকাতা পোর্টের পাইলটরা তারপর জাহাজের ওপর ওঠে, তারা গাইড করে স্ট্রেচারাস স্যান্ড বারের মধ্যে দিয়ে জাহাজকে নিয়ে আসে। এখন পুরো চ্যানেলটাই চলে এসেছে ইস্টার্ন সাইডে, মানে কলকাতার দিকে। অর্থাৎ হলদিয়া থেকে দূরে সরে যাচ্ছে। ড্রেজ করে যদি চ্যানেল খোলা না রাখা যায় তাহলে হলদিয়ার দিকে সিলটিং বেশি হবে। এটা একটা বিপদজনক ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। স্যার, ফরাক্কার কনসিভ করা হয়েছিল পুরো প্ল্যান নিয়ে। আজকে ছোটখাট ওষুধ দিলে কলকাতা হলদিয়ার সমস্যার সমাধান হবে না। আর কলকাতা হলদিয়ার সমস্যার যদি সমাধান না করা যায়, তাহলে পুরো ইনভেস্টমেন্ট করে, ফরাক্কার যে বিরাট ইনভেস্টমেন্ট যদি কাজে না লাগাতে চাই তাহলে আধুনিক পৃথিবীতে আমাদের বেঁচে থাকাই কঠিন হবে। লক্ষ্মনবাবুর সম্বন্ধে আগে অভিযোগ ছিল—কলকাতা বন্দরে সিটুর তেমন প্রভাব নেই—কিন্তু উনি হলদিয়াতে ভীষণ ঝামেলা করতেন। এখন সবাই বলছেন উনি দায়িত্বশীল ভাবে কাজ করছেন, আগের মতোন ঝামেলা করছেন না। শ্রমিক অশান্তি যখন চলে গেছে তখন সকলে লক্ষ্মণবাবুর এই প্রস্তাবের পিছনে দাঁড়িয়ে কলকাতা হলদিয়ার উন্নতর কথা বলা উচিত। এই কথা বলে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। কলকাতা বন্দর সারা ভারতবর্ষের মধ্যে মুখ্য বন্দর ছিল। আজকে কলকাতার ৩০০ বছর পূর্ণ হল, অথচ এই বন্দরের বয়স ৩০০ বছরের বেশি। ১৬৬৮ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি এখানে ব্যবসা আরম্ভ করে এবং তখন থেকেই এর পত্তন দেওয়া হয়। ১৭১৫ সালে কলকাতা বন্দর ব্যবসার প্রধান কেন্দ্র ছিল। তারপর ১৭৩৪ সালে সাইক্লোন হয়। যাহোক, এককালে ভারতবর্ষের মধ্যে ক্যালকাটা পোর্ট প্রধান ছিল, কিন্তু এই পোর্ট কিভাবে আস্তে আস্তে খারাপ হয়ে যাচ্ছে সেই সম্পর্কে একটু বলছি। ১৯২৮-৪৮ সালে সেটা কমে ৪৭ পারসেন্ট গিয়ে দাঁড়ায়। ১৯৫১-৫২ সালে সেটা ৪২ পারসেন্ট হয়। ১৯৬০-৬১ সালে ২২.৭ পারসেন্ট হয় আর ১৯৬৪-৬৫ সালে ২৪.৪ পারসেন্ট। ১৯৭৭-৭৮ সালে সেটা হয় ১০.৭ পারসেন্ট আর

১৯৮৩-৮৪ সালে ১১.৫ পারসেন্ট। ১৯৮৬-৮৭ সালে সেটা হয় ৮.৫ পারসেন্টে। ১৯৮৮-৮৯ সালে সেটা এসে দাঁড়ায় ৯.৭ পারসেন্ট। সুতরাং যেখানে শতকরা ৪৯.৫ পারসেন্ট মাল যেত এখন সেখান দিয়ে ৯ পারসেন্ট মাল যাচ্ছে। এখন জাহাজ আসার জন্য যে জলের দরকার সেখানে আমাদের কলকাতা বন্দরে মাত্র ১০.৩৬ মিটার ড্রাফট পাওয়া যায়। পারাদ্বীপে ১১.৮৯, বিশাখাপত্তনমে ১৫.৩০ আর মাদ্রাজে ১২.১৯ মিটার। এখন আমার বক্তব্য হচ্ছে লক্ষ্মণবাবু যা বলেছেন তা তাঁর অভিজ্ঞতা থেকে বলেছেন। আমি এই ব্যাপারে কোনও আপত্তি করছি না। আমার বক্তব্য হচ্ছে, কলকাতা পোর্টে আগে যত শ্রমিক কাজ করত এখন তার অর্ধেক শ্রমিক কাজ করে। ১৯৬৭ সালে পোর্টের শ্রমিক সংখ্যা ছিল ৪২৯৪৬ আর এখন সেটা হয়েছে ২৫৬১। এখন ইনল্যান্ড সার্ভিস—কলকাতা থেকে এলাহাবাদ পর্যন্ত অন্তর্দেশীয় জলপথ সার্ভিস ডিক্রিয়ার করা হয়েছে। আমি লক্ষ্মণ বাবুকে বলব, এই কাজ যাতে তাড়াতাড়ি করা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হোক এবং তার জন্য এই প্রস্তাবে এইটুকু যুক্ত করে দিলে ভাল হয়। আর পোর্টে যেভাবে জিনিসপত্র চুরি হচ্ছে, নষ্ট হচ্ছে তা রক্ষা করার ব্যবস্থা করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ মহাশয় যে প্রস্তাব এনেছেন হলদিয়া এবং কলকাতা বন্দরকে কেন্দ্র করে আমি তাকে সমর্থন করছি। আমরা জানি যে, আমাদের দেশের পরিবহন ব্যবস্থায় একটা সময় ছিল যখন নদী এবং সমুদ্রের উপর নির্ভর করতে হত। আজকে তার যতই উন্নতি হোক না কেন দেশে প্রকৃতপক্ষে নদী এবং সমুদ্র বন্দরের গুরুত্ব মোটেই কমেনি বরং বেড়েছে। দুর্ভাগ্যের কথা স্বাধীনতার পরবর্তীকালে আমাদের বিশেষ করে কেন্দ্রীয় সরকারের কলকাতা বা পশ্চিমবঙ্গে তাদের যে বিরূপতা সেই সমস্ত কারণে কলকাতা বন্দরের প্রতি তাঁদের যে দায়িত্ব অর্থাৎ সেটা সঠিকভাবে তাঁরা পালন করেননি। এর জন্য কলকাতা বন্দরের যে সমস্যা সেটা আসলে পশ্চিমবঙ্গের সমস্যা নয়, গোটা পূর্বাঞ্চলের এবং পূর্ব ভারতের সমস্যা। পাশাপাশি কলকাতা বন্দরের যে সমস্যা যেখানে অনেক টাকা খরচ করতে হয় পাশাপাশি হলদিয়া বন্দরকে শুনেছিলাম মর্ডানাইজ এবং কন্টেনারাইজ করে কিছু পরিমাণ কমপ্রিহেন্সিভ ডেভেলপমেন্ট প্রেগ্রাম যেটা নেওয়া হবে সেই পরিকল্পনা গভর্নমেন্ট করেছেন বলে মনে হয় না। আপনারা অনেকেই জানেন হলদিয়াকে কেন্দ্র করে তার যে হিন্টার ল্যান্ড তার মধ্যে আসাম, ভুটান এমনকি নেপালও পড়ে। কিন্তু হলদিয়া বন্দরকে কেন্দ্র করে তার যে রোডওয়ে তাতে রেলওয়ের কোনও সংযোগ নেই। কলকাতা ঘুরে যেতে হয়। বিহারের একটা অংশ এর সঙ্গে জড়িত। প্রকৃতপক্ষে হলদিয়া এবং কলকাতা এই দুটি বন্দর শুধু কলকাতা বা পশ্চিমবঙ্গের বন্দর নয়, এটা আন্তর্জাতিক পোর্ট। আন্তর্জাতিক পোর্টের যে যোগ্যতা, আন্তর্জাতিক পোর্টের যে ধরনের ব্যবস্থার উপর গুরুত্ব দেওয়া দরকার জাতীয় সরকার যাতে সেটা ভাবেন, সেজন্য প্রস্তাবগুলো আনা হয়েছে। আমি মনে করি প্রস্তাব নিয়ে শুধু যেন প্রস্তাবাকারেই থাকে না এটাকে পারশু করতে হবে। এখান থেকে বলা হয়েছে সর্বদলীয় দল গিয়ে সেখানে মাননীয় প্রধানমন্ত্রীকে

এবং বিভাগীয় মন্ত্রীকে বোঝাতে হবে। এর কমিউনিকেশনের রোটওয়ে রেলওয়ে সেটা করা দরকার। সেটা নেবার জন্য যে ব্যবস্থা প্রস্তাবাকারে এসেছে তাকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কলকাতা এবং হলদিয়ার উন্নয়নের জন্য যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই যে ন্যাশনাল ক্রাইসিস, সেই ন্যাশনাল ক্রাইসিসের সম্পর্কে আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করার জন্য মাননীয় সৌগত রায় মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, একটা কথা বলতে চাই। কলকাতা বন্দর আন্তর্জাতিক বন্দর ছিল, আজকে আমরা পশ্চিমবঙ্গের মানুষ কলকাতার ৩০০ বছর পূর্তি উৎসব করছি কিন্তু কলকাতার বন্দর তার সঙ্গে সাবসিডিয়ারি হলদিয়া বন্দরও আছে। এখানে ড্রাফটিং-এর অভাব, এই প্রস্তাবে নির্দিষ্ট ভাবে যা বলা হয়েছে তা সম্পূর্ণ ভাবে ব্যাখ্যা করলে যে ধরনের সুযোগ সুবিধা দরকার তা নেই। এখানে বড় জাহাজ ঢুকতে পারছে না, বড় জাহাজ দূরে থাকছে। বড় বড় ইন্টারন্যাশনাল পোর্ট থেকে জাহাজ আসে, এই যে সংকট সেই ড্রেজিং-এর সংকটের জন্য কলকাতা বন্দরে তারা মাল লোডিং, আনলোডিং করতে পারছে না। সবচেয়ে বড় সমস্যা ড্রাফটিং এবং ড্রেজিং-এর। শুনতে পাচ্ছি ১৯৯০-৯১ সালের জন্য যে টাকা ধরা হয়েছিল তা এখনও পর্যন্ত সম্মতি মেলেনি, টাকা দেবেন কি দেবেন না তা জানা যায়নি। ড্রেজিং না হলে ডেপথ কমে যাবে এটা আমরা সকলেই জানি। এর জন্য কেন্দ্রীয় সরকারকে একটা গ্যারান্টি দিতে হবে। ৯০ পারসেন্ট না কত যেন দেয়, ওটা ১০০ পারসেন্ট করতে হবে। কার্গো দারুণভাবে কমে গেছে। কলকাতা এবং হলদিয়ায় ১১.৫৯ মিলিয়ন টন ছিল, এখন নেমে গিয়ে দুটো মিলিয়ে ৮ লক্ষ মিলিয়ন টনে নেমে এসেছে। এটা বাড়তে পারে একমাত্র ড্রেজিং এর সমস্যা যদি আমরা মেটাতে পারি, ডেপথ বাড়াতে পারে, তা না হলে একদা হয়ত বলতে হবে যে, এখানে কলকাতা বন্দর বলে একটা ইন্টারন্যাশনাল বন্দর ছিল যে বন্দরে জব চার্নক এসে ভিড়েছিলেন। কলকাতা বন্দরের এই যে সমস্যা—এটা একটা ন্যাশনাল ক্রাইসিস। এই বন্দরকে যাতে বাঁচানো যায় তার জন্য হলদিয়া বন্দরের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। হলদিয়াতে কন্টেনারে তেল আসে, কিন্তু সমস্যা হচ্ছে, সেখানে কন্টেনারের সংখ্যা দারুণভাবে নেমে যাচ্ছে। ঐ কন্টেনারের সংখ্যা যদি আমরা না বাড়াতে পারি তাহলে বন্দর বাঁচবে না, আর বন্দর না বাঁচলে কলকাতারও অপমৃত্যু ঘটবে। কাজেই আজকে এই সমস্যার কথা কেন্দ্রীয় সরকারকে বোঝাতে হবে, কারণ কলকাতা এবং হলদিয়া বন্দরকে যদি আমরা না বাঁচাতে পারি তাহলে শুধু কলকাতারই নয়, পশ্চিমবঙ্গের উন্নত হবে না। এই বলে এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি।

[6-20—6-29 P.M.]

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লক্ষ্মণ শেঠ মহাশয় কলকাতা এবং হলদিয়া বন্দর সম্পর্কে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

কলকাতা বন্দর এককালে আন্তর্জাতিক বন্দর ছিল, কিন্তু বর্তমানে তার সেই মান সে হারিয়েছে। দ্বিতীয়ত, পূর্বাঞ্চলে এটা একমাত্র বন্দর এবং হলদিয়া এর সাবসিডিয়ারি বন্দর হিসাবে কাজ করছে। সমস্যা হচ্ছে, আজকে কলকাতা বন্দর যদি না বাঁচে তাহলে কলকাতা শহর—যে শহরের ৩০০ বছর পূর্তি উৎসব পালিত হল সেই কলকাতাও বাঁচবে না। কলকাতা বন্দরের সমস্যা হচ্ছে দুটি। লিন্ পিরিওডে ফরাক্কা এবং অন্যান্য প্রোজেক্ট হওয়া সত্ত্বেও আজকে হুগলি নদীতে ৪০ হাজার কিউসেকের বেশি পানী সাপ্লাই না হওয়া। এই সমস্যা দূর করতে ড্রেজিং ছাড়া কিছু হবে না। কিন্তু এর অন্যতম বাধা হচ্ছে ফরাক্কা ব্যারেজের উজানে উত্তর প্রদেশ ও বিহারে ইরিগেশন পারপাসে প্রয়োজনের অতিরিক্ত জল টেনে নেওয়া। কাজেই আজকে এরজন্য উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ এবং ভারত সরকার একসঙ্গে বসে একটা চুক্তি হওয়া দরকার যে, কে কত জল নেবে ইরিগেশনের জন্য। এছাড়া ড্রেজিং এর জন্য যে অর্থ প্রয়োজন হবে সেটা কেন্দ্রীয় সরকারের সাপ্লাই করা দরকার। বর্তমানে কলকাতা বন্দর থেকে বোম্বে বন্দর বড় হয়ে গেছে। কলকাতা বন্দরের গুরুত্ব বোঝাতে এর আগে আমরা প্রাক্তন সেচমন্ত্রী প্রভাস রায় মহাশয়ের নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশনে গিয়েছিলাম, কিন্তু তারপর কাজ কিছু এগিয়েছে কি না জানি না। আজকে এই কলকাতা এবং হলদিয়া বন্দরের গুরুত্ব বোঝাবার জন্য মাননীয় লক্ষ্মণচন্দ্র শেঠ মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগতবাবু নিখুঁতভাবে কলকাতা এবং হলদিয়া বন্দর সম্পর্কে একটা চিত্র তুলে ধরেছেন ঠিকই, কিন্তু একটা বিষয়ে উল্লেখ করতেই হয়। সৌগত বাবুরা কেন্দ্রীয় সরকারে ছিলেন দীর্ঘদিন, আর কলকাতা বন্দর কেন্দ্রীয় সরকারের অধীনে, কাজেই আন্তরিকতা থাকলে কলকাতা এবং হলদিয়া বন্দরের সমস্যা অনেকখানিই সমাধান হত। আশা করি এখন যে সরকার কেন্দ্রে এসেছেন তাঁরা এটা বুঝবেন। বিরোধী দল হিসাবে কংগ্রেসের বোঝা উচিত যে, এই সমস্যাটা কোনও দলের সমস্যা নয়, পর্ব ভারতের সমস্যা। কাজেই এর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া দরকার। আমার লিখিত প্রস্তাবে কলকাতা এবং হলদিয়া বন্দর সম্প্রসারণ এবং পুনরুজ্জীবনের জন্য কি ব্যবস্থা নেওয়া দরকার সেটা আমি উল্লেখ করেছি। তার পাশাপাশি আরও কয়েকটি বিষয় উল্লেখ করতে চাই যেগুলি এই দুটি বন্দরকে বাঁচাতে গেলে অবিলম্বে কার্যকর করা দরকার। আমি সেটা উল্লেখ করছি এই সভায় সকলের অনুমোদনের জন্য। আমি আগেই বলেছি আমার আলোচনাতে যে এখন হচ্ছে কন্টেনারের যুগ। কন্টেনারের যে ডিপো সেটা লুধিয়ানাতে আছে। এটা হওয়া উচিত আমার মনে হয় যেহেতু কলিকাতা এবং হলদিয়াতে বন্দর আছে সেইজন্য পূর্ব-ভারতের কোনও একটা জায়গায়। এখানে ঐ ধরনের একটা কন্টেনার ডিপো হওয়া দরকার। ওই ডিপোতে সমস্ত কার্গো গিয়ে জমা হবে এবং কার্গো কলিকাতা এবং হলদিয়া বন্দরে আসতে পারে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় পূর্বতন কেন্দ্রীয় সরকার লুধিয়ানা থেকে বোম্বে পর্যন্ত কার্গো ফেট কি হবে সেটা নির্ধারণ করে দেন, নোটিফিকেশন করে দেন। সমস্ত কার্গোর জন্য লুধিয়ানার ডিপোতে যেতে হয়। যদি এই ফেটটা বা শুল্কটা কলিকাতার জন্য

চালু করা হয় তাহলে ঐ লুধিয়ানা ডিপো থেকে ঐ কার্গো, ঐ পণ্য কলিকাতা বন্দরে আসতে পারে। সুতরাং এই কলিকাতা এবং লুধিয়ানার মধ্যে মাল চলাচলের যে শুল্ক এবং মাশুল সেটা নোটিফিকেশন হওয়া দরকার। তাহলে কলিকাতা বন্দর অনেক কার্গো পাবে। র-জুট কটন এটা সবটাই বোম্বে বন্দর থেকে যায়। গভর্নমেন্টের যেভাবে নোটিফিকেশন আছে সেটা পরিবর্তন দরকার। কলিকাতা বন্দর থেকে যাতে যেতে পারে তার ব্যবস্থা হওয়া দরকার। তার পাশাপাশি গঙ্গার ভাঙনে প্রতি বছর প্রায় ৩০০ মেট্রিক টন মাটি গিয়ে নদী বক্ষে জমা হয়, এটা বন্ধ করা দরকার এবং তার জন্য পরিকল্পনা করা দরকার। এবং আমাদের কলিকাতা এবং হলদিয়া বন্দরে পলি মাটি কাটার জন্য স্থায়ী ভাবে ড্রেজিং-এর ব্যবস্থা থাকা দরকার। ভাগিরথী কমপ্রিহেন্সিভ স্কীমে একটা চালু করা হয়, তার প্রথম পর্যায়ের কাজটা চলছে। কিন্তু দ্বিতীয় পর্যায়ের যে কাজ তার অনুমোদন এখনও কেন্দ্রীয় সরকার করেননি। একটা গার্ড ওয়াল তৈরি হচ্ছে যাতে রাঙাপাড়া চ্যানেল দিয়ে জলের স্রোতটা না যেতে পারে। সেই স্রোতটা যাওয়ার ফলে খরামারার চর নষ্ট হয়ে যাচ্ছে, হারুট পয়েন্ট নষ্ট হয়ে যাচ্ছে ধ্বসে পড়ছে। সুতরাং সাউথ গাইড ওয়াল অর্থাৎ দক্ষিণ দিকে একটা গাইড ওয়াল তৈরি করতে হবে নদীতে। তাহলে জলের গতিটা হলদিয়া বন্দরের দিকে ধাবিত হবে, তার ফলে জলের গতি ধাবিত হলে পলিমাটি জমবে না। সুতরাং দ্বিতীয় পর্যায়ের হুগলি নদীর যে স্কীমে তা অবিলম্বে কার্যকর হওয়া দরকার। হলদিয়া বন্দরে সবচেয়ে বেশি রাজস্ব আসে কোল হ্যান্ডলিং প্লান্ট থেকে। কয়লা এখান থেকে জাহাজে করে নিয়ে যাওয়া হয় তামিলনাড়ুতে, তামিলনাড়ুতে অনেক তাপ বিদ্যুৎ কেন্দ্র আছে তার জন্য প্রায় ৬ লক্ষ মেট্রিক টন কয়লা সরবরাহ হয়ে থাকে। কিন্তু সমস্যা হল কোল হ্যান্ডলিং প্লান্ট সম্প্রসারণের জন্য কেন্দ্রীয় সরকারের যে অর্থ সাহায্য দরকার সেটা করা হয় না। কোল মাইন থেকে কয়লা পাওয়া যায় না স্থায়ী ভাবে, এটা সম্প্রসারণ করা দরকার। তার পাশাপাশি আমি আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হল এই যে, কলিকাতা বন্দর থেকে প্রায় প্রতি বছর ৪ লক্ষ লরি যাতায়াত করে। এই লরিগুলির যাতায়াত অনেকটাই বন্ধ হয়ে যেতে পারে যদি কলিকাতা বন্দরে রেলওয়ে অপারেশন চালু করা হয়। রেলওয়ে অপারেশন যেটা বন্ধ করা হয়েছে সেটা যদি চালু করা হয় তাহলে কলিকাতা বন্দরে আর ট্রাফিক সমস্যা থাকবে না। কলিকাতা বন্দর থেকে উলুবেড়িয়া পর্যন্ত নদী পথে লরি চলাচলের ব্যবস্থা করা হয় তাহলে কলিকাতায় যে ৪ লক্ষ লরি চলাচল করে সেটা বন্ধ হয়ে যাবে এবং অনেকটা সমস্যার সমাধান হবে। তাতে কলিকাতা বন্দরের এবং হলদিয়া বন্দরের উন্নতি ঘটবে। জাহাজ মেরামতি কারখানার ব্যাপারে বাভেজা কমিটি সুপারিশ করেছিল হলদিয়াতে জাহাজ নির্মাণ কারখানা হওয়া দরকার। এই সমস্ত কর্মসূচি রূপায়িত করার জন্য আমি আমার প্রস্তাবে রেখেছি এবং সেই ব্যাপারে সর্বদলীয় একটা প্রতিনিধি দল কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করার জন্য পাঠানো হোক এবং এই ব্যাপারে পরিবহন মন্ত্রীর সঙ্গে যেন আলোচনা করা হয়। এই কথা বলে আমার প্রস্তাবকে সমর্থন করার জন্য মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি।

The motion of Shri Lakshman Chandra Seth that

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পশ্চিমবঙ্গ তথা পূর্ব ভারতের অর্থনীতির অন্যতম স্তম্ভ কলিকাতা বন্দর এবং এর সহায়ক হলদিয়া বন্দর বিভিন্ন সমস্যায় জর্জরিত। হুগলি নদীতে প্রয়োজনীয় নাব্যতার অভাবে বড় জাহাজ কলিকাতা বন্দরে আসতে পারে না। হলদিয়া বন্দর ও নদীর নাব্যতা সমস্যার সম্মুখীন;

অতএব এই সভা কলিকাতা ও হলদিয়া বন্দরের পুনরুজ্জীবন ও উন্নয়নের জন্য—(১) স্থায়ী ভাবে ড্রেজিং-এর ব্যবস্থা, (২) বালিয়াড়ি চক, জেলিংহাম ও অকল্যান্ড চক সম্পূর্ণ কাটার ব্যবস্থা করে নদীর নাব্যতা বৃদ্ধি, (৩) নয়াচরের ক্ষয় রোধ, (৪) কলিকাতা ও হলদিয়া বন্দরের হ্যান্ডলিং ক্ষমতা অনুযায়ী পণ্য বন্টন, (৫) হলদিয়া বন্দরের সম্প্রসারণের জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা কালেও আরও তিনটি কার্গো বার্থ নির্মাণ, (৬) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে হলদিয়াতে দ্বিতীয় ডক বেসিন নির্মাণ, (৭) হলদিয়াতে জাহাজ মেরামতি কারখানা স্থাপন, (৮) রপ্তানি যোগ্য পণ্য কলিকাতা ও হলদিয়া বন্দর থেকে রপ্তানির ব্যবস্থা এবং (৯) বিহার ও উত্তর প্রদেশে সেচের কাজে গঙ্গার জল ব্যবহারে নিয়ন্ত্রণ এবং এ ব্যাপারে সুষ্ঠু জলবন্টন নীতি চালু করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

এই সভা এই সঙ্গে আরও প্রস্তাব করছে যে, সমগ্র বিষয়টি গুরুত্বের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরার জন্য বিধানসভার একটি সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে পাঠানো হোক। was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-29 P.M. till 1 P.M. on Wednesday, the 29th August, 1990 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 29th August, 1990 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 6 Ministers, 4 Ministers of State, and 175 Members.

## Starred Questions
## (to which oral answers were given)

### বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধগুলির মেরামতি

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০।) ডাঃ মানস ভূঁইয়া ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় বিভিন্ন নদীর বাঁধ মেরামতির জন্য অর্থদপ্তর সেচ দপ্তরকে কত পরিমাণ অর্থ মঞ্জুর করেছেন; এবং

(খ) তন্মধ্যে মেদিনীপুর জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) ১৯৯০ সালের বন্যায় ক্ষতিগ্রস্থ সেচ দপ্তরের বাঁধ ও অন্যান্য কাজকর্মের মেরামতির জন্য এ পর্যন্ত মোট ২,৩৬,০০,০০০.০০ (দুই কোটি ছত্রিশ লক্ষ) টাকা অর্থদপ্তর হইতে মঞ্জুর করা হইয়াছে।

(খ) উপরিউক্ত মোট বরাদ্দকৃত অর্থের মধ্যে মেদিনীপুর জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ হইল ৬৫,০০,০০০ (পঁয়ষট্টি লক্ষ) টাকা।

[1-00 – 1-10 P.M.]

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী বললেন যে সারা পশ্চিমবঙ্গের জন্য ২ কোটি ৩৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং তার মধ্যে মেদিনীপুর জেলার জন্য ৬৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। মেদিনীপুর জেলার জন্য যে ৬৫ লক্ষ টাকা খরচের জন্য দিয়েছেন সেটা কোন খাতের জন্য দিয়েছেন তার হিসাব আপনি দিতে পারেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মেদিনীপুর জেলার মধ্যে বড় বড় নদী রূপনারায়ণ, কংসাবতী, শীলাবতী, কপালেশ্বরী, কেলেঘাই, হলদী ইত্যাদি নদী আছে এবং মাননীয় বিধায়ক এ সম্বন্ধে অবগত আছেন। এই সমস্ত নদীগুলোর মধ্যে চণ্ডিয়া, রূপনারায়ণ, কেলেঘাই সবচেয়ে বড়।

তমলুকে ৩০ লক্ষ টাকার মতো এবং বাকিটা চণ্ডিয়াতে বরাদ্দ হয়েছিল। মাননীয় বিধায়ক ২২ তারিখে যে প্রশ্ন করেছিলেন তার উত্তরে আমি বলেছিলাম যে বাকিটা সবংয়ের জন্য খরচ করতে পারতাম। তবে তিন লক্ষ টাকার কিছু বেশি মাল তাঁদের দিয়েছি।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রী বললেন, যেহেতু কেলেঘাই এবং কপালেশ্বরীতে বাঁধ মেরামতির জন্য, যেটা ভেঙে গিয়েছিল, সাড়ে তিন লক্ষ টাকার মালমশলা তিনি দিয়েছেন জেলা পরিষদকে। বাকি টাকাটা সেচ দপ্তরের ইচ্ছা থাকলেও জেলা পরিষদ গ্রহণ করায় সেচ দপ্তর সরাসরি গ্রহণ করেন নি। যেহেতু এই কাজটি মূলত সেচ দপ্তরের, জেলা পরিষদ কতটাকা টেম্পোরারি স্ট্রাকচার তৈরি করতে খরচ করেছে এবং পারমানেন্ট স্ট্রাকচার করতে কত টাকা লাগবে তা সেচ দপ্তরের সঙ্গে আলোচনা করে ঠিক করেছেন কী?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এর খানিকটা উত্তর আমি ২২ তারিখে দিয়েছি, তবে আরও পরিষ্কার করে বলছি। সেচ দপ্তর ওখানে নুজ প্রোটেকশনের কাজ করছিল। এরজন্য কিছুটা কাজ আমরা করেছিলাম। তারপর জেলার মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা যখন জেলা পরিষদকে দেবার জন্য রিকোয়েস্ট করেন তখন তাঁদের হাতে দেওয়া হয়েছে। ওঁরা জানিয়েছেন যে সাড়ে তিন লক্ষ টাকাই ওঁরা খরচ করেছেন। এছাড়াও নিজেরা কিছু কিছু খরচ করছেন বলে জানিয়েছেন।

ডাঃ মানস ভুঁইয়া : আপনার কাছে তথ্য আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** জেলাপরিষদ কত খরচ করছে সেই তথ্য আমার জানা নেই।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় মন্ত্রী মহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন যে পশ্চিমবঙ্গের বন্যা প্রতিরোধের ব্যাপারে বা বাঁধ রক্ষার ব্যাপারে ২ কোটি ৩ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। আমি জানতে চাইছি যে, দামোদর এবং অজয় নদীর বাঁধ প্রতিরোধের ব্যাপারে কত টাকা মঞ্জুর করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়ার স্পেসিফিক প্রশ্নের উত্তরে মেদিনীপুর জেলার উপরে বলেছি বর্দ্ধমান জেলার ব্যাপারে প্রশ্ন করলে আমি নিশ্চয় তার উত্তর দিয়ে দেব।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি (ক) প্রশ্নের উত্তরে সমস্ত পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ২ কোটি ৩৬ লক্ষ টাকা বাঁধ প্রতিরোধের জন্য দেওয়া হয়েছে বলেছেন, তাহলে বর্দ্ধমান জেলার ক্ষেত্রে কত টাকা দিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বন্যা যে কয়টি জেলায় হয়েছে তারমধ্যে বর্দ্ধমান জেলাও পড়ে এবং সেই হিসাবে বর্দ্ধমান জেলার জন্য কয়েক লক্ষ টাকা দিয়েছি।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, মালদহ জেলার জন্য এই বছরে কত টাকা খরচ করা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি হালদার মহাশয়ের প্রশ্নোত্তরে যা বলেছি সেই হিসাবে যে, ওই প্রশ্নটি স্পেসিফিক মেদিনীপুর জেলা সম্পর্কে ছিল এবং সেইজন্য আমি পশ্চিম দিনাজপুর সম্পর্কে ব্রেক, আপ দিতে পারছি না।

**শ্রী অমর ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, লোকপীঠের মেনটেনেন্স জেলাপরিষদকে করতে দিয়েছেন, আপনার ডিপার্টমেন্ট এই ব্যাপারে কোনও চিন্তাভাবনা করছে কি এবং এই ব্যাপারে পার্মানেন্টলি কোনও বাঁধ দেওয়া হবে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** জেলাপরিষদ যখন বলল যে আমরা দায়িত্ব নেব এই বাঁধটি করার ব্যাপারে আমরা তখন টেম্পোরারি হিসাবে ছেড়ে দিলাম।

**শ্রী অমর ব্যানার্জি :** এই বাঁধের মেনটেনেন্স জেলাপরিষদ যে নিয়েছে সে তো টেম্পোরারি মেজারে, পার্মানেন্ট বাঁধের কি ব্যবস্থা করবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** পার্মানেন্ট বাঁধের কাজ করার জন্য তো হাতে নিয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়কে (ক) প্রশ্নের উত্তরের সূত্র ধরেই জিজ্ঞাসা করছি যে, সেচ দপ্তর যে ব্যয়বরাদ্দের হিসাব দিয়েছে তাতে ফারাক্কা ইত্যাদির কারণে যে ভাঙ্গন হয়েছে সেই বাবদ ওই ২ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় বরাদ্দ আছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এতে কেন্দ্রীয় বরাদ্দ কিছু নেই।

**শ্রী স্বদেশ চাকী :** মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিম দিনাজপুরের ক্ষেত্রে কতটাকা বরাদ্দ করেছেন, করলেও কোন কোন নদীতে বাঁধের মেরামতি করা হচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি এইক্ষেত্রে বলতে চাই যে পশ্চিমবঙ্গের বন্যা খাতের জন্য ২ কোটি ৩৬ লক্ষ টাকা ধরা হয়েছে। তারমধ্যে এটা একটা স্পেসিফিক কোয়েশ্চেনের উত্তর দিয়েছি, আপনারা স্পেসিফিকভাবে প্রশ্ন করুন উত্তর দেব। তাছাড়া মাননীয় এম. এল. এ. কে পশ্চিম দিনাজপুর সম্পর্কে এখনই উত্তর দিতে পারছি না, আমাদের ৩-৪ দিন সময় দিতে হবে কারণ এই ব্যাপারে আমি সুপারেন্টেনডেন্টের কাছ থেকে উত্তর পেলে আপনাকে জানিয়ে দেব।

**শ্রী সাত্ত্বিক রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, জেলাপরিষদকে মেরামতির কাজ করতে দিয়েছেন কিন্তু সরকারি কোনও রিপোর্ট নেই। আমার প্রশ্ন হচ্ছে যে, নদীর বাঁধ মেরামতির জন্য যে খরচ করছেন এবং যে সমস্ত বাঁধ মেরামতি হচ্ছে তারজন্য উপযুক্ত টেকনিক্যাল লোক জেলা পরিষদে আছে কিনা এবং আপনার দপ্তরে টেকনিক্যাল লোকেরা তাহলে করছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** শতকরা ৯৫ ভাগ কাজ আমরা করে থাকি। জেলা পরিষদ এই কাজটা করার জন্য বিশেষভাবে বলল বলে আমরা এই কাজটা ওদের করতে দিলাম। তাছাড়া এটা একটা ইমারজেন্সি বেসিসে তারা করবে বলে রিকোয়েস্ট করল বলে

দেওয়া হল। জেনারেল কেসগুলো তো ডিপার্টমেন্টই করে থাকে।

[1-10 – 1-20 P.M.]

**শ্রী সুধন রাহা ঃ** উত্তরবাংলার তিস্তা ও ধড়লা নদীর ভাঙনের ফলে যে অসুবিধা হচ্ছে তার মেরামতির জন্য সেচ দপ্তর আজ পর্যন্ত কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এটা স্পেসিফিকালি মেদিনীপুর জেলার প্রশ্ন ছিল, আপনি স্পেসিফিক প্রশ্ন করবেন আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার এলাকায় কাটোয়া, কেতুগ্রাম, মঙ্গলকোর্ট এই এলাকায় অজয় এবং ভাগিরথী ভীষণ ভাবে ভাঙছে। গত বছর এই ভাঙনরোধে নির্দিষ্ট স্কীম আপনার দপ্তরে পাঠানো হয়েছে এবং আমরা বিভিন্ন সময়ে দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি, কিন্তু কাজ হচ্ছে না।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কাটোয়ার জন্য ইতিমধ্যেই আমরা কিছু টাকা বরাদ্দ করেছি—আপনি ইতিপূর্বে অনেকবারই বলেছেন—আমি ওখানে কাজ করবার জন্যও নির্দেশ দিয়েছি। এই বর্ষার পরে ১০ লক্ষ টাকা ওখানে কাজ করবার জন্য খরচ করব।

### মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে 'টয়লেট গ্র্যান্ট'

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে কতগুলি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে 'টয়লেট গ্র্যান্ট' দেওয়া হবে; এবং

(খ) ঐ বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে ৩৩৪ টি মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়কে শৌচাগার (টয়লেট) নির্মাণের জন্য অনুদান দেওয়ার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

(খ) এ বাবদ মোট ৮৩ লক্ষ ৫২ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার জিজ্ঞাসা হচ্ছে এই টয়লেট গ্রান্ট-র ব্যাপারে আমরা অতীতে দেখেছি যে সমস্ত জেলাতে দেওয়া হয়না, আবার যে টয়লেট গ্রান্ট দেওয়া হয়েছে সেটাও সব জেলা কভার করেনি। এবারে ৩২৪টি বিদ্যালয়ে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য টয়লেট গ্রান্ট দেওয়া হবে, এতে কি সমস্ত জেলা কভার করছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি যে বিবৃতি দিয়েছেন এটা সঠিক নয়, আমরা আগের দুই

বছরেও গ্রান্ট দিয়েছি তার মধ্যে প্রথম বছরে '৮৭-৮৮ সালে ১৩টি জেলা থেকে আবেদন এসেছিল তখনও আমি দিয়েছি, তার পরের বছরে ১৫টি জেলা থেকে আবেদন এসেছিল তাও দিয়েছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে টয়লেট গ্রান্ট দেবার ব্যাপারে গার্লস স্কুলকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে কিনা এবং এই ব্যাপারে গার্লস স্কুলে স্ত্রী শিক্ষা দেবার প্রশ্নে কোনও কেন্দ্রীয় বরাদ্দ আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** এই টাকা কেন্দ্রীয় সরকার যেজন্য বরাদ্দ করেন তার উদ্দেশ্য হচ্ছে বালিকা শিক্ষা প্রসারিত করা; সেইজন্য এই টাকা আমরা বরাদ্দ করি। যেখানে উচ্চমাধ্যমিক বিদ্যালয়, সহায়ক শিক্ষা বিদ্যালয় চালু আছে সেইগুলিকে আগে দেবার ব্যবস্থা করেছি। তারপরে দশম শ্রেণী যুক্ত উচ্চমাধ্যমিক সহায়ক শিক্ষা যেখানে চালু আছে সেখানে দিয়েছি। তারপরে শুধু বালিকাদের জন্য উচ্চ বিদ্যালয়ের মধ্যে দেবার ব্যবস্থা করেছি। এটা মূলত কেন্দ্রীয় সরকারই দেয়। আর একটি জিনিস বলেছেন অন্য কোনও কেন্দ্রীয় সাহায্য পাই কিনা—এব্যাপারে বলা দরকার প্রথম যখন শিক্ষা নীতি ঘোষণা করে, তার পরের বছরে যেহেতু দশম শ্রেণী পর্যন্ত অধিকাংশ রাজ্যে অবৈতনিক চালু হয়নি, কিন্তু আমরা অনেক আগেই বালিকাদের জন্য এবং বালকদের জন্য অবৈতনিক করেছি, সেইজন্য '৮৬ সালে ঐ জাতীয় শিক্ষা নীতিতে কেন্দ্রীয় সরকার ঘোষণা করে দশম শ্রেণী পর্যন্ত বালিকাদের অবৈতনিক করার জন্য কিছু টাকা বরাদ্দ করবে। কিন্তু যে সমস্ত রাজ্যে এইগুলি প্রবর্তিত আছে তারা এই সুযোগ পাবে না। আমরা এই ব্যাপারে প্রতিবাদ করি, যেহেতু আমরা প্রগতিশীল ভাবে এই ব্যবস্থা নিয়েছি তাই কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ বিকাশের মন্ত্রী নরসিমা রাও এই প্রস্তাব মেনে নিয়েছেন এবং বলেছেন যে সমস্ত রাজ্যে এটা ইতিমধ্যে চালু হয়েছে তাদের জন্যও বরাদ্দ করা হবে।

বালিকারা শিক্ষার জন্য যাঁরা কৃতিত্ব প্রদর্শন করতে পারবেন তাঁদের কেন্দ্রীয় সরকার টাকা দেবেন বলে ঘোষণা করেছিলেন। আমাদের শিক্ষামন্ত্রী সম্মেলনে তদানীন্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ঘোষণা করেছিলেন এবং সেই বাবদ পশ্চিমবঙ্গ ১ কোটি টাকা পুরস্কার হিসাবে পেয়েছিলেন।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে এই টয়লেট বাবদ অর্থ বরাদ্দ কোনও অনুন্নত এলাকার জন্য কিছু স্পেসিফিকেশন আছে কি না? বা বরাদ্দের জন্য বিশেষ কিছু ব্যবস্থা আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** উন্নত এবং অনুন্নত যেভাবেই বিচার করুন না কেন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক সহ বিদ্যালয় সমস্ততেই টাকা দিয়েছি। পরবর্তীকালে আরও স্কুলে দিয়ে দেব। সকলকেই দেবার বন্দোবস্ত করেছি। সুতরাং আমরা উন্নত, অনুন্নত সেইভাবে বিচার বিবেচনা করিনা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন, যে এই গ্রান্ট পাবার জন্য কি ব্যবস্থা করতে হবে? ৩৩৪টার মধ্যে মালদার নাম আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমরা শুধু দেখি যে কোন বিদ্যালয়ে ছাত্রীর সংখ্যা কত বেশি, ছাত্রী সংখ্যা বেশি দেখেই আমরা দেওয়া শুরু করেছি। তা ছাড়া সহশিক্ষা, মাধ্যমিক বিদ্যালয় সবাইকে দেব। তবে যে বিদ্যালয়ে ছাত্রীর সংখ্যা বেশি সেই বিদ্যালয়গুলিকেই আমরা অগ্রাধিকার দিয়েছি। মালদা জেলা ইতিপূর্বে ২বার পেয়েছে, এবারে যেগুলো অবশিষ্ট আছে সেগুলোতেও দিয়ে দেওয়া হবে।

**শ্রী রাইচরণ মাঝি :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন, পশ্চিমবাংলায় এই গ্রান্টের পরিমাণ কত?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমরা ২ বছরে প্রত্যেক বিদ্যালয়কে ১৮ হাজার টাকা করে দিয়েছি, তবে এবারে জিনিসপত্রের দাম বাড়ার জন্য এই বছর থেকে ২৫ হাজার টাকা করে দেওয়া হবে।

**শ্রী অমর ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩৮৬টা বিদ্যালয়কে গ্রান্ট দিয়েছেন। দয়া করে বলবেন কি যে আপনার কাছে কোনও জেলা ভিত্তিক তালিকা আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** মেদিনীপুরে-৪৯, নদীয়ায়-২০, ওয়েস্ট দিনাজপুরে-১০, নর্থ ২৪ পরগনায়-২৪, সাউথ ২৪ পরগনায়-৯৭, কোচবিহারে-৮, হুগলিতে-২৯, বর্ধমানে-৩৪, বাঁকুড়ায়-২৪, বীরভূমে-১, জলপাইগুড়িতে-১, পুরুলিয়াতে-১,

**Shri Mohan Singh Rai :** Will the Hon'ble Minister-in-charge be pleased to state as to whether the name of Darjeeling district has been included in the list? Because, I do not find the name of Darjeeling in the list which you have stated.

**শ্রী কান্তি বিশ্বাস :** দার্জিলিংয়ে এই টাকা ছাড়া অন্য ভাবে টাকা দিয়েছি। অন্য খাত থেকে দার্জিলিং এর জন্য বিশেষ টাকা দিয়েছি। এবং তার পরিমাণও এর থেকে বেশি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বিভিন্ন স্কুলে টয়লেটের ব্যাপারে অর্থ বরাদ্দ করা হয়েছে। অধিকাংশ গ্রামগুলিতে প্রাইমারি স্কুল, জুনিয়ার হাই স্কুলগুলিতে কোনও টয়লেটের ব্যবস্থা নেই। সেখানে যে সমস্ত শিক্ষিকারা কাজ করেন তাঁদের খুব অসুবিধা হয়। টাকাও অগ্রাধিকারের বেসিসে দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে এইসব অসুবিধা দূর করবার জন্য কোনও ব্যবস্থা করছেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** এই অর্থ কেন্দ্রীয় সরকারের। টিউশন ফি বাবদ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে তাঁরা বালিকাদের শিক্ষার জন্য এই টাকা বরাদ্দ করেন। তাঁরা টিউশন ফি মুকুব করবার জন্য বলেছেন তখন দেখা গেল যে এতে রাজ্য সরকারের ক্ষতি হচ্ছে। তখন এই টাকা টিউশন ফি বাবদ দেন এবং দেখা গেল যে এতে ক্ষতির পরিমাণটা পূরণ করতে পারবেন। তবে স্বাভাবিকভাবে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে বা অন্য কোথাও এই অসুবিধা বিদ্যমান। গৃহনির্মাণের জন্য আমরা বিভিন্ন সময় যে অর্থ বরাদ্দ করে থাকি, তার মধ্যে একটা

অংশ এই শৌচাগারের জন্য ব্যয় করা হয় এবং এটা আমরা অনুরোধ করে থাকি।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আজকে আমরা যুগান্তর কাগজে একটা সংবাদ দেখলাম, যে মালদার একটা স্কুলে, যে স্কুলের সেক্রেটারি হল আমাদের একজন মাননীয় বিধায়ক এবং প্রধান শিক্ষক হল তার স্ত্রী। সেই স্কুলের টয়লেট নির্মাণের জন্য যে টাকা দেওয়া হয়েছিল সেটা নাকি তারা আত্মসাৎ করেছে। এটা কি সত্য ঘটনা?

**মিঃ স্পিকার :** এটা ডিসঅ্যালাউড। নোটিশ দিতে হবে।

**শ্রী ননী কর :** মন্ত্রী মহাশয় কি জানাবেন, মেয়েদের শৌচাগার নির্মাণের জন্য গত দু'বছর ধরে আপনি টাকা দিচ্ছেন। এরা তো সব মহিলা বিরোধী, আমার প্রশ্ন হচ্ছে এদের জন্য কি আপনি কোনও ব্যবস্থা করেছেন।

**মিঃ স্পিকার :** এটা হল না।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** টয়লেট নির্মাণের ব্যাপারে আপনার যে প্রভিসন আছে, এই প্রভিসন হাই মাদ্রাসা ও সিনিয়র মাদ্রাসার অন্তর্গত থাকলে এই পর্যন্ত কোন মাদ্রাসাকে দেওয়া হয়েছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** এর মধ্যে মাদ্রাসা অন্তর্ভুক্ত আছে।

**বীরভূম জেলায় ব্রাহ্মণী নদীর বাঁধ রক্ষণাবেক্ষণে অর্থ ব্যয়**

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫।) **শ্রী অসিতকুমার মাল :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার নলহাটী থানার অন্তর্গত মকরমপুরে ব্রাহ্মণী নদীর বাঁধ পাথর সেটিং করে বাঁধার জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) কবে নাগাদ উক্ত কাজটি শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) ঐ কাজের জন্য ১৬.০৪ লক্ষ টাকার এস্টিমেট করা হয়েছে।

(খ) প্রকল্পটি এখনও সরকারি অনুমোদন লাভ করে নি।

**শ্রী অসিতকুমার মাল :** বীরভূম জেলার নলহাটি থানার অন্তর্গত মকরমপুরে প্রতি বছর বৃষ্টির ফলে ব্রাহ্মণী নদীতে বন্যা হয় এবং বন্যার ফলে এলাকার কয়েক শত একর জমি ভেসে যায়। এই নদীতে বন্যার সময় অতিরিক্ত জল হয়, আর গ্রীষ্মকালে সেখানে জল থাকে না। আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত এলাকায় প্রতি বছর বন্যা হয় সেই সমস্ত এলাকায় স্লুইস

গেট নির্মাণের কোনও প্রস্তাব আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বোল্ডার পিচিং-এর ব্যাপারটা আরেকটা ব্যাপার। তবে এটুকু আমি বলতে পারি যে প্রস্তাব আপনি করেছেন তাতে দু'হাজার ফিট আমরা বাঁধ চেয়েছি। ইতিমধ্যে এই ব্যাপারটা আমাদের ওয়েস্ট বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ড ও টেকনিক্যাল কমিটি এটার অনুমোদন দিয়েছেন। আমাদের অর্থ দপ্তর থেকে প্রশাসনিক অনুমোদন পেলে আমরা কাজটা শুরু করতে পারব।

**শ্রী অসিতকুমার মাল :** বীরভূমের দ্বারকা নদীতে গত বছর বন্যা হয়েছিল এবং তাতে ২০০ ফিট ভেঙ্গে গিয়েছিল ও তিনশত একর ভেসে গিয়েছিল। কিন্তু গ্রীষ্মের সময় এটা মেরামতের কোনও ব্যবস্থা হয়নি। এই ব্যাপারে আপনাকে আমি লিখিত জানিয়েছি। আমার প্রশ্ন হচ্ছে বর্ষার সময় যে সমস্ত অংশ ভেঙ্গে যায়, গ্রীষ্মের সময় সেগুলি মেরামত করা হয় না। এই জিনিসটা কেন হয় সে ব্যাপারে আপনি বলুন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ইতিমধ্যে আপনাকে জানিয়েছি সেই কাজগুলি আমরা ধরবার চেষ্টা করছি। আপনি একটা প্রশ্ন ধরে প্রশ্ন করুন তাতে সুবিধা হবে, একটা প্রশ্ন থেকে আর একটা প্রশ্নে গেলে উত্তর দেওয়া সম্ভব হয় না।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ব্রাহ্মণী নদীর দুই পাশে পাথর দিয়ে পিচিং করলে জল রোধ করা বালি রোধ করা যায় কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** শুধু বোল্ডার দিয়ে পিচিং করলে হবে না, তার সঙ্গে অ্যাপ্রন লাঞ্চিং দুটো মিলিয়ে করলে তবেই সম্ভব হয়, একটা দিয়ে সম্ভব হয় না।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় মন্ত্রী মহাশয় কয়েকদিন আগে বলেছিলেন যে হুগলি নদীর মোহনা থেকে রসুলপুর নদীর মোহনা পর্যন্ত মেদিনীপুর জেলার খেজুরী থানায় যে কোস্টাল বেল্ট আছে তার জন্য কিছু দরখাস্ত আছে, আমার প্রশ্ন হচ্ছে কোস্টাল বেল্টে যে ভাঙ্গন ধরেছে তা প্রতিরোধের জন্য কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** নির্দিষ্ট প্রশ্ন করবেন উত্তর দেব, একটা প্রশ্ন থেকে আর একটা প্রশ্নে যাওয়া যায় না।

**শ্রী সাত্তিককুমার রায় :** ব্রাহ্মণী নদীর জন্য বহু গ্রাম জলে ডুবে যায় এটা আমরা জানি যারজন্য স্পেশ্যালি এস্টিমেটস কমিটিকে লাস্ট টাইম ভিজিট করতে বলেছি, তার রিপোর্ট দেওয়া হয়েছে। আপনাকে প্রশ্ন করছি বাউরিয়া, কালিশাল, নাকাটিপাড়া, দেবগ্রাম এর ব্যাপক অংশ প্রতিবছর ডুবে গিয়ে পলু পোকার প্রচণ্ড ক্ষতি হয়, চাষীরা এই ভাঙ্গনের জন্য মার খায়, সেজন্য যুদ্ধকালীন ভিত্তিতে এই কাজটা আরম্ভ করবেন কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ৩টি পরিকল্পনা আমাদের কাছে জমা হয়েছে, ইতি মধ্যে স্ক্রুটিনি, ইনভেস্টিগেশন চলছে, আশা করছি আগামী জানুয়ারি মাসে এই কাজটা ধরা যাবে, তার আগে সম্ভব হবে না।

### মালদা ও মুর্শিদাবাদ জেলায় সরকারি অনুমোদনপ্রাপ্ত রোলিং মিলের সংখ্যা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯।) শ্রী তোয়াব আলি ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা এবং মুর্শিদাবাদ জেলার মধ্যে কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের অনুমোদন প্রাপ্ত রড তৈরির কারখানা (রোলিং মিল) আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উহার সংখ্যা কত?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

(ক) 'হ্যাঁ'

(খ)

| | | |
|---|---|---|
| (১) | মালদহ জেলায় | ২টি |
| (২) | মুর্শিদাবাদ জেলায় | ১টি |
| | মোট | ৩টি |

### বন্যা নিয়ন্ত্রণ খাতে ব্যয়ীকৃত অর্থ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬।) শ্রী মোজাম্মেল হক ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৯০-৯১ আর্থিক বর্ষে বন্যা নিয়ন্ত্রণ খাতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৩১এ জুলাই ১৯৯০ পর্যন্ত ব্যয়ীকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

১৯৯০-৯১ সালে পরিকল্পনার অন্তর্ভুক্ত বন্যা নিয়ন্ত্রণ খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ হইল ৩২,৭৭,০০,০০০ (বত্রিশ কোটি সাতাত্তর লক্ষ) টাকা। ইহার মধ্যে ৩১.৮.৯০ তারিখ পর্যন্ত খরচ করার জন্য প্রায় ১১,৪৭,০০,০০০ (এগার কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা অর্থ দপ্তর কর্তৃক মঞ্জুর করা হইয়াছে। ইহা বরাদ্দকৃত অর্থের ৩৫ শতাংশ, মঞ্জুরীকৃত অর্থের মধ্যে ৩৫ শতাংশ, মঞ্জুরীকৃত অর্থের মধ্যে ৩১.৭.৯০ তারিখ পর্যন্ত আনুমানিক ৮,৪৮,০০,০০০ (আট কোটি আটচল্লিশ লক্ষ) টাকা ব্যয় করা হইয়াছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মুর্শিদাবাদ জেলায় কত টাকা বরাদ্দ হয়েছে এবং কোন কোন নদীর উপর বরাদ্দ হয়েছে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সাধারণভাবে আমাদের কাছে যে প্রশ্নটা রয়েছে সেটা থেকে এই প্রশ্নের উত্তর দেওয়ার পর তারপর আপনার প্রশ্নের উত্তরে যাচ্ছি। ১ নং হচ্ছে ফ্লাড কন্ট্রোল সেক্টরে যে ৩২ কোটি টাকা খরচ হয়ে থাকে ৩ ভাগে সেটা খরচ হয়—একটা হচ্ছে

নদীর এমব্যাঙ্কমেন্টগুলি মেরামত করার জন্য রক্ষণাবেক্ষণের জন্য খরচ হয়, ২ নং হচ্ছে জল নিষ্কাশন-এর জন্য ড্রেনেজ প্রকল্প, ৩ নং হচ্ছে বিভিন্ন নদীতে যে ব্যাপক ভূমি ক্ষয় হচ্ছে তার প্রতিরোধ, সব মিলিয়ে ৩২ কোটি টাকা। তার মধ্যে এখন পর্যন্ত অর্থ দপ্তর ৩৫ শতাংশ টাকা রিলিজ করেছেন। মুর্শিদাবাদ জেলায় মূলত জল নিষ্কাশন কম, স্বাভাবিকভাবে ভূমি ক্ষয় রোধ প্রকল্পে বেশি টাকা খরচ করা হচ্ছে। ভাগিরথী, ভৈরব, জলঙ্গী, পদ্মা নদীতে ব্যাপকভাবে খরচ হয়ে থাকে। সব মিলিয়ে মুর্শিদাবাদে অ্যান্টি ইরোসান প্রোটেকটিভ ওয়ার্কের জন্য পৌনে ৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া আরও ১।। থেকে ২ কোটি টাকা বরাদ্দ রয়েছে অন্যান্য জল নিষ্কাশন, বন্যা প্রসমন স্কীমগুলিতে।

[1-30 – 1-40 P.M.]

**শ্রী পরেশ দাস :** এই ব্যাপারে ভাগিরথীর জন্য কত বরাদ্দ আছে জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই ব্যাপারে স্পেসিফিক্যালি প্রশ্ন করলে জানিয়ে দেব।

**ডাঃ মানস ভূঁইয়া :** আপনি বললেন বন্যা নিয়ন্ত্রণ খাতে এই বছর ৩২ কোটি ৭৭ লক্ষ টাকা নির্দ্ধারিত হয়ে আছে এবং অর্থ দপ্তর থেকে ১১ কোটি ৪৭ লক্ষ টাকার মঞ্জুরি পেয়েছেন এবং ইতিমধ্যে ৮ কোটি টাকা ব্যয় করেছেন। এই দপ্তরের মন্ত্রী থাকাকালীন বাজেট বক্তৃতা এবং প্রশ্নোত্তর ইত্যাদি বিভিন্ন সময়ে আপনি প্রায়ই বলেন বন্যা নিয়ন্ত্রণ খাতে আপনার দপ্তরের জন্য যে পরিমাণ টাকা বরাদ্দ হওয়া উচিত সেই পরিমাণ টাকার বরাদ্দ হচ্ছে না—এটা আমরা লক্ষ্য করেছি। সেচ মন্ত্রী হিসাবে এবং বিভাগীয় প্রধান হিসাবে অর্থ দপ্তর থেকে বেশি মঞ্জুরি পাবার জন্য আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন বা ব্যবস্থা নিয়েছেন যাতে করে এই খাতে আরও বেশি করে টাকা বরাদ্দ হতে পারে, বাজেটের বেশি পারসেন্টেজ টাকা বরাদ্দ হতে পারে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় বিধায়কের সঙ্গে আমি সম্পূর্ণ সহমত পোষণ করছি। প্রায় ১২ থেকে ১৩টি জেলায় প্রতি বছরই বন্যা হচ্ছে। এই বন্যা প্রতিরোধের জন্য কম করে ন্যুনতম কাজ করতে গেলে ৪৫ কোটি টাকা লাগে। গত বছর আমি এটা পেশ করেছিলাম। কিন্তু স্টেট প্ল্যানিং বোর্ড থেকে সেটা অনুমোদিত হয়নি। সেই জন্য অর্থ দপ্তর এবং স্টেট প্ল্যানিং বোর্ডের কাছে দাবি করে আসছি যে, অন্তত্তপক্ষে ৪৫ থেকে ৫০ কোটি টাকা ফ্লাড কন্ট্রোল সেক্টরে ব্যয় হওয়া উচিত। এটা ছাড়া আর একটি দায়িত্ব রয়েছে সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। সেটা হলে অর্থ দপ্তরের কাজটি আরও সহজ হয়ে যায়। তারা যদি মালদহ থেকে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী পর্যন্ত এই ১১০ কিলোমিটার দীর্ঘ এলাকায় ১০/১৫ কোটি টাকা খরচ করে ব্যবস্থা করেন তাহলে খুবই উপকার হয়। আমরা এই ১৫ কোটি টাকা দীর্ঘ দিন ধরে চেয়ে আসছি। এবারে নতুন সরকারের কাছেও আমরা এই দাবি করেছি। তারা নীতিগত ভাবে এটা স্বীকার করেছেন। তারা ১০ কোটি টাকা সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স হিসাবে দিতে চান। এখনও পর্যন্ত সেই টাকা না পাওয়ার ফলে বিশেষ করে বন্যা প্রতিরোধের ব্যাপারে আমার দপ্তরকে খুবই অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** আপনি আপার বেঙ্গলের কথা বললেন। এছাড়া লোয়ার বেঙ্গলের

একটা পোরশন আছে, যেখানে প্রায়ই বন্যা হয়। বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবন এলাকা বৃষ্টির জলে ডুবে যায় এবং ইনভেসন অব স্যালাইন ওয়াটার-এর জন্য বন্যা দেখা দেয়। সেই ক্ষেত্রে টাকা বরাদ্দ করেছেন কিনা এবং করলে কত টাকা বরাদ্দ করেছেন, জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** দক্ষিণবঙ্গ বিশেষ করে সুন্দরবন এলাকার জন্য ১০ কোটি টাকার একটি পরিকল্পনা তৈরি করে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়েছি, এখনও পর্যন্ত তার কোনও পজিটিভ রেসপন্স আমাদের কাছে আসেনি।

**শ্রী সৌগত রায় :** আপনি জানালেন ৩২ কোটি টাকার বরাদ্দকৃত অর্থের মধ্যে ১১ কোটি টাকা পেয়েছেন এবং ৮ কোটি টাকা খরচ করেছেন বন্যা নিয়ন্ত্রণ কাজে। এই বছর বন্যা আটকাবার জন্য বর্ষার আগেই বেশির ভাগ টাকাটাই খরচ করার কথা ছিল। ৭ই জুন মনসুন আসবার পরে ৩/৪ মাস কাজ হয়নি, হঠাৎ বাঁধ ভেঙ্গে গেলে সেই কাজটি হয়। এই বছর যে টাকা খরচ করা হয়েছে, আরও বেশি পোরশন টাকা এই বছরের বন্যা নিয়ন্ত্রণের জন্য খরচ করা হল না কেন—যেটা খরচ করবেন সেটাতে তো আগামি বছরের বন্যা আটকাবে, এই বছরের বন্যা আটকাবে না—এটা কেন হল?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় বিধায়ক মহাশয়-এর জ্ঞাতার্থে এটা আমি জানাতে চাই যে ৩২/৩৩ কোটি টাকার যে বরাদ্দ রয়েছে সেটার তিনটি ভাগ। সত্যিকারের বলতে কি নদী বাঁধ, এমব্যাঙ্কমেন্ট মেরামতের জন্য আমাদের খরচ হয় ১/৩ অংশ। সবচেয়ে বেশি আমরা খরচ করি সাধারণভাবে ১৫ থেকে ১৭ কোটি টাকা জলনিকাশি প্রকল্পের জন্য। আমি নামও বলতে পারি। উত্তর ২৪ পরগনার হাড়োয়া গাং, কুলটি গাং-৮/৯ কোটি টাকার প্রকল্প। মেদিনীপুরের ২/৩টি রয়েছে—নন্দীগ্রাম, ভগবানপুর, কয়েক কোটি টাকার প্রকল্প। এ ছাড়া বড় রয়েছে—তমলুক মাস্টার প্ল্যান। এই ধরনের অন্তত ১৮/১৯টা প্রকল্প রয়েছে। ঘিয়া কুন্তি, যমুনা বেসিন ইত্যাদি। এ ছাড়া আরও ৭ কোটি টাকা আমরা অ্যান্টি ইরোসান প্রিভেনটিভ মেজার্সের জন্য দিই। ১৬ প্লাস ৭ ২৩ চলে গেল। আমাদের ৮/৯ কোটি টাকা, এটা অত্যন্ত কম টাকা সমস্ত বাঁধ মেরামতের পক্ষে। এই টাকাটা অপর্যাপ্ত বলে আমরা মনে করি।

**শ্রী তপন রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন নদীর মুখে যে বালি বা পলি জমে যাচ্ছে সে ব্যাপারে রাজ্য সরকারের করণীয় কিছু আছে কি না এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সাহায্য চেয়েছেন কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমরা ড্রেজিং অপারেশনের ব্যাপারে কয়েকবার বলেছি। এটা অত্যন্ত কস্টলি এবং এক্সপেনসিভ। রাজ্য সরকারের পক্ষে এটা সম্ভব নয়। বিশেষ করে এ ব্যাপারে ক্যালকাটা পোর্ট ট্রাস্ট অথরিটিকে কয়েকবার বলেছি। কিছু কিছু কাজ তারা করেছেন। তারাও অত্যন্ত এক্সপেনসিভ বলে বিশেষ ভাবে করতে চান না।

**শ্রী সৌগত রায় :** আপনি জানেন যে রিপেয়ার অ্যাণ্ড প্রটেকশন অব এমব্যাঙ্কমেন্ট মেনলি এর উপর এগ্রিকালচার নির্ভর করে। এমব্যাঙ্কমেন্ট যদি ঠিকমতো মেরামত না হয়

তাহলে এগ্রিকালচারের ক্ষতি হয়। আপনার রিকোয়ারমেন্ট অনুযায়ী যদি টাকা না দেয় তাহলে প্রতি বছর যে ক্ষতি হচ্ছে সেটা রোখা যাবে না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি আর. এস. পি'র মন্ত্রী বলে কি ফাইন্যান্স ডিপার্টমেন্ট আপনার প্রতি বিমাতৃসুলভ মনোভাব নিয়ে টাকা দিচ্ছেনা, না এর জন্য কারণ আছে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমাদের টাকার বেশিরভাগটাই আসতে পারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আমি ব্যাপারটি পরিষ্কার করে দিচ্ছি। আমাদের তিস্তার জন্য প্রায় লায়ন শেয়ারটা চলে যায়। মোট প্ল্যানের পরিমাণ হচ্ছে ৯০ কোটি টাকা। কোনও কোনও সময় ৮০ কোটি টাকা। এর থেকে ৩০/৩৫ কোটি তিস্তাতে যায়। আমরা বলেছি যে এর ৫০ শতাংশ-এর দায়িত্ব রয়েছে কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকাটা না পাবার জন্য স্বভাবতই অন্যান্য প্রকল্পগুলি ব্যাহত হচ্ছে। যদি কেন্দ্রীয় সরকার এগিয়ে আসেন যেটা আমরা সুদীর্ঘকাল ধরে বলছি, সেই ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীর আমল থেকে তাহলে ভাল হয়। আমরা এ ব্যাপারে সেন্ট্রাল অ্যাসিস্টেন্স পাই না। বলতে সংকোচ নেই এই সরকারের কাছ থেকেও এখনও কিছু পেলাম না বারবার বলা সত্ত্বেও। সেই টাকাটা পেলে অন্তত তিস্তা থেকে ১০/১৫ কোটি টাকা বন্যা প্রতিরোধকল্পে কাজের জন্য ডাইভার্ট করতে পারি।

## গঙ্গার ভাঙ্গন প্রতিরোধ

***৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০০।) **শ্রী শীশ মহম্মদ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ৩নং ডিভিসনের অধীন কোন জা[illegible]য় ১৯৯০-৯১ আর্থিক বৎসরের ৩১শে জুলাই পর্যন্ত গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ করা সম্ভব হয়েছে; এবং

(খ) ৩নং ডিভিসনের অধীন কামালপুরে গঙ্গা ভাঙ্গন রোধের কাজ—

(১) কবে নাগাদ আরম্ভ করা হয়েছিল ও

(২) কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) সেচ দপ্তরের অধীনে মুর্শিদাবাদ জেলায় ৩নং ডিভিসন বলে কোনও অফিস নেই। গঙ্গা অ্যান্টি-ইরোশন ডিভিসনের অধীনে একটি ৩ নং সাব-ডিভিসন আছে। ঐ সাব-ডিভিসনের তত্বাবধানে ১৯৯০-৯১ সালের মে মাসে গঙ্গা ভাঙ্গন প্রতিরোধের দুটি কাজ হাতে নেওয়া হয়েছে। একটি ধুলিয়ান এলাকায় অপরটি শিবনগর কমলপুর এলাকায়। কাজগুলি বর্ষার আগে শেষ করা সম্ভব হয় নি।

(খ)

(১) কামালপুর এলাকার ধুসুরিপাড়া মৌজার কাজটি ১৯৯০-এর মে মাসে আরম্ভ করা হয়েছে;

এবং

(২) আগামী নভেম্বর-ডিসেম্বর মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

[1-40 – 1-50 P.M.]

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, এই যে ৩ নম্বর সাব-ডিভিসনের কথা বললেন যে সেখানে আংশিক কাজ হয়েছে এবং ডিসেম্বরে কাজটা প্রায় শেষ করা হবে। আমার জিজ্ঞাসা এই পর্যন্ত যে কাজ হয়েছে এই কামালপুর এবং শিবনগরে তার কত পারসেন্ট হয়েছে আর কত পারসেন্ট হবে সেটা জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমার কাছে যা খবর আছে তাতে দেখছি যে ৬০/৬৫ ভাগ কাজ শেষ হয়েছে। এই কাজের এস্টিমেটেড কস্ট হচ্ছে প্রায় ৫১.৯৮ হাজার টাকা।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার আর একটি প্রশ্ন হচ্ছে, যে অংশের কাজ বাকি আছে তার যে সমস্ত বোল্ডার, সেই বোল্ডারগুলি এখনও সেখানে স্টক আছে না নূতন করে আনতে হবে? তাছাড়া এই কাজটা যখন বর্ষার জল নেমে গিয়েছিল তখন আরম্ভ হয়েছিল। কাজেই কাজ স্যাটিসফ্যাক্টরি হয়নি কেন সেটা তদন্ত করে দেখবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কাজটা যতখানি সন্তোষজনক হওয়া উচিত ছিল আমারও মনে হয় ততখানি সন্তোষজনক হয়নি। আমাদের কিছু বোল্ডার আছে, আরও বোল্ডার সংগ্রহ করার ব্যবস্থা করা হচ্ছে। আশা করছি বাকি কাজটা নভেম্বর-ডিসেম্বর-এর মধ্যে শেষ করা যাবে।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'ক' প্রশ্নের উত্তরে বললেন যে ধুলিয়ান অঞ্চলে ভাঙ্গন প্রতিরোধ করা সম্ভব হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, যে পরিমাণ বোল্ডার এই প্রোজেক্টে ফেলা হয়েছে ঐ ধুলিয়ান ও ব্রাহ্মণীতে যাতে ঐ সব অঞ্চলকে বাঁচানো যেত। আপনার কি মনে হয়না যে পরিমাণ বোল্ডার পড়ার কথা ছিল সেই পরিমাণ বোল্ডার পড়েনি এই কনট্রাক্টরদের অসাধু চরিত্রের জন্য?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় বিধায়কের বোধ হয় জানা আছে যে ফারাক্কার ৪ কিলো মিটার ডাউনে যে অঞ্চলে শিবনগর-কামালপুর ইত্যাদি অংশের ভাঙ্গন হয়েছে, আপনার যদি সেই এলাকা দেখার সুযোগ হয় তাহলে আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন। ধুলিয়ান বলে যেটা বর্তমানে পরিচিত সেটা আগে কাঞ্চনতলা নামে পরিচিত ছিল। সেটা পঞ্চাশ দশকে গঙ্গার ভাঙ্গনের মধ্যে চলে গেছে। বর্তমান ধুলিয়ানকে ৭/৮ বছর ধরে অত্যন্ত সুচারুভাবে প্রোটেকশন দেওয়া হচ্ছে। আমার সঙ্গে অনেক সাংবাদিকও সেখানে গিয়েছিলেন এবং বিভিন্ন দলের বন্ধুরাও এটা স্বীকার করেছেন। ধুলিয়ান সম্পর্কে বিশেষ ভাবে একথা বলতে পারি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ধুলিয়ানে ভাঙ্গন রোধ করা হচ্ছে। আখেরীগঞ্জে ভাঙ্গন রোধের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে এবং কি ব্যবস্থা নেওয়া

হয়েছে জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা আসেনা, তবুও আমি বলছি আখেরীগঞ্জের জন্য ৭ কোটি টাকার প্রকল্প রচনা করা হয়েছে। এটা ৪ ভাগে করা হয়েছে। আমরা যে পরিকল্পনা দিয়েছিলাম সেটা গঙ্গা ফ্লাড কন্ট্রোল বোর্ড অ্যাকসেপ্ট করেনি। অতি সম্প্রতি দুটো প্রতিষ্ঠান একসঙ্গে মিলিত হয়। টেকনিক্যাল অ্যাডভাইসারি কমিটি তাতে উপস্থিত ছিল। তাদের আমরা আমন্ত্রণ করেছিলাম। সকলের মত নিয়ে ৪টি পরিকল্পনা রচনা হয়েছে এবং সেটা গঙ্গা ফ্লাড কন্ট্রোল বোর্ডের অনুমোদনের অপেক্ষায় আছে। আমরা আশা করছি, দিন দশেকের মধ্যে সেটা অনুমোদিত হয়ে যাবে এবং বর্ষার শেষে আমরা ৭।। কোটি টাকার কাজ এক সঙ্গে ধরব।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** আমার প্রশ্নটা এই প্রসঙ্গ ধরেই করছি। আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সিদ্ধান্ত হচ্ছে যে ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ার এবং সেই ক্ষেত্রে আমরা ঘোষণা করেছি এই বিধানসভায় যে রুর‍্যাল বেঙ্গলের জন্য আমাদের ৪৮ পারসেন্ট বেশি টাকা খরচ করা হবে। সেই ক্ষেত্রে ইরিগেশন ডিপার্টমেন্টের যে সমস্ত কাজকর্ম হচ্ছে, তার বেশির ভাগ কাজ হচ্ছে ডিপার্টমেন্টের কাজ, সেখানে সেই কাজগুলো পঞ্চায়েতের মাধ্যমে করা হয়না, এই ক্ষেত্রে পঞ্চায়েতকে ইনভল্ভ করে কাজ করলে, সুবিধা হবে বলে আমার ধারণা। এই সম্পর্কে আপনি কোনও চিন্তা ভাবনা করছেন কি?

**মিঃ স্পিকার ঃ** ধারণা নিয়ে মন্ত্রীদের চলবে না, I am Sorry, I can't allow it.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, যদিও এটা মুর্শিদাবাদের গঙ্গা ভাঙনের ব্যাপার নয়, মালদহের গঙ্গা ভাঙনের জন্য কোনও টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি আগেই বলেছি, মালদহ থেকে মুর্শিদাবাদের শেষ প্রান্ত পর্যন্ত আমাদের এই রাজ্যের সেচ দপ্তর পৌনে পাঁচ কোটি টাকা বরাদ্দ করেছে এবং তার কাজ শুরু করেছি। জলঙ্গী পর্যন্ত ভাঙন রোধ করার জন্য পৌনে পাঁচ কোটি টাকা রাজ্য সরকার দিচ্ছে। মুখ্যমন্ত্রী এই ব্যাপারে বিশেষ করে গঙ্গা ভাঙন প্রতিরোধের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ১৫ কোটি টাকা চেয়েছেন, কিন্তু এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও উত্তর আসেনি।

**শ্রী হবিবুর রহমন ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, জঙ্গীপুরে যে ব্যারেজ রয়েছে ক্যানেলকে লিঙ্ক করার জন্য, সেখানে ভাঙন হয়েছে, সেই ভাঙন বন্ধ করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি এই ব্যাপারে একটা চিঠি পাঠিয়েছিলেন, তার ভিত্তিতে আমি একটা পরিকল্পনা করতে দিয়েছি, সেটা হয়ে গেলে আমি আপনাকে জানিয়ে দেব।

## তিস্তার বাঁহাতি খাল খনন

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬।) শ্রী তারকবন্ধু রায় : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তিস্তার বাঁহাতি খাল কাটার কাজ কবে নাগাদ (১) শুরু ও (২) সম্পন্ন হবে বলে আশা করা যায়; এবং

(খ) উক্ত খাল কাটা সম্পন্ন হলে কত পরিমাণ জমি সেচ সেবিত হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) (১) তিস্তার বাঁহাতি খাল কাটার কিছু কিছু কাজ শুরু হইয়া গিয়াছে। ০.০০ কিমি থেকে ১.৭৫ কিমি পর্যন্ত তিস্তা জলঢাকা প্রবীণ খালের কাজ শেষ হইয়াছে। বর্তমানে তিস্তা জলঢাকা প্রধান খালের ৬.০৪৭ কিমি থেকে ১৩.৩৪৮ কিমি পর্যন্ত খনন এবং লাইনিং এর কাজ হাতে লওয়া হইয়াছে। ১.৭০ কিমি থেকে ৬.০৪৭ কিমি, ১৩.৩৪৮ কিমি থেকে ১৭.৬৩ কিমি এবং ২২.৬০ কিমি থেকে ২৪.০৪ কিনি পর্যন্ত বনভূমি অঞ্চল। এই অংশের জমি এখনও হস্তান্তরিত না হওয়ায় ঐ সব অংশে খাল কাটা সম্ভব হচ্ছে না।

(২) বন জমি হস্তান্তরের পাঁচ বছরের মধ্যে খাল কাটার কাজ শেষ করা সম্ভব হবে।

(খ) তিস্তা জলঢাকা প্রধান খাল কাটা সম্পন্ন হইলে প্রায় ৯৫,০০০ একর জমি সেচ সেবিত হইবে।

[1-50 – 2-00 P.M.]

**শ্রী নির্মল দাস :** মন্ত্রী মহাশয় জানাবেন কি তিস্তার বাম হাতে খাল খনন সম্পন্ন হলে জলপাইগুড়ি এবং কুচবিহারের কুমার গ্রাম সদর এবং হলদিবাড়ির কত একর জমি সেচ সেবিত হতে পারবে বলে মনে করেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি সাধারণ ভাবে উত্তর দিতে পারি, কিন্তু এলাকা ভিত্তিক কোনও চিত্র এই মুহূর্তে দেওয়া সম্ভব নয়। জলপাইগুড়ির ৯৫ হাজার একর এবং কুচবিহারের ২০ হাজার একর জমি সেচ সেবিত করা সম্ভব হবে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, তিস্তায় হাইড্রো ইলেকট্রিক প্রোজেক্টের কোনও পরিকল্পনা আছে কি এবং তিস্তাকে কেন্দ্র করে উত্তর বাংলার সমস্ত নদীগুলিকে নিয়ে একটা মাস্টার প্ল্যান বা বহুমুখি নদী পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ইতিমধ্যেই কিছু বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং বড় আকারের পাওয়ার জেনারেশন পরিকল্পনা আমাদের রয়েছে। মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে, তিস্তা প্রকল্প তিন ভাগে বিভক্ত, ফেজ্ ওয়ান, ফেজ্ টু এবং

ফেজ্‌ থ্রি। ফেজ্‌ ওয়ানের কাজ শেষ হবার কথা ছিল ১৯৯০ সালে, কিন্তু তা শেষ হবে '৯৫ সালে এবং তারপর এই দশকের শেষে ফেজ্‌ টু এবং ফেজ্‌ থ্রি, অর্থাৎ সমগ্র পরিকল্পনাটিই শেষ করব, এই আশা আমরা করছি।

**শ্রী নির্মল দাস ঃ** বহুমুখি নদী পরিকল্পনা কি গ্রহণ করা হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** যে কাজ চলছে, সেটাই বহুমুখি কাজ, একদিকে সেচ এবং অপর দিকে পাওয়ার জেনারেশন।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি, তিস্তা প্রকল্পে কাজ করতে গিয়ে সেচ দপ্তর যে বাধার সম্মুখীন হয়েছিল কেন্দ্রীয় পরিবেশ দপ্তরের কতগুলি বিধি-নিষেধের জন্য। বিশেষ করে বোল্ডার সংগ্রহের ক্ষেত্রে যে বাধা এসেছিল সেই বাধা কি অতিক্রম করেছেন? কিম্বা কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** দুটো বাধা রয়েছে। শুধু তিস্তা প্রকল্পেই নয়, সারা ভারতবর্ষের সমস্ত প্রকল্পই সেই বাধার সম্মুখীন হয়। এই হচ্ছে জমি অধিগ্রহণ। এটা অত্যন্ত কঠিন কাজ, কিন্তু সেটা আমরা খানিকটা শর্ট আউট করতে পেরেছি। দ্বিতীয় হচ্ছে বন এবং পরিবেশ দপ্তর থেকে যে বাধা এসেছিল সেই বাধা অতিক্রম করার ক্ষেত্রে গত এক বছর ধরে বহু ছোটাছুটি সত্ত্বেও বেশি দূর অগ্রসর হতে পারি নি। আবার নতুন করে লেখা হয়েছে। আশা করছি আগামী দু' মাসের মধ্যেই বন দপ্তর থেকে একটা সবুজ সঙ্কেত পাব।

**শ্রী দিলীপ মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিগত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তিস্তা প্রকল্পের জন্য কত টাকা পেয়েছিলেন এবং নতুন সরকারই বা কত টাকা বরাদ্দ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** তিস্তা প্রকল্পের প্রথম সাব-স্টেজেই আমরা এখন পর্যন্ত ৩৩০ কোটি টাকা খরচ করেছি এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমল থেকে রাজীব গান্ধীর আমল পর্যন্ত এই ৩৩০ কোটি টাকার মধ্যে মাত্র ৫ কোটি টাকা সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স পেয়েছি। তারপর গত ডিসেম্বর মাসে নতুন কেন্দ্রীয় সরকার গঠিত হবার পর মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং সেচমন্ত্রী হিসাবে আমি, আমরা তিন জনে মিলে তাঁদের সঙ্গে দেখা করার পরে এবং অনেক কথাবার্তার পরে তাঁরা তিস্তা প্রকল্পে ১৯৯০-৯১ সালে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স বাবদ ১০ কোটি টাকা দিতে রাজি হন। কিন্তু সেই টাকা এখন পর্যন্ত আমাদের হাতে এসে পৌঁছায় নি।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে তিস্তার আর্থিক সমস্যার কথা বলেছেন এবং সে অনুযায়ী তাঁরা ১০ কোটি টাকা দেবেন বলে আপনাদের জানিয়েছেন। কিন্তু মাননীয় খাদ্য মন্ত্রী খাদ্য বাজেটের সময় আমাদের বলেছিলেন—আপনি পুরোনো খাদ্য বাজেট বিতর্কের কার্য বিবরণী দেখুন—তিস্তা প্রকল্পের জন্য ইতিমধ্যেই ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে। অলরেডি তিস্তা প্রকল্পে ১০ কোটি টাকা বরাদ্দ করেছেন নতুন সরকার কোনটা সত্য,

আপনার কথা সত্য, না মাননীয় খাদ্যমন্ত্রী খাদ্য বাজেটে যে রিপ্লাই দিয়েছিলেন সেই কথাটা সত্য? আমরা পাব, না পেয়েছি? পুরানো রেকর্ডে রয়েছে, পুরানো রেকর্ড দেখতে পারেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি দ্ব্যর্থহীন ভাষায় পরিষ্কারভাবে উত্তর দেবার চেষ্টা করেছি। আমি আগেও বলেছি, এই সরকার গঠিত হবার পর আমরা আমাদের সরকারের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং সেচমন্ত্রী হিসাবে আমি এই সরকারের বিভিন্ন মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলেছি। অতীতেও কয়েকবার শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমল থেকে শ্রী রাজীব গান্ধীর আমল পর্যন্ত ৪/৫ বার বলা হয়েছিল। ওনারা ৫ কোটি টাকা সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স হিসাবে দিয়েছেন। এ পর্যন্ত টোটাল খরচ করেছি ৩৩০ কোটি টাকা। তার মধ্যে পূর্বতন সরকারের কাছ থেকে সেন্ট্রাল অ্যাসিস্টান্স হিসাবে পেয়েছি ৫ কোটি টাকা। এবার যখন বাজেট রচনা করেছি সেই বাজেট স্পিচে লক্ষ্য করে থাকবেন, আমরা বলেছি, ২০ কোটি টাকা স্টেট বাজেট থেকে খরচ করছি আর ১০ কোটি টাকা সেন্ট্রাল অ্যাসিস্টান্স পাব এটা তাঁরা বলেছেন। তবে এখন পর্যন্ত সেন্ট্রাল অ্যাসিস্টান্স হাতে এসে পৌছায়নি।

**শ্রী সুধন রাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, তিস্তার বাঁহাতি খালের মুখে যে ৬ কিলোমিটার ফরেস্ট এলাকা আছে সেই ফরেস্ট এলাকার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমতি পাওয়া গেছে কিনা? যদি না পাওয়া গিয়ে থাকে তাহলে রাজ্য সরকার ঐ ফরেস্ট এলাকার অনুমোদনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন? এটা যদি না করা হয় তাহলে তিস্তার বাঁহাতিতে যে খাল কাটা হয়েছে তা ব্যর্থতায় পর্যবসিত হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কেন্দ্রীয় বনদপ্তর এবং পরিবেশ দপ্তরের সঙ্গে অতি সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং আমার সঙ্গে বিস্তারিত কথাবার্তা হয়েছে। যে বাধা ছিল তা অপসারিত হয়েছে। আগামী ২ মাসের মধ্যে বন এবং পরিবেশ দপ্তরের কাছ থেকে সবুজ সংকেত পাব বলে নিশ্চিতভাবে মনে করছি। সেটা পেলে কাজ শুরু করব। প্রথম প্রশ্নের উত্তরে বলছি, দুটো সরকারের মধ্যে লেখার তফাৎ আছে। ৫/৫ এই ১০ বছরের মধ্যে আমরা ৫ কোটি টাকার বেশি পাইনি। অন্তত এই সরকার আসার পর পজিটিভ রেসপন্স পেয়েছি, ১০ কোটি টাকা দেবেন। এখনও সময় আছে। ৫ মাস গেছে, আগামী কয়েকমাসের মধ্যে প্রধানমন্ত্রী এবং জলসম্পদ মন্ত্রীর সঙ্গে কথা হবে, অর্থমন্ত্রী থাকবেন, সেখানে পাওয়া যাবে বলে সুনিশ্চিত।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিস্তা একটা স্টেট ইরিগেশন প্রোজেক্ট, মাল্টি-স্টেট প্রোজেক্ট নয়। একটা রাজ্যের মধ্যে প্রকল্পটা সীমাবদ্ধ। কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ওয়াটার অ্যাণ্ড পাওয়ার কমিশন প্রধানত রাজ্যের যে সেচ প্রকল্প সেগুলির অ্যাসিস্টান্স দেবার ব্যাপারে তাদের কোনও নর্ম আছে, না ইচ্ছামতো আরবিট্রারিলি দেন, কাউকে বেশি দেন, না কম দেন, না ইউনিফর্মলি দেন? স্টেট ইরিগেশন প্রোজেক্টের জন্য স্টেট ফাণ্ড থেকে দেবার কথা, না সেন্ট্রাল অ্যাসিস্টান্স পাবার কথা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** তিস্তা প্রকল্পকে স্টেট প্রকল্প বললে ঠিক বলা হবে না,

অন্যান্য স্টেটেরও সম্পর্ক আছে। শেয়ারিং অফ ওয়াটার অন্য রাজ্যের সঙ্গে সম্পর্ক রয়েছে। কাজেই একেবারে—ময়ূরাক্ষী প্রকল্প বা অন্যান্য প্রকল্পের সঙ্গে তুলনা করলে হবে না। সেই কারণে এটা কেন্দ্রীয় সরকারের অবলিগেটরি রয়েছে। আমাদের সঙ্গে যেটুকু কথা হয়েছে, তারা দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন যে সেন্ট্রাল অ্যাসিস্টান্স দেব এবং এই বছর ১০ কোটি টাকা দেবেন বলে প্রতিশ্রুত হয়েছেন।

[2-00 – 2-10 P.M.]

**শ্রী পুলিন বেরা :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—তিস্তা প্রকল্প ব্যাপারে কেন্দ্রীয় সরকার ১০ কোটি টাকা দেওয়া ছাড়া ভবিষ্যতে আর কি কি প্রতিশ্রুতি দিয়েছেন, বিদ্যুৎ প্রকল্প এবং সেচ প্রকল্পের বিষয়ে কি কি আশ্বাস পাওয়া গেছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপাতত দুটি বিষয় নিয়ে কথা বার্তা হয়েছে। আমি আগেই বলেছি, একটা হচ্ছে তিস্তা প্রকল্পের জন্য সেন্ট্রাল অ্যাসিস্টেন্স কেন্দ্রীয় সহায়তা নিয়ে এবং আর একটি হচ্ছে যেটাতে কেন্দ্রীয় সরকারের বড় রকমের দায়িত্ব হচ্ছে ১০০ ভাগ ইন্টার ন্যাশন্যাল বাউণ্ডারী যেখানে রয়েছে, যেখানে গঙ্গার ভাঙ্গন হচ্ছে বাংলাদেশের জমি হস্তান্তর হয়ে যাচ্ছে সে ব্যাপারে বহুবার কথা বলবার চেষ্টা করেছি। সেখানেও আমরা বর্তমান বছরে ন্যূনতম ১৫ কোটি টাকা চেয়েছি। এই দুটি ব্যাপারে আপাতত কথা বার্তা হয়েছে।

**Mr. Speaker :** Question hour is over.

[2-00 – 2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjournment Motion. One is from Shri Saugata Roy on the subject of Nationwide stir against the Central Government decision to implement the Mondal Commission Report. The second is from Shri Sudip Bandyopadhyay on the subject of 24 hours' hunger strike by the Congress MLAs.

The first motion relates to a matter which is not primarily the concern of the State Government. I do not, therefore, accept this motion.

The subject matter of the second motion is still now merely a proposal. On the occurence of the proposal the Member may call the attention of the Ministers concerned through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the motions. The Member may, however, read out the text of the motion as amended.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক

একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, রাজ্য সরকার বিভিন্ন স্থানীয় কংগ্রেস নেতা, নেত্রী এবং কর্মীবৃন্দকে সংখ্যাগরিষ্ঠ শাসকদলের ক্যাডারদের বর্বরোচিত হামলায় মাননীয় মুখ্যমন্ত্রীর নিন্দা না করা, সংস্কৃতিক মন্ত্রীর কংগ্রেস বিধায়কদের প্রতি অশালীন মন্তব্যের প্রতিবাদ করার জন্য কংগ্রেস বিধায়করা আজ বিধানসভার প্রাঙ্গনে অনশন, সত্যাগ্রহ শুরু করবেন। মুখ্যমন্ত্রী ক্যাডার নামিয়ে অনশন মোকাবিলার হুমকি দিয়ে এই রাজ্যে গৃহ যুদ্ধের প্রচেষ্টা করতে চাইছেন। উভয় মন্ত্রী এ ব্যাপারে দুঃখ প্রকাশ করুক।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 3 notices of Calling Attention namely :-

| | | |
|---|---|---|
| 1. Shortage of doctor and medicine in the Bolpur State General Hospital. | : | Shri Tarapada Ghosh |
| 2. Police firing in Bhangore P. S. on 27.8.90 resulting in death of one person. | : | Shri Saugata Roy, Dr. Manas Bhunia, and Shri Gobinda Chandra Naskar. |
| 3. Misaction of police Administration in Alipurduar Sub-Division. | : | Shri Nirmal Das. |

I have selected the notice of Shri Tarapada Ghosh on the subject of shortage of doctor and medicine in the Bolpur State General Hospital.

The Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date.

**Shri Abdul Quiyom Molla :** 31st.

## LAYING OF REPORT

**The Annual Report for 1989-90 and Budget Estimate for 1990-91 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.**

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission, I beg to lay the Annual Report for 1989-90 and Budget Estimate for 1990-91 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

## MENTION CASES

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আমাদের হাওড়াতে 'ইণ্ডিয়া মেশিনারি' কারখানায় যে ৪১৬ জন শ্রমিক-কর্মচারী কাজ করেন তাদের যে বিপদ দেখা দিয়েছে সে সম্পর্কে কিছু উল্লেখ করতে চাই। ১৯৫১ সালের ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যাণ্ড রেগুলেশনস অ্যাক্ট অনুযায়ী কেন্দ্রীয় সরকার ঐ দাশনগরের ইণ্ডিয়া মেশিনারি ১৯৭২ সালের ২৫শে নভেম্বর অধিগ্রহণ করেন। নিয়ম হচ্ছে, কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করলে ১৭ বছর পর্যন্ত তার মেয়াদ থাকে। ১৯৮৯ সালের ২৪শে নভেম্বর সেই মেয়াদ শেষ হয়ে গেছে এবং ১৯৭৮ সালে আমাদের রাজ্য সরকার একে একটা রিলিফ আণ্ডারটেকিং বলে ঘোষণা করেছেন। ১০ই ডিসেম্বর ১৯৮৯তে 'গণশক্তি' কাগজে একটি খবর বের হয় এবং ঐ খবর থেকে জানতে পারি, আমাদের পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রী শ্রী শান্তি ঘটক মহাশয় নতুন যে কেন্দ্রীয় সরকার এসেছেন তার শিল্পমন্ত্রী অজিত সিং মহাশয়কে লিখেছেন যে, ঐ কারখানাটিকে 'ভেল' এর সঙ্গে কোনওরকমভাবে সংযুক্তিকরণ করা যেতে পারে কিনা। বি. আই. এফ. আর.-যে সেই মামলাটা আছে। তাঁরা চেষ্টা করছেন কারণ এই সংযুক্তিকরণ হলে ঐ কারখানাটি বেঁচে যেতে পারে এবং ভালভাবে চলতে পারে। এখন মুশকিল হল, নভেম্বরে মেয়াদ শেষ হয়ে যাবার পর আই. আর. বি. আই থেকে কোনও টাকা দেওয়া হচ্ছে না। ফলে এখন কোম্পানিটি অনাথ অবস্থায় রয়েছে। সেজন্য আমাদের শ্রমমন্ত্রী কেন্দ্রীয় শিল্পমন্ত্রীর কাছে লিখেছেন, এটা সংযুক্তিকরণ করা হোক। মুখ্যমন্ত্রীও এ-ব্যাপারে ওয়াকিবহাল রয়েছেন। এখন বক্তব্য হল, আমার কাছে শ্রমিকরা এসেছিলেন। তাঁরা চাইছেন, আমাদের বন্ধু সরকার কেন্দ্রে, সুতরাং যদি ন্যাশনালাইজ করা হয় তাহলে কারখানাটি ভায়াবেল হতে পারে। ঐসব শ্রমিক-কর্মচারিরা অনাথ অবস্থায় রয়েছে। যাতে তাদের কল্যাণ হয় তারজন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে বলব, বন্ধু সরকারকে একটু চাপ দিয়ে এটা করাবার চেষ্টা করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অতীতের সমস্ত নজীরকে ম্লান করে দিয়ে যেভাবে এই রাজ্যে একের পর এক লক-আপে মৃত্যু, থানায় বন্দীর মৃত্যু এবং পিটিয়ে হত্যার ঘটনা ঘটছে সেটা অত্যন্ত উদ্বেগের কারণ। আপনি জানেন, গত ১৮ই আগস্ট রাণাঘাট থানায় ৩৪ বছর বয়সের যুবক শৈলেন ঘোষকে পুলিশ অত্যন্ত নির্মমভাবে পিটিয়ে হত্যা করেছে, যদিও পুলিশ তা স্বীকার করতে চাইছে না। তারা বলছে, সব তাকে পিটিয়েছে এবং পরে থানায় আনবার পর সে মারা গেছে। কিন্তু অ্যাশোসিয়েশন ফর প্রটেকশন অফ ডেমোক্র্যাটিক রাইটস—তাঁরা অভিযোগ করেছেন যে তাকে পিটিয়ে মারা হয়েছে। আপনি জানেন যে, গত রবিবার কলকাতার বুকের উপর সেন্ট্রাল লক-আপ, লালবাজারে বিশ্বনাথ সাউকে এইভাবে মেরে ফেলা হয়েছে। এই ব্যাপারে আমি বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন কোনও সভ্য জগতে এই জিনিস চলতে পারে না, পুলিশ দিয়ে পিটিয়ে মারা হবে।

[2-10 – 2-20 P.M.]

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের কৃষিমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলায় নারকেল

নার্সারী সরকারি পরিচালনায় যেগুলি আছে তার সিড এবং নাট ওয়েস্ট বেঙ্গল স্টেট সিড কর্পোরেশনের মাধ্যমে সরবরাহ করা হয়। ওয়েস্ট বেঙ্গল স্টেট সিড কর্পোরেশন সিড অন্ধ্রপ্রদেশ সিড ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাছ থেকে সংগ্রহ করে। এই বছর ৩ লক্ষ ৮৪ হাজার নারকেল গাছ কেনে এবং তার মধ্যে ৮৩ হাজার ৪৮৮ টি সিড নাট সাপ্লাই করা হয় চন্দননগরে। কিন্তু সিডগুলি অত্যন্ত ছোট এবং নিম্ন মানের এবং এই নারকেল সিড গুলির মধ্যে অধিকাংশের জল নেই এবং থাকলেও অত্যন্ত কম। বিভিন্ন নার্সারী এই বিষয়ে কমপ্লেন করেছে। যে সমস্ত কৃষক এইগুলিকে কিনতে চান তারা কিনতে চাইছে না এবং এইগুলির দাম ৪.৯০ টাকা করে। আমি বিশ্বাস করি এই নারকেল গাছগুলি হবে না এবং হলেও অত্যন্ত নিম্ন মানের হবে। আমি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে এই নিম্ন মানের সিড নাটগুলি ফেরত দিয়ে আরও ভাল এবং উন্নত মানের সিড নাট সরবরাহ করার ব্যবস্থা করা হোক এবং লোকাল পারচেজ যাতে করা যায় এই বিষয়ে তিনি যেন চিন্তা করেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমি যেটা বলতে চাই সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সি. পি. এম-এর ছাত্র সংগঠন এস. এফ. আই. গত ২১শে জুলাই ভোর রাত্রে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের রেকর্ড রুমে আগুন ধরিয়ে দিয়েছিল। এই ব্যাপারে উপাচার্য বলেছিলেন যে ৫০ লক্ষ টাকার মতো ক্ষতি হয়েছে। ১৯শে জুলাই এই বিশ্ববিদ্যালয়ের একজন ইঞ্জিনিয়ার কে. বি. ভৌমিকের ১৪ লক্ষ টাকা তছরুপের অভিযোগ ছিল এবং ঠিক তার পরেই এই অগ্নি সংযোগের ঘটনা ঘটে। জেলার পুলিশ সুপার এবং ডিসস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছেন যে এই ঘটনায় এস. এফ. আই জড়িত। উপাচার্য এবং অধ্যাপকদের সকলকে সকাল থেকে ঘরের মধ্যে বন্দি করে রেখে দেয়, তাঁদের জল পর্যন্ত খেতে দেয় না, একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি করে। ঘটনা এমন পর্যায়ে নিয়ে গেছে যে সেটা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পক্ষে কলঙ্ক জনক ঘটনা। একদিন এস. এফ. আই-এর ছাত্ররা দেওয়াল লিখত 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব'। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি দোষী সমস্ত ছাত্র নেতাদের এই বিষয়ে গ্রেপ্তার করা হোক এবং দোষী ব্যক্তিদের সম্পর্কে শাস্তি দেবার ব্যাপারে যেন কোনও রকম নরম মনোভাব না দেখানো হয়। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের এই ঘটনার তীব্র ভাবে নিন্দা জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করতে চাই। বিষয়টা খুবই গুরুত্ব বহন করছে এবং গভীর চক্রান্তের ব্যাপার। তিতুমিরের মতো ঘটনা এই মক্ষীরাণীর ঘটনা। এটা স্যার, গত ৩রা আগস্ট এইরকম ভাবে পত্রিকায় বার হয়েছে এবং তাতে মক্ষীরাণীর ছবি এবং কয়েকটি ছবি বার হয়েছে এবং ব্লু ফ্লিমের মতো ঘটনা ঘটেছে। আমার আশঙ্কা হ'ল চক্রান্তের গভীরে বাজারি পত্রিকার মালিকের ছেলের রক্ষিতা আছে মহিলা অনুরাধা দত্ত, এখানে রাধা বলা হয়েছে। এবং তাঁর সঙ্গে জড়িত আছে বলে বলছেন। যে ব্যক্তি ছেড়ে দিয়েছে তার নাম অরূপ সরকার—ওঁর ডায়রিতে লেখা আছে, আনন্দবাজার কোম্পানির মালিক। আমার বক্তব্য হল বারাসাত থানায় ২/৮/৯০ তারিখে ডাইরি করা হয়েছে, ডাইরি নং ৬১৮এ। স্যার, এটি একটি সিরিয়াস ঘটনা। আমি জেরক্স করে এনেছি। তিনি সাংবাদিককে বলেছেন যে, আমাকে

রক্ষিতা হিসাবে এখানে রাখা হয়েছিল। যে স্থানে রাখা হয়েছিল তার ঠিকানা হচ্ছে ২৩-এ, অবিনাশ কবিরাজ লেন, কলিকাতা। স্যার, আমার বক্তব্য হল, এই ব্যাপারে কোনও খবর নেবার সুযোগ আছে কিনা এবং এরমধ্যে যে চক্রান্ত আছে, এরমধ্যে যারা আছে তাদের খুঁজে বার করা দরকার। স্যার, আমাদের দেশ কোথায় যাচ্ছে, এটা কল্পনা করতে পারছি না। আমি বলছি যে এই ঘটনার পিছনে চক্রান্তকারীদের খুঁজে বের করা দরকার। এটা যদি কোনও চক্রান্ত করে করা হয়ে থাকে, তা খুঁজে বের করার কোনও সুযোগ যদি থাকে তাহলে আপনি সেটা দেখবেন। এর পিছনে কোনও সত্যাসত্য আছে কিনা তা জানার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করলাম।

(গোলমাল)

(এই সময়ে কংগ্রেস পক্ষের এবং সরকার পক্ষের সদস্যরা
নিজ নিজ আসনের সামনে দাঁড়িয়ে বলতে থাকেন)

(গোলমাল)

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বহু আলোচিত ও নতুন করে সমস্যার ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলা বাস পরিবহনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় জেলা। এখানে দৈনিক ১৪০০ বাস চলাচল করে। এই জেলায় যাতায়াতকারী বাস, ব্লক থেকে ব্লকে, জেলা থেকে জেলার বাইরে যে সমস্ত বাস চলে তার শতকরা ৯০ ভাগ বাস গত ১৬ই আগস্ট থেকে বন্ধ হয়ে আছে এবং এরফলে যাত্রী সাধারণ চূড়ান্ত অসুবিধার মধ্যে পড়েছেন। বাসের মালিকরা হাতজোড় করে বলছেন এত ভাড়া তাঁরা নিতে পারবেন না। আবার বাসে কর্মরত কর্মচারিরা বলছেন এত ভাড়া তাঁরা যাত্রীসাধারণের কাছ থেকে নিতে পারবেন না। এই অবস্থায় আমি পরিবহন মন্ত্রীকে অনুরোধ জানাই, তিনি জেলা শাসকের মাধ্যমে জেলার সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এবং পরিবহনের সঙ্গে যুক্ত কর্মচারিবৃন্দ ও বাস ওনারদের নিয়ে এই ব্যাপারে একটি বৈঠকের ব্যবস্থা করুন। আজকে ওখানে কী সাংঘাতিক ঘটনা ঘটে চলেছে। সাংঘাতিক ভাবে বে-আইনি ও জনবিরোধী এই বাস ভাড়া বাড়িয়ে দেবার ফলে মেদিনীপুর জেলার শতকরা ৯০ ভাগ বাস আজকে ১৬ তারিখ থেকে বন্ধ এবং এরফলে লক্ষ লক্ষ যাত্রী চরম অসুবিধার মধ্যে পড়েছেন। এই বাস ভাড়া রিস্ট্রাকচার করার জন্য মন্ত্রী মহাশয় ব্যক্তিগত ভাবে একটি পদক্ষেপ গ্রহণ করুন, এই অনুরোধ আমি আপনার মাধ্যমে তাঁকে জানাই।

[2-20 – 2-30 P.M.]

**শ্রী খগেন্দ্রনাথ সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কথা হচ্ছে যে রায়গঞ্জ মহকুমা হাসপাতালে যে অবস্থা চলছে যারফলে রোগীরা ঠিকমতো চিকিৎসা পাচ্ছে না। এই মাসেতে ৬ তারিখে একজন মহিলা রোগিনী হসপিট্যালে ভর্তি হবার পরে দুজন ডাক্তার নিজেদের মধ্যে ঠেলাঠেলি

করেন। তাদের মধ্যে একজন বললেন যে এটা আমার কেস নয়, আরেকজন বললেন যে না এটা আমার কেস নয়, আপনার কেস। এইভাবে বাগ-বিতণ্ডাতে ১২ ঘন্টা কেটে গেল এবং রোগিনীর কোনও চিকিৎসাই হল না, শেষকালে রোগিটি মারা গেল। খুব স্বাভাবিকভাবেই তার বাড়ির আত্মীয়স্বজন বিক্ষোভ প্রদর্শন করলেন এবং এরফলে ওই হসপিট্যালের অ্যাডমিনিস্ট্রেশন কোলাপ্স করে গেছে। আমি এস ডি এম ওকে না পেয়ে সি. এম. ও এইচের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সি. এম. ও. এইচ জানিয়েছেন এখানে এস. ডি. এম. ও দেওয়া সম্ভব নয়। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে এখানে অবিলম্বে এস. ডি. এম. ও দেওয়া হয়।

**মিঃ স্পিকার ঃ** রবীন মণ্ডল, আপনি যে কাগজগুলি রেফার করেছেন সেগুলো জমা দেবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখলাম যে পশ্চিমবঙ্গের মন্ত্রী শ্যামল চক্রবর্তী মহাশয় বাদশা আলমকে যাতে কেউ গ্রেপ্তার না করতে পারেন তারজন্য যে সমস্ত উক্তি করেছেন সেইকথা আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই কিন্তু তিনি উপস্থিত নেই। বাদশা আলম একজন এফ আই আরের ৩০৭ ধারার ১০২ বি তে অ্যাটেম্পট টু কমিট মার্ডারে অভিযুক্ত। মমতা ব্যানার্জিকে হত্যার অভিযোগে অভিযুক্ত এফ আই আরের আসামী পুলিশ তাকে গ্রেপ্তার করতে চাইলে করতে পারেনি। কারণ একজন প্রভাবশালী মন্ত্রী শ্যামল চক্রবর্তী মহাশয যে উক্তি করেছেন তাতে পুলিশ তাকে গ্রেপ্তার করতে পারেনি। আমার মনে হয় এতে মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ এনে হারবারিং অফেনডার হিসাবে গণ্য করা হবে। যদি কেউ কোনও আসামীকে হারবার করেন, তাকে আত্মরক্ষা করার চেষ্টা করেন তাহলে তাকেও গ্রেপ্তার করা হবে। সুতরাং আমি মন্ত্রীর বিরুদ্ধেও গ্রেপ্তারের দাবি এই বিধানসভায় রাখছি।

[2-20 – 2-30 P.M.}

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর এবং ক্ষুদ্রসেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোঘাটের দলকার জলা সংস্কার না হওয়ায় গোঘাটের কোটা, কুলিয়া, দেওয়ানচক, রাউতাড়া, গোয়ালপোড়া, নকুণ্ডা, সাওড়া, গোয়ালপাড়া, বেলে, বলরামপুর, কুশমা, মুক্তাপুর, ছোটডঙ্গল, শ্যামবল্লভপুর, পেঁচেড়া, মালমহল, মির্জাপুর, দামোদরপুর, আনন্দপুর, খীলগ্রাম, বল্লভচক, কৃষ্ণবল্লভপুর প্রভৃতি ২২টি গ্রামের কয়েক হাজার কৃষক পরিবার দুর্বিসহ অবস্থায় দিন কাটাচ্ছে। এই এলাকার প্রায় ৫ হাজার একর জমিতে কোনও ফসল হচ্ছে না। ১৯৭৮ সালের পরে ওই জেলাতে কোনও ফসল হয় নি। মানুষের অর্থনৈতিক অবস্থা বিপর্যস্ত। যাতে ঐ এলাকার কৃষকরা একটিও ফসল ফলাতে পারে তারজন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করার জন্যে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। সেইসঙ্গে ৭জন ছাত্র দীনবন্ধু অ্যান্ড্রু কলেজের আপনার

জাসটিসের জন্য আপনাকে চিঠি দিয়েছে সেটা আপনাকে দেব। এই দীনবন্ধু অ্যান্ড্রুজ কলেজটি গড়িয়াতে অবস্থিত। ওই কলেজের পরীক্ষার ফল বেরোয় ৬ই আগস্ট তারিখে কিন্তু দুর্ভাগ্যবশত ১০ জন ছেলের ফল ওই তারিখে প্রকাশিত হয় নি, ইনকমপ্লিট ছিল। এবং পরে ১৬ই আগস্ট তারিখে যে কমপ্লিট রেজাল্ট বেরুল তাতে দেখা গেল যে ওই ১০জন ছেলেই প্রত্যেকটি সাবজেক্টে পাশ করেছে কিন্তু বেঙ্গলিতে ফেল করেছে। এই ফেলের গড় হার হচ্ছে ১৬ থেকে ২৪ এর মধ্যে রয়েছে। আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি যে, ওই ১০ জন ছেলে ইংরাজিতে ১০৩ নাম্বার পেয়েছে এবং সেকেণ্ড ডিভিসন মার্ক ক্যারি করেছে এবং তারা ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজিতে পাশ করেছে। তারা বলছে যে আমরা বাংলার লোক, অথচ বাংলাতেই আবার ১০ জন ফেল করেছে। এমতাবস্থায় তারা বলেছে যে ১০ জনের বাংলা ইনকমপ্লিট থাকার জন্য ৬ আগস্ট তাদের ফল প্রকাশ করল না, আবার ১৬ই আগস্ট বলছে যে, তোমরা বাংলাতে ফেল করেছে। এবং ১৬ থেকে ২৪-র মধ্যে তাদের মার্ক্স দিয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই এই ছাত্ররা বলছেন আমরা ইংরাজিতে ভালভাবে পাশ করেছ, বায়লজি, ফিজিক্স, কেমিস্ট্রিতে পাশ করেছি, সেকেণ্ড ডিভিশন মার্ক্স ক্যারি করেছি, বাংলাতে এই মার্ক আমরা পেতে পারিনা। স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি ছাত্রদের মধ্যে একজন ছাত্র যে ১০৩ নম্বরও পেয়েছে। স্যার, আমি আপনার কাছে এই কাগজ জমা করছি এবং অনুরোধ করছি গড়িয়াহাটের দীনবন্ধু অ্যান্ড্রু কলেজের ১০ জন ছাত্র যারা আপনার কাছে জাস্টিস চেয়েছে তাদের ব্যাপারটা আপনি কাইগুলি একটু দেখবেন।

**শ্রী তপন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলার বীরভূম সদর শহরে ৫০০ রুগির শয্যা সংখ্যা ছিল, বর্তমানে যে ভাবে রুগির চাপ বেড়েছে এবং বিশেষ করে যেভাবে ডাইরিয়া হয়ে গেল, তাছাড়া বিভিন্ন প্রাইমারি হেলথ সেন্টার থেকে যেভাবে রুগির চাপ বাড়ছে তাতে শয্যা সংখ্যা কিছু বাড়নো দরকার। প্রায় ৭/৮ শতর মতো রুগি হয়ে যাচ্ছে। সবচেয়ে মজার কথা হচ্ছে এই যে লোক বেড়েছে বাইরে বিভিন্ন ভাবে ব্যবস্থা করতে হচ্ছে সেইসবের জন্য অন্তত আরও ১০০ শয্যা বাড়ানো চাই, যাতে কিছুটা সমস্যার সমাধান কবা যায়, তাই আমি এই ব্যাপারটি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার তিন শত বছর পূর্তি উৎসবকে কেন্দ্র করে বহু প্রচার হয়েছে, বহু ঢাকঢোল পেটানো হয়েছে। কলকাতার সংস্কৃতি, কলকাতার কৃষ্টি, ও কলকাতার সংস্কৃতিবোধকে যাতে করে আগামী দিনে স্মারক হিসাবে চিহ্নিত করা যায়, কিন্তু বাস্তবে আমরা এর কোনও রূপরেখা দেখতে পাইনি কি সরকারি উদ্যোগে, কি বেসরকারি উদ্যোগে। কয়েকটি গাছ, কয়েকটি পার্ক, কয়েকটি সভা সমিতি ছাড়া সংস্কৃতি রক্ষার জন্য, সংস্কৃতিবোধকে আগামী দিনে চিহ্নিত করার জন্য কোনও পদক্ষেপ আমরা দেখিনি। সরকারি উদ্যোগে কয়েক লক্ষ টাকা খরচ করে জ্যোতিবাবু তার সব পারিষদ মন্ত্রীদের নিয়ে ঘোড়ায় টানা ট্রাম গাড়িতে চেপে সাধারণ মানুষকে দর্শন দিচ্ছেন কলকাতার বাবু হিসাবে। আগামী দিনের মানুষ দেখবে তিন শত বৎসর পূর্তি উৎসব উপলক্ষ্যে কলকাতার

মানুষকে বামফ্রন্ট সরকার কী উপহার দিয়েছে ক্যাডার রাজ হিসাবে? আগামী দিনের মানুষ ইতিহাসের পাতায় দেখতে পাবে কি নির্যাতনের কাহিনী? এই নির্যাতনের প্রতিবাদ করতে গিয়ে বিমলাদের কপালে যে বুলেটের চিহ্ন আঁকা হয়েছে সেটাই তারা দেখতে পাবে? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আবেদন করছি—এই সভার একটা গুরুত্ব রয়েছে তাই আগামী দিনের মানুষের কাছে যাতে আমরা পশ্চিমবাংলার কৃষ্টি ও সংস্কৃতিবোধকে তুলে ধরতে পারি, চিহ্নিত করতে পারি সেইজন্য আমার আবেদন আপনার নেতৃত্বে একটা হাউস কমিটি তৈরি করা হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুখেন্দু মাইতি :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। যখন কোনও শিক্ষক ডেপুটেশনে উচ্চ শিক্ষার জন্য ট্রেনিংয়ে যান তখন ডেপুটেশন ভ্যাকান্সিতে অন্য শিক্ষক নিয়োগ করা হয় ছাত্রদের যাতে পড়াশুনার কোনও রকম ক্ষতি না হয়। কিন্তু আমরা দেখছি যেসব শিক্ষক, অধ্যাপক রাজনৈতিক কারণে—সক্রিয় রাজনীতিতে যারা অংশ গ্রহণ করে—এম. এল. এ., এম. পি., মন্ত্রী হন, সভাপতি, সহ-সভাপতি বা গুরুত্বপূর্ণ পদে নির্বাচিত হন এবং স্বাভাবিক কারণে তারা স্কুলে যেতে পারেন না, পড়াশুনা করাতে পারেন না। ফলে ছাত্রদের অভাবনীয় ক্ষতি হয়, অভিভাবকদের ক্ষতি হয় সেইসব কারণে আমি মাননীয় মন্ত্রীত্রয়ের কাছে আবেদন করব যে ডেপুটেশন ভ্যাকান্সির মতো পলিটিক্যাল ভ্যাকান্সির জন্য ৪/৫ বছরের পলিটিক্যাল ভ্যাকান্সি ক্রিয়েট করার জন্য নূতন শিক্ষক নিয়োগ করা হোক—ছাত্রদের এবং অভিভাবকদের স্বার্থে।

[2-30 – 2-40 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ২/৩ দিনের মধ্যে রাজ্যের সমস্ত শ্রমিক কর্মচারীর বোনাস দেবার কথা। সবচেয়ে গুরুত্বপূর্ণ হল সরকারি যে সমস্ত শিল্প বা সংগঠিত শিল্প, যেমন ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানি, কৃষ্ণা গ্লাস কোম্পানি, স্যাকসবী কোনও জায়গায় নূন্যতম ৮.৩৩ পারসেন্ট বোনাস দেওয়া হচ্ছে না। তার চেয়েও মারাত্মক হল এবং এটা আরও সঙ্কটের ব্যাপার যে বোনাসের বিকল্প হিসাবে সরকারি কর্মচারিরা যেমন এক্সগ্রাসিয়া পায় বা দেওয়া হয় এই ব্যাপারে এখনও পর্যন্ত কিছু হয়নি এবং এক্সগ্রাসিয়া দেওয়া হবে না। এই ধরনের সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে। এর ফল কিন্তু মারাত্মক হবে। আগে যেখানে বেসরকারি প্রতিষ্ঠানে ২০ পারসেন্ট বোনাস দেওয়া হত আজকে সেখানে ৪ পারসেন্টে নেমে গেছে! একটা লাভজনক প্রতিষ্ঠান যদি বোনাস না দেয় তাহলে তার চেয়ে আর দুঃখজনক কি হতে পারে। তাই আমি দাবি করছি এই বোনাস নীতিকে সঠিকভাবে রূপায়ণ করবার জন্য সরকার এগিয়ে আসুক।

**শ্রী পুলিন বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের কৃষিমন্ত্রীর কাছে এবং কেন্দ্রের কৃষিমন্ত্রীর কাছে ঋণ মুকুব প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। অনেক ধরনের চাষী আছে যেমন বড় চাষী, মাঝারি চাষী যাঁরা ক্ষমতা থাকা সত্ত্বেও আর্থিক অবস্থা ভালো হওয়া সত্ত্বেও ইচ্ছা করে, মতলববাজি করে ঋণ শোধ করে না। বা যাঁরা ঋণ শোধ

করবে তাঁদের প্ররোচনা করছেন, যে সরকার ছাড় করে দিয়েছেন তোমাদের দিতে হবে না। এমন অনেক মানুষ আছেন যাঁরা গরীব ক্ষেতমজুর, ভূমিহীন কৃষক এই সব তাঁরা ঋণ নিচ্ছেন এবং তাঁরা দেখছেন যে একসঙ্গে ঋণ জমে যাবে, আমি দিতে পারব না। এইজন্য উক্ত লোকেরা ঋণ শোধ করে দিয়েছেন। এখন বক্তব্য হল এই যে ঋণ মুকুব কর্মসূচী আওতায় এই ধরনের চাষী রাজারা ইচ্ছা করে দিচ্ছেন না। কারণ তাঁরা যদি ওই আওতায় পড়ে যান এই ভেবে তাঁরা দিচ্ছেন না। কিন্তু এখন প্রশ্ন হচ্ছে যে এই ঘটনার ফলে যাঁরা সত্যিকারের ঋণ পাবার যোগ্য তাঁরা পাচ্ছেন না। অতএব সরকার থেকে এই ব্যাপারে একটা সুস্থ নীতি প্রণয়ন করা হোক।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন এলাকায় কুলতলি, জয়নগর, মথুরাপুর এবং আরও অন্যান্য এলাকায়, সুন্দরবনের নিম্ন এলাকায় চাষীরা আজকে উদ্বিগ্নতার মধ্যে আছে। আতঙ্কের মধ্যে আছে। ধান গাছে ব্যাপকভাবে এমন একটা রোগ দেখা দিয়েছে সমস্ত ধান গাছ হলুদ হয়ে যাচ্ছে। তারপর সেটা জলের সঙ্গে মিশে যাচ্ছে। এখানকার চাষীরা ভীষণ আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। তাই আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়টা নিয়ে ব্লক স্তরে এক্সটেনশন অফিসাররাও, কৃষি সচিবরাও এর হদিশ দিতে পারছেন না। জরুরি ভিত্তিতে এই রোগ প্রতিরোধের জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক এবং এই বিষয়টা জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেবেন এই আশা রেখে আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয় কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়। ওখানে একটা দীর্ঘদিন ধরে অচলাবস্থা চলছে। সমস্ত রকম পঠন, পাঠন বন্ধ হয়ে গেছে। গবেষণাগার বন্ধ হয়ে যাচ্ছে। ওখানে বিস্তীর্ণ জমি ছিল, জমিগুলি এখন গোচারণ ক্ষেত্রে পরিণত হয়ে গেছে। তা ছাড়া ইন্টারন্যাল অ্যাডমিনিস্ট্রেশনে নানা রকম গোলমালের ফলে সেখানে শিক্ষক, ছাত্রদের নানারকম অসন্তোষ দেখা দিচ্ছে। আমি বিষয়টা এত গুরুত্বপূর্ণ এইজন্য বলছি যে পশ্চিমবাংলায় একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয়। ওখান থেকে বহু ছাত্র যাঁরা পশ্চিমবাংলায় এবং বাইরে খ্যাতি অর্জন করেছেন। বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গেলে খুবই অসুবিধার সৃষ্টি হবে। তাই আমি এই ব্যাপারে অবিলম্বে সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অমর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী ৩১ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভার বর্ষাকালীন অধিবেশন শেষ হয়ে যাচ্ছে, সুযোগ এবং সময় আমাদের কাছে অত্যন্ত কম। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে জানাতে চাই ও দৃষ্টি আকর্ষণ করতে চাই, যে পশ্চিমবঙ্গে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল, ডি. আই ১.৮.৯০ তারিখ থেকে একটা সার্কুলার জারি করে বলেছেন ৬০ বছর উত্তীর্ণ শিক্ষকদের, যারা এক্সটেনশনে রয়েছে তাদের আর স্কুলে আসতে দেওয়া হবে না, হাজিরা খাতায় সই করতে দেওয়া হবে না। মাননীয় শিক্ষামন্ত্রী লেফটফ্রন্ট কমিটি, যে শিক্ষা সেল আছে সেই শিক্ষা সেলের সভায় তিনি আশ্বাস দিয়েছিলেন, যারা এক্সটেনশনে আছে তাদের কথাটা আমরা বিবেচনা করব। সরকারের তিনটি দলের শিক্ষক সংগঠন আগামী ৫ই সেপ্টেম্বর ভারতবর্ষের শিক্ষাবিদ ও পৃথিবীর

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন রাষ্ট্রপতি রাধাকৃষ্ণণের জন্মদিন অনুষ্ঠান বয়কট করেছে। সরকারি দলের এই তিনটে শিক্ষক সংগঠনের এই অনুষ্ঠান বয়কটের ব্যাপারে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হৃষিকেশ মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মণ্ডহারবার, কাকদ্বীপ রাস্তাটার কথা আমি প্রতিবারই বিধানসভায় উল্লেখপর্বে উল্লেখ করে থাকি। রাস্তাটা একটু চওড়া করে মেইনটেইন করা দরকার এবং বার বার আমি এই কথাটা বলে থাকি। গঙ্গাসাগরের মেলার সময় ঐ রাস্তায় কিছু ইঁট ফেলা হয়, তাও এমনভাবে ফেলা হয় যে গাড়ির চাকা রোল করলে সেই ইঁট আবার উঠে যায়। ঐ রাস্তাটার আজ এমন অবস্থা, যে কোনও সময় ওখানে একটা অ্যাকসিডেন্ট হয়ে যাবে আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি টপ অফ দি রোড ঐ রাস্তাটা ভাল করা দরকার। আমরা আপনার মাধ্যমে যে মেনশনগুলো করি মাননীয় মন্ত্রীর কাছে আপনি দয়া করে সেগুলো পাঠিয়ে দেবেন এটা আমাদের অনুরোধ, যাতে তারা বিষয়গুলোর প্রতি নজর দেন।

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের ব্যর্থতা যত বেশি হচ্ছে, সেই অপদার্থতা ঢাকবার জন্য কংগ্রেস কর্মীদের সম্বন্ধে তারা নানারকম কুরুচি মন্তব্য শুরু করেছে। পশ্চিমবঙ্গের সংস্কৃতি মন্ত্রী, যিনি সংস্কৃতির ধারক ও বাহক তিনি সেদিনকে বললেন যে কংগ্রেস কর্মীরা সি. পি. এম কর্মীদের পায়ের ও নখের যুগ্যি নয়। এই যে বক্তব্য সেদিন সংস্কৃতি মন্ত্রী করেছিলেন সেই সম্বন্ধে ওনাকে বলতে চাই, আমাদের পার্টির ঐতিহ্য, আমাদের পার্টির ১০৫ বছরের ইতিহাস, সারা ভারতবর্ষের মানুষ, সারা পৃথিবীর মানুষ জানে। আমাদের নেতা মহাত্মা গান্ধী ভারতবর্ষের সাম্প্রদায়িক ঐক্যতা বজায় রাখতে গিয়ে প্রাণ দিয়েছিলেন, আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী আততায়ীদের হাতে প্রাণ দিয়েছিলেন, সুতরাং আমাদের সম্বন্ধে কোনও সার্টিফিকেট সংস্কৃতি মন্ত্রীকে দিতে হবে না। সংবাদপত্রে বেরিয়েছিল লালু, কালু, বিল্লুদের নিয়ে আপনাদের পার্টি। সংবাদপত্রে বেরিয়েছিল পার্টির সম্পাদকের পুত্র কোন কোন জায়গায় প্রোমোটারদের কাছ থেকে তোল্লা দিয়ে কারবার চালান। মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি আজ লালু-কাল্লু-বিল্লুতে ভর্তি হয়ে গেছে এবং এটা পশ্চিমবাংলার মানুষ জেনে গেছে। আপনারা কংগ্রেসের সমালোচনা না করে আগে নিজেদের সামলান।

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ পূর্ব রেলের আদ্রা-খড়গপুর ডিভিসনে রেল চলাচলের ব্যাপারে ও বৈদ্যুতিকরণের ব্যাপারে আজ যে অবস্থার সৃষ্টি হয়েছে এবং সাধারণ মানুষ প্রচণ্ড ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সম্প্রতিকালে আবার একটি মাত্র ইঞ্জিন দিয়ে চারটি ট্রেন চালানো হচ্ছে। চক্রধরপুর আপ ডাউন ও হাওড়া-পুরুলিয়া এক্সপ্রেস একটি ইঞ্জিন চালানো হচ্ছে। একটা ট্রেন দেরি করলে, চারটে ট্রেনই দেরি হয়ে যায়। হাওড়া-পুরুলিয়া এক্সপ্রেসে প্যাসেঞ্জারদের যে সুযোগ সুবিধা থাকা উচিত সেগুলো কিছুই দেওয়া হয় না। তাছাড়া ট্রেনটির অবস্থাও খুব খারাপ, একদম পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় না, কনডেম কম্পার্টমেন্টগুলো এই সুপারফাস্ট ট্রেনটিতে ব্যবহার করা হচ্ছে। তার ফলে এই এলাকায়

বসবাসকারী মানুষ, পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর জেলার একটা বড় অংশের মানুষ যোগাযোগের যে সুবিধা রেলের কাছ থেকে পেতে পারতেন তা থেকে তাঁরা বঞ্চিত হচ্ছেন। আমি এই সভার মাধ্যমে বিষয়টা রেল মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করব।

[2-40 – 2-50 P.M.]

**শ্রী নুরুল ইসলাম চৌধুরি :** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার সেচ মন্ত্রী দেবব্রত বাবু বেলডাঙ্গা খবরের কাগজে ২৫ তারিখে দিয়েছেন যে বেলডাঙ্গা কংগ্রেস(ই)'র মদতে সমাজ বিরোধী কার্যকলাপ বেড়েছে। আমি এই ঘটনার পরিপ্রেক্ষিতে আপনাকে এবং হাউসকে কতকগুলি কথা বলতে চাই। তিনি বলেছেন যে তাঁর দলের সম্পাদক রেলডাঙ্গায় তাঁকে হত্যা করার হুমকি দেওয়া হয়েছে। সেচমন্ত্রী জানেন যে এই সম্পাদকের বাড়ি কুমারপুর সুজাপুর অঞ্চলের দুধপাড়া গ্রামে। পঞ্চায়েত নির্বাচনের পর সেখানে শরিকি দ্বন্দ্বে একজন সি. পি. এমের লোক খুন হয়, সেই খুনের পরিপ্রেক্ষিতে যিনি আসামী ছিলেন তিনি ৯০ দিন জেল হাজতে ছিলেন, জেল হাজত থেকে ফিরে আসার পর সঙ্গবদ্ধ হয়ে আবার মারামারি লাগলে সেই মারামারিতে আর এস পি'র লোক মারা যায়। সেই মারামারিকে কেন্দ্র করে সেখানে দু'পক্ষের লোকেরা ধরা পড়ে। তারা কোন দলের লোক হাউসকে জানাক আপনার মাধ্যমে আমি দাবি করছি।

**শ্রী তারাপদ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে ৪ হাজার গ্রাম পঞ্চায়েত কর আদায়কারী আছে। এদের প্রত্যেকেই কমিশন ভিত্তিক পার্ট-টাইম ওয়ার্কার। এরা গ্রামে গ্রামে ঘুরে ঘুরে পঞ্চায়েত কর আদায় করেন। এদের দীর্ঘদিনের দাবি হচ্ছে পার্ট-টাইম ওয়ার্কারের পরিবর্তে যাতে স্থায়ী কর্মী বলে পরিগণিত হয়। এজন্য তারা ডেপুটেশন দিয়েছে, ডেপুটি মিনিস্টার রমনী কান্ত দেবের সঙ্গে দেখা করেছে, কিন্তু আজ পর্যন্ত তার কোনও সুফল ফলেনি। এই কর্মীরা টাকা আদায় করছেন বলে উন্নয়নের কাজ অব্যাহত আছে। এই ৪ হাজার কর্মীকে যাতে স্থায়ী কর্মী হিসাবে গণ্য করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুহৃদ বসুমল্লিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বার্ণপুর ইসকো কারখানার আধুনিকীকরণের কথাবার্তা চলছে। পূর্বতন সরকার জাপানী কনসালট্যান্সির মাধ্যমে ২১৫ মিলিয়ান টন প্রতি বছর উৎপাদনের জন্য ৭ হাজার কোটি টাকার একটা ব্যবস্থা করেছিলেন। কিন্তু বর্তমান সরকার দস্তুরকে দিয়ে এর থেকে অনেক কম ১.৪ মিলিয়ান টন উৎপাদনের জন্য ৫ হাজার কোটি টাকার একটা বন্দোবস্ত করার চেষ্টা করছেন। আমি আশঙ্কা প্রকাশ করছি আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে অবস্থিত এই ইসকো কারখানা পশ্চিমবঙ্গের দ্বিতীয় ইস্পাত শিল্প, এই গুরুত্বপূর্ণ ইস্পাত শিল্প ইসকোর যাতে মডার্ণাইজেশন না হয় তারজন্য বর্তমান কেন্দ্রীয় সরকার ষড়যন্ত্র করছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব ৩০ হাজার শ্রমিকের স্বার্থ সম্পর্কিত এবং পশ্চিমবঙ্গের স্বার্থ সম্পর্কিত এই ইসকোর আধুনিকীকরণের জন্য পদক্ষেপ নিন। কারণ, আমরা দেখতে পাচ্ছি যে আমাদের ইস্পাত মন্ত্রী পদত্যাগ করেছেন। এই পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রী অবিলম্বে

কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করে ইসকোর আধুনিকীকরণের ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সূর্য চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকের প্রভাতী সংবাদপত্রে দেখলাম গতকাল ছাত্রপরিষদের একটি সভায় কংগ্রেসের এক নেতা এবং বিধায়ক মাননীয় সুব্রত মুখার্জি মহাশয় আগামি দিনে তাদের দলের ছাত্র কর্মীদের বাস পোড়ানোর আহ্বান জানিয়েছেন। স্যার, আপনি জানেন যে, গত কয়েকদিনে ওরা গোটা পশ্চিমবাংলা জুড়ে প্রায় ১৫০ টি বাস পুড়িয়েছে। এই কংগ্রেসেরই একজন একটু আগে কালচারের কথা বলছিলেন—এই হচ্ছে কংগ্রেসি কালচার। আমি তাই বলতে চাই যে, আগামী দিনে যদি গোটা পশ্চিমবাংলা জুড়ে জনগণের সম্পত্তি কংগ্রেস(ই) বিনষ্ট করতে মাঠে অবতীর্ণ হন তাহলে রাজ্যের জনগণই তার মোকাবিলা করবে। আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেশন আমাকে একটু বলতে দিন।

**মিঃ স্পিকার :** হোয়াট ইজ ইওর পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেশন?

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, উনি কে, আমি জানি না এবং নাম'ও জানি না। উনি বললেন আমি নাকি বাস পোড়াবার কথা বলেছি। আমি আবার বলছি, যা বলেছি—শর্তাধীনে বলেছি। যদি সি. পি. এম. ক্যাডাররা আমাদের ছাত্রদের মাথায় রিভলবার ঠেকিয়ে গুলি করে তাহলে তার প্রতিক্রিয়ার কথা বলেছি। আমি বলেছি গুলি হল আগুন। সেই আগুন যদি আমাদের দিকে আসে তাহলে ওদের দিকে'ও আগুন যাবে। সুতরাং এটা পরিষ্কার ব্যাপার। এটা নিয়ে আক্রমণ করে কোনও লাভ হবে না।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭ তারিখে ভাঙড় থানার কারবালা স্কুলের কয়েক শত ছাত্র ছাত্রী, অভিভাবক, শিক্ষক এবং শিক্ষানুরাগী ব্যক্তি থানার বিরুদ্ধে কতকগুলি অভিযোগ নিয়ে ডেপুটেশন দিতে গিয়েছিল। সেই ডেপুটেশন খুব শান্তিপূর্ণ ছিল এবং বিনা প্ররোচনায় পুলিশ সেখানে গুলি চালিয়েছে। তাতে জুলু হোসেন নামে একজন শিক্ষানুরাগী অভিভাবক মারা গেছে। আরও দুজন ছাত্র আবু তাহের, বিশ্বনাথ কপাট গুলি বিদ্ধ অবস্থায় আর. জি. কর হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আমি তাই আপনার মাধ্যমে দাবি করছি যে, অবিলম্বে দোষীদের শাস্তির ব্যবস্থা করা হোক এবং পুলিশের গুলি চালানোর বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হোক।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা ভারতবর্ষে অনুন্নত শ্রেণীর সংরক্ষণ বিরোধী একটা আন্দোলন বিক্ষিপ্ত ভাবে চলছে। আমি তার প্রতিবাদে বলছি যে, আমাদের এই বিধানসভায় মন্ডল কমিশনের উপর একটা পূর্ণাঙ্গ আলোচনা করা হোক। আমাদের এই রাজ্যে'ও এই ব্যাপারে আলোচনা হওয়া উচিত। আমাদের এই রাজ্যে সরকারি, বেসরকারি এবং সরকার অনুমোদিত সংস্থাগুলিতে সংরক্ষণ ব্যবস্থাকে আরও উন্নীত করার দাবি করছি

এবং এই চলতি অধিবেশনেই মণ্ডল কমিশনের রিপোর্টের উপর একটা পূর্ণাঙ্গ আলোচনার দাবি করছি। কারণ, সারা ভারতবর্ষে প্রায় ৫২ শতাংশ মানুষ এই মণ্ডল কমিশনের রিপোর্ট অনুসারে অনগ্রসর শ্রেণী বলে চিহ্নিত হয়েছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনি জানেন পশ্চিমবাংলায় কংগ্রেসের নেতৃত্বে দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে যখন বাইরে আন্দোলনে উত্তাল তখন জনসাধারণের দৃষ্টিকে বিক্ষিপ্ত করার জন্য বামফ্রন্ট সরকারের বিধায়কদল মাননীয় মুখ্যমন্ত্রীকে নিয়ে দিল্লি গিয়েছিলেন। আশা করেছিলেন বামফ্রন্টের বিধায়ক, মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী এই সভায় অনেক কিছু পশ্চিমবাংলার মানুষকে উপহার দেবেন। কিন্তু সংবাদপত্রে যা পড়লাম তাতে দেখা যাচ্ছে—অর্থমন্ত্রী বলেছেন তিনি একটি বিকল্প মডেল অর্থনীতি অর্থমন্ত্রীকে জানিয়েছেন জিনিসপত্রের দাম কমাবার জন্য। আমি জানি ওঁর বিকল্প মডেল বাজেটের বিকল্প প্রস্তাবের মতো—পেট্রোল, ডিজেলের দাম না কমিয়ে ট্যাক্সেশন তোলার প্রস্তাবের মতো। এখন খাদ্য মন্ত্রী বিবৃতি দিয়েছেন ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস দিতে নাকি ২০ হাজার কোটি টাকা লাগবে। এখন সেটা সম্ভব নয়। অর্থমন্ত্রীকে তা নিয়ে একটা বিবৃতি দিতে বলব। দিল্লি থেকে কী বার্তা নিয়ে এলেন বলুন।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[3-50 – 4-00 P.M.]

**শ্রী রামপদ মাণ্ডি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, আদিবাসী সমাজের সমস্যা 'ডাইন' সন্দেহে এবং ডাইন সাব্যস্ত করে নিরীহ, নিরপরাধ ব্যক্তিদের পিটিয়ে, পুড়িয়ে খুন করা হচ্ছে, আর্থিক জরিমানা করা হচ্ছে এবং গ্রামছাড়া করা হচ্ছে। এই রকম একটি ঘটনা আমার বিধানসভা কেন্দ্র এলাকায় রানীবাঁধ থানার বৈষ্ণবপুর গ্রামে গত সপ্তাহে ঘটেছে। সেখানে চুনারাম মাণ্ডিকে ডাইন সাব্যস্ত করে গ্রামের মোড়ল ও সমাজবিরোধী লোকেরা চুনারাম ও তার পরিবারের বহু লোককে মারধোর করেছে এবং আর্থিক জরিমানা করেছে। হত্যার হুমকি দিচ্ছে এবং গ্রামছাড়া করার জন্য ষড়যন্ত্র করছে। স্থানীয় থানায় ডায়রি করা হয়েছে কিন্তু এখনও কাউকে গ্রেপ্তার করা হয়নি। আমার অনুরোধ, স্বরাষ্ট্রমন্ত্রী কঠোর হস্তে এই ঘটনাটি মোকাবিলা করার জন্য নির্দেশ দিন।

**শ্রী নবনী বাউরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলার শালতোড়া এবং মেজিয়া থানা এলাকায় বেশ কিছু কয়লাখনি থেকে বেআইনি ভাবে কয়লা তোলা হচ্ছে এবং তা পাচার করা হচ্ছে। সেখানে কালিদাসপুর এলাকা থেকে যে সমস্ত কয়লা দুর্গাপুরে যায় তা মাঝখানে পথে পাচার হয়ে যায়। সেখানে একটা নতুন মাফিয়া চক্র গড়ে উঠেছে। আমি দাবি করছি অবিলম্বে এই বেআইনি কয়লা তোলা বন্ধ করা হোক এবং এই বেআইনি পাচার বন্ধ করা হোক।

**শ্রী উপেন কিস্কু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার

মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বাঁকুড়ার দক্ষিণ অংশ এবং মেদিনীপুরের পশ্চিম অংশের মানুষের উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের জন্য সরাসরি বাসের ব্যবস্থা নেই। হয় হাওড়ায় এসে ট্রেনে করে তাদের উত্তরবঙ্গে যেতে হয় আর না হয় বাঁকুড়ার বা পুরুলিয়ায় গিয়ে বাস চেঞ্জ করে উত্তরবঙ্গে যেতে হয়। মাননীয় পরিবহনমন্ত্রীর কাছে অনুরোধ, ঝাড়গ্রামের সঙ্গে সরাসরি উত্তরবঙ্গের যোগাযোগের জন্য ভায়া বাঁকুড়া, রায়পুর বাস চলাচলের ব্যবস্থা করা হোক।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ ঘটনার প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার মুরারই-এর প্রাক্তন এম. এল. এ. বজলে আমেদ দুষ্কৃতকারীদের দ্বারা আক্রান্ত হয়ে এখন রামপুরহাট হাসপাতালে চিকিৎসাধীন আছেন এবং তিনি এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছেন।

**মিঃ স্পিকার ঃ** তিনি তো এস. ইউ. সি. আই-এর এম. এল. এ. ছিলেন, আপনার কী আছে?

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্যার, জনগণ মার খাচ্ছেন আমি সেটাই বলছি। স্যার, আমি দাবি করছি, যারা বজলে আমেদকে আক্রমণ করে আহত করেছে সেই দোষীদের তদন্ত করে খুঁজে বার করে তাদের শাস্তিবিধান করা হোক। অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হোক।

**ডাঃ গৌরীপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে খাদ্য, পরিবেশ এবং ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের পশ্চিমবঙ্গে ৫৫ হাজার হেক্টরে নারকেল গাছের চাষ হয় এবং প্রায় ২৫০ মিলিয়ন নারকেল এখানে তৈরি হয়। কিন্তু আমাদের এখানে নারকেল তেলের শাস তৈরি হয়না। ডাব যা তৈরি হয় তার বেশিরভাগ ৬০ ভাগ আমাদের খাদ্যের জন্য ব্যবহৃত হয়। একজন চিকিৎসক হিসাবে বলছি, ডাবের জলের কোনও খাদ্য মূল্য নেই। বিশেষ করে কাঁচা ডাব-এর জন্য হাসপাতাল এবং তার পাশের অঞ্চলের পরিবেশ অনেক বেশি নষ্ট করে। আমার অনুরোধ, কাঁচা ডাব কাটা বন্ধ করার জন্য আইন করা হোক এবং এর থেকে যাতে তেল ও কুটির শিল্প গড়ে ওঠে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বারবার বলেছি যে শিক্ষকরা মাস পয়লা বেতন পাচ্ছেন। বর্ত্তমানে যে অবস্থা হয়েছে তাতে প্রাইমারি শিক্ষার ক্ষেত্রে শিক্ষকরা বেতন যথাযথ সময়ে বেতন পাচ্ছেন না, যথাযথ ভাবে সেখানে বেতন পৌছাচ্ছে না। এমন কি জেলা স্কুলগুলিতেও বেতন ঠিকমতো পৌছাচ্ছে না। এটার জন্য মোটামুটি ভাবে যে কাউন্সিল তৈরি হয়েছিল সেই কাউন্সিলই দায়ী। আমরা বিধানসভায় শিক্ষকরা যাতে বেতন নিয়মিত পান তার জন্য বারে বারে বলি এবং তখন শিক্ষা মন্ত্রী আশ্বাস দেন যে এর জন্য ব্যবস্থা নিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যবস্থা নিচ্ছি—এটা কি কথার কথা, না কাজের কথা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সে জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে দয়া করে এই অবোধ শিক্ষকদের দিকে একটু নজর দিন যাতে তারা মাসের প্রথম

দিনে বেতন পেতে পারে এবং নিয়মিত ভাবে পেতে পারে।

**শ্রী পাণ্ডব কুমার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম বাংলায় পিছলে পড়া জেলার মধ্যে পুরুলিয়া হচ্ছে অন্যতম জেলা। এই পুরুলিয়া জেলার মানুষ একমাত্র কৃষির উপরে নির্ভর করে বেঁচে আছে। আজ পর্যন্ত সেখানে কোনও শিল্প গড়ে ওঠেনি। এখানে কৃষির অবস্থা অত্যন্ত শোচনীয়। এখানে শতকরা ৩২ ভাগ জমি সেচের আওতায় এসেছে, বাকি ৬৮ ভাগ মানুষ ফসল পাচ্ছে না। তাদের এক মাত্র প্রকৃতির উপরে নির্ভর করতে হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুরুলিয়া জেলায় যে সমস্ত অসমাপ্ত সেচ প্রকল্পগুলি আছে সেগুলি যাতে তাড়াতাড়ি সমাপ্ত করা হয়। এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পাণ্ডে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য বিধান সভার একটা গুরুত্ব আছে। বাইরে যা কিছু ঘটনা রাজনৈতিক ভাবে ঘটছে পশ্চিম বাংলার মানুষ বিধান সভায় তার কি প্রতিফলন ঘটছে সেটা দেখতে চায়, জানতে চায়। কংগ্রেসের কর্মীরা আক্রান্ত হচ্ছে, কংগ্রেস নেত্রী আক্রান্ত হচ্ছে, কংগ্রেসের ক্যাডার বা অন্য যারা আছে তাদের খুন করা হচ্ছে। আমরা কি আশা করতে পারিনা যে এই সরকারের লীডার অব দি হাউস যিনি তিনি এই ঘটনার জন্য হাউসে এসে দুঃখ প্রকাশ করবেন, হাউসে এসে বলবেন? আপনাকে ধন্যবাদ জানাতে চাই কারণ সুব্রত মুখার্জির উপরে আক্রমণ হয়েছে, আপনি বলেছেন ঐ চেয়ার থেকে যে রাজনৈতিক কর্মীদের উপরে আঘাত করা অন্যায়। কিন্তু লীডার অব দি হাউস কি গুরুত্ব দিয়েছেন এই হাউসে? এই যে হাউস চলছে তিনি হাউসে আসছেন না। তিনি হাউসকে অবমাননা করছেন। আপনি তাকে ডেকে পাঠান। আমরা এর প্রতিবাদে এখানে অনশন করছি। আমরা রাজনৈতিক ভাবে অনশন করছি মানুষের স্বার্থে যারা বাইরে রয়েছে। কোটি কোটি নিপীড়িত মানুষের স্বার্থে আমাদের অনশন চলবে। তিনি একটি কথাও বললেন না। আপনি লীডার অব দি হাউসকে ডেকে পাঠান, আমরা তাকে দেখতে চাই। আজকে তাকে ক্ষমা চাইতে হবে .................. (মাইক অফ)

[3-00 – 3-10 P.M.]

**শ্রী ননী কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। সাধন বাবু যে কথা বললেন, সত্যিই এটা আতঙ্কের বিষয় যে কংগ্রেসের বিধায়করা নাকি আজকে আপনার সামনে লবিতে অনশন করবেন। আমাদের যেতে হবে, আবার আসতে হবে এবং শারিরীক ভাবে একটা বাধা হবে এবং খানিকটা দুঃখও হবে। কিন্তু আমি আপনাকে এই কথা বলি, ওরা আপনাকে ধন্যবাদ দিচ্ছেন, সাধন বাবু আপনাকে ধন্যবাদ দিচ্ছেন, ধন্যবাদ ওরা আরও বেশি করে আপনাকে দিন। কিন্তু আপনি ওদের অনুরোধ করুন—কারণ অনশনটা হচ্ছে আজকে তিনটে থেকে কালকে তিনটে পর্যন্ত। আপনি জানেন ওদের মধ্যে অনেকে রুগি আছেন যারা রাত্রে খান না। সেই জন্য ওরা অনশনটা তিনটে থেকে শুরু করছেন। এবং কালকে তিনটের সময় শেষ হবে। অনশন করছেন তো ছবি তোলার জন্য। স্যার, ডেকে দিন, অনেক ক্যামেরা ম্যান আছেন, তারা ছবি তুলবেন।

স্যার আর তো কোনও কারণ নেই? স্যার কী কারণে বলছি, আপনি লক্ষ্য করেছেন, আজকে যখন রবীন বাবু বললেন মক্ষীরাণীর কথা, যেই বললেন যে আনন্দবাজারের সম্পাদকের পুত্রের কথা, তক্ষুণি সুব্রত বাবু ক্ষেপে গিয়ে চলে এলেন। স্যার, এদের সম্পর্কে কী বলা হবে? এরা যেখানে যত গোলমাল, সব গোলমালে এরা থাকবেন, আর ওদের সম্পর্কে কোনও কথা বলা যাবে না? ওদের বিরুদ্ধে বললে ক্ষমা চাইতে হবে, লোক জমাতে পারছে না, জনগণ সামনে থাকছে না কোনও জায়গায়, সেই জন্য এখন এখানে এসে এই ভাবে নুতন ভাবে ঝামেলা পাকাবার চেষ্টা করছেন। আমি আপনাকে বলব, ওদের অনশন করে কোনও লাভ নেই, ছবি তোলাতে চান তোলান, কিন্তু আপনারা যে গান্ধীজীর নাম বলেন, তাঁর নাম করে এই অবমাননা করবেন না, এই ভাবে বিধান সভার অবমাননা হবে, এটা চলতে পারে না, এই বিষয় আপনাকে দেখতে হবে। আমাদের যাতায়াতের পথে এই ভাবে আটকানো যায় না। তারা যদি এই কাজ করে, জোর করে মাইনরিটি মেজরিটির উপর চাপতে চায়—এই ধরনের গণতন্ত্র কখনও চলতে পারে না।

**শ্রী দিলীপ মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫৩ সালের ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলনের সঙ্গে আজকে যে ট্রাম ভাড়া বৃদ্ধির আন্দোলনের নামে বিশৃঙ্খলা চলছে, অনেকেই তার সঙ্গে তুলনা করেন। কিন্তু একটা ঘটনা বলি, দেশ স্বাধীন হওয়ার পর ট্রাম কোম্পানির ইংরাজি মালিকদের কাছ থেকে ট্রাম কোম্পানিকে জাতীয়করণ করার জন্য দেশে আন্দোলন হয়েছিল, তখন কংগ্রেস ট্রামকে জাতীয়করণ না করে বিলাতী মালিকদের স্বার্থে ভাড়া বৃদ্ধি করেছিলেন এবং মানুষ তখন বলেছিল, আমরা বাসে যাব, হেঁটে যাব, ট্যাক্সি ভাড়া দেব না, ট্রামে চড়ব না এবং একটা গণ অভ্যুত্থানের রূপ নেয়। লক্ষ লক্ষ মানুষ কলকাতায় মিটিং, মিছিল করে এবং ট্রামে কোনও লোক ওঠে না। কংগ্রেস সরকার ক্ষিপ্ত হয়ে সেদিন আমাদের পাঁচ হাজার লোককে বিনা বিচারে আটক করে ছিলেন। আটক যারা হয়েছিলেন, আমাদের এম. এল. এ.রা ছিলেন, আজকে যিনি মুখ্যমন্ত্রী, জ্যোতি বসু তিনিও আটক হয়েছিলেন। বিধান রায়ের পুলিশ গুলি চালিয়ে ১৩ জন লোককে তখন খুন করেছিল। স্যার ১৪৪ ধারা জারি করা হয়েছিল, কারফিউ জারি করা হয়েছিল এবং আজকে ১২৫টা বাস ওরা ভাঙার পরেও এরা ক্ষান্ত হননি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে আমাদের শিডিউল কাস্ট এবং ট্রাইব্যাল ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে স্কুলের ছাত্রছাত্রীদের পোস্ট ম্যাট্রিক স্টাইপেণ্ড এর ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সেই স্টাইপেন্ড ফর্ম ছাত্রছাত্রীদের অতীতে বিদ্যালয় থেকে সরবরাহ করা হত। সম্প্রতি কোনও কোনও জেলায় বিশেষ করে জলপাইগুড়ি জেলায় বিশেষ করে দেখা যাচ্ছে হেড মাস্টাররা, হেড মিস্ট্রেসরা ফর্ম সংগ্রহ করার জন্য ছাত্রছাত্রীদের বলে দিচ্ছে, তোমরা যে কোনও ভাবে সংগ্রহ করে জমা দাও। এতে করে শিক্ষার্থীদের মধ্যে এবং অভিভাবকদের মধ্যে একটা আশঙ্কা দেখা দিয়েছে।

(গোলমাল)

সংগত কারণে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং শিডিউল কাস্ট এবং ট্রাইব্যাল দপ্তরের

মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতীতের মত ছাত্রছাত্রীদের স্টাইপেণ্ড ফর্ম স্কুল থেকেই দেওয়া হয় এবং ফর্ম জমা দেবার ব্যবস্থা যাতে বিদ্যালয় কর্তৃপক্ষ করেন এবং একে কেন্দ্র করে ছাত্রছাত্রীরা বিরূপ যাতে না হয় বামফ্রন্টের বিরুদ্ধে, সেটা দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**Shri Mohan Singh Rai :** Hon'ble Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Minister for Commerce and Industry through you that within the last four decades steps taken for the development of industry in Darjeeling hill areas are not optimistic. Population has increased and the time has changed but phenomenon for development of industry has not changed. It has been stalemate. So proper scope for jobs for the youth is very limited in the existing industries of the hill area. The youths of the hill area are not satisfied and I apprehend that any attempt may be diverted to the destructive work. So I do demand that new industry with high technology according to the weather condition and situation of land be established.

**শ্রী সুকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে, নদীয়া জেলার রানাঘাট থানার অন্তর্গত তাহেরপুর উদ্বাস্তু কলোনির ২৭ হাজার জনসাধারণের ও তৎসংলগ্ন বারাসাত ও খিসমা গ্রাম পঞ্চায়েতের প্রায় ১৩ হাজার জনসাধারণের, অর্থাৎ মোট ৪০ হাজার জনসাধারণের চিকিৎসার একমাত্র ৬ শয্যা বিশিষ্ট তাহেরপুরের সহায়ক স্বাস্থ্য কেন্দ্রটি চরম অব্যবস্থার মধ্যে চলছে। প্রায় ১৭ বছর অতিক্রান্ত হতে চলল, অদ্যাবধি আন্তঃ বিভাগ চালু করা হ'ল না। ফলে জনসাধারণের মধ্যে চরম ক্ষোভের সঞ্চার হয়েছে। ইতিপূর্বে তাহেরপুরের সহায়ক স্বাস্থ্য কেন্দ্রটিকে ১০ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে উন্নীত করার জন্য তাহেরপুরের ৭০০ নাগরিক মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী মহোদয়দের নিকট গণ-দরখাস্ত প্রদান করেছেন এবং ওখানকার বিধায়ক হিসাবে আমি ইতিপূর্বে তিনবার বিধানসভায় উল্লেখপর্বে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু দুঃখের ও বেদনার বিষয় অদ্যাবধি কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয় নি। অতএব মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের নিকট আবেদন যে, তাহেরপুরের সহায়ক স্বাস্থ্য কেন্দ্রটিকে আন্তঃ বিভাগ চালু সহ ১০ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে উন্নীত করে জনসাধারণের ন্যায়-সংগত দাবি পূরণ করুন। আমি বিশেষ ভাবে স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের কাছে এই আবেদন রাখছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ :** মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি বিভিন্ন কাগজে প্রকাশিত হয়েছে যে, একদল ছাত্র নেতা পশ্চিমবঙ্গের বিভিন্ন স্কুলে ছাত্র ইউনিয়ন করতে চাইছেন। আমি মনে করি যে, বিদ্যালয়ে ছাত্র ইউনিয়ন করলে বিদ্যালয়ের পরিবেশ নষ্ট হবে। ছাত্রতে ছাত্রতে মতভেদ সৃষ্টি হবে এবং সেই মতভেদ থেকে মতানৈক্যের সৃষ্টি হবে এবং পরিশেষে তা থেকে ছাত্রদের মধ্যে সংঘর্ষ সৃষ্টি হবে। আমরা জানি বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি রয়েছে এবং সেই ম্যানেজিং কমিটিতে ছাত্রদের অভিভাবকরা রয়েছেন। কাজেই এই অবস্থায় বিদ্যালয়ে

যাতে ইউনিয়ন না হয় তার জন্য যে সব নেতারা এ বিষয়ে উদ্যোগী হয়েছেন তাঁদের কাছে আমার অনুরোধ, তাঁরা এই প্রয়াস থেকে বিরত হন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে প্রাণী-বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন হুগলি জেলা সহ পশ্চিমবাংলার বেশিরভাগ জেলার গ্রামাঞ্চলে বর্ষাকালে গরুদের মধ্যে এঁশো রোগের প্রাদুর্ভাব বাড়ে। এ বছর এই রোগের প্রকোপ ভীষণ বেড়েছে। ফলে দুধের উৎপাদন কমছে এবং অনেক গরু মারা যাচ্ছে। এঁশো রোগের প্রতিশেধক আছে, কিন্তু তা বিলি-বন্টন এবং প্রয়োগ এত কম হচ্ছে যে, রোগের প্রকোপ বাড়ছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি প্রতিশেধক টিকা তিনি জেলা এবং ব্লক পর্যায়ে পৌছে দেবার ব্যবস্থা করুন। বর্তমান ব্যবস্থায় মোটা টাকা দিয়ে এই টিকা বা ভ্যাকসিন কিনতে হয়, যার ফলে অনেক গরিব চাষী এবং ক্ষেতমজুররা এটা কিনে তাদের গরুদের দিতে পারছে না। এই সমস্ত ক্ষেত্রে পঞ্চায়েতের সহযোগিতার এঁশো রোগ শুরু হওয়ার আগে থেকেই ভ্যাকসিন দেবার ব্যবস্থা করা দরকার এবং বিভাগীয় দপ্তরকে বিষয়টির প্রতি উপযুক্ত গুরুত্ব দেওয়া দরকার। তা নাহলে ভাল ভাল জার্সি গরুও মারা যাবে। ইতি-মধ্যেই মারা যেতে শুরু করেছে, দুধের উৎপাদন কমতে শুরু করেছে। ফলে সামগ্রিকভাবে দেশের অর্থনীতির ক্ষতি হচ্ছে।

[3-10 – 3-20 P.M.]

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মহকুমা ডায়মণ্ডহারবার থেকে বেসরকারি রুট হচ্ছে ৮৯ এবং ৮৯(এ), কাকদ্বীপ থেকে রায়দিঘি যায়। আজ ৮/১০ দিন ধরে সেই রুটে বাস চলাচল বন্ধ আছে। সরকার যেভাবে ভাড়া বাড়িয়েছেন সাধারণ মানুষ সেইভাবে ভাড়া দিতে চাইছেন কিন্তু বাস মালিকরা এবং আর. টি. এর (ক্যালকাটা) কিছু আমলার যোগসাজস করে সরকারের ঘোষিত ভাড়া থেকে আরও বেশি হারে ভাড়ার লিস্ট করেছেন এবং বাসে-বাসে ঘুরছেন, যারফলে অনেকে ভাড়া দিতে চাইছেন না। ভাঙড়, কুলপি, মথুরাপুর, মন্দিরবাজার এবং পাথরপ্রতিমার ব্যাপক অংশের মানুষ ঐ রুটে যাতায়াত করে। সুতরাং অবিলম্বে সেখানে যাতে সরকার বাস চালায় এবং ভাড়ার হার যাতে লাঘব করা যায় তারজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার প্রাথমিক শিক্ষকরা উইথ অবজেকশন অপশন দাখিল করছেন, কিন্তু তাঁদের নতুন হারে বেতন দেওয়া হচ্ছে না। অথচ সেকেণ্ডারি এডুকেশনের যে সমস্ত শিক্ষকরা উইথ অবজেকশন অপশন দিচ্ছেন তাঁদের পূর্ণ বেতন দেওয়া হচ্ছে। আমি এই বৈষম্যের প্রতি মাননীয় মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঐ সমস্ত শিক্ষকদের নানারকম ভয় দেখানো হচ্ছে। আমি মনে করি প্রত্যেকের সংবিধানগতভাবে উইথ অবজেকশন অপশন দেওয়ার অধিকার আছে। সুতরাং তাদের পূর্ণ বেতন দেবার আদেশ দিতে অনুরোধ করছি।

**শ্রী সুন্দর নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে "আনন্দবাজার পত্রিকায়" একটি রিপোর্ট বের হয়েছে, তাতে লেখা হয়েছে, "দুই বিধায়কের কাজিয়ায়, জখম। দক্ষিণ ২৪-পরগনার বিষ্ণুপুর অঞ্চলে দুই সি. পি. এম বিধায়কের গোষ্ঠী সংঘর্ষের ফলে শনিবার ৬জন আহত হয়েছে বলে পুলিশসূত্রে খবর পাওয়া গেছে। এর ১জনকে ২৫টি ছুরিকাঘাতে সঙ্কটজনক অবস্থায় ভর্তি করা হয়েছে বাঙুর হাসপাতালে। এই ঘটনার পর এলাকায় উত্তেজনা দেখা দিয়েছে এবং সেখানে ১টি ক্লাবঘর ভাঙচুর হয়।" এটা সম্পূর্ণ অসত্য কথা এবং ঐ এলাকায় কোনও উত্তেজনা নেই, কোনও গোষ্ঠী দ্বন্দ্ব নেই ক্লাবঘরও ভাঙা হয়নি। মিথ্যা খবর দিয়ে পশ্চিমবাংলাকে অশান্ত করার চেষ্টা করা হচ্ছে। আমি এই ব্যাপারে প্রিভিলেজ আনতে চাই।

**শ্রী সাত্ত্বিককুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবরের কাগজে দেখলাম মাননীয় খাদ্যমন্ত্রী শ্রী নির্মলকুমার বসুর নেতৃত্বে বিধানসভার কয়েকজন বিধায়কের প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলতে দিল্লি গিয়েছিলেন। কারণ যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে সেই দ্রব্যমূল্য বৃদ্ধি রদ করার জন্য আলোচনা করতে গিয়েছিলেন। সেই আলোচনায় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর সঙ্গে দ্রব্যমূল্যবৃদ্ধি এবং পশ্চিমবঙ্গে কেরোসিন, চিনি বা অন্যান্য জিনিস বেশি করে সরবরাহ করার জন্য যে আলোচনা করেছেন কিম্বা পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যে সমস্ত আলোচনা হয়েছে—মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন—এই সভাকে অবহিত করার জন্য তাকে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার নিশ্চয়ই খেয়াল আছে গত বছর পূজার সময়ে উৎসবের সময়ে পশ্চিমবঙ্গে একটি সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি হয়েছিল রামশীলা পূজাকে কেন্দ্র করে। এবারেও পূজায় বিশ্বহিন্দু পরিষদ অনেক কিছু চক্রান্ত শুরু করেছে এ রকম খবর পাওয়া যাচ্ছে। ইতিমধ্যে আমাদের কাছে খবর এসেছে বেশ কিছু পূজা কমিটির কাছে গিয়ে বিশ্বহিন্দু পরিষদ বলছে যে পূজা কমিটিকে তারা টাকা দেবে, কিছু কিছু জায়গায় শর্ত দিয়েছে যে তারা পূজার প্যান্ডেল করে দেবে তবে প্যান্ডেলের মডেল—অযোধ্যায় বিতর্কিত রাম মন্দিরের মতো করতে হবে। সেই রকম মডেলের প্যাণ্ডেল যদি কেউ করে তাদের বলা হয়েছে ৩০ থেকে ৫০ হাজার টাকা এই বিশ্বহিন্দু পরিষদ তাদের দেবে। পূজা আসছে, বিশ্বহিন্দু পরিষদের সাম্প্রদায়িক সংগঠন পূজাকে কেন্দ্র করে সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টির চেষ্টা করছে। বিধায়ক হিসাবে আমরা সতর্ক থাকব, তবে আপনি এ বিষয়ে স্বরাষ্ট্র দপ্তরকে একটু সতর্ক করে দেবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মিঃ স্পিকার স্যার, মাননীয় মানবেন্দ্র বাবু এখানে যা বললেন—ঐ বিশ্বহিন্দু পরিষদের কার্যকলাপ শুধু শহরাঞ্চলেই নয়, আমরা গ্রামাঞ্চলেও দেখছি যে তারা টাকা পয়সা দিচ্ছে এবং কীর্তন করছে এবং উন্মাদনার সৃষ্টি করছে। এর চাইতে বড় কথা আপনি বোধ হয় সংবাদপত্রে দেখেছেন, রাম জন্মভূমিকে কেন্দ্র করে শুধু অযোধ্যায় নয়, সারা ভারতবর্ষে রাম জ্যোতি নিয়ে ঘুরবে। পশ্চিমবঙ্গে ২২শে সেপ্টেম্বর পাটনা থেকে

বেরিয়ে মিছিল নিয়ে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় পরিক্রমা করবে। এতে মারাত্মক উত্তেজনার সৃষ্টি হবে। পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি আছে, একটা পরিকল্পিত চক্রান্ত চলছে। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সরকারের আবেদন জানাচ্ছি যে, ঐ রাম জ্যোতি অন্তত পশ্চিমবঙ্গে বন্ধ রাখা হোক।

## Statement under rule 346

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of the Food and Supplies Department, Shri Nirmal Kumar Bose will make a statement.

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল পশ্চিমবঙ্গের ৭জন মাননীয় বিধানসভার সদস্য শ্রী সুমন্তকুমার হীরা, শ্রী কৃপাসিন্ধু সাহা, শ্রী সুভাষ গোস্বামী, শ্রী কামাখ্যাচরণ ঘোষ, শ্রী কিরণময় নন্দ, শ্রী হরিপদ জানা এবং আমি এই প্রতিনিধি দল মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে মূল্যবৃদ্ধি এবং পশ্চিমবঙ্গে খাদ্য দ্রব্য বিধিমতো গণবন্টন নানা সমস্যার জন্য আলোচনা হয়। সেই সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেখানে উপস্থিত ছিলেন এবং আলোচনায় অংশ গ্রহণ করেছিলেন। সংসদের ৯জন মাননীয় সদস্যও আলোচনার সময়ে উপস্থিত ছিলেন। আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাবে এবং দীর্ঘ সময় ধরে হয়েছিল। মাননীয় প্রধানমন্ত্রীকে আমরা এই কথা বলি যে, নিত্য ব্যবহার্য্য দ্রব্য মূল্য শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষে যে ভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে আমরা অত্যন্ত বিচলিত হয়েছি। এতে সাধারণ মানুষের খুবই অসুবিধা হচ্ছে। এ জন্য আমরা তাঁর কাছে অনুরোধ করি এবং অনেক প্রস্তাব দিই। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে ১৪টি নিত্যব্যবহার্য জিনিসে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ভর্তুকি দিয়ে সারা ভারতবর্ষে এক দামে গণবন্টন এবং রেশনের ব্যবস্থার মাধ্যমে বন্টন করা হোক। মাননীয় প্রধানমন্ত্রী, তিনি মন্তব্য করেন, তবে পরিষ্কার করে বলেন যে করা যাবে, তবে তিনি বলেছেন যে বিবেচনা করবেন এবং কেন্দ্রীয় সরকারের যেসব পদস্থ অফিসার আছেন তাঁদের বলেছেন যে, সমস্ত বিষয়টা খতিয়ে দেখুন। এটা করা যায় কিনা। আমরা এ কথাও বলেছি যে, এর জন্য অনেক টাকা ভর্তুকি দিতে হবে, কিন্তু এর ফলে সুবিধা হবে নিচের তলার মানুষদের। নিচের তলার মানুষদের সুবিধার জন্য ১৪টি নিত্যব্যবহার্য জিনিসের উপর ভর্তুকি দেওয়া দরকার। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে বিষয়টি বিবেচনা করে দেখবেন। আর পশ্চিমবঙ্গের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হল যে, এখানে রেশনে যে চাল দেওয়া হয় তার মান নিয়ে প্রশ্ন আছে। ভাঙ্গা চাল দিলে চলবে না, বরাদ্দ বৃদ্ধির প্রশ্ন আছে। বরাদ্দ একটু বাড়াতে হবে। পশ্চিমবঙ্গের মানুষ আতপ চাল খেতে চায় না, সিদ্ধ চাল সরবরাহ করতে হবে। ভর্তুকি দিয়ে কেন্দ্রীয় সরকারের এফ. সি. আই. চালের মানের ব্যাপারে যে নিয়ম কানুন করেছেন তাতে আমাদের আপত্তি আছে। যে পরিমাণ যা থাকা দরকার তার থেকে কম থাকছে। মাননীয় প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দিয়েছেন পশ্চিমবঙ্গের গণবন্টন ব্যবস্থাটা ভাল, তার জন্য তাঁরা যে খেতে চান সেই ভাল চাল দেবার ব্যবস্থা করা হোক।

[3-20 – 4-00 P.M.] (including adjournment)

তাছাড়া অন্য বিষয়ে সেখানে যা আলোচনা করেছি তাতে বলেছি যে, এখানে ময়দা

কলগুলো সব বন্ধ হয়ে গেছে। কারণ হল, ১৯৮৯ সালের আগে এফ. সি. আই-এর মাধ্যমে তারা গম পেতেন। এখানে গম হয় না; পাঞ্জাব, হরিয়ানা, ইউ.পি থেকে গম কিনতে হয়। কিন্তু হুইট কন্ট্রোল অর্ডারের পর সেটাও বন্ধ হয়ে গেছে। ফলে খোলা বাজার থেকে তাদের গম কিনতে হচ্ছে। তারফলে গম আনবার পেছনে যা খরচ তারজন্য উত্তর প্রদেশের ময়দা কলগুলির সঙ্গে প্রতিযোগিতায় এরা পেরে উঠছে না। উত্তর প্রদেশের আটা, ময়দা, সুজি বর্তমানে এখানকার খোলা বাজারে কম দামে বিক্রি হয়। প্রধানমন্ত্রী বিষয়টা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে বলেছেন যে, এক্ষেত্রে কিছু করা উচিত। এইভাবে এখানকার ময়দা কলগুলি যাতে বন্ধ হয়ে না যায় সে বিষয়ে কিছু করা প্রয়োজন বলে তিনি অফিসারদের বলেছেন। আমরা তাঁকে বলেছি, পশ্চিমবঙ্গে এখন কয়লা ও কেরোসিনের সঙ্কট চলছে। এই সময় কিছু বাড়তি কয়লা পেলে ভাল হয়। কেরোসিন পশ্চিমবঙ্গে হয় না, তার উপর পেট্রোল নিয়ে মধ্যপ্রাচ্যে সঙ্কটের ফলে কেরোসিনের সঙ্কট আরও বৃদ্ধি পেয়েছে। কিন্তু কয়লা তো আমাদের দেশেই হয়, কাজেই কয়লা কেন আমরা পাব না? কয়লা আমাদের দরকার মাসে ১ লক্ষ মেট্রিক টন, দেবার কথা ৬৫ হাজার মেট্রিক টন, কিন্তু গত জুন মাসে পেয়েছি ১৯-২০ হাজার মেট্রিক টন। ১৯ হাজার মেট্রিক টনের অল্প কিছু বেশি পেয়েছি গত মাসে। এটা বেশি পরিমাণে দেওয়া উচিত। এ-বিষয়ে তিনি বলেছেন, "পশ্চিমবঙ্গ যাতে কয়লা বেশি পায় তারজন্য ভেবে দেখতে হবে।" আমরা কেরোসিন যাতে আরও কিছু বেশি পাই তারজন্য বলায় তিনি বলেছেন যে, কেরোসিন নিয়ে সঙ্কট আছে, তবে এই ব্যাপারেও তিনি ভেবে দেখবেন। চিনির ব্যাপারে বলেছি, গত বছর চিনির উৎপাদন ছিল ৮৫ লক্ষ মেট্রিক টন, এই বছর উৎপাদন হয়েছে ১ কোটি ৭ লক্ষ মেট্রিক টন। এই বিষয়ে কিছু বাড়াবার কথা বলায় তিনি সেটা ভেবে দেখবেন বলেছেন। সিমেন্টের ব্যাপারে বলেছি, 'প্রাক্তন কেন্দ্রীয় সরকারের আমলে সিমেন্টের লেভি তুলে দেওয়া হয়েছে। তারফলে আজকে বাজারে সিমেন্টের দাম বেড়ে গেছে। আমরা তাঁদের বলেছিলাম যে, লেভি তুলবেন না, কিন্তু কথা শোনেননি তাঁরা।' এ-ব্যাপারে প্রধানমন্ত্রী বলেছেন যে, বিষয়টা তিনি বিবেচনা করে দেখবেন, কারণ যেভাবে সিমেন্টের দাম বেড়েছে তাতে এটা ভেবে দেখতেই হবে। কাজেই আমরা আশান্বিত, হয়ত সিমেন্ট নিয়ন্ত্রণ হবে এবং তার দাম কমবে। তিনি দুটি গুরুত্বপূর্ণ মন্তব্য করেছেন, বলেছেন—"সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটি রাজ্য যেখানে রেশনিং ব্যবস্থা ভাল। সেখানকার সব জায়গার মানুষ এর মাধ্যমে জিনিসপত্র পান। এই ব্যবস্থাকে জোরদার করবার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে সবরকম সাহায্য দেবে।" তিনি উপস্থিত অফিসারদের বিষয়টা দেখবার জন্য বলেন। চোরাবাজারিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তাঁরা যে নির্দেশ দিয়েছিলেন সেইমতো আমরা কিছু অসাধু ব্যবসায়ী এবং চোরাই মাল আটক করেছি। এটা দেখে তিনি বলেছেন যে, ভাল কাজ করেছেন। এই ব্যাপারে ব্যবস্থা নিতে তিনি অর্থ, খাদ্য এবং অন্যান্য বিভাগের অফিসারদের বলেছেন। এরপর ডঃ অসীম দাশগুপ্ত এবং আমি সন্ধ্যা বেলা তাঁদের সঙ্গে বসেছিলাম কয়েক ঘন্টা ধরে খাদ্য সরবরাহের ব্যাপার নিয়ে। আপনার অনুমতি নিয়ে বলছি, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অনুরোধে কেন্দ্রীয় সরকার সেপ্টেম্বর ও অক্টোবর মাসের জন্য বেশ কিছু বরাদ্দ বাড়িয়েছেন, বিশেষ করে পূজা এবং অন্যান্য উৎসবের মরশুম উপলক্ষ্যে। যেমন, সাধারণভাবে যে পরিমাণ চালের বরাদ্দ আছে তার অতিরিক্ত ঐ পূজা উপলক্ষ্যে সেপ্টেম্বর মাসে ১০ হাজার মেট্রিক টন ভাল মানের চাল, অক্টোবর মাসে আরও ১০ হাজার

মেট্রিক টন ভাল মানের চাল দিতে রাজি হয়েছেন। গত বছর কালী পূজা শেষ হবার পর ৫ হাজার মেট্রিক টন চাল এসেছিল। তার আগে এসেছিল ৫ হাজার মেট্রিক টন। এই বছর ২০ হাজার মেঃ টন আরও ভাল চাল এফ. সি. আই. দিতে রাজি আছে। কাজেই সেপ্টেম্বর ও অক্টোবর মাসে আমরা বেশি চাল পাব। ভোজ্য পামোলিভ তেল আনবার পর তেলের দাম কমেছে। সেপ্টেম্বরের জন্য ৪ হাজার মেট্রিক টন এবং অক্টোবর মাসের জন্য ৪ হাজার মেট্রিক টন তেলের বরাদ্দ বাড়িয়ে দেওয়া হচ্ছে। ঐ দুই মাসে এই তেল ৬ হাজারের জায়গায় ১০ হাজার মেট্রিক টন করে পাব এবং এরফলে তেলের দাম কমবে। চিনি ২৬ হাজার মেট্রিক টনেরও বেশি পাই। আমাদের অনুরোধ ছিল ৪০ হাজার মেট্রিক টন করার, সেটা তাঁরা এখন পারছেন না, সেপ্টেম্বর মাসে বাড়তি ২৬ হাজার মেট্রিক টনের উপর আরও ৬ হাজার মেট্রিক টন অতিরিক্ত চিনি বরাদ্দ করেছেন। এটা আমরা যে সাধারণ চিনি সরবরাহ করি তার চেয়ে বেশি আমরা প্রতি সপ্তাহে দিতে পারব এবং আগস্ট মাসে আরও ২ হাজার মেট্রিক টন বেশি এটা দিতে পারব। এটা খুব ভাল ব্যাপার হয়েছে বলে মনে করি। কেরোসিন তেলের এই তীব্র সঙ্কট, তা সত্ত্বেও আমাদের আগস্ট মাসের জন্য ১ হাজার মেট্রিক টন বেশি বরাদ্দ করেছেন এবং সেপ্টেম্বর মাসের জন্য আরও ২ হাজার মেট্রিক টন বেশি বরাদ্দ করেছেন। এর ফলে কেরোসিন তেলের সঙ্কট-এর সমাধান করতে পারব। এক দিকে আমরা রেশনের মাধ্যমে দেবার চেষ্টা করছি আর এক দিকে বরাদ্দ সামান্য হলেও কিছু বাড়ছে, তাতে আমরা কেরোসিনের সঙ্কটটা আরও কিছু সামলাতে পারব। ইতিমধ্যে কলিকাতায় আপনারা লক্ষ্য করবেন যে কেরোসিনের লাইন একটু কমেছে এবং এই অতিরিক্ত বরাদ্দের সাহায্যে আমরা আরও কিছু কমাতে পারব। সুতরাং কেন্দ্রীয় সরকার তার নানা অসুবিধা সত্ত্বেও আমাদের রাজ্যকে আমাদের গণ বন্টন ব্যবস্থা যাতে ঠিক ভাবে চালাতে পারি তার জন্য সাহায্য করছেন এবং কেবল পশ্চিমবঙ্গে নয় সারা ভারতবর্ষে যাতে মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ করা যায় এই বিষয়ে চিন্তা-ভাবনা করছেন। তার জন্য আমরা প্রধানমন্ত্রীকে এবং কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাই।

## STATEMENT UNDER RULE — 346

**Mr. Speaker :** Now the Hon'ble Minister-in-charge of Finance Department, Dr. Ashim Kumar Dasgupta, will make a statement

**Dr. Ashim Kumar Dasgupta :** Sir, with your permission, I rise to make the following statement on the subject of provisional pension to teaching and non-teaching staff of non-Government schools/educational institutions.

With a view to providing immediate financial relief to retiring teaching and non-teaching staff of non-Government Schools/educational institutions, provisional pension and gratuity is sanctioned pending final settlement of pension/gratuity. The purpose is to mitigate any hardship that may be caused due to delay in the issue of final pension payment order which involved closer scrutiny and verification of past services, pay fixation and other details which often take considerable time.

Under paragraph 34 of the West Bengal recognised non-Government educational institutions employees (Death—cum—Retirement Benefit) Scheme, 1981 provisional pension and provisional gratuity is at present sanctioned on the basis of available information. On the basis of such preliminary assessment provisional pension @ 100% of the amount admissible and provisional gratuity @ 90% of the amount admissible can be sanctioned.

At present the validity of the provisional pension thus sanctioned is for 12 months. Government has now decided that this period will be extended to 24 months. This will enable the retiring teachers and employees of these non-Government educational institutions to enjoy the benefit of provisional pension while the other details are verified and steps are taken to issue the regular pension payment order.

While issuing such provisional pension orders, other detailed information has so long been insisted often resulting in delays. To provide further relief to retiring teachers and employees in this respect it has now been decided that even where full service details are not available, the provisional pension will be sanctioned on the basis of the last pay drawn by the teacher/employee (information regarding which is readily available) and on the basis of the total period reckonable for pension as may be certified by the relevant School Board/Managing Committee. Where such certificate is also not readily forthcoming, an affidavit by the retired teacher/employee can also be accepted.

Similar benefits relating to sanction of provisional pension are also being considered in respect of Government employees and employees of other non-Government bodies such as municipalities, panchayats etc.

**Mr. Speaker :** The statement will be circulated.

.....(At this stage the House was adjourned till 4.00 p.m.).....

**(After Adjournment)**

[4-00 – 4-10 P.M.]

**শ্রী ননী কর :** স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে। স্যার, আজকে প্রায় ৫০,০০০ শিক্ষক এবং শিক্ষাকর্মী (মাধ্যমিক এবং প্রাথমিক)—এ. বি. টি. এ. এবং এ. বি. পি. টি. এ.'এর নেতৃত্বে রাজভবনের সামনে উপস্থিত হয়েছেন। তাঁরা মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে একটি স্মারকলিপি উপস্থিত করেছেন। সেখানে প্রধান বিষয় হচ্ছে ইতিমধ্যে, আজকে যেমন পেনশনের বিষয়ে ঘোষণা করেছেন মাননীয় অর্থমন্ত্রী, কিম্বা এর আগে আইন করে যেমন শিক্ষা-কর্মীদের প্রতিনিধিকে নেবার ব্যবস্থা করেছেন, কিম্বা প্রাথমিক শিক্ষা পর্ষদ সারা

রাজ্যে গঠন করার ব্যবস্থা করেছেন, এই সমস্ত বিষয়ে তাঁরা রাজ্য সরকারকে অভিনন্দন জানাবার জন্য ওখানে এসেছেন। এর সাথে সাথে তাঁদের মাস পয়লা বেতন যাতে পান, পেনশনের ব্যাপারে সরলীকরণ এই সমস্ত ব্যাপারেও তাঁরা বলতে এসেছেন। ১৯৮১ সালের আগে যে সমস্ত শিক্ষক পেনশন পাচ্ছেন, তাঁরা যাতে সরকারি কর্মচারিরা যে হারে পেনশন পাচ্ছেন সেই হারে এবং সেই ভাবে পেনশন পান এই সমস্ত কথা এবং শিক্ষাক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের আরও সাহায্য পাওয়ার ক্ষেত্রে রাজ্য সরকার যাতে প্রচেষ্টা গ্রহণ করেন,'এই সমস্ত দাবি তাঁরা উত্থাপন করতে এসেছেন। এই সাথে সাথে প্রাথমিক বিদ্যালয়ে যে সমস্ত বইগুলো দেওয়া হয় সেগুলো আজও দেওয়া হয়নি, সেগুলো যাতে দ্রুত সুষ্ঠু ভাবে দেওয়া যায় এবং নিরক্ষর মানুষকে শিক্ষিত করার জন্য উদ্যোগ গ্রহণ করার জন্য তাঁরা আবেদন করেছেন। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রী ঐ মিছিলে গিয়েছেন, তাঁরা সেখানে স্মারকলিপি গ্রহণ করবেন এবং তাঁরা তাঁদের সঙ্গে কথা বলবেন। আমি সরকারকে অভিনন্দন জানিয়ে এই কথা বলতে চাই যাতে দ্রুত এ. বি. টি. এ. এবং এ. বি. পি. টি. এ.র স্মারকলিপিতে উল্লিখিত আবেদন কার্যকরি হয় সেইভাবে উদ্যোগ গ্রহণ করেন। পঞ্চাশ হাজার শিক্ষক এবং শিক্ষাকর্মীরা এত দূরদূরান্ত থেকে এসেছেন, তাঁদের দাবি কার্যকর করতে যাতে কোনও রকম বিলম্ব না হয় তারজন্য আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাচ্ছি।

## LEGISLATION

### The West Bengal Cooperative Societies (Amendment) Bill, 1990

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission, I beg to introduce the West Bengal Cooperative Societies (Amendment) Bill, 1990.

.... (Secretary then read the Title of the Bill) ....

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission, I beg to move that the West Bengal Cooperative Societies (Amendment) Bill, 1990, be taken into consideration.

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল সংশোধনী এনেছেন দি ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯০ সেই সংশোধনীটিকে সমর্থন করে কিছু কথা বলতে চাই। এখানে যে বিলটি আছে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট ১৯৮৩, সেই ১৯৮৩ সালের বিলটি ১লা আগস্ট ১৯৮৭ সালের থেকে চালু করা হয়েছে। কিন্তু কার্যকর করতে গিয়ে আমরা দেখেছি যে সোসাইটিগুলি চালু করতে গিয়ে দৈনন্দিন কাজকর্মের মধ্যে, পরিচালনা ব্যবস্থার মধ্যে এবং তার কার্যক্রমের যে টেনইওর বা সময় সীমা স্থির করা ছিল তাতে অনেক জটিলতার সৃষ্টি হয়েছে। সেই সবগুলি মিলিয়ে মোট দাবির উদ্দেশ্যে ৩৯টা ক্লজ ধারায় ৩৯টি বিধির মাধ্যমে এই সংশোধনী আনতে চেয়েছেন। আশা করি সেইগুলি সর্বজন গ্রাহ্য হবে। কংগ্রেসিরা নেই, কংগ্রেসিরা থাকলে সমালোচনা করতেন এবং তাতে আরও বুঝতে পারতাম। আমি মনে করি যে পশ্চিমবাংলার বুকে, গ্রামবাংলার বুকে, কৃষক সমাজের বুকে একটা জোয়ারের মতো

আন্দোলন কার্যকর করতে, তার সুদুর প্রসারী ফলাফল জনজীবনে প্রতিফলিত করতে এই সংশোধনী বিল আনা হয়েছে এবং এই বিল খুবই উপকারে আসবে। অতীতের যে ডিফেক্টসগুলি ছিল সেগুলি এখানে সংশোধিত হবে এবং সংবর্জিত হবে। এই কারণে যে বিলটি মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করে বলছি যে, ক্লজ (৪) অ্যাডমিনিস্ট্রেটর সম্পর্কে যে বলা হয়েছে সেকশন ১১তে সেটা সংশোধন করা হয়েছে। সেখানে বলা হয়েছে যে, ১৮৫১ পৃষ্ঠাতে ৪(১) সাব সেকশন সম্পর্কে বলা হয়েছে যে কোনও মেম্বার সম্পর্কে কোনও বক্তব্য রাখা চলবে না। এখানে বলা আছে যে the membership of a cooperative society shall be voluntary and shall be open to all Persons who are eligible for such membership without any social, political or religious discrimination; এখানে প্যারা ২তে একটা নমিনেটেড মেম্বারের কথা বলা হয়েছে, পঞ্চায়েতের নমিনেটেড মেম্বারের কথা বলা হয়েছে এবং সেখানে তার ব্যাপকতার প্রশ্ন এসেছে। ৫ নং ক্লজের সেকশন (ই) ১৪-১৫ মূল ধারার ৯০ তে অ্যাডমিনিস্ট্রেটরের ক্ষমতার কথা বলা হয়েছে। আমরা দেখেছি যে একটা প্রবণতা থেকেই থাকে যে অ্যাডমিনিস্ট্রেটর থাকাকালীন তার মেয়াদ শেষ হয়ে যাবার পরেও কাজ চালিয়ে যাচ্ছে। বিভিন্ন ক্ষেত্রে এই ঘটনা ঘটেছে। আমি সেই প্রবণতার বিরোধিতা করব। সুনির্দিষ্ট সময় সীমার মধ্যে যাতে নির্বাচনের ব্যবস্থা করা যায় সেইকথা বলা হয়েছে ক্লজ (ই) তে সেকথা পরিষ্কারভাবে বলা হয়েছে। As a result, the cooperative societies continued to remain under the management of the administrator or the special officer, as the case may be, for indefinite period. This unfortunate situation has been sought to be remedied by cluses 14 and 15 by adding a new proviso to each of sections 30 and 31 of the principal Act. অ্যাডমিনিস্ট্রেটরদের স্বৈরতান্ত্রিক মনোভাব অনেক সময়ে কাজ করে, সেটা বন্ধ করার জন্যে এই সময় সীমা নির্ধারণ করে দেওয়া দরকার। তারপরে ক্লজ (বি) তে সেটা বলা হয়েছে সেটা নিয়ে একটু আলোচনার দরকার আছে। ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচারাল অ্যাণ্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট এদের সঙ্গে আলোচনা করে কাজ করতে হবে। এই আলোচনার প্রয়োজন আছে, তা না হলে সমবায় ব্যবস্থা কার্যকর করতে খুব ক্ষতি হবে।

[4-10 – 4-20 P.M.]

সেইজন্য আমরা চাইছি ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচারাল রুর‍্যাল ডেভেলপমেন্টের ব্যাপারে যাতে আলোচনার সুযোগ থাকে। সেইগুলি তৈরি করা হচ্ছে ডি-র মধ্যে। তার পরে ক্লজ থ্রীতে বলা হচ্ছে যে আর্থিক সাহায্যদানকারী প্রতিষ্ঠানগুলি কে সদস্য মনোনয়ন করার ক্ষমতা দেওয়া হচ্ছে। ক্লজ সি তে বলা হচ্ছে যে পুরনো যে ক্লজ ছিল ১১, সেখানে সেকশন ২৭মে প্রিন্সিপাল অ্যাক্টে বলা হচ্ছে financial assistance to co-operative societies have been empowered to nominate their nominees on the board of such co-poerative societies and the rights and obligations and other incidents of the office of the directors from different sources have been sought to be specified. একটু সংশোধন করে বলে দেওয়া হচ্ছে যারা পরিচালকমণ্ডলী তাদের দায়িত্ব এই বাধ্যবাধকতা কি বোর্ড অফ ডাইরেক্টারসে আছে সেটা বলে দেওয়া হচ্ছে সুনির্দিষ্ট

করে। এইগুলি আমরা মনে করছি সব সমবায় সমিতিকে জোরদার করতে গেলে খুব সহায়ক হবে। কিন্তু একটা কথা আমি এই প্রসঙ্গে বলি নমিনেটেড মেম্বার নেই। গ্রাম পঞ্চায়েতে এবং পঞ্চায়েত সমিতিতে যারা নমিনেটেড মেম্বার আছে কৃষি উন্নয়ন ও গ্রামীণ উন্নয়ন সমিতিতে সেখানে নমিনেশনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু একটা ত্রুটি এখানে আছে সেটা হচ্ছে পদাধিকার বলে তাদের ভোটদানের ক্ষমতা থাকছে না তারা নমিনেটেড হচ্ছে বাই পঞ্চায়েত। কিন্তু অন্য সমস্ত ফাংশনিং থাকছে। কিন্তু রাইট ফর ভোটিং থাকছে না। এটা যাতে ইন্ট্রোডিউস হয় সেইজন্য আমি অনুরোধ করব। গ্রামীণ কৃষি উন্নয়ন সমিতি তাদের ভোটাধিকার থাকলে সেখানে পঞ্চায়েতকে ডাইরেক্ট যোগাযোগ করে এবং পঞ্চায়েতে-র চিন্তা-ভাবনাকে গ্রামীণ চিন্তা-ভাবনার সঙ্গে একত্রে করার ক্ষেত্রে সহায়ক হবে। সেইজন্য ভোটাধিকার থাকা দরকার। ক্লজ ১৪তে বলছে আলোচনার ব্যবস্থা করতে হবে এবং সমিতি পুনর্গঠিত বা অ্যামালগ্যামেশন করার যে ব্যবস্থা আছে সেটার ব্যাপারে ক্লজ ৯য়ে বলা হচ্ছে যদি কোনও ক্ষেত্রে দেখা যায় সমবায় সমিতিগুলি পাশাপাশি আছে তাহলে তাদের পুনর্গঠিত করা তাদের রিঅর্গানাইজড করা অথবা অ্যামালগ্যামেশন করার যদি প্রয়োজন হয় তাহলে এই সংশোধনীর ফলে সেকশন ৯য়ের ক্লজ ৯য়ে যেটা নাকি পুরনো ছিল সেকশন ২০তে এই ক্লজ ৯ দিয়ে সেটাকে সংশোধন করা হচ্ছে। অ্যামালগ্যামেশান এবং রিঅর্গানাইজেশন করা হচ্ছে। তিন নম্বর কথা হল অডিটের ব্যবস্থা করা—এটা ঠিকমতো সব সমবায় সমিতিগুলিতে হত না, এখন একটা অডিটের ব্যবস্থা করা হচ্ছে। ক্লজ ৩০য়ে এটা ব্যবস্থা করা হচ্ছে। এখানে একটা নিউ প্রভিসন আনা হচ্ছে তাতে বলা হচ্ছে পুরনো যে অ্যাক্টে, সেকশন ৯০ ছিল সেখানে নূতন আইনে সুখময় হবে। enabling the appointment of Costs and Works Accounts as auditors for cost audit or performance audit of the affairs to co-operative societies in certain contingencies mentioned and specified in the said provision. এই সব মিলে আমরা দেখেছি ক্লজ ৩৯-র মাধ্যমে মূল ধারাকে, মূল আইনকে একটু গতিশীল করা এটা একটা গ্রামের পক্ষে সমবায় আন্দোলনের পক্ষে সচল করা হলে সমবায় স্বার্থক হবে। যখন গ্রামের মানুষের প্রয়োজন হবে। আগে আমরা দেখেছি এই সমবায় কৃষি আন্দোলন সমিতিগুলি ছিল কিন্তু তখন ঐগুলি পুরোপুরি সুদখোর, মহাজনরা কুক্ষিগত করে রেখেছিলেন। এখন সেটা থেকে বের করে আনতে গেলে গ্রামীণ মানুষের উপকারার্থে, চাষের উপকারার্থে, এই ব্যবস্থা, সমবায় ব্যবস্থা সমবায় কৃষি উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে গ্রামে অনেক জায়গায় যাচ্ছে। চাষের সুবিধা বাড়ানো হচ্ছে, সারের সুবিধা বাড়ানো হচ্ছে। আগে সব ভাগ, জোক করে নিতো। এবং এই ভাগ জোগ করে নিতো বলে এই আইনটা দরকার ছিল। ১৯৮৩ সালের আইন ১৯৮৭ সালে কার্যকর হল। তিন(৩) বছরের অভিজ্ঞতায় আমরা দেখলাম ত্রুটিগুলি ধরা পড়েছে। এই ত্রুটিগুলি দূর করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন সেগুলিকে সমর্থন করে এবং পঞ্চায়েতের যে নমিনেটেড মেম্বার তিনি যেন ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেটার জন্য সাজেশন রেখে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এখানে কতকগুলি মোটামুটি কাজের

সুবিধার জন্য সরকারি কর্মচারিরা যে মন্তব্য করেছেন তা লিপিবদ্ধ করা হয়েছে। কিন্তু আমার বক্তব্য ছিল কো-অপারেটিভ আইনের কিছু কিছু অসুবিধা থেকে গেছে। সেই অসুবিধাগুলি দূর না করে তাড়াহুড়ো করে এই বিলটিকে আনা হল। আমার মনে হয় এর আগে সিলেক্ট কমিটিতে আলোচনা করে তারপর আনলে ভালো হত। কারণ আমরাও সেখানে আমাদের বক্তব্য রাখতে পারতাম। এই বিলের অনেক ক্ষেত্রে ভালো হয়েছে এটা ঠিকই। কিন্তু কতকগুলি ডিফেক্ট যেটা আছে সেই ডিফেক্ট যথারীতি থেকে গেল। দি ডাইরেকটার অফ দি বোর্ড অফ কো-অপারেটিভ সোসাইটি শ্যাল বি অ্যাকাউন্টেবল টু দি জেনারেল বডি ফর মেম্বার অফ দি কো-অপারেটিভ সোসাইটি। এটাতো সাধারণ কথা যে মেম্বার, ডাইরেক্টার থাকবে। ডুয়েল কন্ট্রোল কো-অপারেটিভে থাকবে। লার্জ সাইজ মার্কেটে একজিকিউটিভ অফিসার মেম্বারদের কথা শোনে না, গভর্নমেন্ট নমিনির কথা শোনে না। ডুয়েল কন্ট্রোলের ব্যাপার। কিন্তু সেক্রেটারির কতখানি কাজ এবং একজিকিটিভদের কি কাজ তা ডিফাইন করা হল না। ডিফাইন করা উচিত ছিল। আজকে যার জন্য গণ্ডগোল হচ্ছে। এটাকে এইজন্য পরিষ্কার করা উচিত ছিল। অ্যামালগামেশনের সঙ্গে কাজের কথা জুড়ে দেওয়া হল, ডিভিসন জুড়ে দেওয়া হল। অ্যামালগামেশন করতে গেলে যে ডিফেক্টটা আছে সেই ডিফেক্টটাকে দূর করতে হবে। অ্যামালগামেশন কে করবে? অ্যামালগামেশন রেজিস্ট্রার করবে, রেজিস্ট্রার করে না। রেজিস্ট্রার ভার দিয়ে দেয় অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারকে। অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার ইন্সপেক্টারকে দেয়। ইন্সপেক্টার উইদাউট কনসালট এনিবডি নট ইভেন দি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক। পরে বলে আমরা ওই গ্রামে থাকি, ওখানে থাকি। তাঁদের সঙ্গে কোনও যোগাযোগ নেই। অ্যামালগামেশনের যে অসুবিধা তার ফলে লায়াবিলিটি হবে। যাঁরা মেম্বার, সেক্রেটারি তাঁদের ভালো করে মাছ, মুরগি খাওয়াতে পারলে তাঁরা সেক্রেটারি এবং ইন্সপেক্টার থাকল তা না হলে একেবারে উঠে চলে গেল। ১০ হাজার টাকা মাপ হয়েছে, মাপ হওয়ার ফলে সমস্ত সোসাইটিগুলো ভায়াবেল হওয়ার সম্ভাবনা ছিল। একে নতুন করে গড়ে তোলবার জন্য আরও চিন্তা ভাবনা করার দরকার আছে। আমি এইজন্য বলছি, এই জিনিসটা আর একটু চিন্তা করলে ভালো হত। একটা কথা এখানে আছে।

[4-20 – 4-30 P.M.]

এরিয়া অফ অপারেশনকে বাদ দিয়ে আপনারা এরিয়া অফ মেম্বারশিপকেই দেখছেন। হাউসিং কো-অপারেটিভ মেম্বারশিপ হবে, না এরিয়া অফ মেম্বারশিপ হবে, সেটা বুঝতে পারছি না। সাত, আট জনকে নিয়েও তো একটা হাউসিং কো-অপারেটিভ হতে পারে, এটা ভালো করে ডিফাইণ্ড করতে হবে। আরেকটা জিনিস ভালো হয়েছে, আমি যেটা বলছিলাম In the first proviso, for the words "no order for amalgamation or reorganisation of any cooperative bank shall be made without prior consultation with the Reserve Bank of India." রিজার্ভ ব্যাঙ্ক ছাড়া এটা করা যাবে না। প্রাইমারি সোসাইটির মেম্বারদের সঙ্গে কন্সালটেশন করার ব্যবস্থা এর মধ্যে থাকলে ভালো হত। কিন্তু যে মেম্বার এফেক্ট হবে, তাদের সঙ্গে কনসাল্ট করে এটা করলে ভালো হত, বাই ফোর্স অ্যামালগামেশন করাটা ঠিক নয়। আমি আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব ঐ অ্যামালগামেশনের ব্যাপারটা। ছোট ছোট গ্রামের ক্ষেত্রে দেখা যাচ্ছে, সেটা সমবায়ের

যে নীতি সেই নীতির বিরোধিতা করা হচ্ছে। সমবায়ের মধ্য দিয়ে সকলের মত নিয়ে সমবায়কে জোরদার করতে ইন্সপেক্টার-এর মতামত নিয়ে এটা করা উচিত বলে আমি মনে করি। জেলা পরিষদ থেকে একজন সদস্য দেওয়া যাবে এটা ভালো হয়েছে। আর আজকে যারা ডিফল্টার মেম্বার তাদের সদস্য করা যাবে না, এটাও ভালো হয়েছে। কারণ ডিফল্টার লোক যদি মেম্বার হয়, সেখানে যায়, তাহলে সেটা খুব খারাপ দেখায়, এই আইনটা খুব ভালো হয়েছে। আমি আরেকটা জিনিস বলতে চাই কো-অপারেটিভের ক্ষেত্রে এখানে Section 14, in section 30 of the principal Act, "Provided further that if the administrator or administrators appointed under sub-section(1) or Sub-section(2) fall to reconstitute the board within the period of three years from the date of dissolution of the board, they shall be removed from office and thereupon the Registrar shall reconstitute the board in the manner laid down in the proviso to clause (a) of sub-section(1) of section 25. অ্যাডমিনিস্ট্রেটারের ক্ষেত্রে যদি এটা থ্রি ইয়ারস না হয় তাহলে কি হবে। রেজিস্ট্রার রি-কন্সটিটুট দি বোর্ড, তিন বছর পর রেজিস্ট্রার রি-কম্পটিউট করবে, এটাকে তিন বছর না করে এক, দুই বছর করা দরকার। কারণ, তিন বছর একটা বোর্ড একটা অ্যাডমিনিস্ট্রেটারের অধীনে থাকলে, সেই কো-অপারেটিভের অবস্থা খারাপ হয়ে যাবে, তাই আমি এটা বিবেচনা করতে অনুরোধ করছি। আরও কতগুলি জিনিস এই বিলের মধ্যে ভালো হয়েছে, যেমন ইণ্ডিভিজুয়াল মেম্বার সেখানে নেওয়া হবে না, আগেকার যে রাইট ছিল সেটা এখন উইথড্র করা হয়েছে। অ্যামালগামেশনের ব্যাপারটা আর অ্যাডমিনিস্ট্রেটারের তিন বছরের ক্ষমতা এই ব্যাপারটার প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, আপনি এটা একটু বিবেচনা করবেন। এক, দুই বছরের মধ্যে ওখানে বোর্ড দিতে পারলে ভালো হয়, এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষচন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সভায় যে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ অ্যামেণ্ডমেন্ট বিল, ১৯৯০ উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। যদিও বিলটা বেশ বড় আকারের, এরমধ্যে যথেষ্ট জটিলতা আছে, দীর্ঘ আলোচনার সুযোগ হলে ভাল হত, তবুও কয়েকটি বিষয় এই বিলের মধ্যে যেটা উল্লেখ আছে একটা মূল সমবায় আইনের কিছু সংশোধনের জন্য তাতে যথেষ্ট জটিলতা দূর করবে বলে আমি মনে করছি। এই বিলের প্রধান উদ্দেশ্য হল সব রকমের সমবায় সমিতিগুলিতে সুষ্ঠু পরিচালন ব্যবস্থা গড়ে তোলা, এই উদ্দেশ্যে মূল সমবায় আইনে বিধান করা হয়েছে। পশ্চিমবঙ্গে সমবায় ব্যবস্থা পাঞ্জাব, হরিয়ানা, গুজরাট, রাজস্থান, কেরল বা কর্ণাটক প্রভৃতি রাজ্যগুলি থেকে বহু বিস্তৃত এবং শক্তিশালী নয়। আমাদের এই রাজ্যে গ্রামীণ কৃষি অর্থনীতির পুনরুজ্জীবনে সমবায় ব্যবস্থার উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করার সম্ভাবনা আছে এই বিলের মধ্য দিয়ে। কিন্তু নানা অব্যবস্থার দরুন প্রচলিত সমবায় ব্যবস্থা এখনও কার্যকর ভূমিকা গ্রহণ করতে সক্ষম হয়নি। পাঞ্জাব, রাজস্থান, গুজরাট প্রভৃতি রাজ্যগুলিতে প্রতি বছর সমবায় যে পরিমাণ অর্থ কৃষি এবং কুটির শিল্পে স্বল্প দীর্ঘ মেয়াদী ঋণে লগ্নি করে থাকে পশ্চিমবঙ্গে সমবায়ের বাৎসরিক স্বল্প দীর্ঘ মেয়াদী লগ্নির পরিমাণ ঐ সকল রাজ্যের চেয়ে কম, আবার ঋণ শোধের পরিমাণও কম। এই অব্যবস্থার উন্নতি ঘটানো দরকার

এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সমবায় ব্যবস্থা প্রসারিত করা এবং সুষ্ঠু পরিচালন ব্যবস্থা গড়ে তোলার জন্য যেমন আইন প্রণয়ন আবশ্যক ঠিক তেমনি কৃষকদের মধ্যে সমবায়ে যোগদান করার জন্য অনুপ্রেরণা ব্যাপকভাবে সৃষ্টি করা দরকার। কেবলমাত্র পরিচালন ব্যবস্থার জন্য আইনে অফিসারদের ক্ষমতা বৃদ্ধি করে সমবায়ের প্রসার করা সম্ভব নয়। আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখেছি যে অধিকাংশ জেলায় এবং ব্লক স্তরে সমবায় দপ্তরে বহু অফিসারের পদ দীর্ঘকাল যাবৎ খালি পড়ে আছে। আবার ঋণ আদায়ের সময় এ আর সি এস এবং সি ডি ও বা সমবায় ব্যাঙ্কের কার্যনির্বাহী অফিসারদের বদলি করে দেওয়া হচ্ছে। সুতরাং সমবায় ডাইরেক্টরকে সুষ্ঠুভাবে মূল্যায়ন করার ব্যবস্থা করা হয়নি, অফিসারদের মধ্যে বিরোধের ফলে সমবায় সমিতিগুলির ক্ষতিও হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন। আর একটা বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলতে চাই এই বছরে বর্তমান ঋণ মুকুব করার প্রকল্পে যারা ইচ্ছাকৃতভাবে ঋণ পরিশোধ করেনি বর্তমানে তারা পুরস্কৃত হচ্ছে। ইচ্ছাকৃতভাবে যারা ঋণ পরিশোধ করেনি তাদের সার্টিফাই করা খুব সহজ সাধ্য নয়।

[4-30 – 4-40 P.M.]

কারণ আমাদের অভিজ্ঞতায় দেখেছি সেই পুরানো আমলে সমবায় সমিতিগুলিতে যাদের আখড়া হয়েছিল, যারা দীর্ঘ ১০/২০ বছর একটানা সমবায় সমিতিগুলির কর্মকর্তা হয়েছিলেন এবং যারা পরিবারের বিভিন্ন সভ্যের নামে ঋণ গ্রহণ করেছিলেন, নিজেদের আর্থিক সঙ্গতি থাকা সত্ত্বেও এই ঋণ পরিশোধ করার ইচ্ছা প্রকাশ করেন নি, তারাই কিন্তু আজকে পুরস্কৃত হচ্ছেন। আর ঋণ গ্রহীতা সমবায় সদস্য তারা সকলেই ঋণ পরিশোধ করেছেন, তারা কিন্তু পুরস্কার পাচ্ছেন না। এই সব ঋণ গ্রহীতারা যথা সময়ে ঋণ গ্রহণ এবং পরিশোধ করে থাকেন, তারাই সত্যিকারের গরিব মানুষ। তারা এই ঋণ নিয়ে কৃষি, মৎস্য, অন্যান্য কুটির শিল্পের কাজে লাগিয়েছিলেন। তারা কিন্তু যথারীতি নোটিশ পেলেই টাকা শোধ দিয়ে থাকেন এবং তাদের শোধ দেবার টেণ্ডেন্সি আছে। আর যারা এতদিন ধরে ঋণ পরিশোধ না করে বসেছিলেন তারাই আজকে পুরস্কৃত হলেন। এই ঋণ পরিশোধকারীদের এখন সত্যিকারের মানসিকতা অন্যদিকে চলে গেছে তারা ভারছেন ঋণ শোধ না দিলেও কোনও না কোনও সময়ে কোনও সরকার এটাকে মকুব করে দেবেন পরের বছরগুলিতে। তার ফলে ঋণ আদায় করা বেশ কষ্টকর হয়ে পড়বে। সুতরাং যারা ঋণ গ্রহণ করে যথা সময়ে পরিশোধ করে দিচ্ছেন তাদেরকে কোনও ভাবে পুরস্কৃত করা যায় কিনা, সেই চিন্তা ভাবনা করতে অনুরোধ করছি। তাদেরকে ইন্টারেস্ট সাবসিডি প্রকল্পে আনা যায় কিনা সেই বিষয়ে চিন্তা ভাবনা করতে অনুরোধ করছি। কৃষি সমবায় সমিতি প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েত এলাকায় আছে এবং বাস্তবিক পক্ষে একটা গণতান্ত্রিক পদ্ধতিতে এই সমবায় সমিতিগুলি কিছু কাজ কর্ম করে থাকে। তাদের কাজ কর্ম সঠিক ভাবে না হলে তার বিকল্প ব্যবস্থা হিসাবে তাদেরকে পরবর্তী নির্বাচনের মাধ্যমে বা অন্যভাবে সরিয়ে পুনরায় নতুন করে কাজ শুরু করা যেতে পারে। পুরানো লোকের আখড়া সরে গেলেও এখনও কিছু কিছু ব্যতিক্রম চোখে পড়ে। অফিসারদের সঙ্গে যুক্ত কিছু ব্যক্তির নানা অবৈধ কাজ কর্মের উদাহরণ এখনও খুঁজে পাওয়া যায়,

সেইগুলি দূর করা দরকার। আমি লেবার কো-অপারেটিভের নাম উল্লেখ করছি। বাস্তবিক পক্ষে এই লেবার কো-অপারেটিভ এক বা একাধিক ব্যক্তির নিয়ন্ত্রণে থাকে, প্রকৃত লেবারদের খুব কম জায়গাতেই খুঁজে পাওয়া যায়। গরিব মানুষ-এর সই করে এনে একটা জায়গায় লেবার কো-অপারেটিভ করলে এবং ঐ লেবার কো-অপারেটিভের ডাইরেক্টর হলে ঐ এলাকার মোটামুটি একজন প্রভাবশালী ব্যক্তি এবং তিনিই এর নিয়ন্ত্রণ করেন। লেবাররা সেখানে প্রক্টিক্যালি বঞ্চিত হলেন। ফলে এক বা একাধিক ব্যক্তি তাদের নিজেদের কয়েকজনের মধ্যেই এই সুযোগ সুবিধাগুলি ভাগ করে নিচ্ছেন। এই ব্যাপারটা একটু দেখা দরকার। অডিটরের কথা বলা আছে। কিন্তু অডিট যখন হয় তখন সেখানে প্রকৃত তথ্যগুলি তুলে ধরা যায় না। পঞ্চায়েতের সেখানে সুযোগ থাকেনা বলে ওরা লেবার কো-অপারেটিভ করে বড় বড় কন্ট্রাক্টরের কাজ পর্যন্ত নেয় এবং এই ভাবে তারা কাজ করে চলেছে। এছাড়া মৎস্য সমবায় আছে। এখন প্রকৃত মৎসজীবী মৎস্য সমবায়ে কেউ নেই। মৎস্যজীবীদের নাম করে এই মৎস্য সমবায় গঠিত হচ্ছে এবং এক বা একাদিক ব্যক্তি তারা গ্রামের মধ্যে গিয়ে সরকারি পুকুর, খাল লিজ নিয়ে অন্য কাউকে সাব-লিজ দিয়ে দিচ্ছে। এই ভাবে কয়েকজন ব্যক্তি এটা ভোগ করছে। সমবায়ের উদ্দেশ্য হল বেশি সংখ্যক গরিব লোককে সরকারি সাহায্য, ঋণের সুযোগ করে দেওয়া যাতে করে তারা উপকৃত হতে পারেন। কিন্তু কিছু ব্যক্তি বিশেষের স্বার্থে অন্য রকম হতে দেখা যাচ্ছে। ফলে সমবায়ের মধ্যে বিভিন্নভাবে কিছু কিছু দুর্নীতির লক্ষ্যণ দেখা যাচ্ছে যেটা পরবর্তীকালে সমাজের ক্ষতির কারণ হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে এগুলি দূরীকরণের জন্য অনুরোধ জানাচ্ছি। যে সমস্ত জায়গায় সমবায় এবং ল্যাম্ব আছে সেখানে পঞ্চায়েতের নমিনি থাকে না। পঞ্চায়েতের যারা সদস্য বা প্রতিনিধি তারা অংশ গ্রহণ করতে পারেন না বলে সেখানে প্রকৃত ঐ ল্যাম্বগুলিতে কি কাজ হয় বা তারা সাধারণ মানুষের স্বার্থে কি ভাবে কাজ করতে পারে সেটা সুস্পষ্ট হয়না। সেই নমিনি যাতে এখানে দেওয়া যায় সে জন্য অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুরজিতশরণ বাগচী :** মাননীয় স্পিকার মহাশয়, আজকে সমবায় মন্ত্রীর পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব এনেছে মূল সমবায় আইনের সেই সংশোধনী প্রস্তাবকে সাধারণভাবে সমর্থন করছি। বিরোধীপক্ষহীন এই সভা। হয়ত অনেক কিছুই আলোচনা করার ছিল বিরোধীপক্ষের আলোচনার পরিপ্রেক্ষিতে কিন্তু তার সুযোগ আমরা গ্রহণ করতে পারছি না। এখানে সংশোধনীর মধ্যে যা আছে তা হচ্ছে একটি শব্দের পর একটি শব্দ বা একটি সেনটেন্সের পর আরও কিছু শব্দ। মূল উদ্দেশ্য হচ্ছে, সমবায় আইনের মধ্যে যে ল্যাকুনাগুলি ছিল, যে পশ্চাতপদতা ছিল, যে অভাব ছিল, কয়েক বছরের কাজের মধ্যে দিয়ে ডিপার্টমেন্ট যেগুলি বুঝেছেন তা এই সংশোধনীতে নিয়ে এসে সংশোধন করে আইনটাকে গতিশীল করার চেষ্টা করেছেন। আমরা সাধারণভাবে এই যে মূল উদ্দেশ্য এই মূল উদ্দেশ্য সম্পর্কে একমত। কিন্তু সমবায় আইনটা যদি আমরা ত্রুটিহীন করতে না পারি, সমবায়ীদের স্বার্থে পরিচালিত করতে না পারি বা সেইভাবে প্রণয়ন করতে না পারি এবং দেশের সাধারণ মানুষ যারা সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে নিজেদের অবস্থাকে উন্নত করতে পারে তাদের পক্ষে নিয়ে যেতে না পারি তাহলে আমাদের মূল উদ্দেশ্য ব্যাহত হতে পারে। আপনি জানেন স্যার,

কংগ্রেস আমলে একটা সময় ছিল যখন সমবায় আন্দোলন মূলত ধনী কৃষকদের হাতে থাকতো অর্থাৎ যারা সমাজের সংখ্যাগরিষ্ঠদের বিরুদ্ধে তাদের হাতে থাকত। কংগ্রেসের পরে অনেক বছর চলে গিয়েছে এবং সমবায়ের অবস্থাও অনেকটা পাল্টেছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই কিন্তু কংগ্রেস আমলের সময় যা হয়েছে সে ব্যাপারে একটু আত্মসমালোচনা করার দরকার আছে বলে আমি মনে করি। আমরা যারা বামপন্থী আন্দোলন করেছি, কংগ্রেস আমলে আমরা সমবায় আন্দোলনের মধ্যে ঢুকতে চাইতাম না। তারপর সমবায় অন্দোলনে যখন ঢোকার প্রয়োজনীয়তা এল তখন দেখা গেল কিছু কিছু সমবায় বিশেষ করে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, সেন্ট্রাল ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক এই ধরনের সংস্থাগুলিতে ধনী কৃষকদের স্বার্থ রক্ষা যারা করেন, যাদের আমরা বলতে পারি সমবায়ের ঘুঘু, বাস্তু ঘুঘুর বদলে কো-অপারেটিভ ডোভস, তারা বিভিন্নভাবে এগুলি দখল করে বসে আছে। আমরা বামপন্থীরা তাদের সরাতে পারি নি। আমরা মিটিং, মিছিল করেছি কিন্তু আমরা সমবায়ের আন্দোলনের মধ্যে ১৯৭৭ সালের আগে পর্যন্ত প্রবেশ করতে পারিনি বা তার চেষ্টাও করি নি। কংগ্রেস আমলে ধনী স্বার্থবাজ যারা তাদের হাতে এগুলি ছিল এবং তার ফলে যে রেওয়াজ দাঁড়িয়েছে সেটা আমি বলছি। একটা সংশোধনী সম্পর্কে বলছি। পার্টফোরে দেখবেন। সেখানে ৪ নম্বর ধারার 'ডি'র একটা সাব-ক্লজে ১,২,৩ করে বলা আছে যে যদি সারপ্লাস হয় কোনও কো-অপারেটিভ সোসাইটিতে তাহলে কি ভাবে ব্যয় হতে পারে এবং সে সম্পর্কে একটা এক্সপ্ল্যানেশন দেওয়া হয়েছে।

[4-40 – 4-50 P.M.]

এটা অনেকদিন থেকেই আছে। এখন সাধারণ মেম্বারশিপের সার্ভিসে যারা আছেন তাদের এনজয়মেন্টের জন্য ব্যয় হয় কিনা আমি জানিনা। আমার অভিজ্ঞতা যা, আমি গ্রামাঞ্চলে থাকি, অনেক সমবায় আন্দোলনের সঙ্গে মাঝে মাঝে যেতে হয়, তা থেকে আমি একথা বলতে চাই যে আমাদের ওখানে একটা বড় ব্যাঙ্ক আছে ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক। কো-অপারেটিভ ডিপার্টমেন্টের বোধ হয় এক নম্বর ব্যাঙ্ক, সবচেয়ে বেশি এখানে আদায় হয়। সেই ব্যাঙ্কের ডাইরেক্টর যারা তাদের অ্যানুয়াল জেনারেল মিটিংয়ে একটা করে টিটন ঘড়ি দেওয়া হয় ফর দেয়ার এনজয়মেন্ট অনলি, নট দি শেয়ারহোল্ডার্স। আমি কয়েকটি কো-অপারেটিভ সম্পর্কে সঠিক ভাবে বলতে পারি যেমন—কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক। সেখানে এক বছর ডাইরেক্টরদের দেওয়া হল স্যুটকেস কিন্তু নট ফর অল। তারপরে আর একবার দেওয়া হল সুন্দর বাটার জুতো। অর্থাৎ জুতোনো হল ডাইরেক্টরদের। কাজেই আমি যে কথা বলতে চাচ্ছি যে এখানে স্পষ্ট ভাবে বলা উচিত ছিল এনজয়মেন্ট সম্পর্কে। এনজয়মেন্টটা ডাইরেক্টরদের জন্য, না কমন এনজয়মেন্ট হবে—এটা স্পষ্ট ভাবে বলা উচিত ছিল। কংগ্রেস আমলের কিছু কিছু লোক গ্রামাঞ্চলের এই কো-অপারেটিভগুলি এখনও দখল করে আছে এবং কংগ্রেস আমলে যে ভাবে দুর্নীতি হত সেই ভাবে তারা এখনও সেগুলি প্রয়োগ করে যাচ্ছে নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য। আমার মনে হয় এই যে আইন আছে, এটা আরও এক্সপ্ল্যানেটোরি হওয়া উচিত এবং এটা আরও বেশি এক্সপ্লানেটোরি হলে হয়ত পরবর্তীকালে আমরা তার কিছুটা উন্নতি করতে পারব। সাধারণভাবে এই বিল আমি সমর্থন করছি। মন্ত্রী মহাশয় থাকলে সুবিধা হত, কারণ সমবায় আন্দোলনের সাধারণ গতিপ্রকৃতি সম্পর্কে তাকে

বলতে পারতাম। আমি তা সত্ত্বেও আজকে বিধানসভায় একথা বলতে চাই যে সমবায় আন্দোলন নিয়ে যদি আমাদের ভাবতে হয়, আমাদের যদি সমবায় আন্দোলনকে আরও বেশি জোরদার করতে হয়, একে যদি গতিশীল করতে হয় তাহলে এই সমস্যাগুলি সম্পর্কে আরও বেশি চিন্তা ভাবনা করতে হবে। আমি এখানে আর একটা কথা বলব মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে। বর্তমানে যে দ্রব্যমূল্য বৃদ্ধির ঘটনা ঘটছে সারা ভারতবর্ষ জুড়ে তাতে পশ্চিমবঙ্গের মানুষও দুর্ভোগের মধ্যে পড়ছে। আমি সাধারণ ভাবে বলতে চাই যে, যে সমস্ত কনজিউমার কো-অপারেটিভ আন্দোলন আছে সেগুলি পশ্চিমবঙ্গে প্রায় মৃত, যদিও কাগজে কিছু কিছু নাম দেখানো হয়েছে। কিছু কিছু বড় বড় কনজিউমার কো-অপারেটিভ আছে। আমার মনে হয় এগুলিকে যদি গতিশীল করতে হয় তাহলে এগুলি সম্পর্কে চিন্তা-ভাবনা করতে হবে। সুভাষ নস্কর বলেছেন বলে এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই। সমবায় ঋণের ছাড়ের ব্যাপারে মন্ত্রী মহাশয় নির্দেশ দিয়েছে যে পর পর ২ বছর ব্যাপক ক্রপ ফেল হলে সেই এলাকায় ঋণ ছাড় দেওয়া হবে ১৯৮৬ সালের পরবর্তীকালে। এখানে উইলিং আর আনউইলিং—অর্থাৎ কে শোধ দিতে উইলিং, আর কে শোধ দিতে আনউইলিং সেটা আমাদের যে আর্থ-সামাজিক কাঠামো তাতে কে বিচার করবে, কে নির্ধারণ করবে? আমি জানি না, এটা নির্ধারণ করবে কে, এই সম্পর্কে একটা আর্বিট্রারী ডিসিশন হবে যে আমলাতন্ত্র যারা তারা আন্দোলনকে ধংস করে দিচ্ছে। দেশের সাধারণ মানুষের স্বার্থে আসছে না। আমি আমার এলাকার কথা বলি, আমার এলাকায় একটা সমবায় সমিতি লিকুইডেটেড হয়ে গেছে। কয়েক লক্ষ টাকা আত্মসাৎ করেছেন কংগ্রেস আমলের একজন কংগ্রেসি লোক, যিনি সেক্রেটারী ছিলেন, তিনি লিকুইডেট করে দিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত তার বিরুদ্ধে এমন কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি সমবায় দপ্তর থেকে, সেই ভদ্রলোকের বিরুদ্ধে ক্রিমিন্যাল কেস নিয়ে এসে, তাকে এখনও পর্যন্ত গ্রেপ্তার করা যায়নি। কোথায় যেন একটা ইন্টিগ্রেশনের অভাব আছে। হোম ডিপার্টমেন্টের সঙ্গে কো-অপারেটিভ সেকশনের কোথায় যেন একটা অসুবিধা আছে। এই যে সমবায় ঋণ দেন সমবায় সমিতিগুলো, এই সমিতিগুলোর আর্বিট্রারী একটা কী ডিসিশন হবে, আমি ঠিক বুঝতে পারছি না। এইগুলোর দিকে নজর দেওয়া উচিত। এই যে কৃষি সমবায় সমিতি, এই সম্পর্কে আমার অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখা গেছে, পটাশপুর সেলমাবাদ কৃষি সমবায় সমিতি, সেখানে ১৬ হাজার টাকা কৃষি ঋণ নিল অথচ শোধ করল না, তার সম্পত্তি ক্রোক করার জন্য কোনও পরোয়ানা জারি করা হল না, অথচ ১১০০/১২০০ টাকা ঋণ নিয়েছে, তাদেরকে লাল চিঠি দিয়ে সম্পত্তি ক্রোক জারি করা হয়েছে, তাদের সম্পত্তি ক্রোক করার নির্দেশ দেওয়া হয়েছে। তাকে আমাদের প্রতিরোধ করতে হচ্ছে। এই যে অবস্থাগুলো, এই অবস্থা যদি চলে তাহলে কেবল মাত্র একটা আইন পাস করে কয়েকটি শব্দ বদল করে নুতন কয়েকটা শব্দ বসিয়ে দিই, তাহলে সমস্ত সমবায় আন্দোলনকে গতিশীল করতে পারব না। আমরা যারা বাম পন্থায় বিশ্বাস করি, তারা মনে করি সমবায়কে গ্রাস রুট-এ নিয়ে যাবার জন্য যে ভূমিকা নেওয়া দরকার, সমস্ত মানুষের এক সঙ্গে প্রত্যক্ষ হস্তক্ষেপ দরকার ঐক্যবদ্ধ ভাবে। সমবায় সমিতিতে প্রত্যক্ষ হস্তক্ষেপের কথা ভাবতে হবে। শুধু মাত্র সংশোধনী দিয়ে সমবায়কে গতিশীল করা যাবে না। এই সমবায়কে সক্রিয় করতে হলে সাধারণ মানুষের অংশ গ্রহণের মধ্যে দিয়ে গতিশীল করতে হবে। তাহলেই সমবায় বিভাগ আরও সক্রিয় হতে পারে। আরও আমলাতান্ত্রিক নির্ভরতা পরিত্যাগ

করতে হবে। স্বাভাবিক কারণে সমবায় মন্ত্রী আজকে যে সমবায় আইনের সংশোধনী এনেছেন, সেই সংশোধনীকে সমর্থন করছি। তা সত্ত্বেও কিছু অপ্রাসংগিক কথা হয়তো বললাম, কারণ আজকে সমবায়ে গতিশীলতা আনতে গেলে আমার ধারণা এই সমস্ত সমস্যাগুলোকে যদি বিচার না করি, এই সমস্ত সমস্যাগুলোকে বিচার করে সংশোধন করবার চেষ্টা না করি, তাহলে কেবলমাত্র আইন সংশোধন করে শেষ লক্ষ্যে পৌছতে পারব না সেই আশঙ্কা আমার রয়েছে। সেই জন্য আমার বক্তব্য আমি আর দীর্ঘায়িত করতে চাই না। সমবায় আন্দোলনকে জোরদার করবার যে আশা নিয়ে যে সংশোধনী এনেছেন মন্ত্রী মহাশয়, সেই আশা পূরণ হোক এটা আমার আকাঙ্খা, কামনা, এবং পূরণ হলে নিশ্চয়ই ভাল হতে পারবে। সেই জন্য তাঁর এই যে সংশোধনী আইন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 – 5-00 P.M.]

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ১৯৮৩ সালের যে কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট, তার কতকগুলো সংশোধনী আইনমন্ত্রী এখানে উপস্থিত করেছেন সমবায় মন্ত্রীর অনুপস্থিতিতে, এটা নীতিগত ভাবে সমর্থন না করার কিছু নেই। কারণ সমবায়ের যে আইন, তার মধ্যে ১৯৮৩ সালে আইনের যে অসঙ্গতিগুলো ছিল, সেই আইন প্রয়োগ করতে গিয়ে যেখানে ত্রুটি বিচ্যুতি এবং অভিজ্ঞতার ভিত্তিতে যে বিষয়গুলো এসেছে, সেইগুলো সংশোধনীয় আইন আকারে এখানে উপস্থিত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন ভারতবর্ষের অন্যান্য অনেক রাজ্যের মতো সংগঠিত হয়ে ওঠে নি। এখানে সমবায় সম্বন্ধে মানুষের ধারণা খুব একটা ভাল নয়। সমবায় ভিত্তিতে কাজ করার চেতনার অভাব আছে। গুজরাট, মহারাষ্ট্র, হরিয়ানা, পাঞ্জাব প্রভৃতি ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে যে ভাবে কো-অপারেটিভ সোসাইটি বা সমবায় সমিতিগুলি গড়ে উঠেছে, সেভাবে পশ্চিমবঙ্গে গড়ে ওঠে নি। আমাদের বিগত দিনের অভিজ্ঞতা হচ্ছে, গ্রামাঞ্চলে সমবায়ের নামে সর্বত্র কিছু কিছু সাইন বোর্ড ছিল—কৃষি ঋণ দান সমিতি বা ল্যাণ্ড মর্টগেজ সমিতি বা সেন্ট্রাল কো-অপারেটিভ সোসাইটি—এবং সেগুলি সবই গ্রামাঞ্চলের ধনী কৃষকদের, সম্পন্ন চাষীদের কুক্ষিগত ছিল। তারাই সমস্ত সমবায় সমিতির কর্মকর্তা ছিলেন এবং কো-অপারেটিভের সমস্ত সুযোগ সুবিধা ভোগ করত। ফলে সমিতিগুলি দুর্নীতিতে ভরে গেছিল। যারা সাধারণ শেয়ার হোল্ডার ছিল, তারা ঋণের টাকা পরিশোধ করার পরও দেখা যেত তাদের নামে ঋণ পরিশোধের নোটিশ গেছে, ক্রোকের নোটিশ গেছে, পুলিশ গেছে। কারণ ঋণ শোধ করা সত্ত্বেও খাতা-পত্রে যথারীতি তা শোধ করা হ'ত না, কর্মকর্তারা বা ডাইরেক্টররা তা মেরে দিত, সাধারণ মানুষের কাছ থেকে ঋণের টাকা আদায় করে তারা গা ঢাকা দিত। এই ভাবে বহু সমবায় সমিতি অচল হয়ে গেছে, লিকুইডেট হয়ে গেছে। পরবর্তীকালে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে সব জায়গায় সমবায় আন্দোলন গড়ে উঠেছে বা সমবায় সম্বন্ধে মানুষের চেতনা গড়ে উঠেছে, এই ধারণাও ঠিক নয়। বহু জায়গায় দেখা গেছে সমিতি গুলি এক একটি গোষ্ঠীর কুক্ষিগত হয়ে গেছে। সেই গোষ্ঠীর যারা তারা কোন প্রভাবশালী রাজনৈতিক দলেরও হতে পারে, সেখানে তারাই সমবায় সমিতিগুলিকে পরিচালনা করছে এবং সমিতিগুলিকে নিজেদের কুক্ষিগত করে রেখেছে। সর্বত্রই এই চেষ্টা চলছে এবং এরকম দৃষ্টান্ত বহু আছে। মাননীয় মন্ত্রী তাঁর অভিজ্ঞতার ভিত্তিতে এখানে একটা অ্যামেণ্ডমেন্ট

এনেছেন এবং বলছেন, সমবায় সমিতির যাঁরা সদস্য হবেন, the membership of a co-operative Society shall be Voluntary and shall be known to the persons who are eligible for such membership for social and political discreminition. তিনি এই যে আইনের সংশোধন করছেন, এটা প্রয়োগ করবে কে? একটা সমবায় সমিতি নিশ্চয়ই সবার জন্য উন্মুক্ত থাকবে। সমস্ত স্তরের মানুষ, যে রাজনৈতিক দলের সমর্থক হোন না কেন, যে ধর্মেই বিশ্বাসী হোন না কেন, সমাজের যে স্তরেরই মানুষ হোন না কেন সমবায় সমিতির সদস্য হতে পারবেন। এই কথাটা নীতিগত ভাবে, আদর্শগত ভাবে ভাল। কিন্তু এই আইন অনুযায়ী সমবায় সমিতিগুলি—মন্ত্রী মহাশয়ের দৃষ্টিভঙ্গি এবং যুক্তি অনুযায়ী সমবায় সমিতিগুলি—সবার কাছে উন্মুক্ত হবে, সবাইকে সুযোগ সুবিধা দেবে, এটা কার্যকর করার ব্যবস্থা কী? আইনে কতগুলি ভাল কথা লিপিবদ্ধ করলেই কি তা বাস্তবে প্রয়োগ করা যাবে? বাস্তব পরিস্থিতি তা নয়। কারণ আজকের দিনে গ্রামাঞ্চলে সংকীর্ণ দলীয় স্বার্থে বহু ঘটনা ঘটছে। বিরোধী মতবাদের রাজনৈতিক সমর্থকদের সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। এরকম বহু ঘটনায় সারা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চল ছেয়ে গেছে। সুতরাং এই পরিস্থিতিতে এই সংশোধনীকে কার্যকর করার কী ব্যবস্থা গ্রহণ করা হবে আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তা আমাদের বলবেন। এখানে সমবায় সমিতির ডাইরেক্টর বোর্ডের গঠন সম্বন্ধে বলা হয়েছে। তার মধ্যে যে গ্রাম পঞ্চায়েত এলাকার মধ্যে এরিয়া অপারেশন সেই এরিয়া অপারেশনের মধ্যে যে সোসাইটি আছে সেই সোসাইটির মধ্যে গ্রাম পঞ্চায়েতের একজন নমিনি নিয়োগ করতে পারবেন। ভাল কথা, আবার পঞ্চায়েত সমিতির এরিয়ার মধ্যে সেখানে নিয়োগ করতে পারবেন, জেলা-পরিষদেও করতে পারবেন। এখানে কিন্তু ভোটিং রাইট থাকছে না। তাহলে যেখানে পরিচালক সমিতির মধ্যে নিয়োগ করা হয়েছে, দায়িত্ব দেওয়া হয়েছে অন্যান্য নির্বাচিত ডিরেক্টরদের মতন করে তারা কেন সেই পাওয়ার এনজয় করতে পারবে না? কারণ এখানে দেখা গেছে, যেখানে স্কুল পরিচালন কমিটি আছে সেখানে গভর্নমেন্ট নমিনি আছে। সেখানে সাব-ইন্সপেক্টর নিয়োগ করা হয়। সেখানে একজন পঞ্চায়েত সমিতির সদস্য থাকছেন। তার ভোটিং রাইট আছে। সুতরাং তার যদি ভোটিং রাইট থাকে তাহলে কো-অপারেটিভের মতন জায়গায় যেখানে প্রসারিত দৃষ্টিভঙ্গি এবং কো-অপারেটিভ চেতনা গড়ে তোলবার জন্য এবং কো-অপারেটিভের যে ক্রটি-বিচ্যুতি আছে তা দুর করবার জন্য এই যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাহলে যারা নমিনেটেড সদস্য হচ্ছেন তাঁদের ভোটিং রাইট কেন থাকবে না, তাদের ভোটিং রাইট থাকা উচিত বলে আমি মনে করি। এখানে একটা জায়গায় বলা হচ্ছে, ক্লজ ৪ ওয়ান(ই) তে, The Co-operative Society shall arrange for the education of its members office-bearers and employees and of people in the pinciples and practices of Co-operation. এই এডুকেশন কে দেবেন? কো-অপারেটিভ সংক্রান্ত ব্যাপারে তার দৃষ্টি ভঙ্গি, কো-অপারেশনের মধ্য দিয়ে জনসাধারণের চেতনার মান উন্নত করে গড়ে তুলে সমবায় ভিত্তিতে কাজগুলি করার এই মানসিকতা আনার যে প্রচেষ্টা এই এডুকেশন দেবেন কারা? কিছু আমলা? যে আমলারা এই কো-অপারেটিভের মধ্যে এসে বলবে ঋণ দেওয়া নেওয়া এই কাজ করুন আর যে সমস্ত সোসাইটির মধ্যে নানারকম দুর্নীতি আছে সেগুলি ম্যানেজ করে দেওয়া যা আমরা প্রতিনিয়ত দেখি, যে সমস্ত ব্লক স্তরের কো-অপারেটিভে ইন্সপেক্টর এবং অফিসাররা আছেন তাঁরা কাজ করেন কি? তাদের কাজ সেই

এলাকার মধ্যে যে কো-অপারেটিভগুলি আছে, কৃষি ঋণদান সমবায় সমিতি বলুন আর মৎস্যজীবী সমবায় সমিতি বলুন কিম্বা অন্যান্য নেচারের যে সমস্ত সমবায় সমিতি আছে তার কথা বলুন—তাদের ত্রুটি-বিচ্যুতিগুলি, খাতাপত্রগুলি যে ডিরেক্টর বোর্ড আছে সেই ডিরেক্টর বোর্ডের সঙ্গে যোগাযোগ করে—একজন মাননীয় সদস্য যে কথা বললেন, মুরগি খান, টাকা খান, মাছ খান, মাংস খান—এইরকম ভাবে চুরি জোচ্চুরিগুলি ঐসব উপঢৌকন নিয়ে ঢেকে দেন, খাতাপত্রগুলি রেগুলরাইজ করে দেন। সুতরাং তাঁদের উপর যদি এডুকেশনের দায়িত্ব দেন তাহলে কিছু হবে না। এডুকেশন এইভাবে হবে সমবায়ের নামে সাইনবোর্ড টাঙিয়ে তার মধ্য দিয়ে অর্থ সংস্থানের ব্যবস্থা করা, নিজেদের প্রভাব-পতিপ্রত্তি ঘাটানো, ক্ষমতা কুক্ষিগত করা এবং তা করে সাধারণ মানুষকে নিষ্পেশন করা এবং তাদের আত্মীয়-পরিজনকে পাইয়ে দেওয়া এবং যে সমস্ত দুর্নীতি হবে সেগুলিকে ঢেকে দেবার চেষ্টা করা। সুতরাং এটাই আমার প্রশ্ন যে এডুকেশন কারা দেবেন, কে দেবেন? আর একটি কথা বলছি, আপনি ক্লজ(৯)তে বলেছেন যে একাধিক কো-অপারেটিভ সোসাইটি কিছু কিছু এলাকার মধ্যে বা পাশাপাশি এলাকার মধ্যে আছে সেইসব কো-অপারেটিভগুলির পরিচালন ব্যবস্থাকে ঠিকমতো চালাবার জন্য ১/২/৩ এইরকম একাধিক কো-অপারেটিভগুলিকে অ্যামালগামেশন করে যাতে ভালভাবে চালানো যায় সেইজন্য এইভাবে সংশোধনী আনতে চাইছেন। এটা করবার ক্ষেত্রে আমার মনে হয় অনেক জায়গায় অর্থাৎ বেশিরভাগ জায়গায় এটা করা সম্ভব হবে না। এইজন্য বলছি, কো-অপারেটিভগুলির মধ্যে যে মধু আছে সেই মধু যে যার নিজের মতন করে খাবার চেষ্টায় আছে, ধান্দায় আছে।

[5-00 – 5-10 P.M.]

সুতরাং একটা জায়গায় কেউ একটু শক্তিশালী কেউ একটু দুর্বল। যে দুর্বল সে ভাবে যা আছে, যদি একটু প্রভাবশালী যে আছে তার সঙ্গে মিলি তাহলে এককভাবে যে সুযোগ সুবিধা পাচ্ছি সেটা পাওয়া যাবে না। যারা একটু বেশি প্রভাব বা ক্ষমতাশালী বা একটু বেশি বুদ্ধিমান যারা অ্যামেলগ্যামেশনে সমবায়ের উন্নতির নাম করে সমস্তটা চুষে খাবার চেষ্টা করছে। সুতরাং অ্যামেলগ্যামেশন ঠিক নয়, বরং ইণ্ডিভিজুয়াল কো-অপারেটিভ, ইচ অ্যাণ্ড এভরি কো-অপারেটিভ যদি স্বনির্ভর হয় সমবায়ের চেতনা ভিত্তিতে পাবলিক ইন্টারেস্টে সেই সমবায়গুলি ঠিক ঠিক ভাবে পরিচালিত হয় সেদিকে গুরুত্ব দেওয়া দরকার। অ্যামালগ্যামেশনের নামে তাদের কোঠারি ভীত বিস্তৃত হবে, ক্ষমতার আরও সুযোগ সুবিধা গ্রহণ করবে। অন্যান্য কো-অপারেটিভ সোসাইটির এদিকটা আপনাদের কাছে বলতে চাই। আমাদের এখানে যে সমস্ত কো-অপারেটিভগুলি আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় যে ল্যাণ্ড মর্টগেজ কো-অপারেটিভ মাননীয় আইন মন্ত্রী নিশ্চয় জানেন—এই সমস্ত কো-অপারেটিভগুলি একেবারে ঘুঘুর আড্ডাখানা। আমরা যে বাস্তু ঘুঘুর কথা বলি সত্যই এখানে বাস্তু ঘুঘুর আড্ডা হয়ে আছে। এদের আধিপত্য ভাঙ্গতে পারবেন না, যতই আইন করুন না কেন, আমরা দেখছি তারা কিভাবে কাদের মেম্বার করবে। এমন ভাবে নির্বাচন করা হবে যে আইনগত ভাবে তারাই নির্বাচনে জিতবে। মেম্বারশিপ নেবার পর তারপর কৃষি ঋণ দিয়ে কেউ বা ডিফল্টার আছে তারাই ভোটার হয়, এই ভাবে তারা ক্ষমতায় আসে, এদের তাড়ানোর ক্ষমতা আপনার নেই। এই অবস্থা চলছে। এই কো-অপারেটিভগুলি ল্যাণ্ড মর্টগেজ ব্যবস্থা আমরা গ্রামাঞ্চলে দেখছি।

এদের কিছু এজেন্ট আছে, এখন নিয়ম করেছেন পঞ্চায়েত সমিতির থ্রু দিয়ে রেকমেণ্ডেসন নিয়ে আসতে হবে। এখন দেখা যায় বিশেষ করে ল্যাণ্ড মর্টগেজ তাদের কিছু কিছু লোক গ্রামাঞ্চলে কাজ করে, তারা ঘুরে ঘুরে খোঁজ নেয় যে, কাকে লোন দেবে, কোনও পঞ্চায়েত সমিতি ধরে কারও নিজস্ব একটু ল্যাণ্ড আছে, তার ল্যাণ্ড ডেভেলপমেন্টের জন্য লোক খোঁজে তার সঙ্গে একটা পারসেন্টেজ থাকে যে এই লোনটা পাইয়ে দেব, পাইয়ে দিলে শতকরা কতটাকা করে দিতে হবে। এই লোনটা দীর্ঘস্থায়ী সাধারণ মানুষ পেলে তার সুবিধা। সেই প্রলোভনে পড়ে তারা দালালের কাছে দলিল, পরচা সমস্ত দিয়ে দেয়। তারা সেগুলি নিয়ে গিয়ে ফর্ম ফিলাপ করে পঞ্চায়েত সমিতিতে ডিমাণ্ড পুশ করে। বলে রেকমেণ্ড করে দিন, লোন পাব, রেকমেণ্ড করে দেয় এই ভাবে লোন পায়। ল্যাণ্ড মর্টগেজের ক্ষেত্রে যদি সমবায়ের, চেতনা মানুষের মধ্যে গড়ে তুলতে না পারেন তাহলে ভস্মে ঘি ঢালা হবে, এই রকম চলছে। সুতরাং কো-অপারেটিভ এর ক্ষেত্রে অন্যান্য রাজ্যের তুলনায় এখানে অনেক ব্যাকওয়ার্ড অবস্থা। পঞ্চায়েতের সমিতি যদি সমবায় চেতনা না গড়ে তুলতে পারেন তাহলে কিছুই কার্যকর হবে না। অন্যান্য সোসাইটি যা আছে যেমন, মৎস্যজীবী এবং কনজিউমার সোসাইটি যা আছে তাতে দেখছি একজন বা দুজন যা আমরা গ্রামাঞ্চলের মৎস্যজীবী সোসাইটিতে দেখছি। সেখানে মৎস্যজীবী কো-অপারেটিভের নামে সুন্দরবন অঞ্চলে সরকারের ভেস্টেড ল্যাণ্ড বিশাল বিশাল আছে। আজকে সেইসব জমি যেগুলো লিজ-আউট কনডিশনে আছে আজকে সেগুলো কো-অপারেটিভ মনোভাবাপন্ন মানুষদের নিয়ে কো-অপারেটিভ করে তাদের মধ্যে দিতে হবে। এরপর চিন্তা করতে হবে ইণ্ডিভিজুয়ালদের কথা। সেখানে যারা রেজিস্ট্রেশন পেয়েছে তারা নিজেদের মধ্যে চুক্তি করে রেখেছে যে, এদিকটা জে. এল. আর. ও., বি. এল. আর. ও.-রা দেখবে। আমাদের ওখানে এইভাবে এরিয়া ভাগ করে রাখা হয়েছে। সেখানে তারা রাম-শ্যাম-যদুর নামে মেম্বারশিপ দেখাচ্ছে, শো করছে। সেইসব কো-অপারেটিভ কী কাজ করে কেউ জানে না। তারফলে কো-অপারেটিভের মাধ্যমে একজন লোক লাভ করছে। তারা আবার সেইসব সাব-লিজ দিচ্ছে। এই জিনিস থেকে বোঝা যায় যে, কো-অপারেটিভের অবস্থা কিরকম আমাদের দেশে। কাজেই কো-অপারেটিভ হলেই আপনাদের স্যাংশন পেয়ে যাবে সেটা ঠিক নয়। যথার্থভাবে কো-অপারেটিভ চলছে কিনা সেটা দেখতে হবে। ব্লকে যেসব কো-অপারেটিভ ইনস্পেকটর আছে সেইসব ইনস্পেকটরদের দিয়ে ঠিকমতো কাজ করান, তাদের কাজে লাগান। আজকে যতটুকু কো-অপারেটিভ আইন আছে তার মাধ্যমে যদি কাজ করেন, পঞ্চায়েতকে যদি এই কাজে লাগান তাহলে খানিকটা কাজ হতে পারে, কো-অপারেটিভগুলি চলতে পারে। অপর দিকে ঋণ পরিশোধ নিয়ে কথা উঠেছে। কেন্দ্রীয় সরকার ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ মুকুব করেছেন। ঋণ দান সমিতিতে দেখেছি যারা ওখান থেকে ঋণ পায় তাদের মধ্যে ছোট চাষীরা সময়মতো ঋণ পরিশোধ করে, কিন্তু বড় চাষীরা সেই ঋণ পরিশোধ করছে না। তারা অন্য নামে ঋণ নেয়, কিন্তু বছরের পর বছর ঋণ পরিশোধ করে না। অন্য একটি পরিবারের কাউকে দেখিয়ে তারা এইভাবে টাকা নিয়ে যাচ্ছে। আজকে এখানে যে আইন সংশোধন করা হচ্ছে, নীতিগত ভাবে এটাকে সমর্থন করা যায়, সমর্থনও করছি, কিন্তু আমার প্রশ্ন হল, সমবায়ী মনের মানুষ নিয়ে কো-অপারেটিভগুলি গড়ে উঠছে না। আইন করে কিছু কো-অপারেটিভ গড়ে তোলা হচ্ছে ঠিকই, কিন্তু সেইসব কো-অপারেটিভের মধ্যে দুর্নীতি থেকে যাচ্ছে। কাগজে-কলমে সেইসব দুর্নীতিকে চাপা দিচ্ছেন,

হিসাব দিচ্ছেন যে, কো-অপারেটিভ ভালভাবে চলছে। কিন্তু বাস্তব চেহারা মোটেই ভাল নয়। আমি মন্ত্রী মহাশয়কে বলব, আইন সংশোধন করছেন ভাল কথা, কিন্তু কো-অপারেটিভ যাতে সচল হয়, কো-অপারেটিভ চিন্তা-ভাবনা নিয়ে যাতে কো-অপারেটিভগুলি গড়ে ওঠে সেদিকে পদক্ষেপ নেবেন। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 – 5-18 P.M.]

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অনুপস্থিত তাই আমি বিলটা এখানে উপস্থিত করেছি। আনন্দের কথা সমস্ত মাননীয় সদস্য এই বিলটাকে সমর্থন করেছেন। বিলটি ১৯৮৩ সালে আনয়ন করা হয়েছিল, সেই বিল যখন কার্যে পরিণত করা হ'ল তারপর ১৯৮৭ সালে ১লা আগস্ট কাজ করার সময় দেখা গেল বিভিন্ন দিক থেকে নানা আপত্তি আসছে। বলা হ'ল এই বিলটা সম্পূর্ণ নয়, নানা ফাঁক থেকে যাচ্ছে, এই বিলটা নিয়ে কাজ করলে সঠিক ভাবে সমবায়ের কাজ করা যায় না। সেই জন্য ওই বিলটা সঠিক ভাবে করা হয়েছে। এর জন্য একটা বোর্ড তৈরি করা হয়েছিল, সেই বোর্ডকে বলা হয়েছিল যে বিলটা সম্পূর্ণ কিনা দেখার জন্য এবং বিলটাকে যদি সঠিক করতে হয় তাহলে সাজেশন দিতে। তাঁরা সেই বিলটা দেখে এবং বোর্ডের সুপারিশ অনুযায়ী আজকে এই পরিবর্তিত বিল আনা হয়েছে। তাঁদের সুপারিশ অনুযায়ীই এই বিল আনা হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য। সিলেক্ট কমিটিতে এই বিল পাঠাবার আর দরকার নেই। এই বিলটাকে পুংখানুপুংখ ভাবে দেখে এখানে আনা হয়েছে। বোর্ডের কো-অপারেটিভ সম্বন্ধে যে বক্তব্য ছিল, তারা যে সুপারিশ করেছেন সেই গুলি ভালো ভাবে দেখে বিশেষ ভাবে সেই সুপারিশগুলি গ্রহণ করা হয়েছে। এই বিলটা বরং কো-অপারেটিভের কাজ করার জন্য, কো-অপারেটিভ আন্দোলনকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য হাজির করা হয়েছে। এই কথা ঠিক যে আমাদের রাজ্যে কো-অপারেটিভের চেতনা খুব কম, আমাদের এখানে সমবায়ের চেতনা কম থাকার জন্য সমাজের কিছু স্বার্থান্বেষী লোক সমবায় দখল করে বসে আছে। মুভমেন্ট করেও তাদের সরানো যাচ্ছে না। সরানো যাচ্ছে না বলেই বিলটাকে একটু সরলীকরণ করা হচ্ছে এবং মানুষের মনে যাতে কো-অপারেটিভ চেতনা গড়ে তুলতে পারি তার চেষ্টা করা হচ্ছে। ভবিষ্যতে আমরা নিশ্চয়ই স্বার্থান্বেষী লোকেদের হাত থেকে যাতে কো-অপারেটিভ উদ্ধার করতে পারি তার চেষ্টা করব। কো-অপারেটিভ মুভমেন্ট আমাদের রাজ্যে সঠিক ভাবে হচ্ছে না। এটা যাতে করা যায় তাই এই বিল নিয়ে আসা হয়েছে এবং সেই অনুযায়ী সঠিক ভাবে কাজ করার চেষ্টা করছি। এখানে গভর্নমেন্ট নমিনি ভোটার নয়, প্রথমে ছিল না এখনও নেই। অন্যান্য নির্বাচিত সদস্য আছেন সেই নির্বাচিত সদস্যরাই কো-অপারেটিভ চালাবেন সেখানে নমিনির কোন প্রশ্ন আসে না। এখানে বিভিন্ন যে দুর্নীতিগুলি হয় সেইগুলি ধরার জন্য বর্তমানে অডিটের ব্যবস্থা করা হয়েছে, আগে অডিটের ব্যবস্থা ছিল না। নিয়মিত অডিটের ব্যবস্থার মাধ্যমে দুর্নীতি ধরা যাবে বলে মনে করছি। মাননীয় সদস্য বাগচী মহাশয় বলেছেন অনেক কো-অপারেটিভ লিকুইডেশনে চলে যায় তাদের ধরার ব্যবস্থা কী আছে। অনেকে টাকা চুরি করে পালিয়ে যাচ্ছে, তাদের ধরার ব্যবস্থা কোথায় আছে। এইগুলি যাতে না হতে পারে তার জন্য নিকটবর্তী যে কো-অপারেটিভ আছে সেই কো-অপারেটিভের সঙ্গে এক সঙ্গে করে দেবার ব্যবস্থা করা হয়েছে।

কো-অপারেটিভের টাকা মেরে দিয়ে পালিয়ে যাচ্ছে সেটা ধরার জন্য এই প্রশ্ন এসেছে। আগে অ্যামালগামেশনের প্রশ্নে কিছু ছিল না। বর্তমান বিলে সেটা আনা হয়েছে। যারা ইচ্ছাকৃত লিকুইডেশনে দিয়ে পালিয়ে যাবার চেষ্টা করছে সেটা রোধ করার প্রচেষ্টা এই বিলের মাধ্যমে করা হয়েছে। তারপর আপনারা দেখবেন আগে যা ছিল একদল অফিসার পদ জবরদস্ত আঁকড়ে ধরে বসে থাকার প্রবণতা ছিল, তাদের সরানো যেত না। এই বিলে সেই ক্ষমতা খর্ব করা হয়েছে, নির্বাচনের ব্যবস্থা করা হয়েছে। নির্বাচনের মাধ্যমে কো-অপারেটিভ পরিচালনা করার চেষ্টা করা হয়েছে। এই সমস্ত কিছুর জন্যই কো-অপারেটিভ বিল আনা হয়েছে। এই কো-অপারেটিভ বিলটা দেখে বড় মনে হলেও কিন্তু খুব বড় নয়। অ্যাক্টটাকে পুংখানুপুংখ ভাবে বিভিন্ন ক্লজ অ্যামেন্ডমেন্ট করার জন্য বড় মনে হচ্ছে, আসলে এমন কিছু বড় নয়। প্রিন্সিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করে সরলীকরণ করার ব্যবস্থা করা হয়েছে যাতে সমবায়ের কাজ সঠিক ভাবে করা যায় সেই ব্যবস্থা করা হয়েছে। সমস্ত মাননীয় সদস্য বিলটাকে সমর্থন করেছেন, আশা করি আবার এই বিলটাকে তাঁরা সমর্থন করবেন।

The motion of Shri Abdul Quiyom Molla that the West Bengal Co-operative societies (Amendment) Bill, 1990, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 39 and Preamble**

**Mr. Speaker :** There are no amendments to Clauses 1 to 39.

The Question that clauses 1 to 39 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1990 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমাদের কয়েকজন মাননীয় সদস্য লবিতে অপেক্ষা করছেন, বসে আছেন। ওঁরা বোধহয় অনশন করছেন। আমি আগেও বলেছি আবার আপনার কাছে বলছি, ওঁরা তিনটে থেকে যে অনশনটা করছেন সেটা গুরুত্বপূর্ণ নয়। ওঁদের দাবিটিও গুরুত্বপূর্ণ নয়। ভুল করে হলেও ওঁদের তো কিছু মানুষ ভোট দিয়ে পাঠিয়েছেন, ওঁদের যে কেউ হঠাৎ অসুস্থ হতে পারেন। সেজন্য আমি আপনাকে অনুরোধ করব, আপনি এখানে ডাক্তারের ব্যবস্থা করুন এবং অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করুন। আপনি যতদূর সম্ভব তা দিয়েছেন। তবে আমি গিয়ে দেখে এসেছি যে বালিশ নেই। ওঁদের রাত্রে যাতে কষ্ট না হয় তারজন্য আপনি বালিশের ব্যবস্থা করে দিন। ওঁরা যখন অনশন করবেন, ছবি তুলবেন এসব ঠিক করেছেন, আপনি ওঁদের বালিশটালিশগুলো দিয়ে দিন এবং হঠাৎ অসুস্থ হয়ে পড়লে ডাক্তার যাতে উপস্থিত থাকেন তার ব্যবস্থা করুন। এছাড়া, ওঁরা যদিও অনশন করছেন তবুও যদি খেতে ইচ্ছা হয়—ধারেকাছে দোকান নেই বিস্কুট বা বোতলটোতল ইত্যাদি খাবার কিছু রাখুন।

এটা স্পিকার হিসাবে আপনি করুন। আপনি সব সময়ে অপোজিশনকে দেখে এসেছেন, পার্লামেন্টারি ডেমোক্রাসিতে সেটাই করা উচিত। আমি গিয়ে দেখে এসেছি ওঁরা বসে আছেন। আমাদের যত অসুবিধাই হোক—অ্যাসেম্বলিতে হয়ত প্রভিসন নেই—আপনি যদি আমাদের বলেন, আমরা দেখব। ওঁদের যাতে অসুবিধা না হয় সেটা আপনি একটু দেখুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ননীবাবুর প্রস্তাব আমি অন্তরের অন্তঃস্থল থেকে সমর্থন করছি।

**মিঃ স্পিকার :** আমি আমার স্টাফকে নির্দেশ দিয়েছি তাঁদের যা দরকার হবে তা করতে। আমাদের দু'জন ডাক্তার যাতে রাত্রে থাকে তার ব্যবস্থা করেছি। আমি সরকারকে খবর দিয়েছি দু'জন ডাক্তার যাতে রাত্রে এখানে থাকেন। তাঁরা যদি বলেন, অন্য প্রয়োজন হলে, কেয়ারটেকার থাকবেন—কি কি দরকার হবে তাঁকে বলবেন। তবে আমার ক্ষমতার মধ্যে যতটুকু আছে সেটা করব। তাঁরা আমার কাছে যা যা চেয়েছেন আমি তার ব্যবস্থা করেছি। এখন তাঁদের যদি বাড়তি কিছু প্রয়োজন হয়, আমার স্টাফ থাকবেন, তাঁদের যা যা দরকার তা করবেন।

## Adjournment

The House was then adjourned at 5.18 p.m. till 1.00 p.m. on Thursday, the 30th August, 1990 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 30th August, 1990 at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, and 167 Members.

[1-10 — 1-20 P.M.]

**Shri Satya Ranjan Bapuli :** Sir, on a point of information.

**Mr. Speaker :** No Information.

**Starred Questions**
**(to which oral answers were given)**

**কলিকাতা পৌর নিগমের নির্বাচনের দিনে হিংসাত্মক ঘটনা**

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭১।) **শ্রী অমিয় পাত্র ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি অনুষ্ঠিত "কলিকাতা পৌর নিগম" (সি এম সি)-এর নির্বাচনের দিন মোট কতজন হতাহত হয়েছেন ; এবং

(খ) ঐ দিন হিংসাত্মক ঘটনা সম্পর্কিত মোট কতগুলি অভিযোগ বিভিন্ন রাজনৈতিক দল ও প্রার্থীর পক্ষ থেকে পুলিশের কাছে দায়ের করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) কেউ হতাহত হয়নি। আহত সাত জন।

(খ) ১৬টি।

গোলমাল.......(Noise and disturbance. Shouting of slogans continued)

**শ্রী অমিয় পাত্র ঃ** কলকাতা পৌরসভা নির্বাচনের দিন কতজন মোট গ্রেপ্তার হয়েছিল?

(Noise and disturbance ...... Shouting of slogans continued)

**শ্রী জ্যোতি বসু ঃ** ১৬টি অভিযোগ সেদিন ছিল যেদিন নির্বাচন হয়েছিল। তবে একটি জায়গা ছাড়া কোনও জায়গাতেই গন্ডগোল হয়নি। এই ৩ হাজার ৬০০টি বুথের মধ্যে একটি জায়গাতে ৭টি বুথে গোলমাল হয়েছিল। যারফলে পরেরদিন ওইখানে আবার নির্বাচন করতে হয়েছিল। কিন্তু আর কোনও বুথে গোলমাল হয় নি, শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে।

(Noise and disturbance ... shouting of slogan continued)

**শ্রী আমিয় পাত্র :** কালকাতা পৌরসভার দিন এই ধরনের গোলমালের কথা কতগুলি ওয়ার্ড থেকে পাওয়া যায়?

(Noise and disturbances shouting of slogans continued)

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বলেছি একটি ওয়ার্ডের ৭টি বুথে কংগ্রেসিরা দখল করে নেয়। গার্ডেনরীচে গুলি চলে, টিয়ার গ্যাস চলে এবং নির্বাচন করা যায় নি। এছাড়া সমস্ত জায়গায় নির্বাচন হয়েছে। কতগুলি জায়গায় নির্বাচনের রিপোর্ট এসেছে যে বোমার আওয়াজ ইত্যাদি পাওয়া গেছে কিন্তু নির্বাচনের কোনও অসুবিধা হয় নি।

(Noise and disturbances shouting of slogans continued)

**শ্রী ধীরেন সেন :** এই যে বোমাগুলির আওয়াজ কোন দলের লোকের কাছ থেকে পাওয়া গেছে?

**Mr. Speaker :** Please take your seats. (pause) Please take your seats.

......(noise and disturbances.....shouting of slogans continued)...... (at this stage, Hon'ble Member, Shri Sadhan Pande was seen going to Mr. Speaker's Podium).....

Mr. Pande, please go to your seat. (pause).. Please take your seats.

....(noise and disturbances ... shouting of slogans continued).... Please take your seats. (pause).... For the last time please take your seats. ..(pause)... For the last time, please take your seats.

...(noise and disturbances ... shouting of slogans continued)...

Mr. Saugata Roy, Mr. Sudip Bandyopadhyay, Dr. Manas Bhunia, Mr. Ashok Ghosh, Mr. Supriya Basu, Mr. Satya Ranjan Bapuli, Mr. Amar Banerjee and Mr. Sultan Ahmed—I name you under rule 347 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly. Please withdraw from the House.

.....(noise and disturbances.. shouting of slogans continued).

[1-10 — 1-20 P.M.]

**Mr. Speaker :** Mr. Bapuli, I have named you under rule 347 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly and I have directed you to withdraw from the House. But you have not withdrawn from the House.

I now, move a resolution under rule 348 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly that Mr. Bapuli be suspended for the remainder period of the Session. I think I have the consensus of the House.

..(The House agreed)..

Mr. Bapuli, Please withdraw from the House.

....(noise and disturbances ... shouting of slogans continued).... Marshal will remove Mr. Bapuli from the House.

..(noise and disturbances ...shouting of slogans continued)....

Mr. Amar Banerjee, Dr. Manas Bhunia, Mr. Sudip Bandyopadhyay, Mr. Saugat Roy, Mr. Asok Ghosh, Mr. Supriya Basu and Mr. Sultan Ahmed, I have named you all under rule 347 of the rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly and I have directed you all to withdraw from the House. But You have not withdrawn from the House.

I now move a resolution under rule 348 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly that Mr. Amar Banerjee, Dr. Manas Bhunia, Mr. Sudip Bandyopadhyay, Mr. Saugata Roy, Mr. Asok Ghosh, Mr. Supriya Basu and Mr. Sultan Ahmed be suspended for the remainder period of the Session. I think I have the consensus of the House.

.....(The House agreed).......

Please withdraw from the House.

..(noise and disturbances... shouting of slogans continued)....

Marshal will remove the suspended Members from the House.

...(Marshal was seen proceeding towards Dr. Bhunia and Shri Banerjee....

(at this stage Hon'ble Member, Shri Amar Banerjee and Dr. Manas Bhunia withdraw from the House)....

....(noise and disturbances... shouting of slogans.... (noise and interruptions)... (shouting of slogans continued)...

..(At this stage the Marshal proceeded towards hon'ble members Shri Saugata Roy, Shri Supriya Basu, Shri Asok Ghosh and Shri Sudip Bandyopadhyay)....

(At this stage hon'ble members Shri Saugata Roy, Shri Supriya Basu, Shri Asoke Ghosh and Shri Sudip Bandyopadhyay withdraw from the House)...

[1-20 — 1-30 P.M.]

**Mr. Speaker :** There will be no question answer today, we will go to the next subject.

## Unstarred Questions

## (to which written answers were laid on the Table)

### হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প

১। (অনুমোদিত প্রশ্ন নং ৬।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** বিগত অধিবেশনের ৩রা মে, ১৯৯০ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *৪০৭ (অনুমোদিত প্রশ্ন নং ৫২৮)-এর উত্তর উল্লেখপূর্বক শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে রয়েছে ; এবং

(খ) রাজ্য সরকার ইতিমধ্যে ঐ প্রকল্প বাবদ মোট কত টাকা ব্যয় করেছেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের মুখ্যসচিবকে সভাপতি (চেয়ারম্যান) করে ১৩ সদস্যের হলদিয়া পেট্রোকেমিক্যালস্ বোর্ড গঠিত হয়েছে।

কেন্দ্রীয় সরকার ১০ই আগস্ট, ১৯৯০ তারিখে নতুন (সংশোধিত) লেটার অব ইনটেন্ট দিয়েছেন।

এই প্রকল্প সম্পাদনের জন্য হলদিয়াতে জমি অধিগ্রহণ এবং অন্যান্য পরিকাঠামোর সুবিধার ব্যবস্থা করা হচ্ছে।

(খ) বিগত ৩১এ মার্চ, ১৯৯০ তারিখ অবধি রাজ্য সরকার এই প্রকল্প বাবদ কিঞ্চিৎ অধিক সাত কোটি টাকা ব্যয় করেছেন।

### জওহর রোজগার যোজনা খাতে কেন্দ্রীয় অনুদান

২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬।) **শ্রী অমিয় পাত্র ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে ৩১শে জুলাই পর্যন্ত জওহর রোজগার যোজনা খাতে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য কত টাকা দিয়েছেন ; এবং

(খ) প্রাপ্ত টাকা জেলাগুলিকে পাঠানো হয়েছে কিনা?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে ৩১শে জুলাই পর্যন্ত জওহর রোজগার যোজনা খাতে কেন্দ্রীয় অনুদানের পরিমাণ ৪৩৫৭.৩৯ লক্ষ টাকা।

(খ) প্রাপ্ত টাকা পুরোপুরি জেলাগুলিকে পাঠানো হয়েছে।

### মেদিনীপুর জেলায় কেলেঘাই ও কপালেশ্বরী নদীর বাঁধ মেরামত

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৬ সালের বন্যার পর মেদিনীপুর জেলার সবং ব্লকের মধ্য দিয়ে প্রবাহিত কেলেঘাই এবং কপালেশ্বরী নদীর বাঁধগুলির কোনও মেরামতি/সংস্কার করা হয়নি ;

(খ) সত্য হলে, উক্ত কাজ কবে নাগাদ করা হবে বলে আশা করা যায় ; এবং

(গ) ১৯৮৬ সালের বন্যায় সময় কপাললোচন ঘাট থেকে বিষ্ণুপুর পর্যন্ত কপালেশ্বরী নদীর বাঁধ রক্ষার জন্য কত টাকা ব্যয় করা হয়েছিল?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং

(খ) না। মেরামত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের অপ্রতুলতা থাকায় অল্প কাজ করা সম্ভব হয়েছে। বর্ষার পর ১৯৯০-৯১ সালে কেলেঘাই ও কপালেশ্বরী বাঁধের অপর কিছু অংশে মেরামতির কাজ করা যাবে বলে আশা করা যায়।

(গ) মোট ৪ লক্ষ ৬৬ হাজার টাকা।

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy and others. The subject matter of the motion in the statement made by the Chief Minister on August 29, 1990 about the F.I.R. made by Miss Mamata Banerjee relating to the assult on her on August 16, 1990. The members may avail of other opportunities namely Calling Attention, Mentions etc. to draw the attention of the Minister concerned. I therefore withheld my consent to, the motion.

## CALLING ATTENTION

**Mr. Speaker:** I have received 2 notices of Calling Attention namely :—

1. Nationwide student agitation over the implementation of Mondal Commission Report : Shri Jayanta Kumar Biswas.
2. New industries for North Bengal : Shri Nirmal Das.

I have selected the notice of Shri Nirmal Das on the subject of New industries for North Bengal.

The Minister-in-charge may please made a statement to-day, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla:** 31.08.90.

**Mr. Speaker:** The Minister-in-charge of Education (Higher) Department to make a statement on the subject of alleged difficulty in admission of students in muffasil college.

(Atttention called by Shri Jayanta Kumar Biswas on 23rd August, 1990)

The Minister-in-charge may please make a statement to-day if possible or give a date.

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Jyoti Basu:** Mr. Speaker Sir, I rise to make the following statement in reply to the Calling Attention Notice given by the Hon'ble Member, Shri Jayanta Kumar Biswas, regarding the scarcity of Honours Courses in the Colleges of West Bengal and hostels for students in Calcutta.

At present there are sufficient number of Honours Courses in the Colleges of Calcutta and the districts. In Calcutta out of 63 Colleges, 50 Colleges have Honours Courses in different subjects. In the districts, out of 225 colleges, 149 colleges have Honours courses in various subjects.

We are trying to increase infrastructural facilities every year to enable more and more colleges to introduce Honours courses.

As regards Hostels, it is stated that out of 63 colleges 25 colleges of Calcutta have Hostel facilities. More hostel accommodation is

necessary and government is seized of the growing requirement and will consider steps keeping in view of our financial resources.

(Noise)

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Health and Family Welfare Departmet will make a statement on the subject of alleged dismal condition of Alipurduar Sub-divisional Hospital.

(Attention called by Shri Nirmal Das on the 27th August, 1990)

(Noise)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালে '৮৫ সাল থেকে স্থায়ী 'সুপার' নেই— ইহা সত্য নয়। ডাঃ মনমোহন দাস '৮৯ সালের অক্টোবর মাস পর্যন্ত সুপার-এর পদে আসীন ছিলেন। তিনি পদত্যাগ করাতে ডাঃ অরূপ রায় প্রথমে অস্থায়ীভাবে ও পরে ৬/২/৯০ তারিখে এইচ/এম/এ ২৬৯/১ আর-৩১২-৮২। আদেশনামায় স্থায়ীভাবে সুপার নিযুক্ত হন।

মেট্রন পদের জন্য যিনি নিযুক্ত হন—তিনি যোগদান করেন নি ও পরবর্তীকালে অবসর গ্রহণ করেন। আলিপুরদুয়ার মহকুমা হাসপাতাল সহ আরও কয়েকটি হাসপাতালে মেট্রন পদের জন্য পাবলিক সার্ভিস কমিশন-এর কাছে নাম চাওয়া হয়েছে।

আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালে মঞ্জুরীকৃত চিকিৎসকের পদের সংখ্যা ১৭। বর্তমানে ঐ হাসপাতালে ১৯ জন চিকিৎসক আছেন।

মঞ্জুরীকৃত শয্যাসংখ্যা অনুযায়ী হাসপাতালে চাদর, মশারি, কম্বল ইত্যাদির কোনও অভাব নেই। জীবনদায়ী ওষুধ-এরও কোনও অভাব নেই। জরুরি প্রয়োজনে অধ্যক্ষকে স্থানীয়ভাবে সংগ্রহ করার অনুমিত দেওয়া আছে।

তাছাড়া মহকুমা হাসপাতালের সমস্যাবলি দেখার জন্য চিফ মেডিক্যাল অফিসারকে নির্দেশ দেওয়া হয়েছে।

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Health and Family Welfare Department will make a statement on the subject of unwillingness of the Doctors of Nadia Zilla Hospital in doing postmortem.

(Attention called by Shri Sadhan Chattopadhyay on 28th August, 1990)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৃষ্ণনগর জেলা হাসপাতালে কয়েকজন মেডিক্যাল অফিসার "পোস্ট মর্টেম" (শব ব্যবচ্ছেদ) করতে অস্বীকৃতি জানিয়েছে ইহা সত্য তবে "শব ব্যবচ্ছেদ" ব্যবস্থা বন্ধ হয়নি। ইচ্ছুক অফিসাররা ঐ কাজ চালিয়ে যাচ্ছেন।

এ সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশাবলি আগেই দেওয়া হয়েছে। সমস্ত মেডিক্যাল অফিসারদেরই "পোস্ট মর্টেম" করার কথা। যে সব অফিসাররা পোস্ট মর্টেম করতে অস্বীকৃতি জানিয়েছে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি চলছে।

## Laying of Report

**Audit Report along with the Certified Accounts of the West Bengal Housing Board for the year 1985-86.**

**Shri Jyoti Basu :** Sir, I beg to lay the Audit Report along with the Certified Accounts of the West Bengal Housing Board for the year 1985-86.

**Twenty-seventh Annual Report on the working and affairs of the Electro-Medical and Allied Industries Ltd, for the Year 1987-88.**

**Shri Jyoti Basu :** Sir, I beg to lay the Twenty-seventh Annual Report on the Working and Affairs of the Electro-Medical and Allied Industries Ltd, for the Year 1987-88.

(Noise)

**Mr. Speaker :** There was a statement by the Minister-in-charge of Finance Department in reply to a Calling Attention Notice by the suspended member Shri Sultan Ahmed on the subject of call for indefinite Trade Bundh in West Bengal. I would now request the Minister-in-charge of the Finance Deparment to lay the statement.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, with your permission, I beg to lay statement on the Table.

(Noise)

**Mr. Speaker :** Now, mention cases.

(Noise)

## Mention Cases

**মিঃ স্পিকার :** শ্রী সাধন পান্ডে..................শ্রী অম্বিকা ব্যানার্জি..................শ্রী সৌগত রায়............শ্রী হবিবুর রহমান..................শ্রী গোবিন্দচন্দ্র নস্কর...............শ্রী দেওকিনন্দন পোদ্দার............শ্রী সুহৃদ বসুমল্লিক..............(অনুপস্থিত)।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল :** (অনুপস্থিত)

**শ্রী দিলীপকুমার মজুমদার :** স্যার, খুব দুঃখের সাথে আমি জানাচ্ছি যে, এবারে

[1-30 — 1-40 P.M.]

বেজিং এশিয়াডে ভারতীয় ফুটবল দল পাঠানো হচ্ছে না। এ.আই.এফ.এ. তারা ফুটবল দল না পাঠাবার সিদ্ধান্ত নিয়েছে এবং কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী এর জন্য গভীর দুঃখ প্রকাশ করেছেন এবং এ.আই.এফ.এ.র সভাপতিকে দায়ী করেছেন। এই প্রথম এশিয়াডে ভারতীয় ফুটবল দল যাচ্ছে না। এতে ভারতীয় ফুটবল দলের প্রচন্ড ক্ষতি হবে। ভারতে লক্ষ লক্ষ ফুটবল প্রেমী মানুষ আজকে মর্মাহত। পশ্চিমবঙ্গে ফুটবলের যে বিশাল জনপ্রিয়তা এবং ফুটবলের যে একটা বিরাট ক্রীড়া ক্ষেত্র এখানে আছে—এই সিদ্ধান্তের ফলে তার বিরাট ভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমি ফুটবলের স্বার্থে এবং আমাদের ক্রীড়ার স্বার্থে মাননীয় মুখ্যমন্ত্রী এবং রাজ্যের ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যে ভারতীয় ফুটবল দল যাতে বেজিং এশিয়াডে যেতে পারে তারজন্য তারা উদ্যোগ গ্রহণ করুন। আমার অনুরোধ যে তারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন যাতে শেষ মুহূর্তে হলেও ভারতীয় ফুটবল দল বেজিং যেতে পারে। স্যার, এই প্রসঙ্গে আমি বলতে চাই যে ফুটবলে যিনি লাথি মারেন নি তিনি আজকে এ.আই.এফ.এর সভাপতি এবং এ.আই.এফ.এর সর্বনাশ করছেন, ফুটবলের সর্বনাশ করছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে পরিশেষে আবার অনুরোধ করব, বেজিং এশিয়াডে ফুটবল দল যাতে যেতে পারে তারজন্য ভারত সরকারের ক্রীড়া দপ্তরের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করে ব্যবস্থা করুন।

(নয়েজ)

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে রাজ্য সরকারের শিল্প দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, উত্তরবঙ্গ এমনিতেই শিল্পে অনগ্রসর এলাকা বিশেষ করে ডুয়ার্স এলাকা। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যিনি শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীও বটে, তিনি ভালোভাবেই জানেন যে কেন্দ্রীয় সরকার অতীতে আমাদের উত্তরবাংলায় শিল্প স্থাপনের ব্যাপারে অনীহা প্রকাশ করেছেন। বর্তমানে একটি অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে কারণ কেন্দ্রে রাষ্ট্রীয় মোর্চা সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, উত্তরবাংলায় একটি সিমেন্ট কারখানা এবং একটি কাগজকল স্থাপন করার ব্যবস্থা করুন। কাগজকলের জন্য প্রয়োজনীয় কাঁচা মাল-বাঁশ এবং নরম কাঠ উত্তরবাংলায় প্রচুর পরিমাণে পাওয়া যায়। সেখানে কৃষি নির্ভর শিল্পও গড়ে উঠতে পারে। জয়ন্তীর ডলোমাইট বিশ্ব বিখ্যাত ডলোমাইট দিয়ে বাংলাদেশ এবং অন্যান্য রাজ্য সিমেন্ট কারখানা করেছে। রাজ্য সরকারের কাছে অনুরোধ, রাজ্য সরকার উদ্যোগ নিয়ে ডুয়ার্স এলাকায় যাতে ভারী শিল্প গড়ে উঠতে পারে তার ব্যবস্থা করুন। সাম্প্রতিককালে জানা গিয়েছে যে কেন্দ্রীয় সরকার রাজ্যে নতুন শিল্প গড়ে তোলার জন্য চিন্তা-ভাবনা করছেন। অতএব এখানে যৌথ উদ্যোগে যাতে শিল্প গড়ে উঠতে পারে সেটা দেখুন। আমি আশা করব, কেন্দ্র এবং রাজ্য সরকারের যৌথ উদ্যোগে সেখানে শিল্প গড়ে উঠবে। স্যার, আপনি জানেন, কংগ্রেস সরকার দীর্ঘ ৪০ বছর ধরে উত্তরবাংলাকে অবহেলিত করে রেখেছিল। কাজেই অনতিবিলম্বে যাতে ডুয়ার্স এলাকায় ভারী শিল্প গড়ে ওঠে তারজন্য আমার অনুরোধ, মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করুন এবং সিদ্ধান্তের কথা উত্তরবঙ্গবাসীকে জানান। উত্তরবাংলার মানুষ গত ৪০ বছর ধরে কংগ্রেসের বঞ্চনার শিকার হয়েছেন, আমার অনুরোধ রাজ্য সরকার তার

অবসান ঘটান এবং কেন্দ্রীয় কংগ্রেস সরকার যে বিমাতৃসুলভ মনোভাবের পরিচয় দিয়ে এসেছেন আজ পরিবর্তিত পরিস্থিতিতে রাষ্ট্রীয় মোর্চা সরকার কেন্দ্রে আসীন হয়েছেন—ডুয়ার্স এলাকায় শিল্প স্থাপনের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার ১০ বছর অন্তর অন্তর যে লোক গণনার কাজ করেন সেই কাজ শুরু হয়েছে মুর্শিদাবাদে। আমাদের মুর্শিদাবাদে লোক গণনার কাজে যে সমস্ত প্রাথমিক শিক্ষকদের ১০ বছর আগে নেওয়া হয়েছিল কোনও রকম বিচার-বিবেচনা না করে, এখন আবার তাদেরই পুনরায় নিয়োগ করা হচ্ছে। তার ফলে এমন বহু বিদ্যালয় আছে যে বিদ্যালয়গুলিতে প্রায় শিক্ষা ব্যবস্থা বন্ধ হতে চলেছে। প্রায় সমস্ত শিক্ষকদের তুলে নেওয়া হচ্ছে। বি.ডি.ও.কে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু কোনও ফল হয়নি। মুর্শিদাবাদে প্রায় ২ থেকে ২।।. শত বিদ্যালয়ে প্রায় শিক্ষা ব্যবস্থা বন্ধ হয়ে গেছে। এই বিষয়ে জেলা শাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। প্রাইমারি স্কুল পর্ষদ, মুর্শিদাবাদ, তার যিনি প্রেসিডেন্ট আছেন তিনি জেলা শাসকের দৃষ্টি আকর্ষণ করেছেন। প্রাইমারি শিক্ষকদের অন্যান্য অর্গানাইজেশনও ডি.এম.-এর দৃষ্টি আকর্ষণ করেছেন। এই ব্যাপারে তার বক্তব্য হচ্ছে, "আমার এই সম্পর্কে কিছু করার নেই।" কাজেই পরিস্থিতি অত্যন্ত জটিল। আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাইমারি শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তা নাহলে প্রাইমারি শিক্ষা ব্যবস্থা বন্ধ হতে চলেছে। সে জন্য এই সম্পর্কে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

( গোলমাল)

**শ্রী হিমাংশু কোনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। এই বছর দীর্ঘদিন ধরে বর্ষার ফলে সারা পশ্চিমবঙ্গব্যাপী রাস্তা-ঘাটের অবস্থা খুব খারাপ হয়েছে। মেদিনীপুর থেকে কেশপুর, কেশপুর থেকে চন্দ্রকোণা এবং ওদিকের কেশপুর থেকে নাড়াজোলা পর্যন্ত এই রাস্তাগুলি খুব বিপর্যস্ত অবস্থায় এসে দাঁড়িয়েছে, কোথাও কোথাও গর্ত হয়ে গেছে। যদিও কিছুদিন আগে রিপেয়ারিংয়ের কাজ করা হয়েছিল কিন্তু সেই রাস্তাগুলি পুনরায় মেরামত করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। গ্রামবাংলায় যে সমস্ত রাস্তা তৈরির জন্য মাটি দেওয়া হয়েছিল সেগুলি নষ্ট হয়ে গেছে। প্রবল বর্ষার জন্য সেই মাটিগুলি ধুয়ে গেছে। যে সমস্ত কালভার্ট করার পরিকল্পনা ছিল সেগুলি সম্পূর্ণ করা যায়নি, কোথাও গর্ত খোঁড়া অবস্থায় আছে। যেহেতু অতি বর্ষণের ফলে সেই সব জায়গা ডুবে গেছে সেহেতু পঞ্চায়েত বিভাগের উপরে বেশি টাকা বরাদ্দ করুন, রাস্তাগুলিকে পুনরায় ভালো করে নির্মাণের জন্য। এই অনুরোধ আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে করছি।

[1-40 — 1-50 P.M]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা যেভাবে চিৎকার করছে তাতে কি মনে হচ্ছে যে ওরা ২৪ ঘণ্টার অনশন করেছেন? ২৪ ঘণ্টা অনশন করলে তো গলা

শুকিয়ে যাবার কথা। এরা কি ২৪ ঘন্ট অনশন করেছেন? স্যার, ওদের একটু জল দিন। স্যার, ২৪ ঘণ্টা অনশনের নমুনা দেখুন। অনশন একটা সম্মানীয় জিনিস। এই অনশনের মাধ্যমে অনেক বড় বড় প্রতিবাদ হয়েছে। কিন্তু ওরা যেভাবে তারস্বরে চিৎকার করছেন তাতে কি মনে হচ্ছে যে ওরা ২৪ ঘণ্টা অনশন করেছেন? আগে অনশন একটা অস্ত্র ছিল। বড় বড় বহু অনশন হয়েছে। ওরা সেই অনশনের পথে গেছেন। কিন্তু দেখা যাচ্ছে যেভাবে ওরা চিৎকার করছেন এটা তো ২৪ ঘণ্টা অনশনের লক্ষণ নয়। এটা তো অনশনের অবমাননা করা। এটা একটু পরীক্ষা করে দেখতে হবে যে কি ব্যাপার হচ্ছে।

(গোলমাল)

আপনার কাছে অনুরোধ যে ওদের একটু পরীক্ষা করে দেখা দরকার। স্যার, গোবিন্দবাবু কিভাবে চিৎকার করছেন দেখুন একবার।

(গোলমাল)

**শ্রী পান্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং পূর্তমন্ত্রীর একটি জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়া জেলার জয়পুর বিধানসভা কেন্দ্রের ৫৩টি মৌজার মানুষ এখনও বিচ্ছিন্ন হয়ে রয়েছে। তারা বাস যোগাযোগ থেকে বঞ্চিত হয়ে রয়েছে, বাস সম্পর্কে তাদের কোনও ধারণাই নেই। তাছাড়া ঐ এলাকাতে ১৯৬৬ সালে একটা জুনিয়ার হাই স্কুল অনুমোদন পেয়েছিল, আজকে ২৫ বছর ধরে ওখানকার ছেলেরা ক্লাশ ফাইভ, সিক্স পর্যন্ত পড়তে পারছে তারপর তারা আনন্দমার্গী পরিচালিত স্কুলে ভর্তি হচ্ছে। শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ, বিষয়টা একটু দেখবেন। কারণ ওখানকার ছাত্র-ছাত্রীদের আনন্দমার্গীদের থেকে বিচ্ছিন্ন করার ব্যবস্থা করা উচিত। ঐ এলাকার মানুষ, জয়পুর কড়কড়া, এই ২৫ কিলো মিটার রাস্তাকে যাতে পিচ করা হয়, তার ব্যবস্থা করুন এবং ঐ জুনিয়ার স্কুলটাকে মাধ্যমিক স্কুল-এ পরিণত করার ব্যবস্থা করুন।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে খাদ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি। গতকাল খাদ্যমন্ত্রী বিবৃতি দিয়েছেন দিল্লি থেকে ফিরে যে আগামী মাস থেকে খাদ্যের যোগান রেশনে বাড়বে গম, চাল ভোজ্য তেল, কেরোসিন তেল, এই সব বেশি করে সরবরাহ করা হবে। সেইগুলো যাতে কালোবাজারিদের হাতে না চলে যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমি বীরভূম জেলার সাঁইথিয়ার কথা বলছি, সেখানে যখন ওয়াগান থেকে মাল খালাস করা হয়, তখন সেই মাল লরি বোঝাই করার সময়েই কালোবাজারিদের হাতে চলে যায়। এটা যাতে না হয়, সেই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী স্বদেশ চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। পশ্চিম দিনাজপুর এর ৬০ ভাগ টেলিফোন বিকল হয়ে গেছে, অথচ টেলিফোনের ভাড়া প্রতি মাসে আদায় করা হচ্ছে। সুতরাং এই বিষয়টা টেলিকমিউনিকেশন দপ্তরের জেনারেল ম্যানেজারের কাছে যেন লেখা হয় যাতে এইগুলো সত্ত্বর রিপেয়ার করার ব্যবস্থা করা হয় এবং যে মৃত টেলিফোনের জন্য ভাড়া বাবদ আদায় করা হচ্ছে সেটা যেন

বন্ধ হয়। এবং জেনারেল ম্যানেজারকে এই বিষয়ে একটা রিপোর্ট দিতে বাধ্য করুন যে এই রকম টেলিফোন বিকল হওয়ার কারণ কি?

**শ্রী সুরজিতস্মরণ বাগচি ঃ** স্যার, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, মণ্ডল কমিশনের সুপারিশের ভিত্তিতে পশ্চাৎপদ সম্প্রদায়ের জন্য এবং অর্থনৈতিক ভাবে অনগ্রসর শ্রেণীর জন্য কেন্দ্রীয় সরকার সরকারি চাকুরি সংরক্ষণের সিদ্ধান্ত ঘোষণা করেছেন। এই প্রস্তাবকে আমরা স্বাগত জানিয়েছি এবং এখনও জানাচ্ছি। কিন্তু কেন্দ্রীয় সরকার এই সংরক্ষণ নীতি ঘোষণার পূর্বে জাতীয় সহমত গড়ে তোলার জন্য জাতীয় স্তরে কোনও আলোচনা ব্যবস্থা না করায় অনেকের মধ্যে ভুল বোঝাবুঝির অবকাশ থেকে গেছে। ফলে সমগ্র উত্তর ভারতে সংরক্ষণ বিরোধী আন্দোলন ব্যাপক-ভাবে ছড়িয়ে পড়েছে। শুধু তাই নয়, এই আন্দোলনের আগুনের দাহ পশ্চিমবঙ্গকেও স্পর্শ করেছে। গতকাল কলকাতার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণবিরোধী কিছু ছাত্রছাত্রী তাদের প্রতিবাদ জানিয়েছেন। ফলে আমরা সবাই উদ্বেগ বোধ করছি। স্যার, আপনি জানেন উত্তরভারতে কিছু কিছু কাণ্ডজ্ঞানহীন রাজনীতিক সংরক্ষণের সংরক্ষণ পন্থী ও সংরক্ষণ বিরোধীদের মধ্যে সংঘর্ষে রূপান্তরিত করতে চাইছে। পশ্চিমবাংলায় যাতে এই ধরনের দুর্ভাগ্যজনক ঘটনা কেউ ঘটাতে না পারে তার জন্য আমরা যারা বামপন্থায় বিশ্বাস করি তাদের বিশেষ দায়িত্ব নিতে হবে, সতর্ক থাকতে হবে—প্রয়োজনে সংরক্ষণ বিরোধী আন্দোলনকারী ছাত্রদের সঙ্গে আলোচনা করতে হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব শ্রদ্ধেয় প্রধানমন্ত্রীর উপর ক্রমশ চাপ সৃষ্টি করতে, যাতে তিনি জাতীয় সহমতে উপনীত হওয়ার জন্য সর্বদলীয় বৈঠক আহ্বান করেন এবং সংরক্ষণের বিরুদ্ধে আন্দোলন রত ছাত্রদের সঙ্গেও আলোচনায় বসেন। আপনি জানেন স্যার, শুধু চাকুরি সংরক্ষণ করলেই পশ্চাৎপদ শ্রেণীর আর্থিক অবস্থায় উন্নয়ন ঘটবে না। মণ্ডল কমিশনের অপরাপর সুপারিশ সমূহ— যেমন অনগ্রসর শ্রেণীর জন্য শিক্ষাগত সুযোগ সুবিধা বৃদ্ধি, আরও আর্থিক সহায়তার সাহায্যে তাদের দারিদ্রসীমার ঊর্দ্ধে তুলে আনা, উদার ভূমি সংস্কার এগুলি রূপায়ণকে সুনিশ্চিত করতে হবে। শুধু সংরক্ষণ—বেকার সমস্যার সমাধান করবে না। কর্মসংস্থানমূলক উন্নয়নমূলক কর্মসূচি প্রসারিত করতে হবে। কাজেই সব বিষয়কে গভীর ভাবে তলিয়ে দেখে সংরক্ষণের পক্ষে জাতীয় ঐক্যমত গড়ে তোলার জন্য আমাদের ঐক্যবদ্ধ প্রয়াস নিতে হবে বলে আমরা মনে করি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, রাজ্যের সর্বত্র, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় টেলিফোন ব্যবস্থা একেবারে নাজেহাল অবস্থায় গিয়ে পৌঁছেছে, দিনের পর দিন অকেজো হয়ে পড়ে থাকছে। দূরবর্তী গ্রাম থেকে শহরের হাসপাতালে বা এস.পি.কে বা ডি.এম.কে পর্যন্ত প্রয়োজনে ফোন করা যাচ্ছে না। এমন কি অ্যাম্বুলেন্স পর্যন্ত ফোন করে ডাকা হচ্ছে না। অথচ গ্রাহকদের মাসে মাসে বিলের টাকা ঠিকই দিতে হচ্ছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকষর্ণ করছি এবং অবিলম্বে প্রতিকার দাবি করছি।

**শ্রী সুখেন্দু মাইতি ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি

[1-50 — 2-00 P.M.]

বিষয়ের প্রতি মাননীয় পৌর মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে অগণিত পৌর শ্রমিক কর্মচারিদের সরকারি কর্মচারিদের সব মর্যাদা দেওয়া হয়েছে। এটা আনন্দের কথা। কিন্তু উভয় কর্মচারিদের মধ্যে এখনও কিছু কিছু অসঙ্গতি লক্ষ্য করা যাচ্ছে। সরকারি কর্মচারিরা বোনাস পান, অবসরের পরে পেনশন পান এবং কিছু কিছু ভাতাও পান। এর সঙ্গে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিরা পুজার সময় অনুদান পান, অথচ আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, পৌরকর্মচারিদের ক্ষেত্রে এই অনুদান ঘোষণা করা হয় নি। অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিরা পুজার সময় ৩০০ টাকা করে অনুদান পাচ্ছেন, কিন্তু পৌরসভার অবসরপ্রাপ্ত কর্মচারিরা সেই সুযোগ পাচ্ছেন না। অবসরপ্রাপ্ত পৌর কর্মচারিদের জন্য এখন পর্যন্ত ৩০০ টাকা পুজা অনুদান ঘোষণা করেনি। আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই অসঙ্গতি, এই বৈষম্য দূর করে পৌরসভার শ্রমিক কর্মচারিদের যারা অবসরপ্রাপ্ত কর্মচারী তাদের ক্ষেত্রে পুজার মধ্যে ৩০০ টাকা পুজা অনুদান যাতে মঞ্জুর করা হয় তারজন্য আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ ব্যাপারের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যের বিভিন্ন জেলার গ্রাম-গ্রামান্তর থেকে হাজার হাজার ক্ষেত-মজুর আজকে রাজভবনের সামনে উপস্থিত হয়েছেন। এই সমস্ত ক্ষেত-মজুররা পায়ে হেঁটে এবং যানবাহনে করে এসেছেন। তাদের আসার মূল উদ্দেশ্য হচ্ছে, ভারতের প্রধানমন্ত্রী ভি.পি. সিং-এর উদ্দেশ্যে স্মারকলিপি প্রদান করা। রাষ্ট্রীয় মোর্চা সরকার ক্ষেত-মজুরদের উদ্দেশ্যে যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন এখন পর্যন্ত সেইসব প্রতিশ্রুতি কার্যকর না হওয়ায় ক্ষেতমজুরদের পক্ষ থেকে, ক্ষেতমজুরদের ইউনিয়নের পক্ষ থেকে একটা সমাবেশের আয়োজন করা হয়েছে। তারা মাননীয় রাজ্যপালের কাছে কয়েকদফা দাবি সম্বলিত স্মারকলিপি দেবেন। তাদের দাবির মধ্যে মূল দাবি হচ্ছে, ক্ষেতমজুরদের সর্বকল্যাণমূলক আইন অবিলম্বে কার্যকর করতে হবে। ক্ষেত-মজুরদের সস্তায় রেশন দিতে হবে। আজকে বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দামের যে উর্দ্ধগতি যার জন্য আজকে খেটে-খাওয়া মানুষরা সবচেয়ে বড় রকমের আঘাত পাচ্ছেন সেই সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাতে হবে। এবং এরজন্য ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস সরকারকে সস্তায় সংগ্রহ করার দায়িত্ব নিতে হবে এবং তারা যাতে সারা বছর সস্তায় পায় সেই দায়িত্ব গ্রহণ করতে হবে। এইভাবে কয়েকটি দাবি নিয়ে হাজার হাজার মানুষ রাজ্যের বিভিন্ন জেলা থেকে মাননীয় রাজ্যপালের কাছে উপস্থিত হয়েছেন মাননীয় প্রধানমন্ত্রীর কাছে তাদের স্মারকলিপি পাঠানোর জন্য।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ এবং হাসপাতাল শিক্ষা এবং চিকিৎসা দুটি বিষয়েই চরম অব্যবস্থা চলেছে। শিক্ষার দায়িত্বে যে সমস্ত ডাক্তাররা আছেন তাদের মধ্যে অনেকেই কলকাতা থেকে যাতায়াত করেন এবং সপ্তাহে দুই-তিনদিনের বেশি কেউ বাঁকুড়ায় থাকে না। কেউ কেউ ডেলি প্যাসেঞ্জারি করেন। যারফলে

ওখানে যারা ডাক্তারী পড়াশুনা করছেন সেইসব ছাত্ররা শিক্ষকদের কাছ থেকে যেটুকু পাওয়ার আশা করেন তাদের সেই আশা পূরণ হচ্ছে না। দ্বিতীয়, যে সমস্ত ডাক্তাররা চিকিৎসার দায়িত্বে আছেন তাদের একটা অংশ কলকাতা থেকে যাতায়াত করেন। এই হাসপাতাল রোগীদের সংখ্যা অত্যন্ত বেশি। বাঁকুড়া, মেদিনীপুর এবং পুরুলিয়া জেলার একটা অংশের মানুষ এই মেডিক্যাল কলেজে চিকিৎসার জন্য আসেন। কিন্তু তাদের ভর্তি করার জন্য উপযুক্ত সংখ্যক বেড নেই। যারফলে যারা এই হাসপাতালে ভর্তি হতে আসেন তাদের অনেককেই মেঝেতে পড়ে থাকতে হয়। তাদের জন্য ডায়েটের ব্যবস্থা নেই, ওষুধের ব্যবস্থা নেই এইরকম একটা অবস্থা। এমনিতেই এই হাসপাতালের এক্সরে মেশিন খারাপ, এছাড়া অন্যান্য মেশিনও খারাপ। ফলে এই অজুহাত রোগীদের দুর্ভোগ ভুগতে হচ্ছে। এই অবস্থা যাতে অবিলম্বে দূর করা যায় সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শূন্যপদগুলি পূরণ করা হোক এবং শিক্ষা ব্যবস্থা যাতে উন্নতি করা যায়, রেগুলার করা যায় সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** (অনুপস্থিত)

**শ্রী সালিব টপ্পো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বনমন্ত্রী এবং কটেজ ইন্ডাস্ট্রি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি জরুরি বিষয়ের প্রতি সেটা হল নর্থ বেঙ্গলের কুমারগ্রাম থেকে শিলিগুড়ি পর্যন্ত প্রায় ৩০০টি স-মিল আছে। প্রত্যেক স-মিলে প্রায় ৩০০ জন লোক কাজ করে। আজকে ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে টিম্বার না পাওয়ার ফলে স-মিল বন্ধ হয়ে যাবার মুখে এসে দাঁড়িয়েছে। ফরেস্ট ডিপার্টমেন্ট যে নতুন আইন করেছেন, কর্পোরেশন করেছেন সেই কর্পোরেশনের মাধ্যমে গভর্নমেন্টের যে স-মিল আছে সেই স-মিলে ঐসব টিম্বার পাওয়া যাচ্ছে। এর ফলে গোটা নর্থ বেঙ্গলে খুব খারাপ অবস্থা দেখা দিয়েছে। আমার মাননীয় বন মন্ত্রীর কাছে অনুরোধ যেন এইসব ছোট ছোট স-মিলগুলিতে ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে টিম্বার দেখার ব্যবস্থা করেন, যাতে ঐ এলাকায় অনগ্রসর এলাকায় প্রায় ১ লক্ষ কাজকরা মানুষ বেকার হয়ে না যায় এবং ঐ সব মিলগুলি যাতে বন্ধ না হয়ে যায় তার জন্য আমি মাননীয় বনমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী মমতাজ বেগম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর আগেও আমি বিষয়টি অনেকবার উল্লেখ করেছি। বিষয়টি হল এই যে, রতুয়া বিধানসভা কেন্দ্রে দুটি গ্রাম পঞ্চায়েত মহানন্দটোলা এবং কান্দারণ এই দুটি গ্রাম পঞ্চায়েতের এখনও পর্যন্ত বিদ্যুতের কোনও রকম সংযোগ হয় নি। অথচ এই দুটি গ্রামের অধিবাসীরা তারা বিদ্যুৎ অফিসে গিয়ে টাকা পয়সা এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছেন। মহা[illegible] বিদ্যুতের পোল পড়েছে কিন্তু এখনও লাইন পাচ্ছে না। কংগ্রেস আমলে ঐ গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস সমর্থকদের বাড়িতে বিদ্যুতের সংযোগ ঘটেছে, অথচ একই জায়গার অন্য অংশের লোকে বিদ্যুৎ পাচ্ছে না। তাই আমি বলতে চাই মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এ বিষয়ে নিশ্চয় দৃষ্টি দেবেন সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার গ্রাম এলাকায় বর্ধমান, হুগলির ক্ষেত-মজুর এলাকায় আন্ত্রিক রোগ নতুন নয়, এর আগেও হয়েছে, তবে একে দমন করার জন্য যে প্রতিষেধক ব্যবস্থার দরকার সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। শুধু তাই নয়, স্বাস্থ্য সম্পর্কে যে শিক্ষা প্রচারের দরকার সেই প্রচারের দিকটাও অত্যন্ত অবহেলা করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে এই সমস্ত ক্ষেত-মজুর যারা দারিদ্রসীমার নিচে বাস করে এই রোগ হওয়ার ফলে তারা মারা যাচ্ছে এর জন্য স্বাস্থ্য সম্পর্কে যে শিক্ষা এবং প্রতিষেধক ব্যবস্থা নেওয়া দরকার তার জন্য যেন উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী রাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে পুলিশ মন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হচ্ছে, হাওড়া স্টেশনে রাত সাড়ে এগারোটার পর কোনও যানবাহান থাকে না, একমাত্র ট্যাক্সি ছাড়া। যাত্রী যারা সাউথ-ইস্টার্ন রেলে খড়গপুর থেকে লাস্ট লোকাল ট্রেনে আসেন বা ইস্টার্ন রেলে বর্ধমান থেকে লাস্ট লোকাল ট্রেনে আসেন সেইসব ট্রেন রাত সাড়ে এগারটার পর হাওড়া স্টেশনে পৌছায়, ফলে যাত্রীরা কোনও যানবাহন পান না। রাত সাড়ে এগারটার সময় সেখানে যেসব ট্যাক্সি থাকে তারা যাবেন কি যাবেন না সেটা তারাই ঠিক করেন। **(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)** ভাড়াও ঠিক করেন তারা এবং অসম্ভব ভাড়া ধার্য করেন যারফলে যাত্রীরা গন্তব্যস্থলে যেতে পারেন না। তারজন্য পারমিশন নিয়ে তাদের হাওড়া স্টেশনেই থাকতে হয়। কিন্তু সেখানেও দুর্বৃত্তরা যাত্রীদের নানাভাবে হয়রানি করে। তারা যাত্রীদের জিনিসপত্র পর্যন্ত চুরি-চামারি করে, তাদের লাঞ্ছিত করে। সেখানে পুলিশি ব্যবস্থা অত্যন্ত কম থাকার জন্য যাত্রীরা নিরাপদে থাকতে পারেন না। .... **(ক্রমাগতভাবে হট্টগোল ও বাধাদান)...** সেজন্য পুলিশমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করব পরিবহন মন্ত্রী যেন রাত সাড়ে এগারটার পর লোকাল স্টেটবাস এবং ট্রাম সার্ভিসের ব্যবস্থা করেন এবং পুলিশি ব্যবস্থা যাতে রাত পর্যন্ত থাকে তারজন্য পুলিশমন্ত্রীকে অনুরোধ করছি।

(কনটিনিউয়াস নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, উত্তরবঙ্গে তিনবিঘা হস্তান্তর প্রতিরোধ কমিটি গত ২৮ তারিখে যে আহ্বান করেছিলেন ঐ তিনবিঘা প্রতিরোধের জন্য, তাতে হাজার হাজার মানুষ সেখানে জমায়েত হয়ে প্রতিরোধ গড়ে তোলার জন্য প্রতিজ্ঞা গ্রহণ করেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে, ঐ ইস্যুতে উত্তরবঙ্গ এখন অগ্নিগর্ভ, তাই যাতে আলাপ-আলোচনার মধ্যে দিয়ে তা প্রশমিত করা যায়, যাতে তিনবিঘা সম্পর্কে ভি.পি.সিংকে নড়ানো যায় তারজন্য চেষ্টা করা উচিত। আপনি জানেন, ১৯৭২ সালের ইন্দিরা-মুজিব চুক্তি অনুযায়ী ঐ তিনবিঘাকে লিজ দেবার কথা হয়েছিল, আজকে আবার সেই তিনবিঘা হস্তান্তরের প্রশ্ন উঠেছে। তিনবিঘা

কোনও গ্রাম নয়, মেকলিগঞ্জ থানার অন্তর্গত কুচলিবাড়িতে তিনবিঘা অবস্থিত। ওখানে ৩৫ হাজার লোক বাস করে। আজকে যদি ঐ তিনবিঘা বাংলাদেশকে হস্তান্তর করা হয় তাহলে ঐ ৩৫ হাজার মানুষের জীবন, সম্পত্তি এবং সার্বভৌমত্ব খুণ্ণ হবে। একে কেন্দ্র করে ১৯৮৯ সালে তিনবিঘার উপর গুলি চলে এবং তারফলে সুধীর রায় মারা যান মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিনীত নিবেদন, বেরুবাড়িতে দেখেছি, ১৯৫৮ সালে নেহরু-লিয়াকৎ চুক্তির ফলে বেরুবাড়িতে যে সংঘর্ষ শুরু হয়েছিল, রক্তক্ষয়ী সংগ্রামের মধ্যে দিয়ে বেরুবাড়ি সেদিন প্রতিহত হয়েছিল সেজন্য নিবেদন, সেইরকম ঘটনার পুনরাবৃত্তি যেন আর না ঘটে তিনবিঘাকে কেন্দ্র করে, কারণ আজকে তিনবিঘাকে কেন্দ্র করে উত্তরবঙ্গে হাজার হাজার মানুষ প্রতিরোধ গড়ে তুলছেন। একে প্রতিরোধ করা না হলে এক রক্তক্ষয়ী সংগ্রাম উত্তরবঙ্গে শুরু হবে। তাই আপনার কাছে আবার বিনীত নিবেদন, আপনি এখানে সহানুভূতির সঙ্গে ঐ তিনবিঘা হস্তান্তর প্রতিরোধ কমিটির সমস্ত দাবি শুনতে তাদের আহ্বান করে আলাপ-আলোচনা করে প্রধানমন্ত্রী ভি.পি.সিংকে এখানকার কথা জানান। এখানকার মানুষের জীবন সম্পত্তি এবং সার্বভৌমত্ব রক্ষা করবার আপনি ব্যবস্থা গ্রহণ করুন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি এবং তার হস্তক্ষেপ প্রার্থণা করছি।

(তুমুল গন্ডোগোল)

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমরা লক্ষ্য করছি বেশ কিছু দিন ধরে কংগ্রেস এই রাজ্যে একটা সন্ত্রাসের আবহাওয়া তৈরি করে যাচ্ছে এবং বিশৃঙ্খলা করে যাচ্ছে। তারা এখানে ২৪ ঘণ্টা অনশন করবার পর এই হাউসে তাদের যা আচরণ এটাই কংগ্রেসের কালচার। সারা পশ্চিমবাংলা জুড়ে একটা অশান্তি করবার চেষ্টা করছে। পুলিশের কর্তাদের...

(তুমুল হৈচৈ, গন্ডোগোল)

কয়েক দিন আগে সংবাদপত্রে দেখলাম পুলিশ কর্মচারী অ্যাশোসিয়েশনের সম্পাদক শ্রী বিশ্বনাথ চক্রবর্তী পুলিশ বিদ্রোহের হুমকী দিয়েছে। সেই অ্যাশোসিয়েশন কংগ্রেস পরিচালিত। আজকে আনন্দবাজার পত্রিকার একটা প্রবন্ধে লেখা হয়েছে যে পুলিশকে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু রাজনৈতিক ভৃত্তে পরিণত করেছে। হুঁশিয়ারি দিয়েছে যে পুলিশ এটা সহ্য করবে না।.....

(তুমুল গন্ডোগোল)

আনন্দবাজার পত্রিকা, কংগ্রেস এবং পুলিশের একটা অংশ এই রাজ্যে আইন-শৃঙ্খলার অবনতি ঘটানোর ষড়যন্ত্র করছে। এই সমস্ত ঘটনা থেকে আমার মনে হয়েছে কংগ্রেস পশ্চিমবাংলায় সন্ত্রাস তৈরি করতে চাইছে। এই হল কংগ্রেসের আচরণ, কংগ্রেসের কালচার, অসভ্য কালচার। এটা তারা পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত করতে চায়। পশ্চিমবাংলার মানুষ এই সন্ত্রাস রুখবে, অসভ্য কালচার রুখবে। এই আনন্দবাজার পত্রিকায় পুলিশের বিদ্রোহ করার কথা।

(তুমুল গেন্ডাগোল)

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ

বিষয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার এই পশ্চিমবাংলায় শ্রমিক কর্মচারিদের কোটি কোটি টাকা মালিক পক্ষ প্রভিডেন্ট ফান্ডে জমা দিচ্ছে না। এর ফলে শ্রমিক কর্মচারিদের খুব অসুবিধা হচ্ছে। যে সমস্ত কর্মচারী অবসর নিচ্ছে তাদের ন্যায্য টাকা থেকে দিনের পর দিন বঞ্চিত হচ্ছে। এ ছাড়া রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড অফিস এবং ব্রাঞ্চ অফিসগুলি একটা দুর্নীতির কেন্দ্র হয়েছে।

(তুমুল গন্ডোগোল)

তার ফলে বহু কর্মচারী তাদের ন্যায্য টাকা তার ঋণ হিসাবে পাচ্ছে না। সেই জন্য আমার প্রস্তাব যে অবিলম্বে শ্রমমন্ত্রী বিভিন্ন রিজিওন্যাল অফিসে একটা সারকুলার দিন প্রভিডেন্ট ফান্ডের লোনের দরখাস্ত পাওয়ার সঙ্গে ১ মাসের মধ্যে যেন কর্মচারীদের টাকা দিয়ে দেওয়া হয়। এই ব্যাপারে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(তুমুল গোলমাল)

**শ্রী সাত্তিককুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলার মাধাইপুর পল্লিমঙ্গল বিদ্যালয়ে বহু দিন ধরে দুজন করণিক আছে। তার মধ্যে একজন মারা গিয়েছেন এবং আর একজন অসুস্থ অবস্থায় টি.বি. হাসপাতালে আছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যাতে অতি সত্তর দটি পোস্ট পূরণ করা হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

তুমুল হট্টোগোল)

বিদ্যালয়ের সমস্ত কাজকর্ম অচল হয়ে যাচ্ছে। সেই জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতি সত্তর প্যানেল থেকে করণিক অ্যাপয়েন্ট করা হয়।

(গোলমাল)

[2-10 — 2-20 P.M.]

**শ্রী নরেন্দ্রনাথ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬ই মে হুগলি জেলার শ্যামাপ্রসাদ জাতীয় বিদ্যালয় (বালিকা) এর প্রধান শিক্ষিকা বেলা সাড়ে দশটা পৌনে এগারোটার সময় রিক্সা করে বিদ্যালয়ে যাবার পথে দুস্কৃতকারীদের দ্বারা আক্রান্ত হন। তার গায়ে সেই সময়ে অ্যাসিড ছুঁড়ে দেওয়া হয়। তিনি যথাসময়ে মুখ সরিয়ে না নিলে তার মুখে অ্যাসিড লাগতে পারত এবং তিনি মারাত্মক ভাবে জখম হতেন, তার মৃত্যুর আশঙ্কা ছিল। তার ডান হাত এবং বাম পা অ্যাসিডে পুড়ে গিয়েছিল এবং তিনি দীর্ঘদিন যাবৎ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। এখনও তার ঘা শুকায় নি। আজ সাড়ে তিন মাস হয়ে গেল, আসামীদের নাম দিয়ে থানায় এফ.আই.আর. করা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কোনও আসামীকে গ্রেপ্তার করা হয়নি। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে আসামীকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক।

(গোলমাল)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য এবং সরবরাহ মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা গত কালকের স্টেটসম্যান' পত্রিকায় দেখলাম যে ভারত সরকার সিমেন্ট প্রায় ডি-কন্ট্রোল করে দিয়েছেন এবং পশ্চিমবঙ্গ সরকারের হাতে যে ক্ষমতা ছিল তা নাকি নিয়ে নেওয়া হয়েছে। আগে ৬০-৭০ ভাগ সিমেন্ট কন্ট্রোলে বা লেভিতে পাওয়া যেত, এখন দেখা যাচ্ছে যে কোনও সিমেন্ট লেভিতে পাওয়া যাবে না। সমস্ত সিমেন্ট এখন খোলা বাজারে বিক্রি হবে। খোলা বাজারে সিমেন্টের দাম প্রতিদিন বাড়ছে। আগে, '৮০ সালে যখন ৩২ মিলিয়ন টন সিমেন্ট উৎপন্ন হত তখন শতকরা ৮০ ভাগ সিমেন্ট লেভির মাধ্যমে পাওয়া যেত। কিন্তু যখন ৫০ মিলিয়ন টন সিমেন্ট উৎপন্ন হচ্ছে তখন লেভিতে কিছু সিমেন্ট পাওয়া যাবে না। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে নীতি, ভারত সরকার তার বিরুদ্ধে যে ব্যবস্থা নিচ্ছেন, সে সম্বন্ধে মাননীয় সরবরাহ মন্ত্রীর একটি বিবৃতি দিলে ভালো হয়। এটি যদি সত্য হয় তাহলে এর বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের প্রতিবাদ পাঠানো উচিত এবং সিমেন্ট যাতে লেভিতে পাওয়া যায় তারজন্য বলা উচিত। মধ্যবিত্ত মানুষের কাছে একটি বড় সমস্যা হিসাবে আজকে দেখা দিয়েছে।

(গোলমাল)

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাতে চাই যে গতকাল, ২৯শে আগস্ট সকালে কৃষ্ণনগরের ভাতজাংলা পালপাড়ায় কংগ্রেসি সমাজ বিরোধী বাবুল প্রামাণিক এর নেতৃত্বে কয়েকজন সমাজ বিরোধী সি.পি.এম. কর্মী অসিত ভৌমিককে হত্যার উদ্দেশ্যে মারাত্মক অস্ত্র দিয়ে মাথায় এবং দেহের সর্বত্র আঘাত করে। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। এই সমস্ত ঘটনার কথা জানিয়ে এবং আক্রমণকারীদের নাম থানায় এফ.আই.আর করে লিপিবদ্ধ করার পরপরই ঐ দুর্বৃত্তরা বাড়ি বাড়ি গিয়ে হামলা করছে এবং মানুষকে খুন করার হুমকি দিচ্ছে। এরফলে মহিলা সহ অন্যরা সবাই আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। এই সংবাদ থানায় জানানো হয়েছে। এস.পি.কেও এই সংবাদ জানানো হয়েছে। কিন্তু আশ্চর্যের কথা, সারাদিন যাদের নাম সকলের মুখে মুখে যাদের নামে এফ.আই.আর করা হয়েছে, পুলিশ তাদের গ্রেপ্তার না করে অন্যদের গ্রেপ্তার করে প্রকৃত অপরাধীদের আড়াল করতে চেষ্টা করছে। সেই সম্পর্কে পঞ্চায়েত আমাদের কাছে যে রিপোর্ট দিয়েছে তাতে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অবিলম্বে অপরাধীদের গ্রেপ্তারে দাবি জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কংগ্রেসি সদস্যরা বিধানসভার পবিত্রতাকে সম্পূর্ণ হীন চক্রান্তের দ্বারা নষ্ট করতে চাইছে এবং তার সাথে সাথে বামফ্রন্টের কর্মীদের উপরে হামলা করছে। আপনি এই সন্ত্রাসের পরিবেশ সৃষ্টিকারী, হামলাকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিন।

(গোলমাল)

**Mr. Speaker :** Now I call upon Shri A.K.M. Hassan Uzzaman, (Not Present)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামবাংলায় আজকে গরীব মানুষদের উপর সিপিআই(এম)-এর অত্যাচার চলছে। তারা সিপিআই(এম)-এর অত্যাচারে জর্জরিত। প্রশাসন যেভাবে চলছে তাতে গরিবদের বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে। আমি আপনার কাছে একটি অসহায় রমণীর স্বামী পরিত্যক্তা একমাত্র শিশুকন্যা নিয়ে ভিটেমাটি ছেড়ে উচ্ছেদ হতে চলেছে তার কাহিনী বলব। এই অসহায় রমণী বারংবার প্রশাসনের কাছে জানিয়েছে, অনেক জায়গায় চিঠি পাঠিয়েছে কিন্তু কোনও প্রতিবিধান হয় নি। আমি এই অসহায় রমণীর করুণ কাহিনী মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই মহিলাটির নাম সাকিনা খাতুন, ধনিয়াখালি জেলার রজীপুর গ্রামে ওই মহিলাটি থাকেন। কিন্তু ওই মহিলাটির দাদা সি.পি.আই. (এমের) সঙ্গে মিলিত হয়ে, যোগসাজস করে গত ৩ বছর ধরে বলে আসছে যে ভূমি ভিটে ছাড় তা না হলে তোমার ধান চলে যাবে। এইভাবে সিপিএমের যোগসাজসে সাকিনা খাতুনের দাদা তাকে হুমকি দিচ্ছে। যদি সে উঠে না যায় তাহলে তার ডাক্তার বন্ধ হয়ে যাবে, পঞ্চায়েতের তৈরি যে টিউবওয়েল আছে সেটা ব্যবহার করা বন্ধ হয়ে যাবে, পানীয় জল ব্যবহার করতে পারবে না এবং ধানকল, গমকল সব বন্ধ হয়ে যাবে। তাকে সামাজিকভাবে বয়কট করা হবে। এছাড়া বেদনার কথা যে গত ৩ বছর ধরে ওই মহিলা কৃষিসংক্রান্ত যে একমাত্র অবলম্বন ৩ বিঘা জমি, সেই জমিতে চাষের জন্য কৃষক মজুরদের বয়কট করে বন্ধ করে দেওয়া হয়েছে। এই রকম একটা অবস্থার মধ্যে পড়ে অসহায় রমণী ওখানকার বিডিও, এবং প্রশাসনের কাছে জানিয়েছে। কিন্তু ফল হয় নি। এমন কি মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালের কাছেও চিঠি দিয়েছে, তার কোনও প্রতিবিধান হয়নি। সুতরাং আমি এই বিষয়টি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে ওই রমণীর ভিটেতে থাকার একটা ব্যবস্থা হয় তার ব্যবস্থা করুন।

(গোলমাল)

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমার কেন্দ্র গুড়গুড়ি, ভুবনেশ্বরী, বিনোদপুর, বৈকুণ্ঠপুরে, কিশোরীমোহনপুর, মৈপীঠ নগেনবাম প্রভৃতি কেন্দ্রে কিছু সমাজবিরোধী এবং সুন্দরবনের নদীতে ডাকাতি করে যেসব ডাকাত তাদের একশ্রেণী সি পি এমের পৃষ্ঠপোষকতায় গত কয়েক মাস ধরে ওইসব এলাকায় সাধারণ মানুষের উপর অত্যাচার করে চলেছে। সন্ত্রাসের সৃষ্টি করে চলেছে, গৃহ থেকে মানুষকে তুলে নিয়ে জুলুমবাজি করা হচ্ছে এবং এই নিয়ে একটা দারুণ অশান্তি সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে কুলতলিতে দারুণ অশান্তি দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এর প্রতিকারের দাবি জানাচ্ছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার পুরুলিয়ার জেলার আদ্রা ডিভিসনের যে ট্রেন হাওড়া পর্যন্ত চলাচল করে সেই বিষয়ে আমি হাউসের

দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। বিষয়টি হচ্ছে হাওড়া, পুরুলিয়া চক্রধরপুরের যে প্যাসেঞ্জার ট্রেনটি চালু ছিল, তার সঙ্গে বোকারো থেকে আদ্রা পর্যন্ত আসার পর ৮ খানা বগি জুড়ে দিয়ে দিচ্ছে, ফলে সেটা হাওড়া পৌছাতে বোকারো থেকে হাওড়া ৩-৪ ঘণ্টা লেট করে। এই সমস্ত কারণে হাওড়া পৌছাতে এবং পুরুলিয়া পৌছাতে অনেক দেরি হচ্ছে তাতে মানুষের অসুবিধা হচ্ছে। আবার খড়গপুর হাটিয়া যে ট্রেনটি ছিল সেটিও তুলে দেওয়া হয়েছে। এ ছাড়াও দেখা যাচ্ছে সাউথ ইস্টার্ন রেলওয়ের ট্রেনগুলিও চালানোর ক্ষেত্রে নির্দিষ্ট সময় না মেনেই চালানো হচ্ছে। আজকে কেন্দ্রে বন্ধু সরকার থাকা সত্ত্বেও গার্ডেনরীচ চিফ প্যাসেঞ্জার ট্রাফিক সুপারিনটেনডেন্ট পদে যে আমলা রয়েছেন তিনি যথেচ্ছাচার করে এই কাজগুলি পরিচালনা করছেন। আমি এই বিষয়টি আপনার মাধ্যমে সাউথ ইস্টার্ন রেলওয়ের কাছে জানাচ্ছি এবং এই যথেচ্ছাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি এবং পুরুলিয়াবাসীর পক্ষ থেকে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, রোজ এখানে যে সমস্ত বিরোধী সদস্যরা হাউসের মধ্যে দাঁড়িয়ে মাতৃবন্দনা করছেন বন্দেমাতরম ধ্বনির মধ্যে দিয়ে তাদের উদ্দেশ্যে বলতে চাই আজকে যে তিনজন আমরা মাতৃজাতির প্রতিনিধি এখানে বক্তৃতা করলাম এই সময়ে বলা চলাকালীন তারা যে অসভ্য আচরণ করলেন, অভদ্র আচরণ করলেন, সেইজন্য আমি তীব্র নিন্দা করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** স্যার, আমার একটা বিশেষ বিষয় হল এই যে বি.টি. রোড কলকাতার তিন শত বছর পূর্তি উপলক্ষ্যে আছে এর নামটা পাল্টে স্বাধীনতার যুদ্ধের অন্যতম নায়ক, অন্যতম যোদ্ধা শহীদ মঙ্গল পান্ডের নামে করা হোক। এখানে অনেক রাস্তা আছে যেগুলি ইংরেজ আমলের নামে হাঙ্গারফোর্ড রোড, লাউডন স্ট্রিট। এইগুলি কলকাতার তিনশত বৎসর পূর্তি উপলক্ষ্যে যাতে পরিবর্তিত হয় জাতীয় এবং আন্তর্জাতিক খ্যাতি মুক্তি-যোদ্ধাদের নামে, মহান বিপ্লবীদের নামে, সেইজন্য আমি বিষয়া মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই বর্তমান পাটের মরশুমে পশ্চিমবাংলার একমাত্র অর্থকরী ফসল যে পাট, সেই পাট কিছুদিন আগে পর্যন্ত দেখা গেল পঞ্চম শ্রেণী পাটের যা বাজার দর প্রায় ৪ শত টাকায় ফোড়ে দালালরা কিনছিল। কিন্তু গতকালকে দেখা যাচ্ছে বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় এই পাটের দর তিন শত টাকায় নেমে গিয়েছে, ফলে চাষীদের মাথায় হাত। এমতাবস্থায় আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকারের একমাত্র সংস্থা জে.সি.আই. তারা কিন্তু এখনও পাট কিনতে শুরু করেনি। আমার ধারণা এই পাট চাষীরা ফোড়ে দালালদের কাছে তিন শত টাকায় বিক্রি করতে বাধ্য হচ্ছে, তাই কৃষিমন্ত্রী এবং সমবায় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি আমাদের রাজ্যে যে সমস্ত থানা মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি আছে সেই সমস্ত সোসাইটিগুলি প্রত্যেকটি ব্লকে, গ্রাম পঞ্চায়েত এলাকা পর্যন্ত এই পাট কেনার ব্যবস্থা করলে জে.সি.আই.র মাধ্যমে এবং সমবায়ের মাধ্যমে পাট চাষীরা উপকৃত হবে, এই কথা বলে কৃষিমন্ত্রী এবং সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১শে সেপ্টেম্বর রামজ্যোতি

পশ্চিমবঙ্গে আসবে এবং সেটা সারা পশ্চিমবঙ্গে প্রদক্ষিণ করবে, এর ফলে অবস্থা অত্যন্ত খারাপ হতে পারে এবং সাম্প্রদায়িক পরিস্থিতি ঘোরালোও হতে পারে। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি রামজ্যোতি যেন অবিলম্বে ব্যান্ড করা হয়।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন আগে হুগলি জেলার পোলবা রাজপুর ব্লকের কংগ্রেসের সমাজবিরোধীরা, বিশেষ করে প্রাক্তন কংগ্রেস সদস্য পার্লামেন্টের প্রাক্তন সাংসদ, সাংবাদিক শ্রী উমাশঙ্কর হালদার এর নেতৃত্বে ৩০০ জন কংগ্রেস কর্মী ডেপুটেশনের নামে হামলা করবার চেষ্টা করে। কিন্তু আনন্দের বিষয় যে সমস্ত পঞ্চায়েতের মেম্বার তারা পঞ্চায়েত অফিসের ভেতরে ছিলেন এবং কো-অর্ডিনেশন কমিটির যারা সদস্য সরকারি কর্মচারী তারা একজোটে সেই সমস্ত গালিগালাজ, হামলা প্রতিরোধ করে। আজকে এখানে যা দেখা যাচ্ছে গ্রামে গ্রামে এই অবস্থা সৃষ্টি করবার চেষ্টা করছে। তাছাড়া ন্যাশনাল হাইওয়ে দিল্লি রোড, রাজহাট এন.এইচ-২, সুগন্ধা জংশন, এখানেও অনুরোধ করবার চেষ্টা করে। (মাইক অফ)...........

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে অতীতে কংগ্রেস সরকার বিশেষ করে তাদের রেলমন্ত্রী শ্রী এ.বি.এ. গনিখান চৌধুরি তিনি পশ্চিমবাংলার জন্য না কি কেঁদেছেন। আসলে তিনি বা তার কান্না ছিল শুধু তার নিজের কেন্দ্রের, মালদার জন্য। কাজেই যতই কংগ্রেস চিৎকার করুন, বিধানসভার ভিতরে এবং বাইরে মানুষ চিনে ফেলেছে। এদের কেউ বিশ্বাস করবে না। কংগ্রেস কোনওদিন পশ্চিমবঙ্গের উত্তরবাংলার জন্য চিন্তা-ভাবনা করেছে এটা বলা যাবে না। তাদের জন্যই আজকে উত্তরবাংলার রেল যোগাযোগ বিচ্ছিন্ন। এটা আমরা জানি। আলিপুরদুয়ার কে আসামের গেটওয়ে অফ আসাম বলা হয়। আলিপুরদুয়ার থেকে এক্সপ্রেস ট্রেন চালু করবার দীর্ঘদিনের দাবি। বর্তমানে শুধু কামরূপ এক্সপ্রেস ছাড়া আর কোনও ট্রেন চলে না। সেখানে ট্রেন অত্যন্ত কম। তা ছাড়া রোজই ২২/২৩/২৪ ঘণ্টা করে লেট থাকে। এই সমস্ত কারণের জন্য দায়ী হচ্ছে অতীতের কংগ্রেস সরকার। বর্তমানে রাষ্ট্রীয় মোর্চা সরকার আসার পরে আমি রাজ্য সরকারের কাছে আবেদন করব মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যাতে ইনিসিয়েটিভ নিয়ে আলিপুরদুয়ার থেকে যাতে ট্রেন চালানো যায় তার জন্য ব্যবস্থা করা। লক্ষ লক্ষ মানুষ যাতায়াত করেন। তা ছাড়া ভুটান অঞ্চলের মানুষ, হাসিমারা অঞ্চলের লক্ষ লক্ষ মানুষ রোজ যাতায়াত করেন। তাই আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছি এই অঞ্চলের জনগণের সুবিধার্থে এক্সপ্রেস ট্রেন চালানোর জন্য এই দাবি আমি করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার প্রায় ১০০ জন ইঞ্জিনিয়ার ইরাকে পেট্রো-কেমিক্যালসে কাজ করতে গিয়ে আটকা পড়েছেন। তাদের কাছে কোনও অর্থ নেই, ফিরে আসবার ব্যবস্থা নেই। স্টেটসম্যানে খবরটা বেরিয়েছে। আমার দু-একজন আত্মীয় আছেন। তাদের অবস্থা খুব সঙ্গীন। তারা টাকা পাচ্ছেন না। তাদের টেলিগ্রাম করবার পর্যন্ত পয়সা নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই

বিষয়ে যাতে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই সব আটকে পড়া ইরাকে ইঞ্জিনিয়াররা যাতে ফিরে আসতে পারেন তার উপযুক্ত ব্যবস্থা করা এবং প্রধানমন্ত্রীকে অনুরোধ করা যাতে তারা ভালোভাবে ফিরে আসতে পারেন তার জন্য যথাবিহিত ব্যবস্থা করা।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী সুখেন্দু মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন গ্রাম গঞ্জ থেকে কয়েক হাজার ক্ষেতমজুর তারা তাদের ন্যায্য দাবি নিয়ে রাজ্যপালের মাধ্যমে রাজ্য সরকারের কাছে দিয়েছেন (সাউটিং অফ স্লোগান).................................. স্যার, আইন-কানুন কিছু রক্ষা হচ্ছে না। সেইজন্য গ্রামীণ শ্রমিকদের জন্য, ক্ষেতমজুরদের জন্য একটা আলাদা লেবার ডাইরেক্টরেট করার জন্য আমি আজকে মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি। স্যার আজকে কংগ্রেসি বন্ধুরা বিধানসভার ভেতরে যেভাবে উচ্ছৃঙ্খল আচরণ করছে এটা খুবই নিন্দনীয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্যার, ওদের আজ রাত্রি আটটা পর্যন্ত চক্রর দেওয়াতে হবে। স্যার ওরা থেমে যাচ্ছে, কিন্তু এটা স্যার রাত্রি আটটা পর্যন্ত চালাতে হবে স্যার ওরা বসে পড়ছে, কাল রাত্রে ওরা খুব খেয়েছে, সেইজন্য ওদের রাত্রি আটটা পর্যন্ত ঘোরাতে হবে।

**শ্রী ননী কর :** মাননীয় স্পিকার স্যার, আপনি শুনতে পারবেন কিনা জানিনা, কিন্তু আপনার শোনা খুবই দরকার। স্যার, গণতন্ত্র রক্ষার সংগ্রামে আপনার নাম আবার স্বর্ণাক্ষরে লেখা থাকবে। স্যার আপনি প্রমাণ করে দিলেন, না খেয়ে থাকলে গলার জোর বাড়ে। আপনি ছাড়া এটা কেউ প্রমাণ করতে পারত না। খেয়েছে বলেই ওরা এত নাচছে, এত চিৎকার করছে, গণতন্ত্র নষ্ট করার জন্য ওরা এইসব করছে। স্যার আপনি প্রমাণ করে দিয়েছেন বলেই, আপনার নাম গণতন্ত্র রক্ষার ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। স্যার, ১২ সেপ্টেম্বর সম্বন্ধে আপনি একটা কথা শুনেছিলেন। আপনি জানেন, ঐ দিন উত্তর ২৪ পরগনা বামফ্রন্টের পক্ষ থেকে একটা মিছিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, কিন্তু সেটাকে বাঞ্চাল করার জন্য ঐ ১২ তারিখে ওরাও একটা প্রোগ্রাম ঘোষণা করল। এই ব্যাপারে তাদের একটি চিঠি দেওয়া হয়েছিল, কিন্তু কংগ্রেসের পক্ষ থেকে তারা জবাব দিয়েছেন, যে তাদের ১২ সেপ্টেম্বরের ঐ কর্মসূচি পেছানো সম্ভব হচ্ছে না। কিন্তু স্যার আজকে সকালে উত্তর ২৪ পরগনা বামফ্রন্ট কমিটি আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আমরা আমাদের কর্মসূচি পিছিয়ে দেব। গণতন্ত্র রক্ষার ক্ষেত্রে আমরা বিশ্বাসী, তাই ১২ তারিখের কর্মসূচিকে পিছিয়ে আমরা ১৪ তারিখে নিয়ে গেছি। স্যার ওরা বলেছে, ১২ তারিখে ওদের কর্মসূচি শান্তিপূর্ণ হবে। স্যার, আমি পশ্চিমবাংলা, তথা গোটা ভারতবর্ষের জনগণের নেতা আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করছি, যে ওদের গণতন্ত্র ১২ তারিখে এইভাবে হবে। বারবার ওরা জ্যোতি বাবুর পদত্যাগ চাই, কিন্তু জ্যোতি বাবু পদত্যাগ করলে সেই জুতো পায়ে দেওয়ার যোগ্যতা তাদের নেই। সেই কারণে পশ্চিমবঙ্গের মানুষ, ভারতবর্ষের মানুষ বার বার নির্বাচনে তার জবাব দিয়েছে। আমি স্যার আপনাকে অনুরোধ করব, যে ১৪ তারিখের কর্মসূচি আপনি শুধু একবার গিয়ে দেখে আসবেন, শুধু উত্তর ২৪-পরগনা থেকে ঐ কর্মসূচিতে মানুষ আসবে এবং কত মানুষ সেদিন আসবে সেটা আপনি একবার গিয়ে দেখে আসবেন।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে আমাদের আলিপুর চিড়িয়াখানায় বিদেশি জীব জন্তু পাওয়া যাচ্ছে না এবং বৈদেশিক মুদ্রা ঘাটতির জন্য বিদেশ থেকে জীব জন্তু কেনা যাচ্ছে না। কিন্তু এক্সচেঞ্জ করলে জন্তু পাওয়া যাচ্ছে। এদের এক্সচেঞ্জ করে আলিপুর চিড়িয়াখানায় জন্তু আনছে না কেন? গোবিন্দ নস্কর আমেরিকান চিড়িয়াখানায় চড়া দামে বিক্রি হবে। তাই স্যার এক্সচেঞ্জ করার জন্য এদের আলিপুর চিড়িয়াখানা কর্তৃপক্ষের হাতে তুলে দিলে দামি জন্তু গরিলা, শিম্পাঞ্জী ইত্যাদি আনা যাবে এবং এদেরও একটা গতি হবে। আপনার মাধ্যমে আমি এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সাত্তিক রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে বিধানসভায় যে কাণ্ড চলছে তাতে আপনি যে সুন্দরভাবে হাউস পরিচালনা করছেন তারজন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, ৭ পাক ঘুরছে, ১০ পাক ঘুরবে, আর একটু চললে সব সমস্যার সমাধান হবে। তাই আপনি একটু চলতে দিন, গলা বসে এসেছে, ভুঁড়ি নিচের দিকে নেমেছে সাত পাক ঘুরতে ঘুরতে, আর ১২ পাক ঘুরলেই সব সমস্যার সমাধান হবে, তাই আর একটু চলতে দিন।

**মিঃ স্পিকার ঃ** প্রবুদ্ধ লাহা...................... নাউ শ্রী লক্ষ্মণ শেঠ

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পিকার, স্যার, আজকে মণ্ডল কমিশনের রিপোর্ট কেন্দ্রীয় সরকার অনুমোদনের সিদ্ধান্ত করার পর বিভিন্ন রাজ্যের ছাত্রদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। বামফ্রন্টের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন, বলেছেন যে সর্বদলীয় রাজনৈতিক বৈঠক করে মণ্ডল কমিশনের সুপারিশগুলি কিভাবে কার্যকর করা যায় সেইভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হোক। আমি মনে করি যে অনগ্রসর শ্রেণীর জন্য যে সংরক্ষণ নীতি চালু করা হয়েছে তা আর্থিক অবস্থা বিচার করে ঠিক করা উচিত। কিন্তু আমরা লক্ষ্য করছি কংগ্রেসি কায়েমী স্বার্থ গোষ্ঠীর ছাত্র পরিষদ বিভিন্ন স্কুল কলেজে পর্যন্ত পশ্চিমবঙ্গের ঐতিহাসিক ঐতিহ্য নষ্ট করে এই সংরক্ষণের বিষয় নিয়ে একটা আন্দোলন করার চেষ্টা করছে, গণ্ডোগোল করার চেষ্টা করছে। পশ্চিমবঙ্গের মানুষ জাত-পাতের উর্দ্ধে, তার দীর্ঘদিনের একটা ঐতিহ্য আছে। কিন্তু আমরা লক্ষ্য করছি কায়েমী স্বার্থের সুবিধা ভোগী মানুষ পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ প্রতিষ্ঠানগুলিতে এই সংরক্ষণের বিষয়কে ব্যবহার করে অশান্তি ঘটাবার চেষ্টা করছে, মূলত ছাত্র পরিষদ এইভাবে গন্ডগোল করার চেষ্টা করছে। সেজন্য এই হাউসে আমার প্রস্তাব হচ্ছে প্রধানমন্ত্রী বামপন্থীদের ডেকে একটা নীতি নির্ধারণ করুন।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বিধানসভায় একটা নজীর সৃষ্টি হল। আপনাকে প্রথমে ধন্যবাদ দিচ্ছি এইজন্য যে কংগ্রেস যে জঙ্গলের অবস্থা সৃষ্টি করার চেষ্টা করে যাচ্ছে তা সত্ত্বেও আপনি সুষ্ঠুভাবে এখনও বিধানসভা চালাচ্ছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৬ তারিখে মিউনিসিপ্যালিটির মধ্যে কংগ্রেসিরা ঢুকে নব-নির্বাচিত চেয়ারম্যানকে মেরেছে এবং অ্যাম্বুলেন্স ভাঙচুর করেছে। তাই এদের গ্রেপ্তার করা হোক অবিলম্বে।

## LEGISLATION

### The Calcutta University (Amendment) Bill, 1990

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1990.

(Secretary then read the Title of the Bill)

**Shri Jyoti Basu :** Sir I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1990, be taken into consideration.

(গোলমাল)

[2-40 — 2-50 P.M.]

**শ্রী বিদ্যুৎকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল যেটা এখানে উত্থাপিত হয়েছে আমি সেই বিলকে সমর্থন করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল যেটা আনা হয়েছে সেই বিলকে আমি সমর্থন করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী যে বিল উত্থাপন করেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। এই বিলের মুখ্য বক্তব্য হচ্ছে এই, ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর স্যালারি, অ্যালাওয়েন্স বাড়ানো হয়েছে সব বিষয়েই জিনিসপত্রের দাম বাড়ছে এবং অধ্যাপক থেকে শুরু করে সর্বত্রই শিক্ষক, সরকারি কর্মচারিদের বেতন বৃদ্ধি হয়েছে কাজেই খুব স্বাভাবিক ভাবেই ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর বেতনক্রম পুনর্নির্ধারিত করা হয়েছে। এর প্রয়োজনীয়তা ছিল বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে। এই বেতন বৃদ্ধির সাথে সাথে যেটা মনে রাখতে হবে, তা হল এই—এই বেতন বৃদ্ধির সাথে সাথে বহু ব্যাপারে ইউনিভার্সিটির যে শৈথিল্য দেখা দিয়েছে সেটাও লক্ষ্য রাখতে হবে। অধ্যাপকের পে ফিক্সেশনের ব্যাপারটা দীর্ঘ বিলম্বিত হলেও চলছে। বহু কলেজে এখনও পর্যন্ত পে ফিক্সেশন হয়নি। এইভাবে ইউনিভার্সিটির বিভিন্ন দপ্তরের কাজ বিলম্বিতভাবে চলছে। সেইগুলি তরান্বিত করার ব্যাপারে আছে। আজকে যে বিল উত্থাপিত হয়েছে আমি সেই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Jyoti Basu that the Calcutta University (Amendment) Bill, 1990, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1-4 and Preamble

The question that the Clauses 1-4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1990, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990.**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to introduce the Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990.

.......(Secretary then read the Title of the Bill)........

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the Howrah Municipal Coproration (Second Amendment) Bill, 1990 be taken into considertaion.

**Mr. Speaker :** There are several amendments on this Bill given by Shri Ashok Ghosh, Shri Supriya Basu and Shri Apurbalal Muzumdar. As Shri Ashok Ghosh and Supriya Basu have been suspeneded from the House Shri Apurbalal Majumdar may move his amendments. I don't find Shri Apurbalal Majumdar in the House and as such his amendment are not moved.

**শ্রী নিতাইচরণ আদক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, আজ এই সভায় যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন ( সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ এনেছেন, আমি মনে করি এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। আমি স্যার, এই বিলটিকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, আজকে মিউনিসিপ্যালিটিগুলি যে অবস্থায় এসেছে তাতে করে যে সমস্ত সংশোধনী এখানে রাখা হয়েছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর প্রতি হাউসে যারা আছেন তাদের প্রত্যেকের সমর্থন জানানো উচিত বলেই আমি মনে করি। এই বলে এই বিলকে আবার পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন ( সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ এনেছেন সেই বিল আগের বিলে যে সমস্ত ভুলত্রুটি ছিল সেগুলি সংশোধন করে আনা হয়েছে। এই বিলকে আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি।

**শ্রী তারাপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন ( সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯০ এনেছেন সেটা আমি সমর্থন করছি। এই বিলে সমস্ত কিছু সুন্দর ভাবে বলা হয়েছে। ইলেকটোরাল রোল, ড্রাগ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে। এই বিলটি পূর্ণাঙ্গ একটি বিল। আমি সর্বান্তকরণে এই বিলকে সমর্থন করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিস্তৃত কিছু বলার নেই বিশেষ করে অ্যামেন্ডমেন্টগুলি যখন উত্থাপিত হয়নি। যে সংশোধনী আনা হয়েছে তাতে হাওড়ার জন্য বর্তমানে যে আইন আছে তাকে উন্নত করা হয়েছে। আশা করি এটা আমরা করতে পারলে হাওড়া কর্পোরেশনের কাজের উন্নতি ঘটবে।

The motion of Shri Buddhadeb Bhattacharjee, that the Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990, be taken into consideration, was then put and argeed to.

**Clause 1**

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker:** There are amendment to Clause 2 by Shri Supriya Basu. Shri Basu being suspended, his amendments are not moved.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clasue 3**

**Mr. Speaker:** There is one amendment to Clause 3 by Shri Apurba Lal Mujumdar. As Shri Majumdar is not present, the amendment is not moved.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 to 6**

The question that Clasues 4 to 6 do stand part of the Bill was then put and agreed to.

**Clasue 7**

**Mr. Speaker:** There are amendment to Clause 7 by Shri Apurbalal Mujumdar and Shri Supriya Basu. As Shri Majumdar is not present and Shri Basu being suspended, the amendment are not moved.

The question that Clause 7 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 8

The qeustion that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 9

**Mr. Speaker :** There is amendment to Clause 9 by Shri Apurba Lal Mujumdar. The amendment is out of order.

The question that Clause 9 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 10

**Mr. Speaker :** There is amendment to Clause 10 by Shri Apurba Lal Majumdar. The amendment is out of order.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

[2-50 — 3-00 P.M.]

### Clause 11

**Mr. Speaker :** There is an amendment in the name of Shri Apurbalal Mujumdar. As Shri Majumdar is not present in the House, the amendment is not moved.

The question that Clause 11 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 12

**Mr. Speaker :** There is no amendment to Clause 12.

The question that Clause 12 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 13

**Mr. Speaker :** There is an amendment in the name of Shri Supriya Basu. The Member being suspended, the amendment is not moved.

The question that Clause 13 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 14**

**Mr. Speaker :** There is an amendment in the name of Shri Supriya Basu. The Member being suspended, the amendment is not moved.

The question that Clause 14 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 15**

There are amendment in the name of Shri Apurbalal Mujumdar. As the member is not present in the House, the amendments are not moved.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 16 and Preamble**

**Mr. Speaker :** There is no amendment to Clause 16. and Preamble.

The question that Clause 16 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**THE BENGAL MUNICIPAL (AMENDMENT) BILL, 1990**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1990.

(Secretary then read the Title of the Bill)

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1990, be taken into consideration.

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ পৌরসভা সংশোধনী বিল, ১৯৯০ যেটা এনেছেন, তা আমি সমর্থন করছি। এটার অত্যন্ত প্রয়োজন ছিল। দেশ ভাগের পরে যে সমস্ত অঞ্চল গড়ে উঠেছে, সরকারি অনুমোদন পেয়েছে সেখানে ট্যাক্স-এর ব্যাপারে এবং অন্যান্য যে সমস্ত অসুবিধাগুলি আছে সেগুলির সংশোধনের দিকে লক্ষ্য রেখেই এই সংশোধনী বিল আনা হয়েছে। এটার প্রয়োজন আছে। কাজেই আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী যে The Bengal Municipal (Amendment) Bill, 1990 সভায় উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করছি। কারণ এই বিলের যে অ্যাক্ট তাকে অ্যামেন্ড না করলে আমাদের কাজের পক্ষে অসুবিধা হচ্ছিল। যে সমস্ত নোটিফায়েড এরিয়া আছে, গভর্নমেন্টের টাউনশিপ আছে সেখানে অ্যাসেসমেন্ট করা, করা আদায় কর ইত্যাদির অধিকার যদি না দেওয়া হয় তাহলে কার্যত সমস্ত কাজ বন্ধ হয়ে যাবে। কাজেই এটা অত্যন্ত জরুরি এবং প্রয়োজন। সেই জন্য এই অ্যামেন্ডমেন্ট যেটা আনা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী মহাশয় যে, The Bengal Municipal (Amendment) Bill, 1990 এখানে উত্থাপন করেছেন পরিবর্তিত পরিস্থিতিতে আর্বান এরিয়ার পরিপূর্ণ উন্নয়নের জন্য, এটার খুবই দরকার ছিল এবং এটা অত্যন্ত যথার্থ সময়ে এখানে উত্থাপিত হয়েছে। কাজেই এই বিলকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** মানীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা ছোট সংশোধনী। আমাদের নোটিফায়েড এরিয়া অথরিটিগুলির অ্যাসেসমেন্ট করা এবং কর ধার্য করার ব্যাপারে কিছু অসুবিধা হচ্ছিল। এই সংশোধন করার ফলে নোটিফায়েড এরিয়া অথরিটিগুলিতে যে সমস্যা ছিল সেটার সমাধান হবে বলে এটা করা হয়েছে। এটা অত্যন্ত দরকার ছিল। এটা সকলেই সমর্থন করেছেন, কাজেই এই সম্পর্কে আমার আর বিশেষ কিছু বলার নেই।

The motion of Shri Buddhadeb Bhattacharjee that the Bengal Municipal (Amendment) Bill. 1990, be taken into consideration. was then put and agreed to.

## Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 2

**Mr. Speaker :** There is amendment to clause 2 by Shri Apurbalal Majumdar. The amendment is in order. Shri Majumdar may move his amendment.

(Not moved being absent in the House)

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

## Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের দেশ বিভিন্ন দিক থেকে যখন সারা বিশ্বে ক্রমশ পেছিয়ে পড়ছে এটা ঠিক যেমন দুঃখের কারণ, ঠিক তখন বিশ্ব ক্রীড়াঙ্গনে আমাদের কলকাতার একজন তরুন এবং যুবক আমাদের জন্য গৌরব নিয়ে এসেছেন, তিনি হলেন লিয়েন্ডার পেজ, তিনি জুনিয়ার বিশ্ব উইম্বলডন চ্যাম্পিয়ানশিপে চাম্পিয়ান হয়েছেন কয়েকদিন আগে। আর একজন কলকাতার বুকে যুবক মনোজ কোঠারি তিনি বিশ্ব বিলিয়ার্ড চ্যাম্পিয়ানশিপে চ্যাম্পিয়ান হয়েছেন দু-তিনদিন আগে। এতে আমরা কলকাতাবাসী হিসাবে গর্ব অনুভব করছি। পশ্চিমবঙ্গবাসী হিসাবে গর্ব অনুভব করছি। আমরা চাই এই দুজন তরুন এবং যুবককে রাজ্য সরকারের পক্ষ থেকে যেন সম্বর্ধনা জানানো হয়। রবীন্দ্র সদনে যেমন মন্ত্রী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয়। আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের ক্রীড়া এবং যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা শিল্প মন্ত্রীর কাছে একটা আবেদন করছি, আমাদের পশ্চিমবঙ্গে এখন ছয় সাতটা সুতাকল ইতিমধ্যে বন্ধ হয়ে রয়েছে। কিছু দিন আগে চিফ সেক্রেটারি এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন-এর উদ্যোগে একটা কমিটি হয়েছিল। সম্প্রতি সেই কমিটির একটা রিপোর্ট বেরিয়েছে। তাতে দেখা গেছে এখন কাপড়ের বাজার অত্যন্ত তেজী। কিছুদিন আগে কাগজে দেখলাম বিজনেস স্ট্যান্ডার্ডে দেখেছিলাম যে পশ্চিমী দেশগুলো, তারা এখন থেকে সুতো কাপড় তৈরি করবে না। তারা অনুন্নত দেশ থেকে কাপড় এবং সুতো কিনবে। এর পরিপ্রেক্ষিতে ভারতবর্ষে তৈরি কাপড়ের চাহিদা অত্যন্ত বেড়েছে। তাই আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করব প্রায় ১০ হাজার শ্রমিক আজকে বেকার হয়ে আছে, মিলগুলো বন্ধ, বি.আই.এফ.আর-এ পড়ে রয়েছে। সেইগুলোকে এন.টি.সি.র অধীনে নিয়ে রাজ্য সরকার ইকুইটি শেয়ার দিয়ে এইগুলো চালাতে পারে, তার ফলে এইগুলো লাভজনক হবে। এর ফলে ১০ হাজার শ্রমিক উপকৃত হবে। এইগুলো প্রায় দুই তিন বছর বন্ধ হয়ে রয়েছে, কেননা রাজীব গান্ধী সরকার এইগুলোকে ডিনোটিফায়েড করে দিয়েছিলেন। এই জন্য মোহিনী মিল, শ্রী দূর্গা মিলের মতো মিল আজকে বন্ধ হয়ে রয়েছে, বি.আই.এফ.আর.-এ রয়েছে। সেই জন্য ইকুইটি শেয়ার দিয়ে এন.টি.সি.র মাধ্যমে এই কারখানাগুলি চালু করার ব্যবস্থা করুন।

**শ্রী অমলেন্দু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পয়েন্ট অব অর্ডার তুলতে চেয়েছিলাম,

[3-00 — 3-10 P.M.]

আপনি যদি সময় দেন, আমি আজকেই তুলতে পারি। কথা হচ্ছে, আমি কয়েকটা নিয়ম কানুন নিয়ে একটু আলোচনা করতে চাই। আমাদের পরিষদীয় রাজনীতি পরিষদে সদস্যরা

কিভাবে আচরণ করবেন সে সম্পর্কেই এই নিয়মগুলি তৈরি হয়েছে। এগুলিকে বলা হয় রুলস অফ এটিকেট এবং পার্লামেন্টারি কনভেনশন। এই রুলসগুলি অফ বিজনেসের বেসিসে ধীরে ধীরে তৈরি হয়েছে। ধীরে ধীরে এগুলি ফ্রম টাইম টু টাইম স্পিকারের রুলিং-এর মারফৎ প্রিসিডেন্ট হিসাবে তৈরি হয়েছে। বিগত কয়েক দিন ধরে এই বিধানসভায় আমরা সদস্যদের যেভাবে আচরণ করতে দেখলাম তাতে একদিকে যেমন যে সমস্ত রুলস অফ এটিকেট এবং পার্লামেন্টারি কনভেনশন, মেম্বারদের কন্ডাক্টের সম্পর্ক পদে পদে ভঙ্গ করা হয়েছে—ঠিক তেমনিই এর পাশাপাশি যাকে আমরা স্বাধিকার বলি, সেই স্বাধিকার বা প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে। এবং কালেকটিভলি হাউসের অবমাননা করা হয়েছে। এ রকম ঘটনাকে আমরা সাধারণ ঘটনা বলে মনে করতে পারি না। কারণ এই আচরণ যারা চালাচ্ছেন তারা বোধ হয় ভুলে গেছেন, তাদের সেই জন্য স্মরণ করিয়ে দেওয়া প্রয়োজন, এই আইনগুলি আমরা কেউ তৈরি করি নি। প্রত্যেকটা আইন আমাদের সঙ্গে ট্রেজারি বেঞ্চের সংঘর্ষের মধ্যে দিয়ে তৈরি হয়েছে। বিগত ৫০ বছর ধরে—আমরা যদি আরও পিছনে না যাই—ট্রেজারি বেঞ্চের সঙ্গে অপোজিশনের সংঘর্ষ হয়েছে, কনফ্রনটেশন হয়েছে ইনসাইড দি হাউস এবং তারপর ডিবেটের ভিত্তিতে স্পিকার সেই মামলার মীমাংসা করেছেন, রুলিং দিয়ে। অর্থাৎ এই নিয়মগুলি আমাদের দেশের পার্লামেন্টারি ডেমোক্রাসি প্রবক্তাদের মধ্যে যিনি জয়েন্ট এবং মেন, পন্ডিত জওহরলাল নেহেরু—একটি দুটি করে যে নিয়মগুলি আমি এখানে উত্থাপন করব সেই নিয়মগুলি তিনি যখন লীডার অফ দি হাউস পার্লামেন্টে এবং কন্সটিটুয়েন্ট অ্যাসেম্বলিতে সেই সময়ে তৈরি হয়েছে। তার প্রত্যক্ষ নেতৃত্বে এই রুলস লিপিবদ্ধ হয়েছে। তারপর আর একজন মাননীয় প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী, তার আমলে— তিনি যখন পার্লামেন্টে লীডার অফ দি হাউস ছিলেন তখন এই নিয়মগুলির অন্তত কয়েকটা নিয়ম তৈরি হয়েছিল। এবং দু-তিনটি রুলস তৈরি হয়েছে ইন্দিরা গান্ধীর আমলে কোনও রুলই আমাদের তৈরি নয়। আজকে এই সব আচরণ দেখে আমার মনে হচ্ছে যে, যারা নিজেদের পরিচয় দেয় জওহরলাল নেহেরুর অনুগামী বলে, লাল বাহাদুর শাস্ত্রী অনুগামী বলে, ইন্দিরা গান্ধীর অনুগামী বলে তারা কি আদৌ পরিষদীয় রাজনীতিতে জওহরলাল, লাল বাহাদুর, ইন্দিরা গান্ধীকে অনুসরণ করছেন। রাজীব গান্ধী পর্যন্ত যিনি এই সমস্ত আচরণের প্রত্যক্ষ মদতদাতা বলে আমি মনে করি। তারা কি জওহরলাল নেহেরু, লালবাহাদুর শাস্ত্রী, ইন্দিরা গান্ধীর পথ অনুসরণ করছেন এইভাবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, জওহরলাল নেহেরুর জন্মশতবার্ষিকী পালন করা হয়েছে, জওহরলাল নেহেরুর জন্মশতবার্ষিকী বছর শেষ হয়নি, চলছে। সেই সময়ে পরিষদীয় রাজনীতিতে আজকে যে অনাচার আমরা দেখলাম ঘণ্টার পর ঘণ্টা হাউসের ভিতর কী হল? এইসব অন্যাচার জওহরলাল নেহেরুর জন্মশতবার্ষিকী শেষ হওয়ার আগেই জওহরলাল নেহেরুরর অনুগামী বলে যারা দাবি করেন তারা অবলীলাক্রমে প্রকাশ্যদিবালোকে যা করে যাচ্ছে তাতে গণতন্ত্রের ভবিষ্যত কি সেই প্রশ্নই বড় হয়ে দেখা দেবে। আইন আমরা তৈরি করিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনের কথাগুলি বললে প্রশ্ন উঠতে পারে আপনারা কি করেছিলেন। আপনারা এগুলি কি মানতেন, আপনারা এইসব আইন ভেঙেছেন। অবাক

[3-10 — 3-20 P.M.]

কথা, অদ্ভুত প্রশ্ন, আমাদের টেনে আনা কেন? আমরা তো আইন তৈরি করিনি। আমি

আগেই বলেছি এই আইনগুলি আমাদের সঙ্গে [illegible]র ফলে উদ্ভূত হয়েছে। ওরা আইন তৈরি করলেন আমাদের মুখ বন্ধ করার জন্য আমাদের জব্দ করার জন্য, সুতরাং আমাদের কেন আজকে এইভাবে সম্পর্ক টানার চেষ্টা করা হয়েছে প্রশ্ন এখানেই? যারা এই আইন তৈরি করেছেন তারাই কি আইন ভাঙবেন? তারা কি ভাঙতে পারেন কোনও যুক্তিতে? আজকে আমরা তাদের কাছ থেকে আমরা শুধু নই, হাউস শুধু নয়, দেশবাসী আজকে তাদের কাছ থেকে সেই কৈফিয়ত নিশ্চয় দাবি করতে পারে যে আপনারা কোন মুখে আপনাদের নেতাদের তৈরি আইন, জওহরলাল নেহেরুর তৈরি আইন, লালবাহাদুর শাস্ত্রীর তৈরি আইন, শ্রীমতী ইন্দিরা গান্ধীর তৈরি আইন সেইসব আইন মুখে বলছেন যে আপনারা তাদের অনুগামী সুতরাং আপনারা কি করে অবলীলাক্রমে সেইসব আইন ভঙ্গ করছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসের সময় নিতাম না, কিন্তু এটা এতই গুরুতর ঘটনা যেটা নিয়ে এই বিধানসভায় পূর্ণাঙ্গ আলোচনা হওয়া উচিত। এই অধিবেশনের শুরু থেকে শেষ পর্যন্ত ওদের ১ পয়েন্ট প্রোগ্রাম। এর আগের সেশনেও ১ পয়েন্ট প্রোগ্রাম ছিল জনৈকা মহিলাকে নিয়ে। তার কি হয়েছে, তার কি হতে পারে, তিনি কতবড় নেত্রী, আরও কতবড় নেত্রী হবেন এইসব ছিল আলোচনার একটিমাত্র বিষয় আগেকার সেশনে। এবারেও সেটা চলছে, তবে একটা ইস্যু তার সঙ্গে যুক্ত রয়েছে। সেটা কি? ধর্ষণ, রেপ এই একটি মাত্র ইস্যু। এই সামাজিক ব্যধি একটিমাত্র ইস্যু নিয়ে এই কয়েকদিন ধরে আমটীন ওদের প্রত্যেকটা সদস্য একটি শব্দ ব্যবহার করে গেছেন বিধানসভার ভিতর রেপ, ধর্ষণ। সেইজন্য আমি বলতে চাই, ঐ সামাজিক ব্যধিতে নজর না দিয়ে আমাদের রাজনৈতিক ব্যধির দিকে নজর দিন। এখানে আরও বড় ধরনের রেপ হতে চলেছে, রেপ অফ ডেমোক্রাসি, গণতন্ত্রের ধর্ষণ অনেক বড় জিনিস সেটা করা হচ্ছে এবং এটা যদি করা হয় তাহলে পরে এই রেপ অফ ডেমোক্রাসি আজকে আমাদের যেমন করেই হোক ঠেকাতে হবে কিনা সেটাই আমাদের সামনে প্রশ্ন? কি নিয়ে প্রশ্ন উঠেছিল, কোন জায়গায় কী হচ্ছে? এখন বিধানসভায় কী হচ্ছে? এই ক্ষেত্রে নিয়মগুলি কী আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে নজীর উল্লেখ করে বলছি, তারা যা করছেন বিধানসভার মধ্যে এবং বাইরে সে সম্পর্কে জওহরলাল নেহেরুর আইনে তিনি বলছেন যে While the House sitting, every Member should enter and have the chamber with decorum. এটা ডেকোরাম? কোন অভিধানে এই আচরণগুলিকে ডেকোরাম বলা হবে? হাউসে আরও মেম্বার আছে, ৩৮ জন মেম্বার অন্য সমস্ত মেম্বারের কণ্ঠরুদ্ধ করে দিতে পারেন? গণতন্ত্রে তাদের কথা বলার অধিকারকে রোধ এবং আলোচনা করার স্বাধীনতাকে খর্ব করতে পারেন কোন অধিকারে? কোন গণতন্ত্রে এই রকম ব্যবস্থা আছে? আমি জানতে চাই, একটা মাইনরিটি দল, অলমোস্ট মাইক্রোসকোপিক মাইনরিটি। গায়ে চরা, হল্লা করা, যা মেছোহাটায় এবং পাড়ায় রোয়াকে রোয়াকে হয়। বিধানসভাকে সেই জায়গায় টেনে নামিয়ে এনেছেন। এর অর্থ কি? পরিষদীয় গণতন্ত্রে যে বিধানসভার সদস্যরা এই রকম আচরণ করেন, যে বিধানসভার সদস্যরা এইসব কথা বার্তা ব্যবহার করেন, মানুষে সেই বিধানসভাকে শ্রদ্ধা করতে পারে না, মানুষ অশ্রদ্ধা করবে। মানুষ যে কাজ করতে পারে না, আজ তারা সেই কাজ করেছেন। বিধানসভাকে গভীর পাঁকের মধ্যে টেনে নামিয়েছেন। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে জওহরলাল নেহেরু, লালবাহাদুর শাস্ত্রী, ইন্দিরা গান্ধী যা শিখিয়েছেন তা ভস্মে ঘি ঢালা হয়েছে। এরা কিছুই

শিখতে পারেন নি। দ্বিতীয় কথা হচ্ছে ওরা এখানে যে আচরণ করলেন সেটা ব্রিচ অফ রুলসের মধ্যে পড়ে। রুলটা কি? রুল হচ্ছে এটিকেট সম্বন্ধে। এটিকেট সম্বন্ধে পার্লামেন্টারি রুলসে বলা আছে A member cannot resort to hunger strike, Dharna or any demonstration or perform any religious function in the precincts of the House. এটা কার কথা? মাননীয় জ্যোতিবাবুর না আমাদের? এই নিয়ে জওহরলাল নেহেরুর প্রত্যক্ষ নির্দেশে এই রুল সেখানে তৈরি হল, জানেন না? জওহরলাল নেহেরুর জন্মশতবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা এর থেকে ভালো বোধহয় কেউ কোনওদিন করতে পারত না। তারপর দেখুন, এখানে আপনি যদি আমাকে নজীর উল্লেখ করতে বললেন তাহলে পারব না, বইগুলি আনতে পারিনি, মোটা মোটা বই, এক জায়গায় রেখেছি। শুধু এইটুকু বলতে চাই এই নজীর, এই নিয়মটা কি করে তৈরি হয়েছে। একটি ক্ষেত্রে এ. কে. গোপালন নিজে পার্লামেন্টে বলেছিলেন কোনও একটা বিষয় নিয়ে, আমাদের ধর্না দিতে হবে। কনফ্রনটেশন আমাদের সঙ্গে, এবং সেখানে তখন শ্রী গোপালন নিজে ছিলেন, আরও অনেক বাঘা বাঘা পার্লামেন্টারিয়ান ছিলেন, মধুদন্ডবতে ছিলেন সেখানে এদের মেজরিটি ছিল। সেখানে এই প্রিসিডেন্ট তৈরি হয়ে গেছে যে, ডেমনেস্ট্রেশন দেওয়া, ধর্না দেওয়া, কোনও রকম স্লোগান দেওয়া, এমন কি জয়হিন্দ, বন্দেমাতরম পর্যন্ত বলা চলবে না। ঐ নেতারা জওহরলাল নেহরু, লালবাহাদুর শাস্ত্রী, ইন্দিরা গান্ধী তারা কি বলেছেন? ওরা যেসব নিয়মকানুন রুলস অফ এটিকেট, পার্লামেন্টারি কনভেনশন তৈরি করেছিলেন তার প্রত্যেকটি আজকে কয়েক দিন ধরে ভেঙে চলেছেন এরা। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা পয়েন্ট অফ অর্ডারের বিষয় বলে আমি মনে করি। ব্রিচ অফ রুলস প্রিভিলেজের আওতায় আসে না, কিন্তু আজকে তারা যে কান্ডকারখানা করলেন তাতে স্বতন্ত্র ব্রিচ অফ প্রিভিলেজের মামলা হয়েছে বলে সন্দেহ নেই। কিন্তু এসব মামলা করে কিছু করা যাবে কিনা সেটা বিবেচনা করে দেখুন। কারণ ওদের একমাত্র উদ্দেশ্য, রেপ অফ ডেমোক্রাসি এবং ওদের আচরণে, ব্যবহারে সেটা প্রতি মুহূর্তে প্রমাণ করেছে। তাই আপনার কাছে সাবমিশন, এই পয়েন্ট অফ অর্ডারটি আপনি বিবেচনা করবেন। যদি দরকার মনে করেন তাহলে ব্রিচ অফ প্রিভিলেজের মামলা আনতে অসুবিধা নেই। আপনি যেভাবে নির্দেশ দেবেন হাউস সেইভাবেই কাজ করবে, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** Hon'ble members, for some time past we have been noticing that standards have been falling. Standards of parliamentary democracy not only in West Bengal but all over India. It is unfortunate. I have repeated time and again. I am repeating once more. The Opposition has certain rights. And we say in common parlance that parliament belongs to the Opposition. Though they are denying that idiom, that axiom. Because here the Opposition can express their feelings, demand a debate, place their grievance, place their protest. But that has to be done in a parliamentary manner, in a parliamentary form. I have time and again been repeating to all members concerned not to violate parliamentary norms and parliamentary decorums and to observe parliamentary rules because, if we do not observe the rules then parliamentary does not exist. The Opposition can have some grievance.

It may be serious grievance. They may be agitating for certain issues. But they can demand debates. They can call attention. They can move adjournment motion. So many different forms which they have been using. It is not that they have not been accommodated. This House is very lenient to the Opposition. On the last occasion when they moved the adjournment motion they did not have the requisite number required to get the motion admitted. So I with the consensus of the House suspended the rules applicable to the admissibility of the adjournment motion because, I felt that they had the right to discuss. The matter was urgent. The matter was important. Serious disturbance had taken place. An Ex-lady M.P. had been assaulted. An honourable member had been assaulted. There should be a debate. Just because they were

[3-20 — 3-30 P.M.]

wanting in number the debate should be debarred this is not fair. There were two hour discussion, a threadbare discussion. They said what they wanted to say. In every way through motion, adjournment motion, mention, calling attention they have been making their submission. Not that they have been thwarted or suppressed. Then they wanted to hold the sitting demonstration which is not permitted under the rules. They sought permission from me to hold the demonstration. I instructed the Caretaker, the Assembly staff that all facilities should be provided to them becasue they are hon'ble members of the House. They can make mistake. But I, as a keeper of the House, as a custodian of the House, have arranged availability of doctor throughout the night. I have arranged all facilities for whatever they requested. Other facilities were also made available to them. One member fell ill towards early part of the morning. He was medically examined. He has been advised to take admission to the hospital. He has gone to the hospital. We have given all facilities, taken all steps to see that they are made comfortable. They felt they have legitimate right of demonstation. They can exercise that also though under the rules it was not permissible. But under any parliamentary form of democracy, can a legitimate right be exercised to frustrate the working of the parliament ? That cannot be a legitimate right. I could have suspended all the members becasue each one of them miss-behaved. I did not do it for one purpose only, because I feel that the people of West Bengal should know how certain members of the House behave. I feel that they should know how certain members behave. I feel they should know it. Time has come. They must behave responsibly. As they have rights, the ruling party members have also rights to mention, zero hour mention etc. They also filed notices. There are smaller Opposition groups. There are two members, one member is

ıer a minuscule Opposition. When the bigger Opposition behave in ; way they frustrate the rights of the other Opposition members who smaller than the bigger Oppsition to perform the parliamentary duty. ɜy also represent their constituencies. They cannot nonopolize rights t because they are the larger Opposition groups or because they are ognized Opposition party in the House. Democracy cannot be nopolized. Democracy partains the rights of each and every individuals l this House is the citadel of democracy where the rights have to protected, not violate, not frustrated, not thwarted. I am sure all mbers will behave responsibly. I am willing to go to the farthest ent. I am very tolerant and very liberal.

I am willing to give accomodation to the farthest extent to each l every member as far as I may be able to make it possible. I may able to accomodate, not beyond that, because going beyond that will an taking away all the rights of all other members which is not tified. It cannot be done and it should not be done. The question is valuable hour for exercising rights of the members. We suspended ɜstion hour in the past. We have suspended question hour today. er getting some questions, I had to take up mentions. Valuable rights the members have been lost. Who will be responsible for this? Who accountable? Who is answerable? Just because there are some position members they will hold the House to randsome, because y are the recognised Opposition, because they have got many more oats of shouts? That is not democracy. That is also a type of tatorship. It is a dictatorship of the Opposition inside the parliament l that should not be tolerated. I will appeal to the Opposition again t they should come and behave as responsible member. If they have y problem they can discuss that with me. If they have certain things, y could have told me beforehand that they want this issue to be cussed. But they did nothing beforehand. They thought to behave in s way, because newspapers are there, headlines would be there, the otographs would be coming and that they will get publicity and pularity. Will the parliament function according to the newspapers, blicity? T.V., Radio media? Not according to the interest of the ople? Not according to the rights and the interest of other members?

Today is a dark day of parliamentary democracy in West Bengal. is unfortunate that this Assembly has been turned into a circus nporarily. What has been going on has been a circus show which we in a circus. I hope members will not be recalcitrant and fully rrect themselves and behave in a better way in future. With these ords, I do not wish to proceed further and I leave the responsibility

to each and every member to behave responsibly.

Yes, Mr. Rabindra Nath Mondal, you make your submission.

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২৮ তারিখের একটি বিষয় আপনার নজরে আনার চেষ্টা করছি। আমি একটু আগে যে মূল্যবান আলোচনা হল এবং আপনি যেটা বললেন—পশ্চিমবাংলার সংসদীয় গণতন্ত্রের কালো দিন তাতে আমরা খুবই আতঙ্কিত। আমি অন্য একটি বিষয়ে আতঙ্কিত তা হল এই যে, আমাদের দেশে সংবাদপত্রের স্বাধীনতা, সাংবাদিকদের স্বাধীনতা এবং নিরাপত্তা, এইসব প্রশ্নে আমরা মুখর আমরা এটা চাই। আমরা গণতন্ত্র প্রেমী, গণতন্ত্রের পূজারী। গণতন্ত্রের জন্য আমাদের রাজ্যের মানুষের অতীত দিনের গৌরবজনক সংগ্রাম, রক্তাক্ত দিন সবই পশ্চিমবাংলার সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে লিপিবদ্ধ আছে। আজকে আমাদের সংসদীয় গণতন্ত্র আমাদের বুর্জোয়া শাসকদলের দ্বারা লুণ্ঠিত, সেই গণতন্ত্রকে তুলে ধরার দায়িত্ব আজকে এসেছে বামপন্থীদের উপরে, তারা পালন করছেন। এইক্ষেত্রে সংবাদপত্রের যথেষ্ট দায়িত্ব আছে। তাদের দায়িত্ব আছে জনমত সংগঠিত করে মানুষকে শিক্ষিত করার। অতীতদিনে তারা জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। কিন্তু আজকে আমরা যদি দেখি কোনও সংবাদপত্র, সংবাদপত্রের গোষ্ঠী তারা সংগঠিত ভাবে জনপ্রতিনিধিদের ম্যালাইন করার জন্য মানুষের সামনে তাদের যে ভাবমূর্তি তা কলঙ্কিত করার জন্য চেষ্টা করছে, এবং তাদের সেই প্রচেষ্টার দ্বারা যদি আমরা দেখি যে তাদের জীবন বিপন্ন তাহলে আমরা আতঙ্কিত হয়ে যাই। গত ২৬ তারিখের টেলিগ্রাফ পত্রিকা আমার কাছে আছে। আমরা স্তম্ভিত হয়ে যাচ্ছি যে আন্ডার দি ব্যানার রেড মাফিয়া কাদের ছবি তারা প্রকাশ করেছেন। যে ছবি তারা ছাপিয়েছেন তারমধ্যে আছেন লক্ষ্মী দে, আমাদের সিটিং এম.এল.এ., প্রশান্ত শূর, যিনি একজন মন্ত্রী, মাননীয় সুভাষ চক্রবর্তী, তিনি একজন মন্ত্রী, শচীন সেন, চিফ হুইফ এবং মাননীয় মন্ত্রী শ্যামল চক্রবর্তী। অর্থাৎ রেড মাফিয়ার নাম করে তাদের ছবি ছাপিয়েছেন পশ্চিমবঙ্গের বুকে গণতান্ত্রিক সংগ্রামে যাদের গৌরবজনক অতীত আছে ; অনেক সংগ্রামে, গণতান্ত্রিক আন্দোলনে যারা পরীক্ষিত তাদের এমনভাবে রেড মাফিয়া বলে কলঙ্কিত করার চেষ্টা করা হয়েছে। সমাজবিরোধীরা এর দ্বারা উৎসাহিত হয়েছে। এর দ্বারা যদি তাঁরা খুন হয়ে যান তাহলে আশ্চর্য হবার কিছু নেই। সংবাদপত্র মালিকদের এই যে চিন্তাধারা, এটি উদ্দেশ্য প্রণোদিত, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত এবং এইভাবে যদি সমস্ত মানুষের কাছে এদের কলঙ্কিত করার চেষ্টা করা হয়, তাহলে গণতন্ত্রের সমূহ বিপদ। এরফলে খুবই স্বাভাবিক, সংবাদপত্র এবং সাংবাদিকদের সম্বন্ধে মানুষের মনে একটা বিরূপ ধারণা এতে সৃষ্টি হয়। এই প্রসঙ্গে আমি আপনার কাছে বলতে চাই, এটা হয়ত হতে পারে, আইনত কিছু করা সম্ভব কিনা আমি জানিনা। কিন্তু যেভাবে বিষয়টিকে উপস্থাপিত করা হয়েছে তা ডিফেমেটোরি, লায়বেলাস, ডিরোগেটোরি এই বক্তব্যের মধ্যে আছে। আপনি হয়ত বলতে পারেন যে আইনের সাহায্য নেওয়া যেতে পারে। কিন্তু আমি আপনার কাছে আবেদন করব এরা সকলেই গণতান্ত্রিক আন্দোলনে পরীক্ষিত নেতা। তাদের সম্পর্কে সংবাদপত্র যদি এটা করে, ইনভেস্টিগেশনের জন্য আমি কি আপনার কাছে আবেদন করতে পারি না। আইনকানুনের প্রশ্ন এক ব্যাপার, এখানে গণতন্ত্র রক্ষার প্রশ্ন জড়িত আপনার কাছে এই শেল্টার চাই, এই সংবাদপত্রের মালিককে হাউসে ডেকে আনার

জন্য সমন করা হোক। এইভাবে জনপ্রতিনিধিদের ম্যালাইন করার চেষ্টা করে তাদের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করা হচেছ। ভবিষ্যতে এদের প্রাণ পর্যন্ত বিপন্ন হতে পারে এই রকম জঘন্য খেলায় তারা মেতে উঠেছে। এই সভায় আপনার মাধ্যমে আমি সমগ্র পশ্চিমবঙ্গের জাগ্রত জনগণের মত জাগ্রত বিবেকের কাছে আমি আবেদন করব এই বিষয়ে সতর্ক হন। এই নোংরা খেলায় কংগ্রেস নামক রাজনৈতিক দল যারা জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন, তাদের সাথে কনাইভেন্স এই পত্রিকা গোষ্ঠী এই গণতন্ত্র হত্যার খেলায় মেতে উঠেছে এবং এটা ঠিকই আপনার কণ্ঠের সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমি বলতে পারি ডার্ক ডেজ Dark days of Parliamentary democracy dark days of West Bengal in convenience with the Congress (I) Party and the organisations of the newspapers. সুতরাং আমি আপনার কাছে আবেদন করব কোন পথে বিষয়টি আলোচনা করে আপনার সুবিচার পাওয়া যাবে সেটা আপনি দেখবেন। এই নিবেদন রেখে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

The House was then adjourned at 3.31 P.M. till 1 P.M. on Friday, the 31st August, 1990 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 31st August, 1990 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 3 Ministers of State, and 167 Members.

[1-00 – 1-10 P.M.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Anil Krishna Mondal, former member of the West Bengal Legislative Assembly, who breathed his last recently.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে—বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদে আন্দোলন করতে গিয়ে আমাদের কয়েকজন কর্মী হাসপাতালে ভর্তি হয় এবং পুলিশ তাদেরকে হাসপাতালের মধ্যে শেকল দিয়ে বেঁধে রেখেছে এবং এই পত্রিকায় তাঁর ছবিও বেরিয়েছে—এই ব্যাপারে অবিলম্বে আমি মুখ্যমন্ত্রীর বিবৃতি চাই।

....... (noise) .......

**Mr. Speaker :** Shri Mondal was elected to the West Bengal Legislative Assembly in 1972 General Elections from Hingalgunj (S.C.)—24-Parganas Constituency as a candidate of Communist Party of India.

At his death, the State has lost a veteran political leader.

Now I request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Honourable members stood in silence for two minutes)

(**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, এই হাউসে অবিলম্বে মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারে বিবৃতি দিতে বলুন।)

Thank you, ladies and gentlemen, Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Mr. Sarkar one moment, please take your seat. আমাদের সমাজে একটা সভ্যতা আছে, একটা এক্স-মেম্বারের কন্ডোলেন্স ম্যাসেজ পড়ছি তার উপর আপনি এই রকম

একটা ব্যবহার করছেন, কোন পর্যায়ে আমরা যাব, আমি জানিনা; তাহলে তুলে দিন এই জায়গাটা, শেষ করে দিন। আপনি তো একদিন গত হবেন, তখন তো আপনারও অবিচুয়ারী পড়া হবে, এবং অন্যান্য সদস্যরা আপনার সম্মানে নীরবতা পালন করবেন তখন অন্য .মেম্বাররা তাহলে এই রকম ভাবে অশোভন ব্যবহার করবেন?

## Starred Questions
## (to which oral answers were given)

### বোলপুর-রাজগ্রাম রোডে দ্বারকা নদীর উপর ব্রিজ নির্মাণের কাজ

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০।) **শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার অন্তর্গত বোলপুর-রাজগ্রাম রোডের মধ্যে অবস্থিত 'দ্বারকা' নদীর উপর অনুমোদিত হওয়া সত্ত্বেও ব্রিজ নির্মাণের কাজটি বিলম্বিত হইতেছে;

(খ) সত্য হইলে, কারণ কি; এবং

(গ) কোন সময় নাগাত উক্ত নির্মাণ কার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মতীশ রায় ঃ**

(ক) হ্যাঁ,

(খ) সেতুটির নকশা পরিবর্তন কি করার জন্য বিলম্ব ঘটেছে, পরিবর্তিত নকশার ফলে নির্মাণ ব্যয় প্রায় ৫০ লক্ষ টাকা কমে গেছে।

(গ) ডিসেম্বর মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা যায়।

(At this stage the SUCI honourable members walked out of the chamber.)

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ডিসেম্বরে শুরু হবে—কোন তথ্যের ভিত্তিতে এই কথা বললেন?

**শ্রী মতীশ রায় ঃ** এই ব্রিজটি তৈরি করার ব্যাপারে যে প্রিলিমিনারী ওয়ার্কস সেটা কমপ্লিট হয়েছে এবং আমাদের যে এস্টিমেটেড এক্সপেণ্ডিচার সেটাও ফাইন্যাল হয়ে গেছে। সেইজন্য আমি আপনার সামনে মাননীয় সদস্যদের কাছে বলছি আমরা আশা করছি ডিসেম্বর মাসের মধ্যে কাজটা শুরু করতে পারব।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, প্রিলিমিনারী ওয়ার্কের মধ্যে ইরিগেশন এবং ওয়াটারওয়েজ এর অনুমোদন কি পাওয়া গেছে? টেণ্ডার যেগুলি হয়েছে সেগুলির কি ব্যাপার?

**শ্রী মতীশ রায় ঃ** টেণ্ডার আহ্বান করা হয়েছে। আবেদনের শেষ তারিখ ছিল ১০/৮/৯০।

**শ্রী ধীরেন সেন ঃ** ইরিগেশন এবং ওয়াটারওয়েজের অনুমোদন কি পাওয়া গেছে?

**শ্রী মতীশ রায় ঃ** বিভাগীয় পক্ষ থেকে ইরিগেশন ডিপার্টমেন্টের সাথে আলোচনা করে নকশা তৈরি করা হয়েছে।

**শ্রী সাত্বিককুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বোলপুরের রাজগ্রামে যে ব্রিজ তৈরি করছেন সেই ব্রিজের রাস্তাতে দুটো বাস বা ট্রাক পাস করবার মতো জায়গা নেই। এই রকম একটা গুরুত্বপূর্ণ রাস্তায় যাতে দুটো বাস বা ট্রাক চলতে পারে তার কোনও পরিকল্পনা আছে কি না? তা ছাড়া যেভাবে মোরাম দেওয়া হয়েছে তাতে অসুবিধা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে যে কবে নাগাদ পিচ দেওয়া শুরু হবে?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্য জানেন, আমি অতীতে ঘোষণা করেছি যে ব্রিজ নির্মাণের কাজ ডিসেম্বর মাস থেকে শুরু হবে এবং নকশা যা যাতায়াতের পথকে সুগম রেখেই নকশা করা হয়েছে।

**বিশ্বকাপ ১৯৯০ উপলক্ষ্যে রাজ্য সরকারের প্রেরিত প্রতিনিধি**

***৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং ***৫৫।**) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি অনুষ্ঠিত বিশ্বকাপ (ইতালি '৯০) উপলক্ষে রাজ্য সরকারের পক্ষে কতজন প্রতিনিধি ইতালি গিয়েছিলেন;

(খ) ঐ বাবদে রাজ্য সরকারের ব্যয়ের পরিমাণ কত;

(গ) ঐ প্রতিনিধিসকল কটি খেলা প্রত্যক্ষভাবে অর্থাৎ মাঠে হাজির থেকে দেখার সুযোগ পেয়েছিলেন; এবং

(ঘ) প্রতিনিধিদের মধ্যে কতজন রাজ্য সরকারের নিকট তাঁদের অভিজ্ঞতার রিপোর্ট পেশ করেছেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) ১৬ জন।

(খ) প্রায় ৮ লক্ষ টাকা।

(গ) তিনটি (দুইটি কোয়ার্টার ফাইনাল এবং একটি সেমিফাইনাল) কয়েকজন প্রতিনিধি ফাইনাল খেলা দেখার সুযোগও পেয়েছিলেন।

(ঘ) পাঁচজন প্রতিনিধির কাছে রিপোর্ট চাওয়া হয়েছে। ইতিমধ্যে দুজন তাঁদের রিপোর্ট পেশ করেছেন। বাকি রিপোর্টগুলি পাওয়ার পরে সরকার ঐগুলি বিবেচনা করবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিপুল টাকা খরচা করে পাঠানো হল আমাদের দেশের কৃতী খেলোয়াড়দের, আগে থেকে কি জানতে পারেন নি ওখানে খেলা দেখানোর জন্য নিশ্চিত বন্দোবস্ত করা ছিল কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** তিনটে খেলা দেখানোর জন্য আগে থেকেই বন্দোবস্ত করা ছিল।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** রিপোর্ট যা দাখিল করা হয়েছে সেই রিপোর্টের ভিত্তিতে বা রিপোর্ট অনুযায়ী কোনও কর্মসূচি আপনাদের আছে কি না এটা জানাবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** পরিকল্পনা নির্দিষ্ট আছে। এটা আমি পরিষ্কার করেই বলেছি। এতবড় একটা অনুষ্ঠান চলছে ক্রীড়া জগতের, তার সাথে একাত্মতা হওয়া উচিৎ এবং অতীতে যে সমস্ত নামী খেলোয়াড় আছেন তাঁদের কে সম্মান করা উচিত।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, যদিও এটা এই প্রশ্নের সঙ্গে রিলেটেড নয় তবু জিজ্ঞাসা করছি যে লিয়েণ্ডার পেজ লন টেনিস চ্যাম্পিয়ন এবং অপেশাদারী বিলিয়ার্ডেসের চ্যাম্পিয়ন মনোজ কোঠারীকে সংবর্ধনা দেবার কোনও ব্যবস্থা আছে কি না বা এইরকম ধরনের কোনও চিন্তা-ভাবনা করছেন কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** বিষয়টা প্রাসঙ্গিক নয়। সংবর্ধনার ব্যাপারটা আমাদের সরকারের বিবেচনায় আছে। তবে একটা, দুটো খেলেই সংবর্ধনা দিলেই তরুণ বয়সে মানসিক ভারসাম্য নষ্ট হয়ে যায়। যোগ্য সম্মান অনুযায়ী যোগ্য মর্য্যাদা নিশ্চয়ই পাবে। তবে যাতে বাড়াবাড়ি না হয় সেটা দেখতে হবে। আপাতত কোনও কর্মসূচি নেই।

[1-10 – 1-20 P.M.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে ১৬ জন প্রাক্তন কৃতী খেলোয়াড় বিশ্বকাপ দেখে এল, তাদের সমস্ত রির্পোট পাওয়ার পর একত্রিত করে পশ্চিমবাংলার ফুটবলের মানকে উন্নয়নের জন্য এবং ধারাবাহিক ভাবে প্রশিক্ষণ শুধু কলকাতায় নয়, পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় বিশেষ করে গ্রামীণ খেলোয়াড়দের প্রশিক্ষণ দিয়ে পশ্চিমবাংলাকে জাতীয় স্তরে নিয়ে গিয়ে ফুটবলের মানকে যাতে উন্নতি করতে পারে এবং পার্টিশিসিপেট করতে পারে সে রকম কোনও পরিকল্পনা কি সরকারের আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার স্যার, এই বিষয়টা সেইভাবে এর সঙ্গে যুক্ত নয়, তথাপি আমি বলছি ওদের সব রিপোর্ট পাওয়ার পর আমরা কি করব সেটা আমরা সব ঠিক করে রেখেছি। আমরা গত বছর থেকে রাজ্যে ৪০টি দীর্ঘ মেয়াদী অনাবাসিক স্কুল অফ্ স্পোর্টস চালু করেছি। এর মধ্যে ৩৩টিই হচ্ছে ফুটবলের ব্যাপারে। এদের এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে একটা স্থিতিশীল পরিকল্পনা করে এবং সেটা কাজে লাগিয়ে আধুনিক বিশ্বের খেলাগুলি চিত্রের মাধ্যমে, যেমন টেলিভিসনের ক্যাসেটের মাধ্যমে ভালো ভালো খেলা দেখানোর ব্যবস্থা আমরা করছি।

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনার মূল প্রশ্নের উত্তরে আপনি জানিয়েছেন যে দু'তিন জন রিপোর্ট জমা দিয়েছে। মাননীয় সদস্য নটবর বাগদী কি রিপোর্ট জমা দিয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমরা সকলের কাছে রিপোর্ট চাইনি, আমরা পাঁচ জনের কাছে

রিপোর্ট চেয়েছি, তার মধ্যে তিন জন রিপোর্ট দিয়েছে এবং বাকি দুজন রিপোর্ট জমা দেবে। তবে আমরা ফর্মালি সবার কাছেই রিপোর্ট চেয়েছি এবং তারা মৌখিকভাবে সেটা জানিয়েছে।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় রাজ্য সরকারের তরফ থেকে ক্রীড়ামন্ত্রী ওয়ার্ল্ড কাপ-এ প্রতিনিধি পাঠানোর কথা বললেন। এই নামগুলো কিভাবে ঠিক হয়, এবং কিসের ভিত্তিতে হয়? যেগুলি ঠিক হয় তার মধ্যে কিছু থাকে বড় বড় ক্লাবের কোচের নাম। এই নামগুলো ঠিক করার সময় ঐ ক্লাবের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল কি না? অন্য আরেকটি বড় ক্লাবের কোচকে পাঠানো হল না কেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ফুটবল নিয়ে যারা সবচেয়ে বেশি চর্চা করে সেই রকম কলকাতার বড় তিনটি ফুটবল ক্লাব, যেমন—ইস্টবেঙ্গল, মোহনবাগান, মহামেডান, এদের কোচকে আমরা খেলা দেখতে পাঠাই। এর আগেরবারে বিশ্বকাপে আমরা মহামেডানের কোচকে পাঠিয়েছিলাম এবারে আমরা অন্য দুটো ক্লাবের কোচকে পাঠিয়েছিলাম। কারা যাবে, সেই পদ্ধতি সম্পর্কে নানা প্রশ্ন থাকা সত্ত্বেও এটা আমাদের বিবেচনা করে স্থির করতে হয় এবং আমাদের ক্রীড়া দপ্তর মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এটা ঠিক করে। ক্লাবের কোচ পাঠানোর ব্যাপারে যেটা বলা হয়েছে, এই ব্যাপারে ইস্টবেঙ্গল ক্লাবের কর্মকর্তাদের আমরা জিজ্ঞাসা করেছিলাম এবং মৌখিকভাবে তারা সম্মতি জানিয়েছিল।

**শ্রী পুলিন বেরা ঃ** শুনেছি ফুটবল ভলি খেলতে হলে অ্যাথলেট হতে হয়, সেই ফুটবল অ্যাথলেট হওয়ার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় প্রশিক্ষণ দেবেন কি?

**শ্রী সুভষ চক্রবর্তী ঃ** আমি আগেই উল্লেখ করেছি যে আমরা ৩৩টি দীর্ঘ মেয়াদী অনাবাসী স্কুল চালু করেছি, সেখানে আমাদের ফুটবলের সঙ্গে যুক্ত শরীর তৈরির জন্য যে অ্যাথলেটিক্স এবং জিমন্যাসটিক্স দরকার আমরা সেই বিষয়গুলি অনেকটা নিয়েছি, আরও বাকি যে পূরণ আছে সেগুলিও নিচ্ছি।

### বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের শয্যা ও রোগীর সংখ্যা

***৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮।) শ্রী অমিয় পাত্র ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের মোট শয্যা সংখ্যা কত;

(খ) গড়ে প্রতিদিন কত রোগী ভর্তি থাকেন; এবং

(গ) এই হাসপাতালে বর্তমানে কোন কোন পদ শূন্য আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) ৮৮০

(খ) ১৩২৫। প্রতিদিন গড়ে ভর্তি থাকেন।

(গ) এস. ডি. পি. পি.র পদটি ব্যতিত এই হাসপাতালের অন্য কোনও পদ খালি নাই।

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে যাদের আপনারা মেঝেতে শুইয়ে রাখেন এবং ডায়েটের ব্যবস্থা করেন তাদের সংখ্যা কি এর মধ্যে ধরা আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমি তো বললাম ৮৮০টি শয্যা আছে, কিন্তু গড়ে প্রতিদিন থাকে ১৩২৫, কার কথা বলছেন আমি বুঝতে পারছি না।

**শ্রী অমিয় পাত্র :** আমি বলতে চাই গড়ে ওখানে যে রোগী ভর্তি থাকে ১৩২৫ এর মধ্যে হাসপাতালের মেঝেতে কোথাও খালি জায়গা দেখতে পাওয়া যায় না যে জায়গায় রোগী নেই, সেই জায়গার রোগী মিলে এই ১৩২৫ কিনা জানতে চাই?

**শ্রী প্রশান্তকুমার শূর :** হ্যাঁ।

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ওখানে যে সমস্ত ডাক্তার চিকিৎসার এবং শিক্ষার দায়িত্বে আছেন তাঁদের অনেকেই কলকাতা থেকে যাতায়াত করেন, সপ্তাহে কয়েকদিন থাকেন, বেশির ভাগ দিন থাকেন না, এই বিষয়টা আপনার নজরে এসেছে কিনা এবং আসলে এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :** এটা আমাদের নজরে আছে। বেশির ভাগ ডাক্তার বা শিক্ষক কলকাতায় থাকেন এবং ট্রেনে যাতায়াত করেন। ট্রেন যদি চলে তাহলে সেখানে ক্লাশ হয়, যদি ট্রেন না চলে তাহলে ছাত্রদের পড়াশুনা হয় না। এটা বার বার শিক্ষকদের বলেছি, তাঁদের নজরে এনেছি কিন্তু তাঁরা কলকাতা থেকেই যাতায়াত করেন।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এটা শুধু বাঁকুড়া মেডিক্যাল কলেজ বলে নয় আমরা শুনেছি হাসপাতালে রোগীর সংখ্যা বেশি হওয়ার ফলে বিশেষ করে যেখানে মেডিক্যাল কলেজ আছে সেখানে যাঁরা প্রফেসর তাঁরা রোগী দেখার জন্য হিমশিম খেয়ে যাচ্ছেন, কলেজে পড়াতে পারছেন না, এই রকম অভিযোগ জানেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** রোগী বেশি থাকার জন্য কলেজে পড়াতে পারছেন না এটা সত্য নয়। কারণ, তাঁদের প্রাথমিক দায়িত্ব হল ছেলেমেয়েদের পড়ানো এবং তার সাথে সাথে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে তাঁদের কিছু বেড রাখা আছে, সেখানে তাঁদের যে বেড সাইড ক্লিনিক যেখানে ছেলেমেয়েদের পড়ানো হয় সেখানে তাঁদের ছেলেমেয়েদের নিয়ে যেতে হয়, রোগীদের দেখতে হয়। সুতরাং রোগী বেশি থাকলেই যে তাঁদের পড়ানো অসুবিধা হচ্ছে এই ধরনের কোনও অভিযোগ এখন পর্যন্ত আমার কাছে নেই।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী সাত্বিক রায় :** আপনি জানেন প্রতিটি ডাক্তার কলকাতা থেকে যায় এবং ট্রেন চললে যায়, না চললে যায় না। এই যে ডাক্তাররা ইচ্ছাকৃত ভাবে কখন যায়, কখন যায় না—সেই সমস্ত ডাক্তারের বিরুদ্ধে আপনি প্রশাসনিক ভাবে কি ব্যবস্থা নিয়েছেন যাতে করে তাদেরকে যেতে বাধ্য করা যায়?

**শ্রী প্রশান্তকুমার শূর :** প্রশাসনিক ব্যবস্থা নিতে পারা যায় এবং আমরা নিয়েছি'ও

বটে। তবে কলকাতার হাইকোর্ট বলে একটি পদার্থ আছে। এই হাইকোর্ট যেভাবে যে কোন ট্রান্সফারেই এক্স-পার্টি ইন্টারিম ইনজাংশন দিয়ে বসে থাকে, সেই জন্যই আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না। এই রকম হাজার হাজার কেস আছে। আর আপনারা আর একটা জিনিস জানবেন যে, ডাক্তারদের লবিটা খুব পাওয়ারফুল, শক্তিশালী। সুতরাং তাদের কিছু করতে গেলে—আপনারা জানেন যে. এই মেডিক্যাল এডুকেশন বিল এনে বলেছি যারা শিক্ষক আছেন তাদের প্র্যাকটিস করতে দেওয়া হবে না। এটা নিয়ে ইতিমধ্যেই ৭/৮টি কেস অলরেডি হয়ে গেছে এবং আমাদের অ্যাক্টকে তারা চ্যালেঞ্জ করেছে। শিক্ষার উন্নতির ব্যাপারে বা শিক্ষকতার উন্নতির ব্যাপারে আমরা কিছু ব্যবস্থা গ্রহণ করতে চাই। কিন্তু তা নিয়ে ইতিমধ্যেই ইনজাশন হয়ে গেছে। আমরা লড়ছি, দেখা যাক কি হয়। এই ধরনের ঘটনাগুলি কিন্তু ঘটছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** আপনি বললেন সরকারি হাসপাতালের ডাক্তাররা কলকাতায় থাকেন, হাসপাতালে যান না। আপনি শিক্ষক ডাক্তারদের ক্ষেত্রে একটা আইন করছেন। কিন্তু গ্রামাঞ্চলের অথবা মফস্বল এলাকার বহু হাসপাতালের ডাক্তার হাসপাতালে না গিয়ে প্রাইভেট প্র্যাকটিস করেন। তার ফলে রোগীদের খুবই হয়রানি হতে হচ্ছে। এই সরকারি হাসপাতালের ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার জন্য কোনও পদক্ষেপ নেবেন কিনা, জানাবেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** গ্রামাঞ্চলে যেসব ডাক্তার পোস্টিং আছে, তারা কিছু ভাতা পায়। গ্রামে থাকার জন্য তারা গ্রামীণ ভাতা পায়। তাদের কিছু অ্যালাওয়েন্স দেওয়া হয়। কিন্তু তা সত্ত্বেও আপনি সঠিক কথাই বলেছেন যে, তারা প্র্যাকটিস করে। আপনি জানেন যে, আমরা প্রত্যেকটি স্তরে ম্যানেজমেন্ট কমিটি করেছি। সেই ম্যানেজমেন্ট কমিটির মধ্যে গ্রামাঞ্চলের সভাধিপতি, সভাপতি, পঞ্চায়েত প্রধান-এরা আছেন এবং এম. এল. এ. দের'ও বলেছি আপনারা যে কোনও স্তরের কমিটিতে যেতে পারেন, সেই অধিকার আছে। আমরা লিখিত ভাবে জানিয়েছি। আর দ্বিতীয় কথা হল এই প্র্যাইভেট প্রাকটিসটা একটা অভ্যাসে পরিণত হয়ে গেছে। আজকাল সেবার পরিবর্তে নিজেদের আত্ম-সেবাটাই বেশি বড় হয়ে দাঁড়িয়েছে। তারা রোজগারের দিকটাতেই প্রাধ্যান্য দিয়েছে। বিভিন্ন স্তরে যেসব জনপ্রতিনিধি আছেন, পঞ্চায়েতে স্তর, পৌরসভা স্তর, বিধানসভা স্তরে, তারা যদি হস্তক্ষেপ করেন তাহলে তার কিছু প্রতিবিধান হতে পারে তা না হলে আমাদের প্রশাসনের একার পক্ষে সম্ভব হবে না। কেন না গোটা পশ্চিমবঙ্গের দূরদূরান্তে ১২০০র মতো প্রাইমারি হেলথ সেন্টার আছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিকাঠামো সব চেয়ে বড়। এখানে ৮ হাজার ১৬৪টি উপকেন্দ্র আছে। এই এত বড় একটা পরিকাঠামো আমাদের প্রশাসনের পক্ষ থেকে দেখা খুবই কষ্টসাধ্য ব্যাপার এবং অনেক সময় ব্যবস্থা গ্রহণ করা খুবই কঠিন হয়ে দাঁড়ায়। আমি অনুরোধ করব জনপ্রতিনিধি হিসাবে আপনারা যদি একটু হস্তক্ষেপ করেন তাহলে ভাল হয়।

**শ্রী বদন বোরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে বাঁকুড়া মেডিক্যাল কলেজে শয্যা সংখ্যা ৮৮০ এবং গড়ে প্রতিদিন এখানে রোগী ভর্তি থাকেন ১৩২৫ জন। আমার প্রশ্ন, এখানে শয্যা সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** সাধারণ ভাবে শয্যা সংখ্যা বাড়ানোর আমাদের কোনও পরিকল্পনা নেই। তবে কিছু কিছু বিশেষ বিশেষ ক্ষেত্রে আমরা ব্যবস্থা করছি। যেমন আমরা ইতিমধ্যেই

সেখানে ক্যানসারের চিকিৎসার ব্যাপারে একটা ইউনিট খুলতে যাচ্ছি ১৫টি বেড নিয়ে। এই ধরনের বিশেষ বিশেষ ক্ষেত্রে করছি কিন্তু সাধারণ রোগীদের শয্যা সংখ্যা বাড়ানোর কোনও প্রস্তাব আমাদের নেই, সেটা সম্ভব হচ্ছেনা।

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে একটি পদ শূন্য আছে, পূরণ করা যাচ্ছে না। না যাবার কারণ কি—উপযুক্ত লোক পাওয়া যাচ্ছে না, না, কোর্টের অর্ডার?

**শ্রী প্রশান্তকুমার শূর :** এ ব্যাপারে যতদূর জানি সেটা হল আমাদের যেভাবে রিক্রুটমেন্ট হয় তারা আমাদের সরবরাহ করতে পারেন নি।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় বললেন যে এত বিরাট সংখ্যক সাবসিডিয়ারি হেলথ সেন্টার ইত্যাদি রয়েছে যে প্রশাসনের তরফ থেকে পরিপূর্ণ ভাবে লক্ষ্য রাখা সম্ভব হচ্ছে না। আমাদের সরকারের ঘোষিত নীতি হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ার। আমার প্রশ্ন, পঞ্চায়েতের সাহায্য আপনি এ ব্যাপারে নেবেন কিনা, আপনি পঞ্চায়েতকে এতে ট্যাগ করবেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমাদের সরকারের এই ধরনেরই চিন্তা ভাবনা আছে। প্রাথমিক স্তরে চিকিৎসা ব্যবস্থা এটা সম্পূর্ণভাবে আমরা পঞ্চায়েতের হাতে তুলে দিতে চাই যদি জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রামপঞ্চায়েতগুলি এবং আমাদের পঞ্চায়েত বিভাগ রাজি থাকেন। ইতিমধ্যে কয়েকবার আমরা আলোচনা করেছি। অনেকে আবার সাহস করছেন না এতবড় একটা পরিকাঠামো হাতে নিতে। কারণ তাদের নিজেদের যা কিছু চিকিৎসা ব্যবস্থা আছে সেটাই আমি শুনেছি যে তারা ভালোভাবে ঠিক পরিচালনা করতে পারছেন না। এতবড় পরিকাঠামো যদি তারা নিতে রাজি থাকেন আমরা দিতে রাজি আছি।

## বেঙ্গল অলিম্পিক সংস্থাকে সরকারি সাহায্য

***৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩।) শ্রী নটবর বাগদী :** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, ১৯৯১ সালে পশ্চিমবঙ্গে জাতীয় ক্রীড়া অনুষ্ঠিত করার জন্য বেঙ্গল অলিম্পিক সংস্থাকে রাজ্য সরকার আর্থিক কোনও সাহায্য দেবার এবং সহযোগিতা করার কথা ঘোষণা করেছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী :**

এ বিষয়ে এখনও পর্যন্ত রাজ্য সরকারের কাছে বেঙ্গল অলিম্পিক সংস্থার পক্ষ থেকে কোনও প্রস্তাব আসেনি। ভবিষ্যতে প্রস্তাব এলে বিবেচনা করা হবে।

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, জাতীয় ক্রীড়া অনুষ্ঠান করার কোনও কর্মসূচি ইতিমধ্যেই জানা গিয়েছে কিনা? যদি জানা যায় তাহলে কর্মসূচিগুলি কি কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আমাদের কাছে এখনও সুনির্দিষ্ট প্রস্তাব রাজ্য অলিম্পিক অ্যাশোসিয়েশনের পক্ষ থেকে আসে নি তবে কেন্দ্রীয় সরকারের ক্রীড়ামন্ত্রী আমাকে একবার খুব সাধারণভাবে এই কথায় উল্লেখ করেছিলেন যে এটা পাঞ্জাবের চণ্ডিগড়ে হবার কথা ছিল,

তকালীন রাজ্যপাল সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় এটা পাঞ্জাবে করবেন ভেবেছিলেন বড় আকারে এবং তারজন্য প্রায় দু'কোটি টাকা তারা খরচও করেছেন কিন্তু পাঞ্জাবের সাম্প্রতিক অবস্থা বা আসন্ন সময়কালে মনে হয়না উন্নত হবে অবস্থা, আমরা পশ্চিমবাংলা এ বিষয়টা যেন সম্ভব করতে পারি, ওরা বললে পরে করতে পারে এরকমভাবে প্রস্তুত থাকার জন্য অনুরোধ করেছেন।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** জাতীয় ক্রীড়া অনুষ্ঠিত হলে তার জন্য ইনফ্রাস্ট্রাকচারের প্রয়োজন হয়। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আমাদের এখানে ইতিমধ্যেই সেটা প্রস্তুতি আছে, না তৈরি করতে হবে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের রাজ্যে যা যা ক্রীড়া পরিকাঠামো আছে তাতে শুধু জাতীয় ক্রীড়া নয়, আমরা এর চেয়ে বড় আকারের অনুষ্ঠানের আয়োজন করতে পারব।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খেলাধূলার মান উন্নয়ন এবং ফুটবলের মান উন্নয়নের জন্য বিশেষভাবে সাহায্য করছেন। বিশ্বকাপ ফুটবল দেখার জন্য গতবারও তিনি প্রতিনিধিদল পাঠিয়েছিলেন, এবারেও পাঠিয়েছিলেন। এক সময় পশ্চিমবাংলার ফুটবলের মান সারা দেশের মধ্যে উন্নত ছিল কিন্তু এর ক্রমান্বয়ে অবনতি হচ্ছে। এর কারণ কি এবং এর উন্নয়নের জন্য আপনার দপ্তর থেকে কোনও পদক্ষেপ নিচ্ছেন কিনা?

[1-30 – 1-40 P.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এই প্রশ্নটা খুব প্রাসঙ্গিক নয়, আমি আগেও আলোচনা করেছি। গত ১ বছরের মধ্যে আমরা দীর্ঘমেয়াদি কতকগুলি অনাবাসিক স্কুল চালু করেছি। এর মূল উদ্দেশ্য হচ্ছে খেলাধূলা সম্পর্কে মানুষের মধ্যে আরও একাত্মতা ঘটান, খেলাধূলার জনপ্রিয়তা বৃদ্ধি এবং খেলায় যাতে বেশি করে অংশ গ্রহণ করে। যত বেশি সংখ্যক তরুণ-তরুণী মাঠে যাবে তত উৎকৃষ্ট খেলোয়াড় পাওয়ার সম্ভাবনা সৃষ্টি হবে বলে আমি মনে করি। আমি একটা বিষয়ে নিশ্চিত যে কতকগুলি খেলা আছে যে খেলাগুলি ভারতীয়দের যে শারিরীক গঠন, তাদের যে খাদ্যাভ্যাস, জলবায়ু সবকিছু মিলিয়ে এতে বিশ্বমানের যাওয়া বোধ হয় সম্ভব নয়। তবে যে মান আছে তাকে নিশ্চয়ই উন্নত করা সম্ভব। কাজেই সেই প্রচেষ্টা আমরা নিয়েছি। আমরা আশা করি ২/৪ বছর-এর মধ্যে তার ফল পাওয়া যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ধারাবহিক ভাবে বলে চলেছেন যে আমাদের যে শারিরীক কাঠামো তাতে কিছু খেলা উপযোগী নয়। সে ক্ষেত্রে ফুটবলকেও তো বাদ দিতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা যে ১৯৫২ সালে আমাদের দেশ অলিম্পিকে ফরাসীদের কাছে ২/১ গোলে হেরে গিয়েছিল। তারপরে ফ্রান্সে যে খেলা হয় ১৯৫৬ সালে বুলগেরিয়ার কাছে ৩/১ গোলে হেরেছিল। কাজেই শারিরীক কাঠামোর প্রশ্ন তুলে আপনি ডিসকারেজ করছেন কেন? মানুষ তো অনেক সময় শারিরীক বাধাকে অতিক্রম করে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমি ডিসকারেজ করিনি। আমি ফুটবলের কথা বলিনি। আমি বলেছি যে আমাদের যে মান আছে সেটাকে আরও উন্নত করা সম্ভব।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি প্রথমেই ক্ষমা চেয়ে নিচ্ছি। কারণ এটা সরাসরি এই প্রশ্নের সঙ্গে যুক্ত নয়। তবে এটা ক্রীড়া জগতের সঙ্গে জড়িত বলে বলছি। বেজিংয়ে এশিয়াড হচ্ছে। এখন পর্যন্ত সেখানকার জন্য ঘোষিত ভারতীয় টীমে ৪জন প্রতিনিধি আছে বাংলার। এরা যদি কৃতিত্ব প্রদর্শন করতে পারেন, মেডেল অর্জন করতে পারেন তাহলে সম্বর্ধনা করা বা উৎসাহদান করার জন্য ক্রীড়া দপ্তরের তরফ থেকে কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমি আগেও উল্লেখ করেছি লন টেনিস চ্যাম্পিয়ন সম্পর্কে। এসম্পর্কেও পরিমিত বোধ রেখে তাদের সাফল্যের বিচার করতে হবে এবং সেই ব্যাপারে যথোপযুক্ত সম্মান এবং মর্যাদা দিতে হবে। তবে এটা লক্ষ্য রাখতে হবে যে সেই সম্মান এবং মর্যাদা দেখানোর ক্ষেত্রে আরও উন্নতির পথে যেন কোন বাধা হয়ে না দাঁড়ায়।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা অনেকদূর গেছে। সেদিক থেকে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, আপনি জানেন ১৯৯১ সালে জাতীয় ভলিবল টুর্ণামেন্ট অন্ধ্রপ্রদেশে হচ্ছে। এই ব্যাপারে আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি যে এটা পশ্চিমবঙ্গে যাতে হয় এবং বর্ধমানে এর জন্য প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার আছে। বর্ধমান জেলায় করার জন্য তারা আবেদনও করেছেন। বর্ধমান জেলায় জাতীয় ভলিবল টুর্ণামেন্ট করতে পারেন। কাজেই এই ব্যাপারে কী পদক্ষেপ গ্রহণ করেছেন জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ১৯৯১ সালে জাতীয় ভলিবলের যে প্রতিযোগিতা হবে সেই সম্পর্কে বর্ধমানের ক্রীড়া অ্যাশোসিয়েশন-এর পক্ষ থেকে আমাদের রাজ্য সরকারের কাছে এটা যাতে পশ্চিমবঙ্গের বর্ধমানে হতে পারে সেই ব্যাপারে বলা হয়েছে। আমি ব্যক্তিগত ভাবে এবং সরকারের পক্ষ থেকে তাদের একথা জানিয়েছি যে আমি সর্বাত্মক ভাবে চেষ্টা করছি যাতে এই রাজ্যে করা যায় এবং বর্ধমানে এটা অনুষ্ঠিত হয়। এই বিষয়ে আমার বিশ্বাস যে ১৯৯১ সালের জাতীয় ভলিবল প্রতিযোগিতা বর্ধমানে হতে পারে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** আমার প্রশ্ন হচ্ছে গ্রামীণ ক্রীড়া সূচির মধ্যে যে সমস্ত খেলা গ্রামে প্রচলিত আছে যেমন কাবাডি, যেমন গাজি, খোখো, এইগুলো নিয়ে এটা চলছে। যেমন বর্ধমান করেছে গ্রামীণ শ্রমজীবী মানুষের মধ্যে খেলাধুলার ব্যাপারে একটা বিরাট পরিকল্পনা করেছে, মেদিনীপুরেও করেছে, দক্ষিণ ২৪-পরগনাও শুরু করেছে। আপনার দপ্তর এই সম্পর্কে কী ব্যবস্থা করেছে বিভিন্ন জেলা পরিষদকে নির্দেশ দেবার ব্যাপারে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা খুব উৎসাহের যে একটা ক্রীড়া মানসিকতা গড়ে উঠেছে বিভিন্ন জেলায়, গ্রামাঞ্চলে, বিশেষ করে পিছিয়ে পড়া মানুষ যারা কৃষক, তাদের মধ্যে ক্রীড়ার জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের নেতৃত্বে বেশ কয়েকটি জেলায় প্রতিযোগিতামূলক অনুষ্ঠান কয়েক বছর ধরে হচ্ছে। আমাদের কাছে নির্দিষ্ট ভাবে সেই ধরনের প্রস্তাব নেই, সেই ধরনের প্রস্তাব এলে ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে ক্ষমতা অনুসারে যা করণীয় সেটা করার জন্য আমরা প্রস্তুত আছি এবং থাকব।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আমাদের খেলাধুলার

মান কমছে, আমি শুনেছি কলকাতা বিশ্ববিদ্যালয় তারা এই ফিজিক্যাল ট্রেনিং এবং খেলাধুলার ব্যাপারে একটা কোর্স চালু করতে চাইছেন—

**মিঃ স্পিকার ঃ** গোপাল বাবু শোনা কথার উপর প্রশ্ন হয় না, কোথায় কী শুনলেন না শুনলেন, সেটা এখানে বলা যায় না। ইনফর্মেশন এলিসিট করতে হয়, আই অ্যাম সরি, ইট ক্যানট বি অ্যালাউড।

**কামারপুকুর থেকে জয়রামবাটি পর্যন্ত রাস্তার রক্ষণাবেক্ষণের দায়িত্ব**

***৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৫৬।**) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার কামারপুকুর থেকে বাঁকুড়া জেলার জয়রামবাটি এবং কোতুলপুর পর্যন্ত রাস্তাটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব পূর্ত দপ্তরের কোন বিভাগের অধীনে আছে; এবং

(খ) এই রাস্তা এবং জয়রামবাটিতে আমোদর নদীর উপর সেতুটি বর্তমান কিরূপ অবস্থায় আছে?

**শ্রী মতীশ রায় ঃ**

(ক) পূর্ত (সড়ক) বিভাগের অধীন।

(খ) রাস্তাটি যানবাহন চলাচলের উপযোগী অবস্থায় আছে। আংশিক ক্ষতিগ্রস্থ, কিছু কিছু স্থানে মেরামতির কাজ চলছে।

জয়রামবাটিতে আমোদর নদীর উপর সেতুটি বর্তমানে নিরাপদ অবস্থায় আছে।

লরির ধাক্কায় পার্শ্বস্থ দেওয়াল (Parapet) এর ক্ষতিগ্রস্থ অংশে মেরামতি সম্পূর্ণ হয়েছে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** আমি জানতে চাইছি, মেন্টিনেন্স কারা করে, হুগলি ডিভিসন করে, না, বাঁকুড়া ডিভিসন করে?

**শ্রী মতীশ রায় ঃ** আপনি যে রকম ভাবে জানতে চেয়েছেন, সেই রকম উত্তর দিয়েছি। তবে হুগলি ডিভিসন করে কী বাঁকুড়া ডিভিসন করে, এই সম্পর্কে জানতে চাইলে, সেটা পরে জানাব। এখন বলতে পারব না।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** খ প্রশ্নের উত্তরে আপনি যা বললেন, তার ভিত্তিতে প্রশ্ন করছি, ওখানে পঞ্চায়েত থেকে এবং ওখানে যে সমস্ত সংস্থা আছে, জয়রাম বাটির, আপনার কাছে ঐ রাস্তা এবং ঐ সেতুটা সংস্কার করার জন্য সম্প্রতি কোনও আবেদন পাঠিয়েছে কি না?

**শ্রী মতীশ রায় ঃ** বিধায়ক হিসাবে আপনার একটা চিঠি পেয়েছিলাম এবং মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা চিঠি পেয়েছি এবং এই বিষয়ে আমার দপ্তরকে ব্যবস্থা গ্রহণ করতে উপদেশ দিয়েছি।

[1-40 – 1-50 P.M.]

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার ফাইলে আপনার বিভাগের মাননীয় ইঞ্জিনিয়াররা যে রিপোর্ট তৈরি করে দিয়েছেন সেটা অত্যন্ত মিসলীডিং রিপোর্ট। আমি হুগলি জেলার লোক, আমি এবং মাননীয় সদস্য শিবপ্রসাদ মালিকও জানেন ঐ সেতুটি অত্যন্ত বিপদজনক অবস্থায় রয়েছে। অথচ ওটির ওপর দিয়ে ট্যুরিস্টরা যাতায়াত করেন, যে কোনও সময় অ্যাক্সিডেন্ট হতে পারে। সুতরাং ঐ সেতুটির বিষয়ে আমি আপনাকে অ্যাকশন নেবার জন্য রিকোয়েস্ট করছি। আপনি কি ওটি অবিলম্বে সঠিক ভাবে মেরামত করার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন?

**শ্রী মতীশ রায় ঃ** আমি হাউসের সামনে বলছি, এ বিষয়ে আমি উপযুক্ত তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।

**রাজ্যের চাহিদা অনুযায়ী খাদ্য দ্রব্য সরবরাহ**

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, পশ্চিমবাংলার চাহিদা অনুযায়ী (জনসংখ্যার অনুপাতে) কেন্দ্রীয় সরকার চাল, চিনি, গম, ডাল ও তেল সরবরাহ করছে কিনা?

**শ্রী নির্মলকুমার বোস ঃ**

না।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, পশ্চিমবঙ্গের চাহিদা অনুযায়ী চাল, গম, চিনি, তেল ও ডাল কেন্দ্রীয় সরকার সরবরাহ করছে না। তাহলে যে ঘাটতি থেকে যাচ্ছে তা কী ভাবে পূরণ করছেন?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** আমরা প্রধানত চাল, চিনি, গম এবং তেল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই। ডাল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই না। সাধারণত আমাদের রাজ্যে ব্যবসায়ীরা বাজারে ডাল এনে বিক্রি করে। এখন ডালের দাম বাজারে খুব বেড়ে যাওয়ার ফলে আমরা এশেনশিয়াল কমোডিটিস সাপ্লাই কর্পোরেশন, প্রতিষ্ঠানটির মাধ্যমে অন্য জায়গা থেকে সংগ্রহ করে এনে রেশনে ৯ টাকা ৬০ পয়সা কে. জি. দরে বিক্রি করছি। অনেক জায়গায়ই এই ডাল বিক্রি করা হচ্ছে, ফলে বাজারে কিছু ডালের সরবরাহ বেড়েছে এবং দামও খোলা বাজারে কিছুটা কমেছে। চাল, চিনি, গম এবং তেল, এগুলি রেশনে দেওয়া হয়, কিন্তু এগুলি আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজন অনুযায়ী কখনও পাই না। আমাদের চালের প্রতি মাসে প্রয়োজন দেড় লক্ষ মেট্রিক টন এবং আমরা ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন করে পেতাম এবং পরবর্তীকালে সেটা কমে ৬৪ হাজার মেঃ টন হয়ে গেছিল। কেন্দ্রে নতুন সরকার আসার পর সেটা একটু বেড়ে এখন ৭৫ হাজার মেঃ টন হয়েছে। আমরা বেশি পাচ্ছি না বলেই রেশনে আমাদের কম দিতে হচ্ছে, তবে খোলাবাজারে চাল মোটামুটি আছে, যার জন্য খুব একটা অসুবিধা হচ্ছে না। চিনির আমাদের দরকার প্রতি মাসে ৪০ হাজার মেঃ টন, আমাদের এখন দেওয়া হচ্ছে ২০ হাজার মেঃ টন করে। প্রকৃতপক্ষে

আমাদের প্রতি মাসে দরকার ৪৯ হাজার ৭০০ মেঃ টন রেশনে দেবার জন্য, তবে ৪০ হাজার মেঃ টন পেলেই চলে যায়। সে জায়গায় এখন আমরা ২০,৮৮৮ মেঃ টন করে পাচ্ছি। সেই জন্যই আমাদের কম করে দিতে হচ্ছে। তবে কেন্দ্রীয় সরকার আমাদের সেপ্টেম্বর মাসের জন্য ৬ হাজার মেঃ টন এবং অক্টোবর মাসের জন্য ২ হাজার মেঃ টন এ বছর বরাদ্দ বাড়িয়ে দিয়েছেন। এতে কিছুটা সুবিধা হবে। ভোজ্য তেল আমরা যেটা রেশনে দিচ্ছি সেটার আমাদের দরকার ১৫ হাজার, অথচ সেটা কমিয়ে ৩ হাজার করে দেওয়া হয়েছিল। সম্প্রতি একটু বেড়েছে, গত মাসে আমরা পেয়েছি ৬ হাজার এবং আগামী দু' মাসের জন্য ১০ হাজার করা হয়েছে। এরপরেও আমাদের ৫ হাজার ঘাটতি থেকে যাচ্ছে। তবে পশ্চিমবঙ্গ তৈলবীজ উৎপাদনে এবং তেল উৎপাদনে স্বয়ম্ভর নয়, অন্য রাজ্যের ওপর আমরা নির্ভরশীল এবং এ বছর সারা ভারতবর্ষেই তৈলবীজ উৎপাদন কম হয়েছে, ফলে বাজারে কিছু ঘাটতি আছে। এই জন্যই তেলের দাম এবারে বেড়েছে। এখন আমরা রেশনে পামোলিন তেল দেওয়া শুরু করেছি এবং দাম কিছুটা কমেছে। আমাদের প্রয়োজনের তুলনায় ঘাটতি থাকলেও যা মাল আমরা পাচ্ছি তা দিয়ে রেশন ব্যবস্থা চালু রেখেছি। এর সঙ্গে খোলাবাজারও চালু আছে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আসন্ন শারদীয়া উৎসব উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য চাল, ডাল ইত্যাদি এই সমস্ত জিনিসগুলি মালিকরা গুদামজাত করে রেখে দিচ্ছেন কিনা? এই উৎসব উপলক্ষে প্রকৃত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্য জনগণের কাছ থেকে নেওয়ার কোনও প্রচেষ্টা নিয়েছেন কিনা এবং এই সম্পর্কে আপনার কোনও পরিকল্পনা আছে কিনা যাতে গুদামজাত দ্রব্যগুলি বাজারে আসে এবং মানুষ তা ন্যায্যমূল্যে পায়?

**শ্রী নির্মলকুমার বসু ঃ** নিত্য ব্যবহার্য দ্রব্য এবং অন্যান্য জিনিস অসাধু ব্যবসায়ীরা সময় বুঝে গুদামজাত করে যাকে আমরা বলি চোরাবাজারি করবার চেষ্টা করে। কিন্তু সেটা নিয়ন্ত্রণের জন্য কতটা এক সময় মজুত করা যায় তার উর্দ্ধসীমা নির্দিষ্ট করা আছে। কেন্দ্রীয় সরকার সম্প্রতি ভোজ্যতেলের ব্যাপারে উর্দ্ধসীমা কমিয়েছেন এবং আরও অন্যান্য বিষয় আছে। আমাদের পুলিশ, এনফোর্সমেন্ট বিভাগ এবং আমার দপ্তরের কর্মচারিরা নিয়মিত তদারকি করে—যে ব্যবসায়ীরা এই উর্দ্ধসীমার মধ্যে জিনিস রেখেছে কিনা। যদি এর বাইরে রাখেন তাহলে তাকে ধরা হয়, গ্রেপ্তার করা হয় এবং মাল আটক করা হয়। আমি এই কয়েকদিন আগে এই কক্ষে তথ্য দিয়েছি, এই কয়েকমাসে কত ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছি, কত মাল আটক করেছি। এই বিষয়ে আমাদের নজর আছে পূজার মুখে যাতে গুদামজাত করে জিনিসপত্রের দাম না বাড়াতে পারেন তারজন্য এনফোর্সমেন্ট বিভাগকে আরও কড়া নজর রাখবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমরা এ ব্যাপারে সজাগ আছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, স্ট্যাট্যুটুরি রেশনিং কলকাতায় এই কারণে চালু হয়েছিল কিনা—কেন্দ্রীয় সরকার এরজন্য প্রয়োজনীয় যাবতীয় চাল এবং গম সরবরাহ করবেন। আমি জানতে চাইছি, এটা যদি সত্য হয় তাহলে বর্তমানে চাল এবং গম যেটা আপনি কম পাচ্ছেন সেটা কম পাওয়া সত্ত্বেও কলকাতার স্ট্যাট্যুটরী রেশন ব্যবস্থা কিভাবে চলছে?

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন যখন কলকাতায় এবং আরও কয়েকটি জায়গায় বিধিবদ্ধ রেশন ব্যবস্থা চালু করা হয় তখন কেন্দ্রের সঙ্গে কথা বলে করা হয়। শুধু কলকাতা নয়, আরও কিছু কিছু এলাকা ব্যারাকপুর, হাওড়া, হুগলি শিল্পাঞ্চল, দুর্গাপুর এবং আসানসোল এইসব বিধিবদ্ধ রেশন এলাকায় মানুষদের চাল এবং গম যা প্রয়োজন হিসাব করে যা ঠিক করা হয়েছিল তার পুরোটা কেন্দ্রীয় সরকার দেবে। তাছাড়া মফস্বলে আংশিক—সংশোধিত রেশন এলাকার জন্য কথা হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যবশত কেন্দ্র রাজ্যের বরাদ্দ কিভাবে কমিয়ে দিয়েছেন এই কক্ষকে তা অবহিত করেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে। আমাদের গত ২ বছরে চাল ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টনের জায়গায় ৬৪ হাজার মেট্রিক টন করা হল অর্থাৎ অর্ধেকেরও কম এবং গম ১ লক্ষ ২৬ হাজারের জায়গায় ৮০ হাজার মেট্রিক টন করা হল। স্বাভাবিকভাবেই বরাদ্দের অর্ধেক যদি কমে যায় তাহলে কি করতে হবে? মাথাপিছু বরাদ্দ কমাতে হবে আর মাথাপিছু বরাদ্দ কমালে—যা আমাদের দেবার কথা তা যখন দিতে পারছি না, অসুবিধা হচ্ছে যারজন্য কলকাতা শহরে পাশাপাশি খোলাবাজার চলছে যেটা চলবার কথা নয়। অনেকে বলেন কেন চলছে? কেন তুলে দিতে পারছেন না? পুলিশ কী করছে? আমরা দিতে পারি, কিন্তু কলকাতার মানুষ খাবে কি? আমি তো বলতে পারব না যে এইটুকু চাল, গম খাও আর বাকিটা কাঁচকলা বা অন্যান্য জিনিস খাও। সুতরাং স্ব-বিরোধিতাকে মেনে নিতে হচ্ছে, অন্যায়ভাবে মানতে হচ্ছে। এইজন্য কলকাতা বা অন্যান্য বিধিবদ্ধ রেশনিং এলাকার মধ্যে মানুষদের রেশনের বাইরে থেকে কিনে খেতে হচ্ছে। পশ্চিমবঙ্গে ৩১ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য ঘাটতি আছে যারজন্য কেন্দ্রের উপর আমরা নির্ভর করি, তবে আশার কথা, এ বছর ঘাটতি থাকলেও সারা ভারতবর্ষে এবার উৎপাদন ভাল হয়েছে। সারা ভারতবর্ষে এটা থাকলেও পশ্চিমবঙ্গে উৎপাদন ভাল হয়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে সহযোগিতার মনোভাব নিয়েছেন। কয়েক মাসে চালের বরাদ্দ ১০ হাজার মেট্রিক টন বাড়িয়েছেন, গমের বরাদ্দ ১০ হাজার মেট্রিক টন বাড়িয়েছেন। পূজার মুখে বেশি দিয়েছেন, এবং আলোচনা করেছেন পূজার পর বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশন বাড়াতে পারব।

[1-50 – 2-00 P.M.]

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে আগামী মাসে আমাদের জাতীয় উৎসব দুর্গাপূজা উপলক্ষে রেশনে অতিরিক্ত চাল, চিনি বা এখন যেগুলি দুষ্প্রাপ্য যেমন, কেরোসিন তেল, কয়লা, সম্প্রতি রান্নার যে গ্যাস পাওয়া যাচ্ছে না এগুলি নিয়ে জাতীয় উৎসবের সময় সাধারণ মানুষের যাতে অসুবিধা না হয় তার জন্য রেশনে কিছু অতিরিক্ত ব্যবস্থা করতে পারবেন কিনা?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, যে দিল্লিতে আমাদের যে প্রতিনিধি দল গিয়েছিলাম এবং সাক্ষাৎ করেছিলাম সেই প্রতিনিধিদলে তিনিও ছিলেন। পূজা উপলক্ষে—আমি এই কক্ষে সেই বিবরণ পেশ করেছিলাম এবং কাগজেও তা বেরিয়েছিল আমাদের উৎসব উপলক্ষে সবটা মিলিয়ে সেপ্টেম্বর অক্টোবরে কেন্দ্রীয় সরকার অতিরিক্ত কিছু বরাদ্দ করেছেন। চাল, আগস্ট সেপ্টেম্বর বা অক্টোবরে ১০ হাজার মেট্রিক টন বাড়বে, গমের আলাদা করে কোনও বরাদ্দ বাড়েনি। চিনি আমরা যেটা পাচ্ছি ২৮,৫৮৮ মেট্রিক টন সেপ্টেম্বরে

৬ হাজার মেট্রিক টন এবং অক্টোবরে ২ হাজার মেট্রিক টন পাব। ভোজ্য তেল জুলাই মাসে ৬ হাজার, আগস্টে সেটা ১০ হাজার মেট্রিক টন সেপ্টেম্বরে ১০ হাজার মেট্রিক টন, অক্টোবরে এখন অতিরিক্ত পাইনি, তবে আমার ভরসা আছে যে অক্টোবরেও ১০ হাজার মেট্রিক টন থাকবে। উৎসব উপলক্ষে আমাদের দুমাসে ৪ হাজার করে ভোজ্য তেল বা কোরোসিন যার বিশ্বব্যাপী সঙ্কট আগস্ট মাসে তার ১ হাজার মেট্রিক টন বরাদ্দ বেড়েছে, সেপ্টেম্বরে ২ হাজার মেট্রিক টন বাড়বে। এইগুলি আমরা গণবন্টন ব্যবস্থার মাধ্যমে দিতে পারব। রান্নার গ্যাস এল. পি. জি. মূল কারণ হচ্ছে মধ্য প্রদেশে এগুলি ক্রুড বাইরে থেকে না আসার জন্য ইণ্ডিয়ান অয়েল কল্যাণীতে আমাদের আপত্তি সত্ত্বেও বটলিংয়ের জন্য বন্ধ করে দিলেন। এজন্য যাঁরা এল. পি. জি.তে নাম লিখিয়েছেন অথচ পান নি এই রকম মানুষের সংখ্যা ৩ লক্ষ ৪২ হাজার, এত মানুষ অপেক্ষা করে আছেন। ৪৫দিন ১ মাস হয়ে গেছে, গুরুতর সঙ্কট আমি কেন্দ্রীয় সরকারের মন্ত্রী মাননীয় গুরুপদ স্বামীর সঙ্গে এবং ইণ্ডিয়ান অয়েলের সঙ্গে এ নিয়ে কথাবার্তা বলেছি, এর মধ্যে কি করে সঙ্কটের সমাধান করা যায় এবং যাতে সরবরাহ বাড়ানো যায় তার জন্য চেষ্টা করব।

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনেক সংখ্যা তত্ত্ব দিয়ে বোঝাবার চেষ্টা করলেন সেপ্টেম্বর-অক্টোবরে কেন্দ্রীয় সরকার গম এবং চালের বরাদ্দ বাড়াবেন, কোটা যা আছে তার অতিরিক্ত দেবেন কি?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** চাল ৭৪ হাজার মেট্রিক টন, গম ৯০ হাজার মেট্রিক টন, গমের জন্য পূজায় অতিরিক্ত কিছু পাইনি। চাল আগস্ট সেপ্টেম্বরে অতিরিক্ত ১০ হাজার, গ্রামে এবং শহরাঞ্চলে আমরা বিলি করতে পারব।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** আমার সাপ্লিমেন্টারী হল, পূজার আগে যেটা পাওয়া যাবে বলে বললেন সেটা আশার কথা, কিন্তু আমার মনে আছে গতবার পূজার আগে এইরকম সাপ্লিমেন্টারী ছিল যে, এবার পূজার সময় বাড়তি কিছু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে কিনা। আমি প্রসঙ্গত জানতে চাই, আপনার স্মরণশক্তি খুবই প্রখর, গতবার পূজার আগে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি অনুযায়ী সাপ্লাইড হয়েছিল কিনা?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** আগে আমরা পূজা উপলক্ষে চাল ছাড়া আর কিছুই পেতাম না। আলাদা করে পূজার নাম করে পূজার সময় চিনি, ভোজ্য তেল বা কেরোসিনের বরাদ্দ কখনই হয়নি। কেবলমাত্র চালের বরাদ্দ করা হত। সেটা ৫ হাজার মেট্রিক টন ছিল। তারপর ডেলি প্যাসেঞ্জারের মতো দৌড়াদৌড়ী করলে কেন্দ্রীয় সরকার বলেছিলেন—এতবড় একটা পূজো, নিশ্চয়ই পাবেন। কিন্তু ঐ ৫ হাজার মেট্রিক টন চাল পেলাম তাও সমস্ত পূজা—কালীপূজা শেষ হবার পর। আমি মন্ত্রীকে বলেছিলাম, 'চাল যে এখন দিলেন, সেটা এখন কোথায় দেবো?' তিনি বলেছিলেন, 'দেনা হী হোগা, সব কুছ দেনা হোগা। পূজা সমাপ্ত হো গিয়া তো কেয়া হুয়া? দেনা হী হোগা।'

**শ্রী সুরেশ সিংহ ঃ** শহরাঞ্চল থেকে শুরু করে গ্রামাঞ্চল পর্যন্ত বর্তমানে তেলের দাম প্রায় ৩০-৩৫ টাকা। আমার আশঙ্কা, পূজার সময় এই দাম আরও উঠবে। আমার প্রশ্ন, এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, এর আগেও বলেছি, মফস্বলসহ কলকাতায় তেলের দাম বাড়ল কেন। দেশে চাল, গম, চিনির উৎপাদন অনেক বেড়েছে, কিন্তু উৎপাদন কমেছে ভোজ্য তেলের এবং ডালের। এর উপর কেন্দ্রীয় সরকার বৈদেশিক মুদ্রার কারণে বিদেশ থেকে রেপসিড তেলের আমদানি বন্ধ করে দিয়েছিলেন। ঐ তেল আমরা ১৬.৬০ টাকা দরে বিলি করতাম। কাজেই এর ফলে দাম বাড়তে বাধ্য। চেপে ধরেছিলাম যার ফলে মালয়েশিয়া থেকে পামতেল আনালেন। কিন্তু আগের ব্যবস্থার মধ্যে এই নতুন পামতেলের ব্যবস্থা করতে সময় লেগে গেল। এই তেল এখন কলকাতা এবং আশেপাশের অঞ্চলে দেবার ফলে বাজারে তেলের দাম দুই-তিন টাকা কমে গেছে। এই তেল অন্যান্য জেলা এবং মাননীয় সদস্যের জেলা পশ্চিম দিনাজপুরেও যাচ্ছে। আশা করছি, পূজার আগে সব জেলায় রেশনের মাধ্যমে ১৬.৬০ টাকা দরে তা সরবরাহ করতে পারব এবং তার ফলে ভোজ্য তেলের দাম কমে যাবে, স্বাভাবিক অবস্থা ফিরে আসবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** ৯.৬৫ টাকা দরে ডাল এবং পামোলিন তেল কলকাতা ছাড়া মুর্শিদাবাদেও কি তা বন্টন করছেন?

**শ্রী নির্মলকুমার বোস ঃ** এটা সব জেলার জন্যই চেষ্টা করা হচ্ছে, কিন্তু কিছু জেলায় গিয়ে পৌছায়নি। উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে গেছে। মুর্শিদাবাদেও আলাদা করে যাচ্ছে। আপনাকে নোটিশ দিলে পরে জানাব সেটা বলতে পারছি না, কারণ আজই বিধানসভা শেষ হয়ে যাচ্ছে। কাজেই মাননীয় সদস্য আমার সঙ্গে আলাদাভাবে দেখা করবেন, আমি বলে দেবো। সমস্ত ডিস্ট্রিক্ট কন্ট্রোলারদের ডাকা হয়েছে পামোলিন তেল সরবরাহের ব্যাপারে।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** তেলের উৎপাদন এবং ডালের উৎপাদন কমেছে বলে বললেন। কিন্তু ডাল বলতে আমরা বুঝি মুগ, মুসুর ইত্যাদি ডাল। তবে খেঁশারী, কলাই ডালও এক সময় গ্রামে খাদ্য হিসাবে ব্যবহৃত হত। শুনেছি ঐ ডালের বিভিন্ন প্রতিক্রিয়া আছে। আমার প্রশ্ন, খেঁশারী ডাল খাবার উপযোগিতা সম্পর্কে সরকার থেকে কোনও বাধানিষেধ আছে কিনা?

[2-00 – 2-10 P.M.]

**শ্রী নির্মলকুমার বোস ঃ** এখানে স্বাস্থ্যমন্ত্রী প্রশান্তকুমার শূর মহাশয় বসে আছেন, উনি জানেন খেঁসারীর ডাল খাওয়া নিষিদ্ধ, এই ব্যাপারে কিছু করা যাবে না। আর কলাইয়ের ডাল সবাই খান, রেশনের মাধ্যমে মুসুরির ডাল দেওয়া হয়। মানুষ কলাইয়ের ডাল যদি চান সেই ভাবে সরবরাহ করা হবে।

## Starred Questions
## (to which Written answers were laid on the Table)

### জুলাই ১৯৯০-এর দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে খাদ্যদ্রব্যের দর

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ৮-৭-১৯৯০ হইতে ২২-৭-

১৯৯০ পর্যন্ত পক্ষকালের শুরুতে ও শেষে নিম্নলিখিত খাদ্য দ্রব্যের যথাক্রমে কী দর ছিল ঃ

(১) চাল, (২) ডাল, (৩) সরিষার তৈল, (৪) বেগুন, (৫) পটল এবং ঢেঁড়স?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৮.৭.৯০ হইতে ২২.৭.৯০ পর্যন্ত চাল, ডাল, সরিষার তৈল, বেগুন, পটল ও ঢেঁড়সের দাম নিম্নে দেওয়া হল।

| | | ৮.৭.৯০ | ২২.৭.৯০ |
|---|---|---|---|
| (ক) | চাল | ৪.২৬ পঃ(সর্বনিম্ন) | ৪.৪৫ পঃ(সর্বনিম্ন) |
| (খ) | ডাল | ৫.০২ পঃ(সর্বোচ্চ) | ৫.৩১ পঃ(সর্বোচ্চ) |
| | মুগ | ১২.৩৮ | ১২.৩৮ |
| | মুসুর | ১০.০১ | ১০.০৭ |
| | মটর | ১০.১৯ | ১০.৩১ |
| | অড়হর | ১২.৭৫ | ১২.৬৩ |
| | কলাই | ১১.১৯ | ১১.৫০ |
| | ছোলা | ১০.৭৫ | ১১.০০ |
| (গ) | সরিষার তেল | ২৯.০৬ | ২৯.৬৩ |
| (ঘ) | বেগুন | ৫.১৯ | ৫.২১ |
| | পটল | ৫.৩৮ | ৫.৬৯ |
| | ঢেঁড়স | ৫.০০ | ৫.০০ |

**রাজ্যে আন্ত্রিক রোগে মৃতের ও আক্রান্তের সংখ্যা**

***৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৩৫।**) **শ্রী দেবপ্রসাদ সরকার** এবং **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে জুলাই, ১৯৯০ পর্যন্ত এই রাজ্যে বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, মুর্শিদাবাদ ও হুগলি প্রভৃতি জেলাতে আন্ত্রিক রোগে (জেলাওয়ারি হিসাবে) যথাক্রমে (১) আক্রান্ত ও (২) মৃতের সংখ্যা কত;

(খ) উল্লিখিত জেলাগুলিতে আন্ত্রিক রোগ এইরূপ ভয়াবহ ও ব্যাপকভাবে দেখা দেওয়ার কারণ কি; এবং

(গ) উল্লিখিত জেলাগুলিতে এই রোগ নিরাময় ও প্রতিরোধের জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রশ্নে উল্লিখিত জেলাগুলিতে রোগ ছড়ানোর সময় অর্থাৎ মে থেকে জুলাই মাস পর্যন্ত আন্ত্রিক রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা নিম্নরূপ ঃ

| জেলার নাম | আক্রান্তের সংখ্যা | মৃত্যের সংখ্যা |
|---|---|---|
| বীরভূম | ৮১৯৩ | ১৭৮ |
| বর্ধমান | ৫৯৮৬ | ১৬৫ |
| বাঁকুড়া | ২৫৫৯ | ৫৯ |
| মুর্শিদাবাদ | ২৩৮৬ | ১১২ |
| হুগলি | ১৪১ | ১৭ |
| | ১৯,২৬৫ | ৫৩১ |

(খ) পশ্চিমবঙ্গে সাধারণত জুন-জুলাই মাস থেকে আন্ত্রিক রোগের প্রকোপ বৃদ্ধি পায়। গ্রীষ্মকালে নদী, পুকুর ও অন্যান্য জলাশয় শুকিয়ে যাওয়ায় জলাভাব এবং সেইসঙ্গে জল দূষণ দেখা দেয়। আবার বর্ষাকালে ক্রমাগত বৃষ্টি ও বায়ুর আর্দ্রতার বৃদ্ধির ফলেও জলদূষণ ও রোগবীজাণুর প্রকোপ বাড়ে। উপরোক্ত কারণেই উল্লিখিত জেলাগুলিতে আন্ত্রিক রোগ ব্যাপকভাবে দেখা দিয়েছে।

(গ) রোগ নিরাময়ের জন্য জেলা মহকুমা ও ব্লক হাসপাতালগুলিতে প্রয়োজনীয় ঔষধ, স্যালাইন, ও. আর. এস. ব্লিচিং পাউডার, হ্যালোজেন ট্যাবলেট ইত্যাদি সরবরাহ করা হয়েছে। রোগ প্রতিরোধের জন্য রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছে ঃ

(১) আক্রান্ত রুগীকে খুঁজে বার করার চেষ্টা করা হচ্ছে।

(২) বাড়ি, স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালে রোগীর চিকিৎসা করার ব্যবস্থা করা হচ্ছে;

(৩) ব্লিচিং পাউডার দিয়ে পানীয় জল বীজাণুমুক্ত করা হচ্ছে।

(৪) পানীয় জল যাতে বীজাণুমুক্ত থাকে এইজন্য হ্যালোজেন ট্যাবলেট বিতরণ করা হচ্ছে;

(৫) রোগাক্রান্ত বাড়ির ও তার চারপাশ বীজাণুমুক্ত রাখার ব্যবস্থা করা হচ্ছে।

(৬) আক্রান্ত রোগী ও আক্রান্ত এলাকাতে ও. আর. এস. সরবরাহ করা হচ্ছে;

(৭) আক্রান্ত এলাকার জনসাধারণকে ও. আর. এস. এবং বিশুদ্ধ পানীয় জল ও স্বাস্থ্যসম্মত খাদ্যগ্রহণ সম্বন্ধে সজাগ করা হয়েছে;

(৮) কলকাতা থেকে অতিরিক্ত ডাক্তার, ওষুধ পত্র ও প্রয়োজনীয় টাকা আক্রান্ত জেলাগুলিতে পাঠানো হয়েছে;

(৯) কলকাতা মেডিক্যাল কলেজ, এন. আর. এস., এস. এস. কে. এম. ও স্কুল

অফ ট্রপিক্যাল মেডিসিন প্রভৃতি সংস্থা থেকে আক্রান্ত জেলাগুলিতে স্পেশ্যাল এপিডোমিওলজিক্যাল টীম পাঠানো হয়েছে।

(১০) এই রোগের মোকাবিলা করার জন্য আক্রান্ত পাঁচটি জেলার স্বাস্থ্যকর্মীদের ছুটি বাতিল এবং কেউ ছুটিতে থাকলে তাঁকে কাজে যোগদান করার নির্দেশ দেওয়া হয়েছে।

### Price of Rice in Open Markets

***85.** (Admitted Question No. ***214.**) **Dr. Tarun Adhikary** and **Dr. Sudipto Roy :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the price of rice in the open markets in West Bengal has increased during the period beyond December 1989; and

(b) If so,—

(i) what are the major causes for increase in the price of rice during the above period; and

(ii) the steps taken or proposed to be taken by State Government to bring down the price of rice in the open market in West Bengal ?

**Minister-in-charge of the Food and Supplies Department :**

(a) Yes. Between the week ended 27.12.89 and the week ending 1.8.90 the State average minimum retail price of rice in the open market in West Bengal has increased.

(i) Such a rise at this time of the year is not unusual and this year's increase is quite comparable with the last year's rise. Besides, the graduel depletation of stocks with the traders, uncertain prospects of the ensuing Aus crops, heavy rains and consequent dislocation of transport in some areas etc. which may be included under the "seasonal" factor, non-availability of an adequate quantity of good quality of rice from Food Corpn. of India for distribution through public distribution system and increase in the issue prices of rice meant for distribution through P.D.S. may also be responsible for such a hike in price in the open market. The sharp increase in the issue price of rice from Fair Price Shops with effect from 25th June, 1990 might also have contributed towards the observed rise in price.

(ii) The State Govt. has moved the Cantral Govt. to increase the Central allocation of rice for distribution through P.D.S. and to make an improvement in the quality of rice supplied by the F.C.I.

**ক্ষেতমজুর ও প্রান্তিক চাষীদের সস্তায় চাল সরবরাহ**

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রী দিলীপ মজুমদার** এবং **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে রাজ্যের কতজন ক্ষেতমজুর ও প্রান্তিক চাষীদের সস্তায় চাল সরবরাহ করা হয়েছে;

(খ) সস্তায় চাল সরবরাহ করার জন্য সরকারকে মোট কত টাকা ভর্তুকি দিতে হয়েছে;

(গ) বর্তমান আর্থিক বৎসরে ঐ ব্যবস্থা চালু আছে কিনা;

(ঘ) থাকলে, কতজন ক্ষেতমজুর ও প্রান্তিক চাষী ঐ সুযোগ পাবে বলে আশা করা যায়; এবং

(ঙ) এর দরুন রাজ্য সরকারের ভর্তুকির পরিমাণ কত হবে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত আর্থিক বছরে ১,৩০,৪৪,৩২৬জন ভূমিহীন ক্ষেত মজুর ও তাদের পরিবারের ব্যক্তিদের সস্তায় চাল সরবরাহ করা হয়েছিল;

(খ) সস্তায় চাল সরবরাহের জন্যে রাজ্য সরকারের মোট ভর্তুকির পরিমাণ আনুমানিক ১০,২৯,৮৬,৯২৪ টাকা ৩২ পয়সা।

(গ) হ্যাঁ, আগামী ১৮ই সেপ্টেম্বর থেকে এক মাস সস্তায় এই চাল দেওয়া হবে।

(ঘ) এই বছর মোট কতজন ভূমিহীন ক্ষেতমজুর এবং তাদের পরিবারভুক্ত ব্যক্তিরা এই সুবিধা পাবেন তা এখনই বলা সম্ভব নয়। গ্রাম এলাকায় গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং পৌর এলাকায় পৌর প্রধানদের ওপর এলাকার সকল কৃষক ও ক্ষেতমজুর সংগঠনের প্রতিনিধিদের সহায়তায় ভূমিহীন ক্ষেতমজুর ও তাদের পরিবারভুক্ত ব্যক্তিদের নামের তালিকা এই বৎসরের জন্য নতুন ভাবে তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছে। আগামী ৩১শে আগস্টের মধ্যে এই তালিকা প্রস্তুত করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। তালিকা প্রস্তুত হবার পরই জানা যাবে কতজন ব্যক্তি এবার এই সুযোগ পাবেন।

(ঙ) রাজ্য সরকারের ভর্তুকির পরিমাণ এখন বলা সম্ভব নয়।

**আসন্ন দুর্গাপুজো উপলক্ষে অতিরিক্ত খাদ্যশস্য সরবরাহের পরিমাণ**

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুজো উপলক্ষ্যে রাজ্য কেন্দ্রের কাছ থেকে অতিরিক্ত খাদ্যশস্য ইত্যাদির সরবরাহের প্রতিশ্রুতি পেয়েছে;

(খ) সত্য হলে, চাল, গম, চিনি, ভোজ্য তেল ও কেরোসিন তেলের ক্ষেত্রে তার পরিমাণ কত;

(গ) ঐসব সামগ্রীর ক্ষেত্রে রাজ্য সরকারের দাবি কত ছিল;

(ঘ) প্রতিশ্রুতিমতো সামগ্রী কবে নাগাত রাজ্যে পৌছাবে বলে আশা করা যায়; এবং

(ঙ) কেন্দ্রের কাছে বকেয়া কোনও খাদ্যসামগ্রী পাওনা থাকলে তার পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ রাজ্য সরকার কেন্দ্রের কাছ থেকে পূজা উপলক্ষে কেবলমাত্র চাল, চিনি ও ভোজ্য তেলের ও রেপসিড তেলের ক্ষেত্রে অতিরিক্ত সরবরাহের প্রতিশ্রুতি পেয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকার আগস্ট মাসে অতিরিক্ত ১০,০০০ মেট্রিক টন চাল, ৪,০০০ মেট্রিক টন ভোজ্য তেল এবং ১,০০০ মেঃ টন কেরোসিন তেল বরাদ্দ করেছেন। সেপ্টেম্বর মাসে এই অতিরিক্ত বরাদ্দের পরিমাণ হচ্ছে ১০,০০০ মেট্রিক টন চাল, ৬,০০০ মেঃ টন চিনি, ৪,০০০ মেঃ টন ভোজ্যতেল ও ২,০০০ মে টন কেরোসিন তেল। গম এর ক্ষেত্রে কোনও অতিরিক্ত বরাদ্দ নেই।

(গ) রাজ্য সরকারের চাল, গম, চিনি, ভোজ্যতেল এবং কেরোসিন তেলের ক্ষেত্রে আগস্ট ও সেপ্টেম্বর মাসের জন্য অতিরিক্ত মাসিক চাহিদা ছিল নিম্নরূপ চাল—আগস্ট ১৯৯০ এর জন্য অতিরিক্ত ১০,০০০ মেঃ টন এবং সেপ্টেম্বর ১৯৯০ এর জন্য অতিরিক্ত ১০,০০০ মেঃ টন ভালো চাল। গম—কোনও অতিরিক্ত বরাদ্দের দাবি নাই চিনি—আগস্ট ১৯৯০ এর জন্য দাবি ৩৫,০০০ মেঃ টন, এবং সেপ্টেম্বর ১৯৯০ এর জন্যে মোট দাবি ৪০,০০০ মেঃ টন অর্থাৎ অতিরিক্ত দাবি যথাক্রমে ৯১১২ মেঃ টন এবং ১৪১১ মেঃ টন। ভোজ্যতেল আগস্ট ও সেপ্টেম্বরে ১৯৯০ এর জন্য মোট দাবি প্রতি মাসের ১০,০০০ মেঃ টন। অর্থাৎ অতিরিক্ত দাবি প্রতি মাসের ৪,০০০ মেঃ টন। কেরোসিন তেল আগস্ট ১৯৯০ এর জন্য মোট দাবি ১০০,০০০ মেঃ টন এবং সেপ্টেম্বর ১৯৯০ এর জন্য মোট দাবি ১২৫,০০০ মেঃ টন অর্থাৎ অতিরিক্ত দাবি আগস্টে ৪২,৫৯০ মেঃ টন এবং সেপ্টেম্বর মাসে ৬৭,৫৯৫ মেঃ টন।

(ঘ) কেন্দ্রীয় সরকারকে বলা হয়েছে যত শীঘ্র সম্ভব পৌছানোর জন্য।

(ঙ) গত ১.৮.৯০ তারিখ পর্যন্ত ভোজ্যতেলের বকেয়া পাওনা ছিল ১৩,৫২৫ মেঃ টন।

## রাজ্যে চাহিদা অনুযায়ী জ্বালানী সামগ্রী সরবরাহ

***১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬।) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবাংলায় জনসংখ্যা অনুপাতে চাহিদা অনুযায়ী কেরোসিন, কয়লা, রান্নার গ্যাস, পেট্রোল, ডিজেল কেন্দ্রীয় সরকারের নিকট থেকে সরবরাহ পাওয়া যাচ্ছে কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী ঃ**

জনসংখ্যা অনুপাতে পশ্চিমবঙ্গের চাহিদার তুলনায় কেরোসিন, কয়লা ও রান্নার গ্যাসের জন্য কেন্দ্রীয় সরকারের সরবরাহ পর্যাপ্ত নয়।

তেল কোম্পানিগুলির দেওয়া তথ্য থেকে জানা যায় যে পেট্রোল ও ডিজেলের সরবরাহে পশ্চিমবঙ্গে কোনও ঘাটতি নেই।

**Arrangement for detection of AIDS Patients**

***101.** (Admitted Question No. ***216.)** **Dr. Tarun Adhikary** and **Dr. Sudipto Roy :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) what arrangements have been made to detect ADIS cases in Calcutta;

(b) how many cases of AIDS have been detected so far;

(c) what steps have been taken to prevent migration of AIDS patients from other parts of India to Calcutta; and

(d) which areas of Calcutta have been identified as AIDS Pro Zone in the City?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(a) (i) AIDS Surveillance Centre has been established in the Department of Virology, School of Tropical Medicine, Calcutta with financial support from Indian Council of Medical Research and Govt. of India. The Centre has been undertaking Sero-Surveillance operation amongst high risk individuals like professional blood donors, persons attending S.T.D. Clinic, VDRL—positive prostitutes, foreign nationals, students, sailors, intravenous drug abusers, homosexuals etc. The Centre is also carrying out HIV screening of Blood and drugs based on blood products.

Two HIV Screening Centres have already been established in the School of Tropical Medicine, Calcutta and Central Blood Bank.

(b) 2 (Two)

(c) State Government is not aware of migration of AIDS patients to Calcutta.

(d) Attempts are being made through intensive Surveillance to identify the AIDS—Prone Zones in the City.

**রাজ্যের বিভিন্ন হাসপাতালগুলিতে আয়ুর্বেদীয় ডিসপেনসারীর সংখ্যা**

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে মোট কত সংখ্যক আয়ুর্বেদীয়/ইউনানী

ডিসপেনসারী/চিকিৎসাকেন্দ্র স্থাপিত হয়েছে; এবং

(খ) উক্ত ডিসপেনসারী/চিকিৎসাকেন্দ্র পিছু বছরে (১) কত টাকার আয়ুর্বেদীয়/ইউনানী ওষুধ সরবরাহ করা হয়; (২) ওষুধ বাবদ বাৎসরিক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আয়ুর্বেদীয় ডিসপেনসারী ও চিকিৎসা কেন্দ্রের সংখ্যা যথাক্রমে ১৪০ ও ১০৫। ইউনানী ডিসপেনসারীর সংখ্যা ২ (দুই)।

(১) উক্ত আয়ুর্বেদীয় ডিসপেনসারী ও স্বাস্থ্যকেন্দ্র পিছু বছরে যথাক্রমে ৩,০০০ (তিন হাজার) টাকা ও ১,০০০ (এক হাজার) টাকার ওষুধ সরবরাহ করা হয়।

(২) আয়ুর্বেদীয় ওষুধ বাবদ গড়ে বাৎসরিক বরাদ্দকৃত টাকার পরিমাণ ৪ (চার) লক্ষ ইউনানীতে গত ৮৯-৯০ এ দুইটি ডিসপেনসারী স্থাপনের অর্থ মঞ্জুর করা হইয়াছে।

ওষুধ বাবদ বৎসরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ডিসপেনসারী পিছু ৩,০০০ টাকা (তিন হাজার টাকা)।

**রাজ্যে কালাজ্বর, ম্যালেরিয়া ও কলেরার প্রকোপ রোধে ব্যবস্থা গ্রহণ**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সর্বত্র কালাজ্বরে, ম্যালেরিয়া ও কলেরার প্রকোপ রোধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, ঐ কাজে নিযুক্ত 'ক্যাজুয়াল কর্মী'-দের স্থায়ীকরণের বিষয়টি রাজ্য সরকার বিবেচনা করছেন কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কালাজ্বর ও ম্যালেরিয়া প্রকোপরোধের জন্য কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য মন্ত্রকের নির্দেশ অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কলেরার প্রকোপ রোধেও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) কালাজ্বরে ও ম্যালেরিয়া দূরীকরণের কাজে সাময়িকভাবে নিযুক্ত কর্মীরা পুরোপুরি অস্থায়ী হওয়ার ঐ সমস্ত কর্মীদের স্থায়ী করণের কোন প্রশ্ন ওঠে না।

**মুর্শিদাবাদ জেলায় স্বাস্থ্য কেন্দ্রের সংস্কার ও স্টাফ কোয়ার্টার নির্মাণ**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ৮০টি জায়গায় স্বাস্থ্য কেন্দ্রের সংস্কার ও স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য ১৯৮৭-৮৮ সালে বিশ্বব্যাঙ্ক প্রদত্ত ৫৮ লক্ষ টাকা স্বাস্থ্য দপ্তর পূর্ত দপ্তরের

কনস্ট্রাকশন বোর্ডের হাতে তুলে দিয়েছিল এবং তার মধ্যে ৫০ লক্ষ টাকা তছরূপ হয়েছে ঐরূপ কোনও অভিযোগ সরকারের গোচরে এসেছে কিনা; এবং

(খ) এসে থাকলে,—

(১) এ ব্যাপারে কোনও তদন্ত হয়েছে কিনা,

(২) হয়ে থাকলে, তদন্তের রিপোর্ট কি, ও

(৩) ঐ ব্যাপারে রাজ্য সরকার অভিযুক্তদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ইহা ঠিক নয়। ঐ টাকা বিশ্বব্যাঙ্ক প্রদত্ত নয়। ইহা রাজ্য যোজনা (সপ্তম যোজনা) খাতের ১৯৮৭-৮৮ সালের নূতন স্বাস্থ্য-কেন্দ্র নির্মাণ, পুরাতন স্বাস্থ্য-কেন্দ্রের সংস্কার ও মেরামতি এবং স্টাফ কোয়ার্টার নির্মাণের বরাদ্দকৃত অর্থ। এই অর্থ উপরোক্ত কাজের জন্য পূর্ত দপ্তর মারফত নির্মাণ পর্ষদকে (কনস্ট্রাকশন বোর্ড) বরাদ্দ করা হয়।

ঐরূপ ৩৭টি কাজের মধ্যে এ পর্যন্ত ১১টি সম্পর্কে সরকার যে তদন্তের কাজ চালিয়েছেন তাতে প্রায় ১১ লক্ষ ৬১ হাজার টাকা ক্ষতি হয়েছে বলে সরকারের কাছে অভিযোগ এসেছে। বাকিগুলির সম্পর্কে তদন্ত চলছে।

(খ) (১) হ্যাঁ, এখনও চলছে।

(২) (ক) প্রশ্নের উত্তরের দ্বিতীয় অনুচ্ছেদ দ্রষ্টব্য। মোট ৩৭টি কাজের ব্যাপারে যে অভিযোগ সরকারের কাছে এসেছে তার অর্থের পরিমাণ প্রায় ৪৭ লক্ষ ১৭ হাজার টাকা। তদন্ত রিপোর্টের মূল অভিযোগ হল যে আপৎকালীন মেরামতি কাজের নাম করে ঐ পরিমাণ টাকার কাজ সরকারি নিয়মবহির্ভূত ভাবে করা হয়েছে। এ ব্যাপারে চারজন ইঞ্জিনিয়ার একজন ডিভিসনাল অ্যাকাউন্টেট ও দুইজন অ্যাকাউন্টস ক্লার্ককে দায়ী করা হয়েছে।

(৩) প্রাথমিক তদন্তের ভিত্তিতে এ পর্যন্ত এ সম্পর্কে একজন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, একজন অ্যাসিস্টান্ট ইঞ্জিনিয়ার ও দুইজন সাব-অ্যাসিস্টান্ট ইঞ্জিনিয়ারকে সাময়িকভাবে বরখাস্ত (সাসপেনশন) করা হয়েছে। বাকি তিনজন এ. জি. বেঙ্গলের কর্মচারী হওয়ার দরুন এ. জি. বেঙ্গলের কাছে উহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

### সমবায়ের মাধ্যমে রেশন বন্টন

***১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০।) শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের পূর্ণ ও আংশিক রেশন বন্টন ব্যবস্থায় ব্যক্তিগত ডিলারশিপ-এর পরিবর্তে সমবায়কে ডিলারশিপ দেওয়ার কোনও সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, কিভাবে ও কতদিনের মধ্যে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না—তবে সরকারের নীতি হচ্ছে যে কোনও জায়গায় নূতন ডিলার নিয়োগের সময়ে সমবায় সমিতিকে অগ্রাধিকার দেওয়া।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### মৎস্য চাষ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্য মৎস্য চাষের জন্য চলতি আর্থিক বৎসরে জুলাই, ১৯৯০ পর্যন্ত কত টাকা ব্যয়িত হয়েছে এবং কতজন মৎস্যচাষী উপকৃত হয়েছে; এবং

(খ) বিগত আর্থিক বৎসরের তুলনায় এ বৎসর মৎস্য উৎপাদনে বৃদ্ধির পরিমাণ কত হবে বলে আশা করা যায়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মৎস্য চাষের জন্য চলতি আর্থিক বছরের (১৯৯০-১৯৯১) জুলাই ১৯৯০ পর্যন্ত প্রায় ৫১ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে এবং এর ফলে প্রায় ১৩২৩ জন মৎস্যচাষী উপকৃত হয়েছেন।

(খ) পশ্চিমবঙ্গে বিগত আর্থিক বৎসরে (১৯৮৯-৯০) প্রায় ৬.০১ লক্ষ টন মাছ উৎপাদিত হয়েছিল। বর্তমান আর্থিক বৎসরে (১৯৯০-৯১) এই মাছ উৎপাদনের ধার্য মাত্রা হল ৬.৪২ লক্ষ টন। আশা করা যায় যে চলতি আর্থিক বৎসরে এই ধার্য মাত্রা পূরণ হবে এবং এর ফলে প্রায় ০.৪১ লক্ষ টন মাছ বেশি উৎপাদিত হবে।

### দামোদর-বরাকর নদী উপত্যকায় পরিবেশ দূষণ

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দামোদর-বরাকর নদী উপত্যকা সন্নিহিত কারখানার নোংরা জল নদীতে পড়ে জল ও পরিবেশ দূষিত হচ্ছে;

(খ) সত্য হলে, উপত্যকার দূষণ প্রতিরোধে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) সরকার পরিবেশ ও জল দূষণের মাত্রা পরিমাপের জন্য কেন্দ্রীয় সরকারকে কোনও বিশেষজ্ঞ কমিটি গঠনের অনুরোধ জানিয়েছে কি না?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ সত্য।

(খ) ঐ নদী উপত্যকা সন্নিহিত ৩০টি কারখানাকে মোটামুটিভাবে দূষণমুক্ত কারখানা হিসাবে সনাক্ত করা হয়েছে। রাজ্য দূষণ পর্ষদ নিয়মিতভাবে ঐ কারখানাগুলি হইতে নির্গত দূষণের তদারকি করছেন। ঐ কারখানাগুলি হইতে নির্গত দূষিত জলকে দূষণমুক্ত করার জন্য প্রয়োজনীয় ট্রিটমেন্ট/কন্ট্রোল ব্যবস্থা গ্রহণের জন্য ঐ কারখানাগুলিকে বলা হচ্ছে। কোন কোন কারখানার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বা হচ্ছে।

(গ) জল দূষণের মাত্রা পরিমাপ পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ করে থাকে। দামোদর-বরাকর নদী উপত্যকার পরিবেশ, জল দূষণ ও তৎজনিত সমস্যাদির পরীক্ষা করার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা ও তাদের মতামত নেওয়ার জন্য রাজ্য ভূমি ও ভূমিসংস্কার মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত রাজ্য মন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন।

## কেন্দ্রীয় গ্রন্থাগার ভবন নির্মাণ

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** জনশিক্ষা প্রসার (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি, রাজ্য সরকারের উদ্যোগে কেন্দ্রীয় গ্রন্থাগার ভবন নির্মাণ পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**জনশিক্ষা প্রসার (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী ঃ**

ভিত্তিস্তর নির্মাণের কাজ অনেকটা এগিয়েছে এবং কাঠামো নির্মাণের কাজও শুরু হয়ে গেছে।

## কলকাতাবাসী ঠিকা প্রজাদের পাকা বাড়ি করার অধিকার

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলকাতায় বসবাসকারী ঠিকা প্রজাদের পাকা বাড়ি করবার কোনও আইনগত বাধা আছে কি না?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৮১ সালের কলিকাতা ঠিকা প্রজাস্বত্ব অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ আইনের ৬(৩) ধারার শর্ত সাপেক্ষে কলকাতায় বসবাসকারী ঠিকা প্রজারা পাকা বাড়ি করতে পারেন।

## কলকাতায় অতি বর্ষণে ক্ষতির পরিমাণ

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩০।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি কলকাতা শহরে অতি বর্ষণের ফলে কোনও ক্ষয়ক্ষতি হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, ক্ষতির পরিমাণ কত;

(গ) রাজ্য সরকার কর্তৃক ক্ষতিগ্রস্তদের কোনও সাহায্য দেওয়া হয়েছে কি না; এবং

(ঘ) হয়ে থাকলে, সাহায্যের পরিমাণ কত (আর্থিক মূল্যে)?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ঃ**

(ক) হয়েছে।

(খ) ক্ষতির পরিমাণ নির্দ্ধারিত হচ্ছে।

(গ) হ্যাঁ, হয়েছে।

(ঘ) ত্রাণ দপ্তর থেকে ছয় হাজার টাকা সাহায্য দেওয়া হয়েছে।

## চলচ্চিত্র শিল্পে ধর্মঘট

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ৬ই জুলাই, ১৯৯০ থেকে রাজ্য জুড়ে চলচ্চিত্র শিল্প বন্ধের প্রস্তাব কি কারণে প্রত্যাহার করা হয়েছে; এবং

(খ) বন্ধ সম্পর্কে ঐ শিল্পের শ্রমিক কর্মচারিদের কোনও বক্তব্য রাজ্য সরকারের কাছে পেশ করা হয়ে থাকলে রাজ্য সরকার সমগ্র বিষয়টি কিভাবে বিচার করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইস্ট ইণ্ডিয়া মোশন পিকচার্স অ্যাশোসিয়েশন গত ৬ই জুলাই, ১৯৯০ থেকে পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পে অনির্দিষ্টকালের জন্য বন্ধের ডাক দিয়েছিলেন। এই অবাঞ্ছনীয় বন্ধ যাতে না হয়, সেজন্য রাজ্য সরকারের তরফ থেকে ইস্ট ইণ্ডিয়া মোশন পিকচার্স অ্যাশোসিয়েশনের সাথে কয়েক দফা বৈঠক করে তাঁদের বিভিন্ন দাবিদাওয়া সম্পর্কে সরকারি দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করা হয় এবং অ্যাশোসিয়েশনের যেসব দাবি যুক্তিসঙ্গত সেগুলো যথাযথ ভাবে পরীক্ষা করে বিবেচনার আশ্বাস দেওয়া হয়। এর ফলে ৬ই জুলাই বন্ধ প্রত্যাহৃত হয়।

(খ) ৬ই জুলাই থেকে প্রস্তাবিত বন্ধ চলচ্চিত্র শিল্পের স্বার্থের পরিপন্থী মনে করে বেঙ্গল মোশন পিকচার এমপ্লয়ীজ ইউনিয়ন সরকারকে হস্তক্ষেপ করে বন্ধ যাতে না হয় তার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ জানান।

## সস্তায় মাছ বিক্রির পরিকল্পনা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার বিভিন্ন বাজারে সস্তায় মাছ বিক্রির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোথায় কোথায় উক্ত পরিকল্পনা আছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরকারের সরাসরি মাছ বিক্রি করার কোনও পরিকল্পনা নেই। কারণ মৎস্য দপ্তরের এ ধরনের কোনও পরিকাঠামো নেই। মৎস্য চাষের পরিকাঠামোই কেবল মৎস্য দপ্তরের আছে। তবে দপ্তরের অধীন মৎস্য উন্নয়ন নিগম ও মৎস্যজীবী সমবায় সংস্থা ন্যায্য মূল্যে বিভিন্ন স্থানে মাছ বিক্রি করে। এ ছাড়া বিবাহ প্রভৃতি উৎসবাদিতে ঐ নিগমের হাওড়া স্টল থেকে কলকাতায় ন্যায্যমূল্যে মাছ সরবরাহ করা হয় এবং হাসপাতালেও মাছের যোগান দেওয়া হয়। ক্যাপ্টেন ভেড়ি ও মুদিয়ালী সমবায় সমিতি ন্যায্যমূল্যে মাছ বিক্রি করে থাকে।

(খ) রাজ্য মৎস্য উন্নয়ন নিগম কর্তৃক নিম্নলিখিত জায়গাগুলিতে মাছ বিক্রির জন্য স্টল আছে ঃ

(১) করুণাময়ী হাউসিং এস্টেটের কাছে, (২) মাণিকতলা হাউসিং এস্টেট, (৩) পূর্বাশা হাউসিং এস্টেট, (৪) বেচুলাল হাউসিং এস্টেট, (৫) সেক্সপীয়র সরণী, (৬) বিকাশ ভবন, (৭) রাজভবন, (৮) মিন্টো পার্ক হাউসিং এস্টেট, (৯) সাহাপুর হাউসিং এস্টেট, (১০) বালিগঞ্জ সার্কুলার রোড হাউসিং এস্টেট, (১১) আয়রণ সাইড রোড হাউসিং এস্টেট, (১২) রোজ মেরী লেন, হাওড়া। এগুলি ছাড়াও অতিরিক্ত মাছ বিক্রির স্টল খোলার পরিকল্পনা আছে।

## দিল্লির বঙ্গভবনের নিয়ন্ত্রণাধীন পুলকার

**১১।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিল্লির বঙ্গভবনের নিয়ন্ত্রণে কতগুলি পুলকার আছে; এবং

(খ) উক্ত পুলকারগুলি কোন কোন পদাধিকারী ব্যক্তিবর্গ আইনত ব্যবহার করতে পারেন?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'পুলকার'-এর সংখ্যা ১৫, যার মধ্যে দুইটি গাড়ি অব্যবহার্য বলে ঘোষিত হয়েছে।

(খ) তিনটি গাড়ি রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির জন্য নির্দিষ্ট করা আছে। বাকি দশখানি চালু গাড়ির মধ্যে দুইটি গাড়ি দিল্লিস্থিত পশ্চিমবঙ্গ সরকারের রেসিডেন্ট কমিশনার এবং তাঁর অফিসের কাজে ব্যবহৃত হয়। অবশিষ্ট আটটি গাড়ি পশ্চিমবঙ্গ সরকারের যে সব কর্মচারী সরকারি কাজে দিল্লি যান তাঁদের ব্যবহারের জন্য দেওয়া হয়। অগ্রাধিকার এবং প্রাপ্যতা সাপেক্ষে সকল সরকারি কর্মচারী বর্তমানে গাড়ি ব্যবহার করতে পারেন।

## সল্টলেকে জমি বন্টন

**১২।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মহানগর উন্নয়ন বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যের কোন কোন (১) মন্ত্রী, (২) লোকসভার সদস্য, (৩) রাজ্যসভার সদস্য ও (৪) বিধায়কদের মধ্যে সল্টলেকে জমি বন্টন করা হয়েছে;

(খ) উক্ত জমি প্রাপকেরা কোন দলভুক্ত; এবং

(গ) সল্টলেকে জমি পাওয়ার ক্ষেত্রে ইঞ্জিনিয়ার, ডাক্তার, আই সি এস, আই পি এস, ডব্লু বি সি এস-দের অগ্রাধিকার দেওয়া হয় কিনা?

**মহানগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) প্রাপকদের ঐরূপ পরিচয় জমি বন্টনের নথিপত্রে রাখা হয় না।

(গ) না।

**দূরদর্শনের দ্বিতীয় চ্যানেল রাজ্য সরকারের নিয়ন্ত্রণে আনার প্রস্তাব**

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা দূরদর্শনের দ্বিতীয় চ্যানেল রাজ্য সরকারের নিয়ন্ত্রণে আনার জন্য কোনও প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে ভারত সরকারের নিকটে বিবেচনার জন্য পাঠানো হয়েছে কি না; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে বর্তমানে প্রস্তাবটি কোন পর্যায়ে আছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পাণ্ডুয়া গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে আন্ত্রিক রোগী**

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পাণ্ডুয়া রুর্যাল স্বাস্থ্যকেন্দ্রে ১৯৯০ সালে কতজন আন্ত্রিক রোগে আক্রান্ত রোগী ভর্তি হন;

(খ) উক্ত রোগীদের রাখিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন; এবং

(গ) সরকার উক্ত স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সংখ্যা বাড়াইবার কোনও পরিকল্পনা করিতেছেন কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫৯ জন।

(খ) উপরোক্ত ৫৯ জন রোগীকে পাণ্ডুয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের শয্যাতেই রাখিয়া চিকিৎসার

ব্যবস্থা করা হইয়াছিল।

(গ) না।

**কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বিশৃঙ্খল পরিস্থিতির রিপোর্ট**

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ছাত্র-আন্দোলন, বিশৃঙ্খলা ও অগ্নিসংযোগের ব্যাপারে রাজ্য সরকার কোনও লিখিত রিপোর্ট পেয়েছেন কি;

(খ) এই ঘটনার তদন্তের জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

(গ) এই ঘটনায় প্রাথমিকভাবে অভিযুক্ত ব্যক্তির সংখ্যা কত; এবং

(ঘ) তন্মধ্যে কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ওয়াচ এবং ওয়ার্ড বিভাগের সুপারিন্টেণ্ডেটের লিখিত অভিযোগের ভিত্তিতে কল্যাণী থানায় ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে। স্থানীয় পুলিশ এ ব্যাপারে তদন্ত করছেন। তদন্তের পরিপ্রেক্ষিতে মামলার সাথে জড়িত কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং অন্য কয়েকজনকে গ্রেপ্তারের ব্যবস্থা হচ্ছে।

স্থানীয় পুলিশের অনুরোধে ফোরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির বিশেষজ্ঞগণ অগ্নিদগ্ধ স্থান পরিদর্শন করেছেন। অপরাধ শাখার আই জি পিকে মামলার তদন্তের গতিবিধি লক্ষ্য রাখতে বলা হয়েছে।

(গ) প্রাথমিক অভিযোগ (এফ আই আর এ) কোনও ব্যক্তির নাম উল্লিখিত ছিল না।

(ঘ) মোট ১৫ (পনের) জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**বিশ্বব্যাঙ্ক কর্তৃক 'ইণ্ডিয়ান পপুলেশন প্রোজেক্ট ৪'-এ প্রদত্ত অর্থ**

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিশ্বব্যাঙ্ক রাজ্যের অনুন্নত জেলাগুলির দুর্বল শ্রেণীর মানুষের মধ্যে স্বাস্থ্য চেতনা বৃদ্ধি ও চিকিৎসা ব্যবস্থার উন্নতিসাধনের জন্য 'ইণ্ডিয়ান পপুলেশন প্রোজেক্ট-৪' অনুযায়ী কেন্দ্রীয় সরকারের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে ১০৭ কোটি টাকা দিয়েছিলেন এবং সপ্তম পঞ্চবার্ষিকী যোজনাকালের মধ্যেই এই কর্মসূচি সমাপ্ত করার কথা ছিল; এবং

(খ) সত্য হলে, (১) বিশ্বব্যাঙ্ক প্রদত্ত উল্লিখিত অর্থের কতটা অংশ জুলাই ১৯৯০ পর্যন্ত ব্যয় করা হয়েছে;

(২) ঐ অর্থে কি কি কাজ সম্পন্ন হয়েছে; ও

(৩) এ ব্যাপারে কাজের ও খরচের হিসাব সরকার যথাযথভাবে পেয়েছেন কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) ঐ।

(৩) ঐ।

### দিঘাতে টিভি রিলে সেন্টার স্থাপন

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪।) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, মেদিনীপুর জেলার দিঘাতে একটি টিভি রিলে সেন্টার স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে করা হয়েছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

### সরকারি কলেজে অধ্যক্ষের শূন্যপদ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** বিগত অধিবেশনের ৯ই মার্চ, ১৯৮৯ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *১১২ (অনুমোদিত প্রশ্ন নং *৭২৩)-এর উত্তর উল্লেখ পূর্বক শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্যানুযায়ী এই রাজ্যের কোন কোন সরকারি কলেজে মোট কতগুলি অধ্যক্ষের পদ শূন্য আছে? এবং

(খ) শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কুচবিহার সরকারি কলেজ, দুর্গাপুর সরকারি কলেজ এবং সংস্কৃত কলেজ, কলিকাতা এই ৩টি কলেজে অধ্যক্ষের পদ বর্তমানে শূন্য আছে।

(খ) পদগুলি যথাশীঘ্র পূরণের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

### ইংলণ্ডে সরকারি বৃত্তিপ্রাপ্ত গবেষক

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ১৯৮৫ থেকে ৩১এ মার্চ, ১৯৯০ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের বৃত্তি

নিয়ে কত সংখ্যক গবেষক ইংল্যাণ্ডে গবেষণা করতে গিয়েছেন;

(খ) তন্মধ্যে কতজন গবেষণা করে ফিরে এসেছেন;

(গ) তন্মধ্যে কতজন চুক্তির শর্ত অনুযায়ী সরকারি কলেজে অধ্যাপক হিসাবে কাজে যোগদান করেছেন; এবং

(ঘ) ঐ কাজে যোগদান না করা গবেষকগণের বিরুদ্ধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শিক্ষা উচ্চতর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাত জন।

(খ) তিন জন।

(গ) দুইজনের সরকারি কলেজে নিয়োগের ব্যবস্থা হয়েছে, এখনও যোগ দেননি, একজন যোগদান না করায় আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(ঘ) সরকার চুক্তি ভঙ্গের জন্য আইন অনুযায়ী ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা করছেন।

## পৌরসভা কর্মচারিদের বেতনের দায়িত্ব

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৩।) **শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের পৌরসভার কর্মচারিদের বেতনের দায়িত্ব সম্পূর্ণভাবে বহন করার কোনও পরিকল্পনা রাজ্যসরকারের আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, কর্মচারিদের বেতনবাবদ উন্নয়নের জন্য নির্দিষ্ট তহবিল যাতে অন্য খাতে খরচ না করা হয় তার জন্য সুনির্দিষ্ট কোনও পদ্ধতির কথা সরকারের বিবেচনাধীন আছে কি না?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) যেমন উন্নয়ন খাতে বরাদ্দ অর্থ বাবদ ব্যয় করা যায় না, তেমনি বেতনবাবদ বরাদ্দ অর্থ উন্নয়ন খাতে ব্যয় করা যায় না।

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Prabuddha Laha on the subject of the new reservation policy as per Mondal Commission's Report.

The subject of the motion relates to a matter which is not primarily the concern of the State Government. I do not allow the motion.

Incidentally, a notice for Adjournment Motion on the same subject was received on 29th August, 1990 which was disallowed by me.

## Calling Attention

I have received 3 notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| 1. Views of the State Government regarding the new reservation policy | : | Shri Jayanta Kumar Biswas |
| 2. Alleged assault on police Officer at Budge Budge | : | Shri Gobinda Chandra Naskar |
| 3. Reported hunger strike for indefinite period by five medical students of R.G. Kar Medical College since 28.9.90 | : | Dr. Sudipto Roy |

I have selected the notice of Dr. Sudipto Roy on the subject of Reported hunger strike for indefinite period by five medical students of R. G. Kar Medical College since 28.9.90.

The Ministe-in-charge may please make a statement to-day, if possible.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭শে আগস্ট আর. জি. কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের আমাদের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান ডাঃ দীপক চন্দ্র এবং কিছু ছাত্র আমার সাথে দেখা করেন। আপনারা জানেন যে আর. জি. কর মেডিক্যাল কলেজের অনেক গুলি বাড়ি আমাদের পি. ডব্লু. ডি ডিপার্টমেন্ট কনডেম বলে তাঁরা ঘোষণা করেছেন। রাজ্য সরকারকে সেই জন্য ধীরে ধীরে নূতন নূতন বাড়ি এবং আমাদের অ্যাকাডেমিক বিল্ডিং, ক্যাজুয়ালটি বিল্ডিং এইগুলি সমস্ত তৈরি করতে হচ্ছে। যখন ম্যানেজিং কমিটির চেয়ারম্যান এবং ছাত্ররা আমার সাথে দেখা করেন আমি বলেছি এই বছর যে কাজগুলি চলছে সেই কাজের টাকার দিক দিয়ে যদি দেখা যায় তাহলে দেখা যাবে ৮ কোটি টাকার কাজ করছি। সুতরাং ছাত্রদের যদি কোনও অসুবিধা হয় আমরা সেই অসুবিধাগুলি ধীরে ধীরে সমাধান করব। এর পরে আমি জানিনা কেন ২৮ তারিখ থেকে ছাত্ররা ধর্মঘট করতে শুরু করে। আমার কাছে প্রিন্সিপ্যাল এবং সুপারিনটেনডেন্ট তাঁরা আসেন এবং আমাদের ডাইরেক্টর অফ মেডিক্যাল এডুকেশন আসেন। আমি বলেছিলাম যে তাদেরকে বুঝিয়ে বলুন যে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি, এখন সময় লাগবে বাড়ি-ঘর তৈরি করার, টাকার ব্যবস্থা করতে সময় লাগবে। সুতরাং সেই অনুযায়ী আমাদের ডাইরেক্টর অফ মেডিক্যাল এডুকেশন তিনি ছাত্র সংসদকে একটা চিঠি পাঠিয়েছেন যে এই সব আলোচনা হয়েছে এবং আমাদের এই দপ্তরের সচিব ছিলেন তিনি ছাত্রদের সঙ্গে দেখা করেন, তিনি তাদের বুঝিয়ে বলেন এবং ডাইরেক্টর অফ মেডিক্যাল এডুকেশন লিখিত ভাবে আমাদের সাথে এই আলোচনা হয়েছে বলে চিঠি

দেন। কিন্তু গতকাল প্রিন্সিপ্যাল মেডিক্যাল কলেজের তিনি ছাত্রদের আর একটা চিঠি সংযোগ করে দেন। সেখানে প্রিন্সিপ্যাল বলেন

This is to inform you that we are on indefinite hunger strike since last two days. Today being the third day the state of the students is deteriorating. The medical report too says that.

As per talk with you regarding the fate of hunger strike you have presented your helpless state and have accepted the fact that there is no immediate solution to our demands which mainly focus the hospital's problem.

At this stage we being in a position of no-return and the health of the fasting students deteriorating, we hereby declare you solely responsible for this, since you are our college authority.

এর পরে আজকে অধ্যক্ষ মহাশয় আমার সঙ্গে দেখা করেন। ডাইরেক্টর অব মেডিক্যাল এডুকেশন আমার সঙ্গে দেখা করেন। আমি বলেছি যে, ছাত্রদের শরীর যদি খারাপ হয়ে থাকে তাহলে তাঁরা সেখানে একটি বোর্ড গঠন করুন এবং যেসব ছাত্রদের জীবন সংশয় আছে তাঁদের হাসপাতালে ভর্তি করুন। ছাত্রদের তাঁরা বোঝাতে চেষ্টা করুন যাতে ছাত্ররা অনশনটা তুলে নেন। আজকে মাননীয় সদস্য ডাঃ সুদীপ্ত রায় আমাকে ফোন করেছিলেন। আমি তাঁকে বলেছি যে ছাত্র সংসদের সেক্রেটারি, প্রেসিডেন্ট এবং সুদীপ্তবাবু থাকবেন, তাঁদের সাথে তিনটের সময় যখন আমাদের এখানে রিসেস হবে তখন কথা বলব। ছাত্রদের দাবি-দাওয়া আমরা শুনেছি, আমরা তার প্রতিবিধান করার চেষ্টা করছি। সুতরাং তাঁরা যাতে অনশন তুলে নেন তার জন্য আমরা রিসেসের সময়ে মাননীয় সদস্য সুদীপ্ত রায় এবং ছাত্রদের সাথে বসে আলোচনা করব এবং আমরা যে কাজ হাতে নিয়েছি সেগুলো যাতে সুসম্পন্ন হতে পারে তারজন্য চেষ্টা করছি।

**Mr. Speaker :** The Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of shortage of Doctor and medicine in Bolepore Sub-divisional Hospital. (Attention called by Shri Tarapada Ghosh on the 29th August 1990)

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Prasanta Kumar Sur,**

Bolepur State General Hospital was upgraded as Bolepur Sub-divisional Hospital by the Government. No augmentation of the strength of staff of any category was, however, made.

The Sub-divisional Hospital is not a decentralised unit. It receives its supply of medicine from the District Reserve Stores, Birbhum. During the recent outbreak of Gastroenteritis a substantial amount of essential drugs, including life saving ones, were supplied from the District

Reserve Stores to this hospital.

Bolepur Sub-divisional Hospital has a sanctioned strength of 5(five) medical officers only but at present 7 (seven) medical officers are posted there. Notification for posting of one physician and one ophthalmologist has already been issued and the incumbents are expected to join soon. Proposals for posting one Gynaecologist, one ENT specialist and one Anaesthetist are under active consideration of this Department.

Augmentation of the strength of non-medical staff of the hospital is also under active consideration of the Government.

**Mr. Speaker :** The Minister-in-charge of Commerce and Industries Department to make a statement on the subject of new industries for North Bengal.

(Attention Called by Shri Nirmal Das on 30th August, 1990).

### STATEMENT ON CALLING ATTENTION

**Shri Abdul Quiyom Molla :**

I beg to rise to make the following statement in reply to the calling attention notice given by the Hon'ble member, Shri Nirmal Das.

The State Government is conscious of the development needs of North Bengal and is anxious to ensure speedy industrial development of the region.

Earlier, Detailed Study Reports on Industrial opportunities in North Bengal were prepared by Consultants Commission by the State Government and massive campaigns are being organised, on a contnuing basis, by the West Bengal Industrial Development Corparation Ltd., West Bengal Financial Corporation and other State industrial development agencies to induce the entrepreneurs to take up the indentified projects in North Bengal. Efforts are being made to pursue large companies like Bata Shoe Company and Hindusthan Lever Ltd. to set up industries in North Bengal. A number of industrial growth centres are being developed in different districts of North Bengal which will act as nuclei for catalysing investment from potential entrepreneurs. Debagram Growth Centre in Jalpaiguri district has been developed over 106.25 acres of land of which 86.07 acres have already been allotted to entrepreneurs to set up industrial units. Development work of Raninagar Growth Centre, also in Jalpaiguri district over 152.50 acres of land, is also complete except some minor works and about 18.14 acres of land has already been allotted to entrepreneurs. Considerable progress has also been made

towards development of a growth centre at Cooch Behar over 131.03 acres of land and 2.93 acres has already been allotted. Development of growth centre at Malda has been started and is progressing.

[2-10 - 2-20 P.M.]

The West Bengal Electronics Industry Development Corporation is setting up an industrial estate at Jalpaiguri for housing electronic units. Two sheds have been completed, one of which will be used assisting rural electronic project of which initial financial assistance has already been received from Department of Electronics, Government of India and the Khadi Village Industries Commission has agreed to provide loan towards working capital at lower rate of interest. West Bengal Tea Development Corporation has taken up construction of a factory at Hilla Tea Estate in Jalpaiguri district for processing green leaf of tea produced in Hills and Mohua lla Estates. In collaboration with the Steel authority of India Ltd (SAIL), the West Bengal Mineral Development and Trading Corporation had set up the North Bengal Dolomite Ltd, for extraction of dolomite from the Jainti dolomite deposit in the Jalpaiguri district, Mining operation here was kept in abeyance for some time for ecological and environmental reasons, but since has been resumed with safeguard measures.

Further, as a follow up of a seminar organised by IDBI on industrialisation of North Bengal in September 9, 1989, which was attended by the Union Minister of State for Finance, the State Minister-in-charge of Finance and Development & planning.

Departments, officials of the Central Government, State Government, Reserve Bank of India, Financial Institutions, Banks Industrial associations and Entrepreneurs, an operational group headed by the Secretary, Commerce and Industries Department has since been constituted for submitting a report on industrialisation of North Bengal, This operational group has representatives from the Cottage and Small Scale Industries Department, Reserve Bank of India, Industrial Development Bank of India, United Bank of India, WBIDC, WBFC, SISI, Tourism Department, IIMC and West Bengal State Electricity Board. This group will identify the task of the State and Central governments, Commercial Banks and Financial Institutions and will also suggest a plan of action in the matter of industrialisation of North Bengal. The operational group visited North Bengal and held meetings with various industrial devolopment agencies operating in North Bengal, District Magistrates, DIC representatives, Bank representatives, different Chambers of Commerce and Industries in North Bengal and local entrepreneurs and industrialists. A

draft report of the operational group is under preparation which will be finalised after further discussions and interactions with industries and entrepreneurs already operating or willing to operate in North Bengal region.

The report of the operational group as and when received will be considered by the State Government and the possibility of getting up of any central—State joint venture projects may then be explored.

## Consideration of the Seventh Report of the Committee of Privileges, 1990-91

**The Chairman (Shri Anil Mukherjee) :** Sir, I beg to move that the Seventh Report of the Committee of Privileges of the Tenth Legislative Assembly as presented to the House on the 28th August, 1990, be taken into consideration,

The motion was then put and agreed to.

**The Chairman (Shri Anil Mukherjee) :** Sir, I beg to move that the recommendation contained in the Seventh Report of the Committee of Privileges of the Tenth Legislative Assembly, be agreed to by the House.

The Motion was then put and agreed to.

## LAYING OF REPORT

### Annual Report of the West Bengal Dairy and Poultry Development Corporation Ltd. for the year 1984-85

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission, I beg to lay the Annual Report of the West Bengal Dairy and Poultry Development Corporation Ltd. for the year 1984-85.

**শ্রী অপূর্বলাল মজুমদার :** মিঃ স্পিকার স্যার, কয়েকদিন আগে এই বিধানসভায় গোল্ডেন জুবিলি অনুষ্ঠিত হয়েছে এবং সেই গোল্ডেন জুবিলিতে বাইরে থেকে অনেক স্পিকার এবং অন্যান্য বিশিষ্ট অতিথিরা এখানে এসেছিলেন। সেই গোল্ডেন জুবিলি উপলক্ষ্যে আমরা অন্তত দুইজন বিশিষ্ট ও স্বনামধন্য স্পিকার এই বিধানসভার আজিজুল হক এবং নৌসের আলির নাম স্মরণ করছি এবং আপনি জানেন যে এই প্রতিভাবান স্পিকাররা এই আসন অলঙ্কৃত করেছেন। যে আসনে আপনি আজকে আছেন। এবং এখানে ৫০ বছরের ইতিহাসে অনেক মুখ্যমন্ত্রী এসেছেন তার মধ্যে সবচেয়ে বেশি যার নাম এখানে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি ডাঃ বিধানচন্দ্র রায়, তাঁর কথা আমি ভুলতে পারিনি এবং সঙ্গে সঙ্গে এই দীর্ঘ ৫০ বছরের ইতিহাসে এই বিধানসভার মধ্যে যা হয়েছে সেইসব ঘটনাগুলি যেগুলি ঘটেছে তারও একটি ঘটনা আমি স্মরণ করতে চাই। এই বিধানসভায় হয়ত অনেক পুরনো সদস্য আছেন তারা হয়ত স্মরণ করতে পারবেন, কিন্তু যেসব মাননীয় সদস্য দীর্ঘদিন ধরে এই

বিধানসভায় নেই তাদের কাছে হয়ত এইগুলি জানা নেই। স্যার, আমি এখানে যে ঘটনাগুলি আপনার কাছে বলতে চাই এবং সমস্ত মাননীয় সদস্যদের কাছে বলতে চাই সেই ঘটনার সময়ে আপনিও ছিলেন না, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ছিলেন, আমিও দীর্ঘদিন ছিলাম। সেই ঘটনাগুলির দু-একটি আমার বলা দরকার, কারণ তখন আমি বিরোধী পক্ষের ভূমিকাতেও ছিলাম। এবং সেদিন বিরোধীপক্ষের মাননীয় জ্যোতি বসু ছিলেন নেতা এবং তাঁর নেতৃত্বে সেদিন এখানে অনেক ঘটনা ঘটেছে। সেই ঘটনাগুলি এখানকার মাননীয় সদস্যদের কাছে মোটামুটি বলা দরকার। এই বিধানসভাতে এমন অনেক ঘটনা ঘটেছে যে ঘটনাগুলি আমি জানি, (এ ভয়েস ঃ এতো প্রসিডিংসে আছে) সে প্রসিডিংসে যা আছে, আছে। আমি যেটুকু দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এখানে এই অপোজিশন থেকে জুতো ছোঁড়া হয়েছিল, ট্রেজারী বেঞ্চকে লক্ষ্য করে।

[2-20 – 2-30 P.M.]

সেদিনের ওই জুতোটা কালীপদ মুখার্জি, যিনি তখনকার হোম মিনিস্টার, তাঁর বুকে গিয়ে জুতো লেগেছিল। এখানে আমরা জানি, আগে যাঁরা অপোজিশনে ছিলেন তাঁদের কেউ একজন পচা ডিম ছুঁড়েছিলেন, একজন মহিলা সদস্যের বুকে লেগেছিল। আর সেই ডিম তাঁর বক্ষদেশে ফেটে ডিমটি ছড়িয়ে পড়েছিল এটা আমরা জানি। এখানে শুধু তাই নয়, একজন মহিলা সদস্যার বসবার সীটে, বসবার আসনে আলতা বিছিয়ে দেওয়া হয়েছিল। তিনি না জেনে বসাতে যখন তিনি উঠে আসেন তখন তিনি দেখেন যে তাঁর কাপড় লাল হয়ে গেছে। তাঁকে তখন বক্রোক্তিও করা হয়েছিল। এইসব ঘটনা আমরা জানি। এই বিধানসভার যাঁরা অনেকদিনের সদস্য তাঁরা দেখেছেন কিন্তু যাঁরা নতুন তাঁরা দেখেন নি। আর যাঁরা বলছেন তাঁরা খবরের কাগজ, পুরোনো কাগজ পড়ে জেনেছেন, পুরো ঘটনাটা জানেন না। এটা এইজন্য বলছি বা বলা দরকার ইতিহাস আস্তে আস্তে এগিয়ে এসেছে। ৫০ বছরে অনেক ঘটনা ঘটেছে। এখন সেগুলিকে কেউ আমরা অস্বীকার করতে পারছি না। আমি সেজন্য আপনার মাধ্যমে বলতে চাইছি যে, আপনি জানেন, এই ঘটনার পরে আমাদের বিধানসভার ইতিহাস, সেই ইতিহাস আস্তে আস্তে পরিবর্তনের দিকে এগিয়ে গেল। আমি সেগুলি বিস্তারিত বলতে চাইছি না। বর্তমানে কিছু ঘটনা নিয়ে বলতে চাই। ১৬ তারিখে একটা আন্দোলনের ডাক দেওয়া হয়েছিল, সেই আন্দোলনের ডাক দেওয়া হয়েছিল বিশেষ কতকগুলি দাবির ভিত্তিতে। সেদিন ১৬ তারিখে আমাদের কোলকাতা বন্ধের একটা ডাক দেওয়া হয়েছিল। সেই কলকাতা বন্ধের ডাককে কেন্দ্র করে সেখানে আমাদের তরফ থেকে শান্তিপূর্ণ ভাবে এই আন্দোলন আমরা পরিচালিত করেছিলাম। কিন্তু অত্যন্ত বেদনা ও মর্মান্তিক জ্বালা নিয়ে বলতে হয়, সরকারপক্ষ থেকে সেদিন ক্যাডার নামিয়ে দিয়ে যা ঘটনা ঘটেছে তা নিন্দনীয়। পশ্চিমবাংলার গণতান্ত্রিক আন্দোলনে সেদিনটা কালো ছায়া হিসাবে স্বাক্ষরিত হয়ে থাকবে চিরদিনের জন্য। সেইসঙ্গে বলতে চাইছি, সেখানে প্রাক্তন সদস্যা এবং লোকসভার প্রাক্তন সদস্যা, মহিলা নেত্রী মমতা ব্যানার্জির ওপর আক্রমণ হয়েছিল। মমতা ব্যানার্জি আহত অবস্থায়, তিনি এখনও হসপিটালে। এখনও বেরিয়ে আসতে পারেন নি। আমি স্মরণ করিয়ে দিতে চাই আপনার মাধ্যমে, শুধু যে মমতা ব্যানার্জির ওপর আক্রমণ হয়েছিল তাই নয়, আক্রমণ হয়েছিল বিধানসভার অন্যতম সদস্য শ্রী সুব্রত মুখার্জির ওপর। যিনি পি. এ. কমিটির চেয়ারম্যান।

আক্রমণ হয়েছিল প্রাক্তন বিধায়ক পঙ্কজ বন্দোপাধ্যায়ের ওপর। ক্ষত, বিক্ষত তাঁর দেহ। আমি সমস্ত ঘটনা বলতে চাইছি না কিন্তু যেগুলি বলতে চাইছি সেগুলি পরম্পরায় হয়ে আসছে এবং এগুলিকে নিয়েই আগামীদিনে চলতে হবে। সেজন্য আমি এইগুলি বলতে চাইছি এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধী সদস্যদের অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় মমতা ব্যানার্জি তিনি যেভাবে আহত হয়েছিলেন—মৃত্যুর সঙ্গে লড়াই করে বেঁচে গেলেন। কিন্তু সেই মমতা ব্যানার্জি তিনি একটা বয়ান দিয়েছেন এফ. আই. আর.। সেই এফ. আই. আর. এ তিনি সেখানে সই করতে পারেননি, কারণ তার ডান হাত এখনও ভাঙ্গা অবস্থায় রয়েছে। সেই জন্য তিনি হাত দিয়ে সই করতে পারেনি, সই করবার ক্ষমতা তার ছিল না, তাই এফ আই. আর-এ মমতা ব্যানার্জি টিপ সই দিয়েছিল। পুলিশের সামনে তিনি টিপ সই দিয়েছিলেন এফ. আই. আর.-এ। কিন্তু দুঃখের সঙ্গে জানাতে হচ্ছে এক জনের নামে এফ. আই. আর করার পরেও, আমাদের মুখ্যমন্ত্রী বাইরে থেকে এসে খবরের কাগজের কাছে বিবৃতি দিলেন, এটা মিথ্যা শুধু তিনি মিথ্যাই বললেন না তিনি বললেন বাদশা আলম এই ঘটনার সঙ্গে জড়িত নয়, তাকে গ্রেপ্তার করা চলবে না। সেইজন্যই কাল ঐ পরিস্থিতির সৃষ্টি হয়েছিল।

**Mr. Speaker :** Mr. Majumdar, I have only a very small question to ask you. You came to my Chamber today and told me that you wanted to say something in the House. What you wanted to say, you never told me. Now, it appears that you want to repeat the same subject which had been in the contents of your adjournment Motion and which was already discussed by the House for two hours. I want to know under what rules it can be done. The incident relating to Smt. Mamata Banerjee was the subject matter of your Adjournment Motion which was discussed for two hours by the House. On that motion twelve Members of your side made their submissions. In the entire discussion you never mentioned the matter of Badsha Alam. Now you are making your submissions on the same subject of that Adjournment Motion introducing the matter of Badsha Alam at a later stage of the discussion. It cannot be allowed. Under no Parliamentary rules an Adjournment Motion can be discussed in instalments. You gave a notice of Adjournment Motion. You did not even produce the requisite number of 30 members. Still I allowed the motion because it was an important matter. At least twelve Members spoke on that motion, No one then mentioned the matter of Badsha Alam. At a later stage, you thought that you have missed the matter of Badsha Alam. And now you have come to mention it. It cannot be allowed. It cannot be done. Please take your seat.

...... (noise) ......

...(Several Congress(I) Hon'ble Members rose to speak) ...

**Shri Apurbalal Majumdar :** *Sir, let me make my submission first.*

**Mr. Speaker :** I have not allowed you. Please take your seat. Now Mention Hour. First, Shri Prabuddha Laha.

... (Shri Prabuddha Laha did not speak) ...

Now, Shri Gobinda Chandra Naskar.

...... (noise) ......

... (Shir Gibinda Chandra Naskar did not speak) ...

...(at this stage Congress(I) Members walked out of the Chamber)...

## MENTION CASES

[2-30 – 2-40 P.M.]

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে কোনও মন্ত্রী পরিষদের নয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু শুনবেন। আমাদের এম এল এ-রা সমাজ সেবা করেন, সমাজ সেবা করার পর আর যাঁরা এম এল এ থাকেন না তাঁদের পেনশনের ব্যবস্থা হয়েছে। যাঁরা শিক্ষক এম এল এ তাঁরা স্কুলে বেতন পান ঠিকই, এখানে আপনি বেতন দেন, এঁদের পেনশনের ব্যবস্থা সম্পর্কে কোনও রকম বিবেচনা করা হয় না এইজন্য যে তাঁদের ডবল পেনশন হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে যাঁরা লইয়ার যাঁদের প্রচুর ইনকাম তাঁরাও কিন্তু পেনশন পেয়ে যাবেন। যাঁরা বড় বড় ব্যবসায়ী যাঁরা প্রচুর অর্থ উপার্জন করেন আফটার রিটায়ারমেন্ট তাঁরাও কিন্তু পেনশন পান। অথচ যাঁরা শিক্ষক, যাঁরা নিরীহ জীব, যাঁরা জেল খেটেছেন এই সরকারকে নিয়ে আসার জন্য, যাঁদের পিঠে পুলিশের মারের দাগ রয়েছে তাঁদের পেনশনের সম্পর্কে ভবিষ্যতে আপনি বিবেচনা করবেন।

**শ্রী অবনিভূষণ সৎপতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের গ্রন্থাগার মন্ত্রী এবং অর্থমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে পশ্চিমবঙ্গের প্রায় ৫ হাজার গ্রন্থাগার কর্মী বিগত ৩ মাস ধরে তাঁদের বেতন পাচ্ছেন না। এই গ্রন্থাগার কর্মীরা বিভিন্ন শহরাঞ্চলে এবং ছোট ছোট শহরে কাজকর্ম করেন। ৩ মাস বেতন না পাওয়ার ফলে তাঁদের পরিবারে আর্থিক সঙ্কট দেখা দিয়েছে। এলাকাতে টাকা পাঠাবার যে পদ্ধতি আছে সেটা অত্যন্ত জটিলতাপূর্ণ। আমি দাবি করছি গ্রন্থাগার মন্ত্রী এবং অর্থ মন্ত্রী পশ্চিমবঙ্গের গ্রন্থাগার কর্মীদের বিগত মাসের বেতন যেন পূজার আগে দিয়ে দেন। পে-কমিশনের সুপারিশ অনুযায়ী তাদের বেতনক্রম যাতে নির্ধারিত হয় তারজন্যও আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি।

**শ্রী পুলিন বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর নিকট আমার বক্তব্য উপস্থাপিত করছি এবং এই বিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য দাবি রাখছি। মেদিনীপুর জেলার ময়না, সবং এবং পিঙলার মধ্য দিয়ে

পাটচাঁদা, পাঁচথুলি নদী দুটি প্রবাহিত এবং এই নদী দু'টি নিচের দিকে চণ্ড্যা নামে ময়নার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে কেলেঘাই নদীতে পতিত হয়েছে। অতিরিক্ত বৃষ্টির ফলে জলস্ফীতি ঘটায় এই বছরে ময়নায় বন্যার আশঙ্কা দেখা দিয়েছে, কোনওরকমে তাকে প্রতিরোধ করা হয়েছে। এই চণ্ড্যা নদীর শেষ অংশ মজে গিয়েছে এবং সমভূমিতে পরিণত হয়েছে। এই নদীর খাত খুব সঙ্কীর্ণ, বটলনেক এবং অগভীর, যার ফলে প্রতি বছর জল বেরুবার পথ পায় না। সেজন্য এই ৩টি থানায় বিপদের আশঙ্কা প্রতি বছর দেখা দেয়। এই বছরে জলপথ দপ্তর বন্যা প্রতিরোধের জন্য অনেক টাকা খরচ করেছেন মাননীয় মন্ত্রী মহাশয় সেদিন বললেন। সেজন্য আমি প্রস্তাব করছি এই চণ্ড্যা নদীর নিম্নাংশ পরিষ্কার করে দেওয়া হোক, একে গভীর করে প্রসারিত করে খনন করা হোক যাতে জল সহজে বেরিয়ে যেতে পারে। এটা করলে ময়না, সবং এবং পিঙলা এই ৩টি থানা বন্যার হাত থেকে মুক্ত হবে এবং প্রতি বছর সেচ দপ্তরকে বন্যা প্রতিরোধের জন্য যে টাকা খরচ করতে হয় সেটা আর করতে হবে না। আমি এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের শিক্ষামন্ত্রীর একটি বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের বিভিন্ন ছাত্র সংগঠন স্কুলে ছাত্র সংসদ গঠনের দাবি করছে। আমরা মনে করি এই সংসদ গঠন হওয়া দরকার স্কুল, বিদ্যালয়গুলিতে। কারণ, এটা ঠিক যে, সরকার শিক্ষকদের চাকরির নিরাপত্তা দিয়েছেন, অন্যান্য পরিকাঠামো গড়ে তুলেছেন কিন্তু ছাত্রদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করে সমাজ সচেতন করে গড়ে তোলা, বিভিন্ন দেওয়ালে পত্র-পত্রিকা প্রকাশনার মধ্য দিয়ে সুস্থ প্রতিভার বিকাশ সাধন করা, তাদেরকে খেলাধূলার মধ্যে যুক্ত করা ইত্যাদি কাজগুলি প্রতিটি বিদ্যালয়ে অবহেলিত। এইগুলি না করলে একটি ছাত্রের দেশপ্রেম চেতনা উদ্বুদ্ধ হতে পারে না। বিশেষ করে যখন তাদেরকে ১৮ বছর বয়সে নির্বাচনের অধিকার দেওয়া হয়েছে, সেই জন্যই তাদের এই ধরনের চেতনা গড়ে তোলা দরকার। এই সংসদ গড়ে তুললে কিছু অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে, কয়েকদিন আগে এই হাউসের বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া উল্লেখ করেছেন এবং ছাত্র সংসদ গড়ে তুললে মস্তানে পরিণত হবে। ছাত্রপরিষদ গঠন করলে মস্তানে পরিণত হতে পারে। ছাত্রপরিষদ ছাড়া'ও অনেক দেশপ্রেমী ছাত্র সংগঠন আছে, যাদের দেশপ্রেমে জাতীয় চেতনায় ছাত্ররা উদ্বুদ্ধ হতে পারে। সেই কারণে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে দাবি করছি এই বিষয়ে তিনি হস্তক্ষেপ করে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রী সুরজিত শ্মরণ বাগচী ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আজকে এই সংক্ষিপ্ত অধিবেশনের শেষ দিনে আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাচ্ছি। বামফ্রন্ট সরকার সর্বস্তরের শিক্ষকদের মাসিক বেতন দেওয়ার দায়িত্ব নিয়ে শিক্ষকদের অশেষ ধন্যবাদভাজন হয়েছেন, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু সরকারি কর্মচারিদের ক্ষেত্রে প্রতি মাসের বেতন যেমন পরবর্তী মাসের প্রথম দিনে পাওয়াটা সুনিশ্চিত, শিক্ষকদের ক্ষেত্রে ঠিক সেই রকম নিশ্চয়তা এখনও পর্যন্ত দেওয়া হয়নি। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে হয়ত দিনটা ঠিক আছে, কিন্তু সরকারি ব্যবস্থার গাফিলতিতে মাঝে মাঝে তাদের অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এইবারে আমি যেমন জানি, ৪ দিন আগের খবর হল—নদীয়ার প্রাথমিক শিক্ষকরা এখনও পর্যন্ত জুলাই মাসের বেতন পাননি। সরকারি অ্যালটমেন্ট যথা সময়ে না

যাবার জন্য কিম্বা জেলা স্কুল পরিদর্শকের অফিসের গাফিলতির জন্য মাধ্যমিক শিক্ষকরা'ও মাঝে মাঝে এই বিপদে পড়েন। কিন্তু মাসের কবে বেতন পাবেন তার কোনও স্থিরতা নেই। এমন কি নির্দিষ্ট মাসের বেতন যে সব সময় পাওয়া যাবে এই কথাও জোর দিয়ে বলতে পারা যাচ্ছে না। কলেজ শিক্ষকদের অবস্থা একটু ভাল হলে'ও মাঝে মাঝে বিপদে পড়তে হচ্ছে। জানুয়ারি মাসের বেতন ফেব্রুয়ারি মাসের ২৪/২৫/২৬ তারিখে, এপ্রিল মাসের বেতন মে মাসের ২৪/২৫/২৬ তারিখে জুলাই মাসের বেতন পেতে আগস্ট মাসের শেষ সপ্তাহ হয়ে যাচ্ছে। এখনও পশ্চিমবাংলার একটি কলেজে'ও জুলাই-এর পে প্যাকেট গিয়ে পৌছায়নি। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে আবেদন করছি যে, বেতনের টাকা যখন দিতেই হবে তখন সময় মতো দেবার ব্যবস্থা কার্যকর করতে উপযুক্ত ব্যবস্থা কেন গ্রহণ করা যাচ্ছে না—স্যার, আমরা যেন ঠিক সেই দুয়োরাণীর ছেলের মতো হয়ে আছি। দুয়োরাণীর ছেলেকে সবই খেতে দেওয়া হচ্ছে, কিন্তু পাতের পাশে একটু খালি ঘাই রেখে দেওয়া হচ্ছে। অর্থদপ্তর শিক্ষা দপ্তরকে অ্যালটমেন্ট দিতে দেরি করেন বলেই এটা হচ্ছে, না কিজন্য হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি না। এই বিষয়ে এমন একটা কার্যকর ব্যবস্থা কি নেওয়া যায় না, যাতে করে শিক্ষকরা প্রতি মাসের একটা ঠিক নির্দিষ্ট সময়ে বেতন পেতে পারেন? আমি তাই এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

[2-40 – 2-50 P.M.]

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে মুরগী পলট্রি ইন্ডাস্ট্রিতে বিদ্যুৎ সমস্যা সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই চন্দননগর এলাকায় যে সমস্ত স্মল পোল্ট্রি আছে যেখানে ১০০ এর কম মুরগি পালন করা হয় সেই সমস্ত পোল্ট্রিতে কমারশিয়াল রেটে বিদ্যুতের চার্জ নেওয়া হচ্ছে। এর ফলে কিছু সমস্যা দেখা দিচ্ছে। তাদের প্রোডাকশন কস্ট এত বেশি হচ্ছে যে এই পোল্ট্রিগুলি চালানো অসম্ভব হয়ে যাচ্ছে। বহু পোল্ট্রি বন্ধ করে দিতে হচ্ছে। স্যার, আমাদের বামফ্রন্ট সরকারের নীতি অনুযায়ী বহু বেকার যুবক ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে এই সমস্ত ইণ্ডাষ্ট্রি তৈরি করে উপার্জন করার জন্য চেষ্টা করছে কিন্তু কমার্শিয়াল রেটে বিদ্যুতের দাম দেবার জন্য তারা বিরাট সমস্যার সম্মুখীন হচ্ছে। চন্দননগরের এরকমের বহু পোল্ট্রি ইণ্ডাষ্ট্রির মানুষ আবেদন করেছেন তাদের জন্য ডোমেস্টিক মিটার চালু করা হোক। আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীকে তাদের আবেদন অত্যন্ত সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি একটি চিঠির কথা উল্লেখ করছি। চিঠিটা জয়েন্ট ডিরেক্টার অব অ্যানিম্যাল হাসবেন্ড্রি লিখেছেন চেয়ারম্যান স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, বিদ্যুৎ ভবন, সল্টলেককে। তার একটা অংশ আমি পড়ছি। Incidentally I may mention that no small poultry farmers of West Bengal are paying electrical charges at commercial rate. Then why the farmers of Chandannagore will pay? এই অংশটির প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করার আবেদন জানাচ্ছি।

**শ্রী শুখেন্দু মাইতি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ অভিযানের প্রতি মন্ত্রিসভা, মাননীয় বিধানসভার সদস্য এবং সমস্ত সাংবাদিক বন্ধুদের দৃষ্টি

আকর্ষণ করছি। স্যার, বিদ্যাসাগর, ক্ষুদিরাম, মাতঙ্গিনী হাজরা, বীরেন সাশমলের জেলা, মেদিনীপুর জেলা, এই মেদিনীপুর জেলায় ১৯৯১ সালের জানুয়ারি মাসের মধ্যে একজনও নিরক্ষর ব্যক্তি থাকবেন না এই সঙ্কল্প নিয়ে সার্বিক সাক্ষরতা এবং রোগ প্রতিষেধক অভিযান শুরু করা হয়েছে। এই অভিযানে সমস্ত রাজনৈতিক দল, ছাত্র, যুব, শিক্ষক, মহিলা, কৃষক, মজুর এবং গণ সংগঠনগুলি সামিল হয়েছেন। সমস্ত বেসরকারি সেবামূলক প্রতিষ্ঠান এতে সামিল হয়েছেন। এর পরিচালনার জন্য জেলা, মহকুমা, ব্লক, গ্রামপঞ্চায়েত, বুথ সেন্টারে কমিটি তৈরি হয়েছে। ব্যাপক হ্যাণ্ড বিল, পোস্টারের মাধ্যমে এই অভিযানের কথা প্রচার করা হচ্ছে। এই অভিযান পরিচালনার জন্য মাস্টার, ট্রেনাররা তিন লক্ষ স্বেচ্ছাসেবককে শিক্ষা দিচ্ছেন যারা বয়স্ক ১০ জনকে শিক্ষা দান করবেন ৪ মাস ধরে। ২।। লক্ষ সেন্টার দরকার। মন্ত্রী সভার কাছে আমার আবেদন, এ ব্যাপারে সর্বপ্রকারে সহযোগিতা করুন। মাননীয় তথ্যমন্ত্রীর কাছে অনুরোধ, একটা তথ্যচিত্র এর উপর তৈরি করা হোক। এর সঙ্গে সঙ্গে টি. ভি. রেডিও ও অন্যান্য প্রচার মাধ্যমে যাতে এর প্রচার করা হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই। ইদানিং সরকারি চাকরিতে এবং অধিগৃহীত সংস্থায় সংরক্ষণ নিয়ে রাজধানী দিল্লি সহ দেশের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ, প্রতিবাদ প্রদর্শন করা হচ্ছে। স্যার, প্রথমেই বলে রাখি যে আমি সংরক্ষণের বিরোধী নই। তবে এর প্রয়োগ যেভাবে হচ্ছে বিশেষ করে আমাদের এই রাজ্যের বিভিন্ন সরকারি সংস্থায় এবং শিক্ষাপ্রতিষ্ঠানে সে ব্যাপারে কয়েকটি কথা বলব। আগে ২০ পয়েন্ট রোস্টার ছিল এখন তার পরিবর্তে ৫০ পয়েন্ট রোস্টার পালন করা হচ্ছে। কোন কোন পোস্ট শিডিউল কাস্টের জন্য কোন কোন পোস্ট ট্রাইবসের জন্য, কোন কোন পোস্ট আনরিজাভর্ড থাকবে বলা আছে। প্রথম পোস্ট বলা আছে শিডিউল কাস্টের জন্য সংরক্ষিত থাকবে। স্কুলের ক্ষেত্রে বলা আছে ক্যাটাগরি ওয়াইজ রোস্টার মেন্টেন করতে হবে। হেড মাস্টার একটা ক্যাটাগরি, অ্যাসিস্টেন্ট টিচার একটা ক্যাটাগরি, নন টিচিং স্টাফ একটা ক্যাটাগরি। এর ফলে ইদানিংকালে যত হেডমাস্টারের পোস্ট খালি হচ্ছে সবগুলি শিডিউল কাস্টদের জন্য সংরক্ষিত হয়ে যাচ্ছে। সাধারণত যাদের ৫০-এর বেশি বয়স তারা হেডমাস্টার হয়। এই নিয়ম চলতে থাকলে ৫/৭ বছরের মধ্যে দেখতে পাব শতকরা ৮০ ভাগ হেডমাস্টার এস. সি থেকে নেওয়া হয়ে গিয়েছে। যদি পাওয়া যায় ভাল কারণ হেড মাস্টার ছাড়া স্কুল চলতে পারে না। এ ক্ষেত্রে আমার প্রস্তাব বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে, ডি. আই অফিসকে এই রোস্টার মেনটেন করতে বলুন। তা না হলে অসুবিধা হবে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয় আপনার সামনে এবং মাননীয় সদস্যদের সামনে উত্থাপিত করছি। সেটা হচ্ছে, কয়েকদিন ধরে বিশেষ করে গতকাল একটা বিষয় এখানে ঘটেছিল এবং সেই সম্পর্কে আপনি বিস্তৃত ব্যাখ্যা দিয়েছেন, আপনার সুচিন্তিত মতামত দিয়েছেন। আমরা দেখছি যে কংগ্রেস সুপরিকল্পিত ভাবে তাদের সদস্যদের দ্বারা লবিতে এবং এই বিধানসভার অভ্যন্তরে যে ঘটনাগুলি ঘটাচ্ছে সেগুলি পরিকল্পনা মাফিক হচ্ছে। আপনি গণতন্ত্রের পতাকাকে উর্দ্ধে তুলে ধরার চেষ্টা করছেন, অপর দিকে ওরা গণতন্ত্রের পতাকাকে পদদলিত করছেন, এই হচ্ছে অবস্থা।

**মিঃ স্পিকার ঃ** এসব কথা এখানে বলা যায় না, বসুন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী এখানে উপস্থিত আছেন। বাস ভাড়াকে কেন্দ্র করে এখানে অনেক মেনশন করা হয়েছে, অনেক লেখা হয়েছে। হুগলি জেলায় গিয়ে বাড়তি বাস ভাড়ার কিছু অসঙ্গতি আমার নজরে পড়েছে। হুগলি আর. টি. এ. বাসের মালিক যাত্রী অ্যাশোসিয়েশনের সঙ্গে আলোচনা করেছেন কিন্তু এই অসঙ্গতি দুর হয়নি। আমি শুনেছি যে পরিবহন মন্ত্রী নিজে এই বিষয়ে হস্তক্ষেপ করেছেন। হুগলি আর. টি. এ, বাসের মালিকদের সঙ্গে বোঝাপড়া করে হুগলিতে যাতে স্বাভাবিক ভাবে বাস চলাচল করতে পারে তার ব্যবস্থা করছেন। যাত্রীরা বলছেন যে তারা বাড়তি বাস ভাড়া দিতে প্রস্তুত, সেখানে কোনও বাধা নেই। কিন্তু যে ভাবে বাস ভাড়ার হার নির্ধারিত হয়েছে সেখানে অসঙ্গতি দেখা দিয়েছে। এখানে মাননীয় পরিবহন মন্ত্রী উপস্থিত আছেন। সে জন্য আমি তার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অসঙ্গতি দুর হয় এবং বাসগুলি যাতে রাস্তায় চলে।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য শান্তশ্রী চট্টোপাধ্যায় বর্ধিত বাস ভাড়ার অসঙ্গতির বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। এর আগেও মাননীয় সদস্যরা এই বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। কাজেই আমার মনে হয় এই প্রসঙ্গে আমার ২/১টি কথা এখানে বলা উচিত। প্রথম কথা হচ্ছে, এই যে বাস ভাড়ার অসঙ্গতি, এটা নুতন কথা নয়। ব্রিটিশ আমল থেকে যতবার ভাড়া পুর্নবিন্যাস হয়েছে এই অসঙ্গতি নিয়েই হয়েছে। তারপরে সেই অসঙ্গতিকে আস্তে আস্তে দুর করার চেষ্টা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গে ঠিক ইউনিফর্ম ফেয়ার ট্রস্ট্রাকচার সমস্ত জেলায় নেই। এটা কিছু জেলায় এক রকম, আবার কিছু জেলায় অন্য রকম আছে। আবার একই জেলার বিভিন্ন রুটের মধ্যে পার্থক্য আছে এবং এটাই বাস্তব। আবার কোনও কোনও ক্ষেত্রে কিলো মিটার স্টেজ আছে। অতীতে মোটর ভিহিকলস অ্যাক্ট অনুযায়ী সরকারি কাজের গাইড লাইন দেওয়া হত এবং তার ভিত্তিতে আর. টি. এ নিজের জেলার অবস্থা বুঝে সেটা প্রয়োগ করত। ১৯৮৮ সালে মোটর ভিহিকলস অ্যাক্টের পরিবর্তন হয়েছে কিন্তু এই ক্ষমতাগুলি আর. টি. এ-কে দেওয়া হয়নি। এটা কেন্দ্রীয় সরকারের আইন। এতে বলা হয়েছে রাজ্য সরকার এই ফেয়ার স্ট্রাকচার তৈরি করবে এবং তার ভিত্তিতে তারা এটা চালু করবেন এবং ইনস্ট্রাকশন দেবেন। আমরা মোটামুটি বিভিন্ন জেলার বিষয়ে বিবেচনা করে একটা ইউনিফর্ম ফেয়ার স্ট্রাকচার তৈরি করার চেষ্টা করেছি। এটা জেলার অধিকাংশ রুটে চালু হয়েছে। কিন্তু কিছু জেলার কিছু রুটে অসঙ্গতি আগেও ছিল বলে অসুবিধা হচ্ছে। হুগলি, বর্ধমান, মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া এখানে গতবার যে ভাড়া ছিল পশ্চিমবাংলার অন্যত্র তার তুলনায় কম ছিল।

[2-50 – 3-00 P.M.]

আবার কিছু জেলাতে হয়তো স্ট্রাকচারটা ঠিক আছে। যা আছে ভাড়া, তাতে বিভিন্ন রুটের মধ্যে পার্থক্য আছে। সেই জন্য এখন যে জায়গায় অসঙ্গতি রয়েছে—এই রকম দেখছি ৯০ থেকে ১০০ টা রুটে এই এই অসঙ্গতি রয়েছে, এখন আমরা সেই অসঙ্গতিগুলো নিয়ে বসছি। যেমন আমাদের মাননীয় বিধায়করা অসঙ্গতিগুলো আমার নজরে আনছেন, আমাদের

অফিসারদের দিয়ে প্রয়োজনে, আমি নিজে বসে, সেই অসঙ্গতিগুলো একটার পর একটা দূর করছি বিভিন্ন জেলাতেও এবং রুটের ক্ষেত্রেও। সুতরাং আমার আবেদন, হুগলি জেলাতে আমরা করছি, আজকে আমরা মিটিং করেছি, আগামীকালও হবে। কালকের মধ্যে ফয়সালা হয়ে যাবে বলে মনে হয়। আবার কয়েকজন বিধায়ক আমার কাছে গিয়েছিলেন দক্ষিণ ২৪ পরগনার, সেখানকার কিছু রুটের ব্যাপারে, সেইগুলো আমরা রিমুভ করেছি। এই ধরনের কোনও রুটে যদি মনে হয় যে অসঙ্গতি আছে তাহলে নির্দিষ্ট ভাবে আপনারা আমাকে জানান, তাহলে নির্দিষ্ট ভাবে আমি সেইগুলো রিমুভ করব। তবে এটা প্রতিবার সময় লাগে এক মাস থেকে দেড় মাস। আমি চেষ্টা করছি যত তাড়াতাড়ি এটাকে রিমুভ করতে পারি এবং এটাতে যে একটা কনফিউশন তৈরি হয়েছে বিভিন্ন কয়েকটি রুটে তা আমরা দূর করতে পারব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। বাংলাদেশ বিমানের যে বিমান কলকাতা যাতায়াত করে, সেখানে তাদের নিজস্ব কর্মচারী দিয়ে এতদিন ধরে পরিচালনা হত, ১৯৭২ সাল থেকে এটা চলছিল। তারপর ১৯৮৯ সালে সেটা এয়ার ইণ্ডিয়া হ্যাণ্ড ওভার করে নেয়, এয়ার ইণ্ডিয়া সেটা নিয়ে নেবার পর, সেখানে চুক্তি ছিল সেই সব কর্মচারী তারা এখানে কাজ পেয়ে যাবে। কিন্তু ঘটনা চক্রে দেখা যাচ্ছে এয়ার ইণ্ডিয়া কর্তৃপক্ষ, তারা ক্যাজুয়্যাল কর্মী দিয়ে তাদের কাজ চালাচ্ছে। স্বাভাবিক ভাবে ২৮ জন কর্মচারী, যারা বাধ্যতা মূলক ভাবে এয়ার ইণ্ডিয়া দায়িত্বে ছিল, তারা আজকে কর্মচ্যুত হয়েছেন এবং ইতিপূর্বে এয়ার ইণ্ডিয়া থাইল্যাণ্ড যে বিমান চলত কলকাতায়, সেখানে একই পদক্ষেপ নেওয়া হয়েছিল, তাদের অ্যাবজর্ভ করা হয়েছিল, তদানিন্তন কর্মচারী তাদের অ্যাবজর্ভ করা হয়েছিল। কিন্তু বাংলাদেশ বিমানের ক্ষেত্রে এটা ঘটছে না। এবং তারা লাগাতার ভাবে বিমান বন্দরে অবস্থান করে যাচ্ছে। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ ওখানে মধ্যবিত্ত, সাধারণ মধ্যবিত্ত ঘরের ছেলেরা কর্মরত. তারা বিভিন্ন সময়ে এই রাজ্যের নেতৃবৃন্দ যারা বিমানে যাতায়াত করেন, তাঁদের কাছে আবেদন করেছেন, সমস্ত মানুষের কাছে আবেদন করেছেন। এই বিষয়টা নিয়ে আমার মনে হয় খুব সহজেই সমাধান হয়ে যায়, যেহেতু অতীতে নজীর আছে, দৃষ্টান্ত আছে, থাইল্যাণ্ডের ক্ষেত্রে যেমন হয়েছিল। আমি আবেদন করব মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়, বিষয়টা নিয়ে কেন্দ্রীয় বিমান কর্তৃপক্ষের সঙ্গে কথা বলুন যাতে করে এরা পুনর্বহাল হতে পারে।

**শ্রী সাধন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৩১শে আগস্ট ১৯৯০ শহীদ দিবস। আজকে থেকে ৩১ বছর আগে এই দিনে গ্রাম বাংলার মানুষ লাখে লাখে খাদ্য চেয়ে, খাদ্যের দাবিতে [illegible] নিয়ে কংগ্রেস সরকারের কাছে তাদের বক্তব্য জানাতে এসেছিল কলকাতায়। সেদিন খাদ্যের বদলে লাঠি, গুলি, [illegible] হয়েছিল। ৮০ জন [illegible] নরনারী এই কংগ্রেসের জল্লাদ বাহিনীর হাতে প্রাণ দেয়। কয়েকশত মানুষ জখম হয়। [illegible] স্মরণে রেখে আজকে ৩১শে আগস্ট, ১৯৯০, আজকে বামফ্রন্ট সমাবেশ ডেকেছে কলকাতার বুকে সিধু কানহু ডহরে। ইতিমধ্যে মানুষ হাজারে হাজারে আসতে শুরু করেছে, নির্দিষ্ট সময়ে লক্ষ মানুষ এসে পৌঁছে যাবে এই খবর আছে। তাদের আমরা অভিনন্দন জানাচ্ছি। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, এই কংগ্রেসিরা যারা কুচবিহারে কিশোরদের উপর গুলি চালিয়েছিল, ধর্মতলায় মহিলা এবং ছাত্রদের উপর গুলি চালিয়েছিল আর ১৯৫৯ সালের ৩১শে আগস্ট খাদ্য চেয়ে যারা কলকাতায় এসেছিল তাদের হত্যা করেছিল কংগ্রেসের সেই জল্লাদ বাহিনী। আজকে মেকী জনদরদী সেজে জিনিস পত্রের দাম কমানোর অজুহাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাইছে। যাঁরা মুদ্রাস্ফীতি এবং মূল্য বৃদ্ধির জনক তাঁরাই আজকে জনদরদী সেজে সন্ত্রাস সৃষ্টি করতে চাইছেন, বাস, ট্রাম পোড়াচ্ছেন, আগুন দিচ্ছেন, বোমা মারছেন, সারা রাজ্যে একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি করছেন। তাঁদের বিরুদ্ধে, কংগ্রেসের বিশৃঙ্খলা সৃষ্টির প্রয়াসের বিরুদ্ধে, জিনিস-পত্রের দাম বৃদ্ধির বিরুদ্ধে, পেট্রোল ডিজেলের দাম বৃদ্ধির বিরুদ্ধে, রেশনে জিনিস-পত্রের দাম বৃদ্ধির বিরুদ্ধে, নিত্য প্রয়োজনীয় সমস্ত জিনিসের দাম বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আজকের সমাবেশ আহ্বান করা হয়েছে। এই সমাবেশকে অভিনন্দন জানিয়ে আমরা সবাই আসুন বিশৃঙ্খলা এবং মূল্য বৃদ্ধির বিরুদ্ধে গ্রামে-গঞ্জে, সমস্ত জায়গায় আন্দোলন গড়ে তুলি এবং যাঁরা জনদরদী সেজে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছেন তাঁদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ভাবে সাধারণ মানুষকে সচেতন করে আন্দোলনের সামিল করি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কাঁকুড়গাছিতে অরবিন্দ বোধ নিকেতন নামে একটি প্রতিবন্ধী শিশুদের জন্য নিকেতন আছে। এই শিশু নিকেতনটি জনসাধারণের সাহায্যে এবং কেন্দ্র ও রাজ্য সরকারের সাহায্যে পরিচালিত হ'ত। বর্তমানে কেন্দ্রীয় সরকার এই কেন্দ্রটিকে দেয় তাঁদের অনুদান বন্ধ করে দিয়েছেন। ফলে ১৪৫ জন কর্মীর বেতন বন্ধ হয়ে গেছে। এই সমস্ত কর্মচারিরা দীর্ঘ দিন ধরে বেতন পাচ্ছেন না এবং শিশুরা খাবার পাচ্ছে না। এখানকার স্থায়ী কর্মচারিরা সকলেই নিম্নমধ্যবিত্ত ঘরের সন্তান, তাঁরা বেতন পাচ্ছেন না। সেই জন্য আমি মন্ত্রী মহোদয়াকে অনুরোধ করছি, অবিলম্বে কেন্দ্রটি যাতে কেন্দ্রীয় সরকারের সাহায্য পেতে পারে তার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। ওখানকার কর্তৃপক্ষের বিরুদ্ধে কিছু দুর্নীতির অভিযোগ আছে। এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে কর্তৃপক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকলে, তা তদন্ত করে আইন-গত ব্যবস্থা গ্রহণ করা হোক। কিন্তু ঐ অনাথ-আশ্রমের যাঁরা স্থায়ী কর্মচারী, তাঁরা ৫/৬ মাস বেতন পাচ্ছেন না, শিশুরা খাবার পাচ্ছে না। এটা কখনই বাঞ্ছণীয় নয়। অবিলম্বে এর প্রতিকারের জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী স্বদেশ চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাষ্ট্রীয় পরিবহনের রাতের দূরপাল্লার বাসগুলিতে যাত্রীদের কোনও নিরাপত্তা ব্যবস্থা নেই। দূরপাল্লার বাসগুলিতে হামেশাই ডাকাতি হচ্ছে এবং যাত্রীরা সর্বস্বান্ত হচ্ছেন, আহত হচ্ছেন, নিহত হচ্ছেন। গত ২৬.৮.৯০ তারিখ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের গঙ্গারামপুর—ধূপড়ীগামী রাতের বাসটিতে গুঞ্জিরহাটে ভয়াবহ ডাকাতি হয়। সেই বাসে পুলিশের একজন এস. আই যাচ্ছিলেন, তিনি ডাকাতদের হাতে নিহত হয়েছেন। যাত্রীদের লক্ষ টাকার জিনিস-পত্র এবং টাকা পয়সা লুঠ হয়। এই অবস্থায় আমি স্বরাষ্ট্রমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীকে বলছি যে, রাতে যদি দূরপাল্লার বাস চালাতে হয় তাহলে বাস-যাত্রীদের জন্য উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। কঠোর

ভাবে পুলিশি ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমি প্রায়ই রাতের দূরপাল্লা বাসে যাতায়াত করি, আমি দেখছি হামেশাই বাসগুলি বিপদে পড়ছে, যাত্রীরা বিপদে পড়ছে। সংবাদপত্রেও সংবাদ প্রকাশিত হচ্ছে, হামেশাই দূরপাল্লার বাসগুলি বিপদে পড়ছে, বাসগুলিতে ডাকাতি হচ্ছে, ড্রাইভার এবং অন্যান্য কর্মচারিরা আহত, নিহত হচ্ছে যাত্রীরা সর্বস্বান্ত হচ্ছে। সেই কারণেই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়দের বলতে চাইছি যে, রাতের বাসগুলিতে যদি তাঁরা নিরাপত্তার ব্যবস্থা করতে না পারেন তাহলে রাতে বাসগুলিকে যাতায়াত করতে দেওয়া উচিত নয়, সেগুলি বন্ধ করে দেওয়াই উচিত। সুতরাং যাত্রীরা যাতে আর বিপদে না পড়েন তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 P.M.]

**শ্রী উপেন কিস্কু ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সারেঙ্গা থানার অন্তর্গত সারেঙ্গার দক্ষিণদিকে যে এলাকাটা আছে বিক্রমপুর গ্রাম এবং গুড়গুড়া গ্রাম সেই এলাকায় ভাল চাষ হয়। কিন্তু সেখানে আজ ৫ বছর ধরে বিদ্যুতের খুটি পোঁতা সত্ত্বেও বিদ্যুতের তার টাঙানো হয়নি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী ঐ এলাকায় গিয়েছিলেন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বিদ্যুতের তার টাঙানো হবে। যার ফলে সেখানে ২৫০ শ্যালো টিউবওয়েল এবং ১০টি আর. এল. আই. অচল হয়ে আছে এবং নতুন শ্যালো টিউবওয়েল বসানোর দিকে কেউ যাচ্ছে না। সেখানে মন্ত্রীর দেওয়া প্রতিশ্রুতি আজও কার্যকর হয়নি। সুতরাং অতি সত্বর যাতে সেখানে বিদ্যুতের তার এবং বিদ্যুৎ সংযোগ করে চাষীদের উপকার সাধিত হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবার অনুরোধ রাখছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আপনার নেতৃত্বে এই হাউসে যেভাবে গণতন্ত্র রক্ষার জন্য সদস্যারা সহিষ্ণুতার পরিচয় দিয়েছেন এবং ধৈর্য্যের সঙ্গে যেভাবে মোকাবিলা করেছেন তা নতুন ইতিহাস সৃষ্টি করেছে। কংগ্রেস দল বিধানসভায় নিয়ম, নীতি, শৃঙ্খলা না মেনে বিশৃঙ্খলা সৃষ্টি করেছেন।

**মিঃ স্পিকার ঃ** এটা মেনশন হয়না। এটা মেনশনের সাবজেক্ট নয়। এগুলি সভার বাইরে বলবেন, এখানে নয়।

(এই সময় পরবর্তী স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পণের বিরুদ্ধে ইতিমধ্যেই আন্দোলন শুরু হয়েছে এবং পণের বলি যাতে আমাদের দেশের মেয়েরা না হয় তারজন্য রাজ্যের বিভিন্ন জেলায় এবং থানায় ইন্সট্রাকশন্স দেওয়া হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, গত ২৪শে জুলাই ১৯৯০, হাওড়া জেলার ডোমজুড়ে চৈতালি দে নামে একজন মহিলাকে পুড়িয়ে মারা হয়। তার দাদা আমাকে একটি করুণ চিঠি লিখেছেন। ঐ ডোমজুড়ে থানায় ডায়েরি করা সত্ত্বেও থানা থেকে তাঁর স্বামী ধনঞ্জয় দে কে এখন পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি। এই চৈতালী এবং ধনঞ্জয়ের বিয়ে হয়েছিল গত ২৫শে এপ্রিল, ১৯৮৯ সালে। বিয়ের সময় পণ নিয়েছিল ১০ হাজার টাকা নগদ এবং

অন্যান্য জিনিস। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য, পণের বিরুদ্ধে আমরা জানি বিভিন্ন জেলার থানায় নির্দেশ দেওয়া হয়েছে, কিন্তু এই ঘটনা ঘটলে কোথাও এফ. আই. আর করা হলে সঙ্গে সঙ্গে অভিযুক্ত স্বামীকে গ্রেপ্তার করা হয়, কিন্তু ডোমজুড় থানা এখন পর্যন্ত গ্রেপ্তার করেনি। তাই ডোমজুড় থানার বিরুদ্ধে আমি অভিযোগ আনছি এবং চৈতালী দের দাদা আমার কাছে যে চিঠি পাঠিয়েছেন সেই চিঠি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দেব। আমি তাঁর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমার বিধানসভা কেন্দ্র সীমান্ত এলাকায়। সীমান্ত এলাকায় যে সমস্ত অসামাজিক এবং চোরাকারবারি কাজ চলে সেটা স্বাভাবিক ভাবেই চলে আসছিল। কিন্তু গত মে-জুন মাসে তার ভয়াবহতা বৃদ্ধি পায়। ১০/১২ জন মানুষ সেখানে খুন হয়ে যায় এবং চুরি ডাকাতি বিশেষ করে গরু চুরিতে এলাকার মানুষ সন্ত্রস্ত হয়ে পড়ে। সেই সময় আমি এই ব্যাপারের প্রতি প্রশাসনের দৃষ্টি আনবার জন্য আবেদন-নিবেদন করি এবং তার পরিণতিতে প্রশাসন বিশেষ ভাবে দৃষ্টি দেয়। উচ্চপদস্থ পুলিশ কর্মচারিরা এবং বি. এস. এফ অফিসাররা সেখানে যান এবং সীমান্ত এলাকার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। আমাদের সীমান্ত এলাকায় প্রতিরোধের ব্যবস্থা নিয়েছেন। এর জন্য দুটি পুলিশ ফাঁড়ী অনুমোদন করেছেন এবং কয়েকটি পুলিশ ক্যাম্প অতিরিক্ত বসিয়েছেন। পুলিশের টহলদারীর ব্যবস্থা বাড়িয়েছেন এবং এই ভাবেই এলাকায় কিছুটা স্বাভাবিক অবস্থা ফিরে আসছে। কিন্তু এতদসত্ত্বেও কিছু কিছু জায়গায় চোরাকারবারি এখন চলছে, ছোট খাট ঘটনা ঘটছে। প্রশাসন যদি আত্মসন্তুষ্টি নিয়ে বসে থাকে তাহলে হবে না, সতর্ক এবং সজাগ দৃষ্টি রাখতে হবে। এই উদ্যোগ চালিয়ে যেতে পারলে ঐ এলাকার লোক শান্তি এবং স্বস্তি পাবে তাই আমি আপনার মাধ্যমে পুলিশ প্রশাসন এবং বি. এস. এফ প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী এম. আনসারউদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার দাশনগরের ইণ্ডিয়ান মেশিনারির কারখানাটি ১৮ একর জমির উপর অবস্থিত। বর্তমানে এখানে ৪০৫ জন শ্রমিক কর্মচারী কর্মরত। গত ১৯৮৯ সালের ২৪শে নভেম্বর তারিখে ঐ কারখানাটি অধিগ্রহণের মেয়াদ শেষ হয়ে গেছে। এখন ওখানে এমন অবস্থা হয়েছে যে কর্মচারিরা প্রতি নিয়তই আশঙ্কা করছেন যে লিকুইডিশনে যেতে হবে কিনা। ঐ ইণ্ডিয়ান মেশিনারিতে যে সমস্ত মেশিনের পার্টস তৈরি হয় সেগুলি শুধু ভারতবর্ষে নয়, ভারতবর্ষের বাইরেও তাঞ্জেনিয়া, ভিয়েতনাম ইত্যাদি জায়গায় সরবরাহ করা হয়। আমরা জানি যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বর্তমান কেন্দ্রীয় সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রী শ্রী অজিত সিংহ মহাশয় এর সঙ্গে যোগাযোগ করে চলেছেন ওটাকে জাতীয়করণ করার জন্য। আমাদের ওখানকার শ্রমিক সংগঠন সি. আই. টি. ইউ. ১৯৮০ সাল থেকে বার বার এই কারখানাটিকে জাতীয়করণের দাবি জানিয়ে এসেছেন। আজকে এমন অবস্থা হয়েছে যে, জাতীয়করণ করা ছাড়া আর ঐ শিল্পকে বাঁচাবার আর কোনও উপায় নেই। তাই আমি আপনার মাধ্যমে আর একবার মাননীয় মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি যে ইণ্ডিয়ান মেশিনারিকে জাতীয়করণ করা হোক।

**শ্রী সাত্ত্বিক রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা নলহাটীর সুকরাবাদ গত ৯ তারিখে আমাদের পার্টির কর্মীকে কংগ্রেসিরা নৃশংসভাবে হত্যা করে সেই ব্যাপারে আমি নিজে সেখানে গিয়ে দেখলাম যে এখনও আসামীরা ঘুরে বেড়াচ্ছে এবং সন্ত্রাসের সৃষ্টি করছে। এই কথা টেলিফোনে ও. সি. কে জানালে ও. সি. বলেন যে খবর দেবেন, খবর দিলে ধরব। এই যদি পুলিশের অবস্থা হয় তাহলে আসামীদের কি করে ধরা যাবে? ওখানে যে বন্দুক ব্যবহার করা হয়েছিল তা কংগ্রেসিদের। তার যে খোলা কার্তুজ ছিল তা পুলিশে জমা নেয়নি। আমি সেই কার্তুজ দুটি আপনার কাছে জমা দিচ্ছি এবং আমার দাবি এই সব পুলিশদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

[3-10 – 3-20 P.M.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্য এবং পশুপালন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের বর্ধমান শহর একটি অন্যতম বৃহৎ শহর যার লোকসংখ্যা ৪ লক্ষ হতে চলেছে। সেখানে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত মিল্ক ডেয়ারী ফার্ম আছে, কিন্তু বিগত প্রায় সাত সপ্তাহ ধরে বর্ধমানের মানুষ দুগ্ধ পাচ্ছেন না। বলা হয়েছে, অনির্দিষ্টকালের জন্য দুধ পাওয়া যাবে না। আজকে দুধ না পাওয়ার ফলে সেখানকার বৃদ্ধ এবং শিশুরা চরম অসুবিধার মধ্যে পড়েছে। কয়েক দিন থেকে সেখানে দুই দিন অন্তর যার যা প্রয়োজন তার অর্ধেক দুগ্ধ সরবরাহ করা হচ্ছে। এটা খুবই পরিতাপের বিষয়। তারজন্য সরকার থেকে অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ করে যার যা প্রয়োজন সেটা সরবরাহ করে বর্ধমানের মানুষদের এই সঙ্কট থেকে রক্ষা করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়ে এর আগেও বহুবার উল্লেখ করেছি, কিন্তু কোনও কাজ হয়নি। এবারেও হবে না জানি, তবু এই হাউসে বলতে চাই, আজকে মালদা জেলার গ্রামাঞ্চলে বিদ্যুৎ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। যদি বিদ্যুৎ ঘাটতির ফলে লোডশেডিং এর জন্য হত কিছু বলতাম না। কিন্তু বিদ্যুৎ থাকবার পরও ঘন্টার পর ঘন্টা তারা বিদ্যুৎ পান না, কারণ হল সরকারের বিদ্যুৎ পর্ষদের কর্মচারিরা কাজ করেন না। ডিভিসনাল ইঞ্জিনিয়ারদের বলতে গেলে তাঁরা বলেন, "আমাদের কাছে ওদের কে কন্ট্রোল করবার মতো কোনও ক্ষমতা নেই। ফোর্থ গ্রেড কর্মচারিদের পর্যন্ত আমরা ট্রান্সফার করতে পারি না।" আজকে আমার এলাকার দুটি সাবডিভিসনের কোথাও অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়াররা থাকেন না। এস. এ. ই. যিনি আছেন তিনিও থাকেন না। একজন অফিসারকে শনি এবং রবিবার কোনও দুর্ঘটনা ঘটলে পর্যন্ত পাওয়া যায় না। তাই মন্ত্রী মহাশয়কে করজোড়ে বলব, একজন সরকারি কর্মচারী পাঠিয়ে বিষয়টা তদন্ত করা হোক।

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৩০শে আগস্ট, অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন, কারণ আজ থেকে একশ বছর আগে এই দিনে ইউনিভার্সিটি ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় যে প্রতিষ্ঠানের সঙ্গে উনবিংশ শতাব্দীর চিন্তাবিদ, ভারতবর্ষের নবজাগরণের

শ্রষ্টা যাঁরা, তাঁরা যুক্ত ছিলেন। আজকে আমরা এই হাউস থেকে ওই প্রতিষ্ঠানকে স্মরণ করছি তার একশ বছর পূর্ণ হবার জন্য। আমার অনুরোধ, শিক্ষা দপ্তর এবং সংস্কৃতি দপ্তর থেকে ঐ প্রতিষ্ঠানকে নানা দিক থেকে উৎকর্ষতা বৃদ্ধিতে সাহায্য করা হোক এবং সেটা করা উচিৎ। ঐ প্রতিষ্ঠানের সঙ্গে এক সময় বঙ্কিমচন্দ্র, বিদ্যাসাগর, রবীন্দ্রনাথের মতো মনিষীরা যুক্ত ছিলেন। ঐ প্রতিষ্ঠানে বাংলার রাজনীতি নিয়ে অসংখ্য সভা-সমিতি, বিতর্ক সভা যেমন হয়েছে তেমনি সংস্কৃতির ক্ষেত্রেও নানা ধরনের চর্চা ওখানে হয়েছে। তাই রাজ্য সরকারকে অনুরোধ করব, ঐ প্রতিষ্ঠানকে যাতে আরও উন্নত করা যায়, নানা দিক দিয়ে যাতে বিকশিত করা যায় তারজন্য চেষ্টা করা হোক। এই হাউস থেকে আমরা আজকে ইউনিভার্সিটি ইনস্টিটিউটকে স্মরণ করছি তার একশ বছরে পদার্পণের জন্য।

**শ্রী নারায়ণ মুখার্জি** : স্যার, গত ২৮.৮.৯০ তারিখে আজকাল পত্রিকায় এবং ওই তারিখে বর্তমান পত্রিকায় একটা অসত্য এবং ভিত্তিহীন সংবাদ প্রকাশের ব্যাপারে আপনার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮.৮.৯০ তারিখে আজকাল পত্রিকার তৃতীয় পৃষ্ঠায় লেখা হয়েছে 'বসিরহাট অন্ধকার আজ বন্ধ'। অনেক লেখার মধ্যে লিখেছে 'স্থানীয় মানুষ বন্ধ ডেকেছে বিদ্যুৎ সঙ্কটের প্রতিবাদে বর্তমান পত্রিকার প্রথম পাতার হেডিং-এ আছে 'বসিরহাট জুড়ে অন্ধকার, বন্ধ'। আরও অনেক বক্তব্যের মধ্যে আছে বিদ্যুৎ সঙ্কটের প্রতিবাদে বসিরহাটে আজ মঙ্গলবার বন্ধ ডাকা হয়েছে। এই যে বসিরহাটে বিদ্যুৎ সঙ্কট, বিদ্যুতের সমস্যা এটা চলছিল, বিশেষ করে এখানে একটা উচ্চ ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার সেটা পুড়ে যাবার পরে স্বাভাবিক যে লোড শেডিং তা ছাড়াও বিদ্যুতের আরও কিছু ঘাটতি আছে। বিদ্যুৎ বিভাগের জনসংযোগকারী যিনি অফিসার আছেন তিনি রেডিও এবং টি ভি র মাধ্যমে জনগণের কাছে এই কথা বলেছেন এবং দুঃখ প্রকাশ করেছেন। মানুষ সঙ্কটে আছে, কষ্ট হচ্ছে, এখানে দ্রুত একটা ট্রান্সফরমার বসানো দরকার। কিন্তু এই যে আজকাল এবং বর্তমান পত্রিকায় যেটা প্রকাশিত হয়েছে এটা সম্পূর্ণ অসত্য এবং বিভ্রান্তিমূলক। কেউ বন্ধ ডাকেনি, বন্ধ হয় নি। বসিরহাটের বাইরের মানুষ এই রকম অসত্য, ভিত্তিহীন সংবাদের ফলে তারা বিভ্রান্ত হয় যেমন তেমনি বসিরহাটের মানুষের কাছে এই সব পত্রিকাগুলি হাস্যস্পদ হয়। সেই জন্য আমি আপনার কাছে বলছি এই পত্রিকাগুলি যে সমস্যার কথা লিখেছে সেটা ঠিক আছে কিন্তু এই যে বন্ধ ডেকেছে এবং বন্ধ হয়েছে এটা অসত্য এবং ভিত্তিহীন। আবার আজকাল ২৮ তারিখে এই লেখার পর ২৯ তারিখে আবার লিখল পাঁচের পাতায় 'বসিরহাট বন্ধ, বোলপুরে বিদ্যুৎ দপ্তরে তালা, কৃষ্ণনগরে বিক্ষোভ'। আর একটা অসত্য কথা জুড়ে দিলেন তার সঙ্গে।

**শ্রী নির্মল দাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় শত বর্ষের ঐতিহ্য সম্পন্ন পাস্তুর ইন্সটিটিউট যে পাস্তুর ইন্সটিটিউটে কুকুরে কামড়ানোর সেরাম উৎপাদন হয় সেখানে বিদ্যুতের অভাবে কয়েক মাস ধরে লক্ষ লক্ষ টাকা সেরাম ইঞ্জেকশন নষ্ট হচ্ছে। আমাদের বিভিন্ন জেলা মহকুমা এবং প্রত্যন্ত জায়গার মানুষ সেই সেরাম ইনজেকশনের অভাবে লোক মারা যাচ্ছে। অত্যন্ত দুর্ভাগ্য জনক ব্যাপার এই ইন্সটিটিউটটা যেখানে রয়েছে তার চারিপাশে জঙ্গলে ভর্তি, চারিদিকে ডোবার সৃষ্টি হয়েছে, বর্ষায় সেখানে জল জমে থাকে। এখানে বিশেষ বিশেষ যন্ত্রপাতি রয়েছে, ল্যাবোরেটরী

রয়েছে। এখানে উপযুক্ত সংখ্যক উন্নত মানের ল্যাবোরেটরীর অভাব। বেশি বৃষ্টি হলে ডোবার জল ল্যাবোরেটরীতে চলে আসে এবং সেই ইন্সটিটিউট চত্তর জলমগ্ন হওয়ার ফলে এখানে যাঁরা কাজকর্ম করে তাঁরা কাজকর্ম করতে পারেন না। পাশাপাশি শিলং-এ এই সেরাম তৈরির একটা মডার্ন ইন্সটিটিউট গড়ে উঠেছে। আমাদের এই ইন্সটিটিউটকে যাতে উন্নত ধরনের করা যায়, পাস্তুর ইন্সটিটিউট যাতে তার সম্মান ধরে রাখতে পারে তার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পূর্তমন্ত্রী এবং এখানে মাননীয় অর্থমন্ত্রী উপস্থিত আছেন, তাঁর নজরে আনতে চাই। স্যার, আপনি জানেন বকখালি এবং ফেজারগঞ্জের কথা। বকখালি হচ্ছে একটা ট্যুরিস্ট সেন্টার এবং ফেজারগঞ্জে একটা বিশাল ফিশিং হারবার-এর পরিকল্পনা গৃহীত হয়ে গেছে, মাননীয় মুখ্যমন্ত্রী ভিত্তি পস্তর স্থাপন করেছেন। ফেজারগঞ্জে পৌছানোর জন্য হাতানিয়া দোয়ানিয়ার উপর একটা ভাসমান জেটি করতে হবে মেকানাইজড ফেরী সারভিস চালু করবার জন্য। এর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। আমার অনুরোধ এখানে এমন ব্যবস্থা গ্রহণ করা হোক যাতে ১৯৯১ সালের মধ্যে যেন এই কাজ শেষ করা যায়। এই প্রসঙ্গে উল্লেখ্য যে ওখানে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একটি কংক্রিটের জেটি উদ্বোধন করেছেন।

[3-20 – 3-30 P.M.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি খুব গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি, সেটি হল এই যে, আমাদের কলকাতায় হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশনের যে হেড অফিসটি আছে, যেটি ১৯৪৮ সাল থেকে এখানে আছে, সেটি তুলে নিয়ে যাওয়ার ব্যাপারে এখন চক্রান্ত চলছে। জেনারেল ম্যানেজার যিনি এখন কাজ করছেন, তাঁকে ১৯৮৯ সালে প্রাইভেট সেক্টর থেকে এখানে রিক্রুট করার পর দিল্লিতে নিয়ে গিয়ে বসানো হয়েছে। হেড অফিসটি এখন কলকাতা থেকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা চলছে। নামরূপ, বারাউনি, দুর্গাপুর এবং হলদিয়া এই ৪টি প্লান্ট ইস্টার্ন রিজিয়নে রয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় মন্ত্রীর হস্তক্ষেপ চাইছি যাতে হেড অফিসটি কলকাতা থেকে তুলে নিয়ে যাওয়ার চক্রান্ত বন্ধ হতে পারে। রাম নারায়ণ গোস্বামী যখন রাজ্য সভার মেম্বার ছিলেন তিনি তখন রাজ্য সভায় তৎকালীন কৃষিমন্ত্রীর কাছে একটি প্রশ্ন তুলেছিলেন এই ব্যাপারে। উত্তরে কৃষিমন্ত্রী তখন বলেছিলেন যে এই হেড অফিসটি কলকাতা থেকে সরিয়ে নিয়ে আসবেন না। (... ... ... মাইক অফ্)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে, পশ্চিমবাংলায়, বিশেষ করে উত্তর বঙ্গের গ্রামীণ অর্থনীতি, মানুষের কাজ পাট বিক্রির উপরে অনেকটা নির্ভর করে। গতবারে পাটের দামটা খুব বেশি হয়েছিল। তখন আমাদের বন্ধু সরকারের জনৈক মন্ত্রী এখানে এসে বলেছিলেন যে পাটকে হোর্ড করা হচ্ছে, সেই পাটকে আমরা বার করব। এবারে পাটের দাম অসম্ভব নিচে পড়ে গেছে, সর্বত্র ডিস্ট্রেস সেল হচ্ছে। তারফলে ওখানে চাষীরা মাথায় হাত দিয়ে বসে পড়েছে। সামনে পূজা অথচ পাটের দামের এই অবস্থা চলছে।

জে. সি. আই. এবং সমবায় ব্যাঙ্ক পর্যন্ত পাট খরিদ করছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাই যে তিনি এই বিষয়ে সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীকে ডেকে কথাবার্তা বলুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহোদয়, আমি খুব মারাত্মক একটি বিষয় এখানে উল্লেখ করছি। আমাদের পুলিশ প্রশাসন এখন দুটি ভাগে ভাগ হয়ে গেছে পুলিশ অ্যাশোসিয়েশন এবং নন-গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন। এ সম্পর্কে আমরা খবরের কাগজে যে সমস্ত বিবৃতি দিয়েছি তা রাজ্য সরকারের বিরুদ্ধে চলে যাচ্ছে। তারা যে কোনও সময়ে বিদ্রোহ ঘোষণা করতে পারে। পুলিশের মধ্যে যদি কোনও রাজনৈতিক হস্তক্ষেপ ঘটে থাকে তাহলে তা অবিলম্বে বন্ধ করা দরকার। এটা বন্ধ না হলে তারা আপন দলের পক্ষে লড়াই করবে। সেজন্য এটা বন্ধ হওয়া দরকার। (... ... ... মাইক অফ)

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং মাননীয় সেচমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলায় দুগ্দা বেসিন জল নিষ্কাশন প্রকল্প রয়েছে তাতে সম্প্রতি দেখা যাচ্ছে যে অল্প বৃষ্টি হলেই বাইরের জল ঢুকে পড়ছে এবং বেসিনটি প্লাবিত হচ্ছে। এর ফলে চাষবাস সম্পূর্ণ নষ্ট হচ্ছে। অনুসন্ধান করে দেখা গেছে যে এই প্রকল্পটি পূর্ণাঙ্গ ভাবে রূপায়িত হয়নি এবং যেটুকু কাজ হয়েছে তাও মেনটেনেন্সের অভাবে বন্যা নিয়ন্ত্রণে সক্ষম হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে প্রকল্পটির সম্পূর্ণ কাজ যাতে দ্রুত সম্পন্ন করা হয় এবং যথাযথ ভাবে করা হয় তারজন্য অবিলম্বে সেচ দপ্তর কার্যকর ব্যবস্থা গ্রহণ করুন এই অনুরোধ জানাই।

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের এলাকা পোদ্দারদিহী গ্রামে সাহেব মুর্মু নামে একটি ব্যক্তির বাড়িতে পুলিশ যায় এবং তার বাড়ি থেকে ২টি মূল্যবান পুরাতন মুদ্রা নিয়ে যায়। এই মুদ্রাগুলি অনেক দামী-টামী হবে। পুলিশ হঠাৎ কেন তার বাড়িতে গিয়ে হানা দিল এবং তার বিরুদ্ধে কেসই বা করল না কেন বুঝতে পারলাম না। তাছাড়া রাজপুর থানা থেকে পুলিশ হঠাৎ সিমলাপুরে যাবার কি দরকার ছিল বুঝতে পারলাম না।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত কয়েক বছর আগে কেন্দ্রীয় সরকার যে বি আই এফ আর সংস্থার জন্ম দিয়েছিল, সেই সংস্থা রুগ্ন বন্ধ কারখানা পুনরুজ্জীবন করার ক্ষেত্রে কোনও কার্যকর ভূমিকা পালন করছে বলে মনে হচ্ছে না। এই সম্পর্কে ট্রেড ইউনিয়নের অনেক সংস্থা প্রশ্ন তুলেছে যে এটার সংশোধন হওয়া দরকার। বি আই এফ আর রুগ্ন ও বন্ধ কারখানা পুনরুজ্জীবনের কাজ করছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে আমাদের রাজ্যের অনেক কারখানা বি আই এফ আরের কাছে পাঠানো হয় ফর ফাইনাল ডিসিসনের জন্যে। কিন্তু এতে এই কারখানাগুলি কতটা চালু হয় বলা যায় না।

**শ্রী ননী কর :** মাননীয় স্পিকার মহাশয়, আমার বিষয় হচ্ছে যে, এখানে গতকাল এই বিধানসভায় যে ঘটনা ঘটে এবং যেভাবে ঘটল এবং আপনি তারপরে যেভাবে বিরোধীপক্ষকে বললেন তাতে অন্তত তাদের আজকে ভালোভাবে থাকা উচিত ছিল। কিন্তু তারপরেও

একইভাবে আজকেও সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটল। স্যার, আমি আপনাকে ১৯৭৪ সালের ঘটনার কথা মনে করিয়ে দিয়ে বলতে চাই যে আপনি যদি ১৯৭৪ সালের প্রসিডিংসটা আনেন তাহলে দেখবেন যে ডাঃ মোতাহার হোসেন স্বরাষ্ট্র দপ্তরকে বলেছিলেন যে ১২১ জন মহিলার উপরে বারংবার অত্যাচার হয়েছে, এবং সেটা কংগ্রেস আমলে কংগ্রেসিরাই করেছেন। কিন্তু একথা তো কই তারা গতকাল বললেন না যে ১৯৮৭ সালে রাজীব গান্ধী যে কথা বলেছিলেন ১ হাজার ৭ কোটি টাকা দেবেন সেখানে ১৯৮৭ সাল চলে গেল, ১৯৯০ সাল চলে যেতে বসেছে এখনও তো ১০০ কোটি টাকাও পেলাম না। এই বিষয়ে তো কেউ কোনও কথা বললেন না। গতকাল যেভাবে ঘটনা ঘটল আমাদের টি. ভি., রেডিও সেইভাবে তো প্রচার করলেন না। এই বিষয়টা আপনার দেখা দরকার।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি বলতে চাই যে এই রাজ্য থেকে কংগ্রেসি দলের বহু কুখ্যাত কংগ্রেসি মস্তান, গুণ্ডা বলে যারা ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সাল পর্যন্ত গণতন্ত্রের পরিবেশকে কলুষিত করে রেখেছিল তারা এখান থেকে চলে গেছে ত্রিপুরাতে। তাদের এখান থেকে পাচার করে বা এক্সপোর্ট করে দেওয়া হল ত্রিপুরাতে। স্মল আর্মস নিয়ে সেখানে রেপিং করে বেড়াচ্ছে। আমার কাছে একটা রেপিং লিস্ট আছে, এই মাত্র ২০ মাসের কংগ্রেসি সরকারি আমলে ১৩১টি রেপ কেস হয়েছে এবং ২৮২ জন খুন হয়েছে। আমার কথা হচ্ছে এই ঘটনার সঙ্গে [* * *] আমি এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওই কুখ্যাত মস্তানরা ত্রিপুরাতে কিভাবে আইন শৃঙ্খলা নষ্ট করে নারী ধর্ষণ, নারী নির্যাতন করে চলেছে এবং এরজন্য তাদের এখান থেকে এক্সপোর্ট করে দেওয়া হয়েছে। আজকে তাদেরই দল এখানে আইন-শৃঙ্খলা নেই বলে চিৎকার করছেন। ত্রিপুরাতে যে অবস্থা চলছে তাতে গণতন্ত্রকে কলুষিত করা হচ্ছে। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিষয়ে একটু সতর্ক হন।

**মিঃ স্পিকার ঃ** এখানে কয়েকজন এম. এল. এ. যুক্ত আছেন কথাটা বাদ যাবে।

[3-30 – 4-15 P.M.] (including adjournment)

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। পরিবহণ শিল্পের বাস ভাড়া বৃদ্ধি হয়েছে, বেসরকারি বাস মালিকদের আয় বেড়েছে। কিন্তু তারা শ্রমিক কর্মচারিদের বোনাস দেবার ব্যাপারে টালবাহনা শুরু করেছেন। ডুয়ার্স অটোমোবাইল ওয়ার্কারস ইউনিয়ন-র পক্ষ থেকে যে চার্টার অফ ডিমাণ্ড দেওয়া হয়েছে তার পরিপ্রেক্ষিতে তারা বলে দিয়েছেন যে অতিরিক্ত বোনাস দেওয়া সম্ভব নয়। অথচ তারা সিট ক্যাপাসিটির বাইরে তিনগুণ লোক নিয়ে যাচ্ছেন। আমি আশা করব মাননীয় পরিবহন মন্ত্রী, অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী এই ব্যাপারটি দেখবেন যাতে করে ২০ পারসেন্ট বোনাস পরিবহন শিল্পের সঙ্গে যারা যুক্ত—বেসরকারি এবং সরকারি শিল্পের ক্ষেত্রে—তারা পান।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে

[* Expunged as ordered by the chair]

চাই নিত্য প্রয়োজনীয় দ্রব্যগুলি বড় বড় দোকানদার ব্যবসায়ী তারা মজুত করে রাখছে। এবং পুলিশ প্রশাসনের সঙ্গে একটা তাদের ব্যবস্থা আছে, সেখানে তারা ফুল, বেলপাতা দিয়ে তাদেরকে ফিট করে রাখছে। পুলিশ তাদের গায়ে হাত দেয়না। ছোট ছোট ব্যবসায়ীদের উপর অত্যাচার করে। ছোট ছোট ব্যবসায়ীদের উপর মামলা তৈরি করেন অথচ তাদের মালমশলা কিছু নেই। সেইজন্য প্রশাসনের শুধুমাত্র ঐ অফিসারদের উপর নির্ভর না থেকে মাননীয় খাদ্য মন্ত্রী যেন তাদের ভাল করে ডেকে প্রশাসনকে ভালভাবে ব্যবহার করেন। তাতে পশ্চিমবাংলার মানুষ নিশ্চয় রিলিফ পাবে।

**শ্রী উপেন কিস্কু ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলায় হলুদগাংপুর-র উচ্চ বিদ্যালয়ের কর্মচারিরা চার মাস যাবত কোনও বেতন পাচ্ছেন না। এখানে যে কমিটি ছিল সেটাও ফাংশন করছে না এবং সেখানে বি. ডি. ও. কে নিয়োগ করা হয়নি। এই সমস্ত কারণে বেতনের অভাবে শিক্ষকদের পরিবার আজ অনাহারের সম্মুখীন। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তারা পূজোর আগে বেতন পান। তা নাহলে তারা বিশেষভাবে ক্ষতির সম্মুখীন হবেন। এই বিষয়টি অবিলম্বে দেখার জন্য আমার আবেদনটি রাখছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। এবারের সেশনের আজকের দিনটাই শেষ দিন এবং গোটা সেশন জুড়ে কংগ্রেস দল এবারে তাদের উপরে আক্রমণের বিষয়ে সরব ছিল। এবং মানবিকতার দোহাইয়ের কথা তারা বারবার বলেছেন। মাননীয় স্পিকার মহাশয়, মানবিকতা একটা ইউনিভার্স-এর ব্যাপার। পশ্চিমবাংলার মানুষের উপর আক্রমণ হলে যারা উদ্বিগ্ন হন, উৎকণ্ঠিত হন এবং দেশের যে কোনও প্রান্তে যদি মানবিকতা ক্ষুন্ন হয় তাহলে উৎকণ্ঠিতই হওয়া উচিত। আপনি নিশ্চয় খেয়াল করেছেন সংবাদপত্রে খবরটি বেরিয়েছে, গত পরশুদিন ত্রিপুরাতে রাজেশ্বর সিংহ এবং সুমিত্রা সিংহ নামে এক দম্পতিকে কংগ্রেসিরা খুন করেছে। রাজেশ্বর সিংহের অপরাধ তিনি ভারতীয় গণতান্ত্রিক যুব ফেডারেশনের নেতা। এই এক অপরাধের জন্য কংগ্রেসিরা রাত্রিবেলায় দম্পতিকে খুন করেছে। যদি মানবিকতার জন্য পশ্চিমবাংলার কংগ্রেসিদের সত্যিকারের কোনও অনুভব থাকে তাহলে তারা এই ধরনের ঘটনা ঘটাতে পারত না সে জায়গায় তারা আজকে সুতীব্র প্রতিবাদে মুখর হতেন, তাই আমি এই জঘন্য নারকীয় ঘটনার প্রতিবাদ জানাচ্ছি। মানবিকতার কথা বলে কংগ্রেস, আজকে তাদেরই নেতৃত্বে সংবাদপত্রের লোকেরা যে ভূমিকা নেয় তাতে তারা যে সৎ নয়, এটা আমাদের মনোভাব বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** আজকে যেহেতু সেশনের এটাই শেষ দিন, সেইজন্য আমি বললাম না। আগামী সেশনের থেকে জিরো আওয়ার কিন্তু এইভাবে চলতে পারে না। ৯৯.৯ শতাংশ জিরো আওয়ার হচ্ছে আউট অফ অর্ডার। ৯৯.৯ শতাংশ জিরো আওয়ারের সাবজেক্ট নয়, এখানে মেম্বাররা বলছেন আর ঐ গ্যালারিতে তিনটি প্রেসের সিট আছে—ওরা ছাপান তো—তাই তারা বলেই ওখানে ছুটছেন। এই অভ্যাসটা বদলাতে হবে। নেক্সট সেশন থেকে কড়াকড়ি হবে, এইভাবে জিরো আওয়ার আমি দেব না, অ্যালাউ করব না। এজন্য মেম্বারসদের পার্লামেন্টারী নর্মস শিখতে হবে, রুল শিখতে হবে। কোনটা মেনশন, কোনটা জিরো আওয়ার,

কোনটা কলিং অ্যাটেনশন কোনটা অ্যাডজোর্ণমেন্ট মোশন, এসব বুঝতে হবে, এইভাবে জিরো আওয়ার হয়না। তাই এনিথিং আণ্ডার দি সান, 'জিরো আওয়ার', এটা মিসইউজ অফ পার্লামেন্টারী ফেসিলিটিজ অ্যাণ্ড প্রিভিলেজেস—এটা বন্ধ করতে হবে, এটা ঠিক নয়। আমি আশা করব যারা পার্লামেন্টারী গ্রুপ লিডারস আছেন বিভিন্ন পার্টির তারা সদস্যদের নিয়ে বসবেন এবং অন্তত তাদেরকে কিছু ট্রেনিং দেবেন। এটা তো পার্লামেন্টারী ফোরাম এখানে কিছু রেসপেকটিভ নর্মস আছে সেইগুলি ফলো করতে হবে, না করলে থাকবে না। আমি বারবার বলছি কিন্তু কেউ শুনছেন না। কেউ হয়ত মেনশনে বাস ভাড়া নিয়ে বলল, অন্য কেউ আবার সেই বাস ভাড়া নিয়ে জিরো আওয়ারে বলল। এতো অদ্ভুত ব্যাপার, বোঝে না, বুঝছে না, ছেলেখেলা হয়ে যাচ্ছে। নেক্সট সেশন থেকে খুব কড়াকড়ি হবে, এইভাবে আমি জিরো আওয়ার দেব না। এখন বিরতি, আবার আমরা মিলিত হব চারটে পনেরো মিনিটে।

(At this stage the House was adjourned till 4.15 p.m.)

[4-15 – 4-25 P.M.] (After Adjournment)

**মিঃ স্পিকার ঃ** মিঃ অমলেন্দ্র রায় বলুন।

## PRIVILEGE MOTION

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম যে, কালকে যে ঘটনা হাউসে ঘটেছে তার পরে বিরোধী দলের সদস্যগণ আজকে হাউসে এসে কালকের সমস্ত আচরণের জন্য আনকণ্ডিশনাল অ্যাপোলজি চাইবেন। কিন্তু তা যখন হল না তখন বাধ্য হয়ে আমি যে প্রিভিলেজ নোটিশ দাখিল করেছি সেটা আমাকে এখানে উত্থাপন করতে হচ্ছে। তার আগে, মাননীয় অধ্যক্ষ মহাশয় ওরা এসে আবার যে বেরিয়ে গেলেন এই কথা বলতে বলতে যে আপনি না কি গণতন্ত্র ধংস করেছেন, তাঁদেরকে বলতে অনুমোদন করলেন না বা বলতে দিলেন না। আমি শুরুতে এই সম্পর্কে দু-একটি কথা নিবেদন করব হাউসের কাছে। আমি আপনার রুলিংকে সম্পূর্ণভাবে সমর্থন করি তার কারণ অপূর্ববাবু যে আলোচনার সূত্রপাত করলেন তাতে তিনি কেবল অনুমতি দেবার কথা বলেন। যেটা তাঁর কর্তব্য ছিল—আউটরাইট কালকের ঘটনা উল্লেখ করে অ্যাপোলজি চেয়ে নেওয়া। সে সবের মধ্যে তিনি গেলেন না, তিনি এমন একটা জিনিস নিয়ে আলোচনা শুরু করলেন যেটি ইতিপূর্বে আলোচনা হয়েছে। থ্রেডবেয়ার ডিসকাশন এবং তার উপর একটা ডিসকাশন হয়েছে। রুলসে বলা আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার রুলিংকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি যে আমাদের রুল পারমিট করে না। রুল ৩৩১য়ে ইরেলিভ্যান্ট অর রিপিটেশন যেটা আলোচনা হয়ে গেছে। যেটার উপর মতামত নেওয়া হয়েছে এই সেশনে। সেই আলোচনা আবার এনে এখানে তুলতে চেয়েছিলেন। আপনি ক্ষান্ত হতে বলেছিলেন কিন্তু তিনি শোনেন নি। এখানে পরিষ্কার করে লেখা আছে তিনি তাঁকে থামতে বললে তিনি যদি না থামেন তাহলে অধ্যক্ষ মহাশয় তাঁকে বলতে দেবেন না। এটা হচ্ছে রুল। আমাদের রুল ছাড়া, লোকসভায় যেখানে ওঁদের নেতারা বসেছিলেন সেখানকার রুলস অফ ডিবেটের থার্ড এডিশনে মুখার্জি তাতে ১৭০ পৃষ্ঠায় একগাদা প্রিসিডেন্ট উল্লেখ করে বলা হয়েছে। এখানে একগাদা প্রিসিডেন্ট আমি উল্লেখ করছি, সেখানে বলা হয়েছে—যে বিষয়ে একবার আলোচনা হয়ে গেছে সে বিষয়ে

আবার আলোচনা করার অধিকার কোনও সদস্যের নেই। যদি সেই বিষয়ে আলোচনা হয়, তবে সেই আলোচনা বন্ধ করে দেওয়া হবে, এই বিধানটা এখানে দেওয়া আছে। একগাদা প্রিসিডেন্ট আপনাকে আমি দেখাচ্ছি ১৭০ পৃষ্ঠায় এখানে কনটেন্টস অফ্ স্পিচ-এ রিলিভেন্সের কথা বলা হয়েছে এবং সেখানে বলছে একবার আলোচনা করার পর 'It, therefore. devolves upon the Presiding officer to determine when a member is going to be irrelevant and to restrain'. এটা কমপক্ষে এখানে এক বার, দুই বার, তিন বার এখানে প্রিসিডেন্ট দেওয়া হয়েছে। আর দ্বিতীয়ত হচ্ছে রেফারেন্স টু প্রাইওর ডিবেটস করা যায় না, সেখানে এটা বলা হয়েছে, রেলিভেন্স টু রেফারেন্স টু প্রাইওর ডিবেটস্। এখানে অ্যাডজর্নমেন্ট মোশন হয়ে গেল, ডিবেট হয়ে গেল, তার রেফারেন্স টেনে এনে উনি বক্তৃতা শুরু করলেন, সেই জন্য এখানে বলা হয়েছে, 'Reference to prior debates on matters other than the matter before the House is not ordinarily allowed' এখানে অন্ততপক্ষে চারটি প্রিসিডেন্ট দেওয়া হয়েছে। 'If a member persists in irrelevance he may be asked by the Chair to resume his seat' এখানে লোকসভার একটা নজীর দেওয়া হয়েছে এবং আপনি সঠিক কাজ করেছেন তাকে থামিয়ে দিয়ে, এটা করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন তিনি ক্ষমা চাইলেন না, আবার তিনি পুরোনো কাসুন্দি ঘাঁটতে শুরু করলেন এই সরকার সম্বন্ধে এবং আগে কি ঘটেছিল সে সম্বন্ধে। সেইজন্য আমি এই প্রিভিলেজ মোশনটা আপনার কাছে দাখিল করছি এবং আপনার সামনে এখানে পেশ করব। This is to serve a notice as per the rules of the House to raise a motion of breach of privilege and contempt of the House against Shri Sadhan Pande, M.L.A. and Shri Gobinda Chandra Naskar, M.L.A. আমরা যতটা দেখেছি, তাতে কালকের ঘটনার নেতৃত্ব শ্রী সাধন পাণ্ডে ও শ্রী গোবিন্দচন্দ্র নস্কর এই দুজন দিয়েছিল। অবশ্য হাউসের অন্যান্য সদস্যরা যদি মনে করেন যে তা নয় আরও অনেকে কালকের ঘটনায় জড়িত ছিল, তাহলে হাউস স্বভাবতই আমার এই মোশন বা নোটিশ রীতিমতো সংশোধন করতে পারেন। কিন্তু, আমি ঐ দুজনকেই দোষী মনে করি এবং তারাই কালকের ঐ ঘটনায় নেতৃত্ব দিয়েছিল বলে আমার মনে হয়েছে। সেইজন্য আমি স্পেসিফিক্যালি তাদের নামে ব্রীচ অফ্ প্রিভিলেজ কনটেম্পট্ অফ্ দি হাউস এনেছি। for the incidents that took piace during Yesterday's entire sitting of the House. A note containing the offences committed by them is attached with this notice.

Shri Sadhan Pande, M.L.A. and Shri Gobinda Chandra Naskar, M.L.A. interrupted and disturbed the proceedings of the House on 30.8.90 till they went out indecorously. Although forbidden according to the rules of the House, pointing their fingers to the members of the House they constantly shouted slogans and demonstrated inside the House. shouting even such objectionable slogans, ....

Danced and gesticulated by the side of the Speaker's rostrum and around the reporters table in the well of the House. They reflected on the House and the Members of the Treasury Bench by shouting various

objectionable slogans pointing their fingers to the Members of the House like" এই গণশত্রুদের চিনে নিন", etc. During the entire session they marked the proceedings of the House by fierecely demonstrating even inside the House, although such acts are forbidden even inside the precincts of the House framed.

All these perpetrated by the Members concerned amount to clear breach of privilege and contempt of the House. Their sole aim was to prevent the House from discharging its function at any cost and to diminish the dignity and prestige of the House in the eye of the people who are the real masters and pay-masters of this House and its Members.

I, therefore, move that the question of breach of privilege and contempt of the House be referred to the Committee of Privileges for taking necessary action. এই গুণ্ডাদের সরকারকে খতম কর, এই নারী ধর্ষণকারীদের সরকার নিপাত যাক, এই সমস্ত স্লোগান তারা দিচ্ছিলেন।

[4-25 - 4-35 P.M.]

**শ্রী নির্মলকুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় এই বিধান সভায় অধিকার ভঙ্গ, সম্মান হানির যে প্রস্তাব এনেছেন সেটাকে সমর্থন করছি এবং তার উপর বিশদভাবে যে বক্তব্য রেখেছেন যুক্তি তথ্য দিয়েছেন আমি একটু অন্যভাবে বক্তব্য রাখছি। আজ মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার তাঁদের গতকালের অশিষ্ট অশালীন বিধান সভায় রীতি-নীতি বহির্ভূত কাজের সাফাই গাইতে গিয়ে পুরানো দিনের কিছু কথা এখানে উল্লেখ করেছেন। বিষয়টা বিনা প্রতিবাদে বিধানসভার ভেতরে হতে দেওয়া উচিত নয়। তিনি অনেকদিন বিধানসভায় আছেন, আমিও অনেকদিন আছি। আমি ১৯৬৪ সাল থেকে প্রথমে অধুনালুপ্ত বিধানপরিষদের সদস্য ছিলাম, তারপর বিধানসভায় আছি। আরও কয়েকজন সদস্য আছেন যাঁরা পুরানো দিনের বিধানসভায় ছিলেন। তাঁরা পুরানো দিনের বিধান সভায় বিরোধী দলের সদস্য হিসাবে এক সময় ছিলেন। তিনি বলতে গিয়ে বলেছেন তখনকার বিরোধী দলের সদস্য যাঁদের মধ্যে অনেকে এখন সরকারে আছেন তাঁরাও কিছু অশালীন আচরণ করেছেন, একদিন ডিম ছোঁড়ার কথা বলেছেন, আরও কিছু কিছু কথা বলেছেন। হ্যাঁ, এইরকম ঘটনা শুধু পশ্চিমবঙ্গের বিধানসভায় নয়, অন্যত্র হয়েছে, এমনকি আইন সভার মাতৃসমা বৃটেনের কমন সভায় এই রকম ঘটনা হয়েছে কোনও একটা ঘটনাকে কেন্দ্র করে প্রচণ্ড উত্তেজনার ফলে। কারণ হচ্ছে এটা বিরোধী পক্ষের অধিকারের মধ্যে পড়ে, তাঁদের ক্ষোভ প্রকাশ করতে গিয়ে তাঁরা কখনও কখনও মাত্রাতিরিক্ত করে ফেলেন। এটা সর্বত্র মেনে নিয়েছেন, কিন্তু প্রতিদিন সর্বক্ষণের জন্য নয়। এখানে এইরকম ঘটনা ঘটেছে। আজকে মাননীয় সদস্য মনে করিয়ে দিয়েছেন ১৯৫৯ সালের ৩১শে আগস্ট আমরা যখন খাদ্যের দাবিতে হাজার হাজার মানুষের বিরাট সমাবেশ এখানে করেছিলাম তখনকার কংগ্রেস সরকার গুলি চালিয়ে ৮০ জন কৃষককে কয়েক ঘন্টার মধ্যে হত্যা করেছিলেন। রাজভবনের চারিদিকে মৃতদেহ ভরে গিয়েছিল। সেই উত্তেজনার মধ্যে তখনকার বিরোধী পক্ষ বিধানসভায় গতকাল

এঁরা যে তাণ্ডব করেছেন এই রকম অশালীন অশোভন আচরণ করেননি।

নিয়ম কানুনের মধ্যে থেকে ক্ষোভ প্রকাশ করেছি। কখনও কখনও এই রকম হয়েছে। কমনসভাতে'ও হয়েছে, হয়। কিন্তু ওঁরা কি করছেন? প্রশ্নোত্তরে—মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নোত্তরটা বিরোধী পক্ষের ব্যাপার। আমরা বিরোধী পক্ষে থাকতে কোনওদিন'ও এই প্রশ্নের সময় এক ঘন্টা নষ্ট করিনি। কারণ, এটা আমাদের প্রশ্ন। এটা বিরোধী পক্ষের প্রয়োজনে দরকার। ওঁরা মানেন নি। কালকে প্রশ্নের সময়টা চালাতেই দিলেন না। আপনি সঙ্গত ভাবেই আজকে বলেছেন যে, একজনের সম্মানে যখন শোক প্রস্তাব উত্থাপন করছেন তখন সর্বনিম্ন শিষ্টাচার তো আছে—আমরা দেখেছি এখানে কংগ্রেস দলের নেতা, কংগ্রেস দলেরই প্রাক্তন সদস্যের মৃত্যুতে শোক প্রকাশ করা হচ্ছে, ওঁরা অসভ্যতা করছেন। এই জিনিস কেউ কখনও করেনি। এখানে ওঁদের প্রতিবাদ, বিক্ষোভ, ক্ষোভ প্রকাশ ৫/১০/১৫ মিনিট হোক, ১ ঘন্টা হোক। কিন্তু ওঁরা রোজ করছেন, একটা দিন'ও বাদ দিচ্ছেন না এবং যে সব ভাষা ব্যবহার করছেন সে সব রেকর্ডে আছে। লাইব্রেরিতে পুরানো বই আছে—কোনওদিন'ও এইরকম অসংযত ভাষা ব্যবহার করেছেন? সেই কারণে আজকে সংসদীয় গণতন্ত্র চলতে পারে না. এই বিধানসভার কাজ চলতে পারে না। আপনি খুব সঙ্গতভাবেই করেছেন—আপনি এটা তুলে দিন যদি বিরোধী পক্ষ সংযত না হয়। সমস্ত আইন কানুন, নিয়ম কানুনের মধ্যে ব্যবস্থা আছে, প্রতিবাদ, বিক্ষোভ, ক্ষোভ কি ভাবে জানাতে হবে—মুলতুবি প্রস্তাব থেকে আরম্ভ করে সব কিছুই আছে। আপনি বিরোধী পক্ষকে বেশি সময় দেন, তার জন্য সরকার পক্ষ থেকে অনেক সদস্য মাঝে মাঝেই ক্ষোভ প্রকাশ করেন। আপনি খুব সঙ্গত কাজই করেন। বিরোধী পক্ষ সংখ্যায় কম হলে'ও তারাই বেশি সুযোগ পাবেন—পান, কিন্তু তাতে'ও তাঁরা সন্তুষ্ট নন। ওঁরা এমন অসংযত, অশালীন ভাষা ব্যবহার করেন, যেগুলি কানে শোনা যায় না। যারা ভিজিটরস গ্যালারিতে বসে থাকেন—অনেক সময় স্কুল কলেজের ছেলে মেয়েরা বসে থাকে। তাদের কাছে লজ্জায় আমাদের মাথা নিচু হয়ে যায়। ওঁরা সেই সব কাণ্ড করে চলেছেন। সভা চালাতে দিচ্ছেন না। কালকে যে কাণ্ড করলেন তাতে ওটা সার্কাস ছাড়া আর কি হতে পারে? টিকিট কেটে লোক ঢুকবে ওঁদের এই সার্কাস দেখতে। সেই জায়গায় ওঁরা হাউসকে নিয়ে গেছেন। অতীতে আমরা'ও যখন বিরোধী পক্ষে ছিলাম এই জিনিস কখনও কিন্তু করিনি। আমরা মাত্রার মধ্যে, নিয়ম কানুনের মধ্যেই থেকে ছিলাম। নিয়ম কানুনের মধ্যে ওঁরা প্রতিবাদ জানান—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সময় এসেছে, আপনাকে কঠোর ভাবে এটাকে বন্ধ করতে হবে।

## Ruling on a Privilege Motion

**Mr. Speaker :** Honourable Member Shri Amalendra Roy has filed a notice of Privilege against two Honourable Members Shri Sadhan Pande and Shri Gobinda Chandra Naskar. Now, before dealing with the notice of privilege, I would like to draw the attention of the Members to the fact that today I have allowed Mr. Apurbalal Majumdar to make his submission after question hour. He had met me in my Chamber in the morning along with Mr. Gyan Sing Sohanpal, their party's Whip and told me to give five minutes time to make a statement after question

hour. He did not tell me as to what would be subject matter of his submission. While he was making his submission, he referred the past glorious tradition of this House. He had referred about to many eminent personalities who occupied this Chair. He reminded the Members of this House of certain unfortunate and vulgar incidents which had taken place in this House in the past. He was continuously reminding us about the glorious that we have had.

After mentioning all these things, when he came to the point it was found that he repeated the same subject matter which had been discused by the House for two hours on an Adjournment Motion moved by them. I have allowed that Adjournment Motion in spite of the fact that they failed to produce the requisite number of members. I have allowed the motion suspending the relevant rule. Now, under our rules, a motion cannot be discussed for two times in the same session. As such, I could not allow Mr. Majumdar to make his submission further. As a result, the Opposition Party i.e. Congress(I) Members walked out.

Now, I would like to tell the Members here once again that I cannot compare myself in any way with the eminent personalities who had occupied this Chair in the past. They were giants and I am a dwarf comparing to their wisdom of the Parliamentary Democracy. They were the framers of the rules. I have succeeded those rules.

I am only following the rules which have been framed by them to develop the Parliamentary Democracy. Hon'ble Member, Shri Apurbalal Majumdar occupied this Chair for two times in the past. Hon'ble Member, Shri Gyan Singh Sohanpal was also the Minister of Parliamentary Affairs. In the Opposition Party now there are some Members, who had been the State Ministers or the Union Ministers. There are senior Members.

[4-35 - 4-45 P.M.]

I do not want to criticise any one individually or collectively. I only say that it is a very poor argument—as a lawyer we have been often reminded—it is a very poor argument that because you did this in the past I am entitled to do this now. If it is bad in the past, it is bad, it is even worst today because then you were on the other side and it was criticised by you. How can we do it now what we have criticised in the past? It is worst. And then the Hon. members in the Opposition must understand that since the independence of this country they succeeded the rules left behind and they formulated further rules and developed precedents of Parliamentary democracy. The people sitting in Government today had been in the Opposition both at the Centre

and the State. Though they had been in the Opposition in the past then we were struggling against certain system. The members in the Opposition today have been part of their system against which those of the ruling party had been struggling against. The attitude of these two parties cannot be compared. They are on the same plain while referring to the same rule but even then once we have taken a thing in the Constitution, once we have taken our pledge to adide by the rules of the House, we are committed and bound by the Constitution and the rules and we have to obey. Yes, we can carry on relentless struggle for adopting further principles, better rights and we can have debate on that. Debate can be acrimonious. It may be bitter at times. It may be tumultous but it is to be limited—limited within the decency and decorum of the House. Because somebody threw an egg towards a respectable lady member in the past, therefore, I am entitled to dance in the well of the Assembly; because somebody used bad language in the past, so I am entitled to clap hands and make noise in the Assembly,—this argument is very poor. This is very weak, very unfortunate and strike at the very root of parliamentary democracy and the system which we want to sustain. Coming back to the notice of privilege if we have to send it to the Committee on Privileges we have to send if against all these members of the House after eight had been expelled from the House in the Opposition. To be fair, we cannot single out one or two of them. Because all of them behaved accumulatively, I am not concerned who had given leadership or who had not given leadership; we are concerned with the behaviour of the Hon. members inside the House. But I think, in the fitness of things, these things should be left to their own conscience for them to decide. Why should the House decide? Why should we send it to the Privilege Committee to speak on their conduct? Why should they not in their own conscience decide it? They have committed mistakes and should try to better their own conduct and future behaviour. I hope the Hon. members will take a note of it and in future they will behave in such a manner which is compatible with the parliamentary decorum, decency and conduct and which will fit to the glorious tradition of this high office and which my predecessors-in-office have set a preceedent. Again I repeat I am not a luminary, I cannot compare myself with any of those magnanimous people who have preceeded me in the Chair including Mr. Apurbalal Majumdar.

I believe he is more capable than myself. I expect to learn from him even in future when I get an opportunity. I am sure that in the next session we shall have an opportunity to have the opposition with

us, the major opposition. We shall get the leadership from those senior members in the opposition. With these words, I do not refer the matter to the Privilege Committee and the matter stands closed here.

## LEGISLATION

### The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to introduce the West Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Speaker** : There is a motion of Shri Saugata Roy. As Shri Saugata Roy was among the eight members suspended yesterday for the remainder of the session under Rule 348 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly his motion stands cancelled.

Now, Minister-in-charge of Finance may move his motion for consideration of the Bill.

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990, be taken into consideration.

Sir, may I with your permission read the statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Section 10(3) of the Bengal Finance (Sales Tax) Act, 1941 as amended by the West Bengal Taxation Laws (Second Amendment) Act, 1990, provides for deposit of tax monthly by every dealer and furnishing a monthly statement together with receipt showing deposit of tax. This procedure has reportedly caused hardship to the small dealers and increased work-load for assessing officers. With a view to giving relief to the small dealers as also to reduce the work-load of the assessing Officers it has been decided by the State Govt. that the small dealers having aggregated annual tax liability not exceeding Rs. 6,000/- for the preceeding year both under the Bengal Finance (Sales Tax) Act, 1941, and the Central Sales Tax Act, 1956 should be exempted from submission of monthly statement accompanying with challan showing full payment of tax as required under section 10(3). Such small dealers shall submit annual return only enclosing challan showing full payment of tax for the whole year. Accordingly, the Bengal Finance

(Sales Tax) Act, 1941 was amended retrospectively with effect from 1.6.90 by promulgation of the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1990 on 7.6.90.

Sir, I have just read out the statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining the necessity for promulgation of the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance 1990. The present Bill seek to validate and continue the provisions of the said Ordinance. Hon'ble Members will get a general idea of the provisions of the Bill in the Statement of Objects and Reasons attached to the Bill. I have also elaborated the same in the Statement. I have just read out to explain the reason for promulgation of the Ordinance, which is sought to be continued in the present Bill. I, therefore, refrain from repeatition of the same. I hope, Hon'ble Members will appreciate the circumstances under which the changes proposed in the Bill are necessary.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে the West Bengal Finance (Sales Tax) (Amendment) Bill 1990 এখানে উত্থাপন করেছেন, আমি এই অ্যামেণ্ডমেন্টকে সমর্থন করছি। সেলস ট্যাক্স-এর বিষয় নিয়ে আমরা দেখেছি যে ইতিমধ্যে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে সাধ্যমতো ট্রেডারসদের যতটুকু সুযোগ-সুবিধা দেওয়া সম্ভব সবটাই করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও কিছু কিছু ব্যবসায়ী অসন্তুষ্ট হয়ে তারা উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই বন্ধ করে বসলেন। এই মুহূর্তে মাননীয় অর্থ মন্ত্রীর উদ্যোগকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তাদের অসুবিধা বোঝার চেষ্টা করেছেন, তার জন্যই তারপর আমরা দেখেছি ব্যবসায়ীরা বন্ধ প্রত্যাহার করে নিয়েছেন। সুতরাং এই যে বিল, এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-45 – 4-55 P.M.]

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজকে এখানে যে বিলটা এনেছেন, সেটাকে সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। প্রথম হচ্ছে সেলস ট্যাক্স একটা ইমপর্টান্ট ট্যাক্স এবং এই সেলস ট্যাক্স plays a crucial role in the state in regard to finance কাজেই রাজ্য সরকারের অর্থনীতির ক্ষেত্রে সেলস ট্যাক্সের অবদান ভীষণ, এমন কি অনেক অর্থনীতিবীদ বলছেন ইনকাম ট্যাক্সের চেয়ে সেলস ট্যাক্সের দাম অনেক বেশি। তার কারণ সেলস ট্যাক্সের মধ্যে স্টেবিলিটি বেশি থাকে। যাই হোক দিন কয়েক আগে ব্যবসায়ীরা সেলস ট্যাক্স বাড়ার জন্য বাজার বন্ধ করে গোলমাল করবার চেষ্টা করেছিল। ইতিমধ্যে অর্থমন্ত্রী সেলস ট্যাক্সের ব্যাপারে ছাড় দিয়েছেন। যেমন নতুন যারা ব্যবসায়ী, তাদের একটা ইকনমিক রিলিফ দিয়েছেন। সেলস ট্যাক্স রিলিফ দিয়েছেন। তারা পাঁচ বছর পর্যন্ত সেলস ট্যাক্স দেবেন না, এই রকম ব্যবস্থা তিনি করেছেন। এর পর তিনি

করেছেন, সিক ইণ্ডাস্ট্রি যেগুলো রুগ্ন শিল্প তাদের উপর থেকে সেলস ট্যাক্সের ছাড় দেবার জন্য আবেদন যারা করেছিল, তাদের সেলস ট্যাক্সের ছাড় দিয়েছেন। তিনি এই বিষয়ে কনসিডার করেছেন। আবার তিনি যে নুতন ভাবে ছাড় দিলেন, সেটা সত্যিই তাঁর একটা গণতান্ত্রিক মনোভাব তিনি দেখিয়েছেন, তাঁর বাস্তবোচিত জ্ঞানের একটা পরিচয়। তিনি এটা যা করেছেন সংশোধনীর মাধ্যমে, যারা ছয় হাজার টাকা পর্যন্ত সেলস ট্যাক্স দেন, তাদের প্রত্যেক মাসে রিটার্ন দাখিল করতে গেলে যে লোকজনের দরকার, ছোট ব্যবসায়ীদের তা ছিল না। সেই জন্য উনি প্রস্তাব করেছেন, ছয় হাজার টাকা পর্যন্ত যারা সেলস ট্যাক্স দেন তাদের মান্থলি রিটার্ন দাখিল করতে হবে না, টাকা পয়সা দিতে হবে না। ইয়ারলি করলেই হবে। কাজেই এই বিল অত্যন্ত যুক্তি সঙ্গত হয়েছে বলে আমি মনে করি। সেইজন্য আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন, তাকে আমি সমর্থন করছি। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বিখ্যাত সেই ভারসাম্য বাজেট, তাঁকে বছরের শেষে ভারসাম্য রক্ষার জন্য তিনি এই বিল এনেছেন। তাঁর এই প্রচেষ্টা অতীতেও দেখেছি তিনি সফল হয়েছেন। আজকে তাঁর যে মুখ্য উদ্দেশ্য, আশা করি সেটা সফল হবে। তাঁর এই বিল বাস্তবোচিত হয়েছে এবং সময়োচিত হয়েছে বলে আমি মনে করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রথমেই একটা কথা বলা উচিত যে, ইতিপূর্বে যে অর্ডিন্যান্সটি হয়েছিল তাকেই বিল আকারে এখানে উত্থাপন করার সময় এর মূল উদ্দেশ্যটা বলেছি—যেটা মাননীয় সদস্যরাও বলেছেন—যে, একেবারে যাঁরা ছোট ব্যবসায়ী, ৬,০০০ টাকা বা তার নিচে যাঁদের বিক্রয় কর দিতে হয় তাঁদের ক্ষেত্রে কতগুলি প্রথাগত ব্যাপারে সুবিধা দেওয়া হচ্ছে। এখানে বলে রাখি, এটা কিন্তু ব্যবসা বন্ধের অনেক আগেই করা হয়েছিল। এর সঙ্গে ব্যবসা বন্ধের ঠিক সরাসরি যোগ নেই। ব্যবসা বন্ধের অনেক আগেই এই রিলিফ আমরা দেওয়া প্রয়োজন মনে করেছিলাম, তার জন্য তখন অর্ডিন্যান্স আনা হয়েছিল। যেহেতু তখন বিধানসভার অধিবেশন ছিল না, সেহেতু অর্ডিন্যান্স করতে হয়েছিল। তারপরে আমি প্রথম সুযোগেই বিধানসভার এই অধিবেশনে এটা বিল আকারে আনলাম। আরও দু-একটা জিনিসের সম্বন্ধে স্টেটমেন্ট করেছি এবং ব্যবসা বন্ধের আগেই করেছি। এটা বলছি এই কারণে যে, ব্যবসা বন্ধের আগেই এই সব সুবিধা দেওয়া হয়েছে। তারপর ব্যবসা বন্ধের সময়ে আমি খুব স্পষ্ট ভাষায় বলেছিলাম,—আপনারা দোকান খুলে আলোচনায় বসবেন। এবং আমি আরও বলেছি,—পুনর্বিবেচনা এক মাস পরে হবে। সরকার এখানে সেই কথাতেই স্থির হয়ে দাঁড়িয়ে আছে, এর এতটুকু নড়চড় নেই। যতক্ষণ না পুনর্বিবেচনা হচ্ছে ততক্ষণ নিয়ম মেনে কোনও অন্যথা না করে ব্যবসায়ীরা কর দেবেন। আলোচনা শুরু হবে, আগেও হয়েছে এবং পুনর্বিবেচনা এক মাস পরে হবে। ব্যবসা বন্ধের আগে যেগুলি অর্ডিন্যান্স আকারে আনা হয়েছিল, সেগুলিই শুধু বিল আকারে আনা হয়েছে। এই সুযোগে বলে রাখি যে, যেহেতু বিক্রয় করের ওপর এই সংশোধনী—আমাদের উন্নয়নের জন্য যে ব্যয়ভার তার মূল দায়িত্বটা কিন্তু রাজ্য সরকার নিজেই বহন করে, বহন করে নিজের পায়ের ওপর দাঁড়িয়ে এবং সেখানে আয়ের সব চেয়ে বড় যে পথ, অর্থাৎ কর, সেটা

বিক্রয় কর। আমি আগেও বলেছি, আবার বলছি, বিক্রয় কর কিন্তু কোনও ব্যবসায়ীর অর্থ নয়। সাধারণ মানুষ জিনিস-পত্রের মূল্যের সঙ্গে এই করটা দেন। অর্থটা প্রথমে ব্যবসায়ীদের হাতে জমা পড়ে। ব্যবসায়ীদের কর্তব্য সেই অর্থটা রাজ্য সরকারকে দেওয়া এবং আমাদের দায়িত্ব ঠিকমতো সেই কর জমা পড়ছে কিনা তা দেখা। এত দিন যে নিয়ম ছিল—যেটা আমাদের পরিষ্কার করে বলা উচিত, তা হচ্ছে, আমাদের দুটো অ্যাক্ট অনুযায়ী—১৯৪১ সালের এবং ১৯৫৪ সালের আইনের মধ্যে '৫৪ সালের আইনের আওতায় যাঁরা পড়ছিলেন তাঁরা এত দিন প্রতি মাসেই রিটার্ণ দিয়ে আসছিলেন। একটা বড় সংখ্যক ব্যবসায়ী দীর্ঘ দিন ধরে প্রতি মাসে রিটার্ণ দিয়ে আসছেন। আর ১৯৪১ সালের আইনের আওতায় যাঁরা তাঁরা তিন মাস অন্তর রিটার্ণ দিয়ে আসছিলেন। তাদের ক্ষেত্রে আমি এই বিধানসভায় যখন আইনটি এনেছিলাম তখন বলেছিলাম, প্রতি মাসে রিটার্ণ দিতে হবে। কতগুলি বড় রাজ্যে ইতিমধ্যেই এই ব্যবস্থা চালু হয়ে গেছে। আমরাও গত বাজেট সেশনে আইন পরিবর্তন করি। করার পর, ব্যবসা বন্ধের অনেক আগেই, যখন আমরা আইনটা চালু করতে যাই তখন আমাদের নিজেদেরই মনে হয় যে, যাঁরা একেবারে ছোট ব্যবসায়ী—৯০ হাজার নথিভুক্ত ব্যবসায়ী আছেন, তাঁদের মধ্যে ৩০ হাজার ছোট ব্যবসায়ী, যারা প্রত্যেকে ৬,০০০ টাকা বা তার নিচে বছরে কর আদায় করে প্রদান করার দায়িত্ব বহন করেন—তাঁরা হলেন মোট ব্যবসায়ীর একের তিন অংশ—তাঁদের এই প্রথার মধ্যে আনা যায় না। সেই কারণে অর্ডিন্যান্স করে আইনটা পরিবর্তন করেছিলাম এবং সেটাই এখন শুধু বিল আকারে এনেছি। এখানে আর একটা ক্লজ আছে, যাঁদের এক্ষেত্রে রেহাই দেওয়া হ'ল তাদের যাতে কোনও পেনালটি না দিতে হয়। এই দুটি বিষয় নিয়ে এই বিলটি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের আশ্বস্ত করতে চাই—যেটা মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয় তুলেছেন—যে, এই রিলিফ দেওয়ার ফলে কর আদায়ের পরিমাণের ক্ষেত্রে খুব একটা হেরফের হবে না। আমি এই সুযোগে বলছি, ১৯৮৬-৮৭ সালে বিক্রয় কর বাবদ সমস্ত অর্থ একত্রিত করে আমরা এই রাজ্যে ৮০৪ কোটি টাকা তুলেছিলাম। ১৯৮৯-৯০ সালে সেটা আমরা ১৪০০ কোটি টাকায় নিয়ে যেতে পেরেছি। এ বছর আমরা আপ্রাণ চেষ্টা করছি, যদি সম্ভব হয়.তাহলে আমরা এটাকে ১৬০০ কোটি টাকায় নিয়ে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা বলছি যে, আমরা যে নতুন প্রথা শুরু করেছি তা এক মাস চালু থাকার পর আমরা দেখছি, প্রায় ২০ শতাংশ বিক্রয় কর বাবদ অর্থ আদায় বৃদ্ধি পেয়েছে আগের বছরের এই মাসের তুলনায়। মাননীয় স্পিকার মহোদয়, আমি নম্রতার সঙ্গে আপনার মাধ্যমে হাউসকে জানাচ্ছি নবম অর্থ কমিশন তার চূড়ান্ত রিপোর্ট দাখিল করেছেন। তাতে তারা কর আদায়ের প্রচেষ্টার ক্ষেত্রে এই রাজ্যকে, পশ্চিমবঙ্গকে এখন প্রথম স্থান দিয়েছে। এটা সবার সহযোগিতার মাধ্যমে সম্ভব হয়েছে। আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আপাতত আমার বক্তব্য শেষ করছি।

[4-55 - 5-05 P.M.]

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Bengal Finance (Seles Tax) (Amendment) Bill, 1990, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

**Mr. Speaker :** There is no amendment to clause 1.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed. to.

**Clause 2**

**Mr. Speaker :** There is an amendment to this clause given by Shri Sumanta Kumar Hira. The amendment is in order.

**Shri Sumanta Kumar Hira :** Sir, I beg to move that in Clause 2, in sub-clause (b), in the proposed clause (b) of sub-section (6) of section 10, in line 4, for the word 'six', the word 'twelve' be substituted.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যামেণ্ডমেন্টটা আমি গ্রহণ করছি। আমি এইটুকু বলছি, এর মানে দাঁড়াচ্ছে, আগে ছোট ব্যবসায়ীদের ৬ হাজার টাকা পর্যন্ত যাদের কর দিতে হয়েছে তার নিচে যারা তাদের রেহাই দেওয়া হয়েছিল প্রথাগত বিষয়গুলি থেকে। আমি আবার বলছি, আপনি অবগত আছেন, ব্যবসা বন্ধের আগে আমি এখানে স্টেটমেন্ট করেছিলাম যে ৬ হাজার টাকার অরো সীমা বৃদ্ধি করে ১২ হাজার টাকা যারা কর দেন তাদের নিচে যারা আছেন তাদের রেহাই দেবার জন্য স্টেটমেন্ট করেছিলাম অ্যাসেম্বলি ফ্লোরে এবং ব্যবসায়ীদের তা জানিয়ে দিয়েছিলাম। এই যে অ্যামেণ্ডমেন্ট হিসাবে এল, এই অ্যামেণ্ডমেন্টকে আমি গ্রহণ করছি।

The motion of Shri Sumanta Kumar Hira that in clause 2, in sub-clausd (b), in the proposed clause (b) of sub-section (6) of section 10, in line 4, for the word 'six', the word 'twelve' be substituted was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 3, 4 and Preamble**

The question that Clauses 3, 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## THE WEST BEGNAL TAXATION LAWS (AMENDING AND REPEALING) BILL, 1990

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990.

(Secretary then read the title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর দেওয়ার সময় আমি বলব।

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে The West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990 একটা কমপ্রিহেনসন বিল, অনেকগুলি বিলের সমাহার এই বিল, তার কিছু অ্যামেন্ডমেন্ট তিনি এনেছেন, বিশেষত সিনেমা অটোগ্রাফির ব্যাপারে তিনি যে ট্যাক্সেশনের হেরফের করতে চাচ্ছেন আমি মনে করি বর্তমানে যে অবস্থা চলছে তাতে এই অ্যামেণ্ডমেন্ট, এই সংশোধনী বিলের প্রয়োজন আছে। সেইজন্য আমি এই অ্যামেণ্ডমেন্টকে পূর্ণ সমর্থন করছি এবং এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিলটি এখানে উত্থাপন করেছেন, ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ অ্যামেন্ডিং রিপিলিং বিল ১৯৯০ এটা আমি সমর্থন করছি। এই অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে তিনি সিনেমা হলের দুটি ছোট ছোট ট্যাক্স, যে ট্যাক্সের মাধ্যমে যে দুটি খুব কম হয় সে দুটি তুলে দিয়েছেন। শো ট্যাক্স যার রেট কোথাও দেড় পয়সা, কোথাও এক পয়সা আবার কোথাও বা পৌনে এক পয়সা। অ্যাডভারটাইজের জন্য যে ট্যাক্স ধরা হত সে দুটিও তিনি তুলে দিয়েছেন। মনে হয়, তাতে কিছুটা ইমপিটাস দেওয়া হবে। তার সঙ্গে একটা অ্যামেন্ডমেন্ট আছে, ভিডিও ক্যাসেট সম্বন্ধে। এতে যাদের ট্যাক্স বা টাকা কড়ি বাকি আছে তাদের ডিসেম্বর পর্যন্ত সুযোগ দিয়েছেন। এই রকম কোন কোন ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা হওয়া উচিত। আমরা দেখেছি হুগলি, চুঁচুড়ার পৌরসভায় অন্য ফর্মে ভিডিও'র বকেয়া কর আদায়ের জন্য ইন্টারেস্ট ছাড় দেওয়া হয়েছিল, তার ফলও ভাল হয়েছিল। এই ক্ষেত্রে ৩১শে ডিসেম্বর পর্যন্ত তাদের যে সময়টা দেওয়া হয়েছে আশা করা যায় তা তাঁরা কাজে লাগাবেন, তা না হলে ড্রাস্টিক অ্যাকশন নেওয়া হতে পারে। আমাদের এখানে যে বাজেট পেশ করা হয়েছিল সেটা ব্যালেন্স বাজেট ছিল। এতে যেটুকু পরিমাণ ইভিলিং কমে যাবে সেটা এক পারসেন্ট অথবা হাফ পারসেন্ট যাই হোক না কেন জানিনা অন্য ভাবে এটা কমপেনসেটেড হবে, না এক্সপেনডিচার কাটেলমেন্ট হবে সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলতে পারবেন। ভিডিও ক্যাসেট সম্বন্ধে একটা কথা বলা দরকার। যেখানে ভিডিও'র ব্যবসা গ্রামে গ্রামে চলছে সেখানে লাইসেন্স বিহীন গ্রামে গ্রামে এই রকম বহু চলছে। এটা একটা কথা, আর আমার দ্বিতীয় কথা হচ্ছে যে,-এর মধ্যে দিয়ে অশালীন বা কুরুচিপূর্ণ ছবি দেখানো হচ্ছে। যাকে ব্লু ফ্লিম বলা হয় সেই রকম ছবি কোথাও কোথাও দেখানো হচ্ছে বলে এতে ছায়া ঘেরা শান্ত গ্রাম্য পরিবেশ, গ্রামাঞ্চলের নিজস্ব যেসব গ্রামীণ সংস্কৃতি, গ্রামের নিজস্ব ঘরানা সেটা বিপর্যস্ত হয়ে যাবার একটা আশঙ্কা আমরা করছি। কিছু কিছু ইণ্ডাস্ট্রিয়ালিস্ট যেমন ধরুন, শহর এবং বড় শহর যেগুলি কসমোপলিটন এরিয়া বলা হয়, এর ইভিলস যদি গ্রামে গঞ্জে পৌছে যায় আমাদের গ্রামীণ যে সংস্কৃতি সেটা যদি ব্যাহত হয় মূল জায়গাটার ক্ষতি করে দেওয়া হয় সেটা ভাবনার ব্যাপার আছে। এ ব্যাপারে

প্রশাসনের দুটি দিক দেখা দরকার। লাইসেন্স বিহীন ভিডিও অবাধে চলছে এবং তার মাধ্যমে এমন সব ছবি দেখানো হচ্ছে যেগুলি পুরাতন ভিতটাকে নড়িয়ে দিচ্ছে। এই ব্যাপারটা প্রশাসন দেখবেন বলে আমরা বিশেষ সুযোগের কথা বলেছিলাম। একটা কথা এই অ্যামেণ্ডমেন্ট প্রসঙ্গে এসে যাচ্ছে। অ্যামিউজমেন্ট ট্যাক্স যেটা মালিকদের দায়িত্বে তাতে অবাধে কর ফাঁকি চলছে। অ্যামিউজমেন্ট ট্যাক্স বলে যে টাকা তাঁরা আমাদের কাছ থেকে কাটছেন টিকিটের উপর সেই অনুপাতে স্ট্যাম্প দিচ্ছেন না। এক টাকার ক্ষেত্রে ৭০/৮০ পয়সা দেখানো হচ্ছে। এ ব্যাপারে ভিজিলেন্সের নজর দেওয়া দরকার। যাতে স্ট্যাম্প বাড়ানোর ক্ষেত্রে কোনও ভাবেই ট্যাক্স ফাঁকি না দিতে পারে। অ্যামিউজমেন্ট ট্যাক্স বলে যেটা নেওয়া হচ্ছে সেই অনুপাতে স্ট্যাম্প দেওয়া হচ্ছে কিনা সেটা দেখা দরকার। এ ব্যাপারে দেখা শোনার অভাব, এগুলি দেখা দরকার। সেজন্য এই কয়েকটি কথা বলে যে অ্যামেন্ডমেন্ট বিলটি আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05 – 5-15 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ্ (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯০ যা মাননীয় অর্থমন্ত্রী সভায় উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। পশ্চিমবঙ্গে বাংলা চলচ্চিত্র শিল্পে নানা সমস্যার কথা বিগত কিছুদিন ধরে শোনা যাচ্ছে। তার উপর ভি. ডি. ও প্রসারের ফলে এই শিল্প আরও সমস্যার মধ্যে পড়েছে। এই অবস্থায় এই শিল্পে কিছু রিলিফ দেবার উদ্দেশ্যে কিছু কিছু কর ছাড়ের কথা এই বিলে তিনি বলেছেন—যেমন শো ট্যাক্স এবং অ্যাডভার্টাইজেমেন্টের ক্ষেত্রে এটা তিনি বলেছেন। খুব ভাল পদক্ষেপ এটা। কিন্তু ভি. সি. আর. ও ভি. সি. পির ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী কিছু সুবিধার কথা ঘোষণা করেছেন, বলেছেন—৩১শে ডিসেম্বরের মধ্যে তাদের কাছে পাওনা বকেয়া টাকা দিয়ে দিলে কোনও পেনাল্টি চার্জ করা হবে না। এক্ষেত্রে আমার একটি বক্তব্য আছে। মাননীয় মন্ত্রী জানেন যে, ঐ ভি. সি. আর. এবং ভি. সি. পির জন্য সপ্তাহে ২৫০ টাকা ট্যাক্স দিতে হত, কিন্তু গত বছর সেটা একলাফে তিনটা স্ল্যাব করে ৫০০ টাকা, ৭৫০ টাকা এবং ১০০০ টাকা করে দেওয়া হয়েছে। সেটা নিয়ে মামলাও হয়েছিল। আজকে গ্রামাঞ্চলে যত্রতত্র ভি. ডি. ও. চলছে, কিন্তু অনেকেই ট্যাক্স দিচ্ছে না। পুলিশের সঙ্গে সংযোগ রেখে এসব চলছে। তা সত্ত্বেও বলতে বাধ্য হচ্ছি, এসব গ্রামে যারা চালাচ্ছে তারা শিক্ষিত বেকার যুবক। অনেক ক্ষেত্রে এইভাবে দু'পাঁচজন রোজগার করার চেষ্টা করছে। কিন্তু এই ৫০০ টাকা ট্যাক্স তাদের পক্ষে বেশি হয়ে যাচ্ছে। সপ্তাহে ৭ দিন চালিয়ে তাদের যদি ৫০০ টাকা গুনতে হয় সেটা বোঝা হয়ে দাঁড়ায়। কাজেই এই ট্যাক্সটা ২৫০ এর জায়গায় ৩৫০ করা যায় কিনা ভাবতে বলছি। যদি এই ট্যাক্স আর একটু কমানো যায় তাহলে মনে হয় স্বতঃপ্রবিত্তভাবে ট্যাক্সটা জমা পড়বে। ট্যাক্সটা জমা পড়ছে কিনা সেটা দেখার জন্য উপযুক্ত লোক থাকা দরকার, কিন্তু সেটা দেখবার মতো লোকজন নেই। কাজেই এদিকটা যাতে শক্তিশালী করা যায় সেটা ভেবে দেখবেন। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী 'ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ্ (অ্যামেণ্ডমেন্ট) বিল ১৯৯০' যা এনেছেন এটাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। সিনেমা অ্যাডভার্টাইজমেন্টের জন্য ট্যাক্স ফ্রি করছেন এটা খুবই ভাল হচ্ছে। বর্তমানে বাংলা

সিনেমা জগতে দারুণ মন্দা চলছে; কোন জেলাতেই বাংলা সিনেমা ভালভাবে চলছে না। কাজেই এরফলে ছোট ছোট সিনেমা হলের মালিকরা উপকৃত হবেন বলে আমি মনে করছি। এখন গ্রামাঞ্চলে ভি. ডি. ও. হল ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছে এবং তার মধ্যে অনেকগুলো বিনা লাইসেন্সে চলছে। মেদিনীপুর জেলার ক্ষেত্রে আমার অভিজ্ঞতার কথা বলছি, সেখানে একজন মালিক আছেন যিনি বিনা লাইসেন্সে একই গ্রাম পঞ্চায়েতে দুটি ভি. ডি. ও. হল চালাচ্ছেন। কাজেই এই বেআইনি কাজ বন্ধ করা দরকার, একে আইনের কন্ট্রোলে আনা দরকার। আপনি ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময় দিয়েছেন বকেয়া ট্যাক্স দেবার জন্য। কিন্তু আমি ট্যাক্স কমাবার বিপক্ষে, কারণ দেখা যাচ্ছে যে, আজকে সর্বত্র ব্যাঙের ছাতার মতো ভি.ডি.ও হল গজিয়ে উঠছে। আমি মালিকদের সঙ্গে কথা বলে জেনেছি, ক্যাসেটের জন্য কোনও ক্যাপিটাল লাগেনা, অল্প পয়সায় তা পাওয়া যায়। তাতে নানা ধরনের হিন্দি চিত্র দেখানো হয় যা স্কুল-কলেজের ছাত্রদের পক্ষে স্বাস্থ্যকর নয় মোটেই। বহু অশালীন চিত্র দেখিয়ে পয়সা রোজগার করেন তারা। তাছাড়া ভি. ডি. ও. হলগুলিতে প্রতিদিন চারটি পর্যন্ত শো হয়। কাজেই তাদের কাছ থেকে ট্যাক্স যাতে কড়াভাবে আদায় করা হয় তারজন্য আমি বলব। হাই-কোর্ট করে ভি. ডি. ও হলগুলি এই ভাবে খুলছে বিনা লাইসেন্সে গভর্নমেন্টকে ট্যাক্স ফাঁকি দিচ্ছে। এটা কি করে আইন করে বন্ধ করা যায় সেটা আপনাকে ভাবতে বলি। আমি এই আইনকে সমর্থন করছি। এতে ছোট সিনেমা হলের মালিকদের সুবিধা হবে। ভি. ডি. ও হলের কথা আপনি ভাবুন এবং কি করে বন্ধ করা যায় এই ব্যবসা সেটা ভাবুন, বিনা লাইসেন্সে যেভাবে চালাচ্ছে সেটা যাতে বন্ধ করা যায় সেটার ব্যবস্থা আপনি করবেন।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় স্পিকার মহাশয়, এই বিলটার উদ্দেশ্য দুটি, এক হচ্ছে—মাননীয় বিধায়করাও বলেছেন—যে পশ্চিমবাংলার চলচিত্র শিল্পকে আরও একটু পুনরুজ্জীবিত করার জন্য আর হচ্ছে আমরা কতকগুলি ক্ষেত্রে—এখানে তথ্য সংস্কৃতি দপ্তরের সঙ্গে আলোচনা করে—কতকগুলি কর ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত চিন্তা করে সেটা প্রস্তাব আকারে এখানে আনা। তার মধ্যে সিনেমা শিল্পের ক্ষেত্রে আমোদ করের সঙ্গে দুটি গুরুত্বপূর্ণ কর ছিল। একটা হচ্ছে শো ট্যাক্স সেটা কলিকাতা এবং সি. এম. ডি. এ. এলাকাতে দেড় পয়সা মাথা পিছু এবং বাইরের এলাকাতে এক পয়সা করে যুক্ত হ'ত। আর অ্যাডভার্টাইজমেন্ট ট্যাক্স ছিল এইরকম কলিকাতা অঞ্চলের উপর, নোটিফায়েড মিউনিসিপ্যালিটির উপর একটা হার বাকি পৌরসভাগুলিতে আর একটা হার। যদি বিজ্ঞাপন চুক্তি বন্ধ থাকত তাহলে বিজ্ঞাপন থেকে যে টাকা আসত সিনেমা হলের মালিকের কাছে তার ২৫ পারসেন্ট কর হিসাবে আদায় হত। যদি বিজ্ঞাপন চুক্তি বন্ধ না থাকত, একটা স্লাইড বা একটা ফ্লিম দেখানো হত তাতে যে কর দিতে হ'ত সেই করের হার প্রতিদিন দেড় টাকা ফ্লিম পিছু এবং স্লাইড পিছু একটা করে দিতে হ'ত এবং বাইরের এলাকাতে এই রেটের অর্ধেক রেট দিতে হত। এই ক্ষেত্রে আমি মনে করি এবং তাই প্রস্তাব আকারে এখানে এনেছি যে এই কর দুটি থেকে যদি মুক্ত করা যায় তাহলে চলচিত্র শিল্পের এগিয়ে যাওয়ার সুবিধা হবে। এখানে একটা প্রশ্ন উঠেছে এর জন্য রাজস্ব আদায়ের কতটা ক্ষতিগ্রস্থ হয়েছে। আমি হিসাব করে দেখেছি এই শো ট্যাক্স এবং অ্যাডভ্যার্টাইজমেন্ট ট্যাক্স থেকে আমরা ৫০ লক্ষ টাকার মতো

পেতাম। রাজ্য সরকারের যত রাজস্ব আদায় করা হয় তার এটা .০২ পারসেন্ট, .১ পারসেন্টও হচ্ছে না, .০২ পারসেন্ট। মাননীয় বিধায়কদের স্মরণ করিয়ে দিতে চাই অন্য যে সমস্ত কর আছে আমোদ কর হিসাবে সেটাকে আরও ভালো করে আদায় করতে পারলে আমরা এই ক্ষতিপূরণ মিটিয়ে নিতে পারব। অন্যান্য ক্ষেত্রে কর আদায়ের ক্ষেত্রে এটা দেখা গেছে। ভি. সি. পি. এবং ভি. সি. আর-এর ক্ষেত্রে সেট পিছু ২৫০ টাকা করে সেল ট্যাক্স আদায়ের ব্যবস্থা আছে। সেটা সঠিক ভাবে আদায় না হওয়ার ফলে আগে একটা নিয়ম করেছিলাম যে ৩০শে জুন পর্যন্ত একটা দিন ধার্য করে বলেছিলাম সমস্ত বকেয়া কর যদি জমা দেন তাহলে যে পেনালটিটা আছে সেই পেনালটি থেকে ওয়েভ করে দেব, কর ওয়েভ করতে চাই। পেনালটির আইনটা আরও একটু শক্ত করতে চাই এবং সেটা যে ধরনের শক্ত সেটা সামগ্রিক ভাবে বিধানসভার অনুমোদন না নিয়ে আমি সেটা করতে পারি না। এই পেনালটি ওয়েভ করে সুফল পেয়েছি, জুন মাস পর্যন্ত করে এপ্রিল টু জুন এই তিন মাসে গত বছর পেয়েছিলাম ৯৭ হাজার টাকা, ওয়েভ করার পর এই তিন মাসে পেয়েছি ৩ লক্ষ টাকা, অর্থাৎ প্রায় তিন গুণ। আমি এখন ওয়েভের সময়সীমাটা বাড়াতে চাই, যেটা ৩০শে জুন পর্যন্ত ছিল সেটাকে বাড়িয়ে ৩১শে ডিসেম্বর পর্যন্ত করতে চাইছি। আশা করি এতে ফলটা ভালো হবে। সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15 – 5-25 P.M.]

The motion that the West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1-4 and Preamble**

The question that Clauses 1-4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990 as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** To-day is the last day of the Present Session. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Un-starred ones and replies thereto would be circulated to the Members.

Now I shall narrate in brief about the business transacted during August Session, 1990.

(Position as on the 31st August, 1990)

## BRIEF RESUME OF BUSINESS

***QUESTIONS :***

| | | |
|---|---|---|
| (1) Total number of notices received | .. | 353 |
| (a) Short Notice | .. | 2 |
| (b) Starred | .. | 270 |
| (c) Un-starred | .. | 81 |
| (2) Number of Questions admitted as — | | |
| (a) Short Notice | .. | Nil |
| (b) Starred | .. | 167 |
| (c) Un-starred | .. | 47 |
| (3) Number of Questions replied as — | | |
| (a) Short Notice | .. | Nil |
| (b) Starred | .. | 82 |
| (c) Un-starred | .. | 3 |
| Total number of Questions replied | .. | 85 |
| Total number of Questions disallowed | .. | 20 |

***GOVERNMENT BILLS :***

| | | |
|---|---|---|
| No. of Bills Introduced | .. | 14 |
| No. of Bills referred to the Select Committee | .. | 1 |
| No. of Bills passed | .. | 13 |

***ORDINANCE :***

| | | |
|---|---|---|
| Notices received for laying of Ordinance | .. | 1 |
| Ordinance laid | .. | 1 |

***ADJOURNMENT MOTION :***

| | | |
|---|---|---|
| Notices received | .. | 31 |
| Consent given and discussed | .. | 1 |
| Consent given but not moved | .. | 1 |
| Consent withheld | .. | 8 |
| Notices out of order | .. | 21 |

***CALLING ATTENTION NOTICE :***

| | | |
|---|---|---|
| Notices received | .. | 38 |
| Notices admitted | .. | 10 |
| Statement made | .. | 10 |

***Motion under rule — 185***

| | | |
|---|---|---|
| Notices received | .. | 23 |
| Admitted | .. | 16 |
| Disallowed | .. | 7 |
| Discussed | .. | 10 |
| Adopted | .. | 5 |

***Laying of Annual Reports and Accounts of Government Companies and Undertakings***

| | | |
|---|---|---|
| Notices received | .. | 8 |
| Reports laid | .. | 8 |

***Privilege Issues***

| | | |
|---|---|---|
| Notices Received | .. | 3 |
| Disallowed | .. | 2 |
| Case referred to the Privilege Committee | .. | 1 |
| ***Mention Cases*** | .. | 241 |
| ***Zero Hour Mention*** | .. | 71 |
| ***Number of Sitting*** | .. | 11 |

Total Hour of Sittings — 36 Hours 29 Minutes (Upto 5 p.m.)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি যা বললেন, আজকে আমাদের এই সংক্ষিপ্ত অধিবেশনের শেষ দিন, অধিবেশন সংক্ষিপ্ত হলেও এই অধিবেশনে অনেক গুরুত্বপূর্ণ বিষয় আলোচিত হয়েছে এবং বিল অনুমোদিত হয়েছে। এটা খুব আনন্দের হত যদি আজকের এই শেষ দিনে বিরোধী পক্ষের সদস্যরা উপস্থিত থাকতেন। আমি শুধু একটি কথাই বলছি, গণতন্ত্র রক্ষার প্রশ্ন উঠেছে, আমি মনে করি যে সাধারণ মানুষ শ্রমজীবী মানুষ তাঁরা গণতন্ত্র রক্ষা করতে চান। তাঁদের ন্যায্য স্বার্থের জন্য তাঁরা চিরকাল গণতন্ত্র রক্ষা করতে চান। গণতন্ত্র ভাঙতে চান স্বার্থান্বেষী মুষ্ঠিমেয় কিছু মানুষ আমরা শ্রমজীবী মানুষ, সাধারণ মানুষের প্রতিনিধি হিসাবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার মধ্যে গণতন্ত্র রক্ষার পতাকা উর্দ্ধে তুলে ধরার সমস্ত চেষ্টা করছি এবং করবও। বিধানসভার

বাইরেও উর্দ্ধে তুলে ধরবার চেষ্টা করব—আর কেউ নামাবার চেষ্টা করলেও আমরা তুলে ধরবার চেষ্টা করছি এবং করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গণতন্ত্র রক্ষার ক্ষেত্রে আপনি যে নেতৃত্বের ভূমিকা দিয়েছেন তারজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আপনার মাধ্যমে ধন্যবাদ জানাচ্ছি। এই বিধানসভার প্রতিটি কর্মীকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী দলের নেতৃবৃন্দকে এবং বিরোধী দলের প্রতিটি সদস্যকে, তাঁরা আজকে এখানে উপস্থিত না থাকলেও, আপনার মাধ্যমে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পক্ষকাল অধিবেশনের আজ সমাপ্তি হল। এই অধিবেশন অত্যন্ত আনন্দের সঙ্গে সমাপ্ত করতে পেরেছি তবে এই অধিবেশনে বিরোধীপক্ষ উপস্থিত নেই। অন্যান্যবারের মতো এইবারও আমরা নানা অভিজ্ঞতা অর্জন করেছি, কিন্তু তৎসত্ত্বেও উপলব্ধি করেছি যে, আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে এই অধিবেশন চালিয়েছেন। আমি সেইসঙ্গে মাননীয় অনিল মুখার্জি মহাশয়কেও তার কাজের ক্ষেত্রে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি আমাদের পক্ষ থেকে সমস্ত সদস্যবৃন্দ সহযোগিতা করেছেন। এবং তারসঙ্গে আমিও কাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য চেষ্টা করেছি, সহযোগিতা করেছি। বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এর সাথে সাথে আমাদের সহায়ক যে সমস্ত কর্মীবৃন্দ আছেন তাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বিভিন্ন সংবাদপত্রের গণ মাধ্যমগুলি যারা আছেন, তাদের লেখনী দিয়ে লেখা হয়েছে। যাই হয়ে থাক না কেন, তাঁরা যে অক্লান্ত পরিশ্রম করেছেন তারজন্য তাঁদের অভিনন্দন জানাচ্ছি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী সপ্তাহে আপনি যে কমনওয়েলথের মিটিংয়ে যোগদান করতে যাচ্ছেন সেইজন্য প্রথমেই আপনার মঙ্গল কামনা করি এবং আপনার যাত্রা নিশ্চিন্তে, নিরুপদ্রপে এবং নির্বিবাদে হয় সেই আশা করি। গত দিনে এই অ্যাসেম্বলিতে যেসব ঘটনা ঘটল, বিরোধীপক্ষ যে সমস্ত আচরণ করলেন তার আমি তীব্র নিন্দা করি এবং সেইসঙ্গে আপনি তার মধ্যেও যে সুন্দরভাবে অ্যাসেম্বলি পরিচালনা করলেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে অপূর্ববাবু পুরনোদিনের অ্যাসেম্বলির কথা ভুলে গেলেন? তিনি বললেন যে, যে মর্যাদা, গাম্ভীর্য, গণতান্ত্রিক উচ্চগ্রাম এই অ্যাসেম্বলির মধ্যে ছিল আজকে সেই অ্যাসেম্বলি নষ্ট হয়ে যাচ্ছে। যে কালচার এবং হেরিটেজ এই অ্যাসেম্বলিতে ছিল আজকে সেই হেরিটেজ কোথায় চলে যাচ্ছে। আজকে যে ঘটনা হাউসে ঘটছে এবং সেগুলো যখন সংবাদপত্রে পরের দিন প্রকাশিত হচ্ছে তখন সাধারণ মানুষের মনে কি প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে সেটা চিন্তা করুন। আজকে আমাদের হাউসের সেই উচ্চগ্রাম কোথায় তলিয়ে যাচ্ছে। আমার গত ৩ দিন আগে অমল বাবুর সঙ্গে কথা হচ্ছিল তখন অনেকগুলি বিদ্যালয়ের ছাত্রী ওপরে বসেছিল, তিনি বললেন অত্যন্ত দুঃখের সঙ্গে যে, কি ইমপ্রেশন তাদের এই বিধানসভা সম্বন্ধে হবে চিন্তা করুন, কি শিক্ষা পাবে তারা? সুতরাং হাউসের একটা মর্যাদা আছে, সেটা রক্ষা করা দরকার। যাইহোক সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এবং সমস্ত স্টাফ, অফিসার, দারোয়ান, পিয়ন সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সঙ্গে ডেপুটি স্পিকার মহাশয়কে বিশেষভাবে এই হাউস পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য

ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া সেদিন যে দুজন ডাক্তার বিরোধী সদস্যদের পরিচর্যা করার জন্য ছিলেন তাদেরও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-25 – 5-35 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভা শেষ হচ্ছে কিন্তু এইরকম একটা দৃষ্টান্তের অবতারণা হবে ভাবতে পারেনি। এইবার অদ্ভুত ঘটনা ঘটল, বিরোধীপক্ষের সদস্যরা হাউসের ভেতরে নানারকম অশালীন আচরণ করলেন এবং আজকে আবার নিজেরাই সভা ত্যাগ করে চলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক বছর এবং বিশেষ, করে গত কয়েকদিন ধরে যেভাবে সভার কাজ পরিচালনা করেছেন তারজন্য আমরা যথেষ্ট গর্বিত। এবং এরজন্য শুধু এখানে নয়, রাজ্যের বাইরেও মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রচুর প্রশংসা পেয়েছেন। মাননীয় বিরোধী দলের সদস্যরাও এই কথা নির্দ্ধিধায় স্বীকার করতে বাধ্য হচ্ছেন, তথাপি এটা খুবই দুর্ভাগ্যজনক যে আজকে এই শেষ দিনের শেষ মুহূর্তে তাঁরা থাকলেন না। আমি আশা করব আপনি যখন কমনওয়েলথ সম্মেলনে যাচ্ছেন তখন সেখানেও আপনার কৃতিত্বকে শিখরে রেখে আসবেন; এবং পশ্চিমবাংলার বিধানসভার যে উজ্জ্বল ইতিহাস সেটাও সেখানে তুলে ধরবেন। এবং সমভাবে দৃষ্টি রেখে বিশেষ করে বিরোধীদের প্রতি আপনার অপার যে দৃষ্টি, যে স্নেহ আপনি বর্ষণ করে এসেছেন তার মর্যাদা তারা যে ভাবে দিলেন তা অত্যন্ত উদ্বেগজনক। তাই সদস্যদের প্রতি এই রিক্ততার জন্য—অনেকে আপনার প্রশংসা করেছেন, আপনার এই সভা সুষ্ঠু ভাবে পরিচালনার কাজে যে সমস্ত অফিসার কর্মচারিরা আছেন তাঁদের সকলকে আমাদের এই বেঞ্চের তরফ থেকে ধন্যবাদ জানিয়ে এবং আপনার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংক্ষিপ্ত অধিবেশনে এক পক্ষকাল ধরে যে অধিবেশন হয়ে গেল তাতে দেখলাম আপনি যেভাবে বিরোধীপক্ষকে ট্যাকেল করলেন সেটা গণতন্ত্রের ইতিহাসে সত্যিকারের একটা বিশেষ নজীর হয়ে থাকল। বিশেষ করে গতকালকে যে ধরনের বিরোধী পক্ষের আচরণ দেখলাম—সেটা সত্যি কথা বলতে কি গতকাল আমার কন্সটিটিউয়েন্সি থেকে এক ভদ্রলোক তাঁর স্ত্রী এবং বাচ্চা নিয়ে এসেছিলেন তারা এই কথা বললেন কি শিক্ষা নিয়ে গেলাম আমরা, বিরোধীপক্ষের নিশ্চয় গণতান্ত্রিক অধিকার আছে; সাংবিধানিক অধিকার আছে বিরোধিতা করবার, কিন্তু তারা যে ভাবে মর্যাদা দিয়ে সাংবিধানিক ভাবে ট্যাকেল করলেন সেটা কি সত্যিকারের প্রশংসার যোগ্য? স্যার, আমি যেটুকু আপনাকে বলতে চাই এই সংক্ষিপ্ত অধিবেশনে কেবলমাত্র আপনারও ডেপুটি স্পিকারের দক্ষতার এবং যোগ্যতার ফলে, এই সংক্ষিপ্ত অধিবেশন—অনেক উল্লেখযোগ্য অধিবেশনের থেকে—বিধানসভার ইতিহাসে লিপিবদ্ধ থাকবে। যদিও এই সংক্ষিপ্ত অধিবেশনে অনেক উল্লেখযোগ্য আলোচনা এখানে হয়েছে, যা উল্লেখযোগ্য ঘটনার সাক্ষী হিসাবে এই বিধানসভায় থাকবে। আপনি নিজে সুপরিচালক হিসাবে কাজ করায় আমাদের কাছে শ্রদ্ধাভাজনেষু। বিশেষ করে সেপ্টেম্বর মাসের গোড়ায় যখন আপনি বিদেশ যাচ্ছেন হাড়ারেতে তখন কামনা করব সেখানে আপনার দক্ষতা ও যোগ্যতায় ভারতবর্ষের এবং পশ্চিমবাংলার এই বিধানসভাকে উজ্জ্বল করবেন,

আপনার যাত্রা শুভ হোক, আপনার সম্ভ্রম আরও বর্দ্ধিত হোক। বিধানসভার এই সংক্ষিপ্ত অধিবেশনে যে সমস্ত কর্মচারিরা অক্লান্ত পরিশ্রম করেছেন, বিশেষ করে সেক্রেটারি থেকে আরম্ভ করে ফোর্থ গ্রেড এমপ্লয়ি পর্যন্ত কার্য পরিচালনার ক্ষেত্রে যারা সাহায্য করেছেন তাঁদেরকে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে সংবাদপত্রের যারা সাংবাদিক আছেন রেডিও দূরদর্শন থেকে আরম্ভ করে ছোট সাংবাদিক পর্যন্ত যারা উপস্থিত থাকেন তাঁদেরকেও ধন্যবাদ জানাচ্ছি এবং সব শেষে আপনার কাছে কামনা করি আপনার দক্ষতায় ও পরিচালনায় এই বিধানসভা উজ্জ্বল হয়ে উঠুক, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি আপনাকে আমার আন্তরিক ও উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করি; আমরা জেনে খুশি আপনি সেপ্টেম্বর মাসের প্রথমে—কমনওয়েলথ পার্লামেন্টারী অ্যাশোসিয়েশনে যোগদান করতে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যেই আপনি কমনওয়েলথ পার্লামেন্টারী অ্যাশোসিয়েশনে দক্ষতার সঙ্গে এবং যোগ্যতা নিয়ে একটা সুন্দর স্থানাধিকার করে নিয়েছেন। আগামী অধিবেশনেও আপনি সেই কৃতিত্বের স্বাক্ষর আরও বহন করবেন বা রাখবেন এবং সেটা আমাদের পক্ষে একটা প্রশংসার এবং গর্বের বিষয় হবে। এই বিষয়ে সন্দেহের কোনও অবকাশ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বর্ষাকালীন অধিবেশন আজকে শেষ হয়েছে, অধিবেশনের সময় ছিল খুবই ছোট, কিন্তু ছোট হলেও বৈচিত্রে ভরা ছিল এই অধিবেশন। বিধানসভার মধ্যে সমগ্র দেশের নানা দৃষ্টিভঙ্গি, নানা সমস্যার প্রতিফলন ঘটেছে। কিন্তু অধিবেশনে যেটা আমরা দেখলাম, যে জিনিসটা এই অধিবেশনে আমাদের নাড়া দিয়েছে, আগের অধিবেশনেও ঘটেছে, তাতে দেখা যাচ্ছে বিরোধীপক্ষের দিক থেকে যা ভূমিকা পালন করা উচিত ছিল বা যা হওয়া উচিত ছিল তা তাঁরা করেন নি বা হয়নি। গণতান্ত্রিক রীতি-নীতিকে, সংসদীয় ব্যবস্থাকে উপেক্ষা করে বিধানসভার যে মর্যাদা—তার যে ডিগনিটি, তার যে স্ট্যাটাস তাকে তাঁরা জনসমক্ষে নিম্নগামী করবার চেষ্টা করেছেন। এখানে আগেই উল্লেখ করা হয়েছে যে, বিধানসভায় সার্কাস হল এবং সেই সার্কাস দেশের জনগণ উপলব্ধি করে গেলেন। গণতান্ত্রিক ব্যবস্থা সম্পর্কে, গণতন্ত্রের পীঠস্থান সম্পর্কে দেশের নাগরিকের খুব যে ভালো ধারণা হল না এই বিষয়ে কোনও সন্দেহ নেই। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, গণতন্ত্রের পতাকাকে উত্তোলন করতে সরকারপক্ষ সাধারণ মানুষের স্বার্থ, অধিকার সুরক্ষিত করবার জন্য সংগ্রাম করেছে। গণতন্ত্রের পতাকাকে মানুষের সামনে তুলে ধরেছে। প্রত্যেকটা অধিবেশন আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিচালনা করেছেন এবং আপনার মধুর ব্যক্তিত্বের মধ্যে দিয়ে বিধানসভাকে সুন্দরভাবে পরিচালনা করেছেন তার জন্য আমি আপনাকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। বিধানসভার সকল কর্মচারী, সমস্ত অফিসার যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের আমি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি। গণ-মাধ্যমের প্রতিনিধিদের বিভিন্ন সংবাদপত্রের সাংবাদিকদের যাঁরা বিধানসভার কার্যবিবরণী কভারেজ দিয়ে দেশের মানুষের কাছে তুলে ধরেছেন তাঁদের আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী শচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয় আমি ধন্যবাদ জানাব যদিও নতুন নয়। বিগত আট, নয় বছর হয়ে গেল আপনি সংসদীয় গণতন্ত্রকে কিভাবে রক্ষা করা যায়

তার উজ্জ্বল দৃষ্টান্ত আপনি রেখেছেন। এখানে যাঁরা নির্বাচিত সদস্য, তাঁদের নিজেদের অধিকার সঠিকভাবে প্রয়োগ করবার জন্য সমস্ত সুযোগ-সুবিধাগুলি দিয়েছেন। বিগত দিনে আপনি যেভাবে ধৈর্যের পরিচয় দিয়েছেন, বারবার সদস্যদের বোঝবার চেষ্টা করেছেন যাতে সদস্যরা তাঁদের যে গণতান্ত্রিক অধিকার সেটা যাতে সঠিকভাবে প্রয়োগ করতে পারেন। কিন্তু দুঃখের বিষয় আমাদের বিরোধীপক্ষের—যেহেতু তাঁরা উপস্থিত নেই বেশি সমালোচনা করব না—একজন প্রবীণ সদস্য, একসময় তিনি সরকারি পক্ষের সদস্যও ছিলেন, তাঁর যথেষ্ট অভিজ্ঞতা আছে, আজকে সবাই লক্ষ্য করেছেন কিভাবে তিনি বক্তব্য রাখবার চেষ্টা করেছেন। অ্যাসেম্বলীকে ডিফাই করে, তিনি প্রতিবাদ করে বেরিয়ে গেলেন। যদিও আপনি সুযোগ করে দিয়েছেন, জিরো আওয়ারে যথেষ্ট সুযোগ করে দিয়েছেন, তিনি যাতে তাঁর অধিকার প্রয়োগ করতে পারেন। এমনও দেখা গেছে, কোনও একজন সদস্য মেনশন আওয়ারে বললেন আবার জিরো আওয়ারে মেনশনে—যাতে কেবলমাত্র গুরুত্বপূর্ণ বিষয়ই বলা যায়—তাতে প্রতিশ্রুতির ওপরে মেনশন করে গেলেন। জিরো আওয়ার যেজন্য সৃষ্টি হয়েছিল তার যথাযথ প্রয়োগ মেম্বাররা করতে পারলেন না। মেনশন, জিরো আওয়ার এটা আমাদের বামফ্রন্ট সরকারের কৃতিত্ব, আমরা এটা চালু করেছিলাম। এটা অনেকদিন বন্ধ হয়ে গিয়েছিল, কিন্তু আপনি এটা চালু করেছিলেন। সদস্যরা জনসাধারণের স্বার্থে যাতে তাদের বক্তব্যগুলি এখানে হাজির করতে পারে সেজন্য এটা করা হয়েছিল। কিন্তু এটার ব্যবহার ঠিকমতো হচ্ছে না এই ব্যাপারে আমিও একমত। এই হাউসের সমস্ত সদস্য, বিশেষ করে সরকার পক্ষের সকল সদস্য আপনার সঙ্গে সহযোগিতা করবে। এইহাউসে আমাদের যে বক্তব্য এবং যে ত্রুটি-বিচ্যুতি, আমরা এই সংসদীয় গণতন্ত্রে সঠিকভাবে প্রকাশ করতে পারি তার ব্যবস্থা আপনি করবেন এই ভরসা আমাদের আছে। আপনার দক্ষতা সম্বন্ধে নতুন করে কিছু বলার নেই, আবার আপনাকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং সাথে সাথে আপনার পরিচালনাকে যারা সাহায্য করেছে আমাদের সমস্ত কর্মচারী এবং সাংবাদিক সবাইকে আমাদের ধন্যবাদ ও আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

[5-35 – 5-43 P.M.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্প মেয়াদী অধিবেশন, আজ শেষ দিন পর্যন্ত সুষ্ঠভাবে চলেছে, যদিও আজ বিরোধী দলের সদস্যরা এই হাউসে নেই। সংসদীয় রীতিনীতি যেভাবে মানা উচিত, আমাদের এই হাউস সেই নিয়ম অনুযায়ীই চলেছে এবং সেই নিয়ম অনুযায়ী হাউস চালানোর জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের সরকার পক্ষের বিভিন্ন দলের দলীয় নেতৃত্বের এবং বিরোধী দলের নেতাকে ও ডেপুটি লীডার যিনি আছেন তাঁকে। তবে শেষের দিকে কয়েকদিন সংসদীয় রীতিনীতি অনেক লঙ্ঘন হয়েছে এবং এই সংসদীয় রীতিনীতি লঙ্ঘন করলে সংসদীয় পদ্ধতি একটা বিপজ্জনক অবস্থায় আসে। এটা দেশের পক্ষে, সংসদীয় গণতন্ত্রের পক্ষে খুবই ক্ষতিকর। আজকে ভারতবর্ষের রাজনৈতিক কাঠামো পরিবর্তনের সাথে সাথে বিভিন্ন রাজ্যে এবং লোকসভায় নানা জায়গায় বিরোধীদের যে ভূমিকা, সেই ভূমিকা যেভাবে পালন করা উচিত,

কিছু কিছু সংসদীয় রীতিনীতি যে ভাবে মেনে হাউসে চলা উচিত, আজকে সেটা বিপর্যস্ত হচ্ছে। এটা দেশের সংসদীয় গণতন্ত্রের পক্ষে, গণতন্ত্রকে বজায় রাখার পক্ষে, এটা খুবই বিপজ্জনক অবস্থাতে এসে যাচ্ছে এবং সেই জন্য আজকে সকলকে সচেতন হতে হবে এবং বিরোধীরা যদি সচেতন হন তাহলেই এটা সম্ভব। আগামী দিনে বিরোধীরা নিশ্চয় সচেতন হবেন এবং বিগত সেশনে তারা যেভাবে চলেছিলেন, এই সেশনেও যদি তারা সেইভাবে চলতেন তাহলে পশ্চিমবাংলার সংসদীয় গণতন্ত্রর যে ধারা, সেই ধারা বজায় থাকত, সেই ধারা আরও বাড়ত। আমাদের যে স্টাফ এবং সংবাদপত্রের যে বন্ধুরা এখানে আছেন তাদের সকলকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Hon'ble members, Mr Deputy Speaker, it has been my privilege to work with you all in this Session.

Though it has been very short, it has been significant. We have sadly missed the company of the Leader of the Opposition. He is, unfortunately, lying critically ill, and has been transferred from the S.S.K.M. Hospital to the Thakurpukur Cancer Research Centre. I wish his very speedy recovery and hope that in the next Session he will be hale and hearty and be with us. I also wish the Hon'ble Members, Shri Asok Ghosh, Shri Habibur Rahaman and Dr Hoimi Basu who were removed to hospital also have a speedy recovery and to be hale and hearty and be with us in the next Session.

I am grateful to the Chief Minister, each and everyone of his Cabinet colleagues, especially the Parliamentary Affairs Minister, who has helped me in making this Session successful and fruitful. I am grateful to each and every member, to the Chief Whip, to the Whip of the Opposition, to the group leaders, to my Deputy Speaker, to the Secretary and staff of this Assembly, to the media reporters who have been covering the proceedings and without whose co-operation we would not have been able to function in the manner we have.

There have been some unfortunate incidents, but these are aberrations in the Parliamentary system which are only to be expected. It is not frustration, we describe it as aberration. They do take place now and then. We have to take them in our stride. I would have been happier if the Opposition would have been here throughout the Session, participating in debates, and look forward to meeting them in the next Sesssion.

As you all know, I and your Deputy Speaker are proceeding to Harare to attend the 36th Commonwealth Parliamentary Association Conference. I am going there as a member of the Executive Committee representing Asian region which comprises Pakistan, India, Bangladesh and Sri Lanka, and the Hon'ble Deputy Speaker is representing your State Assembly as a member of the Commonwealth Parliamentary Association. We look forward to a very good representation there, lively participation in the debates, and activities, and I wish you all a very good Puja vacation and wish to see you all in the best of health in the next Session.

With these words I thank you all once again.

The House is adjourned sine die.

**Adjournment**

Accordingly, the House was adjourned at 5.43 P.M.

The House was adjourned sine die on 18.8.90 and subsequently prorogued with effect from the 4th September, 1990 under notification No. 165—PA dated the 4th September, 1990.

# INDEX TO THE
## West Bengal Legislative Assembly Proceedings
## (Official Report)

Vol : 96 (Ninety Sixth Session) (August Session, 1990)

(The 14th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th, 29th, 30th and 31st August, 1990)

### Bill

The West Bengal State Health Service (Amendment) Bill, 1990 PP-42-51

The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990 PP-89-99

St. Thomas' School (Amendment) Bill, 1990 P-100

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990 PP-154-167

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990 P-176, PP-174-175

The West Bengal Land Reforms Tribunal Bill, 1990 PP-216-220

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1990 PP-220-225

The City Civil Court (Amendment) Bill, 1990 PP-343-355

The West Bengal Cooperative Societies (Amendment) Bill, 1990 PP-481-496

The Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990 PP-521-524

The Calcutta University (Amendment) Bill, 1990 PP-520-521

The Bengal Municipal (Amendment) Bill, 1990 P-524

The West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990 PP-599-611

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990 PP-595-599

**Brief Resume of Business** PP-604-605

**Consideration of Report**

Consideration of the Seventh Report of the Committee of Privileges, 1990-91 P-571

**Discussion on Adjournment Motion regarding the assault of the former Congress(I) M.P. Miss Mamata Banerjee by anti-bandh cadres**

by—Shri Apurbalal Majumder PP-11-12, PP-39-41

by—Shri Ashok Ghosh PP-22-23

by—Shri Buddhadeb Bhattacharjee PP-34-36

by—Shri Deba Prasad Sarkar PP-25-26

by—Shri Deoki Nandan Podder P-31

by—Shri Dipak Kumar Sengupta P-12, PP-16-18

by—Shri Gobinda Chandra Naskar PP-28-29

by—Shri Gyan Singh Sohanpal P-12

by—Shri Jayanta Kumar Biswas PP-19-20

by—Shri Jyoti Basu PP-36-39

by—Shri Kamakhya Charan Ghosh PP-21-22

by—Shri Kiranmoy Nanda PP-23-24

by—Dr. Manas Bhunia PP-30-31

by—Shri Satya Ranjan Bapuly PP-13-16

by—Shri Saugata Roy PP-31-34

by—Shri Shyamal Chakraborty PP-26-28

by—Shri Sudip Bandyopadhyay PP-18-19

by—Shri Sultan Ahmed PP-20-21

by—Shri Tuhin Samanta PP-24-25

**Discussion on two separate Motions Under Rule 185 moved by (i) Shri Apurbalal Majumder on the subject of price hike of essential commodities and (ii) by Shri Nani Kar on distribution of 14 essential commodities through public distribution**

by—Shri Apurbalal Majumder PP-259-261, P-230

by—Shri Ashok Ghose PP-238-240

by—Shri Bimalananda Mukhopadhyay PP-247-248

by—Shri Deba Prasad Sarkar PP-254-256, PP-233-234

by—Shri Deoki Nandan Poddar PP-248-249

by—Shri Gobinda Chandra Naskar PP-244-245

by—Shri Manabendra Mukherjee PP-252-254

by—Shri Nani Kar PP-230-233, PP-261-262

by—Shri Nirmal Kumar Bose PP-256-258

by—Dr. Omar Ali PP-245-246

by—Shri Prabodh Ch. Sinha PP-249-251

by—Shri Sattik Kumar Roy PP-237-238

by—Shri Satyapada Bhattacharya PP-243-244

by—Shri Satya Ranjan Bapuli PP-251-252

by—Shri Sudip Bandyopadhyay PP-234-237

by—Shri Suhrid Basu Mallick PP-246-247

by—Shri Sumanta Kumar Hira PP-240-241

by—Shri Tuhin Samanta PP-242-243

**Motion Under Rule 185 regarding Development of Calcutta Haldia Port**

by—Shri A.K.M. Hasanuzzaman PP-436-437

by—Shri Birendra Kumar Moitra PP-434-435

by—Shri Lakshman Chandra Seth PP-428-430, PP-437-439

by—Shri Nirmal Das PP-435-436

by—Shri Saugata Roy PP-430-434

by—Shri Shakti Prasad Bal P-436

**Discussion on Motion Under Rule 185 on two separate motions moved by Shri Apurbalal Majumder and Shri Deba Prasad Sarker on the subject of increase of Transport fare**

by—Shri Apurbalal Majumder PP-223-224, PP-410-412

by—Shri Deba Prasad Sarkar P-424, PP-412-414

by—Shri Gautam Deb PP-414-416

by—Shri Prabodh Ch. Sinha PP-422-423

by—Shri Sadhan Pande PP-419-421

by—Shri Shakti Prasad Bal P-422

by—Shri Shish Mohammed PP-418-419

by—Shri Sudip Bandyopadhyay PP-417-418

by—Shri Subhas Bose PP-421-422

**Discussion on Motion under rule 185 regarding funeral ashed of Netaji**

by—Shri Amar Banerjee PP-399-401

by—Shri Anil Mukherjee PP-404-406

by—Smt. Aparajita Goppi P-399, PP-407-410

by—Shri Apurbalal Majumder PP-402-404

by—Shri Prabodh Ch. Sinha PP-406-407

by—Shri Sukhendu Maity P-406

by—Shri Tarapada Ghose PP-401-402

**Discussion on Motion under Rule 185 regarding atrocities on women in West Bengal**

by—Smt. Anju Kar PP-380-381

by—Smt Aparajita Goppi PP-383-384

by—Smt. Chhaya Bera PP-386-389

by—Shri Deba Prasad Sarkar PP-377-378

by—Shri Gobinda Chandra Narkar PP-381-382

by—Shri Jayanta Kumar Biswas P-393, PP-384-385

by—Shri Rabindra Nath Mondal P-378

by—Shri Satya Ranjan Bapuli PP-374-376

by—Shri Saugata Roy PP-389-392

by—Shri Subhas Chakraborty P-394

by—Shri Subrata Mukherjee P-385, PP-378-379

by—Shri Swadesh Chaki PP-385-386

**Discussion on Motion under rule 185 regarding reception of Nelson Mandela**

by—Shri A.K.M. Hasamuzzaman P-362

by—Shri Amalendra Roy PP-362-363

by—Shri Deba Prasad Sarkar PP-360-361

by—Shri Manabendra Mukherjee PP-372-374

by—Shri Prabodh Ch. Sinha PP-370-371

by—Shri Sachin Sen P-360

by—Shri Satyendra Nath Ghose PP-361-362

by—Shri Subrata Mukherjee PP-363-368

by—Shri Sudip Bandyopadhyay PP-371-372

by—Shri Suhrid Basu Mallick PP-369-370

by—Shri Swadesh Chaki PP-368-369

**Discussion on Motion Under Rule 185 regarding Nashipur Azimganj Rail Line**

by—Shri Abdul Quiyom Molla P-299

by—Smt. Aparajita Goppi PP-297-299

by—Shri Atahar Rahaman P-295

by—Shri Habibur Rahaman PP-295-297

by—Shri Jayanta Kumar Biswas PP-299-301, PP-291-293

by—Shri Mannan Hossain PP-293-295

by—Shri Satyapada Bhattacharyya P-299

**Discussion on Motion under rule 185 regarding tremendous power shortage for the last thirteen years.**

by—Shri Deba Prasad Sarkar PP-273-274

by—Dr. Manas Bhunia P-275-276

by—Shri Nirmal Das PP-276-277

by—Shri Prabir Sengupta PP-281-284

by—Shri Sadhan Pande PP-277-278

by—Shri Satyendra Nath Ghose PP-274-275

by—Shri Sangata Roy PP-284-287, PP-272-273

by—Shri Shaktiprasad Bal PP-278-279

by—Dr. Sudipto Roy PP-279-280

by—Shri Sunirmal Paik P-280

**Discussion on the City Civil Court (Amendment) Bill, 1990**

by—Shri Abdul Quiyom Molla PP-252-253, PP-343-344

by—Shri Apurbalal Majumder PP-344-347

by—Shri Ganesh Ch. Mondal P-352

by—Shri Satyendra Nath Bose P350

by—Shri Supriya Basu PP-350-352

**Discussion on the West Bengal Cooperative Societies (Amendment) Bill, 1990.**

by—Shri Abdul Quiyom Molla PP-494-495, P-481

by—Shri Birendra Kumar Moitra PP-483-485

by—Shri Krishnadhan Halder PP-481-483

by—Shri Prabodh Purkait PP-490-494

by—Shri Subhas Chandra Naskar PP-485-487

by—Shri Surojit Swaran Bagchi PP-487-490

**Discussion on the Calcutta University (Amendment) Bill, 1990**

by—Shri Jayanta Kumar Biswas P-520

**Discussion on the Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990**

by—Shri Buddhadeb Bhattacharjee P-522, P-521

by—Shri Netaicharan Adak P-521

by—Shri Tarapada Ghose P521

by—Shri Satyendra Nath Ghose P-521

**Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1990**

by—Shri Buddhadeb Bhattacharjee P-525

by—Shri Narendranath Dey P-525

by—Shri Nirmal Das P-525

by—Shri Sadhan Chattopadhyay P-524

**Discussion on the West Bengal Taxation Laws (Amending and Repealing) Bill, 1990**

by—Dr. Asim Kumar Dasgupta PP-602-603, PP-599-600

by—Shri Narendra Nath Dey PP-600-601

by—Shri Shaktiprasad Bal PP-601-602

by—Shri Subhas Goswami P-601

by—Shri Sumanta Kumar Hira P-600

**Discussion on the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1990**

by—Dr. Asim Kumar Dasgupta PP-597-599, PP-595-596

by—Shri Jayanta Kumar Biswas P-597

by—Shri Satyendranath Ghose PP-596-597

by—Shri Sumanta Kumar Hira P-596

**Discussion on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1990**

by—Shri Apurbalal Majumder PP-221-222

by—Shri Benoy Krishna Chowdhury PP-220-221, PP-223-225

by—Shri Rabindranath Mondal P-222

by—Shri Satyendra Nath Ghose P-223

by—Shri Subhas Naskar PP-222-223

by—Shri Sunirmal Paik P-223

by—Shri Swadesh Chaki P-223

**Discussion on the West Bengal Land Reforms Tribunal Bill, 1990**

by—Shri Apurbalal Majumder P-220, PP-217-218

by—Shri Benoy Krishna Chowdhury PP-218-219, P-217

by—Shri Sachin Sen P-218

by—Shri Satya Ranjan Bapuli P-218

**Discussion on the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1990**

by—Shri Abdul Quiyom Molla PP-167-168

by—Shri Deb Narayan Chakraborty PP-171-172

by—Shri Mohan Singh Rai PP-173-174

by—Shri Satya Ranjan Bapuli PP-175-176

by—Shri Shish Mohammed PP-172-173

by—Shri Supriya Basu PP-167-171

**Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1990**

by—Shri Amar Banerjee PP-158-160

by—Shri Gobinda Chandra Naskar PP-154-157

by—Shri Kanti Biswas PP-165-167

by—Shri Nani Kar PP-157-158

by—Shri Narendra Nath Dey PP-160-161

by—Shri Sangata Roy PP-161-163

by—Shri Subhas Goswami PP-163-164

by—Shri Surojit Swaran Bagchi PP-164-165

**Discussion on the St. Thomas' School (Amendment) Bill, 1990**

by—Shri Kanti Biswas PP-106-107

by—Dr. Manas Bhunia P-108, PP-100-101

by—Shri Neil Aloysius O' Brien PP-101-104

by—Shri Sultan Ahmed PP-104-105

by—Shri Sumanta Kumar Hira P-108, PP-105-106

**Discussion on the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1990**

by—Shri Kanti Biswas PP-98-99

by—Shri Manindra Nath Jana PP-95-96

by—Shri Nirmal Das PP-96-98

by—Shri Satyendranath Ghosh P-96

by—Shri Tuhin Samanta PP-89-94

**Discussion on the West Bengal Health Service (Amendment) Bill, 1990**

by—Dr. Gauripada Dutta PP-43-45

by—Dr. Omar Ali PP-48-50

by—Shri Prasanta Kumar Sur P-50, PP-42-43

by—Shri Satyendra Nath Ghose PP-45-47

by—Shri Tarapada Ghose PP-47-48

**Felicitation**

PP-605-611

## Laying of Accounts

Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year, 1986-87 P-42

Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. for the year, 1987-88 P-42

## Laying of Ordinance

The Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1990 PP-136-137

## Laying of Reports

Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1986-87 P-42

The Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority for the year 1987-88. P-358

The Annual Reports and Statements of Accounts of the Basumati Corporation Ltd., for the years 1981-82 and 1982-83 P-358

The Annual Report for 1989-90 on Budget Estimate for 1990-91 of the West Bengal Scheduled Casts and Scheduled Tribes Development and Finance Corporation. P-459

Audit Report Alongwith the Certified Accounts of the West Bengal Housing Board for the year 1985-86 P-504

Annual Report of the West Bengal Diary and Poultry Development Corporation Ltd. for the year 1984-85 P-571

Twenty Seven Annual Report on the Working and affairs of the Electro-Medical and Allied Industries Ltd. for the year 1987-88 P-504

Mention Cases PP-574-589, PP-504-519, PP-323-335, PP-460-477, PP-195-211, PP-137-154, PP-69-85

**Obituary Reference**

by—Shri Anil Krishna Mondal PP-535-536

by—Shri B.B Gurung P-303

by—Shri Harindra Nath Chattopadhyaya PP-4-5

by—Shri Kanti Ranjan Chattopadhyay P-3

by—Shri Laldenga P-4

by—Shri Madhabendu Mohanta PP-1-2

by—Shri Panchanan Let P-53

by—Shri Rabi Sankar Pandey P-3-4

by—Shri Satkari Mitra P-2

by—Shri Syed Shamsul Bari PP-2-3

**Privilege Motion**

PP-589-593, PP-229-230

**Point of Order**

PP-526-529

**Point of Information**

PP-495-496, PP-480-481

**Point of Submission**

PP-571-573

**Presentation of Report**

Presentation of the Seventh Report of the Committee on Privileges 1990-91 P-358

Presentation of the Second Report of the Committee on Entitlements of the Members, 1990-91 PP-322-323

61st Report of the Business Adversary Committee P-7

62nd Report of the Business Advisory Committee PP-68-69

Sixth-third Report of the Business Advisory Committee PP-130-131

64th Report of the Business Advisory Committee P-161

65th Report of the Business Advisory Committee PP-348-349

**Question**

Arrangement for detection of AIDS Patients

by—Dr. Tarun Adhikari & Dr. Sudipto Roy P-556

Price of Rice in Open Markets

by—Dr. Tarun Adhikari and Dr. Sudipto Roy P-553

Proposal to monitor running of Anglo Indian Schools by the State Government

by—Shri Sudip Bandyopadhyay PP-126-127

আখেরীগঞ্জের ভাঙ্গন রোধে সরকার কর্তৃক আগাম ব্যবস্থা গ্রহণ

—শ্রী মোজাম্মেল হক P-129

আপার কংসাবতী প্রকল্প

—শ্রী নটবর বাগদী P-128

আলিপুর চিড়িয়াখানায় মরসুমি পাখি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-306-310

আসন্ন দুর্গাপুজো উপলক্ষে অতিরিক্ত খাদ্যশস্য সরবরাহের পরিমাণ

—শ্রী দিলীপ মজুমদার PP-554-555

ইংলন্ডে সরকারি বৃত্তিপ্রাপ্ত গবেষক

—শ্রী সুব্রত মুখার্জি PP-565-566

করিমপুর ও তেহট্ট থানাধীন এলাকায় ডাকাতি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ও শ্রী দিলীপ মজুমদার PP-191-192

কলিকাতা পৌর নিগমের নির্বাচনের দিনে হিংসাত্মক ঘটনা

—শ্রী অমিয় পাত্র PP-497-500

কলকাতাবাসী ঠিকা প্রজাদের পাকা বাড়ি করার অধিকার

—শ্রী সুমন্তকুমার হীরা P-560

কলকাতায় অতিবর্ষণে ক্ষতির পরিমান

—শ্রী সুমন্তকুমার হীরা PP-560-561

কল্যাণী বিশ্বাবিদ্যালয়ে বিশৃঙ্খল পরিস্থিতির রিপোর্ট

—শ্রী দেবপ্রসাদ সরকার P-564

কামারপুকুর থেকে জয়রামবাটি পর্যন্ত রাস্তার রক্ষণাবেক্ষণের দায়িত্ব

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-545-546

কৃষ্ণনগর উত্তর মহকুমা বিভক্তিকরণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-185-187

কৃষ্ণনগরে সরকারি বুনিয়াদী শিক্ষক শিক্ষণ সংস্থা

—শ্রী সাধন চট্টোপাধ্যায় P-129

কেন্দ্রীয় গ্রন্থাগার ভবন নির্মান

—শ্রী দিলীপ মজুমদার P-560

গঙ্গার ভাঙ্গন প্রতিরোধ

—শ্রী শীশ মহম্মদ PP-452-454

চলচ্চিত্র শিল্পে ধর্মঘট

—শ্রী সুমন্তকুমার হীরা P-561

চালের উৎপাদনশীলতায় ভারতে পশ্চিমবঙ্গের স্থান

—ডাঃ মোতাহার হোসেন PP-64-65

জয়নগর-মজিলপুর এলাকায় নির্মীয়মান কমিউনিটি হলের জন্য সরকারি সাহায্য

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-117-119

জওহর রোজগার যোজনা খাতে কেন্দ্রীয় অনুদান

—শ্রী অমিয় পাত্র PP-500-501

জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়গুলিতে ট্রেড কোর্স চালু করা

—শ্রী অমিয় পাত্র P-128

জুলাই ১৯৯০-এর দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে খাদ্যদ্রব্যের দর

—ডাঃ মোতাহার হোসেন PP-550-551

তিস্তার বাঁহাতি খাল খনন

—শ্রী তারকবন্ধু রায় PP-455-458

দামোদর-বরাকর নদী উপত্যকায় পরিবেশ দূষণ

—শ্রী দিলীপ মজুমদার PP-559-560

দিল্লির বঙ্গভবনের নিয়ন্ত্রণাধীন পুলকার

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-562

দীঘাতে টিভি রিলে সেন্টার স্থাপন

—শ্রী মৃণালকান্তি রায় P-565

দূরদর্শনের দ্বিতীয় চ্যানেল রাজ্য সরকারের নিয়ন্ত্রণে আনার প্রস্তাব

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-563

'দৈনিক বসুমতী' পত্রিকা প্রকাশিত না হওয়ার কারণ

—ডাঃ মোতাহার হোসেন PP-54-55

নবম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কলকাতা বস্তি উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ

—শ্রী প্রবোধ পুরকাইত PP-127-128

পঞ্চায়েতের কাজ দেখাশোনায় কমিটি গঠন

—শ্রী নটবর বাগদী P-10

পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-183-185

'পাইলট প্রশিক্ষণ' কেন্দ্র

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-55-57

পাণ্ডুয়া গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে আন্ত্রিক রোগী

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-563-564

পৌরসভা কর্মচারিদের বেতনের দায়িত্ব

—শ্রী দীপক সেনগুপ্ত P-566

বন উন্নয়নে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সাহায্য

—শ্রী দিলীপ মজুমদার PP-7-9

বন্যানিয়ন্ত্রণ খাতে ব্যয়ীকৃত অর্থ

—শ্রী মোজাম্মেল হক PP-449-452

বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধগুলির মেরামতি

—ডাঃ মানস ভুঁইয়া PP-441-444

বনসৃজন কর্মসূচি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-9-10

বন্যানিয়ন্ত্রণ ও বাঁধসমূহ রক্ষণাবেক্ষণে সরকারি ব্যবস্থা

—শ্রী দিলীপ মজুমদার PP-113-117

বন্যায় মেদিনীপুর জেলার সবং ব্লকে ক্ষতিগ্রস্ত মানুষ ও সরকারি সাহায্য

—ডাঃ মানস ভুঁইয়া PP-57-61

বন্যায় ক্ষতিগ্রস্ত মেদিনীপুর জেলায় কপালেশ্বরী নদীর বাঁধ

—ডাঃ মানস ভুঁইয়া PP-122-126

বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

—ডাঃ মোতাহার হোসেন PP-177-180

বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী দিলীপ মজুমদার P-190

বাঁকুড়া জেলার ওন্দা থানায় দূষিত পদার্থে ক্ষতিগ্রস্ত

—শ্রী অমিয় পাত্র P-67

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের শয্যা ও রোগীর সংখ্যা

—শ্রী অমিয় পাত্র PP-539-542

বার্ণপুরের IISCO কারখানার আধুনিকীকরণ

—শ্রী দিলীপ মজুমদার PP-180-183

বিদ্যুৎ বিপর্যয়

—শ্রী অমিয় পাত্র PP-187-189

বিশ্বকাপ ১৯৯০ উপলক্ষ্যে রাজ্য সরকারের প্রেরিত প্রতিনিধি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-537-539

বিশ্বব্যাঙ্ক কর্তৃক 'ইন্ডিয়ান পপুলেশন প্রোজেক্ট ৪'-এ প্রদত্ত অর্থ
—শ্রী দেবপ্রসাদ সরকার PP-564-565
বীরভুম জেলায় ব্রাহ্মণী নদীর বাঁধ রক্ষণাবেক্ষণে অর্থ ব্যয়
—শ্রী অসিতকুমার মাল PP-447-448
বেঙ্গল অলিম্পিক সংস্থাকে সরকারি সাহায্য
—শ্রী নটবর বাগদী PP-542-545
বোলপুর-রাজগ্রাম রোডে দ্বারকা নদীর উপর ব্রিজ নির্মাণের কাজে
—শ্রী ধীরেন সেন PP-536-537
মৎস্য চাষ
—শ্রী দিলীপ মজুমদার P-559
মালদা ও মুর্শিদাবাদ জেলায় সরকারি অনুমোদনপ্রাপ্ত রোলিং মিলের সংখ্যা
—শ্রী তোয়াব আলি P-449
মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে 'টয়লেট গ্র্যান্ট'
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-444-447
মাদার ডেয়ারির পরিচালন
—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-120-122
মাধ্যমিক পরীক্ষার ইংরাজি বিষয়ে পাশের হার
—ডাঃ মোতাহার হোসেন PP-111-113
মাধ্যমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি এইচ ডি প্রাপক শিক্ষকদের বিশেষ সুবিধাদানের পরিকল্পনা
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-127
মিনি ইস্পাত কারখানা
—শ্রী দিলীপ মজুমদার P-191
মুরারই কবি নজরুল কলেজে অধ্যাপকের শূন্য পদ
—শ্রী মোতাহার হোসেন P-191
মুর্শিদাবাদের আখেরীগঞ্জে পদ্মার ভাঙ্গনে উদ্বাস্তু পরিবার
—শ্রী মোজাম্মেল হক PP-62-64
মুর্শিদাবাদ জেলায় স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার ও স্টাফ কোয়ার্টার নির্মাণ
—শ্রী দেবপ্রসাদ সরকার PP-557-558

মুর্শিদাবাদ জেলার মদনপুর, নিধিনগর এবং পদ্মনাভপুর মালোপাড়ার ভাঙ্গন রোধ
—শ্রী মোজাম্মেল হক P-130
মেদিনীপুর জেলায় কেলেঘাই ও কপালেশ্বরী নদীর বাঁধ মেরামত
—ডাঃ মানস ভুঁইয়্যা P-501
মেদিনীপুর জেলার কেলেঘাই ও কপালেশ্বরী নদীর সংশ্লিষ্ট নিচু মৌজাগুলির জল নিষ্কাশনী ব্যবস্থা
—ডাঃ মানস ভুঁইয়্যা P-122
রাজ্য সরকার কর্তৃক নেলসন ম্যান্ডেলাকে আমন্ত্রণের কর্মসূচী
—শ্রী অমিয় পাত্র PP-61-62
রাজ্যে আন্ত্রিক রোগে মৃতের ও আক্রান্তের সংখ্যা
—শ্রী দেবপ্রসাদ সরকার এবং ডাঃ মোতাহার হোসেন PP-551-553
রাজ্যে কালাজ্বর, ম্যালেরিয়া ও কলেরার প্রকোপ রোধে ব্যবস্থা গ্রহণ
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-557
রাজ্যে চাহিদা অনুযায়ী জ্বালানী সামগ্রী সরবরাহ
—শ্রী শিবপ্রসাদ মালিক PP-555-556
রাজ্যে নতুন 'বায়ুদুত' বিমান চালানোর প্রস্তাব
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-65-66
রাজ্যের চাহিদা অনুযায়ী খাদ্য দ্রব্য সরবরাহ
—শ্রী শিবপ্রসাদ মালিক PP-546-550
রাজ্যের বিভিন্ন হাসপাতালগুলিতে আয়ুর্বেদীয় ডিসপেনসারীর সংখ্যা
—শ্রী সাধন চট্টোপাধ্যায় PP-556-557
সমবায়ের মাধ্যমে রেশন বন্টন
—শ্রী সাধন চট্টোপাধ্যায় PP-558-559
সল্টলেকে জমি বন্টন
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-562-563
সস্তায় মাছ বিক্রির পরিকল্পনা
—শ্রী সুমন্তকুমার হীরা PP-561-562
সরকারি কলেজে অধ্যক্ষের শূন্যপদ
—শ্রী সুব্রত মুখার্জি P-565

সরকারি গ্রন্থাগারগুলির জন্য বই কেনার পরিকল্পনা

—শ্রী সুমন্তকুমার হীরা PP-303-306

সরকারি পাঠ্যপুস্তক বিতরণ

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-128-129

সাঁইথিয়া সিনেমা হলে বোমা বিস্ফোরণ

—শ্রী ধীরেন সেন PP-189-190

সেলস্ ট্যাক্স বাবদ আদায়ীকৃত অর্থ

—শ্রী নটবর বাগদী PP-129-130

হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প

—শ্রী দিলীপ কুমার মজুমদার P-500

ক্ষেতমজুর ও প্রান্তিক চাষীদের সস্তায় চাল সরবরাহ

—শ্রী দিলীপ মজুমদার এবং শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-554

**Rulling from the chair**

PP-317-318

**Rulling from chain on Point of Order**

PP-529-532

**Statement under Rule—346**

Regarding provisional pension to teaching and non-teaching staff of non Government Schools/Educational Institutions.

by—Dr. Asim Kr. Dasgupta PP-479-480

Regarding the public distribution of fourteen essential commodities.

by—Shri Nirmal Kumar Bose PP-477-479

Regarding the proposed closure of business works from 24th August onwards

by—Dr. Asim Kr. Dasgupta PP-131-132

Regarding the crisis of distribution of Kerosene oil in the city of Calcutta and some other places

by—Shri Nirmal Kumar Bose PP-134-136

**Statement on Calling Attention**

Regarding the Scarcity of Honours Courses in the colleges of West Bengal and hostels for students in Calcutta

by—Shri Jyoti Basu PP-502-503

Regarding the killing of the Pappu Mallick, at Kearatala, Calcutta, by some anti-social elements, on the 16th August, 1990

by—Shri Jyoti Basu P-194

Regarding crisis in Rationing system in West Bengal

by—Shri Nirmal Kumar Bose PP-320-322

Regarding the subject of Reported hunger strike for indefinite period by five medical students of R.G. Kar Medical College Since 28.9.90

by—Shri Prasanta Kumar Sur PP-567-568

Regarding the set up of new industries for south Bengal

by—Shri Abdul Quiyom Molla PP-569-571

Regarding shortage of Doctor and medicine in Bolepur Sub-divisional Hospital.

by—Shri Prasanta Kumar Sur PP-568-569

Regarding the Subject of unwillingness of the Doctors of Nadia Zilla Hospital in doing postmortem

by—Shri Abdul Quiyom Molla PP-503-504

Regarding alleged dismal condition of Alipurduar Sub-divisional Hospital

by—Shri Abdul Quiyom Molla P-503

**Submission of Member**

PP-311-317

**Zero Hour**

PP-211-216, PP-85-89, PP-336-343

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006